	(b)—Police Officers.		
1	Mr E Muspratt	Law ...	Bengali.
2.	„ W M Galbraith	Do.	Ditto.
3.	„ C M Wintle	Do ..	Ditto

III —Mr O T Barrow has passed in Oriya by the higher standard.

IV —MEDICAL OFFICERS

Dr J M Zorab, Civil Surgeon of Balasore, and Dr B Gupta, Civil Surgeon of Pooree, have passed in Oriya by the lower standard in the conversational test

Dr J Moorhead and Dr W F Murray have passed in Bengali by the lower standard in the conversational test

V —OPIUM OFFICERS.

The following officers have passed in the subjects mentioned opposite their names.—

1	Mr J Augier	Botany.
2	„ H S Myer ...	Opium Laws and Botany
3	„ W J Currie	Chemistry and Surveying
4	„ A B Kennedy	Opium Laws and Surveying
5	„ J O D Murray	Surveying
6	„ W. Young	Opium Laws and Hindustani.
7	„ H Innes	Opium Laws
8	„ C S Delmerick	Opium Laws and Hindustani

VI —Mr W. M Green, Assistant Conservator of Forests, Julpigoree Division, has passed in Hindustani by the higher standard

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 30th December 1880 —In the exercise of the powers conferred on him by Section 234 of the Bengal Municipal Act V (B C) of 1876, the Lieutenant-Governor is pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Rungpore at a meeting, to order that the provisions of Sections 285 to 294 of the said Act shall be in force in the said Municipality

COLMAN MACAULAY,
Offg Secy. to the Govt of Bengal.

NOTIFICATION

The 4th January 1881.—In continuation of paragraph 1 of the Notification dated the 22nd November 1880, published in the *Calcutta Gazette* of the 24th idem, Part I, page 1057, and in exercise of the powers conferred on him by Section 3 of the Indian Census Act, 1880, the Lieutenant-Governor delegates the power of appointing Census Officers, for the purpose

(২)—নিম্নলিখিত কার্য্যকারক পূর্ব্বের পরীক্ষায় কোনং বিষয়ে উত্তীর্ণ হইয়াছিলেন। তাঁহার নামের পার্শ্বলিখিত অবশিষ্ট বিষয়ে এক্ষণে উত্তীর্ণ হইলেন।

সিবিল কার্য্যকারক।

১। শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় ... ... আইনে।

(৩)—নিম্নলিখিত কার্য্যকারকেরা কোনং বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন কিন্তু তাঁহাদিগের নামের পার্শ্বলিখিত অবশিষ্ট বিষয়ে পরীক্ষা দিবার অপেক্ষা আছে।—

নম্বর।	নাম।	এক্ষণে যে বিষয়ে উত্তীর্ণ হইলেন।	যে বিষয়ে পরীক্ষা দিবার অপেক্ষা রহিল।
	(ক)—সিবিল কার্য্যকারক।		
১।	শ্রীযুত মৌলবী সৈয়দ মহম্মদ ..	হিন্দুস্থানী ভাষায় .	আইনে।
২।	,, বাবু নগেন্দ্রনাথ সরকার ..	বঙ্গ ভাষায় ...	ঐ
	(খ)—পোলীসের কার্য্যকারক।		
১।	শ্রীযুত ই, মসগ্রাট্ সাহেব .	আইনে ..	বঙ্গভাষায়।
২।	,, ডবলিউ, এম, গালব্রেথ্ সাহেব।	ঐ ..	ঐ
৩।	,, সি, এম, উইণ্টল্ সাহেব ...	ঐ ..	ঐ

৩।—শ্রীযুত ও, টি, বারো সাহেব উচ্চতর কাষ্টিমতে উৎকল ভাষায় উত্তীর্ণ হইয়াছেন।

৪।—চিকিৎসা সংক্রান্ত কার্য্যকারক।

বালেশ্বরের সিবিল সর্জন ডাক্তর শ্রীযুত জে, এম, জোরাব সাহেব ও পুরীর সিবিল সর্জন ডাক্তর শ্রীযুত বি, গুপ্ত নিম্নতর কষ্টিমতে উৎকল ভাষায় কথোপকথন পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত জে, মুরহেড ও ডাক্তর শ্রীযুত ডবলিউ, এফ, মরে সাহেব নিম্নতর কষ্টিমতে বঙ্গভাষায় কথোপকথন পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

৫।—আফীম সংক্রান্ত কার্য্য বিষয়ক।

নিম্নলিখিত কার্য্যকারকেরা তাঁহাদিগের নামের পার্শ্বলিখিত বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন।

১। শ্রীযুত জে, অগীয়ার সাহেব ... উদ্ভিদ্বিদ্যায়।
২। ,, এচ, এস, মিয়ার সাহেব .. আফীম সংক্রান্ত আইনে ও উদ্ভিদ্বিদ্যায়।
৩। ,, ডবলিউ, কে, করি সাহেব ... কিমিতি বিদ্যায় ও জরীপে।
৪। ,, এ, বি, কেনেডী সাহেব ... আফীম সংক্রান্ত আইনে ও জরীপে।
৫। ,, জে, ও, ডি, মরে সাহেব ... জরীপে।
৬। ,, ডবলিউ, ইয়ং সাহেব ... আফীম সংক্রান্ত আইনে ও হিন্দুস্থানী ভাষায়।
৭। ,, এফ, ইনীস সাহেব ... আফীম সংক্রান্ত আইনে।
৮। ,, সি, এস, ডেলমেরীক সাহেব .. আফীম সংক্রান্ত আইনে ও হিন্দুস্থানী ভাষায়।

৬।—জলপাইগুড়ী খণ্ডের সহকারী বনরক্ষক শ্রীযুত ডবলিউ, এম, গ্রীন সাহেব উচ্চতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় উত্তীর্ণ হইয়াছেন।

হরেস এ, ককেল,
বঙ্গদেশের গবর্ণরমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩০ ডিসেম্বর।—বঙ্গদেশীয় মুনিসিপাল বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২০৪ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করত তিনি রংপুর মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে উক্ত মুনিসিপালিটীর মধ্যে ঐ আইনের ২৮৫ অবধি ২৯৪ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান প্রবল হইবার আদেশ করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৪ জানুয়ারি।—১৮৮০ সালের নবেম্বর মাসের ২২ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ৩০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১২৩ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে তাহার প্রথম প্রকারণাতিরিক্ত ও ভারতবর্ষের লোক সংখ্যা গ্রহণবিষয়ক ১৮৮০ সালের আইনের ৩ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে কার্য্য করত তিনি রেলওয়ের উপর লোক সংখ্যা গ্রহণ করণার্থে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন স্থানের

of taking the Census on Railways, to the Agent or Manager of each line of Railway in the jurisdiction of the Lieutenant-Governor of Bengal, or any officer whom such Agent or Manager may depute to the special charge of census operations

COLMAN MACAULAY,
Offg Secy. to the Govt. of Bengal

NOTIFICATION

The 29th December 1880 —Bujrungi Sahoy, son of Shew Sahoy Sing, resident of mouzah Karah, pergunnah Goa, zillah Sarun, late a Towji Mohurrir in the Patna Collectorate, having been convicted under Sections 109 and 193 of the Indian Penal Code, and sentenced to 3 years' rigorous imprisonment by the Sessions Judge of Patna, is hereby declared to be unfit for service under Government. The following is his description —

Age 33 years, height 5 feet, complexion fair, ears bored, forehead broad and hair black. Has a mole on the nose and another below the right eye.

A MACKENZIE,
Secy to the Govt. of Bengal

DECLARATION

The 30th December 1880 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Krishnaghur Municipality for a public latrine in the town of Krishnaghur, pergunnah Ukhra, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 8 cottahs is required. It is bounded on the north by the Christianpara-lane, east by a part of the Chamar road, south by Rashbihari Roy's house, and west by Becharam Mullik's lane

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt of Bengal

DECLARATION

The 30th December 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the expense of the Krishnaghur Municipality for a public latrine in the town of Krishnaghur, pergunnah Ukhra, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 6½ cottahs, is required It is bounded on the north by Char land, east and south by Jamai land of Baboo Deno Nath Mookerjea, and on the west by the Nikaripara Ghat lane

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

COLMAN MACAULAY,
Offg Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 18A.

The 28th December 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Kali Krishna Chowdry of his appointment of Honorary Magistrate in the district of Tipperah.

The 31st December 1880 —Baboo Mohendro Nath Ghose, Officiating Moonsif of Cutwa, Burdwan, acted as a Moonsif at that district from the 5th to the 16th August last.

The 3rd January 1881 —Baboo Ramdhun Mookerjee, B L., is appointed to act, until further orders, as a Moonsif in Tirhoot, and to be ordinarily stationed at Hajeepore and Durbhunga.

[*Government Gazette*, 11*th January* 1881.

অন্তর্গত প্রত্যেক রেলওয়ের এজেন্ট বা কার্য্যাধ্যক্ষের প্রতি অথবা উক্ত এজেন্ট বা কার্য্যাধ্যক্ষ সংখ্যা গ্রহণ কার্য্য বিশেষরূপে যে কার্য্যকারককে নিযুক্তকরেন তাঁহার প্রতি লোকসংখ্যা গ্রহণ করণার্থে কর্ম্মচারী নিয়োগ করিবার ক্ষমতা প্রদান করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৯ ডিসেম্বর।—সারণ জিলার অন্তর্গত গোয়া পরগনার করা মৌজাবাসী শিবসহায় সিংহের পুত্র পাটনা কালেক্টরীর ভূতপূর্ব্ব তৌজীমুহুরির বজ্রাজী সহায় পাটনার সেশন জজ সাহেব কর্তৃক ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ১০৯ ও ১৯৩ ধারামত অপরাধের অপরাধী প্রকাশিত হইয়া তিন বৎসরের নিমিত্ত কঠিন পরিশ্রমের সহিত কারাদণ্ড প্রাপ্ত হওয়াতে এতদ্দ্বারা তাহাকে গবর্ণমেন্টের অধীন কর্ম্ম করিবার অনুপযুক্ত বলিয়া প্রকাশ করা গেল। নিম্নে তাহার বর্ণনা দেওয়া যাইতেছে।

বয়স ৩৩ বৎসর উচ্চতা ৫ ফুট, গৌরবর্ণ, কান ফোড়া, ললাট প্রশস্ত চুলকাল নাকের উপর একটি ও দক্ষিণ চক্ষুর নীচে আর একটি আঁচিল আছে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩০ ডিসেম্বর।—নদীয়া জিলার অন্তর্গত উখরা পরগনার কৃষ্ণনগর নগরে সাধারণের নিমিত্ত পায়খানা প্রস্তুত করণার্থে কৃষ্ণনগর মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্টগবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ।৩ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা খৃষ্টীয়ানপাড়ারগলি, পূর্ব্বসীমা, চামারপথের কিয়দংশ, দক্ষিণসীমা, রাসবিহারী রায়ের বাটী, ও পশ্চিমসীমা, বেচারাম মল্লিকের গলি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩০ ডিসেম্বর।—নদীয়া জিলার অন্তর্গত উখরাপরগনার কৃষ্ণনগর নগরে সাধারণের নিমিত্তে পায়খানা প্রস্তুত করণার্থে কৃষ্ণ নগর মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্টগবর্ণর সাহেবের নিটক এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ।১।। কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা, চরভূমি, পূর্ব্ব ও দক্ষিণ সীমা শ্রীযুত বাবু দীননাথ মুখোপাধ্যায়ের জমাই জমী, ও পশ্চিম সীমা নীকিরী পাড়া ঘাটের গলি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

১৮ A নম্বর।

১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।—শ্রীযুত বাবু কালীকৃষ্ণ চৌধুরী ত্রিপুরা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেট-স্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৮০ সাল ৩১ ডিসেম্বর।—বর্দ্ধমানের অন্তর্গত কাটোয়ার একটিং মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ ঘোষ গত আগষ্ট মাসের ৫ অবধি ১৬ তারিখ পর্য্যন্ত ঐ জিলায় মুনসেফের কার্য্য করিয়াছেন।

১৮৮০ সাল ৩ জানুয়ারি।—শ্রীযুত বাবু রাখাল মুখোপাধ্যায় বি, এল, যাবৎ অন্য আজ্ঞা না হয় ত্রিহুতে মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ হাজীপুরে ও দারভঙ্গায় অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

The 4th January 1881 —Baboo Juggobundhoo Gangooly, Moonsif of Bogra, is appointed to act, until further orders, as a Moonsif in the district of Midnapore, and to be ordinarily stationed at Tumlook

Baboo Juggobundhoo Gangooly is vested, under Section 29 of Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such Courts up to the amount of Rs 50

Baboo Moti Lal Haldar, Moonsif of Shazadpore in Pubna, is appointed to act as a Moonsif in the district of Bogra, during the absence, on deputation, of Baboo Juggobundhoo Gangooly, or until further orders

Baboo Moti Lal Haldar is vested, under Section 29 of Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such Courts up to the value of Rs 50.

Baboo Shyam Chand Roy, Moonsif of Jamalpore in Mymensing, is appointed to act until further orders, as a Moonsif in the district of Midnapore.

Baboo Nogendro Nath Roy, B L, is appointed to act as a Moonsif in the district of Pubna, and to be ordinarily stationed at Shazadpore, during the absence, on deputation, of Baboo Moti Lal Haldar, or until further orders

Baboo Akhoy Coomar Chatterjee, B L, is appointed to act as a Moonsif in the district of Mymensing, and to be ordinarily stationed at Jamalpore, during the absence, on deputation, of Baboo Shyam Chand Roy, or until further orders.

Baboo Annoda Prosad Bagchee, B L., is appointed to act as a Moonsif in the district of Moorshedabad, and to be ordinarily stationed at Jungypore, during the absence, on leave, of Baboo Biprodas Chatterjee, or until further orders.

Moonshi Abdul Hameed, Attorney-at-Law, is appointed to act as a Moonsif in the district of Jessore, and to be ordinarily stationed at the sudder station, during the absence, on leave, of Baboo Nilmadhub Mookerjee, or until further orders.

Baboo Jogendro Nath Deb is appointed to act as a Moonsif in the district of Cuttack, and to be ordinarily stationed at Jajpore, during the absence, on leave, of Baboo Hurrakristo Chatterjee, or until further orders.

Moulvi Ahmedoollah, Moonsif of Moulvi Bazar in Sylhet, on leave, is appointed to act as a Moonsif in Chittagong, and to be ordinarily stationed at Anwara, during the absence, on deputation, of Baboo Digumber Canoongoe, or until further orders.

Baboo Shamadhub Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is vested with the powers of a Magistrate of the Second Class.

Baboo Bepin Behary Sen, Second Moonsif of Jehanabad, in the district of Hooghly, is allowed leave for one month and twenty-eight days under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 16th instant, or from such date as he may avail himself of it

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENTS

The 3rd January 1881.

No 1 —*Notifications* —Mr D Scott, Executive Engineer, First Grade, assumed charge of the Second Calcutta Division on the afternoon of the 17th December 1880

No. 2.—Mr O. Hoernle, Assistant Engineer, First Grade, is posted to the First Calcutta Division, which he joined on the forenoon of the 17th December 1880.

No 3 —Mr J. T. Bosse, Assistant Engineer, Second Grade, Dacca Division, passed the Lower Standard examination in Hindustani on the 6th December 1880.

No 4.—*Transfer* —Mr. L. R Fraser, Assistant Engineer, Second Grade, is transferred in the interests of the public service from the Patna to the Hazaribagh Division, which he joined on the forenoon of the 18th December 1880

[*Government Gazette*, 11*th January* 1881.]

১৮৮১ সাল ৪ জানুয়ারি।—বগুড়ার মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু গঙ্গোপাধ্যায়, যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুর জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ তমলুকে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু জগবন্ধু গঙ্গোপাধ্যায় ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারাক্রমে ছোট আদালতের বিচার্য্য পঞ্চাশ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু জগবন্ধু গঙ্গোপাধ্যায়ের অনুপস্থিতি কালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পাবনার অন্তর্গত শাজাদপুরের মুনসেফ শ্রীযুত বাবু মতিলাল হালদার বগুড়া জিলার মুনসেফের কার্য্য করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু মতিলাল হালদার ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারাক্রমে ছোট আদালতের বিচার্য্য পঞ্চাশ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

ময়মনসিংহের অন্তর্গত জামালপুরের মুনসেফ শ্রীযুত বাবু শ্যামচাঁদ রায়, যাবৎ অন্য আজ্ঞা না হয় মেদিনীপুর জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

রাজ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু মতিলাল হালদারের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু নগেন্দ্র নাথ বায় বি, এল, পাবনা জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন তিনি সাধারণতঃ শাজাদপুরে অবস্থাপিত হইবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু শ্যামচাঁদ রায়ের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু অক্ষয় কুমার চট্টোপাধ্যায় বি, এল, ময়মনসিংহ জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ জামালপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু বিপ্রদাস চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ বাগচি বি, এল, মুরশিদাবাদ জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন তিনি সাধারণতঃ জঙ্গীপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু নীলমাধব মুখোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, আটর্নী-এট-ল শ্রীযুত মুনসী আব্দুল হামীদ যশোহর জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু হরকৃষ্ণ চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু যোগেন্দ্র নাথ দেব কটক জিলার মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন তিনি সাধারণতঃ জাজপুরে অবস্থাপিত হইবেন।

রাজ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু দিগম্বর কানুনগোর অনুপস্থিতি কালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা হয়, শ্রীহট্টের অন্তর্গত মৌলবী বাজারের ছুটীপ্রাপ্ত মুনসেফ মৌলবী শ্রীযুত আমেদুল্লা চট্টগ্রামে মুনসেফের কার্য্য করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ আনোয়ারাতে অবস্থাপিত হইবেন।

হুগলীর একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাধব রায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু বিপিনবিহারী সেন সিবিল কার্য্যকারকদিগের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এই মাসের ১৬ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি এক মাস আটাইশ দিনের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলশূত্য বিষয়ক।

১৮৮১ সাল ৩ জানুয়ারি।

১নং।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর একজেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডি, স্কাট সাহেব ১৮৮০ সালের ডিসেম্বর মাসের ১৭ তারিখের অপরাহ্নে দ্বিতীয় কলিকাতা খণ্ডের অধ্যক্ষতা ভার গ্রহণ করিলেন।

২নং।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ও, হারমলি সাহেব প্রথম কলিকাতা খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৮০ সালের ডিসেম্বর মাসের ১৭ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্মগ্রহণ করিলেন।

৩নং।—ঢাকা খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, টি, ঘোস সাহেব ১৮৮০ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখে হিন্দুস্থানী ভাষায় নিম্নতর কক্ষের পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

৪নং।—স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এল, জার, ফ্রেসার সাহেব রাজকার্য্যের আবশ্যকের নিমিত্তে রাঁচি খণ্ড হইতে হাজারীবাগ খণ্ডে প্রেরিত হওয়াতে ১৮৮০ সালের ডিসেম্বর মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

No 5 —*Errata* —In Notification No. 217 of the 11th December 1880, for "*10th instant*" read "*7th instant*"

No 6 —In the Notification from this Department, No 149 of the 16th June 1879, published at page 564 of the *Calcutta Gazette* of the 18th idem, being declaration for acquiring land for the new District Jail at Lohardugga, for "*on the east by Bhuinhari Done lands in the possession of Charan Vanda, mouzah Kouka,*" read "*on the east by Bhuinhari Dour (uplands) in the possession of Charan Moonda in mauzah Konka*"

No 7 —*Transfer* —Mr W P Milne, Assistant Engineer, Second Grade, is transferred in the interests of the public service from the First Calcutta to the Burdwan Division.

LOCAL COMMUNICATIONS

The 3rd January 1881

No 8 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for the construction of a road from the south bank of Hatiah channel to the Nulchera outpost at the southern end of the island of Hatiah in the villages of Chur Nulchera, Bharat Maizchera, Hornee, Neelokhyee, and Lukhee, pergunnah Sundeep, Chakleh Hatiah, zillah Noakholly, it is hereby declared that for the above purpose a piece of land about 74 600 feet in length and about 80 feet in breadth, measuring, more or less, 396 beeghas of standard measurement, is required within the aforesaid villages of Chur Nulchera, Bharat Maizchera, Hornee, Neelokhyee, and Lukhee

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A plan of the land can be seen at the office of the Road Cess Committee of the Noakholly district

No 9 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for the construction of a road from the northern extremity of the village of Poorana Siddhee to the Sundeep police-station, passing through the villages of Poorana Siddhee, Poikdogi, Lakhyee, Bodoo, Chur Roheem, Kajirkheel, and Horishpoor, pergunnah Sundeep, zillah Noakholly, it is hereby declared that for the above purpose a piece of land about 87,120 feet in length and about 80 feet in breadth, measuring, more or less, 484 beeghas of standard measurement, is required within the aforesaid villages of Poorana Siddhee, Poikdogi, Lakhyee, Bodoo, Chur Roheem, Kajirkheel, and Horishpoor

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A plan of the land can be seen at the office of the Road Cess Committee of the Noakholly district

ESTABLISHMENTS.

The 4th January 1881

No 10 —*Leave of absence* —Baboo Madhub Chunder Roy, Executive Engineer, Third Grade, Chittagong Division, is allowed furlough for one year under Section 8, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

No 11 —*Notification* —Mr E LeLievre, Executive Engineer, Third Grade, reported his arrival at Calcutta on the 4th January 1881, and is posted to the Chittagong Division as Officiating Executive Engineer

F. S STANTON, *Lieut -Col.*, R.E.,
Offg Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

[*Government Gazette*, 11*th January* 1881.]

৫ নং ।—অশুদ্ধশোধন ।— ১৮৮০ সালের ডিসেম্বর মাসের ১১ তারিখের ২১৭ নম্বর জ্ঞাপনপত্রে "এই মাসের ১০ তারিখে" এই কথার পরিবর্ত্তে "এই মাসের ৭ তারিখে" পাঠ করিতে হইবে।

৬ নং ।—লোহারডগা জিলায় নূতন জেল ঘরের নিমিত্তে ভূমি গ্রহণ বিষয়ক এই কার্য্য বিভাগের ১৮৭৯ সালের জুন মাসের ১৮ তারিখের ১৪৯ নম্বর যে বিজ্ঞাপন ঐ মাসের ২৪ তারিখের বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের ৫৬৯ পৃষ্ঠায় প্রকাশিত হয় তাহাতে "পূর্ব্ব সীমা কৌকা মৌজার চরণ মান্দার দখলের ভূঁইহারি দোন ভূমি" এই কথার পরিবর্ত্তে "পূর্ব্বসীমা কলকে মৌজার চরণ মুন্দার দখলের ভুঁইহারি দোর অর্থাৎ উচ্চ ভূমি" পাঠ করিতে হইবে।

৭ নং ।—স্থানান্তরের নিয়োগ ।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ডবলিউ, পি, মিলর সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে প্রথম কলিকাতা খণ্ড হইতে বর্দ্ধমান খণ্ডে প্রেরিত হইলেন।

(স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।)

১৮৮১ সাল ৩ জানুয়ারি।

৮ নং —ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নওয়াখালী জিলার অন্তর্গত হাতিয়া চাকলার, সন্দ্বীপ পরগনার, চর মলচেরা, ভারত মাজচেরা, হরিনা নীলখাই ও লক্ষ্মী গ্রামের মধ্যে হাতিয়া খাঁড়ীর দক্ষিণ তট অবধি হাতিয়া দ্বীপের দক্ষিণ প্রান্তস্থ মুলচেরা ফাঁড়ী পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টকর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চরমলচেরা ভারত মাজচেরা, হরিণী, নীলখাই ও লক্ষ্মী গ্রামে প্রায় ৭৪৬০০ ফুট দীর্ঘ ও ৮০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিবত্ত পরিমাণের ন্যূনাধিক ৩৯৬ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

উক্ত ভূমির নক্সা নওয়াখালী জিলার পথকর কমিটীর কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

৯ নং ।—ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ নওয়াখালী জিলার অন্তর্গত সন্দ্বীপ পরগনার পুরাণসিদ্ধি, পাইকাদাগী, লক্ষাই বহু চর রহীম, কাজির খাল, ও হরিশপুর গ্রামের মধ্য দিয়া পুরান সিদ্ধিগ্রামের উত্তর প্রান্ত অবধি সন্দ্বীপের পোলীস ফাঁড়ি পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পুরাণসিদ্ধি, পাইকাদাগী লাক্ষাই, বহু, চররহীম, কাজিরখাল ও হরিশপুর গ্রামে প্রায় ৮৭১২০ ফুট দীর্ঘ ও ৮০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিবত্ত পরিমাণের ন্যূনাধিক ৪৮৪ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

উক্ত ভূমির নক্সা নওয়াখালী জিলার পথকর কমিটীর কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

সিরিস্তা বিষয়ক।

১৮৮১ সাল জানুয়ারি।

১০ নং ।—ছুটী ।—চট্টগ্রাম খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত বাবু মাধবচন্দ্র রায় সিবিল কার্য্যকারকদিগের ছুটী বিষয়ক বিধি পুস্তকের F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে যে তারিখে অন্যেরপ্রতি কর্ম্মের ভার অর্পণ করেন তদবধি এক বৎসরের নিয়মিত ছুটী প্রাপ্ত হইলেন।

১১ নং ।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ই, লিনিবর সাহেব ১৮৮১ সালের জানুয়ারি মাসের ৪ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন রিপোর্ট করাতে একটিং এক্সেকিউটিব ইঞ্জিনিয়রস্বরূপ চট্টগ্রাম খণ্ডে অবস্থাপিত হইলেন।

এফ, এস, ষ্টাণ্টন, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৮১ । ১১ জানুয়ারি।]

IRRIGATION

NOTIFICATION—ESTABLISHMENT.

Dated the 28th December 1880

No 168 —*Transfer* —Baboo Omirto Lall Roy Chowdhry, Assistant Engineer, First Grade, Gunduck Division, is transferred, in the interests of the public service, to the South-Western Circle.

Dated the 29th December 1880

No 169 —*Notification* —Mr A C C. Rogers, Assistant Engineer, First Grade, was attached to the Northern Drainage and Embankment Division from the 15th to 29th October last, both days inclusive

Dated the 30th December 1880

No. 170 —*Leave* —Mr. J C Vertannes, Superintending Engineer, Third Grade, South-Western Circle, is granted three weeks' privilege leave from the 7th January 1881, under Section 44 of the Civil Leave Code

No 171 —*Posting* —Mr J H Apjohn, Executive Engineer, Second Grade, Circular and Eastern Canals Division, will officiate as Superintending Engineer, South-Western Circle, in addition to his own duties during the absence of Mr Vertannes, or until further orders.

No 172 —*Corrigendum.*—In notification No. 154 of 2nd instant, for "5th instant" read "afternoon of the 17th instant"

No. 173 —*Notification* —With reference to the orders marginally noted, Mr A N Stewart, Supervisor and Collector of Tolls, Circular and Eastern Canals, returned to duty on the forenoon of the 1st instant The unexpired portion of his leave is hereby cancelled

No 130, dated 14th September 1880.
No. 151, „ 22nd November „

No 174 —*Leave.*—With reference to the orders marginally noted, Mr C. W. Odling, Executive Engineer, Second Grade, Arrah Division, is granted subsidiary leave from the 7th to the 10th instant, both days inclusive

No 163, dated 20th December 1880

H C LEVINGE,
Jt.-Secy to the Govt. of Bengal,
P W Dept, Irrigation Branch

RAILWAY.

Calcutta, the 4th January 1881

No 197 —With reference to Government of India, Public Works Department, notification No. 438 of the 31st December 1880, Mr E C. Elliot, Assistant Engineer, Second Grade, is posted to the Western Extension, Tirhoot State Railway

F S. STANTON, *Lieut.-Col*, R.E,
Offg. Secy. to the Govt of Bengal,
P W. Dept.

জলসেচন বিষয়ক ।

পিরিস্তা বিষয়ক বিজ্ঞাপন ।

১৮৮০ সাল ২৮ ডিসেম্বর ।

১৬৮ নং ।—স্থানান্তরে নিয়োগ ।—গণ্ডকখণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু অমৃতলাল রায়চৌধুরী রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে দক্ষিণ পশ্চিমচক্রে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২৯ ডিসেম্বর ।

১৬৯ নং ।—বিজ্ঞাপন ।—প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজস সাহেব গত অক্টোবর মাসের ১৫ অবধি ২৯ তারিখ পর্য্যন্ত উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে নিযুক্ত ছিলেন।

১৮৮০ সাল ৩০ ডিসেম্বর ।

১৭০ নং ।—ছুটী ।—দক্ষিণ পশ্চিম চক্রের তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, বার্টেলীস সাহেব সিবিল কার্য্যকারকদিগের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৪৪ ধারামতে ১৮৮১ সালের ৭ জানুয়ারি অবধি তিন সপ্তাহের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৭১ নং —অবস্থাপন ।—শ্রীযুত বার্টেলীস সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সরকুলর ও পূর্ব্বখাল খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এচ, আপজন সাহেব স্বীয় কর্ম্মাতিরিক্ত দক্ষিণ পশ্চিম চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

১৭২ নং ।—অশুদ্ধ শোধন ।—এই মাসের ২ তারিখের ১৫৪ নম্বর বিজ্ঞাপনে " এই মাসের ৫ তারিখ, এই ২ কথার পরিবর্ত্তে "এই মাসের ১৭ তারিখের অপরাহ্ণ" পাঠ করিতে হইবে।

১৭৩ নং ।—বিজ্ঞাপন ।—পার্শ্বের লিখিত আজ্ঞার উপলক্ষে সরকুলর ও পূর্ব্ব খালখণ্ডের সুপরবাইজর ও টোলকালেক্টর শ্রীযুত এ, এন, ষ্টুয়ার্ট সাহেব এই মাসের ১ তারিখের পূর্ব্বাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করাতে এতদ্দ্বারা তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত করা গেল।

(১৮৮০ সালের ১৪ সেপ্টেম্বরের ১২০ নং।
" " ২২ নবেম্বরের ১৫১ নং।)

১৭৪ নং ।—ছুটী ।—পার্শ্বের লিখিত আজ্ঞার উপলক্ষে আবাখণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, ওডলিং সাহেব এই মাসের ৭ অবধি ১০ তারিখ পর্য্যন্ত আনুষ্ঠানিক ছুটী পাইলেন।

(১৮৮০ সালের ২০ ডিসেম্বরের ১৬০ নং।)

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী ।

রেলওয়ে সংক্রান্ত ।

১৮৮১ সাল ৪ জানুয়ারি ।

১৯৭ নং ।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ৩১ ডিসেম্বরের ৪৩৮ নম্বর জ্ঞাপন পত্রোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, সি, এলিয়ট সাহেব ত্রিহুত ষ্টেট রেলওয়ের পশ্চিম একসটেন্সনে অবস্থাপিত হইলেন।

এফ, এস, ষ্টান্টন, লেপ্টেনেণ্ট-কার্ণল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশর গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী ।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ১১ জানুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ২ সেপ্টেম্বর তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ১৫ নম্বর।

রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮০ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

৪ অধ্যায়।

মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

৫ অধ্যায়।

স্থাবর সম্পত্তির পুনঃ প্রাপ্তি বা অধিকার সম্বন্ধীয় বিচারাধিপত্যের কথা।

৬ অধ্যায়।

ঋণশোধ করণাক্ষমতা বিষয়ক বিচারাধিপত্যের কথা।

৭ অধ্যায়।

চরমপত্রানুযায়ী ও অকৃতচরমপত্র বিচারাধিপত্যের কথা।

৮ অধ্যায়।

হাই কোর্টে প্রশ্নার্পণ করিবার কথা।

৯ অধ্যায়।

ফী ও খরচার কথা।

রাজধানী নগর সমূহে সংস্থাপিত ছোট আদালত সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে সংস্থাপিত ছোট আদালত সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

হেতুবাদ।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। এই আইন "রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে, এবং ইহা ১৮৮১ সালের জুলাই মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

সংক্ষেপ নাম।

আরম্ভ।

কিন্তু এই আইনের কোন কথায় সৈন্যদের সুধারা ও নিয়ম বিধান বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১৪৪ ধারার বিধানের কোন ব্যতিক্রম হইবে না।

২ ধারা। যে তারিখে এই আইন প্রবল হইবে সেই তারিখ অবধি এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলির যে পরিমাণ তাহাতে উল্লিখিত হইল, সেই পরিমাণ রহিত হইবে।

যে২ আইন রহিত হইল তাহার কথা।

কিন্তু উক্ত কোন আইনমতে যে সকল আদালত সংস্থাপিত ও নিয়োগ কৃত হইয়াছে, তৎসমুদয়, যতদূর হইতে পারে, এই আইনমতে সংস্থাপিত ও কৃত বলিয়া জ্ঞান করা যাইবে।

যে তারিখে এই আইন প্রবল হয় তাহার পূর্ব্বে বিধিবদ্ধ আইনে এতদ্দ্বারা রহিত করা কোন আইনের উল্লেখ থাকিলে, উহা যথাসাধ্য এই আইনের বা একই বিষয় সংক্রান্ত এই আইনের বিধানের উল্লেখ বলিয়া পঠিত হইবে।

পূর্ব্ব২ আইনে উল্লেখের কথা।

৩ ধারা। কলিকাতার ভূমির রাজস্ব রক্ষাকরণের আইন সংশোধনের ১৮৫০ সালের ২৩ আইনের ৩ ধারায় 'উক্ত আইনের নির্দ্দিষ্টমতে" এই কথা রহিত হইল, এবং "উক্ত আইনের লিখিত অল্প কর্জ্জ আদায়ের জন্যে আদালতের কমিশনর সাহেবের" ও "উক্ত কমিশনরদের" এই ২ কথার পরিবর্ত্তে প্রত্যেক স্থলে "কলিকাতার ছোট আদালতের জজদের" এই কথা দিতে হইবে।

কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৮ ধারার " ৩৯ অধ্যায়ের " এই অঙ্ক ও শব্দের পর "এবং রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮১ সালের আইনের" এই অঙ্ক ও শব্দ গুলি দিতে হইবে।

ছোট আদালত শব্দের অর্থ।

৪ ধারা। এই আইনে "ছোট আদালত" শব্দে এই আইনমতে কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরে সংস্থাপিত ছোট আদালত বুঝাইবে।

---

২ অধ্যায়।

আদালত সংস্থাপনের ও তাহার কার্য্যকারকদের কথা।

ছোট আদালত সংস্থাপনের কথা।

৫ ধারা। কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে এক একটি আদালত থাকিবে। তাহা কলিকাতার বা স্থল বিশেষে মান্দ্রাজের বা বোম্বাইয়ের ছোট আদালত নামে খ্যাত হইবে।

ঐ আদালত হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন বলিয়া গণ্য হইবার কথা।

৬ ধারা। ঐ ছোট আদালত ১৮৬৫ সালের ২৮ ডিসেম্বর তারিখের হাই কোর্ট সংক্রান্ত পেটেণ্টপত্রের ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের মর্ম্মানুসারে কলিকাতার বা স্থল বিশেষে মান্দ্রাজের বা বোম্বাইয়ের হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন আদালত বলিয়া গণ্য হইবে।

জজদিগকে নিযুক্ত, স্থগিত ও পদচ্যুত করিবার কথা।

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্তৃত্বাধীনে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যত জন উচিত বোধ করেন তত জন লোককে ছোট আদালতের জজের পদে নিযুক্ত করিতে পারিবেন। তাঁহাদের মধ্যে অন্ততঃ একজন ইংলণ্ডের বা ঐরলণ্ডের বারিষ্টর বা স্কটলণ্ডের আডবোকেট ফ্যাকল্টির মেম্বর হইবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট ঐ রূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্তরূপে নিযুক্ত কোন জজকে স্থগিত করিতে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক পদচ্যুত করিতে পারিবেন।

জজদের পদ ও মর্য্যাদার কথা।

৮ ধারা। যে জজেরা বারিষ্টর বা আর্ডবোকেট হন, তাঁহাদের মধ্যে যিনি নিয়োগ অনুসারে জ্যেষ্ঠ হন, তাঁহাকে চীফ জজ বলা যাইবে, এবং তিনি পদে ও মর্য্যাদায় জজদের মধ্যে প্রথম গণ্য হইবেন।

অন্য জজেরা উক্ত জজস্বরূপ নিযুক্ত হইবার জ্যেষ্ঠতানুসারে পদ ও মর্য্যাদা পাইবেন। কিন্তু একজন স্থায়িরূপে নিযুক্ত জজ কোন একটি জজের জ্যেষ্ঠ বলিয়া গণ্য হইবেন

আদালতের ক্ষমতা তাহার মেম্বরদের প্রতি অর্পণ করিবার কথা।

৯ ধারা। এই আইনে বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহাতে প্রকারান্তরের বিধান না থাকিলে, হাই কোর্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক ছোট আদালত এই আইন ক্রমে বা প্রচলিত অন্য আইন ক্রমে ছোট আদালতের প্রতি প্রদত্ত কোন ক্ষমতানুসারে যে রূপে উচিত বোধ করেন সেইরূপে এক বা একাধিক জজের দ্বারা কার্য্য হইবার বিধান করণার্থে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

চীফ জজের দ্বারা আদালতের কর্ম্ম বিভাগের কথা।

১০ ধারা। উক্ত বিধি প্রবল থাকিলা, শ্রীযুত চীফ জজ সাহেব সময়ে২ ভিন্ন২ জজদের মধ্যে আদালতের কর্ম্ম বিভাগ করিয়া দিবার যেরূপ বন্দোবস্ত উচিত বোধ করেন সেইরূপ বন্দোবস্ত করিতে পারিবেন।

মতভেদ হইলে কার্য্য-প্রণালীর কথা।

১১ ধারা। পশ্চাল্লিখিতমতে যে স্থলে প্রকারান্তরের বিধান করা গিয়াছে সেই স্থল ভিন্ন অন্য কোন স্থলে দুই কিম্বা তদধিক জজ একত্র অধিবিষ্ট হইয়া কোন প্রশ্নসম্বন্ধে ভিন্নমত হইলে, অধিকাংশের মত প্রবল হইবে, এবং আদালত সমান দুইদলে বিভক্ত হইলে, ঐ ভিন্নমত জজদের মধ্যে যদি চীফ জজ একজন হন তিনি, কিম্বা তাঁহার অনুপস্থানে ভিন্নমত জজদের মধ্যে পদজ্যেষ্ঠ জজ, যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

যে মোহর ব্যবহার করিতে হইবে তাহার কথা।

১২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যৎকালে, যে প্রকারের আদেশ করিবেন, ছোট আদালত সেই প্রকারের আকারের ও আয়তনের মোহর ব্যবহার করিবেন।

আমলা নিযুক্তকরিবার কথা।

১৩ ধারা। ছোট আদালত সময়ে২ এক জন চীফ ক্লার্ক নিযুক্ত করিতে পারিবেন, এবং আদালতের বিচার কার্য্য নির্ব্বাহার্থ ও এই আইন বা প্রচলিত অন্য কোন আইনক্রমে তৎপ্রতি যে২ ক্ষমতা প্রদত্ত ও যে২ কর্ম্মের ভার অর্পিত হইয়াছে সেই২ ক্ষমতানুসারে সেই২ কর্ম্ম সম্পাদনার্থ যত জন আবশ্যক হয় তত জন অতিরিক্ত ক্লার্ক, বেলিফ ও অন্য আমলা স্থানীয় গবর্ণমেণ্টের কর্তৃত্বাধীনে নিযুক্ত করিতে পারিবেন।

উক্ত কর্ম্মচারিদের ক্ষমতার ও কর্ম্মের কথা।

ছোট আদালত হাই কোর্টের কর্তৃত্বাধীনে সময়ে২ এতদর্থে বিধি করিয়া যেরূপ আজ্ঞা করেন, তদনুসারে উক্তরূপে নিযুক্ত কর্ম্মচারিরা উক্ত ক্ষমতাক্রমে আমলার কর্ম্ম সম্পাদন করিবেন।

ছোট আদালত উক্তরূপ নিযুক্ত কোন কর্ম্মচারিকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন, কিন্তু যে কর্ম্মচারির মাসিক বেতন একশত টাকা বা তদধিক তাহাকে পদচ্যুত করিতে হইলে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা অপেক্ষা করিতে হইবে।

জজ বা অন্য কর্ম্মচারির ব্যবসায় বা কারবার না করিবার কথা।

১৪ ধারা। যে জজ বা অন্য কর্ম্মচারী এই আইনমতে নিযুক্ত হন, তিনি যতকাল ঐ রূপ জজ বা কর্ম্মচারী থাকেন তত কাল স্বয়ং বা অন্য কোন ব্যক্তির অংশী স্বরূপ প্রত্যক্ষে বা পরোক্ষে আডবোকেট, আটর্নি, উকীল বা অন্য ব্যবহারাজীবের ব্যবসায় বা কর্ম্ম করিবেন না, কিম্বা আপন হিসাবে বা অন্য কোন ব্যক্তির পক্ষে অথবা অন্য কোন ব্যক্তির অংশী স্বরূপ কোন কারবার বা ব্যবসায়ে লিপ্ত হইবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

৫ অধ্যায়।

স্থাবর সম্পত্তি পুনঃ প্রাপ্তি বা অধিকার সম্বন্ধীয় বিচারাধিপত্যের কথা।

বিনা অনুমতিতে যে ব্যক্তি সম্পত্তি দখল করিয়া থাকে তাহাকে সমন দিবার কথা।

২৮ ধারা। যে কোন স্থাবর সম্পত্তি ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে থাকে এবং প্রতিযোগিতার অভ্যাচ্ছ খাজনার হারে যাহার বার্ষিকমূল্য এক হাজার টাকার অধিক না হয়, কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অথবা যৎসূত্রে ঐ অন্য ব্যক্তির দাওয়া সেই ব্যক্তির প্রজাভাবে বা অনুমতিক্রমে যদি সেই ভূমি দখল করিয়া থাকেন,

এবং যদি ঐ প্রজা ভাব শেষ বা অনুমতি রহিত হইয়া থাকে,

এবং উক্ত প্রজা বা দখিলকার অথবা তাহার অধীনে বা নিয়োগক্রমে ভূমিভোগী কোন ব্যক্তি (ইহারা পরে দখলকারী বলিয়া অভিহিত হইয়াছে) উক্ত অন্য ব্যক্তির নিকট হইতে এবিষয়ে আদেশ পাইলেও তদনুসারে ঐ সম্পত্তি দিতে অস্বীকার করিলে,

(পরে দরখাস্তকারী বলিয়া অভিহিত) ঐ অন্য ব্যক্তি দখলকারির বিরুদ্ধে সমন দিবার নিমিত্ত ছোট আদালতে দরখাস্ত করিতে পারিবেন। ঐ সমনে উক্ত দখলকারির প্রতি এই আদেশ থাকিবে, যে, ঐ সম্পত্তি দিবার নিমিত্ত তাঁহার প্রতি কেন বল প্রয়োগ করা যাইবে না, সমননির্দ্দিষ্ট তারিখে তাহার কারণ দর্শাইবেন।

সমন জারী করিবার কথা।

২৯ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে প্রতিবাদির উপর সমন জারী করিবার যে প্রণালী নির্দ্দিষ্ট আছে, সেই প্রণালীমতে দখলকারির উপর সমন জারী করা যাইবে।

দখল দেওয়াইবার আজ্ঞার কথা।

৩০ ধারা। যদি দখলকারী নির্দ্দিষ্ট সময়ে উপস্থিত না হয় ও বিপরীত কারণ না দর্শায়, তবে দরখাস্তকারী ২৮ ধারামতে দরখাস্ত করিতে স্বত্ববান্ ছোট আদালতের এই রূপ হৃদ্বোধ জন্মিলে, তিনি উক্ত আদালতের বেলিফের প্রতি অনুজ্ঞাপত্র পাইবার অধিকারী হইবেন, ঐ অনুজ্ঞাপত্রে উক্ত আদালত যে তারিখের ন্যায় করা উচিত বোধ করেন সেই তারিখে দরখাস্তকারিকে ঐ সম্পত্তির দখল দেওয়াইবার নিমিত্ত বেলিফের প্রতি আদেশ থাকিবে।

ব্যাখ্যা।—যদি দখলকারী প্রমাণ করিতে পারেন যে, যে স্বত্বের বলে প্রজাভাব সৃষ্ট বা অনুমতি প্রদত্ত হয় দরখাস্তের তারিখের পূর্ব্বে সে স্বত্ব লোপ হইয়াছে, তাহা হইলে তিনি এই ধারার মর্ম্মানুযায়ী কারণ দর্শাইয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

উক্ত অনুজ্ঞাপত্রের বলে বেলিফের সম্পত্তিতে প্রবেশ করিয়া দখল দিতে পারিবার কথা।

৩১ ধারা। উক্ত রূপ কোন অনুজ্ঞাপত্র যে বেলিফকে দেওয়া যায়, উহার বলে সেই বেলিফ পূর্ব্বাহ্ন ছয়টার পর ও অপরাহ্ন ছয়টার পূর্ব্বে সাহায্য জন্য যত জন লোক আবশ্যক বোধ করেন লইয়া অনুজ্ঞাপত্রলিখিত সম্পত্তিতে প্রবেশ পূর্ব্বক দরখাস্তকারিকে তাহার দখল দেওয়াইতে পারিবেন, এবং দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব ছিলনা কেবল এই কারণে উক্ত অনুজ্ঞাপত্রদাতা ছোট আদালতের কোন জজের বা কর্ম্মচারির বিরুদ্ধে, অথবা ঐ অনুজ্ঞাপত্রমতে কার্য্য সাধক বা পূর্ব্বোক্তরূপ কোন সমন জারীকারী কোন বেলিফ বা অন্য ব্যক্তির বিরুদ্ধে উক্তরূপ কোন অনুজ্ঞাপত্র বা সমন দিবার বা সাধন বা জারী করিবার নিমিত্ত কোন মোকদ্দমা বা অভিযোগ চালান যাইবে না।

অনুজ্ঞাপত্র বা সমন দেওন প্রভৃতি নিমিত্ত জজ ও কর্ম্মচারির বিরুদ্ধে কোন কার্য্যানুষ্ঠান না হইতে পারিবার কথা।

দরখাস্তকারির দখল পাইবার স্বত্ব থাকিলে, কার্য্য প্রণালীগত কোন ভ্রান্তিহেতু তাঁহাকে অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান না করিবার কথা।

৩২ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন আজ্ঞা পাইবার নিমিত্ত দরখাস্ত করিবার সময়ে উক্ত দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব থাকিলে, উক্ত আজ্ঞাক্রমে দখল লইতে কার্য্যপ্রণালীগত কোন ভ্রান্তি বা দোষ বা অনিয়ম যদি ঘটে, তজ্জন্য তাঁহাকে কিম্বা তাঁহার পক্ষে কার্য্যকারী কোন ব্যক্তিকে অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান করা যাইবে না।

দখলকারির ক্ষতিপূরণের মোকদ্দমা করিতে পারিবার কথা।

কিন্তু উক্ত ভ্রান্তি, বা দোষ বা অনিয়ম নিবন্ধন কোন ব্যক্তির ক্ষতি হইলে, সেই অন্যায়প্রাপ্ত ব্যক্তি ঐ ক্ষতিপূরণের আদায় নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কিন্তু উক্তরূপ কোন ক্ষতির প্রমাণ না হইলে, মোকদ্দমা ডিসমিস করা যাইবে; এবং যে কোন স্থলে ক্ষতির প্রমাণ হয়, সেই স্থলে আদালতের অবধারিত ক্ষতিপূরণের পরিমাণ দশ টাকার অধিক না হইলে, যে জজ বিচার করেন তিনি যদি এই মর্ম্মের সার্টিফিকেট দেন যে তাঁহার মতে বাদিকে সম্পূর্ণ খরচা দেওয়া উচিত, তবে আদালত বাদিকে ক্ষতিপূরণের অতিরিক্ত খরচা দিবেন না।

স্বত্বাভাবে আজ্ঞা পাইলে দরখাস্তকারির দায়ের কথা।

৩৩ ধারা। এই অধ্যায়মতে কোন দরখাস্তকারী কোন সম্পত্তির দখল পাইলে, যদি পূর্ব্বোক্ত রূপ আজ্ঞা পাইবার দরখাস্ত করিবার সময়ে তাঁহার ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব না থাকে, তবে ঐ আজ্ঞাক্রমে যে ব্যক্তি আপনাকে অন্যায়প্রাপ্ত জ্ঞান করেন, এই আইনের কোন কথায় সেই ব্যক্তির মোকদ্দমা হইতে উক্ত দরখাস্তকারী রক্ষিত হইবেন এরূপ জ্ঞান হইবে না।

এরূপ স্থলে আজ্ঞা পাইবার দরখাস্তই অনধিকার প্রবেশের কার্য্য বলিয়া গণ্য হইবার কথা।

পূর্ব্বোক্তরূপ কোন আজ্ঞা পাইবার নিমিত্ত দরখাস্ত করিবার সময়ে, উক্ত দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব না থাকিলে, যদি উক্ত আজ্ঞা দেওয়া হয়, তবে তৎক্রমে দখল না লইলেও দরখাস্তকারী দখলকারির বিরুদ্ধে অনধিকার প্রবেশের কার্য্য করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

দখলকারী দরখাস্তকারির বিরুদ্ধে মোকদ্দমা করিবার জামিন দিলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত থাকিবার কথা।

৩৪ ধারা। এই অধ্যায়মত দরখাস্ত করা গেলে দখলকারী যদি দুইজন জামিনের সহযোগে, ছোট আদালত সম্পত্তির মূল্য ও পশ্চাল্লিখিত মোকদ্দমার সম্ভাবিত খরচার প্রতি দৃষ্টি রাখিয়া যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন, তত টাকার নিবন্ধপত্র লিখিয়া দিয়া, অবিলম্বে দরখাস্তকারির বিরুদ্ধে অনধিকার প্রবেশের ক্ষতিপূরণ নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে এবং ঐ মোকদ্দমা আপনি না চালাইলে বা দরখাস্তকারির অনুকূলে বিচার হইলে মোকদ্দমার সমুদয় খরচ দিতে অঙ্গীকারবদ্ধ হন, তবে যাবৎ ঐ মোকদ্দমার নিষ্পত্তি না হয় ছোট আদালত উক্ত দরখাস্তের অনুযায়ী আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবেন।

উক্তরূপ কোন মোকদ্দমায় দখলকারী দরখাস্তকারীর বিরুদ্ধে ডিক্রী পাইলে ৩০ ধারাক্রমে যদি কোন আজ্ঞা করা হইয়া থাকে তাহা রহিত হইয়া এই ডিক্রী প্রবল হইবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন দ্বারা কার্য্য প্রণালী নিয়মিত হইবার কথা।

৩৫ ধারা। এই অধ্যায়মত সমুদয় আনুষ্ঠানিক কার্য্যে, এই আইনের প্রকারান্তরের বিধান স্থল ছাড়া অন্যত্র ছোট আদালত যত দূর হইতে পারে, প্রথমস্থলীয় আদালতের নিমিত্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী অনুসরণ করিবেন।

পাপরদের দরখাস্তের কথা।

উক্ত আইনের ২৬ অধ্যায়ের বিধানমতে পাপরেরা এই অধ্যায়মত দরখাস্ত করিতে পারিবে। ঐ দরখাস্ত উক্ত অধ্যায়ের মর্ম্মানুযায়ী পাপরের মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

দখল পাওয়া গেলে স্বত্বাস্বত্বের বিচার নিমিত্ত মোকদ্দমার বাধা না হইবার কথা।

৩৬ ধারা। এই অধ্যায়মতে কোন স্থাবর সম্পত্তির দখল পাওয়া গেলে, তাহার স্বত্বাস্বত্বের বিচার নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিবার কোন বাধা হইবে না।

---

৬ অধ্যায়।

ঋণশোধ করণাক্ষমতা বিষয়ক বিচারাধিপত্যের কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়মত কোন২ প্রার্থনাপত্র গ্রহণ করিবার ক্ষমতার কথা।

৩৭ ধারা। যে সকল ডিক্রীমত খাতক ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করেন, বা আসেন থাকেন, এবং এই আইনের তফসীলের অন্তর্ভুক্ত কোন ব্যবসায় বা কারবার না চালান, তাহাদের সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়ের বিধানমতে ঋণ শোধ করিতে অক্ষম বলিয়া নির্ণয় হইবার প্রার্থনাপত্র ছোট আদালত গ্রহণ করিতে পারিবেন।

যাহারা কারবার করে না, এরূপ খাতকের অন্য কোন২ প্রার্থনাপত্র গ্রহণের কথা।

৩৮ ধারা। ৩৭ ধারার নির্দ্দিষ্ট স্থলের অতিরিক্ত কোন ব্যক্তি যদি ঋণ শোধ করণাক্ষম অবস্থাপন্ন হন এবং ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করেন ও উক্ত তফসীলের অন্তর্ভুক্ত কোন ব্যবসায় বা কারবার না চালান তিনি ঋণ শোধ করণাক্ষম বলিয়া নির্ণীত হইবার নিমিত্ত উক্ত আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

ডিক্রীমত খাতকদের প্রার্থনাপত্র সংক্রান্ত যে২ বিধান উক্ত অধ্যায়ে আছে, তৎসমুদয় যত দূর বর্ত্তিতে পারে, আবশ্যক পরিবর্ত্তনসহ, উক্তরূপ ব্যক্তিদের প্রার্থনাপত্রের প্রতি বর্ত্তিবে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়মতে রাজকীয় আসৈনী এই অধ্যায়মত মোকদ্দমায় গ্রাহক হইবার কথা।

৩৯ ধারা। যৎকালে যে ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ের ১৪ ধারাক্রমে উক্ত রাজব্যবস্থাগত রাজকীয় আসৈনীর পদে নিযুক্ত হন, তিনি যে সকল মোকদ্দমার এই অধ্যায়মতে ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য অর্পিত হয় সেই সকল মোকদ্দমায় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়ের কার্য্য নিমিত্ত গ্রাহক হইবেন, এবং উক্ত অধ্যায়মতে গ্রাহককে যে কমিশ্যন দেওয়া যাইতে পারে তিনি গ্রাহক স্বরূপ আপন কর্ম্ম সম্পাদনার্থ পারিশ্রমিক বলিয়া তাহা রাখিতে পারিবেন।

দেওয়ানী কার্য্যবিধির ৩৫১, ৩৫২, ৩৫৩ ও ৩৫৭ ধারামত আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইবার কথা।

৪০ ধারা। এই অধ্যায়ক্রমে প্রদত্ত বিচারাধিপত্যানুসারে কার্য্য করিয়া ছোট আদালত উক্ত আইনের ৩৫১, ৩৫২, ৩৫৩ ও ৩৫৭ ধারামত যে সকল আজ্ঞা দেন, তাহার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে।

ঐ আইনের ৩৯০ ধারায় আজ্ঞার উপর আপীল সম্বন্ধীয় যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, তাহা যতদূর বর্ত্তিতে পারে ঐ আপীলের প্রতি বর্ত্তিবে।

এই অধ্যায়ের মধ্যে যে সকল মোকদ্দমা পড়ে তাহাতে হাই কোর্টের বিচারাধিপত্যের বাধা হইবার কথা।

৪১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ে প্রকারান্তরের কথা থাকিলেও যে স্থলে ঋণ শোধ করণাক্ষম বলিয়া নির্ণীত হইবার প্রার্থনা এই আইনমতে করা যাইতে পারিত সেই স্থলে হাই কোর্ট উক্তরূপ কোন প্রার্থনাপত্র গ্রহণ করিবেন না।

কিন্তু সংস্পষ্ট কোন পক্ষের প্রার্থনাক্রমে হাই কোর্ট আপন বিবেচনাতে এই আজ্ঞা করিতে পারিবেন যে এই অধ্যায়মত যে কোন মোকদ্দমা এই আইন না থাকিলে উক্ত রাজব্যবস্থাক্রমে গ্রাহ্য হইতে পারিত, ছোট আদালতে তাহার আনুষ্ঠানিক কার্য্য বন্ধ করা যায়। তাহা করিলে উক্ত রাজব্যবস্থাক্রমে যে কোন ব্যক্তির দরখাস্ত দিবার স্বত্ব থাকে, সেই ব্যক্তি এই আইন বিধিবদ্ধ না হইলে যেরূপে হইত সেই রূপ দরখাস্ত দিতে পারিবে।

উক্তরূপ কোন জজ বা কর্ম্মচারী ঐ প্রকারে ব্যবসায় বা কর্ম্ম করিলে বা কারবারাদিতে লিপ্ত হইলে, তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬৮ ধারামত অপরাধ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবেন।

কিন্তু উক্তরূপ কোন জজ বা কর্ম্মচারী রাজকীয় সনন্দ, পেটেণ্টপত্র, পার্লিয়ামেণ্টের আইন কিম্বা ব্রিটিষ ভারতবর্ষীয় কোন ব্যবস্থাপক সমাজের আইনক্রমে সমর্পিত বা রেজিষ্টরী করা কোন কোম্পানির মেম্বর হইতে য পারিবেন না এই ধারার কোন কথায় এরূপ জ্ঞান করিতে হইবে না।

---

৩ অধ্যায়।

মোকদ্দমা সম্বন্ধে বিচারাধিপত্যের কথা।

আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার কথা।

১৫ ধারা। হাই কোর্টের নিয়মিত প্রথম স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের যৎকালে যে স্থানীয় সীমা থাকে প্রত্যেক ছোট আদালতের বিচারাধিপত্যের সেই স্থানীয় সীমা হইবে।

আদালতের যে সকল মোকদ্দমায় বিচারাধিপত্য থাকিবে, তাহার কথা।

১৬ ধারা। ১৭ ধারার বর্জ্জিত কথা মানিয়া ছোট আদালতের সমুদয় দেওয়ানী ভাবের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিবে। কিন্তু বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক হইবে না।

আর ইহাও আবশ্যক যে নালিশের হেতু সম্পূর্ণরূপে অথবা ছোট আদালতের অনুমতি প্রথমে গ্রহণ করা গেলে, অংশতঃ উক্ত আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উপস্থিত হইয়াছে অথবা মোকদ্দমা-বন্ধ সময়ে প্রতিবাদী ঐ সীমার মধ্যে বাসকরে, বা কার্য্য চালায়, বা আপনি লভ্যার্থ কর্ম্ম করে।

ব্যাখ্যা।—কোন মোকদ্দমায় বাদী প্রতিবাদির কৃত বিপরীত দাওয়া স্বীকার করাতে, দাওয়ার টাকা কমিয়া দুই হাজার টাকার অনধিক হইলে, ছোট আদালতের উক্ত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিবে।

যেং মোকদ্দমায় এই আদালতের বিচারাধিপত্য থাকিবে না, তাহার কথা।

১৭ ধারা। নিম্ন লিখিত মোকদ্দমায় ছোট আদালতের বিচারাধিপত্য থাকিবে না অর্থাৎ,

(ক) রাজস্ব ধার্য্য বা আদায় করণ সংক্রান্ত মোকদ্দমায়,

(খ) ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেটসেক্রেটরী সাহেবের বিরুদ্ধ মোকদ্দমায়,

(গ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বা স্থানীয় গবর্ণমেণ্ট, কিম্বা শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব বা কোন গবর্ণর সাহেব কিম্বা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বা মান্দ্রাজের বা বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের মন্ত্রিসভার কোন সভ্য, স্বীয় পদোপলক্ষে, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বা স্থানীয় গবর্ণমেণ্টের আদেশক্রমে কোন ব্যক্তি, যে কার্য্য করিবার আজ্ঞা দেন বা যে কার্য্য করেন, তৎসংক্রান্ত মোকদ্দমায়,

(ঘ) কোন জজ বা বিচারসম্পর্কীয় কোন কার্য্যকারক আপন পদের কার্য্যোপলক্ষে, অথবা উক্তরূপ কোন জজের বা বিচার সম্পর্কীয় কার্য্যকারকের আদালতের কোন বিচার বা আজ্ঞাক্রমে কোন ব্যক্তি, যে কোন কার্য্য করিবার আজ্ঞা দেন বা যে কার্য্য করেন, তৎসংক্রান্ত মোকদ্দমায়,

(ঙ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৬ ধারার (ক) অবধি (ঘ) পর্য্যন্ত প্রকরণে যেং মোকদ্দমা নির্দ্দিষ্ট হইয়াছে, সেইং মোকদ্দমায়,

(চ) স্থাবর সম্পত্তিগত কোন স্বত্ব বা স্বার্থ সংক্রান্ত চুক্তিমত বিশেষ কার্য্য হইবার বা উক্ত চুক্তি অসিদ্ধ করিবার মোকদ্দমায়,

(ছ) আদালতের ডিক্রীক্রমে সম্পত্তি ও তাহার যথাযোগ্য কার্য্য নির্ব্বাহের হিসাব লইবার মোকদ্দমায়,

(জ) নিন্দাবাদ বা কুৎসারটনা বা পরদার বা বিবাহের অঙ্গীকার ভঙ্গ নিবন্ধন ক্ষতিপূরণের মোকদ্দমায়,

(ঝ) উদ্বাহ স্বত্ব পুনঃ প্রাপ্তির মোকদ্দমায়,

(ঞ) ন্যাসমত কার্য্য হইবার মোকদ্দমায়,

(ট) নিষেধ আজ্ঞা পাইবার মোকদ্দমায়,

(ঠ) কোন হাই কোর্টের বিচারপত্র অনুযায়ী মোকদ্দমায়।

(ড) প্রচলিত কোন আইনক্রমে যে২ মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতা ছোট আদালতের নাই সেই২ মোকদ্দমায়।

অর্থগত বিচারাধিপত্যের অতিক্রান্ত মোকদ্দমায় উভয় পক্ষের সম্মতিক্রমে আদালতের বিচার করিতে পারিবার কথা।

৮ ধারা। বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক না হইলে যে মোকদ্দমা ছোট আদালতের গ্রাহ্য হইত, সেই মোকদ্দমায় উভয় পক্ষ যদি লিখিয়া এই রূপ নিয়মপত্র করিয়া থাকেন যে উক্ত মোকদ্দমার বিচার করিতে ছোট আদালতের বিচারাধিপত্য থাকিবে, তবে বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক হইলেও, উক্ত আদালতের ঐ মোকদ্দমার বিচার করিবার বিচারাধিপত্য থাকিবে।

উক্তরূপ প্রত্যেক নিয়মপত্র আদালতে দাখিল করিতে হইবে, এবং দাখিল করা গেলে তৎসংক্রান্ত উভয় পক্ষ উক্ত আদালতের বিচারাধিপত্যের অধীন হইবেন, এবং উক্ত মোকদ্দমায় ঐ আদালতে নিষ্পত্তি দ্বারা বদ্ধ হইবেন।

আদালতের কর্ম্মচারী কর্তৃক বা তদ্বিরুদ্ধ মোকদ্দমার কথা।

১৯ ধারা। যে সকল মোকদ্দমায় ছোট আদালতের কোন কর্ম্মচারী এক পক্ষ, সেই সকল মোকদ্দমা উক্ত আদালতের পরওয়ানা জারীক্রমে গৃহীত সম্পত্তির বা তদুৎপন্ন টাকার বা তাহার মূল্যের দাওয়া সম্বন্ধে না হইলে বাদির ইচ্ছামতে, এই আইন বিধিবদ্ধ না হইলে যেরূপ হইত সেই রূপে, হাই কোর্টে উপস্থিত করা যাইতে পারিবে।

ছোট আদালতের কর্ম্মচারিদের কৃত কোনং অন্যায় কার্য্য নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমার খরচার কথা।

ছোট আদালতের পরওয়ানার উপলক্ষে উক্ত আদালতের কোন কর্ম্মচারী কোন অন্যায় কার্য্য করিলে তাহা লইয়া ছোট আদালতের বিচার্য্য কোন মোকদ্দমা যদি হাই কোর্টে উপস্থিত করা যায়, এবং বাদী দুই হাজার টাকার অধিক ক্ষতিপূরণ না পায়, তবে

যে জজ সাহেব উক্ত মোকদ্দমার বিচার করেন তিনি উক্ত মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত করিবার যোগ্য বলিয়া লিখিত সর্টিফিকেট না দিলে বাদিকে কোন খরচা দেওয়া যাইবে না। *

২০ ধারা। ১৯ ধারার লিখিত মোকদ্দমা ভিন্ন ছোট

ছোট আদালতের বিচার্য্য অন্য মোকদ্দমা বাদী হাই কোর্টে উপস্থিত করিলে খরচার কথা।

আদালতের বিচার্য্য কোন মোকদ্দমা যদি হাই কোর্টে উপস্থিত করা যায়, এবং যদি উক্ত মোকদ্দমার বাদী, চুক্তি-মূলক মোকদ্দমা হইলে দুই হাজার টাকার বা সেই মূল্যের কম পরিমাণে, এবং অন্য কোন রূপ মোকদ্দমা হইলে তিন শত টাকার বা সেই মূল্যের কম পরিমাণে, ডিক্রী পান তবে বাদিকে কোন খরচা দেওয়া যাইবে না, উক্তরূপ কোন মোকদ্দমার বাদী ডিক্রী না পাইলে, মওক্কেলের নিকট আটর্নি যেরূপ খরচা পান প্রতিবাদী সেইরূপ খরচা পাইবার অধিকারী হইবেন।

কিন্তু যে জজ সাহেব উক্তরূপ কোন মোকদ্দমার

উপবিধান।

বিচার করেন তিনি উহা নিম্নলিখিত কোন কারণে হাই কোর্টে উপস্থিত হইবার যোগ্য বলিয়া সার্টিফিকেট দিলে, পূর্ব্ববর্ত্তী বিধি উহার প্রতি বর্ত্তিবে না, অর্থাৎ,

(ক) ঐ মোকদ্দমা কঠিন, নূতন বা সাধারণের প্রয়োজনীয়, অথবা তদ্রূপ মোকদ্দমার ছোট আদালতে ভ্রান্তিসঙ্কুল নিষ্পত্তি চলিয়া আসিয়াছে, কিম্বা

(খ) উক্ত মোকদ্দমায় এরূপ প্রশ্নের নিষ্পত্তি করিতে হইবে, যাহার উপর দুই হাজার টাকা পরিমাণ বা মূল্যের অধিক দাওয়া বা দাবী নির্ভর রাখে, কিম্বা

(গ) উক্ত মোকদ্দমা দুই হাজার টাকার অধিক মূল্যের স্থাবর সম্পত্তির স্বত্বাস্বত্ব নিরূপণ সাপেক্ষ।

---

৪ অধ্যায়।

মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

২১ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে দেওয়ানী

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের কোন২ অংশ ছোট আদালতে বর্ত্তিবার কথা।

মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে২ অধ্যায় ও ধারা নির্দ্দিষ্ট হইল, সেই২ অধ্যায় ও ধারা যত দূর বর্ত্তিতে পারে ছোট আদালতে বর্ত্তিবে. এবং এই আইনের বিশেষ বিধান দ্বারা যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইল যে স্থলে তাহার বিরুদ্ধ হয় সেই স্থল ছাড়া, উক্ত আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী ছোট আদালতের বিচার্য্য সকল মোকদ্দমায় অনুসৃত হইবে।

২২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী

বিপরীত দাওয়ার স্থল ছাড়া বর্ণনাপত্র না হইবার কথা।

বিষয়ক আইনের ১১১ ধারাক্রমে বিপরীত দাওয়ার স্থল ভিন্ন কোনস্থলে আদালতের আদেশমতে না হইলে বর্ণনাপত্র গ্রহণ করা যাইবে না।

২৩ ধারা। পশ্চাল্লিখিত বিশেষ বিধানের স্থল

আদালতের বিচার ও আজ্ঞা চূড়ান্ত হইবার ও নূতন বিচার হইবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

ভিন্ন কোন মোকদ্দমার ছোট আদালতের প্রত্যেক ডিক্রী ও আজ্ঞা উভয়পক্ষ সম্বন্ধে চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে, কিন্তু কোন মোকদ্দমার ডিক্রীর বা আজ্ঞার তারিখঅবধি আটদিনের মধ্যে কোন পক্ষ প্রার্থনা করিলে, আদালত যে রূপ নিয়ম যুক্তিসিদ্ধ জ্ঞান করেন সেই নিয়মে নূতন বিচার হইবার আজ্ঞা দিতে এবং আনুষ্ঠানিক কার্য্য তৎকাল নিমিত্ত স্থগিত রাখিতে পারিবেন।

কিন্তু এরূপস্থলে প্রয়োজন যে উক্ত ডিক্রী বা আজ্ঞাক্রমে প্রার্থকের কোন টাকা দিতে হইলে, তিনি প্রার্থনা করিবার সময়ে সেই টাকা আদালতে দেন।

২৪ ধারা। যদি ছোট আদালতের ডিক্রীমত খাতকের

ছোট আদালতের ডিক্রী অন্য আদালত দ্বারা জারী করিবার কথা।

ডিক্রীর টাকা শোধ হইবার উপযুক্ত অস্থাবর সম্পত্তি উক্ত আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে না থাকে, তবে উক্ত আদালত, ডিক্রীদারের প্রার্থনাক্রমে, ডিক্রী জারী করিবার নিমিত্ত তাহা

(ক) উক্ত স্থানীয় সীমার অন্তর্গত স্থাবর সম্পত্তির উপর জারী করিতে হইলে, হাই কোর্টে, । এবং

(খ) অন্য সকল স্থলে, যে দেওয়ানী আদালতের সাধারণ এলাকার মধ্যে উক্ত ডিক্রীমত খাতক বা তাহার অস্থাবর বা স্থাবর সম্পত্তি থাকে, সেই আদালতে পাঠাইতে পারিবেন।

যে আদালত ডিক্রী দেন সেই আদালত ভিন্ন অন্য

ডিক্রী অন্য আদালতে পাঠান গেলে, কার্য্যপ্রণালীর কথা।

আদালত দ্বারা ডিক্রী জারীর যে কার্য্যপ্রণালী দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, উক্তরূপ স্থল সম্পর্কে সেই কার্য্য প্রণালী অনুসৃত হইবে।

২৫ ধারা। ছোট আদালতের ডিক্রী জারীক্রমে

উপযুক্ত জামিন দিলে ধৃত ডিক্রীমত খাতককে ছাড়িয়া দিবার কথা।

যে ডিক্রীমত খাতককে ধরা যায়, সেই ব্যক্তি যত টাকা দিতে তাহার প্রতি আজ্ঞা হয় সেই টাকার ও খরচার আদালতের হৃদ্বোধ মত জামিন দিলে, উক্ত আদালত তাহাকে ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

২৬ ধারা। যদি ছোট আদালতের প্রতীতি হয়

কোন২ স্থলে আদালতের ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবার কথা।

যে উক্ত আদালতের ডিক্রীমত কোন খাতক পীড়া বা অন্য উপযুক্ত কারণে ডিক্রীর টাকা, অথবা উক্ত আদালত কিস্তি ক্রমে ঐ টাকা দিবার আজ্ঞা করিয়া থাকিলে কোন কিস্তির টাকা, দিতে অক্ষম, তবে উক্ত আদালত সময়ে২ যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপ সময়ের নিমিত্ত ও তদ্রূপ নিয়মে ঐ ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবেন।

২৭ ধারা। যে কোন মোকদ্দমার প্রতিবাদী উপস্থিত

কোন২ স্থলে বাদির প্রতিবাদিকে ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

হইয়া দাওয়া অস্বীকার করে, এবং মোকদ্দমা ডিসমিস হয়, ছোট আদালত আপন বিবেচনায় যত টাকা উচিত বোধ করেন প্রতিবাদির কষ্ট ও উপস্থিতি হেতুক ক্ষতিপূরণ স্বরূপ তাঁহাকে তত টাকা দিবার নিমিত্ত বাদির প্রতি আজ্ঞা করিতে পারিবেন। উক্ত আজ্ঞাক্রমে দেয় টাকা দেওয়া না গেলে, প্রতিবাদী উক্ত আদালতের ডিক্রীর ন্যায় ঐ আজ্ঞা বাদির বিরুদ্ধে প্রবল করিতে পারিবেন।

৭ অধ্যায়।

চরমপত্রানুযায়ী ও অকৃতচরমপত্র বিচারাধিপত্যের কথা।

১৮৬৫ সালের ১০ আইনের ও ১৮৭০ সালের ২১ আইনের অর্থমতে ছোট আদালতের বিচারাধীন স্থান জিলা ও উক্ত আদালত জিলার জজ বলিয়া গণ্য হইবার কথা।

৪২ ধারা। ন্যস্তধন ছাড়া কিন্তু দেয় ঋণের টাকা বাদ না দিয়া মৃত ব্যক্তির সম্পত্তি যে স্থলে এক হাজার টাকার কম হয় সেই স্থলে প্রবেট ও ধনাধ্যক্ষতা পত্র দিবার নিমিত্ত ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইনের ও হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনের অর্থমতে ছোট আদালতের বিচারাধিপত্যের সীমাবর্ত্তী স্থান জিলা বলিয়া এবং উক্ত আদালত জিলার জজ সাহেব বলিয়া গণ্য হইবে।

এই ধারামত প্রবেট বা ধনাধ্যক্ষতা পাইবার প্রত্যেক প্রার্থনাপত্রে প্রার্থকের জ্ঞান বা বিশ্বাসমত উক্ত সম্পত্তির পরিমাণ লিখিতে হইবে।

বিচারাধিপত্য সম্বন্ধে প্রার্থনাপত্র নিষ্পত্তি হইবার কথা।

৪৩ ধারা। প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র পাইবার প্রার্থনাপত্র ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের লিখিত প্রণালীমত কৃত ও সত্যপাঠযুক্ত হইলে, প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান করিবার ক্ষমতা সম্বন্ধে সিদ্ধান্ত হইবে, এবং আদালতের উপর প্রতারণা করিয়া গৃহীত বলিয়া ঐ দান অসিদ্ধ করণার্থ কার্য্যানুষ্ঠান না হইলে, মৃত ব্যক্তি যে সম্পত্তি রাখিয়া যান তাহা ন্যস্ত ধন ছাড়িয়া দিলে, কিন্তু তাঁহার দেয় ঋণের টাকা বাদ না দিলে, বস্তুতঃ এক হাজার টাকার অধিক, এই কারণে ঐ দানের প্রতি দোষারোপ করা যাইবে না।

এই অধ্যায়মত মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

৪৪ ধারা। উক্ত আইনদ্বয়ে জিলার জজ সাহেবের নিমিত্ত যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে, এই অধ্যায়মত ছোট আদালতের কার্য্যপ্রণালী, যত দূর হইতে পারে, সেই কার্য্যপ্রণালীর অনুযায়ী হইবে।

ঐ২ আইনমতে জিলার জজ সাহেব কোন আজ্ঞা করিলে তাহাতে যেরূপ ফল হয় এবং তাহা যেরূপ আপীলের নিয়মাধীন থাকে, এই অধ্যায়মত ছোট আদালতের প্রত্যেক আজ্ঞায় সেইরূপ ফল হইবে ও তাহা সেই রূপ আপীলের নিয়মাধীন থাকিবে।

আর প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান ও রহিত করণ সম্বন্ধে উক্ত আইনদ্বয়ে যে সকল বিধান আছে সেই সকল বিধান, আবশ্যক পরিবর্ত্তন সহ, এই অধ্যায়মত প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান ও রহিত করণের প্রতি খাটিবে।

---

৮ অধ্যায়।

হাই কোর্টে প্রশ্নার্পণ করিবার কথা।

প্রশ্নার্পণ যে সময়ে করিতেই হইবে, তাহার কথা।

৪৫ ধারা। যদি ছোট আদালতের দুই বা তদধিক জজ কোন মোকদ্দমায় বা এই আইনের ৫ অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে একত্র আসীন হইয়া আইনঘটিত বা আইনতুল্য বলবৎ রীতিঘটিত কোন প্রশ্ন সম্বন্ধে, কিম্বা যাহাতে মোকদ্দমার গুণাগুণ স্পৃষ্ট হয় কোন দলীলের এরূপ অর্থ করণ সম্বন্ধে ভিন্নমত হন,

কিম্বা কোন মোকদ্দমায় বা উক্তরূপ কোন আনুষ্ঠানিক কার্য্যে বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচশত টাকার অধিক হইলে, যদি উক্তরূপ কোন প্রশ্ন উঠে এবং কোন পক্ষ প্রার্থনা করেন,

তবে ছোট আদালত উক্ত মোকদ্দমার বৃত্তান্ত ঘটিত বর্ণনাপত্র প্রস্তুত করিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ৬১৭ ধারামতে উক্ত বর্ণনাপত্র হাই কোর্টের মত জন্য অর্পণ করিয়া, হয় রায় দেওয়া স্থগিত রাখিবেন, না হয় উক্ত মত সাপেক্ষ করিয়া রায় দিবেন।

যে পক্ষের বিরুদ্ধে সাপেক্ষ রায় দেওয়া যায় উক্তরূপ প্রশ্নার্পণ হইলে তাহার জামিন দিতে হইবার কথা।

৪৬ ধারা। হাই কোর্টের মত সাপেক্ষ করিয়া ৪৫ ধারা মতে রায় দেওয়া গেলে, যে পক্ষের বিরুদ্ধে ঐ রায় দেওয়া যায় তিনি অবিলম্বে হাই কোর্টে প্রশ্নার্পণ করিবার খরচার ও রায়ের লিখিত টাকার জামিন দিবেন। ছোট আদালত ঐ জামিন মঞ্জুর করিবেন।

কিন্তু যে জজ কোন মোকদ্দমার বিচার করেন, তিনি ঐ মোকদ্দমার রায়ের লিখিত টাকা আদালতে দিবার আজ্ঞা করিলে এবং তদনুসারে তাহা দেওয়া গেলে, ঐ টাকার নিমিত্ত কোন রূপ জামিন দিবার আদেশ করা যাইবে না।

উক্তরূপ জামিন না দেওয়া গেলে ঐ পক্ষ রায় মানিয়া লইয়াছে বলিয়া জ্ঞান হইবার কথা।

পূর্ব্বোক্তরূপ জামিন অবিলম্বে দেওয়া না গেলে, যে পক্ষের বিরুদ্ধে উক্তরূপ সাপেক্ষ রায় দেওয়া হইয়াছে সেই পক্ষে তাহা মানিয়া লইয়াছে, বলিয়া জ্ঞান করা যাইবে।

---

৯ অধ্যায়।

ফী ও খরচার কথা।

মোকদ্দমা উপস্থিত করিবার ফীর কথা।

৪৭ ধারা। এই আইনের ৫ অধ্যায়মত কোন মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিবার সময়ে,

(ক) বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচ শত টাকার অনধিক হইলে, ঐ পরিমাণ বা মূল্যের উপর টাকা প্রতি দুই আনার অনধিক,

(খ) বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচশত টাকার অধিক হইলে, ঐ পরিমাণ বা মূল্যের উপর টাকা প্রতি এক আনার অনধিক, ফী দেওয়া যাইবে, এবং যাবৎ ঐ ফী দেওয়া না যায়, উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে কোন আবেদন বা প্রার্থনাপত্র গ্রহণ করা যাইবে না।

পরওয়ানার ফীর কথা।

৪৮ ধারা। বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য এই আইনের চতুর্থ তফসীলের প্রথম ঘরের নির্দ্দিষ্ট টাকার অধিক, কিন্তু দ্বিতীয় ঘরের নির্দ্দিষ্ট টাকার অনধিক হইলে, উক্ত তফসীলের তৃতীয় ও চতুর্থ ঘরে যে২ ফী নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ২ ঘর যে২ পরওয়ানা সম্পর্কীয় হয় উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে সেই২ পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে সেই২ ফী দিতে হইবে। যে ব্যক্তির পক্ষে যে পরওয়ানা বাহির হয়, সেই ব্যক্তির সেই পরওয়ানার ফী দিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

শুনানীর পূর্ব্বে আপোষে মিটাইলে, অর্দ্ধেক ফী ফিরাইয়া দিবার কথা।

৪৯ ধারা। উক্তরূপ কোন মোকদ্দমার বা আনুষ্ঠানিক কার্য্যের শুনানী হইবার পূর্ব্বে পক্ষেরা আপোষে তাহা মিটাইয়া ফেলিলে, তৎকাল পর্য্যন্ত যত ফী দেওয়া হইয়াছে তন্মধ্যে যে পক্ষ যাহা দিয়াছেন, ছোট আদালত তাঁহাকে তাহার অর্দ্ধেক ফিরাইয়া দিবেন।

দরিদ্র ব্যক্তিদের ফী ও খরচার কথা।

৫০ ধারা। কোন দরিদ্র ব্যক্তি এই আইনের ৫ অধ্যায়মত দরখাস্ত দিলে, ছোট আদালত, যদি উচিত বিবেচনা করেন, ৪৭ ধারার উল্লিখিত ফী না লইয়া অথবা উক্ত ফীর কিয়দংশ লইয়া ঐ দরখাস্ত গ্রহণ করিয়া রেজিষ্টরী করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেন্টের ফী পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

৫১ ধারা। ৪৭ বা ৪৮ ধারামতে যে ফী দিতে হয়, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া তাহার পরিমাণ পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু কোন স্থলে উক্ত ফীর পরিমাণ ঐ২ ধারার নির্দ্দিষ্ট পরিমাণের অধিক হইবে না।

৬ ও ৭ অধ্যায়মত কার্য্যের ফীর কথা।

৫২ ধারা। আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনমতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়মত কার্য্যে জিলার আদালতে যে ফী ধরা যায়, এই আইনের ৬ অধ্যায়মত কার্য্যে ছোট আদালতে সেই ফী লওয়া যাইবে, এবং ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইন বা হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনমত প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান সম্পর্কীয় কার্য্যে উক্তরূপে যে ফী ধরা যায়, এই আইনের ৭ অধ্যায়মত কার্য্যে ছোট আদালতে সেই ফী লওয়া যাইবে।

ব্যবহারাজীবী নিযুক্ত করিবার খরচের কথা।

৫৩ ধারা। কোন পক্ষ আডবোকেট, উকীল, আটর্ণি বা অন্য কোন ব্যবহারাজীবিকে নিযুক্ত করিয়া যাহা খরচ করেন, তাহা এই আইনের ৫ অধ্যায়মত কোন মোকদ্দমার বা আনুষ্ঠানিক কার্য্যে ছোট আদালতে খরচা বলিয়া দেওয়া যাইবে না, কিন্তু যদি আদালত বিবেচনা করেন যে, ঘটনাবশতঃ উক্তরূপ ব্যবহারাজীবী নিযুক্ত করা যুক্তিসিদ্ধ হইয়াছিল, তাহা হইলে ঐ খরচ দেওয়া যাইবে।

যে ২ স্থলে ঐ খরচ দেওয়া যাইবে, ছোট আদালত সময়ে২ সাধারণ বিধি প্রণয়ন করিয়া তাহা নিরূপণ করিতে পারিবেন।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩, ৫ ও ২৫ ধারা সংরক্ষণের কথা।

৫৪ ধারা। এই অধ্যায়ের কোন কথায় আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩, ৫ ও ২৫ ধারার কোন ব্যতিক্রম হইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

১০ অধ্যায়।

আমলাদের অসদাচরণের কথা।

কর্ম্মচারিদের জরিমানা হইতে পারিবার কথা।

৫৫ ধারা। কোন ক্লার্ক, বেলিফ বা আদালতের অন্য কোন আমলা আপন পদের কার্য্য সম্পাদনে অসদাচরণ বা উপেক্ষা দোষে দোষী হইলে, ছোট আদালত আজ্ঞা দিয়া তাহার এক মাসের বেতনের অনধিক পরিমাণ জরিমানা করিতে পারিবেন এবং ঐ জরিমানা তাহার বেতন হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে।

আজ্ঞা বা ওয়ারেণ্ট জারী করিতে বেলিফের বা অন্য কর্ম্মচারির ত্রুটির কথা।

৫৬ ধারা। যদি কোন ক্লার্ক, বেলিফ বা ছোট আদালতের অন্য কোন আমলা, আপন পদোপলক্ষে কোন আজ্ঞা বা ওয়ারেণ্ট জারী করিতে নিযুক্ত হইয়া, উপেক্ষা বা না জানার ভাণ বা ত্রুটি করিয়া, উক্ত আজ্ঞা বা ওয়ারেণ্ট জারী করিবার সুযোগ হারায়, তবে উক্তরূপ উপেক্ষা বা না জানার ভাণ বা ত্রুটি করাতে যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তি প্রার্থনা করিলে, যে টাকার নিমিত্ত উক্ত আজ্ঞা বা ওয়ারেণ্ট দেওয়া হইয়াছিল কোন স্থলে সেই টাকার অধিক না হয়, এরূপ যত টাকা ছোট আদালত ঐ কারণ নিবন্ধন ঐ ব্যক্তির ক্ষতির পরিমাণ তুল্য জ্ঞান করেন, উক্ত আদালতের আজ্ঞাক্রমে ঐ ক্লার্ক, বেলিফ বা আমলা তত টাকা দিতে দায়ী হইবে।

কর্ম্মচারিদের বলপূর্ব্বক গ্রহণ বা ত্রুটির কথা।

৫৭ ধারা। কোন ক্লার্ক, বেলিফ বা ছোট আদালতের অন্য কোন আমলা উক্ত আদালতের পরওয়ানা উপলক্ষ করিয়া বলপূর্ব্বক গ্রহণ বা অসদাচরণ করিয়াছে বলিয়া, অথবা উক্ত আদালতের ক্ষমতা প্রাপ্ত হইয়া যে টাকা আদায় করে তাহা বা তাহার হিসাব যথাবিধি দেয় নাই বলিয়া তাহার নামে যদি অভিযোগ হয়, তবে আদালত উক্ত অভিযোগের তদন্ত লইয়া যেরূপ উচিত বোধ করেন উক্ত কর্ম্মচারির উক্ত বলপূর্ব্বক গৃহীত টাকা ফিরাইয়া দিতে হইবার বা পূর্ব্বোক্তরূপে আদায় করা কোন টাকা ও ক্ষতিপূরণ ও খরচা দিতে হইবার সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

আদালতের সাক্ষিদিগকে সমন প্রভৃতি দিতে পারিবার কথা।

৫৮ ধারা। এই আইনমত মোকদ্দমায় সাক্ষিদিগকে সমন দিয়া হাজির করাইবার ও বলপূর্ব্বক দলীল উপস্থিত করাইবার যে২ ক্ষমতা ছোট আদালতের আছে, এই অধ্যায়মত তদন্ত কার্য্যে উক্ত আদালতের সেই২ ক্ষমতা থাকিবে।

আজ্ঞা প্রবল করিবার কথা।

৫৯ ধারা। টাকা দিবার বা ফিরাইয়া দিবার এই অধ্যায়মত আজ্ঞাক্রমে টাকা দেওয়া না গেলে, যে ব্যক্তিকে ঐ টাকা দেয় হয় সেই ব্যক্তি ঐ আজ্ঞা আপনার অনুকূলে ছোট আদালতের ডিক্রীর ন্যায় প্রবল করিতে পারিবেন।

---

১১ অধ্যায়।

আদালতের প্রতি অবজ্ঞার কথা।

কোন২ অবজ্ঞার স্থলে আদালতের কার্য্য প্রণালীর কথা।

৬০ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৫, ১৭৮, ১৭৯, ১৮০ বা ২২৮ ধারায় যেরূপ অপরাধের বর্ণনা আছে, ছোট আদালতের দৃষ্টি গোচরে বা সম্মুখে তদ্রূপ কোন অপরাধ করা গেলে, উক্ত আদালত

অপরাধিকে হেফাজতে রাখাইতে পারিবেন; এবং সেই দিন আদালত বরখাস্ত হইবার পূর্ব্বে কোন সময়ে উচিত বোধ করিলে অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড এবং তাহা না দিলে দেওয়ানী জেলে এক মাস পর্য্যন্ত কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু উক্ত কাল গত হইবার পূর্ব্বে অর্থদণ্ডের টাকা দিলে অপরাধী মুক্তিলাভ করিতে পারিবে।

৬১ ধারা। উক্তরূপ প্রত্যেক স্থলে, ঐ আদালত যে২ বৃত্তান্ত লইয়া অপরাধ হয় তাহা ও অপরাধির কৃত কোন উক্তি থাকিলে তাহা, এবং নির্ণয় ও দণ্ডাজ্ঞা লিপিবদ্ধ করিবেন। ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ২২৮ ধারামতে অপরাধ হইলে, যে সময়ে বাধা প্রাপ্ত বা অপমানিত হন সেই সময়ে আদালত যে বিচার সংক্রান্ত কার্য্যে অধিবিষ্ট ছিলেন সেই কার্য্যের প্রকার ও চলনের অবস্থা এবং উক্ত বাধা বা অপমানের প্রকৃতি ঐ লিপিবদ্ধ কথায় দর্শাইতে হইবে।

উক্তরূপ স্থলে যাহা লিপিবদ্ধ হইবে তাহার কথা।

৬২ ধারা। যদি আদালত বিবেচনা করেন যে ৬০ ধারার নির্দ্দিষ্ট ও আপনার দৃষ্টিগোচরে বা সম্মুখে কৃত কোন অপরাধে অভিযুক্ত ব্যক্তির অর্থদণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত যে কারাদণ্ড হইতে পারে তদ্ভিন্ন কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অধিক অর্থদণ্ড হওয়া উচিত, অথবা যদি অন্য কোন কারণে আদালত বিবেচনা করেন যে ৬০ ধারামতে উক্ত মোকদ্দমার নিষ্পত্তি হওয়া উচিত নহে, তবে আদালত যে২ বৃত্তান্ত লইয়া অপরাধ হয় তাহা এবং পূর্ব্বলিখিত বিধিমত অপরাধির উক্তি লিপিবদ্ধ করিয়া মোকদ্দমা কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন, এবং ঐ অভিযুক্ত ব্যক্তি উক্ত মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবে ইহার জামিন লইবার আদেশ দিতে পারিবেন, অথবা উপযুক্ত জামিন না দেওয়া গেলে ঐ ব্যক্তিকে প্রহরির জিম্মায় উক্ত মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন।

৬০ ধারামতে মোকদ্দমা লইয়া কার্য্য হওয়া উচিত নয় আদালতের এমত বোধ হইলে কার্য্যপ্রণালীর কথা।

উক্ত মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে লইয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করিবেন, এবং ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের যে ধারা অনুসারে তাহার নামে অভিযোগ হয়, অপরাধির প্রতি সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

৬৩ ধারা। কোন ব্যক্তিকে আইনসিদ্ধ কোন কর্ম্ম করিতে আজ্ঞা করা গেলে তাহা করিতে অস্বীকার করা কিম্বা সেই কর্ম্ম না করা, অথবা ইচ্ছাপূর্ব্বক অপমান করা বা কার্য্যের বাধা দেওয়া প্রযুক্ত, আদালত ৬০ বা ৬২ ধারামতে ঐ অপরাধির দণ্ডনিরূপণ করিলে কিম্বা বিচারার্থে তাহাকে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট পাঠাইলে, যদি সেই অপরাধী ঐ আদালতের আজ্ঞা বা আদেশ মানিতে স্বীকার করে অথবা আদালতের অনুরোধমতে অপরাধ স্বীকার করে, তবে আদালত স্বেচ্ছামতে তাহাকে ছাড়িয়া দিতে বা তাহার দণ্ড ক্ষমা করিতে পারিবেন।

অপরাধী আজ্ঞাক্রমে কার্য্য করিলে কিম্বা অপরাধ স্বীকার করিলে তাহাকে ছাড়িয়া দিবার কথা।

৬৪ ধারা। ছোট আদালতের সম্মুখে কোন সাক্ষিকে যে কথা জিজ্ঞাসা করা যায় সে তাহার উত্তর দিতে কিম্বা তাহার অধিকারগত বা ক্ষমতাধীন যে দলীল উপস্থিত করিবার আদেশ হয় তাহা উপস্থিত করিতে অস্বীকার করিলে, এবং অস্বীকার করণের কোন যুক্তিসঙ্গত কারণ না দেখাইলে, ঐ আদালত ঐ ব্যক্তির সাত দিনের অনধিক কাল সামান্য কারাদণ্ডের আজ্ঞা করিতে, কিম্বা তাহাকে তত দিন আদালতের কোন কর্ম্মচারির হেফাজতে অর্পণ করিতে পারিবেন। ইতিমধ্যে উত্তর দিতে বা স্থলবিশেষে উক্ত দলীল উপস্থিত করিতে সম্মত হইলে, তাহাকে মুক্ত করা যাইবে। কিন্তু সেই সাত দিনের পরেও অস্বীকার করিতে থাকিলে, এই আইনের ৬০ বা ৬২ ধারার বিধানমতে তাহাকে লইয়া কার্য্য হইতে পারিবে।

উত্তর দিতে বা দলীল উপস্থিত করিতে অস্বীকার করিলে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিবার বা হেফাজতে রাখিবার কথা।

৬৫ ধারা। ৬০ বা ৬৪ ধারামত আজ্ঞাক্রমে কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করিলে হাই কোর্টে আপীল করিতে পারিবেন এবং প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের আপীল সংক্রান্ত বিধান সমূহ, যত দূর বর্ত্তিতে পারে, এই ধারামত আপীলের প্রতি বর্ত্তিবে।

৬০ ও ৬৪ ধারামত আজ্ঞার উপর আপীলের কথা।

---

১২ অধ্যায়।

বিবিধ কথা।

৬৬ ধারা। কার্য্যপ্রণালী বা রীতি সংক্রান্ত প্রশ্নভিন্ন যে সকল প্রশ্ন এই আইনমত মোকদ্দমায় বা অন্য আনুষ্ঠানিক কার্য্যে ছোট আদালতে উপস্থিত হয়, প্রথম স্থানীয় নিয়মিত দেওয়ানী বিচারাধিপত্যক্রমে কার্য্য কালে হাই কোর্ট যৎকালে যে আইনমতে কার্য্য করে সেই আইন অনুসারে সেই সকল প্রশ্নের বিচার ও নিষ্পত্তি হইবে।

হাই কোর্ট যে আইনমতে কার্য্য হয় সেই আইন অনুসারে এই আইনমত মোকদ্দমা প্রভৃতিতে উত্থিত প্রশ্নের নিষ্পত্তি হইবার কথা।

৬৭ ধারা। দলীল উপস্থিত করিবার নোটিস, সাক্ষিদের সমন, এবং (প্রতিবাদির প্রতি সমন ও জারীর পরওয়ানা ছাড়া) এই আইনমতে ছোট আদালতের প্রতি প্রদত্ত ক্ষমতাক্রমে অন্য যে সকল পরওয়ানা দেওয়া যায় তৎসমুদয়, আদালত সামান্য বা বিশেষ আজ্ঞা দিয়া আদেশ করিলে, মোকদ্দমার আটর্ণিদের দ্বারা, বা এতদর্থে তাহাদের নিযুক্ত ব্যক্তিদের দ্বারা, বা আদালত সময়ে২ আজ্ঞা বা আদেশ করিয়া, যে ব্যক্তিদিগকে নির্দ্দেশ করেন তাহাদের দ্বারা, জারী করা যাইতে পারিবে।

যে ব্যক্তিদের দ্বারা পরওয়ানা জারী করা যাইতে পারে, তাহাদের কথা।

৬৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনাধীনে হাই কোর্ট যেরূপ নির্দ্দেশ করেন, ছোট আদালত সেইরূপ রেজিষ্টর, বহী ও হিসাব রাখিবেন, এবং হাই কোর্টে সেইরূপ বর্ণনাপত্র ও রিটর্ণ পাঠাইবেন।

রেজিষ্টর ও রিটর্ণের কথা।

৬৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় শোরের হাই কোর্ট যেরূপ পাঠ ও প্রণালী উপযুক্ত জ্ঞান করেন, সেইরূপ পাঠে ও প্রণালীতে উক্ত গবর্ণমেণ্ট বা কোর্ট সময়েই কাগজ পত্র, রিটর্ণ ও বর্ণনাপত্র পাঠাইবার যে আদেশ করেন, ছোট আদালত সেই আদেশ পালন করিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের বা হাই কোর্টের আদেশ মতে ছোট আদালতের কাগজপত্রাদি দিতে হইবার কথা।

৭০ ধারা। আদালতে যেং পর্ব্বদিন ও বন্দের দিন পালিত হইবে, ছোট আদালত প্রত্যেক বৎসরের প্রারম্ভে তাহার তালিকা প্রস্তুত করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদন নিমিত্ত প্রেরণ করিবেন। উক্ত অনুমোদন প্রাপ্ত হওয়া গেলে, ঐ তালিকা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং তদনুসারে উক্ত পর্ব্বের দিন ও বন্দের দিন পালিত হইবে।

পর্ব্বদিন ও বন্দের দিনের কথা।

৭১ ধারা। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ও তাঁহার মন্ত্রিসভার সভ্যদিগকে, মান্দ্রাজের ও বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেব ও তাঁহাদের মন্ত্রিসভার সভ্যদিগকে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে, এবং শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে সংস্থাপিত হাই কোর্টের চীফ জষ্টিস ও জজদিগকে, এই আইনমতে সংস্থাপিত কোন আদালতের আজ্ঞাক্রমে ধৃত করা যাইতে পারিবে না।

ছোট আদালতের দ্বারা ধৃত করণ হইতে কোনং ব্যক্তির মুক্ত থাকিবার কথা।

৭২ ধারা। ছোট আদালতের কোন ডিক্রীর উপর মোকদ্দমা হইতে পারিবে না।

ছোট আদালতের ডিক্রীর উপর মোকদ্দমা না হইবার কথা।

৭৩ ধারা। এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে স্থান নিরূপণ করেন, যে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিতে ছোট আদালতের আজ্ঞা হয় তাহাকে সেই স্থানে কারাবদ্ধ করিয়া রাখা যাইতে পারিবে।

যে স্থানে কারাবদ্ধ হইবে সেই স্থানের কথা।

৭৪ ধারা। এই আইনমত কোন কর্ম্ম করিয়াছেন বলিয়া কোন ব্যক্তির বিরুদ্ধে যদি মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে বাদিকে যথোচিত ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করা হইয়া থাকিলে, বাদী কিছু পাইতে পারিবে না।

আইনমতে কৃত কোন কর্ম্মহেতুক মোকদ্দমায় প্রস্তাবের কথা।

৭৫ ধারা। এই আইনমতে কোন কর্ম্ম করা হইয়াছে বলিয়া যে সকল অভিযোগ হয়, তৎসমুদয় ঐ অপরাধ করা গেলে পর তিন মাসের মধ্যে উপস্থিত করিতে হইবে।

অভিযোগের মিয়াদের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

যে ২ ব্যবস্থা রহিত হইল।

A.—সুপ্রীম কোর্টের চার্টর।

তারিখ।		যে পরিমাণ রহিত হইল।
১৭৭৪ সালের ২৬ মার্চ	কলিকাতার সুপ্রীম কোর্টের চার্টর	২১ প্রকরণ।
১৮০০ সাল, ২৬ ডিসেম্বর	মান্দ্রাজের সুপ্রীম কোর্টের চার্টর	৪৭ প্রকরণ।
১৮২৩ সাল, ৮ ডিসেম্বর	বোম্বাইয়ের সুপ্রীম কোর্টের চার্টর	৩৯ প্রকরণ।

B,—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয় বা সংক্ষেপ নাম।	যে পরিমাণ রহিত হইল।
১৮৫০ সা, ৯ আ	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্পাকর্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সহজ মতে আদায় করণের আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
১৮৫৭ সা, ২০ আ	১৮৫০ সালের ৯ আইন সংশোধন করিবার আইন	সমুদয়।
১৮৬৪ সা, ২৬ আ	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের ক্ষুদ্র ক্ষুদ্র দাবীর আদালতের ক্ষমতা বৃদ্ধি ও ঐং আদালতে অধিক সংখ্যক বিচার কর্ত্তাকে নিযুক্ত করণের বিধান করিবার আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
১৮৭৭ সা, ১০ আ	দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইন	৮ ধারা ২ প্রকরণ।

C.—মন্ত্রি সভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুক্ত গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয়।	যে পরিমাণ রহিত হইল।
১৮৬৪ সা ৬ আ	বোম্বাইয়ের ছোট আদালত দ্বারা যে সকল ব্যক্তি কারাবদ্ধ হয় তাহাদের খোরাকীর উৎকৃষ্টতর নিয়মকরণার্থ আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।

দ্বিতীয় তফ্‌সীল ।

(২১ ধারা দেখ ।)

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের যেই অংশ ছোট আদালতে বর্ত্তিবে না। পরিভাষা। ২ ধারা। অর্থ করণের ধারা।

১ অধ্যায়।—১২ ধারা ছাড়া, আদালতের এলাকার ও পূর্ব্ব নিষ্পত্তি বস্তু বিষয়ের কথা।

২ অধ্যায়।—১৫, ১৬, ১৭, ১৮, ও ১৯ ধারা, ২০ ধারার ৪ প্রকরণ, এবং ২২ অবধি ২৪ পর্য্যন্ত ধারা ছাড়া মোকদ্দমা উপস্থিত করিবার স্থান বিষয়ক বিধি।

৩ অধ্যায়।—৩৭ ধারার শেষ প্রকরণ ছাড়া, উভয় পক্ষ ও তাঁহাদের উপস্থিত হওন ও প্রার্থনা করণ ও ক্রিয়া বিষয়ক বিধি।

৪ অধ্যায়।—৪২ ধারা ও ৪৪ ধারার ক বিধি ছাড়া মোকদ্দমার আকার বিষয়ক বিধি।

৫ অধ্যায়।—৫৭ ধারার (খ) প্রকরণ ছাড়া, মোকদ্দমা উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬ অধ্যায়।—৮৬ ধারা ছাড়া, সমন বাহির করণ ও দেওন বিষয়ক বিধি।

৭ অধ্যায়।—উভয় পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওনের ফল বিষয়ক বিধি।

৮ অধ্যায়।—১১০ ১১২ ও ১১৩ ধারা ছাড়া বর্ণনা পত্র ও দাওয়ার বিপরীত দাওয়া বিষয়ক বিধি।

৯ অধ্যায়।—১১৯ ধারা ছাড়া আদালতের দ্বারা উভয় পক্ষের পরীক্ষা লওন বিষয়ক বিধি।

১০ অধ্যায়।—এবং প্রতিবাদী যদি লিখিত বর্ণনাপত্র না দিয়া থাকেন ও সেই বর্ণনাপত্র প্রাপ্ত হইয়া যদি কাগজ পত্রের মধ্য না দেওয়া যায়, তবে ঐ প্রতিবাদী বাদিকে জিজ্ঞাসা করিবার প্রশ্ন দিতে পারিবেন না” ১২১ ধারার উপবিধির এই২ কথা ছাড়া দলীলের সন্ধান লওন ও গ্রাহ্য করণ ইত্যাদি বিষয়ক বিধি।

১১ অধ্যায়।—১৫০ ও ১৫১ ধারা ইসু নির্ণয় করণ বিষয়ক বিধি।

১২ অধ্যায়।—১৫৪ ধারা ও ১৫৫ ধারার দ্বিতীয় প্রকরণ ছাড়া, প্রথম শ্রবণের সময়ে মোকদ্দমা নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

১৩ অধ্যায়।—মোকদ্দমা শ্রবণের দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।

১৪ অধ্যায়।—সাক্ষিদের নামে সমন দেওন ও তাঁহাদের উপস্থিত হওন বিষয়ক বিধি।

১৫ অধ্যায়।—১৮২ অবধি ১৯১ পর্য্যন্ত ধারা ছাড়া মোকদ্দমার শ্রবণ ও সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ক বিধি।

১৬ অধ্যায়।—অ্যাফিডেবিট বিষয়ক বিধি।

১৭ অধ্যায়।—২০৪, ২০৭, এবং ২১১ অবধি ২১৪ পর্য্যন্ত ধারা ছাড়া, বিচার ও ডিক্রী বিষয়ক বিধি।

১৮ অধ্যায়।—খরচা বিষয়ক বিধি।

১৯ অধ্যায়।—ডিক্রী জারীকরণ বিষয়ক বিধি, ২২৩ অবধি ২৩৬ পর্য্যন্ত ধারা, ২৩৯ অবধি ২৫২ পর্য্যন্ত ধারা, ২৬১ ধারা (অস্থাবর সম্পত্তি ক্রোক ও তাহার ডিক্রীর সহিত যত দূর সম্পর্ক রাখে), ২৬৭ অবধি ২৭২ ধারা, ২৭৩ ধারা (অস্থাবর সম্পত্তি সম্বন্ধীয় ডিক্রীর সহিত যত দূর সম্পর্ক রাখে), ২৭৫ অবধি ৩০৩ পর্য্যন্ত ধারা, ৩২৮ অবধি ৩৩৩ পর্য্যন্ত ধারা ৩৩৬ অবধি ৩৪৩ পর্য্যন্ত ধারা।

২০ অধ্যায়।—ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে, ৩৬০ ধারা ছাড়া তদ্বিষয়ক বিধি।

২১ অধ্যায়।—কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধ করণের অক্ষমতা হইলে তদ্বিষয়ক বিধি।

২২ অধ্যায়।—মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে মিটাইয়া দেওন বিষয়ক বিধি।

২৩ অধ্যায়।—আদালতে টাকা দেওন বিষয়ক বিধি।

২৪ অধ্যায়।—খরচার জামিন লওন বিষয়ক বিধি।

২৫ অধ্যায়।—৩৯৬ ধারা ছাড়া, ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

২৬ অধ্যায়।—পাপরদের মোকদ্দমা বিষয়ক বিধি।

২৭ অধ্যায়।—গবর্ণমেণ্টের দ্বারা বা গবর্ণমেণ্টের কর্ম্মচারিদের বিরুদ্ধে মোকদ্দমার সহিত যত দূর সম্পর্ক রাখে।

২৮ অধ্যায়।—ভিন্নজাতীয় ব্যক্তিদের ও ভিন্ন দেশীয় ও এতদ্দেশীয় সরদারদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

২৯ অধ্যায়।—সমবায়িত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩০ অধ্যায়।—ট্রষ্টীদের ও উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকদের ও ত্রব্যাদিরূপণাধিকারিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩১ অধ্যায়।—নাবালগদের ও অপ্রকৃতমনা ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩২ অধ্যায়।—সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৩ অধ্যায়।—বাদ প্রতিবাদার্থক মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৪ অধ্যায়।—স্থাবর সম্পত্তির ক্রোক সম্বন্ধীয় ভিন্ন নিষ্পত্তি পূর্ব্বে ধৃত ও ক্রোককরণ বিষয়ক বিধি।

৩৬ অধ্যায়।—৫০৪ ও ৫০৫ ধারা ছাড়া, গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।

৩৭ অধ্যায়।—আপোস সংক্রান্ত ৫২০ ধারার বিধান ছাড়া, সালিসীতে অর্পণ করণ বিষয়ক বিধি।

৩৮ অধ্যায়।—৫২৭ ধারার (খ) প্রকরণের যে অংশ স্থাবর সম্পত্তি সম্পর্কীয় সেই অংশ ছাড়া, উভয় পক্ষের সম্মতিক্রমে আনুষ্ঠানিক কার্য্য বিষয়ক বিধি।

৩৯ অধ্যায়।—বিকের নিদর্শন পত্রের উপর সরাসরী কার্য্য প্রণালীর কথা।

৪৬ অধ্যায়।—হাই কোর্টে প্রশ্নকরণ ও পুনরালোচনা করণ বিষয়ক বিধি।

৪৯ অধ্যায়।—বিবিধ বিধি, ৬৪০ অবধি ৬৪৫ পর্য্যন্ত ধারা, এবং ৬৪৭ অবধি ৬৫২ পর্য্যন্ত ধারা।

তৃতীয় তফসীল।

(৩৭ ও ৩৮ ধারা দেখ।)

ছোট আদালতের ঋণশোধ করণাক্ষমতা সংক্রান্ত বিচারাধিপত্য মধ্যে যাহা দিগকে ধরা যাইবে না। ব্যাঙ্কর, সর্‌রাফ বা দেশীয়া, ঋণদান ব্যবসায়ী চিনি নীল চা, পশম, রেশম বা অন্য দ্রব্য প্রস্তুত কারী। তুলাপাট চর্ম্মপ্রভৃতি কশিবার যন্ত্রের স্বামী। মেলা, হাট বা বাজারের স্বামী বা ইজারদার। জাহাজের স্বামী, ডকের স্বামী।

নির্ম্মাতা, নীলামকারী ও অস্থাবর দ্রব্য রাখিয়া বন্ধক দাতা।

হোটেলরক্ষক, বোর্ডিং হৌসরক্ষক বা বাসাবাড়ী রক্ষক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

যাহারা যান বা পশ্বাদি ভাড়া দিয়া থাকে।

প্রিন্টর ও প্রকাশক।

কন্ট্রাক্টর, কমিশ্যন এজেন্ট, বিলের দালাল ও অন্য দালাল।

নাট্যশালা বা সাধারণের মনোরঞ্জনার্থ অন্য স্থানের স্বামী বা পাট্টাদার।

পোদ্দার, মহাজন।

অশ্ব, গবাদি বা হস্তী ব্যবসায়ী।

আপনাদের হস্তে বা রক্ষণে অন্য লোকের টাকা বা সম্পত্তি গ্রহণ করিবার ব্যবসায় যাহারা করে।

জাহাজ বা জাহাজের ভাড়া বা অন্য বিষয় সমুদ্র জনিত বিপদ্ সম্বন্ধে যাহারা বিমা করিয়া দেয়।

বিক্রয়, বিনিময়, দ্রব্যপরিবর্ত্তন কমিশ্যন, বা চালান ক্রমে বা প্রকারান্তরে, থোকে বা খুজরা, বাণিজ্য দ্রব্যজাত লইয়া যাহারা ব্যবসায় করে।

যাহারা নিজে অথবা অন্যের কর্ম্মকারক বা কর্ম্মচারী স্বরূপ মাল বা দ্রব্যাদি ক্রয় বিক্রয় দ্বারা অথবা তাহা ক্রয় করণ ও ভাড়া দেওন দ্বারা, কিম্বা তাহার উপর কোন কার্য্য করণ দ্বারা বা তাহার রূপান্তর করণ দ্বারা আপনাদের জীবিকা নির্ব্বাহের চেষ্টা করে।

কিন্তু যে ব্যক্তি কেবল কৃষি কার্য্য দ্বারা আপনার জীবিকানির্ব্বাহ করে, যে ব্যক্তি সামান্য শ্রমজীবী বা মজুরী লইয়া কর্ম্ম করে, কিম্বা যে ব্যক্তি কোন কোম্পানির মেম্বর, তাহাকে তৎস্বরূপ, এই তফসীলের অন্তর্ভুক্ত ব্যক্তি বলিয়া জ্ঞান করা যাইবে না।

চতুর্থ তফসীল।

(৪৮ ধারা দেখ)

সমন ও অন্যান্য পরওয়ানা নিমিত্ত ফী।

বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য নিরূপিত টাকার অধিক।	কিন্তু নিরূপিত টাকার অনধিক হইলে।	সমনের ফী।	অন্যান্য পরওয়ানার ফী।
		টাকা	টাকা
০	১০	৶০	৶০
১০	২০	।০	।০
২০	৫০	॥০	॥০
৫০	১০০	১৲	১
১০০	২০০	১।০	২
২০০	৩০০	১॥০	৩
৩০০	৪০০	১৸০	৪
৪ ০	৫০০	২৲	৫
৫০০	৬০০	২।০	৬
৬০০	৭০০	২॥০	৭
৭০০	৮০০	২৸০	৮
৮০০	৯০০	৩৲	৯
৯০০	১০০০	৩।০	১০
১ ০০০	১, ১০০	৩॥০	১১
১, ১০০	১, ২০০	৩৸০	১২
১, ২০০	১ ৩০০	৪	১৩
১, ৩০০	১, ৪০০	৪।০	১৪
১, ৪০০	১, ৫০০	৪। ০	১৫
১, ৫০০	১, ৬০০	৪৸০	১৬
১ ৬০০	১, ৭০০	৫	১৭
১, ৭০০	১ ৮০০	৫ ০	১৮
১, ৮০০	৯০০	৫।০	১৯
১ ৯০০	২, ০০০	৫৸০	২০

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

যে সকল আদালত একণে রাজধানীর ছোট আদালত বলিয়া খ্যাত, তৎসমুদয় ১৭৫৩ সালের ৮ জানুয়ারি তারিখে দ্বিতীয় জর্জের সনন্দক্রমে সংস্থাপিত, সুতরাং ব্রিটিষ ভারতবর্ষে যে সমুদয় আদালত বর্ত্তমান আছে তন্মধ্যে সর্ব্বাপেক্ষ প্রাচীন বলিয়া বোধ হয়।

ঐ ছোট আদালতগুলির সময়েং অনেক পরিবর্ত্তন ঘটিয়াছে। ভিন্ন২ আইন ও আজ্ঞা দ্বারা, বিশেষতঃ ১৮৫০ সালের ৯আইন ও ১৮৬৪ সালের ২৬ আইন দ্বারা উহাদের সংগঠন পরিবর্ত্তিত, বিচারাধিপত্য বর্দ্ধিত, এবং কার্য্যপ্রণালী সংশোধিত হইয়াছে। উক্ত আইনদ্বয়ক্রমে উহাদের অবস্থা প্রায় ইংলণ্ডীয় কৌন্টী কোর্টের তুল্য হইয়াছে। কিন্তু ইদানীন্তন কয়েক বৎসর যে গুরুতর ব্যবস্থাপ্রণয়নকার্য দ্বারা এতদ্দেশীয় অন্যান্য দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী সংস্কার হইয়াছে, ছোট আদালত গুলি বহুল পরিমাণে তৎকর্ত্তৃক অস্পৃষ্ট রহিয়াছে। ইহার ফল এই হইয়াছে যে উক্ত আদালতগুলি কিছু পুরাতন হইয়া পড়িয়াছে এবং ভারতবর্ষীয় বিচারসংক্রান্ত প্রণালীর অপরাংশের সহিত মিলে না, উহাদের ক্ষমতা ও কার্য্যপ্রণালী অনেক বিষয়ে অসম্পূর্ণ, এবং যদিও দক্ষতাসহকারে উহাদের কার্য্য সম্পন্ন হওয়াতে, লোকে সাধারণতঃ উহাদের প্রতি সন্তুষ্ট, তথাপি উহাদের অনেক সময়ে এরূপ প্রশ্নের বিচার, করিতে হয়, যাহা (ভূতপূর্ব্ব একজন ছোট আদালতের জজ ও বর্ত্তমান মান্দ্রাজ হাই কোর্টের জজ বলিয়াছেন) "উক্ত আদালতে যে সকল লোক যায় সম্পূর্ণরূপে তাহাদের বোধাতীত, এবং ইংলণ্ডেও যাহার কোন কোনটির কেবল মাত্র ঐতিহাসিক মূল্য আছে"।

২। বহু বৎসর হইল কলিকাতার ছোট আদালতের দুই জন দক্ষতম জজ শ্রীযুক্ত কেগান সাহেব ও মুলচুরা সাহেব এই সকল আদালত সংক্রান্ত ব্যবস্থা, সম্পূর্ণরূপে সংশোধন করিবার আবশ্যকতা প্রদর্শন করেন, এবং ১৮৬৮ সালে এই নিমিত্ত শ্রীযুক্ত পিট কেনেডী সাহেব এক পাণ্ডুলিপি প্রস্তুত করেন, কিন্তু উক্ত আদালত সমূহের বিচারাধিপত্য ও ক্ষমতা সংক্রান্ত কোন২ প্রস্তাব বিবেচনা করিয়া দেখিবার অপেক্ষায় এ বিষয়ে অপর কার্য্যানুষ্ঠান সময়েং স্থগিত রহিয়াছে। এই সকল প্রস্তাব একণে সম্পূর্ণরূপে বিচার করিয়া দেখা হইয়াছে, এতৎ সম্বন্ধে যতদূর ঐকমত্য হইতে পারে হইয়াছে, এবং তদনুসারে সমুদয় ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা হইয়াছে।

৩। বিচারাধিপত্যের অর্থগত সীমা বর্দ্ধিত করিয়া ১০০০টাকা হইতে ২০০০ টাকা করাই এই পাণ্ডুলিপিগত সর্ব্বপ্রধান পরিবর্ত্তন। অনেক দিন হইল ১৮৬৭ সালে কলিকাতার ট্রেডস্ আসোসিয়েশন এইরূপ বৃদ্ধি হইবার প্রার্থনা করেন। তৎকালাবধি ইহা লইয়া অনেক বাদানুবাদ হইয়াছে। মান্দ্রাজ, বোম্বাই ও বঙ্গদেশের গবর্ণমেন্ট, মান্দ্রাজের হাই কোর্ট, এবং পশ্চাল্লিখিত নিয়মাধীনে কলিকাতার হাই কোর্ট ইহার অনুমোদন করেন। কেবল বোম্বাইর হাই কোর্ট হইতে এসম্বন্ধে বাধা উপস্থাপিত হইয়াছে এবং বোধ হয় সীমাবৃদ্ধির নিয়মের প্রতি কোন আপত্তি আছে বলিয়া তত নয় যত এই নিয়ম সাধারণের গ্রাহ্য হইবে কি না এই আশঙ্কা এই বাধার মূল। পাণ্ডুলিপি প্রকাশ করা

গেলে শেষ উক্ত বিষয় সম্বন্ধে মত স্থির করিতে আমরা অধিকতর সমর্থ হইব।

ইহা দৃষ্ট হইবে পাণ্ডুলিপি এরূপ প্রস্তুত করা হইয়াছে যে আদালতের গ্রাহ্য সর্ব্বশ্রেণীর মোকদ্দমা সম্বন্ধে বিচারাধিপত্য বৃদ্ধি করা গিয়াছে। কলিকাতার হাই কোর্ট কালিষ্ট্রত মোকদ্দমা বাদ দিতে চাহেন, কিন্তু যতদূর সম্ভব এইরূপ কোন ভেদ না রাখাই ভাল বলিয়া বোধ হইয়াছে, কারণ যে শ্রেণীর লোকে ছোট আদালতে যায়, এবং যাহারা তাহাদের পরামর্শদাতা, সেই সকল লোকের এই ভেদ বুঝিতে কষ্ট হইবে, আশঙ্কা হয়।

৪। মনে কর বিচারাধিপত্যের অর্থগত সীমা প্রস্তাবিত প্রণালীতে বর্দ্ধিত করা যাইবে, তাহা হইলে এই প্রশ্ন উত্থিত হইতেছে যে ১০০০ টাকার উপর মোকদ্দমায় আপীল হইতে দেওয়া উচিত, কিম্বা উক্ত আদালত দ্বারা পুনর্ব্বিচার ও বস্তুগত কোন বিষয়ে হাই কোর্টে প্রশ্নার্পণ হইতে দিবার বর্ত্তমান প্রণালীই যথেষ্ট। এই বিষয়ে অধিকতর মতভেদ হইয়াছে।

বোম্বাই ও বঙ্গদেশের গবর্ণমেণ্ট, কলিকাতার হাই কোর্ট, বোম্বাইর ছোট আদালতের জজেরা, আপীল হইতে দিবার বিরোধী। মান্দ্রাজের গবর্ণমেণ্ট ও হাই কোর্ট, এবং কলিকাতার ও মান্দ্রাজের ছোট আদালতের জজেরা, আপীলের সপক্ষ। শ্রীযুত কেনেডী সাহেব যৎকালে পূর্ব্বোল্লিখিত পাণ্ডুলিপি প্রস্তুত করেন তিনিও আপীলের সপক্ষ ছিলেন।

এক পক্ষের যুক্তি এই যে, আপীল হইতে দিলে যখন সাক্ষ্যের মর্ম্ম ও বিচারপত্র লিখিতে হইবে, ইহা ছোট আদালতের সরাসরী কার্য্য প্রণালীর বিরুদ্ধে; আপীলের অধীন মোকদ্দমা শ্রবণ কার্য্য ছোট আদালতের নিয়মিত কর্ম্মের সঙ্গে একত্র সুবিধামতে চালান যাইতে পারে না, এবং আপীল করিবার ক্ষমতা থাকিলে মোকদ্দমায় নিরর্থক অধিক সময় ও অর্থব্যয় হইবে।

অপর পক্ষে বলা হয় যে অধিকতর মূল্যের মোকদ্দমায় বৃত্তান্তঘটিত প্রশ্নের বিচারের পর্য্যালোচনার উপায় বিধান করা আবশ্যক, এবং ইহা দেখান হয় যে অন্তত: দুইটি রাজধানী নগরে সমুদয় বাদপ্রতিবাদাত্মক মোকদ্দমায় সাক্ষ্যের মর্ম্ম লিখিয়া রাখিবার রীতি চলিত আছে। পাণ্ডুলিপি এক্ষণে যে আকারে প্রস্তুত করা হইয়াছে, ইহাতে আপীলের বিধান নাই, কিন্তু যে সিলেক্ট কমিটীর হস্তে ইহা অর্পণ করিবার প্রস্তাব আছে ১০০০ টাকার উপর মোকদ্দমায় আপীল হইতে দেওয়া উচিত কি না, এবিষয় নিঃসন্দেহ তাঁহারা বিবেচনা করিবেন।

৫। ইহার পর আদালতের বিচারাধিপত্য সংক্রান্ত এই প্রশ্ন উঠিতেছে, আদালত কোন্ শ্রেণীর মোকদ্দমা শুনিতে পারিবেন। যতদূর পারা যায় হাই কোর্টের কার্য্যভার কমাইবার উদ্দেশে এবং এই প্রকার বিধানের অর্থ করিতে যে সকল সন্দেহ ও গোলযোগ উপস্থিত হয় যথাসাধ্য তৎসমুদয় এড়াইবার উদ্দেশে, পাণ্ডুলিপি এরূপে প্রস্তুত করাই ভাল বলিয়া বোধ হইয়াছে, যাহাতে কএকটি নির্দ্দিষ্ট বর্জ্জিত স্থল ছাড়া সর্ব্ব প্রকারের মোকদ্দমায় ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য প্রদত্ত হয়।

৬। এই সকল বর্জ্জিত স্থলের মধ্যে সর্ব্ব প্রধান স্থাবর সম্পত্তি পুনঃপ্রাপ্তির মোকদ্দমা। ব্যবস্থাপন কার্য্যবিভাগের কাগজপত্র দৃষ্টে জানা যায় যে যাঁহারা ১৮৫০ সালের ৯ আইন প্রণয়ন করেন তাঁহাদের অভিপ্রায় ছিল যে ২৫ ধারায় ছোট আদালতের প্রতি উক্তরূপ মোকদ্দমা বিচারাধিপত্য প্রদান করিবেন। কিন্তু এই বিষয়ে উক্ত আইনের এবং উহা সংশোধনার্থ ১৮৬৪ সালের ২৬ আইনের প্রকৃত ফল কি হইয়াছে তৎসম্বন্ধে অনেক মতভেদ আছে।

কলিকাতার ও বোম্বাইয়ের হাই কোর্ট স্থির করিয়াছেন যে ১৮৫০ সালের ৯ আইনের ২৫ ধারাক্রমে উক্তরূপ মোকদ্দমায় ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে বোম্বাই হাই কোর্ট আরো বলিয়াছেন যে ১৮৬৪ সালের আইনক্রমে ১০০০৲ পর্য্যন্ত টাকার মোকদ্দমায় উক্তরূপ বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে, কিন্তু কলিকাতার ছোট আদালতের জজেরা বলেন উক্ত আইন দ্বারা উক্তরূপ মোকদ্দমায় তাঁহাদের বিচারাধিপত্য বৃদ্ধি হয় নাই। মান্দ্রাজের হাই কোর্ট বলিয়াছেন উক্ত দুই আইনের কোন আইনেই উক্তরূপ বিচারাধিপত্য প্রদত্ত হয় নাই। এই স্থলে ইহাও বলা উচিত যে, কলিকাতায় এই বিচারাধিপত্য ৫০০ টাকা পর্য্যন্ত আছে বলিয়া ধার্য্য হইলেও যাহার সম্পূর্ণরূপ ব্যাখ্যা হয় নাই এরূপ কোন না কোন কারণে এই বিচারাধিপত্যক্রমে অল্পই কার্য্য হয়।

মান্দ্রাজ ও বোম্বাইর কর্ত্তৃপক্ষেরা এবং কলিকাতার হাই কোর্টের অধিকাংশ জজেরা এই বিচারাধিপত্য দিবার পক্ষ। বঙ্গদেশের গবর্ণমেণ্ট, কলিকাতার ছোট আদালতের জজ ও অন্য যে সকল কর্ম্মচারিকে উক্ত গবর্ণমেণ্ট পরামর্শ জিজ্ঞাসা করেন তাঁহারা, এবং কলিকাতা হাই কোর্টের চারিজন জজ ইহার বিরোধী। পূর্ব্বেই বলা হইয়াছে, পাণ্ডুলিপিতে এই বিচারাধিপত্য প্রদত্ত হয় নাই, এবং ইহা স্পষ্টই বুঝা যাইতেছে যে ইহা প্রদত্ত হইলে, এতৎসক্রান্ত বিশেষ বিধানও সন্নিবেশ করা আবশ্যক। আপীল হইবার বিধান নিশ্চয়ই করা উচিত, ডিক্রী জারী সম্বন্ধেও উচিত বিধান করিতে হয়, এবং পূর্ব্বে নিষ্পত্তি করা বিষয় বলিয়া নিষ্পত্তি অনুসারে যেরূপ কার্য্য হইবে তাহা সীমাবদ্ধ করণার্থ বোধ হয় কলিকাতার ও মান্দ্রাজের হাই কোর্টের পরামর্শমত কোন বিধি প্রণয়ন করা আবশ্যক।

আর এই২ মোকদ্দমায় অর্থাৎ, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের বিরুদ্ধ মোকদ্দমায়, বাটওয়ারা, বন্ধক নিষ্কৃতি ও বন্ধক মুক্তির মোকদ্দমায়, স্থাবর সম্পত্তি সংক্রান্ত চুক্তিমতে বিশেষ কার্য্য হইবার বা ঐ চুক্তি অসিদ্ধ করিবার মোকদ্দমায়, ধনাধ্যক্ষতা সম্বন্ধীয় মোকদ্দমায়, নিষেধ আজ্ঞা পাইবার মোকদ্দমায়, নালিস প্রবল করিবার মোকদ্দমায়, পাণ্ডুলিপিতে ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য না দিবার প্রস্তাব আছে।

৭। উক্ত আদালতের বিচারাধিপত্য সংক্রান্ত আর একটি উল্লেখযোগ্য বিষয় আছে।

১৮৫০ সালের ৯ আইনে ঐ আদালতের প্রতি ৫০০ টাকা মূল্যপর্য্যন্ত বিচারাধিপত্য অর্পণ করিয়া তদনুসারে কার্য্য করিবার এই নিয়ম করা হয় যে, যে প্রতিবাদির বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করে বা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ জানুয়ারি।]

কর্ম্ম চালায় কেবল তাহাদাই উক্ত বিচারাধিপত্যাধীন হইবে। পক্ষান্তরে ১৮৬৪ সালের ২৬ আইনে ৫০০ টাকা অবধি ১০০০ টাকা পর্য্যন্ত বিচারাধিপত্যদান কালে তদনুসারে কার্য্য করিবার আর একটি হেতু প্রদত্ত হয়, অর্থাৎ বিচাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে মোকদ্দমার হেতু উপস্থিত হওয়া। যে সকল কর্ত্তৃপক্ষের পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে তাহাদের অধিকাংশের মত এই যে, বিচাধিপত্যের মূল সর্ব্বপ্রকার মূল্যের মোকদ্দমায় একই হওয়া উচিত। অন্য দিকে কেহ২ আবার এরূপ আশঙ্কা প্রকাশ করিয়াছেন যে, কোন রূপ সীমা নির্দ্ধারণ করিয়া না দিলে, দূরদেশবাসী প্রতিবাদির বিরুদ্ধে অল্প মূল্যের মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতার অপ ব্যবহার হইতে পারে। মান্দ্রাজের হাই কোর্টের জজেরা ও শ্রীযুত বর্ক্লীড সাহেব যে মত অবলম্বন করিয়াছেন তাহাই যথার্থ বলিয়া বোধ হয়, অর্থাৎ এই বিষয়ে হাই কোর্টের ও ছোট আদালতের মধ্যে কোন প্রভেদ থাকা উচিত নহে, সুতরাং পাণ্ডুলিপি এরূপে প্রস্তুত করা গিয়াছে যে, পেটেন্টপত্রক্রমে হাই কোর্টের যেরূপ বিচারাধিপত্য আছে এই বিষয়ে ছোট আদালতের প্রতি ঠিক সেইরূপ বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে।

৮। ছোট আদালতের ডিক্রীমূলে হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করণ রূপ বক্রপ্রণালী ভিন্ন প্রকারান্তরে স্থাবর সম্পত্তির উপর ছোট আদালতের ডিক্রী জারী করিবার ক্ষমতা না থাকায় বাদিদের অত্যন্ত কষ্টের কারণ হইয়াছে বলিয়া অনেক বৎসর ধরিয়া নালিশ আছে, এবং কোন২ স্থানে, বিশেষতঃ মান্দ্রাজে, এই কারণে বাদিরা ছোট আদালতে মোকদ্দমা উপস্থিত না করিয়া হাই কোর্টে উপস্থিত করে। স্থাবর সম্পত্তি পুনঃ প্রাপ্তির মোকদ্দমায় ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য প্রদান সম্বন্ধে যে২ আপত্তি আছে, স্থাবর সম্পত্তির উপর আপন ডিক্রী জারী করিবার ক্ষমতা উক্ত আদালতের প্রতি অর্পণ করিবার সম্বন্ধেও সেই২ আপত্তি আছে এই নিমিত্ত পাণ্ডুলিপিতে (২৪ ধারায়) এই প্রস্তাব করা গিয়াছে যে, মফঃসলের ছোট আদালত সমূহ ১৮৬৫ সালের ১১ আইনের ২০ ধারামতে যেরূপ করেন, রাজধানীর ছোট আদালত তদ্রূপে হাই কোর্টে বা মফঃসল আদালতে আপন ডিক্রী জারী করিবার নিমিত্ত পাঠাইতে পারিবেন। এই প্রস্তাবে কেবল বোম্বাই হাই কোর্ট গুরুতর বাধা উত্থাপন করিয়াছেন, এবং এই বাধা প্রধানতঃ রাজনৈতিক বা অর্থনৈতিক আপত্তি মূলক। ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তি বিক্রয়ের বিরুদ্ধে এই সকল আপত্তি ইদানীং কয়েক বৎসর বারম্বার উত্থাপিত হইয়াছে। মফঃসলে ভূমি অধিকাংশ লোকের একমাত্র উপজীব্য এবং বাস্তবিক সমাজের ভিত্তিস্বরূপ। তথায় এই সকল আপত্তি যেরূপ বলবৎ হউক না কেন রাজধানী নগরে যে সকল মোকদ্দমা উঠে তৎ সম্বন্ধে এই সকল আপত্তির কোন বল নাই কিম্বা অল্পমাত্রই আছে।

৯। মফঃসলের ছোট আদালতের কার্য্যপ্রণালীর ন্যায় পাণ্ডুলিপির ২১ ধারায় ও তফসীলে রাজধানী সমূহের ছোট আদালতের কার্য্যপ্রণালীর মূল দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনবেই করা গিয়াছে। কিন্তু কোর্ট ফী, কৌন্সলী ও আটর্নির ফী পাওয়া হইলে ডিক্রী জারী স্থগিত রাখা, প্রভৃতি বিষয় সংক্রান্ত বর্ত্তমান আইনের বিশেষ বিধানগুলি রক্ষিত হইয়াছে; এবং সাধারণ ব্যবস্থায়, যথা (দেওয়ানী কার্য্য বিধির ১৬০-১৬২ ধারায়) সাক্ষাদের খরচ দেওন বিষয়ক ব্যবস্থায়, আর কোনরূপ পরিবর্ত্তন বিধান করিতে হইবে কি না ইহাও বিবেচ্য।

১০। ক্ষুদ্র২ জমার অধিকার পুনঃ প্রাপ্তি সংক্রান্ত অধ্যায়ে কএকটি সংশোধন সন্নিবিষ্ট করা গিয়াছে; কিন্তু মূল ব্যবস্থা বিশদতর করিতে হইলে যেরূপ আবশ্যক হয় কিম্বা সেই প্রকার ব্যবস্থায় কার্য্য ইংলণ্ডে দেখিয়া যেরূপ বাঞ্ছনীয় বোধ হইয়াছে, উক্ত সংশোধনগুলি কেবল সেইরূপ মাত্র। এইরূপে প্রজাসত্বে বা অনুমতি অনুযায়ী দখলে যে ভোগাধিকার আরম্ভ হয়, উক্ত অধ্যায়ের কার্য্য কেবল তাহাতেই নিবদ্ধ রাখা স্পষ্টই ব্যবস্থা প্রণেতাদের অভিপ্রায় অনুযায়ী; এবং ১৮৫১ সালে সুপ্রীম কোর্ট যে এক নিষ্পত্তি করেন যদিও তৎক্রমে কলিকাতা হাই কোর্ট সম্বন্ধে এবিষয় সংক্রান্ত সমুদয় সন্দেহ অপনীত হয়, অন্য এক হাই কোর্ট সম্পূর্ণ বিরুদ্ধ মত অবলম্বন করিয়াছেন, প্রাপ্ত পত্রবিশেষে উল্লিখিত এই কথা ব্যবস্থা স্পষ্টতর করিবার আবশ্যকতা প্রদর্শন করিতেছে।

১১। ১৮৫০ সালের ৯ আইনের ৯১ ধারার “মূল্য বা খাজানা” এই কথা ইংলণ্ডীয় কৌন্টী কোর্ট বিষয়ক শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৯ ও ১০ বৎসরের ১২২ অধ্যায়ের আইনের ১২২ ধারা হইতে নকল করিয়া লওয়া হয়। শেষোক্ত ধারায় হয়ত এই কথা অনাবধানে ব্যবহৃত হইয়াছিল। একটি প্রসিদ্ধ মোকদ্দমায় ইহার যেরূপ অর্থ করা হইয়াছে তাহাতে এই ফল ফলিয়াছে যে বহুমূল্যের সম্পত্তি অর্থাৎ ১০০০ টাকার কম খাজানায় ভোগকৃত ভূমিখণ্ডের উপর নির্ম্মিত বৃহৎ বাটী এই অতি সরাসরী বিচারাধিপত্যের মধ্যে আনা যাইতে পারে। পাণ্ডুলিপিতে বিধান আছে যে প্রতিযোগিতার অত্যুচ্চ দরে খাজানা ধরিয়া বার্ষিক মূল্য ১০০০ টাকার অধিক হইলে বিচারাধিপত্য থাকিবে না।

১২। ঋণ শোধকরণাক্ষমতা সংক্রান্ত অধ্যায় সম্পূর্ণ নূতন। হাই কোর্টে যে রাশি২ সামান্য কার্য্যের ভারে এক্ষণে গুরুতর কর্ম্মের অনেক হানি হয়, সেই কার্য্যের ভার হইতে হাই কোর্টকে মুক্ত করিবার অভিপ্রায়ে বঙ্গদেশের গবর্ণমেন্ট, কলিকাতার হাই কোর্ট ও মান্দ্রাজের বর্ত্তমান চীফ জষ্টিস সাহেব এইরূপ একটি অধ্যায় সন্নিবেশ করিতে বলেন। ঋণ শোধ করণাক্ষমতা সংক্রান্ত বিচারাধিপত্য হাই কোর্ট ও ছোট আদালতের মধ্যে কিরূপে বিভাগ করিয়া দেওয়া উচিত এবিষয়ে কিঞ্চিৎ মত ভেদ আছে। পাণ্ডুলিপিতে যে বিভাগ প্রণালী অবলম্বিত হইয়াছে, তাহাতে যাহারা ব্যবসায়ী নহে তাহাদের সকলের মোকদ্দমা ছোট আদালতের হস্তে অর্পিত হইয়াছে। কেবল ব্যবসায়ীদের মোকদ্দমা হাই কোর্টের হস্তে রহিল। এই প্রণালী কলিকাতার হাই কোর্ট প্রস্তাব করেন, এবং ইহাই সর্ব্বাপেক্ষা সুবিধাজনক বোধ হয়, কারণ এদেশে শেষোক্ত শ্রেণীর মোকদ্দমায় কেবল কঠিন ও প্রয়োজনীয় প্রশ্ন উত্থিত হয়। অব্যবসায়ী ঋণ শোধ করণাক্ষম ব্যক্তিদের অধিকাংশই এরূপ সরকারী কেরাণী যাহারা আয়

অপেক্ষা অধিক ব্যয় করিয়াছে, এবং সাধারণতঃ বলিতে গেলে ইহাদের বিষয়ের মীমাংসা অত্যন্ত সহজ, কারণ অধিকাংশ স্থলে আদায় বা বণ্টন করিবা দিবার কিছু থাকে না অথবা অল্পমাত্র থাকে।

১৩। প্রথম দৃষ্টিতে ইহাই এই বিচারাধিপত্য ক্রমে কার্য্য বিধানের সর্ব্বাপেক্ষা সহজ উপায় বোধ হয় যে, হাই কোর্টের জজদের প্রতি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ২১ অধ্যায়মতে যে বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে তাহার কিয়দংশ ছোট আদালতের জজদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া হউক, কিন্তু উক্ত রাজব্যবস্থা পর্য্যালোচনা করিলে দৃষ্ট হইবে যে কোন২ বিষয়ে উহার কার্য্য ব্রিটিষ ভারতবর্ষের সীমা অতিক্রম করিয়া চলে, এবং এই নিমিত্ত ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার সীমাবদ্ধ ক্ষমতার প্রতি দৃষ্টি করিলে, উপস্থিত বিষয়ের উপযোগী করিয়া উহা পরিবর্ত্তন করা কঠিন। এইরূপ হওয়াতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অধিকতর সীমাবদ্ধ বিধানের আশ্রয় গ্রহণ করা ভাল বোধ হইয়াছে, এবং আমাদের যেরূপ সহজ ও অপেক্ষাকৃত সামান্য প্রকারের মোকদ্দমা লইয়া কার্য্য করিতে হইবে, তাহার সম্বন্ধে ইহাই যথেষ্ট বলিয়া প্রতীতি হয়।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ২১ অধ্যায়মত রাজকীয় আপীল এই অধ্যায়মত সকল মোকদ্দমার গ্রাহক হইবেন।

১৪। হাই কোর্টের কর্ম্মের ভার লাঘব করিবার উদ্দেশে এবং সেই সঙ্গে ৫০০ টাকার কম পরিমাণের বা মূল্যের সম্পত্তি হইলে অল্পব্যয়ে ও সত্বর প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র পাইবার প্রণালী বিধান করণার্থ চর নপত্রানুগামী ও অকৃতচরমপত্র বিচারাধিপত্য সংক্রান্ত অধ্যায় সন্নিবিষ্ট হইয়াছে।

১৫। ৭২ ধারায় ছোট আদালতের ডিক্রী প্রবল করণার্থ মোকদ্দমা উপস্থিত করণের নিষেধ আছে। ইদানীন্তন একটি মোকদ্দমায় কলিকাতার হাই কোর্ট যাহা বর্ত্তমান ব্যবস্থা বলিয়া ধার্য্য করিয়াছেন, এই ধারায় কেবল তাহাই নির্দ্দিষ্ট হইয়াছে।

১৬। ইহা দৃষ্ট হইবে যে, বর্ত্তমান আইন সমূহে যে সকল বিষয়ের বিধান আছে, পাণ্ডুলিপিতে তন্মধ্যে কোন২ বিষয়ের বিধান থাকিলেও, ঐ সমুদয় আইন অপেক্ষা ইহার ধারার সংখ্যা কম। দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের যে২ ধারা ইহাতে খাটাইবার প্রস্তাব আছে সেই২ ধারার ও সাধারণ ব্যবস্থার বিধানমত নিষয় বাদ দেওয়াতেই প্রধানতঃ এইরূপ ঘটিয়াছে, কিন্তু কোন২ বিষয়—যথা, আমলাদের জামিন দিবার কথা ও আদালতের হিসাব রাখিবার প্রণালীর কথা, বাদ দেওয়া ও ইহার আংশিক কারণ। ইদানীন্তন কালের রীতিক্রম কর্ত্তৃত্ব কার্য্যসম্পাদক গবর্ণমেণ্ট চলিত কার্য্য বিভাগীয় নিয়মানুসারে এই সকল বিষয়ের বিধান করেন।

সিমলা।
১৮৮০ সাল ২৮ আগষ্ট।

উইটলীষ্টোক্স্।

ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্য বিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAI KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 11, 1881

মঙ্গলবার ১৮৮১ সাল ১১ জানুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নিলামের বিজ্ঞাপন। কাছারী কালেক্টরী জিলা ঢাকা।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার অন্তঃপাতি নিম্নেবলিখিত খাসমহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজি ১৮৮১ সালের ১২ জানুয়ারি মোতাবেক ১২৮৭ সালের ২৯ পৌষ বুধবার জিলা ঢাকার কালেক্টরীতে বিক্রয় হইবেক এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকলের অধীন থাকিবেন।

১। এই মহাল যে ব্যক্তি নিলামের প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকেই দেওয়া যাইবেক। ক্রেতা মহালের মালিক বলিয়া গণ্য হইবে এবং মহালে গবর্ণমেণ্টের যে মালিকি স্বত্ব আছে তাহা তাহাকে বিক্রীত হইবে। কেবল চিরনির্দ্ধারিত সদর জমা দিতে হইবে।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বাহাল থাকিবেক রাজস্ব কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে যে খোদকস্তা রাইয়ত আবাদ করিয়াছে ক্রেতা তাহাদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস বলিয়া গণনা করিয়া বিক্রয় অন্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ণকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ণকালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবেক ও প্রথম কৃত বিক্রয়ের ন্যায় পুনরায় বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনরায় বিক্রয় হইবেক। ৩০ আগষ্ট।

খাস মহালের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগণার নাম।	ভূমির পরিমাণ।			সদর জমা।	নিলামের প্রথম ডাক।	মন্তব্য।
			একর।	রোড।	পোল।	নির্দ্ধারিত রাজস্ব।		
[illegible]	[illegible]	হাওলা রামদেব পোদ্দার	২	০	৭	৪৲	৮৲	

H. J. NEWBERY, *Offg Collector*

বাকী খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।

জিলা নদীয়ার কালেক্টরী।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহালসকল ১৮৮০ সালের ২৮শে সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮১ সালের ১৮ই জানুয়ারি মোতাবক ১২৮৭ সালের ৬ই মাঘ তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবেক।—

প্রথম শ্রেণীর মহাল।

তৌজি নম্বর।	মহাল ও পরগনার নাম।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১৫	ডঃ আব্দুল বাড়িয়া পরগনে রাজপুর	জার্জ ওয়ান সিদ্দি জেনারেল ম্যাকে জার জাং মেঃ মারিস ফিটস জরনেভ ন্যাণ্ড সাহেব ও মেঃ জামস ডেবিট কিং ওয়ালটার সাহেব মেঃ জাম ফিলিপ টামস সাহেব মেঃ উলিয়ম সরিক সাহেব গোপীমোহন দাস নবীন চন্দ্র বন্দ্যোপাধ্যায় স্বর্ণময়ী দাসী ছোট রাখাল বন্দ্যোপাধ্যায় ও শ্রীকণ্ঠ মুখোপাধ্যায় ভিনকফি ওগো।	২৫৬৯৲৫	১১৯৲	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মতে ছোট রাখাল বন্দ্যোপাধ্যায়ের নামে এই মহালের ৶আনা রকমে ৩২১৶১ টাকা সদর জমার যে পৃথক হিসাব আছে ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
৩৪	মৌং ভরতপুর পরগনে পলাশী	রামচরণ চৌধুরী ব্রজেশ্বরী দাসী নবীনচন্দ্র সেন বিষ্ণুচন্দ্র চট্টোপাধ্যায়।	৬১২।৩ পুলিস ৬৷৷৶৮	৭১৶৮	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে নবীনচন্দ্র সেনের নামে এই মহালের ।৶৪ গণ্ডা রকমে ২৭৫৷৷৪ টাকা সদর জমা ও পুলিস ৩ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
১১৭	ডিঃ চণ্ডীপুর পরগনে পাজনৌর	সুরেশচন্দ্র ও শরচ্চন্দ্র ও অক্ষয়চন্দ্র ও সতীশচন্দ্র মল্লিক নাবালগের অলি মাতা রাজলক্ষ্মী দাসী ও চন্দ্র মল্লিক স্বয়ং অনাথনাথ দেব কহিনুর নেছা বিবি রাধাময় দে চৌধুরী সুরেন্দ্রনাথ পাল চৌধুরী নগেন্দ্রনাথ পাল ও যোগেন্দ্রচন্দ্র পাল চৌধুরী ও মধুমতি দাসী অছি জানবে সতীশচন্দ্র ওরফে পাঁচু পাল চৌধুরী ও সুরেন্দ্রনাথ পাল চৌধুরী ও শিবমোহিনী দাসী অছি জানবে জ্ঞানেন্দ্রনাথ পাল চৌধুরী নরেন্দ্রনাথ পাল চৌধুরী হেমেন্দ্রনাথ পাল চৌধুরী বিপ্রেন্দ্রনাথ পাল চৌধুরী।	১০২৪৬ ৶৮ পুলিস ১২৯ ৶৪	৪৷৶৫	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে সুরেন্দ্রনাথ পাল চৌধুরী দিগরের নামে এই মহালের ৷৷ আনা রকমের ৫১২৩৴৪ পাই সদর জমা ও ৬৪৷৷৴২ পাই পুলিস যে পৃথক হিসাব আছে ঐ অংশ বাদে সুরেশচন্দ্র ও শরচ্চন্দ্র ও অক্ষয়চন্দ্র ও সতীশচন্দ্র মল্লিক নাবালগের অলি মাতা রাজলক্ষ্মী দাসী ও চন্দ্র মল্লিক স্বয়ং অনাথনাথ দেব ও কহিনুর নেছা বিবি ও রাধাময় দে চৌধুরির নামে এই মহালের বাকী ৷৷৹ আনা রকমে ৫১২৩৴৪ টাকা সদর জমা ও পুলিস ৬৪৷৷৴২ টাকা যে এজমালিতে লিখা যায় ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
২০৮	গজনবিপুর পং গজনৌর	আমু বিবি নরম বক্স লস্কর জোনাব আলি লস্কর ধন বিবি তোরাব আলি চৌধুরী জীবনতন নেছা বিবি কালিচরণ বন্দ্যোপাধ্যায় উদয় চন্দ্র নীলকমল ভট্টাচার্য্য একজীকিউটার জানবে ৺পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য গৌরচন্দ্র সাহা রামগোপাল সাহা জেমস রাবর্ট সরিক সাহেব ম্যানেজার জানবে জার্জ মেকলিয়ার সাহেব আলেকজাণ্ডর কলিবেন সরিক সাহেব উলিএম সরিক সাহেব শশীশিখর অধিকারী নীলরতন অধিকারী মোজাহের বিবি হাচিনা বিবি এমদাদ আলি চৌধুরী	৩২১১।৬	৬৲১০	সন ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে মেঃ আলেকজাণ্ডর কলিবেন সরিক সাহেব স্বয়ং ও মোক্তারের পক্ষে মেঃ জেমস রবর্ট সরিক সাহেব ও মেঃ উলিয়ম সরিক সাহেব ও মেঃ জার্জ মেকলিয়ার সাহেবের ষ্টেটের এটর্ণি মেঃ টমস হেডওয়ার্ডি সাহেব ও মেঃ কোনষ্টাণ্টাইন কেনিক সাহেবের নামীয় ৴১১৷৷–৷৷ অব রকমে ৩১৭৷৷৶৯ টাকা সদর জমায় যে পৃথক হিসাব আছে

তৌজির নম্বর	মহাল ও পর গণার নাম।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
		স্বয়ং অলি জাবরে অর্জর আলি ও ছাবেরআলি চৌধুরী রোমজান বিবি আর্জাহআলি চৌধুরী স্বয়ং ম্যানেজার ট্রেষ্টী জাবরে ছবিলন বেগা বিবি তোরাবআলি চৌধুরী ও রবিমন বেগা বিবি জেমতন বেগা বিবি এমদাদআলি চৌধুরী ছাবেরআলি চৌধুরী অব্বরআলি চৌধুরী আছের বিবি			ক্রমবাদে অবশিষ্ট অংশ ৬৬৮।-২ সঙী ২৷৷ এর নিলাম হইবেক।
২৫৮	জয়পুর পং জয়পুর	গোকুলমণী দাসী রামেশ্বর মুখোপাধ্যায় স্বয়ং ও তারপ্রাপ্ত জাং উমেশ্বর ও যোগেশ্বর ও অমৃতেশ্বর ও রামেশ্বর মুখোপাধ্যায় মহেন্দ্রনাথ রায় চৌধুরী অন্নদাপ্রসাদ সেন ম্যানেজার জাং গিরিজানাথ ও শচীন্দ্রনাথ রায় চৌধুরী ও মন্মথনাথ রায় চৌধুরী পার্ব্বতী নাথ রায় চৌধুরী ও নরেন্দ্রনাথ ও অমরেন্দ্রনাথ রায় চৌধুরী ও ভবতারিণী দেব্যা।	৭৪০৬৷৷৭	৭৯৬৵১০	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে মহেন্দ্রনাথ রায় চৌধুরী দিগের নামীয় এই মহালের ৸১৬ রুমের কাত ৫৯২৫৷৵৬ টাকা সদর জমা ও পুলিস ৬৭৵৬ টাকার পৃথক হিসাব বাদে অবশিষ্টঅংশ যাহা গোকুলমণী দাসী রামেশ্বর মুখোপাধ্যায় স্বয়ং ও তার প্রাপ্তাধিনে উমেশ্বর যোগেশ্বর অমৃতেশ্বর ও রামেশ্বর-মুখোপাধ্যায়ের নামে ১৪-৮১।/০ টাকা সদর জমা ও পুলীস ১৬৯৶ টাকা দিগে ঐ অংশে বাকী পড়ায় তাহা নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২৮১৶৩ পুলিস ৪৶২	সন ১৮৫৯ সালের ১১ আইনানুসারে পৃথক হওয়া উপরোক্ত ৸১৬ রুমের মধ্যে মহেন্দ্রনাথ রায়চৌধুরির নামীয় ঐ আইনের ১০ ধারানুসারে পৃথক হওয়া ⁄১২ অংশের কাত ৭৪০৷৷৵৫ টাকা সদর জমা ও পুলিস ৮৷৵৪ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশের বাকি পড়ায় উহা নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২৮১৶৩ পুলিস ৪৶২	সন১৮৫৯ সালের ১১আইনানুসারে পৃথক হওয়া উপরোক্ত ৸১৬ রুমের মধ্যে পার্ব্বতীনাথ রায় চৌধুরির নামীয় উক্ত আইনের ১০ ধারামতে পৃথক হওয়া ⁄১২ অংশের কাত৭৪০৷৷৹৫ টাকা সদর জমা ও পুলিস ৮৷৵৪ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশের বাকির বাবত অংশ নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২৮১৶৩ পুলিস ৪৶২	সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে পৃথক হওয়া উপরোক্ত ১৬ রুমের মধ্যে নরেন্দ্রনাথ অমরেন্দ্রনাথ রায় চৌধুরী ও

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
					ভবতারিণী দেব্যার নামে উক্ত আইনের ১০ ধারার বিধানমতে /১২ অংশের কাত ৭১০॥৶৫ টাকা সদর জমা ও পুলিস ৮৶৪ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশের বাকীর বাবত ঐ অংশ নিলাম হইবেক।
৩৩৮	মাজহর পং আরউজিয়াল	গোপালচন্দ্র দীননাথ বৈদ্যনাথ মুখোপাধ্যায় অক্ষয়কুমারী ভবানীনাথ অঘোরনাথ শ্রীশচন্দ্র মুখোপাধ্যায় কুমুদিনী দেব্যা অছিমাদরে গৌরহরি মুখোপাধ্যায় নাবালগ লক্ষ্মীসুন্দরী দেব্যা অক্ষয়কুমার মুখোপাধ্যায় স্বয়ং প্রসন্নময়ী দেব্যা অছিমাদরে শ্রীকৃষ্ণ ও দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় নাবালগ ভাগীরথী দাসী অছিমাদরে শ্রীশচন্দ্র সুদর্শনচন্দ্র ও শরৎচন্দ্র ব্রহ্ম নাবালগ জগচ্চন্দ্র বৃন্দাবনচন্দ্র কুঞ্জলাল মুখোপাধ্যায় প্যারীনাথ ব্রহ্ম বনবিহারী ব্রহ্ম কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায় ক্ষেত্রপাল ঐ কৈলাসচন্দ্র ও ক্ষেত্রপাল বন্দ্যোপাধ্যায় অছিজাং কালীপদ ও তারাপদ বন্দ্যোপাধ্যায় নাবালগান ছোট রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায়।	২৯৫১।৶৩	৮০৲১	সন ৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ছোট রাখাল বন্দ্যোপাধ্যায়ের নামে এই মহালের /৭॥ রকমের কাত ২০৩।৶২ টাকা সদর জমার যে হিসাব পৃথক আছে ঐ অংশের বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	৮০৲১	ঐ ঐ দ্বিতীয় পৃথক হিসাব বাবত ঐ অংশ নিলাম হইবেক।
৪২৩	পীরপুর পং মুমনিরপুর	মক্কিজান নেছা বিবি সৈয়দ আবদুল মোকদ্দর ও আবদুলকাদের আমজাদেরা বিবি আজীজন নেছা বিবি উজীরন নেছা বিবি জাহেরন নেছা বিবি তমিজন নেছা বিবি মুন্সি হাফিজদ্দীন ও চন্দ্রশেখর দিগরের সেবাইত গঙ্গাধর কর বামগোপাল চট্টোপাধ্যায় হরিনাথ গঙ্গোপাধ্যায় আশুতোষ গঙ্গোপাধ্যায় যোগীন্দ্রচন্দ্র ও অরুণচন্দ্র ও সুরেশচন্দ্র গঙ্গোপাধ্যায় মধুসূদন গঙ্গোপাধ্যায় বানীনাথ চন্দ্রভূষণ গঙ্গোপাধ্যায় সুরেন্দ্রনাথ রায় বামাচরণ চৌধুরী শারদাপ্রসাদ চৌধুরী স্বয়ং ও কর্মাধ্যক্ষ জাবে বিহারিলাল ও বেনওয়ারিলাল সত্যচরণ প্রসন্নচন্দ্র গিরিজাকান্ত সরোজকান্ত চৌধুরী কালিদাস চৌধুরী স্বয়ং কর্মকর্তা জাং হরিশচন্দ্র চৌধুরী কেদারনাথ কুঞ্জলাল রামকুমার চৌধুরী জগদীশ চৌধুরী দয়াময়ী দেব্যা।	৪৪৬৩॥৴৫ পুলিস ৪৮৸৴১	৩৭০৸৶৪ পুলিস ৫॥৶৭	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে আমদ জাহরা বিবি ও তমিজন নেছা বিবি ও আজীজন নেছা বিবি ও উজীরন নেছা বিবি ও মুন্সি হাফিজদ্দীন দিগরের নামে এই মহালের ৶১৪। গণ্ডা রকমের কাত ১০৩৫॥৶১ টাকা সদর জমা ও পুলিস ১১।৵ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
৪৪২	বামুন পাড়া পং উখড়া	গোকুলমণী দাসী রামেশ্বর মুখোপাধ্যায় স্বয়ং কারপ্রাপ্ত জাং উমেশ্বর ও যোগেশ্বর ও অমৃতেশ্বর ও	৫৩৫২॥৯ পুলিস ৩৫।৪	৬০৴১০	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে বদ্রিনাথ রায় চৌধুরী দিগের

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
		রামেশ্বর মুখোপাধ্যায় মহেন্দ্রনাথ রায় চৌধুরী অন্নদাপ্রসাদ সম্ম্যানেজার জাং গিরিজানাথ রায় চৌধুরী ও সতীন্দ্রনাথ রায় চৌধুরী পার্ব্বতীনাথ রায় চৌধুরী নরেন্দ্রনাথ ও অমরেন্দ্রনাথ রায় চৌধুরী ও তারিণী দেব্যা।			ম মীর এই মহালের ৸১৬গণ্ডা রকমের কাত ৪২৮২৭৫ সদর জমা ও পুলিস ২৮।৶২ টাকার পৃথক হিসাব বাদে অ পিষ্ট অংশ যাহা গোকুলমণী দাসী রমেশ্বর মুখোপাধ্যায় প্রভৃং ও তারপ্রাপ্ত জানবে উমেশ্বর যোগেশ্বর ভুবনেশ্বর ও রামেশ্বর মুখোপাধ্যায়ের নামে ১০৭০।।৪ টাকা ও পুলিস ৬৸৶২ টাকা লিখে ঐ অংশের বাকী পড়ায় তাহা নিলাম হইবেক।
৪৪২	বামুন পাড়া পঃ উখরা	ঐ	৫৬৪২।।৯ পুলীস ৩৫।।৪	২২০।।২ পুলিস ১।।৶৮	সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানানুসারে উপরোক্ত ৸১৬ রকম পৃথক হিসাব হওয়ায়মধ্যে মহিন্দ্রনাথ রায় চৌধুরির নামীয় উক্ত আইনের ১০ ধারা মুসারে ৵১২ অংশের কাত ৫৩৸।০ টাকা সদর জমা ও পুলিস ৩।৶৪ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২২০।।২ পুলিস ১।।৶৮	সন ১৮৫৯ সালের ১১ আইনানুসারে উক্ত ৸১২ গণ্ডা পৃথক হওয়া অংশের মধ্যে পার্ব্বতীনাথ রায় চৌধুরির নামীয় ৵১২ অংশে ৫৩৫।০ টাক সদর জমা ও পুলিস ৩।৶৪ টাকার উক্ত আইনের ১০ ধারামতে যে পৃথক হিসাব আছে ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২২০।।২ পুলিস ১।।৶৮	সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে উক্ত ৸১৬ রকম পৃথক হওয়া অংশের মধ্যে নরেন্দ্রনাথ অমরেন্দ্র রায় চৌধুরির ও তারিণী দেব্যার নামীয় উক্ত আইনের ১০ ধারামতে ৵১২ অংশের বাবত ৫৩৫।০ টাকা সদর জমার ও পুলিস ৩।৶৪ টাকার যে পৃথক হিসাব আছে ঐ অংশ বাকী পড়ায় নিলাম হইবেক।
৪২১	সাজীপুর পঃ রাজপুর	লক্ষ্মীদাস মুন্সী গৌরচন্দ্র সাহা রাম গোপাল সাহা গিরিশচন্দ্র চট্টোপাধ্যায় ব্রজলাল মৈত্র হরলাল মতিলাল মহেন্দ্রলাল ও আনন্দলাল মৈত্র কালীশ্বরী দেব্যা ওওক্ত মৃত কেশবনাথ হরগোবিন্দ আচার্য কুঞ্জকৃষ্ণ আচার্য্য কালীশ্বরী দাস্যা প্রাণকৃষ্ণ বিশ্বাস ধর্ম্মদাস মুন্সী তারামণী দাসী দেবনাথ মুন্সী	১৮২৬৩৸৶৯	২১৸০	সন ১৮৫৯ সালের ১১ আইনানুসারে সমস্ত মহালের স্বতন্ত্র হিসাব হওয়া বাদে ২৸৶১ অংশ মহাল ৪৯১।০ মং ছিল তাহা শিবনারায়ণ চেংলাজী খরিদ করেন ঐ জমার মৃত্যুপরে ঐ অংশ রামরতন চেংলাজী ১৮৭৬ সালের ৭ আইনমতে নাম জারী করিয়া

তৌজি নম্বর।	মহাল ও পরগনা নাম।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
৩ নম্বর ।—বিজ্ঞাপন ।—কাঁসাই খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, ক্রেণর্ সাহেব গত মাসের ৬ তারিখে নিম্নতর কমিটিতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন ।

৪ নম্বর ।—অবস্থিতির কথা ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু অমৃতলাল রায় চৌধুরী সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট স্বরূপ দক্ষিণ পশ্চিম চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে নিযুক্ত হইবেন ।

১৮৮০ সালের ২৮ ডিসেম্বরের ।১৬৮ নং।

৫ নম্বর ।—বিজ্ঞাপন ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বক্সার খালের ১২ নং কবাটে ডকের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত ভোজপুর পরগনার মিসরৌলিয়া ও বক্সার মৌজায় ন্যূনাধিক ৩ একর ১ রুড ৩১ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন । উক্ত ভূমি উক্ত বক্সার খালের পূর্ব্ব তটের ৪৪ সংখ্যক মাইলে ১১ নং কবাটের বাঁধের উপরে স্থিত ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ১৮ জানুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ২ সেপ্টেম্বর তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ১৫ নম্বর।

রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮০ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

রাজধানী নগর সমূহে সংস্থাপিত ছোট আদালত সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে সংস্থাপিত ছোট আদালত সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করা উচিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।
আরম্ভ।

১ ধারা। এই আইন "রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে, এবং ইহা ১৮৮১ সালের জুলাই মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

কিন্তু এই আইনের কোন কথায় সৈন্যদের সুধারা ও নিয়ম বিধান বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১৪৪ ধারার বিধানের কোন ব্যতিক্রম হইবে না।

যে ২ আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। যে তারিখে এই আইন প্রবল হইবে সেই তারিখ অবধি এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলির যে পরিমাণ তাহাতে উল্লিখিত হইল, সেই পরিমাণ রহিত হইবে।

কিন্তু উক্ত কোন আইনমতে যে সকল আদালত সংস্থাপিত ও নিয়োগ কৃত হইয়াছে, তৎসমুদয়, যতদূর হইতে পারে, এই আইনমতে সংস্থাপিত ও কৃত বলিয়া জ্ঞান করা যাইবে।

পূর্ব্বং আইনে উল্লেখের কথা।

যে তারিখে এই আইন প্রবল হয় তাহার পূর্ব্বে বিধিবদ্ধ আইনে এতদ্দ্বারা রহিত করা কোন আইনের উল্লেখ থাকিলে, উহা যথাসাধ্য এই আইনের বা একই বিষয় সংক্রান্ত এই আইনের বিধানের উল্লেখ বলিয়া পঠিত হইবে।

৩ ধারা। কলিকাতার ভূমির রাজস্ব রক্ষাকরণের আইন সংশোধনের ১৮৫০ সালের ২৩ আইনের ৩ কথা।

ধারার "উক্ত আইনের নির্দ্দিষ্টমতে" এই কথা রহিত হইল, এবং "উক্ত আইনের লিখিত অল্প কর্জ্জ আদায়ের জন্যে আদালতের কমিশনর সাহেবের" ও "উক্ত কমিশনরদের" এই ২ কথার পরিবর্ত্তে প্রত্যেক স্থলে "কলিকাতার ছোট আদালতের জজদের" এই কথা দিতে হইবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৮ ধারায় "৩৯ অধ্যায়ের" এই অঙ্ক ও শব্দের পর "এবং রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮১ সালের আইনের" এই অঙ্ক ও শব্দ গুলি দিতে হইবে।

৪ ধারা। এই আইনে "ছোট আদালত" শব্দে এই আইনমতে কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরে সংস্থাপিত ছোট আদালত বুঝাইবে।

ছোট আদালত শব্দের অর্থ।

---

২ অধ্যায়।

আদালত সংস্থাপনের ও তাহার কার্য্যকারকদের কথা।

৫ ধারা। কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে এক একটি আদালত থাকিবে। তাহা কলিকাতার বা স্থল বিশেষে মান্দ্রাজের বা বোম্বাইয়ের ছোট আদালতনামে খ্যাত হইবে।

ছোট আদালত সংস্থাপনের কথা।

৬ ধারা। ঐ ছোট আদালত ১৮৬৫ সালের ২৮ ডিসেম্বর তারিখের হাই কোর্ট সংক্রান্ত পেটেন্টপত্রের ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের মর্ম্মানুসারে কলিকাতার বা স্থল বিশেষে মান্দ্রাজের বা বোম্বাইয়ের হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন আদালত বলিয়া গণ্য হইবে।

ঐ আদালত হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন বলিয়া গণ্য হইবার কথা।

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যত জন উচিত বোধ করেন ততজন লোককে ছোট আদালতের জজের পদে নিযুক্ত করিতে পারিবেন। তাঁহাদের মধ্যে অন্ততঃ একজন ইংলণ্ডের বা ঐরলণ্ডের বারিষ্টর বা স্কটলণ্ডের আডবোকেট ফ্যাকল্টির মেম্বর হইবেন।

জজদিগকে নিযুক্ত, স্থগিত ও পদচ্যুত করিবার কথা।

স্থানীয় গবর্ণমেন্ট ঐ রূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্তরূপে নিযুক্ত কোন জজকে স্থগিত করিতে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক পদচ্যুত করিতে পারিবেন।

৮ ধারা। যে জজেরা বারিষ্টর বা আডবোকেট হন, তাঁহাদের মধ্যে যিনি নিয়োগ অনুসারে জ্যেষ্ঠ হন, তাঁহাকে চীফ জজ বলা যাইবে, এবং তিনি পদে ও মর্য্যাদায় জজদের মধ্যে প্রথম গণ্য হইবেন।

জজদের পদ ও মর্য্যাদার কথা।

অন্য জজেরা উক্ত জজস্বরূপ নিযুক্ত হইবার জ্যেষ্ঠতানুসারে পদ ও মর্য্যাদা পাইবেন। কিন্তু একজন স্থায়িরূপে নিযুক্ত জজ কোন একটিং জজের জ্যেষ্ঠ বলিয়া গণ্য হইবেন।

৯ ধারা। এই আইনে বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহাতে প্রকারান্তরের বিধান না থাকিলে, হাই কোর্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক ছোট আদালত এই আইন ক্রমে বা প্রচলিত অন্য আইন ক্রমে ছোট আদালতের প্রতি প্রদত্ত কোন ক্ষমতানুসারে যে রূপে উচিত বোধ করেন সেইরূপে এক বা একাধিক জজের দ্বারা কার্য্য হইবার বিধান করণার্থে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

আদালতের ক্ষমতা তাহার মেম্বরদের প্রতি অর্পণ করিবার কথা।

১০ ধারা। উক্ত বিধি প্রবল মানিয়া, শ্রীযুত চীফ জজ সাহেব সময়ে২ ভিন্ন২ জজদের মধ্যে আদালতের কর্ম্ম বিভাগ করিয়া দিবার যেরূপ বন্দোবস্ত উচিত বোধ করেন সেইরূপ বন্দোবস্ত করিতে পারিবেন।

চীফ জজের দ্বারা আদালতের কর্ম্ম বিভাগের কথা।

১১ ধারা। পশ্চাল্লিখিতমতে যে স্থলে প্রকারান্তরের বিধান করা গিয়াছে সেই স্থল ছাড়া অন্য কোন স্থলে দুই কিম্বা তদধিক জজ একত্র অধিবিষ্ট হইয়া কোন প্রশ্নসম্বন্ধে ভিন্নমত হইলে, অধিকাংশের মত প্রবল হইবে, এবং আদালত সমান দুইদলে বিভক্ত হইলে, ঐ ভিন্নমত জজদের মধ্যে যদি চীফ জজ একজন হন তিনি, কিম্বা তাঁহার অনুপস্থানে ভিন্নমত জজদের মধ্যে পদজ্যেষ্ঠ জজ, যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

মতভেদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১২ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট যৎকালে, যে প্রকারের আদেশ করিবেন, ছোট আদালত সেই প্রকারের আকারের ও আয়তনের মোহর ব্যবহার করিবেন।

যে মোহর ব্যবহার করিতে হইবে তাহার কথা।

১৩ ধারা। ছোট আদালত সময়ে২ এক জন চীফ ক্লার্ক নিযুক্ত করিতে পারিবেন, এবং আদালতের বিচার কার্য্য নির্ব্বাহার্থে ও এই আইন বা প্রচলিত অন্য কোন আইন ক্রমে তৎপ্রতি যে২ ক্ষমতা প্রদত্ত ও যে২ কর্ম্মের ভার অর্পিত হইয়াছে, সেই২ ক্ষমতানুসারে সেই২ কর্ম্ম সম্পাদনার্থ যত জন আবশ্যক হয় তত জন অতিরিক্ত ক্লার্ক বেলিফ ও অন্য আমলা স্থানীয় গবর্ণমেন্টের কর্ত্তৃত্বাধীনে নিযুক্ত করিতে পারিবেন।

আমলা নিযুক্ত করিবার কথা।

ছোট আদালত হাই কোর্টের কর্ত্তৃত্বাধীনে সময়ে২ এতদর্থে বিধি করিয়া যেরূপ আজ্ঞা করেন, তদনুসারে উক্তরূপে নিযুক্ত কর্ম্মচারিরা উক্ত ক্ষমতাক্রমে আমলার কর্ম্ম সম্পাদন করিবেন।

উক্ত কর্ম্মচারিদের ক্ষমতার ও কর্ম্মের কথা।

ছোট আদালত উক্তরূপে নিযুক্ত কোন কর্ম্মচারিকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন, কিন্তু যে কর্ম্মচারির মাসিক বেতন একশত টাকা বা তদধিক তাহাকে পদচ্যুত করিতে হইলে স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞা অপেক্ষা করিতে হইবে।

১৪ ধারা। যে জজ বা অন্য কর্ম্মচারী এই আইনমতে নিযুক্ত হন, তিনি যতকাল ঐ রূপ জজ বা কর্ম্মচারী থাকেন তত কাল স্বয়ং বা অন্য কোন ব্যক্তির অংশী স্বরূপ প্রত্যক্ষে বা পরোক্ষে আডবোকেট, আটর্ণি, উকীল বা অন্য ব্যবহারাজীবের ব্যবসায় বা কর্ম্ম করিবেন না, কিম্বা আপন হিসাবে বা অন্য কোন ব্যক্তির পক্ষে অথবা অন্য কোন ব্যক্তির অংশী স্বরূপ কোন কারবার বা ব্যবসায়ে লিপ্ত হইবেন না।

জজ বা অন্য কর্ম্মচারির ব্যবসায় বা কারবার না করিবার কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

উক্তরূপ কোন জজ বা কর্ম্মচারী ঐ প্রকারে ব্যবসায় বা কর্ম্ম করিলে বা কারবারাদিতে লিপ্ত হইলে, তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬৮ ধারামত অপরাধ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

কিন্তু উক্ত রূপ কোন জজ বা কর্ম্মচারী রাজকীয় সনন্দ, পেটেণ্টপত্র, পার্লিয়ামেণ্টের আইন কিম্বা ব্রিটিষ ভারতবর্ষীয় কোন ব্যবস্থাপক সমাজের আইন ক্রমে সমবায়িত বা রেজিষ্টরী করা কোন কোম্পানির মেম্বর হইতে যে পারিবেন না এই ধারার কোন কথায় এরূপ জ্ঞান করিতে হইবে না।

---

৩ অধ্যায়।

মোকদ্দমা সম্বন্ধে বিচারাধিপত্যের কথা।

আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার কথা।

১৫ ধারা। হাই কোর্টের নিয়মিত প্রথম স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের বৎকালে যে স্থানীয় সীমা থাকে প্রত্যেক ছোট আদালতের বিচারাধিপত্যের সেই স্থানীয় সীমা হইবে।

আদালতের যে সকল মোকদ্দমার বিচারাধিপত্য থাকিবে, তাহার কথা।

১৬ ধারা। ১৭ ধারার বর্জ্জিত কথা মানিয়া ছোট আদালতের সমুদয় দেওয়ানী ভাবের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিবে। কিন্তু বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক হইবে না।

আর ইহাও আবশ্যক যে নালিশের হেতু সম্পূর্ণরূপে অথবা ছোট আদালতের অনুমতি প্রথমে গ্রহণ করা গেলে, অংশতঃ উক্ত আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উত্থিত হইয়াছে অথবা মোকদ্দমারম্ভ সময়ে প্রতিবাদী ঐ সীমার মধ্যে বাস করে, বা কার্য্য চালায়, বা আপনি লভ্যার্থ কর্ম্ম করে।

ব্যাখ্যা।—কোন মোকদ্দমায় বাদী প্রতিবাদির কৃত বিপরীত দাওয়া স্বীকার করাতে, দাওয়ার টাকা কমিয়া দুই হাজার টাকার অনধিক হইলে, ছোট আদালতের উক্ত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিবে।

যে২ মোকদ্দমায় এই আদালতের বিচারাধিপত্য থাকিবে না, তাহার কথা।

১৭ ধারা। নিম্ন লিখিত মোকদ্দমায় ছোট আদালতের বিচারাধিপত্য থাকিবে না অর্থাৎ,

(ক) রাজস্ব ধার্য্য বা আদায় করণ সংক্রান্ত মোকদ্দমায়,

(খ) ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেটসেক্রেটরী সাহেবের বিরুদ্ধ মোকদ্দমায়,

(গ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বা স্থানীয় গবর্ণমেণ্ট, কিম্বা শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব বা কোন গবর্ণর সাহেব কিম্বা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বা মান্দ্রাজের বা বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের মন্ত্রিসভার কোন সভ্য, স্বীয় পদোপলক্ষে, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বা স্থানীয় গবর্ণমেণ্টের আদেশক্রমে কোন ব্যক্তি যে কার্য্য করিবার আজ্ঞা দেন বা যে কার্য্য করেন, তৎসংক্রান্ত মোকদ্দমায়,

(ঘ) কোন জজ বা বিচারসম্পর্কীয় কোন কার্য্যকারক আপন পদের কার্য্যোপলক্ষে, অথবা উক্তরূপ কোন জজের বা বিচার সম্পর্কীয় কার্য্যকারকের আদালতের কোন বিচার বা আজ্ঞাক্রমে কোন ব্যক্তি, যে কোন কার্য্য করিবার আজ্ঞা দেন বা যে কার্য্য করেন, তৎসংক্রান্ত মোকদ্দমায়,

(ঙ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৬ ধারার (ক) অবধি (ঘ) পর্য্যন্ত প্রকরণে যে২ মোকদ্দমা নির্দ্দিষ্ট হইয়াছে, সেই২ মোকদ্দমায়,

(চ) স্থাবর সম্পত্তিগত কোন স্বত্ব বা স্বার্থ সংক্রান্ত চুক্তিমত বিশেষ কার্য্য হইবার বা উক্ত চুক্তি অসিদ্ধ করিবার মোকদ্দমায়,

(ছ) আদালতের ডিক্রীক্রমে সম্পত্তি ও তাহার যথাযোগ্য কার্য্য নির্ব্বাহের হিসাব লইবার মোকদ্দমায়,

(জ) অপবাদ বা কুৎসারটনা বা পরদার বা বিবাহের অঙ্গীকার ভঙ্গ নিবন্ধন ক্ষতিপূরণের মোকদ্দমায়,

(ঝ) উদ্বাহ স্বত্ব পুনঃ প্রাপ্তির মোকদ্দমায়,

(ঞ) ন্যাসমত কার্য্য হইবার মোকদ্দমায়,

(ট) নিষেধ আজ্ঞা পাইবার মোকদ্দমায়,

(ঠ) কোন হাই কোর্টের বিচার পত্র অনুযায়ী মোকদ্দমায়।

(ড) প্রচলিত কোন আইনক্রমে যে২ মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতা ছোট আদালতের নাই সেই২ মোকদ্দমায়।

অর্থগত বিচারাধিপত্যের অতিক্রান্ত মোকদ্দমায় উভয় পক্ষের সম্মতিক্রমে আদালতের বিচার করিতে পারিবার কথা।

১৮ ধারা। বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক না হইলে যে মোকদ্দমা ছোট আদালতের গ্রাহ্য হইত, সেই মোকদ্দমায় উভয় পক্ষ যদি লিখিয়া এই রূপ নিয়মপত্র করিয়া থাকেন যে উক্ত মোকদ্দমায় বিচার করিতে ছোট আদালতের বিচারাধিপত্য থাকিবে, তবে বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক হইলেও, উক্ত আদালতের ঐ মোকদ্দমার বিচার করিবার বিচারাধিপত্য থাকিবে।

উক্তরূপ প্রত্যেক নিয়মপত্র আদালতে দাখিল করিতে হইবে, এবং দাখিল করা গেলে তৎসংক্রান্ত উভয় পক্ষ উক্ত আদালতের বিচারাধিপত্যের অধীন হইবেন, এবং উক্ত মোকদ্দমায় ঐ আদালতে নিষ্পত্তি দ্বারা বদ্ধ হইবেন।

আদালতের কর্ম্মচারী কর্ত্তৃক বা তদ্বিরুদ্ধ মোকদ্দমার কথা।

১৯ ধারা। যে সকল মোকদ্দমায় ছোট আদালতের কোন কর্ম্মচারী এক পক্ষ, সেই২ সকল মোকদ্দমা উক্ত আদালতের পরওয়ানা জারীক্রমে গৃহীত সম্পত্তির বা তদুৎপন্ন টাকার বা তাহার মূল্যের দাওয়া সম্বন্ধে না হইলে বাদির ইচ্ছামতে, এই আইন বিধিবদ্ধ না হইলে যেরূপ হইত সেই রূপে, হাই কোর্টে উপস্থিত করা যাইতে পারিবে।

ছোট আদালতের কর্ম্মচারিদের কৃত কোন২ অন্যায় কার্য্য নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমার খরচার কথা।

ছোট আদালতের পরওয়ানার উপলক্ষে উক্ত আদালতের কোন কর্ম্মচারী কোন অন্যায় কার্য্য করিলে তাহা লইয়া ছোট আদালতের বিচার্য্য কোন মোকদ্দমা যদি হাই কোর্টে উপস্থিত করা যায়, এবং বাদী দুই হাজার টাকার অধিক ক্ষতিপূরণ না পায়, তবে

যে জজ সাহেব উক্ত মোকদ্দমার বিচার করেন তিনি উক্ত মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত করিবার যোগ্য বলিয়া লিখিত সর্টিফিকেট না দিলে বাদিকে কোন খরচা দেওয়া যাইবে না।

২০ ধারা। ১৯ ধারার লিখিত মোকদ্দমা ভিন্ন ছোট

ছোট আদালতের বিচার্য্য অন্য মোকদ্দমা বাদী হাই কোর্টে উপস্থিত করিলে খরচার কথা।

আদালতের বিচার্য্য কোন মোকদ্দমা যদি হাই কোর্টে উপস্থিত করা যায়, এবং যদি উক্ত মোকদ্দমার বাদী, চুক্তিমূলক মোকদ্দমা হইলে দুই হাজার টাকার বা সেই মূল্যের কম পরিমাণে, এবং অন্য কোন রূপ মোকদ্দমা হইলে তিন শত টাকার বা সেই মূল্যের কম পরিমাণে, ডিক্রী পান তবে বাদিকে কোন খরচা দেওয়া যাইবে না, উক্তরূপ কোন মোকদ্দমার বাদী ডিক্রী না পাইলে, মওক্কেলের নিকট আটর্নি যেরূপ খরচা পান প্রতিবাদী সেইরূপ খরচা পাইবার অধিকারী হইবেন।

কিন্তু যে জজ সাহেব উক্তরূপ কোন মোকদ্দমার

উপবিধান।

বিচার করেন তিনি উহা নিম্নলিখিত কোন কারণে হাই কোর্টে উপস্থিত হইবার যোগ্য বলিয়া সার্টিফিকেট দিলে, পূর্ব্ববর্ত্তী বিধি উহার প্রতি বর্ত্তিবে না, অর্থাৎ,

(ক) ঐ মোকদ্দমা কঠিন, নূতন বা সাধারণ্যে প্রয়োজনীয়, অথবা তদ্রূপ মোকদ্দমার ছোট আদালতে ভ্রান্তিসঙ্কুল নিষ্পত্তি চলিয়া আসিয়াছে, কিম্বা

(খ) উক্ত মোকদ্দমায় এরূপ প্রশ্নের নিষ্পত্তি করিতে হইবে, যাহার উপর দুই হাজার টাকা পরিমাণ বা মূল্যের অধিক দাওয়া বা দাবী নির্ভর রাখে, কিম্বা

(গ) উক্ত মোকদ্দমা দুই হাজার টাকার অধিক মূল্যের স্থাবর সম্পত্তির স্বত্বাস্বত্ব নিরূপণ সাপেক্ষ।

---

৪ অধ্যায়।

মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

২১ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে দেওয়ানী

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের কোন২ অংশ ছোট আদালতে বর্ত্তিবার কথা।

মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে ২ অধ্যায় ও ধারা নির্দ্দিষ্ট হইল, সেই২ অধ্যায় ও ধারা যত দূর বর্ত্তিতে পারে ছোট আদালতে বর্ত্তিবে. এবং এই আইনের বিশেষ বিধান দ্বারা যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইল যে স্থলে তাহার বিরুদ্ধ হয় সেই স্থল ছাড়া, উক্ত আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী ছোট আদালতের বিচার্য্য সকল মোকদ্দমায় অনুসৃত হইবে।

২২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী

বিপরীত দাওয়ার স্থল ছাড়া বর্ণনাপত্র না হইবার কথা।

বিষয়ক আইনের ১১০ ধারাক্রমে বিপরীত দাওয়ার স্থল ভিন্ন কোনস্থলে আদালতের আদেশমতে না হইলে বর্ণনাপত্র গ্রহণ করা যাইবে না।

২৩ ধারা। পশ্চাল্লিখিত বিশেষ বিধানের স্থল

আদালতের বিচার ও আজ্ঞা চূড়ান্ত হইবার ও নূতন বিচার হইবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

ভিন্ন কোন মোকদ্দমায় ছোট আদালতের প্রত্যেক ডিক্রী ও আজ্ঞা উভয়পক্ষ সম্বন্ধে চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে, কিন্তু কোন মোকদ্দমার ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি আটদিনের মধ্যে কোন পক্ষ প্রার্থনা করিলে, আদালত যে রূপ নিয়ম যুক্তিসঙ্গত জ্ঞান করেন সেই নিয়মে নূতন বিচার হইবার আজ্ঞা দিতে এবং আনুষ্ঠানিককার্য্য তৎকাল নিমিত্ত স্থগিত রাখিতে পারিবেন।

কিন্তু এরূপস্থলে প্রয়োজন যে উক্ত ডিক্রী বা আজ্ঞাক্রমে প্রার্থকের কোন টাকা দিতে হইলে, তিনি প্রার্থনা করিবার সময়ে সেই টাকা আদালতে দেন।

২৪ ধারা। যদি ছোট আদালতের ডিক্রীমত খাতকের

ছোট আদালতের ডিক্রী অন্য আদালত দ্বারা জারী করিবার কথা।

ডিক্রীর টাকা শোধ হইবার উপযুক্ত অস্থাবর সম্পত্তি উক্ত আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে না থাকে, তবে উক্ত আদালত, ডিক্রীদারের প্রার্থনাক্রমে, ডিক্রী জারী করিবার নিমিত্ত তাহা

(ক) উক্ত স্থানীয় সীমার অন্তর্গত স্থাবর সম্পত্তির উপর জারী করিতে হইলে, হাই কোর্টে, । এবং

(খ) অন্য সকল স্থলে, যে দেওয়ানী আদালতের সাধারণ এলাকার মধ্যে উক্ত ডিক্রীমত খাতক বা তাহার অস্থাবর বা স্থাবর সম্পত্তি থাকে, সেই আদালতে পাঠাইতে পারিবেন।

যে আদালত ডিক্রী দেন সেই আদালত ভিন্ন অন্য

ডিক্রী অন্য আদালতে পাঠান গেলে, কার্য্যপ্রণালীর কথা।

আদালত দ্বারা ডিক্রী জারীর যে কার্য্যপ্রণালী দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, উক্তরূপ স্থলে সমুদয় সেই কার্য্য প্রণালী অনুসৃত হইবে।

২৫ ধারা। ছোট আদালতের ডিক্রী জারী ক্রমে

উপযুক্ত জামিন দিলে ধৃত ডিক্রীমত খাতককে ছাড়িয়া দিবার কথা।

যে ডিক্রীমত খাতককে ধরা যায়, সেই ব্যক্তি যত টাকা দিতে তাহার প্রতি আজ্ঞা হয় সেই টাকার ও খরচার আদালতের হৃদ্বোধ মত জামিন দিলে, উক্ত আদালত তাহাকে ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

২৬ ধারা। যদি ছোট আদালতের প্রতীতি হয়

কোন২ স্থলে আদালতের ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবার কথা।

যে উক্ত আদালতের ডিক্রীমত কোন খাতক পীড়া বা অন্য উপযুক্ত কারণে ডিক্রীর টাকা, অথবা উক্ত আদালত কিস্তি ক্রমে ঐ টাকা দিবার আজ্ঞা করিয়া থাকিলে কোন কিস্তির টাকা, দিতে অক্ষম, তবে উক্ত আদালত সময়ে২ যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপ সময়ের নিমিত্ত ও তদ্রূপ নিয়মে ঐ ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবেন।

২৭ ধারা। যে কোন মোকদ্দমায় প্রতিবাদী উপস্থিত

কোন২ স্থলে বাদির প্রতিবাদিকে ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

হইয়া দাওয়া অস্বীকার করে, এবং মোকদ্দমা ডিসমিস হয়, ছোট আদালত আপন বিবেচনায় যত টাকা উচিত বোধ করেন প্রতিবাদির কষ্ট ও উপস্থিতি হেতুক ক্ষতিপূরণ স্বরূপ তাঁহাকে তত টাকা দিবার নিমিত্ত বাদির প্রতি আজ্ঞা করিতে পারিবেন। উক্ত আজ্ঞাক্রমে দেয় টাকা দেওয়া না গেলে, প্রতিবাদী উক্ত আদালতের ডিক্রীর ন্যায় ঐ আজ্ঞা বাদির বিরুদ্ধে প্রবল করিতে পারিবেন।

৫ অধ্যায়।

স্থাবর সম্পত্তি পুনঃ প্রাপ্তি বা অধিকার সম্বন্ধীয় বিচারাধিপত্যের কথা।

২৮ ধারা। যে কোন স্থাবর সম্পত্তি ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে থাকে এবং প্রতিযোগিতার অত্যুচ্চ খাজানার হারে যাহার বার্ষিকমূল্য এক হাজার টাকার অধিক না হয়, কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অথবা যৎসূত্রে ঐ অন্য ব্যক্তির দাওয়া সেই ব্যক্তির প্রজাভাবে বা অনুমতিক্রমে যদি সেই ভূমি দখল করিয়া থাকেন;

বিনা অনুমতিতে যে ব্যক্তি সম্পত্তি দখল করিয়া থাকে তাহাকে সমন দিবার কথা।

এবং যদি ঐ প্রজাভাব শেষ বা অনুমতি রহিত হইয়া থাকে;

এবং উক্ত প্রজা বা দখিলকার অথবা তাহার অধীনে বানিয়োগক্রমে ভূমিভোগী কোন ব্যক্তি (ইহারা পর দখলকারী বলিয়া অভিহিত হইয়াছে) উক্ত অন্য ব্যক্তির নিকট হইতে এবিষয়ে আদেশ পাইলেও তদনুসারে ঐ সম্পত্তি দিতে অস্বীকার করিলে,

(পরে দরখাস্তকারী বলিয়া অভিহিত) ঐ অন্য ব্যক্তি দখলকারির বিরুদ্ধে সমন দিবার নিমিত্ত ছোট আদালতে দরখাস্ত করিতে পারিবেন। ঐ সমনে উক্ত দখলকারির প্রতি এই আদেশ থাকিবে, যে, ঐ সম্পত্তি দিবার নিমিত্ত তাঁহার প্রতি কেন বল প্রয়োগ করা যাইবে না, সমনে নির্দিষ্ট তারিখে তাহার কারণ দর্শাইবেন।

২৯ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে প্রতিবাদির উপর সমন জারী করিবার যে প্রণালী নির্দিষ্ট আছে, সেই প্রণালীমতে দখলকারির উপর সমন জারী করা যাইবে।

সমন জারী করিবার কথা।

৩০ ধারা। যদি দখলকারী নির্দিষ্ট সময়ে উপস্থিত না হয় ও বিপরীত কারণ না দর্শায়, তবে দরখাস্তকারী ২৮ ধারামতে দরখাস্ত করিতে স্বত্ববান্ ছোট আদালতের এই রূপ হৃদ্বোধ জন্মিলে, তিনি উক্ত আদালতের বেলিফের প্রতি অনুজ্ঞাপত্র পাইবার অধিকারী হইবেন, ঐ অনুজ্ঞাপত্রে উক্ত আদালত যে তারিখের নাম করা উচিত বোধ করেন সেই তারিখে দরখাস্তকারিকে ঐ সম্পত্তির দখল দেওয়াইবার নিমিত্ত বেলিফের প্রতি আদেশ থাকিবে।

দখল দেওয়াইবার আজ্ঞার কথা।

ব্যাখ্যা।—যদি দখলকারী প্রমাণ করিতে পারেন যে, যে স্বত্বের বলে প্রজাভাব সৃষ্ট বা অনুমতি প্রদত্ত হয় দরখাস্তের তারিখের পূর্ব্বে সে স্বত্ব লোপ হইয়াছে, তাহা হইলে তিনি এই ধারার মর্ম্মানুযায়ী কারণ দর্শাইয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

৩১ ধারা। উক্ত রূপ কোন অনুজ্ঞাপত্র যে বেলিফকে দেওয়া যায়, উহার বলে সেই বেলিফ পূর্ব্বাহ্ণ ছয়টার পর ও অপরাহ্ণ ছয়টার পূর্ব্বে সাহায্য জন্য যত জন লোক আবশ্যক বোধ করেন লইয়া অনুজ্ঞাপত্রে লিখিত সম্পত্তিতে প্রবেশ

উক্ত অনুজ্ঞাপত্রের বলে বেলিফের সম্পত্তিতে প্রবেশ করিয়া দখল দিতে পারিবার কথা।

পূর্ব্বক দরখাস্তকারিকে তাহার দখল দেওয়াইতে পারিবেন, এবং দরখাস্তকারির ঐ সম্পত্তি দখল পাইবার স্বত্ব ছিলনা কেবল এই কারণে উক্ত অনুজ্ঞাপত্রদাতা ছোট আদালতের কোন জজের বা কর্ম্মচারির বিরুদ্ধে অথবা ঐ অনুজ্ঞাপত্রমতে কার্য্য সাধক বা পূর্ব্বোক্তরূপ কোন সমন জারীকারী কোন বেলিফ বা অন্য ব্যক্তির বিরুদ্ধে উক্তরূপ কোন অনুজ্ঞাপত্র বা সমন দিবার বা সাধন বা জারী করিবার নিমিত্ত কোন মোকদ্দমা বা অভিযোগ চালান যাইবে না।

অনুজ্ঞাপত্র বা সমন দেওন প্রভৃতি নিমিত্ত জজ বা কর্ম্মচারির বিরুদ্ধে কোন কার্য্যানুষ্ঠান না হইতে পারিবার কথা।

৩২ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন আজ্ঞা পাইবার নিমিত্ত দরখাস্ত করিবার সময়ে উক্ত দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব থাকিলে উক্ত আজ্ঞাক্রমে দখল লইতে কার্য্যপ্রণালীগত কোন ভ্রান্তি বা দোষ বা অনিয়ম যদি ঘটে তজ্জন্য তাঁহাকে কিম্বা তাঁহার পক্ষে কার্য্যকারী কোন ব্যক্তিকে অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান করা যাইবে না

দরখাস্তকারির দখল পাইবার স্বত্ব থাকিলে, কার্য্য প্রণালীগত কোন ভ্রান্তিহেতু তাঁহাকে অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান না করিবার কথা।

কিন্তু উক্ত ভ্রান্তি, বা দোষ বা অনিয়ম নিবন্ধন কোন ব্যক্তির ক্ষতি হইলে, সেই অন্যায়গ্রস্ত ব্যক্তি ঐ ক্ষতিপূরণের আদায় নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

দখলকারির ক্ষতিপূরণের মোকদ্দমা করিতে পারিবার কথা।

কিন্তু উক্তরূপ কোন ক্ষতির প্রমাণ না হইলে, মোকদ্দমা ডিসমিস করা যাইবে, এবং যে কোন স্থলে ক্ষতির প্রমাণ হয়, সেই স্থলে আদালতের অবধারিত ক্ষতিপূরণের পরিমাণ দশ টাকার অধিক না হইলে, যে জজ বিচার করেন তিনি যদি এই মর্ম্মের সর্টিফিকেট না দেন যে তাঁহার মতে বাদিকে সম্পূর্ণ খরচা দেওয়া উচিত তবে আদালত বাদিকে ক্ষতিপূরণের অতিরিক্ত খরচা দিবেন না।

৩৩ ধারা। এই অধ্যায়মতে কোন দরখাস্তকারী কোন সম্পত্তির দখল পাইলে, যদি পূর্ব্বোক্ত রূপ আজ্ঞা পাইবার দরখাস্ত করিবার সময়ে তাঁহার ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব না থাকে, তবে ঐ আজ্ঞাক্রমে যে ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করেন, এই আইনের কোন কথায় সেই ব্যক্তির মোকদ্দমা হইতে উক্ত দরখাস্তকারী রক্ষিত হইবেন এরূপ জ্ঞান হইবে না।

স্বত্বাভাবে আজ্ঞা পাইলে দরখাস্তকারির দায়ের কথা।

পূর্ব্বোক্তরূপ কোন আজ্ঞা পাইবার নিমিত্ত দরখাস্ত করিবার সময়ে, উক্ত দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব না থাকিলে, যদি উক্ত আজ্ঞা দেওয়া হয়, তবে তৎক্রমে দখল না লইলেও দরখাস্তকারী দখলকারির বিরুদ্ধে অনধিকার প্রবেশের কার্য্য করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

এরূপ স্থলে আজ্ঞা পাইবার দরখাস্তই অনধিকার প্রবেশের কার্য্য বলিয়া গণ্য হইবার কথা।

দখলকারী দরখাস্তকারী ব্যক্তির বিরুদ্ধে মোকদ্দমা করিবার আবেদন দলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবার কথা।

৩৪ ধারা। এই অধ্যায়মত দরখাস্ত করা গেলে দখলকারী নিজে যদি দুইজন জামিনের সহযোগে, ছোট আদালত সম্পত্তির মূল্য ও পশ্চাল্লিখিত মোকদ্দমার সম্ভাবিত খরচার প্রতি দৃষ্টি রাখিয়া যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন, তত টাকার নিঃস্বত্বপত্র লিখিয়া দিয়া, অচিরেই দরখাস্তকারির বিরুদ্ধে অনধিকার প্রবেশের ক্ষতিপূরণ নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে এবং ঐ মোকদ্দমা আপনি না চালাইলে বা দরখাস্তকারির অনুকূলে বিচার হইলে মোকদ্দমার সমুদয় খরচ দিতে অঙ্গীকারবদ্ধ হন, তবে যাবৎ ঐ মোকদ্দমার নিষ্পত্তি না হয় ছোট আদালত উক্ত দরখাস্তের অনুযায়ী আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবেন।

উক্তরূপ কোন মোকদ্দমায় দখলকারী দরখাস্তকারীর বিরুদ্ধে ডিক্রী পাইলে, ৩০ ধারাক্রমে যদি কোন আজ্ঞা করা হইয়া থাকে তাহা রহিত হইয়া এই ডিক্রী প্রবল হইবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন দ্বারা কার্য্য প্রণালী নিয়মিত হইবার কথা।

৩৫ ধারা। এই অধ্যায়মত সমুদয় আনুষ্ঠানিক কার্য্যে, এই আইনের প্রকারান্তরের বিধান স্থল ছাড়া অন্যত্র ছোট আদালত যত দূর হইতে পারে, প্রথমশ্রেণীর আদালতের নিমিত্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী অনুসরণ করিবেন।

পাপরদের দরখাস্তের কথা।

উক্ত আইনের ২৬ অধ্যায়ের বিধানমতে পাপরেরা এই অধ্যায়মত দরখাস্ত করিতে পারিবে। ঐ দরখাস্ত উক্ত অধ্যায়ের মর্ম্মানুযায়ী পাপরের মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

দখল পাওয়া গেলে স্বত্বাস্বত্বের বিচার নিমিত্ত মোকদ্দমার বাধা না হইবার কথা।

৩৬ ধারা। এই অধ্যায়মতে কোন স্থাবর সম্পত্তির দখল পাওয়া গেলে, তাহার স্বত্বাস্বত্বের বিচার নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিবার কোন বাধা হইবে না।

---

৬ অধ্যায়।

ঋণশোধ করণাক্ষমতা বিষয়ক বিচারাধিপত্যের কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়মত কোন২ প্রার্থনাপত্র গ্রহণ করিবার ক্ষমতার কথা।

৩৭ ধারা। যে সকল ডিক্রীমত খাতক ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করেন, বা আদেশে থাকেন, এবং এই আইনের তৃতীয় তফসীলের অন্তর্ভুক্ত কোন ব্যবসায় বা কারবার না চালান, তাঁহাদের সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়ের বিধানমতে ঋণ শোধ করণে অক্ষম বলিয়া নির্ণয় হইবার প্রার্থনাপত্র ছোট আদালত গ্রহণ করিতে পারিবেন।

যাহারা ব্যবসায় করে না, এরূপ খাতকের অন্য কোন২ প্রার্থনাপত্র গ্রহণের কথা।

৩৮ ধারা। ৩৭ ধারার নির্দ্দিষ্ট স্থলের অতিরিক্ত কোন ব্যক্তি যদি ঋণ শোধ করণাক্ষম অবস্থাপন্ন হন এবং ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করেন ও উক্ত তফসীলের অন্তর্ভুক্ত কোন ব্যবসায় বা কারবার না চালান তিনি ঋণ শোধ করণাক্ষম বলিয়া নির্ণীত হইবার নিমিত্ত উক্ত আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

ডিক্রীমত খাতকদের প্রার্থনাপত্র সংক্রান্ত যে২ বিধান উক্ত অধ্যায়ে আছে, তৎসমুদয় যত দূর বর্ত্তিতে পারে, আবশ্যক পরিবর্ত্তনসহ, উক্তরূপ ব্যক্তিদের প্রার্থনাপত্রের প্রতি বর্ত্তিবে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়মতে রাজকীয় আসৈনী এই অধ্যায়মত মোকদ্দমায় গ্রাহক হইবার কথা।

৩৯ ধারা। যৎকালে যে ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ের ১৪ ধারাক্রমে উক্ত রাজব্যবস্থামত রাজকীয় আসৈনীর পদে নিযুক্ত হন, তিনি যে সকল মোকদ্দমার এই অধ্যায়মতে ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য অর্পিত হয় সেই সকল মোকদ্দমার দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়ের কার্য্য নিমিত্ত গ্রাহক হইবেন, এবং উক্ত অধ্যায়মতে গ্রাহককে যে কমিশ্যন দেওয়া যাইতে পারে তিনি গ্রাহক স্বরূপ আপন কর্ম্ম সম্পাদনার্থ পারিশ্রমিক বলিয়া তাহা রাখিতে পারিবেন।

দেওয়ানী কার্য্যবিধির ৩৫১, ৩৫২, ৩৫৩ ও ৩৫৭ ধারামত আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইবার কথা।

৪০ ধারা। এই অধ্যায়ক্রমে প্রদত্ত বিচারাধিপত্যানুসারে কার্য্য করিয়া ছোট আদালত উক্ত আইনের ৩৫১, ৩৫২, ৩৫৩ ও ৩৫৭ ধারামত যে সকল আজ্ঞা দেন, তাহার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে।

ঐ আইনের ৩৯০ ধারায় আজ্ঞার উপর আপীল সম্বন্ধীয় যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, তাহা যতদূর বর্ত্তিতে পারে ঐ আপীলের প্রতি বর্ত্তিবে।

এই অধ্যায়ের মধ্যে যে সকল মোকদ্দমা পড়ে, তাহাতে হাই কোর্টের বিচারাধিপত্যের বাধা হইবার কথা।

৪১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ে প্রকারান্তরের কথা থাকিলেও যে স্থলে ঋণ শোধ করণাক্ষম বলিয়া নির্ণীত হইবার প্রার্থনা এই আইনমতে করা যাইতে পারিত সেই স্থলে হাই কোর্ট উক্ত রূপ কোন প্রার্থনা পত্র গ্রহণ করিবেন না।

কিন্তু সংসৃষ্ট কোন ব্যক্তির প্রার্থনাক্রমে হাই কোর্ট আপন বিবেচনামতে এই আজ্ঞা করিতে পারিবেন যে এই অধ্যায়মত যে কোন মোকদ্দমা এই আইন না থাকিলে উক্ত রাজব্যবস্থা ক্রমে গ্রাহ্য হইতে পারিত, ছোট আদালতে তাহার আনুষ্ঠানিক কার্য্য বন্ধ করা যায় তাহা হইলে উক্ত রাজব্যবস্থা ক্রমে যে কোন ব্যক্তির দরখাস্ত দিবার স্বত্ব থাকে, সেই ব্যক্তি এই আইন বিধিবদ্ধ না হইলে যেরূপে হইত সেই রূপ দরখাস্ত দিতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

৭ অধ্যায়।

চরমপত্রানুযায়ী ও অকৃতচরমপত্র বিচারাধিপত্যের কথা

১৮৬৫ সালের ১০ আইনের ও ১৮৭০ সালের ২১ আইনের অর্থমতে ছোট আদালতের বিচারাধীন স্থান জিলা ও উক্ত আদালত জিলার জজ বলিয়া গণ্য হইবার কথা।

৪২ ধারা। ন্যস্তধন ছাড়া কিন্তু দেয় ঋণের টাকা বাদ না দিয়া মৃত ব্যক্তির সম্পত্তি যে স্থলে এক হাজার টাকার কম হয় সেই স্থলে প্রবেট ও ধনাধ্যক্ষত পত্র দিবার নিমিত্ত ভারতবর্ষীয় উত্তারাধিকারিত্ব বিষয়ক ৮৫ সালের আইনের ও হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনের অর্থমতে ছোট আদালতের বিচারাধিপত্যের সীমান্তবর্ত্তী স্থান জিলা বলিয়া এবং উক্ত আদালত জিলার জজ সাহেব বলিয়া গণ্য হইবে।

এই ধারামত প্রবেট বা ধনাধ্যক্ষতা পাইবার প্রত্যেক প্রার্থনাপত্রে প্রার্থকের জ্ঞান বা বিশ্বাসমত উক্ত সম্পত্তির পরিমাণ লিখিতে হইবে।

বিচারাধিপত্য সম্বন্ধে প্রার্থনাপত্র সিদ্ধান্ত হইবার কথা।

৪৩ ধারা। প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র পাইবার প্রার্থনাপত্র ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের লিখিত প্রণালীমতে কৃত ও সত্যপাঠযুক্ত হইলে, প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান করিবার ক্ষমতা সম্বন্ধে সিদ্ধান্ত হইবে, এবং আদালতের উপর প্রতারণা করিয়া গৃহীত বলিয়া ঐ দান অসিদ্ধ করণার্থ কার্য্যানুষ্ঠান না হইলে, মৃত ব্যক্তি যে সম্পত্তি রাখিয়া যান তাহা ন্যস্ত ধন ছাড়িয়া দিলে, কিন্তু তাঁহার দেয় ঋণের টাকা বাদ না দিলে, বস্তুতঃ এক হাজার টাকার অধিক, এই কারণে ঐ দানের প্রতি দোষারোপ করা যাইবে না।

এই অধ্যায়মত মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

৪৪ ধারা। উক্ত আইনদ্বয়ে জিলার জজ সাহেবের নিমিত্ত যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে, এই অধ্যায়মত ছোট আদালতের কার্য্যপ্রণালী, যত দূর হইতে পারে, সেই কার্য্যপ্রণালীর অনুযায়ী হইবে।

ঐ২ আইনমতে জিলার জজ সাহেব কোন আজ্ঞা করিলে তাহাতে যেরূপ ফল হয় এবং তাহা যেরূপ আপীলের নিয়মাধীন থাকে, এই অধ্যায়মত ছোট আদালতের প্রত্যেক আজ্ঞায় সেইরূপ ফল হইবে ও তাহা সেই রূপ আপীলের নিয়মাধীন থাকিবে।

আর প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান ও রহিত করণ সম্বন্ধে উক্ত আইনদ্বয়ে যেসকল বিধান আছে সেই সকল বিধান, আবশ্যক পরিবর্ত্তন সহ, এই অধ্যায়মত প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান ও রহিত করণের প্রতি বার্ত্তবে।

---

৮ অধ্যায়।

হাই কোর্টে প্রশ্নার্পণ করিবার কথা।

প্রশ্নার্পণ যে সময়ে করিতেই হইবে, তাহার কথা।

৪৫ ধারা। যদি ছোট আদালতের দুই বা তদধিক জজ কোন মোকদ্দমায় বা এই আইনের ৫ অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে একত্র আসীন হইয়া আইনঘটিত বা আইনতুল্য বলবৎ রীতিঘটিত কোন প্রশ্ন সম্বন্ধে, কিম্বা যাহাতে মোকদ্দমার গুণাগুণ স্পৃষ্ট হয় কোন দলীলের এরূপ অর্থকরণ সম্বন্ধে ভিন্নমত হন,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

কিম্বা কোন মোকদ্দমায় বা উক্তরূপ কোন আনুষ্ঠানিক কার্য্যে বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচশত টাকার অধিক হইলে, যদি উক্তরূপ কোন প্রশ্ন উঠে এবং কোন পক্ষ প্রার্থনা করেন,

তবে ছোট আদালত উক্ত মোকদ্দমার বৃত্তান্ত ঘটিত বর্ণনাপত্র প্রস্তুত করিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ৬১৭ ধারামতে উক্ত বর্ণনাপত্র হাই কোর্টের মত জন্য অর্পণ করিয়া, হয় রায় দেওয়া স্থগিত রাখিবেন, না হয় উক্ত মত সাপেক্ষ করিয়া রায় দিবেন।

যে পক্ষের বিরুদ্ধে সাপেক্ষ রায় দেওয়া যায় উক্তরূপ প্রশ্নার্পণ হইলে তাহার জামিন দিতে হইবার কথা।

৪৬ ধারা। হাই কোর্টের মত সাপেক্ষ করিয়া ৪৫ ধারা মতে রায় দেওয়া গেলে, যে পক্ষের বিরুদ্ধে ঐ রায় দেওয়া যায় তিনি অবিলম্বে হাই কোর্টে প্রশ্নার্পণ করিবার খরচার ও রায়ের লিখিত টাকার জামিন দিবেন। ছোট আদালত ঐ জামিন মঞ্জুর করিবেন।

কিন্তু যে জজ কোন মোকদ্দমার বিচার করেন, তিনি ঐ মোকদ্দমার রায়ের লিখিত টাকা আদালতে দিবার আজ্ঞা করিলে এবং তদনুসারে তাহা দেওয়া গেলে, ঐ টাকার নিমিত্ত কোন রূপ জামিন দিবার আদেশ করা যাইবে না।

উক্তরূপ জামিন না দেওয়া গেলে, ঐ পক্ষ রায় মানিয়া লইয়াছে বলিয়া জ্ঞান হইবার কথা।

পূর্ব্বোক্তরূপ জামিন অবিলম্বে দেওয়া না গেলে, যে পক্ষের বিরুদ্ধে উক্তরূপ সাপেক্ষ রায় দেওয়া হইয়াছে সেই পক্ষে তাহা মানিয়া লইয়াছে, বলিয়া জ্ঞান করা যাইবে।

---

৯ অধ্যায়।

ফী ও খরচার কথা।

মোকদ্দমা উপস্থিত করিবার ফীর কথা।

৪৭ ধারা। এই আইনের ৫ অধ্যায়মত কোন মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিবার সময়ে,

(ক) বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচ শত টাকার অনধিক হইলে, ঐ পরিমাণ বা মূল্যের উপর টাকা প্রতি দুই আনার অনধিক,

(খ) বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচশত টাকার অধিক হইলে, ঐ পরিমাণ বা মূল্যের উপর টাকা প্রতি এক আনার অনধিক, ফী দেওয়া যাইবে, এবং যাবৎ ঐ ফী দেওয়া না যায়, উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে কোন আবেদন বা প্রার্থনাপত্র গ্রহণ করা যাইবে না।

পরওয়ানার ফীর কথা।

৪৮ ধারা। বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য এই আইনের চতুর্থ তফসীলের প্রথম ঘরের নির্দ্দিষ্ট টাকার অধিক, কিন্তু দ্বিতীয় ঘরের নির্দ্দিষ্ট টাকার অনধিক হইলে, উক্ত তফসীলের তৃতীয় ও চতুর্থ ঘরে যে২ ফী নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ২ ঘর যে২ পরওয়ানা সম্পর্কীয় হয় উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে সেই২ পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে সেই২ ফী দিতে হইবে। যে ব্যক্তির পক্ষে যে পরওয়ানা বাহির হয়, সেই ব্যক্তিকে সেই পরওয়ানার ফী দিতে হইবে।

৪৯ ধারা। উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যের শুনানী হইবার পূর্ব্বে পক্ষেরা আপোষে তাহা মিটাইয়া ফেলিলে, তৎকাল পর্য্যন্ত যত ফী দেওয়া হইয়াছে তন্মধ্যে যে পক্ষ যাহা দিয়াছেন, ছোট আদালত তাঁহাকে তাহার অর্দ্ধেক ফিরাইয়া দিবেন।

শুনানীর পূর্ব্বে আপোষে মিটাইলে, অর্দ্ধেক ফী ফিরাইয়া দিবার কথা।

৫০ ধারা। কোন দরিদ্র ব্যক্তি এই আইনের ৫ অধ্যায়মত দরখাস্ত দিলে, ছোট আদালত, যদি উচিত বিবেচনা করেন, ৪৭ ধারার উল্লিখিত ফী না লইয়া অথবা উক্ত ফীর কিয়দংশ লইয়া দরখাস্ত গ্রহণ করিয়া রেজিষ্টরী করিতে পারিবেন।

দরিদ্র ব্যক্তিদের ফী ও খরচার কথা।

৫১ ধারা। ৪৭ বা ৪৮ ধারামতে যে ফী দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া তাহার পরিমাণ পরিবর্ত্তন করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের ফী পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

কিন্তু কোন স্থলে উক্ত ফীর পরিমাণ ঐ২ ধারার নির্দ্দিষ্ট পরিমাণের অধিক হইবে না।

৫২ ধারা। আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনমতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়মত কার্য্যে জিলার আদালতে যে ফী ধরা যায়, এই আইনের ৬ অধ্যায়মত কার্য্যে ছোট আদালতে সেই ফী লওয়া যাইবে, এবং ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইন বা হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনমত প্রবের্ট বা ধনাধ্যক্ষতাপত্র দান সম্পর্কীয় কার্য্যে উক্তরূপে যে ফী ধরা যায়, এই আইনের ৭ অধ্যায়মত কার্য্যে ছোট আদালতে সেই ফী লওয়া যাইবে।

৬ ও ৭ অধ্যায়মত কার্য্যের ফীর কথা।

৫৩ ধারা। কোন পক্ষ আডবোকেট, উকীল, আটর্ণি বা অন্য কোন ব্যবহারাজীবিকে নিযুক্ত করিয়া যাহা খরচ করেন, তাহা এই আইনের ৫ অধ্যায়মত কোন মোকদ্দমার বা আনুষ্ঠানিক কার্য্যে ছোট আদালতে খরচা বলিয়া দেওয়া যাইবে না, কিন্তু যদি আদালত বিবেচনা করেন যে, ঘটনাবশতঃ উক্তরূপ ব্যবহারাজীবী নিযুক্ত করা যুক্তিসিদ্ধ হইয়াছিল, তাহা হইলে ঐ খরচ দেওয়া যাইবে।

ব্যবহারাজীবী নিযুক্ত করিবার খরচের কথা।

যে ২ স্থলে ঐ খরচ দেওয়া যাইবে, ছোট আদালত সময়ে২ সাধারণ বিধি প্রণয়ন করিয়া তাহা নিরূপণ করিতে পারিবেন।

৫৪ ধারা। এই অধ্যায়ের কোন কথায় আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩, ৫ ও ২৫ ধারার কোন ব্যতিক্রম হইবে না।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩, ৫ ও ২৫ ধারা সংরক্ষণের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

১০ অধ্যায়।

আমলাদের অসদাচরণের কথা।

৫৫ ধারা। কোন ক্লার্ক, বেলিফ বা আদালতের অন্য কোন আমলা আপন পদের কার্য্য সম্পাদনে অসদাচরণ বা উপেক্ষা দোষে দোষী হইলে, ছোট আদালত আজ্ঞা দিয়া তাহার এক মাসের বেতনের অনধিক পরিমাণ জরিমানা করিতে পারিবেন এবং ঐ জরিমানা তাহার বেতন হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে।

কর্ম্মচারিদের জরিমানা হইতে পারিবার কথা।

৫৬ ধারা। যদি কোন ক্লার্ক, বেলিফ বা ছোট আদালতের অন্য কোন আমলা, আপন পদোপলক্ষে কোন আজ্ঞা বা ওয়ারণ্ট জারী করিতে নিযুক্ত হইয়া, উপেক্ষা বা জানিয়া ভাণ বা ত্রুটি করিয়া, উক্ত আজ্ঞা বা ওয়ারণ্ট জারী করিবার সুযোগ হারায়, তবে উক্তরূপ উপেক্ষা বা জানিয়া ভাণ বা ত্রুটি করাতে যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তি প্রার্থনা করিলে, যে টাকার নিমিত্ত উক্ত আজ্ঞা বা ওয়ারণ্ট দেওয়া হইয়াছিল কোন স্থলে সেই টাকার অধিক না হয়, এরূপ যত টাকা ছোট আদালত ঐ কারণ নিবন্ধন ঐ ব্যক্তির ক্ষতির পরিমাণ তুল্য জ্ঞান করেন, উক্ত আদালতের আজ্ঞাক্রমে ঐ ক্লার্ক, বেলিফ বা আমলা তত টাকা দিতে দায়ী হইবে।

আজ্ঞা বা ওয়ারণ্ট জারী করিতে বেলিফের বা অন্য কর্ম্মচারির ত্রুটির কথা।

৫৭ ধারা। কোন ক্লার্ক, বেলিফ বা ছোট আদালতের অন্য কোন আমলা উক্ত আদালতের পরওয়ানা উপলক্ষ করিয়া বলপূর্ব্বক গ্রহণ বা অসদাচরণ করিয়াছে বলিয়া, অথবা উক্ত আদালতের ক্ষমতা প্রাপ্ত হইয়া যে টাকা আদায় করে তাহা বা তাহার হিসাব যথাবিধি দেয় নাই বলিয়া তাহার নামে যদি অভিযোগ হয়, তবে আদালত উক্ত অভিযোগের তদন্ত করিয়া যেরূপ উচিত বোধ করেন উক্ত কর্ম্মচারির উক্ত বলপূর্ব্বক গৃহীত টাকা ফিরাইয়া দিতে হইবার বা পূর্ব্বোক্তরূপে আদায় করা কোন টাকা ও ক্ষতিপূরণ ও খরচা দিতে হইবার সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

কর্ম্মচারিদের বলপূর্ব্বক গ্রহণ বা ত্রুটির কথা।

৫৮ ধারা। এই আইনমত মোকদ্দমায় সাক্ষিদিগকে সমন দিয়া হাজির করাইবার ও বলপূর্ব্বক দলীল উপস্থিত করাইবার যে২ ক্ষমতা ছোট আদালতের আছে, এই অধ্যায়মত তদন্ত কার্য্যে উক্ত আদালতের সেই২ ক্ষমতা থাকিবে।

আদালতের সাক্ষিদিগকে সমন প্রভৃতি দিতে পারিবার কথা।

৫৯ ধারা। টাকা দিবার বা ফিরাইয়া দিবার এই অধ্যায়মত আজ্ঞাক্রমে টাকা দেওয়া না গেলে, যে ব্যক্তিকে ঐ টাকা দেয় হয় সেই ব্যক্তি ঐ আজ্ঞা আপনার অনুকূলে ছোট আদালতের ডিক্রীর ন্যায় প্রবল করিতে পারিবে না।

আজ্ঞা প্রবল করিবার কথা।

১১ অধ্যায়।

আদালতের প্রতি অবজ্ঞার কথা।

৬০ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৫, ১৭৮, ১৭৯, ১৮০ বা ২২৮ ধারায় যেরূপ অপরাধের বর্ণনা আছে, ছোট আদালতের দৃষ্টিগোচরে বা সম্মুখে তদ্রূপ কোন অপরাধ করা গেলে, উক্ত আদালত

কোন২ অবজ্ঞার স্থলে আদালতের কার্য্য প্রণালীর কথা।

অপরাধিকে হেফাজতে রাখাইতে পারিবেন, এবং সেই দিন আদালত বরখাস্ত হইবার পূর্ব্বে কোন সময়ে উচিত বোধ করিলে অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড এবং তাহা না দিলে দেওয়ানী জেলে একমাস পর্য্যন্ত কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু উক্ত কাল গত হইবার পূর্ব্বে অর্থদণ্ডের টাকা দিলে অপরাধী মুক্তিলাভ করিতে পারিবে।

৬১ ধারা। উক্তরূপ প্রত্যেক স্থলে, ঐ আদালত যে২ বৃত্তান্ত লইয়া অপরাধ হয় তাহা ও অপরাধির কৃত কোন উক্তি থাকিলে তাহা, এবং নির্ণয় ও দণ্ডাজ্ঞা লিপিবদ্ধ করিবেন। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২২৮ ধারামতে অপরাধ হইলে, যে সময়ে বাধা প্রাপ্ত বা অপমানিত হন সেই সময়ে আদালত যে বিচার সংক্রান্ত কার্য্যে অধিবিষ্ট ছিলেন সেই কার্য্যের ভাব ও চলনের অবস্থা এবং উক্ত বাধা বা অপমানের প্রকৃতি ঐ লিপিবদ্ধ কথায় দর্শাইতে হইবে।

উক্তরূপ স্থলে যাহা লিপিবদ্ধ হইবে তাহার কথা।

৬২ ধারা। যদি আদালত বিবেচনা করেন যে ৬০ ধারার নির্দ্দিষ্ট ও আপনার দৃষ্টি গোচরে বা সম্মুখে কৃত কোন অপরাধে অভিযুক্ত ব্যক্তির অর্থদণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত যে কারাদণ্ড হইতে পারে তদ্ভিন্ন কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অধিক অর্থদণ্ড হওয়া উচিত, অথবা যদি অন্য কোন কারণে আদালত বিবেচনা করেন যে ৬০ ধারামতে উক্ত মোকদ্দমার নিষ্পত্তি হওয়া উচিত নহে, তবে আদালত যে২ বৃত্তান্ত লইয়া অপরাধ হয় তাহা এবং পূর্ব্বলিখিত বিধিমত অপরাধির উক্তি লিপিবদ্ধ করিয়া মোকদ্দমা কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন, এবং ঐ অভিযুক্ত ব্যক্তি উক্ত মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবে ইহার জামিন লইবার আদেশ দিতে পারিবেন, অথবা উপযুক্ত জামিন না দেওয়া গেলে ঐ ব্যক্তিকে প্রহরির জিম্মায় উক্ত মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন।

৬০ ধারামতে মোকদ্দমা লইয়া কার্য্য হওয়া উচিত নয় আদালতের এমত বোধ হইলে কার্য্য-প্রণালীর কথা।

উক্ত মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে লইয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করিবেন, এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের যে ধারা অনুসারে তাহার নামে অভিযোগ হয়, অপরাধির প্রতি সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

৬৩ ধারা। কোন ব্যক্তিকে আইনসিদ্ধ কোন কর্ম্ম করিতে আজ্ঞা করা গেলে তাহা করিতে অস্বীকার করা কিম্বা সেই কর্ম্ম না করা, অথবা ইচ্ছাপূর্ব্বক অপমান করা বা কার্য্যের বাধা দেওয়া প্রযুক্ত, আদালত ৬০ বা ৬২ ধারামতে ঐ অপরাধির দণ্ডনিরূপণ করিলে কিম্বা বিচারার্থে তাহাকে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট পাঠাইলে, যদি সেই অপরাধী ঐ আদালতের আজ্ঞা বা আদেশ মানিতে স্বীকার করে অথবা আদালতের সন্তোষমতে অপরাধ স্বীকার করে, তবে আদালত স্বেচ্ছামতে তাহাকে ছাড়িয়া দিতে বা তাহার দণ্ড ক্ষমা করিতে পারিবেন।

অপরাধী আজ্ঞাক্রমে কার্য্য করিলে কিম্বা অপরাধ স্বীকার করিলে তাহাকে ছাড়িয়া দিবার কথা।

৬৪ ধারা। ছোট আদালতের সম্মুখে কোন সাক্ষিকে যে কথা জিজ্ঞাসা করা যায় সে তাহার উত্তর দিতে কিম্বা তাহার অধিকারগত বা ক্ষমতাধীন যে দলীল উপস্থিত করিবার আদেশ হয় তাহা উপস্থিত করিতে অস্বীকার করিলে, এবং অস্বীকারের করণের কোন যুক্তিসঙ্গত কারণ না দেখাইলে, ঐ আদালত ঐ ব্যক্তির সাত দিনের অনধিক কাল সামান্য কারাদণ্ডের আজ্ঞা করিতে, কিম্বা তাহাকে তত দিন আদালতের কোন কর্ম্মচারির হেফাজতে অর্পণ করিতে পারিবেন। ইতিমধ্যে উত্তর দিতে বা স্থলবিশেষে উক্ত দলীল উপস্থিত করিতে সম্মত হইলে, তাহাকে মুক্ত করা যাইবে। কিন্তু সেই সাত দিনের পরেও অস্বীকার করিতে থাকিলে, এই আইনের ৬০ বা ৬২ ধারার বিধান মতে তাহাকে লইয়া কার্য্য হইতে পারিবে।

উত্তর দিতে বা দলীল উপস্থিত করিতে অস্বীকার করিলে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিবার বা হেফাজতে রাখিবার কথা।

৬৫ ধারা। ৬০ বা ৬৪ ধারামত আজ্ঞাক্রমে কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করিলে হাই কোর্টে আপীল করিতে পারিবেন এবং প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের আপীল সংক্রান্ত বিধান সমূহ, যত দূর বর্ত্তিতে পারে, এই ধারামত আপীলের প্রতি বর্ত্তিবে।

৬০ ও ৬৪ ধারামত আজ্ঞার উপর আপীলের কথা।

---

১২ অধ্যায়।

বিবিধ কথা।

৬৬ ধারা। কার্য্যপ্রণালী বা রীতি সংক্রান্ত প্রশ্নভিন্ন যে সকল প্রশ্ন এই আইনমত মোকদ্দমায় বা অন্য আনুষ্ঠানিক কার্য্যে ছোট আদালতে উপস্থিত হয়, প্রথম স্থানীয়নিয়মিত দেওয়ানী বিচারাধিপত্যক্রমে কার্য্যকালে হাই কোর্টে যৎকালে যে আইনমতে কার্য্য হয় সেই আইন অনুসারে সেই সকল প্রশ্নের বিচার ও নিষ্পত্তি হইবে।

হাই কোর্টে যে আইনমতে কার্য্য হয় সেই আইন অনুসারে এই আইনমত মোকদ্দমা প্রভৃতিতে উত্থিত প্রশ্নের নিষ্পত্তি হইবার কথা।

৬৭ ধারা। দলীল উপস্থিত করিবার নোটিস, সাক্ষিদের সমন, এবং (প্রতিবাদির প্রতি সমন ও জারীর পরওয়ানা ছাড়া) এই আইনমত ছোট আদালতের প্রতি প্রদত্ত ক্ষমতাক্রমে অন্য যে সকল পরওয়ানা দেওয়া যায় তৎসমুদয়, আদালত সামান্য বা বিশেষ আজ্ঞা দিয়া আদেশ করিলে, মোকদ্দমার আটর্নিদের দ্বারা, বা এতদর্থে তাঁহাদের নিযুক্ত ব্যক্তিদের দ্বারা, বা আদালত সময়ে২ আজ্ঞা বা আদেশ করিয়া, যে ব্যক্তিদিগকে নির্দ্দেশ করেন তাহাদের দ্বারা, জারী করা যাইতে পারিবে।

যে ব্যক্তিদের দ্বারা পরওয়ানা জারী করা যাইতে পারে তাহাদের কথা।

৬৮ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনার্থে হাই কোর্ট যেরূপ নির্দ্দেশ করেন, ছোট আদালত সেই রূপ রেজিষ্টর, বহী ও হিসাব রাখিবেন, এবং হাই কোর্টে সেই রূপ বর্ণনাপত্র রিটর্ন পাঠাইবেন।

রেজিষ্টর ও রিটর্ণের কথা।

৬৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট বা, স্থলবিশেষে, হাই কোর্ট যেরূপ পাঠ ও প্রণালী উপযুক্ত জ্ঞান করেন, সেইরূপ পাঠে ও প্রণালীতে উক্ত গবর্ণমেণ্ট বা কোর্ট সময়েং কাগজ পত্র, রিটর্ণ ও বর্ণনাপত্র পাঠা ইবার যে আদেশ করেন, ছোট আদালত সেই আদেশ পালন করিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের বা হাই কোর্টের আদেশ মতে ছোট আদালতের কাগজপত্রাদি দিতে হইবার কথা।

৭০ ধারা। আদালতে যেং পর্ব্বদিন ও বন্ধের দিন পালিত হইবে, ছোট আদালত প্রত্যেক বৎসরের প্রারম্ভে তাহার তালিকা প্রস্তুত করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদন নিমিত্ত প্রেরণ করিবেন।

পর্ব্বদিন ও বন্ধের দিনের কথা।

উক্ত অনুমোদন প্রাপ্ত হওয়া গেলে, ঐ তালিকা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং তদনুসারে উক্ত পর্ব্বের দিন ও বন্ধের দিন পালিত হইবে।

৭১ ধারা। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ও তাঁহার মন্ত্রিসভার সভ্যদিগকে, মান্দ্রাজের ও বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেব ও তাঁহাদের মন্ত্রিসভার সভ্যদিগকে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে, এবং শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে সংস্থাপিত হাই কোর্টের চীফ জষ্টিস ও জজদিগকে, এই আইনমতে সংস্থাপিত কোন আদালতের আজ্ঞাক্রমে ধৃত করা যাইতে পারিবে না।

ছোট আদালতের দ্বারা ধৃত করণ হইতে কোনং ব্যক্তির মুক্ত থাকিবার কথা।

৭২ ধারা। ছোটআদালতের কোন ডিক্রীর উপর মোকদ্দমা হইতে পারিবে না।

ছোট আদালতের ডিক্রীর উপর মোকদ্দমা না হইবার কথা।

৭৩ ধারা। এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে স্থান নিরূপণ করেন, যে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিতে ছোট আদালতের আজ্ঞা হয় তাহাকে সেই স্থানে কারাবদ্ধ করিয়া রাখা যাইতে পারিবে।

যে স্থানে কারাবদ্ধ হইবে সেই স্থানের কথা।

৭৪ ধারা। এই আইনমত কোন কর্ম্ম করিয়াছেন বলিয়া কোন ব্যক্তির বিরুদ্ধে যদি মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে বাদিকে যথোচিত ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করা হইয়া থাকিলে, বাদী কছু পাইতে পারিবে না।

আইনমতে কৃত কোন কর্ম্মহেতুক মোকদ্দমায় প্রস্তাবের কথা।

৭৫ ধারা। এই আইনমতে কোন কর্ম্ম করা হইয়াছে বলিয়া যে সকল অভিযোগ হয়, তৎসমুদয় ঐ অপরাধ করা গেলে পর তিন মাসের মধ্যে উপস্থিত করিতে হইবে।

অভিযোগের মিয়াদের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৮ জানুয়ারি।]

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

যে২ ব্যবস্থা রহিত হইল।

A.—সুপ্রীম কোর্টের চার্টর।

তারিখ।		যে পরিমাণ রহিত হইল
১৭৭৪ সালের ২৬ মার্চ	কলিকাতার সুপ্রীম কোর্টের চার্টর	২১ প্রকরণ।
১৮০০ সাল, ২৬ ডিসেম্বর	মান্দ্রাজের সুপ্রীম কোর্টের চার্টর	৩৭ প্রকরণ।
১৮২৩ সাল, ৮ ডিসেম্বর	বোম্বাইয়ের সুপ্রীম কোর্টের চার্টর	৫৯ প্রকরণ।

B,—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয় বা সংক্ষেপ নাম।	যে পরিমাণ রহিত হইল।
১৮৫০ সা, ৯ আ	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্পকর্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সহজ মতে আদায় করণের আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
১৮৫৭ সা, ২০ আ	১৮৫০ সালের ৯ আইন সংশোধক করিবার আইন	সমুদয়।
১৮৬৪ সা, ২৬ আ	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্ষমতা বৃদ্ধি ও ঐ২ আদালতে অধিক সংখ্যক বিচার কর্ত্তাকে নিযুক্ত করণের বিধান করিবার আইন	যে অংশের রহিত হয় নাই সেই অংশ।
১৮৭৭ সা, ১০ আ	দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইন	৮ ধারা ২ প্রকরণ।

C—মন্ত্রি সভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয়।	যে পরিমাণ রহিতহইল।
১৮৬৪সা৬আ	বোম্বাইয়ের ছোট আদালত দ্বারা যে সকল ব্যক্তি কারাবদ্ধ হয় তাহাদের খোরাকীর উৎকৃষ্টতর বিধান করণার্থ আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।

দ্বিতীয় তফসীল।

(২১ ধারা দেখ।)

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের যে২ অংশ ছোট আদালত বর্জ্জীত গেল।

পরিভাষা। ২ ধারা। অর্থ করণের ধারা।

১ অধ্যায়।—১১ ধারা ছাড়া, আদালতের এলাকার ও পূর্ব্ব নিষ্পত্তি করা বিষয়ের কথা।

২ অধ্যায়।—১৫, ১৬, ১৭, ১৮, ও ১৯ ধারা, ২০ ধারার ৪ প্রকরণ, এবং ২২ অবধি ২৪ পর্য্যন্ত ধারা ছাড়া মোকদ্দমা উপস্থিত করিবার স্থান বিষয়ক বিধি।

চতুর্থ খণ্ড।

৩ অধ্যায়।—৩৭ ধারার শেষ প্রকরণ ছাড়া, উভয়-পক্ষ ও তাঁহাদের উপস্থিত হওন ও প্রার্থনা করণ ও ক্রিয়া বিষয়ক বিধি।

৪ অধ্যায়।—৪২ ধারা ও ৪৪ ধারার ক বিধি ছাড়া মোকদ্দমার আকার বিষয়ক বিধি।

৫ অধ্যায়।—৫৭ ধারার (খ) প্রকরণ ছাড়া, মোকদ্দমা উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬ অধ্যায়।—৮৬ ধারা ছাড়া, সমন বাহির করণ ও দেওন বিষয়ক বিধি।

৭ অধ্যায়।—উভয় পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওনের ফল বিষয়ক বিধি।

৮ অধ্যায়।—১১০, ১১২ ও ১১৩ ধারা ছাড়া বর্ণনাপত্র ও দাওয়ার বিপরীত দাওয়া বিষয়ক বিধি।

৯ অধ্যায়।—১১৯ ধারা ছাড়া আদালতের দ্বারা উভয় পক্ষের পরীক্ষা লওন বিষয়ক বিধি।

১০ অধ্যায়।—এবং প্রতিবাদী যদি লিখিত বর্ণনাপত্র না দিয়া থাকেন ও সেই বর্ণনাপত্র প্রাপ্ত হইয়া যদি কাগজ পত্রের মধ্যে না দেওয়া যায়, তবে ঐ প্রতিবাদী বাদিকে জিজ্ঞাসা করিবার প্রশ্ন দিতে পারিবেন না” ১২১ ধারার উপবিধির এই ২ কথা ছাড়া দলীলের সন্ধান লওন ও গ্রাহ্য করণ ইত্যাদি বিষয়ক বিধি।

১১ অধ্যায়।—১৫০ ও ১৫১ ধারা ইস্যু নির্ণয় করণ বিষয়ক বিধি।

১২ অধ্যায়।—১৫৪ ধারা ও ১৫৫ ধারার দ্বিতীয় প্রকরণ ছাড়া, প্রথম শ্রবণের সময়ে মোকদ্দমা নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

১৩ অধ্যায়।—মোকদ্দমা শ্রবণের দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।

১৪ অধ্যায়।—সাক্ষিদের নামে সমন দেওন ও তাঁহাদের উপস্থিত হওন বিষয়ক বিধি।

১৫ অধ্যায়।—১৮২ অবধি ১৯১ পর্য্যন্ত ধারা ছাড়া মোকদ্দমার শ্রবণ ও সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ক বিধি।

১৬ অধ্যায়।—অফিডেবিট বিষয়ক বিধি।

১৭ অধ্যায়।—২০৪, ২০৭, এবং ২১০ অবধি ২১৪ পর্য্যন্ত ধারা ছাড়া, বিচার ও ডিক্রী বিষয়ক বিধি।

১৮ অধ্যায়।—খরচা বিষয়ক বিধি।

১৯ অধ্যায়।—ডিক্রী জারীকরণ বিষয়ক বিধি, ২২৩ অবধি ২৩৬ পর্য্যন্ত ধারা, ২৩৯ অবধি ২৬২ পর্য্যন্ত ধারা, ২৬৬ ধারা (অস্থাবর সম্পত্তি ক্রোক ও তাহার ডিক্রীর সহিত যত দূর সম্পর্ক রাখে), ২৬৭ অবধি ২৭২ ধারা, ২৭৩ ধারা (অস্থাবর সম্পত্তি সম্বন্ধীয় ডিক্রীর সহিত যত দূর সম্পর্ক রাখে), ২৭৫ অবধি ৩০৩ পর্য্যন্ত ধারা, ৩২৮ অবধি ৩৩৩ পর্য্যন্ত ধারা, ৩৩৬ অবধি ৩৪৩ পর্য্যন্ত ধারা।

২০ অধ্যায়।—ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে, ৩৬০ ধারা ছাড়া তদ্বিষয়ক বিধি।

২১ অধ্যায়।—কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধ করণের অক্ষমতা হইলে তদ্বিষয়ক বিধি।

২২ অধ্যায়।—মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে নিষ্পত্তি করা দেওন বিষয়ক বিধি।

২৩ অধ্যায়।—আদালতে টাকা দেওন বিষয়ক বিধি।

২৪ অধ্যায়।—খরচার জামিন লওন বিষয়ক বিধি।

২৫ অধ্যায়।—৩৯৬ ধারা ছাড়া, কমিশন পত্র বিষয়ক বিধি।

২৬ অধ্যায়।—পাপরদের মোকদ্দমা বিষয়ক বিধি।

২৭ অধ্যায়।—গবর্ণমেণ্টের দ্বারা বা গবর্ণমেণ্টের কর্ম্মচারিদের বিরুদ্ধে মোকদ্দমার সহিত যতদূর সম্পর্ক রাখে।

২৮ অধ্যায়।—ভিন্নজাতীয় ব্যক্তিদের ও ভিন্ন দেশীয় ও এতদ্দেশীয় সরদারদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

২৯ অধ্যায়।—সমবায়যুক্ত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে যেক ... বিষয়ক বিধি।

৩০ অধ্যায়।—ট্রষ্টীদের ও উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকদের ও ত্রব্যাদি নিরূপণাধিকারিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩১ অধ্যায়।—নাবালগদের ও অসুস্থমনা ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩২ অধ্যায়।—সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৩ অধ্যায়।—বাদ প্রতিবাদার্থক মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৪ অধ্যায়।—স্থাবর সম্পত্তির ক্রোক সম্বন্ধীয় ভিন্ন নিষ্পত্তি পূর্ব্বে ধৃত ও ক্রোককরণ বিষয়ক বিধি।

৩৬ অধ্যায়।—৫০৪ ও ৫০৫ ধারা ছাড়া, গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।

৩৭ অধ্যায়।—আপীল সংক্রান্ত ৫২২ ধারার বিধান ছাড়া, সালিসীতে অর্পণ করণ বিষয়ক বিধি।

৩৮ অধ্যায়।—৫২৭ ধারার (খ) প্রকরণের যে অংশ স্থাবর সম্পত্তি সম্পর্কীয় সেই অংশ ছাড়া, উভয় পক্ষের সম্মতিক্রমে আনুষ্ঠানিক কার্য্য বিষয়ক বিধি।

৩৯ অধ্যায়।—বিক্রয় নিদর্শন পত্রের উপর সরাসরী কার্য্যপ্রণালীর কথা।

৪৬ অধ্যায়।—হাই কোর্টে প্রশ্নকরণ ও পুনরালোচনা করণ বিষয়ক বিধি।

৪৯ অধ্যায়।—বিবিধ বিধি, ৬৪০ অবধি ৬৪৫ পর্য্যন্ত ধারা, এবং ৬৪৭ অবধি ৬৫২ পর্য্যন্ত ধারা।

তৃতীয় তফসীল।

(৩৭ ও ৩৮ ধারা দেখ।)

ছোট আদালতের ঋণশোধ করণাক্ষমতা সংক্রান্ত বিচারাধিপত্য মধ্যে যাহা দিগকে ধরা যাইবে না। ব্যাঙ্কর, সরাফ বা বেণীয়া, ঋণদান ব্যবসায়ী চিনি নীল চা, পশম, রেশম বা অন্য দ্রব্য প্রস্তুতকারী। তুলাপাট চর্ম্মপ্রভৃতি কশিবার যন্ত্রের স্বামী। মেলা, হাট বা বাজারের স্বামী বা ইজারদার। জাহাজের স্বামী, ডকের স্বামী।

নির্মাতা, নীলামকারী ও অস্থাবর দ্রব্য রাখিয়া বন্ধকদাতা।

হোটেলরক্ষক, বোর্ডিং হৌস রক্ষক বা বাসাবাটী রক্ষক।

যাহারা যান বা পশ্বাদি ভাড়া দিয়া থাকে।
গ্রন্থকার ও প্রকাশক।
কন্ট্রাক্টর, কমিশ্যন এজেণ্ট, বিলের দালাল ও অন্য দালাল।
নাট্যশালা বা সাধারণের মনোরঞ্জনার্থ অন্য স্থানের স্বামী বা পাট্টাদার।
পোদ্দার, মহাজন।
অশ্ব, গবাদি বা হস্তী ব্যবসায়ী।
আপনাদের হস্তে বা রক্ষণে অন্য লোকের টাকা বা সম্পত্তি গ্রহণ করিবার ব্যবসায় যাহারা করে।
জাহাজ বা জাহাজের ভাড়া বা অন্য বিষয় সমুদ্র জনিত বিপদ্ সম্বন্ধে যাহারা বিমা করিয়া দেয়।
বিক্রয়, বিনিময়, দ্রব্যপরিবর্ত্তন কমিশ্যন, বা চালান ক্রমে বা প্রকারান্তরে, থোকে বা খুচরা, বাণিজ্য দ্রব্যজাত লইয়া যাহারা ব্যবসায় করে।
যাহারা নিজে অথবা অন্যের কর্ম্মকারক বা কর্ম্মচারী-স্বরূপ যান বা দ্রব্যাদি ক্রয় বিক্রয় দ্বারা অথবা তাহা ক্রয় করণ ও ভাড়া দেওন দ্বারা, কিম্বা তাহার উপর কোন কার্য্য করণ দ্বারা বা তাহার রূপান্তর করণ দ্বারা আপনাদের জীবিকা নির্ব্বাহের চেষ্টা করে।
কিন্তু যে ব্যক্তি কেবল কৃষি কার্য্য দ্বারা আপনার জীবিকানির্ব্বাহ করে, যে ব্যক্তি সামান্য শ্রমজীবী বা মজুরী লইয়া কর্ম্ম করে, কিম্বা যে ব্যক্তি কোন কোম্পানির মেম্বর, তাহাকে তৎস্বরূপ, এই তফসীলের অন্তর্ভূক্ত ব্যক্তি বলিয়া জ্ঞান করা যাইবে না।

চতুর্থ তফসীল।
(৪৮ ধারা দেখ।)
সমন ও অন্যান্য পরওয়ানা নিমিত্ত ফী।

বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য নিম্নলিখিত টাকার অধিক।	কিন্তু নিম্নলিখিত টাকার অনধিক হইলে।	সমনের ফী।	অন্য সব পরওয়ানার ফী।
		টাকা	টাকা
০	১০	৷০	৵০
১০	২০	০	।০
২০	৫০	॥০	॥০
৫০	১০০	১	১
১০০	২০০	১।০	২
২০০	৩০০	১॥০	৩
৩০০	৪০০	১৸০	৪
৪০০	৫০০	২	৫
৫০০	৬০০	২।০	৬
৬০০	৭০০	২॥০	৭
৭০০	৮০০	২৸০	৮
৮০০	৯০০	৩	৯
৯০০	১০০০	৩।০	১০
১,০০০	১,১০০	৩॥০	১১
১,১০০	১,২০০	৩৸০	১২
১,২০০	১,৩০০	৪	১৩
১,৩০০	১,৪০০	৪।০	১৪
১,৪০০	১,৫০০	৪॥০	১৫
১,৫০০	১,৬০০	৪৸০	১৬
১,৬০০	১,৭০০	৫	১৭
১,৭০০	১,৮০০	৫।০	১৮
১,৮০০	১,৯০০	৫।০	১৯
১,৯০০	২,০০০	৫৸০	২০

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

যে সকল আদালত এক্ষণে রাজধানীর ছোট আদালত বলিয়া খ্যাত, তৎসমুদয় ১৭৫৩ সালের ৮ জানুয়ারি তারিখে দ্বিতীয় জর্জের সনন্দক্রমে সংস্থাপিত, সুতরাং ব্রিটিষ ভারতবর্ষে যে সমুদয় আদালত বর্ত্তমান আছে তন্মধ্যে সর্ব্বাপেক্ষা প্রাচীন বলিয়া বোধ হয়।

ঐ ছোট আদালতগুলির সময়ে২ অনেক পরিবর্ত্তন ঘটিয়াছে। ভিন্ন২ আইন ও আজ্ঞা দ্বারা, বিশেষতঃ ১৮৫০ সালের ৯আইন ও ১৮৬১ সালের ২৬ আইন দ্বারা উহাদের সংগঠন পরিবর্ত্তিত, বিচারাধিপত্য বর্দ্ধিত, এবং কার্য্যপ্রণালী সংশোধিত হইয়াছে। উক্ত আইনদ্বয়ক্রমে উহাদের অবস্থা প্রায় ইংলণ্ডীয় কৌন্টী কোর্টের তুল্য হইয়াছে। কিন্তু ইদানীন্তন কয়েক বৎসর যে গুরুতর ব্যবস্থাপ্রণয়নকার্য্য দ্বারা এতদ্দেশীয় অন্যান্য দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী সংস্কার হইয়াছে, ছোট আদালত গুলি বহুল পরিমাণে তৎকর্ত্তৃক অস্পৃষ্ট রহিয়াছে। ইহার ফল এই হইয়াছে যে উক্ত আদালতগুলি কিছু পুরাতন হইয়া পড়িয়াছে এবং ভারতবর্ষীয় বিচারসংক্রান্ত প্রণালীর অপরাংশের সহিত মিলে না, উহাদের ক্ষমতা ও কার্য্যপ্রণালী অনেক বিষয়ে অসম্পূর্ণ, এবং যদিও দক্ষতাসহকারে উহাদের কার্য্য সম্পন্ন হওয়াতে, লোকে সাধারণতঃ উহাদের প্রতি সন্তুষ্ট, তথাপি উহাদের অনেক সময়ে এরূপ প্রশ্নের বিচার করিতে হয়, যাহা (ভূতপূর্ব্ব একজন ছোট আদালতের জজ ও বর্ত্তমান মান্দ্রাজ হাই কোর্টের জজ বলিয়াছেন) "উক্ত আদালতে যে সকল লোক যায় সম্পূর্ণরূপে তাহাদের বোধাতীত, এবং ইংলণ্ডেও যাহার কোন কোনটির কেবল মাত্র ঐতিহাসিক মূল্য আছে"।

২। বহু বৎসর হইল কলিকাতার ছোট আদালতের দুই জন দক্ষতম জজ শ্রীযুক্ত পেগান সাহেব ও বুলমুয়া সাহেব এই সকল আদালত সংক্রান্ত ব্যবস্থা, সম্পূর্ণরূপে সংশোধন করিবার আবশ্যকতা প্রদর্শন করেন, এবং ১৮৬৮ সালে এই নিমিত্ত শ্রীযুক্ত পিট কেনেডী সাহেব এক পাণ্ডুলিপি প্রস্তুত করেন, কিন্তু উক্ত আদালত সমূহের বিচারাধিপত্য ও ক্ষমতা সংক্রান্ত কোন২ প্রস্তাব বিবেচনা করিয়া দেখিবার অপেক্ষায় এবিষয়ে অপর কার্য্যানুষ্ঠান সময়ে স্থগিত রহিয়াছে। এই সকল প্রস্তাব এক্ষণে সম্পূর্ণরূপে বিচার করিয়া দেখা হইয়াছে, এতৎ সম্বন্ধে যতদূর ঐকমত্য হইতে পারে হইয়াছে, এবং তদনুসারে সমুদয় ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা হইয়াছে।

৩। বিচারাধিপত্যের অর্থগত সীমা বর্দ্ধিত করিয়া ১০০০টাকা হইতে ২০০০ টাকা করাই এই পাণ্ডুলিপিগত সর্ব্বপ্রধান পরিবর্ত্তন। অনেক দিন হইল ১৮৬৭ সালে কলিকাতার ট্রেডস্ আসোসিয়েশন এইরূপ বৃদ্ধি করিবার প্রার্থনা করেন। তৎকালাবধি ইহা লইয়া অনেক বাদানুবাদ হইয়াছে। মান্দ্রাজ, বোম্বাই ও বঙ্গদেশের গবর্ণমেণ্ট, মান্দ্রাজের হাই কোর্ট, এবং পশ্চাল্লিখিত নিয়মাধীনে কলিকাতার হাই কোর্ট, ইহার অনুমোদন করেন। কেবল বোম্বাইর হাই কোর্ট হইতে এই বাধা উত্থাপিত হইয়াছে এবং বোধ হয় সীমাবৃদ্ধির নিয়মের প্রতি কোন আপত্তি আছে বলিয়াতত নয় যত এই নিয়ম সাধারণের গ্রাহ্য হইবে কি না এই আশঙ্কা এই বাধার মূল। পাণ্ডুলিপি প্রকাশ্য করা

গেলে পোষাক্ত বিষয় সম্বন্ধে মত স্থির করিতে আমরা অধিকতর সমর্থ হইব।

ইহা দৃষ্ট হইবে পাণ্ডুলিপি এরূপে প্রস্তুত করা হইয়াছে যে আদালতের গ্রাহ্য সর্ব্বশ্রেণীর মোকদ্দমা সম্বন্ধে বিচারাধিপত্য বৃদ্ধি করা গিয়াছে। কলিকাতার হাই কোর্ট জমিঘটিত মোকদ্দমা বাদ দিতে চাহেন; কিন্তু যতদূর সম্ভব এইরূপ কোন ভেদ না রাখাই ভাল বলিয়া বোধ হইয়াছে, কারণ যে শ্রেণীর লোকে ছোট আদালতে যায়, এবং যাহারা তাহাদের পরামর্শদাতা, সেই সকল লোকের এই ভেদ বুঝিতে কষ্ট হইবে, আশঙ্কা হয়।

বিদেশ কার্য্যহইতে শ্রীযুত বাবু জগচ্চন্দ্র রায়ের প্রত্যাগমনের তারিখ অবধি যশোহরের অন্তর্গত বাগীরহাটের প্রথম শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ দাস কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

হাজারীবাগের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধামাধব বসু ১৮৮০ সালের ৮ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

মানভূমের অন্তর্গত গোবিন্দপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই, এম, বেকর সাহেব, উক্ত জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

১৮৮১ সাল ১৪ জানুয়ারি।—হুগলীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব গত মাসের ২০ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে গত আগষ্ট মাসের ৩১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৮১ সাল ৫ জানুয়ারি।—লেপ্টেনেণ্ট শ্রীযুত ওয়ারেন্‌ হেষ্টিংস সাহেব দমদমা সেনানীবেশের মাজিষ্ট্রেটের ও উক্ত সেনানীবেশের ছোট আদালতের জজের পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীযুত জে, জে, লাইবস সাহেবের পরিবর্ত্তে রঙ্গপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এম, মাগ্রাথ সাহেব, এই মাসের ১১ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ত্রিপুরার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এম, জে, জি, কাম্বেল সাহেব, ১৮৮০ সালের ডিসেম্বর মাসের ৭ তারিখ অবধি ১৮৮১ সালের জানুয়ারি মাসের ৯ তারিখ পর্য্যন্ত বাকরগঞ্জের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিয়াছেন।

বগুড়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র গুপ্ত, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাসের ১ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইলেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত ঘাটাল মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামাক্ষয় চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৬ ধারামতে এক মাস বার দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ছুটী লওয়াতে হুগলির একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ দাস, শ্রীরামপুর মহকুমায় যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন তদবধি শ্রীরামপুরে অবস্থাপিত হইলেন।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, জি, এম, শার্কোর সাহেব এই মাসের ৮ তারিখের আজ্ঞামতে যে, ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই দিনের ছুটী পাইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটরী সাহেব, পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এম, এ, চিচেষ্টর সাহেবকে চিকিৎসকের সর্টিফিকেট-ক্রমে আর ছয় মাসের ছুটী দিয়াছেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮ সাল ১২ জানুয়ারি।—শ্রীযুত ডবলিউ, রাণ্ট্রে সাহেবের পরিবর্ত্তে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়, স্বীয় পদোপলক্ষে রাজমহলের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮১ সাল ৫ জানুয়ারি।—হাবড়ার গবর্ণমেণ্ট ইঞ্জিনিয়রিং কালেজের নক্সা বিদ্যার শিক্ষক শ্রীযুত জে, টি, বর্টলেট সাহেব যে তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন তদবধি সর্ব্বর্ডিনেট শিক্ষাসংক্রান্ত কার্য্যের প্রথম শ্রেণীতে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ৬ জানুয়ারি।—শ্রীযুত বাবু রাসেশ্বর চক্রবর্ত্তীর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কাল অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ছোট নাগপুর খণ্ডের স্কুলসমূহের একটিং আসিষ্টাণ্ট ইনস্পেক্টর শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত সর্ব্বর্ডিনেট শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

The 18th January 1881.—Baboo Rutton Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is appointed to be Secretary to the District School Committee of Rungpore, *vice* Baboo Nobin Chunder Dass

OPIUM —*The 15th January* 1881 —Mr O O'Donnell acted as an Assistant Sub-Deputy Opium Agent in the Benares Agency from the 9th June to the 8th August 1880 inclusive, *vice* Mr J E Hand, on leave

The 17th January 1881 —Mr C F Wintle, Sub-Deputy Opium Agent, Allahabad, is appointed to act, until further orders, as Sub-Deputy Opium Agent of Aligurh, with effect from the date on which he received charge

MEDICAL —*The 13th January* 1881 —Assistant Surgeon Amrita Lal Banerjee, a Supernumerary at the Presidency, is allowed leave for six months without pay, under Section 17A of the Civil Leave Code

The 18th January 1881 —The services of Assistant Surgeon Khirode Kumar Dutta, a Supernumerary at the Presidency, are placed at the disposal of the Governors of the Mayo Hospital

ROAD CESS —*The 17th January* 1881 —The Senior Deputy Magistrate and Deputy Collector of Dinagepore for the time being is appointed to be an *ex-officio* member of the District Road Cess Committee of that district

The 18th January 1881 —Mr G G Dey, Joint-Magistrate and Deputy Collector, is appointed to be a member of the District Road Cess Committee of Monghyr, *vice* Mr J Kennedy

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 14th January 1881 —The following notification is published in continuation of that dated the 4th instant, which appeared in the *Calcutta Gazette* of the 5th idem —

Mr T D Moran, temporary Deputy Magistrate and Deputy Collector, Diamond Harbour, 24-Pergunnahs, passed in Bengali by the Lower Standard at the half-yearly departmental examination of Assistant Magistrates and others held in November last

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 11th January 1881 —Mr H W McCann, a Professor in the Presidency College, having passed by the Proficiency Standard in Bengali at the examination held on the 3rd instant, is allowed to draw the authorized donation of Rs 1,000 under the rules for the encouragement of the study of Oriental languages among graded European officers of the Bengal Educational Service

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th January 1881 —In continuation of the Notification dated the 4th instant, published in the *Calcutta Gazette* of the 5th idem, Part I, page 5, and in exercise of the powers conferred on him by section 3 of the Indian Census Act, 1880, the Lieutenant-Governor delegates to the chief military authority in each cantonment in Bengal the power of appointing Census officers for the purpose of taking the Census within such limits as may be determined in communication with the civil authorities

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 12th January 1881 —It is hereby notified that Moonshee Shumsheer Ali, late treasurer of the Darjeeling treasury, who has been sentenced to four years' rigorous imprisonment on charges of criminal breach of trust and framing incorrect documents

[*Government Gazette, 25th January* 1881]

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীযুত বাবু নবীনচন্দ্র দাসের পরিবর্ত্তে রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষ, রঙ্গপুর জিলার স্কুল কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

আফীম বিষয়ক।—১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—শ্রীযুত জে, ই, হাও সাহেব ছুটী লওয়াতে শ্রীযুত ও'ডোনেল সাহেব ১৮৮০ সালের জুন মাসের ৯ তারিখ অবধি আগষ্ট মাসের ৮ তারিখ পর্য্যন্ত বাণারস এজেন্সীর আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিয়াছেন।

১৮৮১ সাল ১৭ জানুয়ারি।—আলাহাবাদের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এফ উইণ্টল সাহেব, আলিগড়ে যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন তদবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় তথাকার আফীমের সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮১ সাল ১৩ জানুয়ারি।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত অমৃতলাল বন্দ্যোপাধ্যায়, সিবিল কর্ম্মকারকদের ছুটীর বিধির ১৭ A ধারামতে বিনা বেতনে ছয় মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত ক্ষীরদকুমার দত্ত, মেও হাস্পাতালের অধ্যক্ষদের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৮১ সাল ১৭ জানুয়ারি।—যিনি যে সময়ে দিনাজপুরের পদজ্যেষ্ঠ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হন, তিনি স্বীয় পদোপলক্ষে উক্ত জিলার পথকর কমিটীর মেম্বর হইবেন।

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীযুত জে, কেনেডি সাহেবের পরিবর্ত্তে জাইণ্টমাজিষ্ট্রেট ও ডেপুটী-কালেক্টর শ্রীযুত জি, জি, ডে সাহেব মুঙ্গের জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৪ জানুয়ারি।—এই মাসের ১১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত এই মাসের ৪ তারিখের বিজ্ঞাপনের আনুষঙ্গিক নিম্নলিখিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গত নবেম্বর মাসে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট প্রভৃতির কার্য্যবিভাগ সম্পর্কীয় যে ষাণ্মাসিক পরীক্ষা হয় তাহাতে ২৪ পরগনার অন্তর্গত কলাগাছীর কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত টি, ডি, মোরান সাহেব, নিম্নতর বক্তিমতে বঙ্গভাষায় পরীক্ষোত্তীর্ণ হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৪ জানুয়ারি।—এই মাসের ৩ তারিখে যে পরীক্ষা হয় তাহাতে প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত এচ, ডবলিউ, মাক্কান সাহেব বঙ্গভাষায় বিশেষ বিজ্ঞতার পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের জেনারেল ইউরোপীয় কর্ম্মচারিদের মধ্যে প্রাচ্য ভাষাভ্যাস করণের উৎসাহ দানার্থ বিধিমতে ১০০০৲ টাকা পুরস্কার গ্রহণের অনুমতি পাইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৭ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই মাসের ১১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৩৩ পৃষ্ঠায় প্রকাশিত এই মাসের ৪ তারিখের বিজ্ঞাপনের অতিরিক্ত এবং ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ বিষয়ক ১৮৮০ সালের আইনের ৩ ধারামতে তৎপ্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি সিবিল কর্ত্তৃপক্ষদের সঙ্গে মিলন পাঠন করিয়া যে সীমা স্থির হয় তন্মধ্যে লোকসংখ্যা গ্রহণের কার্য্যপক্ষে বঙ্গদেশের অন্তর্গত প্রত্যেক সেনানিবেশের সামরিক প্রধান কর্ত্তৃপক্ষের প্রতি লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারি নিযুক্ত করিবার ক্ষমতা দিলেন।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১২ জানুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, দার্জ্জিলিঙ্গের খাজানাখানার ভূতপূর্ব্ব খাজাঞ্চি মুনশী শ্রীমহম্মদআলি রাজকীয় কার্য্যকারক হওয়া অপরাধভাবে বিশ্বাস ঘাতকতা ও অশুদ্ধ হিসাব প্রস্তুত করণের অপরাধী প্রমাণ হওয়াতে তাহার কঠিন পরিশ্রম সহিত চারি বৎসরের কারাদণ্ড আজ্ঞা হইয়াছে, অতএব সে আর কখন কোনরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম পাইতে পারিবে না বলিয়া প্রকাশ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি]

as a public servant, is declared incapable of serving Government again in any capacity. The following descriptive roll of the prisoner is published for general information —

Name of the offender and that of his father	Height description and other distinguishing marks	Age	Religion caste and race	Residence	Offence.	Punishment, and court by which awarded	Occupation before dismissal
Shumsheer Ali son of Bahurali	Height 5 feet 8 inches complexion brown, a black mole on the right side of head several white scars on the chest and two black moles on the left side of the neck prominent	55 years	Mahomedanism Mussulman, Bengalee	Village Syamasikatta, Boyekuntipur district Julpigoree	Sections 409 and 167 Indian Penal Code.	Four (4) years rigorous imprisonment by the Judge of Dinagepore.	Treasurer of Darjeeling treasury

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 8th January 1881 —The following Civil Hospital Assistants passed the Professional Examination prescribed for officers of that class, held on the 21st of October 1880

NAMES	Attached to	Class	Date of rank	Date of passing English Qualification according to G O No 945 of 7th October 1868
Koylash Chunder Chuckerbutty	Piplee Dispensary	2nd class	22nd June 1871	7th November 1876.
Gour Kumar Mookerjee	Nya Doomka Dispensary	1st "	29th June 1866	7th April 1870
Hurry Puddo Chowdhry	Northern Bengal State Railway	2nd "	4th July 1870	15th February 1871
Abinash Chunder Mookerjee	Battashim Dispensary	2nd "	24th July 1872	27th September 1874.

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 8th January 1881 —The following Civil Hospital Assistants passed the English Qualification Examination prescribed for officers of that class, held on the 21st October 1880.

Names	Attached to
Habiboolla	Saidpore Hospital
Obhoy Churn Ghose ...	Bhuddruck Sub-division and Dispensary

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 11th January 1881 —Under Section 32, Act V (B C) of 1876, the Lieutenant-Governor is pleased to exclude from the operation of the said Act the road noted in the margin, which is at present under the charge of the Kurseong Municipality, and to transfer to the charge of the Public Works Department

One and a half mile of the Punkhabaree road between Mukaibaree and Kurseong

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 15th January 1881 —The declaration dated the 16th November 1880, published at page 1046, Part I, of the *Calcutta Gazette* of the 17th idem, for the acquisition of a piece of land in the village of Shibpore, pergunnah Paikan, zillah Hooghly, within the Municipality of Howrah, required for the purposes of a night-soil collection depôt, is hereby cancelled.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 25th January* 1881.]

বঙ্গীয় নিম্নলিখিত বিবরণ সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

অপরাধির ও তৎপিতার নাম।	দৈর্ঘতা বিবরণ ও শরীরের অন্যান্য চিহ্ন।	বয়স	ধর্ম, জাতি ও বংশ।	বাসস্থান।	অপরাধ।	দণ্ড ও দণ্ডাজ্ঞাকারি আদালত।	কর্মচ্যুত হইবার পূর্ব্বে ব্যবসায়।
বখরালির পুত্র শ্রী খয়ঝারআলি।	৫ ফুট ৬ ইঞ্চ উচ্চ, শ্যামবর্ণ মস্তকের ডাইন দিকে কাল আঁচিল বুকে অঙ্গের অনেক শাদা দাগ ও গলার বাঁদিকে দুইটা কাল আঁচিল, ও ভুলা।	৫৫ বৎসর	মুসলমানধর্ম্মি মুসলমান, বাঙ্গালি	জলপাইগুড়ি জিলার অন্তর্গত বৈকুণ্ঠপুরের সামিল সন্ন্যাসী কাটা।	ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ৪০৯ ও ১৬৭ ধারা।	দিনাজপুরের জজ সাহেব কর্ত্তৃক কঠিন পরিশ্রম সহিত চারি বৎসরের কারাদণ্ড।	দার্জিলিঙ্গের থানাদারের থানাকী।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৮ জানুয়ারি।—১৮৮০ সালের অক্টোবর মাসের ২১ তারিখে যে পরীক্ষা হয় তাহাতে নিম্নলিখিত সিবিল হাস্পাতাল আসিষ্টান্টেরা সেই শ্রেণীর কার্য্যকারকদের নিমিত্তে নির্দ্দিষ্ট ব্যবসায় সম্পর্কীয় পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

নাম।	যে স্থানে নিযুক্ত।	শ্রেণী।	পদপ্রাপ্তির তারিখ।	গবর্ণমেণ্টের ১৮৬৮ সালের ৭ অক্টোবরের ৯৩৫ নং সাধারণ আজ্ঞানুসারে ইংরাজী ভাষায় পরীক্ষা উত্তীর্ণ হইবার তারিখ।
শ্রীযুত কৈলাসচন্দ্র চক্রবর্ত্তী	পিপলি ঔষধালয়	দ্বিতীয়	১৮৭১ সাল ২২জুন	১৮৭৬ সাল ৭ নবেম্বর।
,, গৌরমোহন মুখোপাধ্যায়।	নয়াহুমকা ঔষধালয়	প্রথম	১৮৭৭ সাল ২৯ জুন	১৮৭০ সাল ৭ আপ্রিল।
,, হরিপদ চৌধুরী	বঙ্গদেশের উত্তর দিকের ষ্টেট রেলওয়ে।	দ্বিতীয়	১৮৭০ সাল ৪ জুলাই	১৮৭১ সাল ৫ ফেব্রুয়ারি।
,, অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।	বড়াগ্রাম ঔষধালয়	দ্বিতীয়	১৮৭১ সাল ১৪ জুলাই	১৮৭৪ সাল ১৭ সেপ্টেম্বর।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৮ জানুয়ারি।—১৮৮০ সালের অক্টোবর মাসের ২১ তারিখে যে পরীক্ষা হয় তাহাতে নিম্নলিখিত সিবিল হাস্পাতাল আসিষ্টান্টের সেই শ্রেণীর কার্য্যকারকদের নিমিত্তে নির্দ্দিষ্ট ইংরাজী ভাষার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

নাম।	যে স্থানে নিযুক্ত।
শ্রীযুত হবিবুল্লা	সৈয়দপুর হাস্পাতাল।
,, অভয়াচরণ ঘোষ ...	ভদ্রক মহকুমায় ও ঔষধালয়ে।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১১ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, ১৮৭৬ সালের ৫ আইনের ৭১ ধারামতে উক্ত আইনের কার্য্যপ্রচলন হইতে সম্প্রতি কর্সিয়ঙ্গ মিউনিসিপালটীর কর্ত্তৃত্বাধীন পার্শ্বলিখিত পথ বহিষ্কৃত করিয়া পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের প্রতি তাহা অর্পণ করিলেন।

মকাইবাড়ী ও কর্সিয়ঙ্গের মধ্যগত পঙ্খাবাড়ী পথের দেড় মাইল

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—হুগলী জিলার অন্তর্গত পাইকান পরগনার হাবড়া মুনিসিপালিটীর মধ্যে শিবপুর গ্রামে বিষ্টা কেলিবার স্থানের নিমিত্ত একখণ্ড ভূমি গ্রহণ। সম্বন্ধ ৮০ সালের নবেম্বর মাসের ১৯ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১০৯ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা রহিত করা গেল।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

NOTIFICATION

The 15th January 1881 —In the exercise of the powers conferred on him by Section 299 Act V (B C) of 1876, the Lieutenant-Governor is pleased, on the recommendation of the Commissioners of the Madareepore Municipality in the district of Furreedpore, made at a meeting, to extend to that Municipality the provisions of Part IX, Chapter II, of the said Act

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 15th January 1881 —In the exercise of the powers conferred on him by Section 78, Act V (B C) of 1876, and in compliance with the recommendation of the Commissioners of the Municipality of Krishnaghur in the district of Nuddea, made at a meeting, the Lieutenant-Governor sanctions the registration by them under section 133 of the Act, of all carts kept or habitually used within the said Municipality, and the levy under section 134, from the 1st April 1881, of fees upon every cart for such registration at rates not exceeding Rs 2 per annum for each cart

COLMAN MACAULAY,
Offg Secy. to the Govt of Bengal

NOTIFICATION

The 14th January 1881 —In exercise of the powers conferred upon him by section 314 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant Governor confirms the two additional bye-laws stated at foot of this notification, which were made by the Commissioners of the Municipality of Darjeeling, at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given, and in exercise of the powers conferred by section 315 of the same Act, the Lieutenant-Governor sanctions the penalties which have been declared by the said Commissioners for any breach of the said bye laws —

59 Within municipal limits, the external roofs and walls of huts or other buildings, which are about to be erected, or the roofs or walls of which are about to be renewed or thoroughly repaired, shall not be made of grass, leaves, mats, or other inflammable material, without the written permission of the Municipal Commissioners previously obtained

The penalty for the contravention of this bye-law shall be a fine not exceeding Rs 20, and a further fine not exceeding Rs 2 for each day during which the offence is continued after the offender is required by notice in writing to desist

60 Within municipal limits no person shall fire any mine, or blast in or near any public road, except between the hours of 6 A M to 8 A M, nor without having taken precautions to warn passers-by that the blast or mine is to be fired

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 227A

The 15th January 1881 —Lieutenant Warren Hastings, Cantonment Magistrate, Dum-Dum, and Judge of the Small Cause Court of that Cantonment, is vested with the powers of a Magistrate of the Second Class

Lieutenant Warren Hastings is also appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control

The 17th January 1881 —Baboo Hur Nath Ghose, Moonsif of Thakurgaon in the district of Dinagepore, is appointed to be a Moonsif in the district of Cuttack, and to be ordinarily stationed at Balasore

[*Government Gazette, 25th January* 1881]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৭ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ফরীদপুর জিলার অন্তর্গত মাদারীপুর মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৯ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া ও নদীয় জিলার অন্তর্গত কৃষ্ণনগর মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে তিনি, উক্ত মুনিসিপালিটীর মধ্যে যে সকল গরু গাড়ী রাখা যায় ও নিয়মিত ব্যবহার হয় উক্ত আইনের ১৩৩ ধারামতে তাহা রেজিস্টরী করিবার ও ১৩৪ ধারামতে ১৮৮১ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রত্যেক গরুর গাড়ী তদ্রূপ রেজিস্টরী করিবার জন্যে বৎসর ২৲ টাকার অনধিক হারে ফী আদায় করিবার অনুমতি দিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—দার্জিলিঙ্গ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা উপযুক্ত মত নোটিস দিয়া ও ভা করিয়া নিম্নলিখিত যে দুই উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করিলেন। এবং উক্ত কমিশ্যনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যেই দণ্ড ধার্য্য করিয়াছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৩১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই দণ্ড অনুমোদন করিলেন।

৫৯। মুনিসিপল কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে মুনিসিপল সীমার মধ্যে খড়ুয়া বা অন্য যে সব নির্ম্মাণ করিতে হইবে বা, তাহার যে চাল বা দেওয়াল পুনরায় নূতন করিয়া বা সর্ব্বতোভাবে মেরামৎ করিতে হইবে তাহা খড় বা পাতা বা চাটাই বা আশু জ্বলনশীল অন্য দ্রব্য দ্বারা করিতে হইবে না।

এই উপবিধি লঙ্ঘন জন্য ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড ও নোটিস দিয়া অপরাধিকে তাহা করিবার নিষেধ করা গেলেও সেই অপরাধ করিতে থাকিলে দিন প্রতি আর ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

৬০। পূর্ব্বাহ্ণ ৬ অবধি ৮ টার মধ্য সময় ভিন্ন অন্য সময়ে কিম্বা রাস্তে বা সুড়ঙ্গ আগুন দেওয়া যাইবে এই কথা পথিকদিগকে না জানাইয়া কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত সরকারী কোন পথে বা তন্নিকটস্থ কোন সুড়ঙ্গ বা রাস্তে আগুন দিবে না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেন্ট

২২৭ A নম্বর।

১৮৮১ সাল ১১ জানুয়ারি।—দমদমা সেনানিবেশের মাজিস্ট্রেট ও উক্ত সেনানিবেশের ছোট আদালতের জজ লেপ্টেনেন্ট শ্রীযুত ওয়ারেন হেষ্টিংস সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা পাইলেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ওয়ারেন হেষ্টিংস সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শান্তিরক্ষার্থ জষ্টিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১১ জানুয়ারি।—দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু হরনাথ ঘোষ কটক জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সম্প্রতি বালেশ্বরে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

Baboo Chunder Prosonno Dutt, Moonsif of Balasore, on leave, is appointed to be a Moonsif in the district of Dinagepore, and to be ordinarily stationed at Thakurgaon.

Baboo Debendro Nath Roy, M A and B L, is appointed to act as a Moonsif in the district of Dinagepore, and to be ordinarily stationed at Thakurgaon, during the absence, on leave, of Baboo Chunder Prosonno Dutt, or until further orders

The 18th January 1881 —Baboo Kopali Prosonno Mookerjee, M A and B L, is appointed to act as a Moonsif in the district of Purneah, during the absence, on leave, of Shah Lutafat Hossein, or until further orders Baboo Kopali Prosonno Mookerjee will be ordinarily stationed at Arrareah

Baboo Brojonath Roy L L, is appointed to act as a Moonsif in the district of Dacca, and to be ordinarily stationed at Kaligunge, during the absence, on leave, of Baboo Bhoobun Mohun Roy or until further orders

Baboo Rakhal Chundra Bose, B L, Moonsif of Chandpore in the district of Tipperah, is vested, under Section 29 of the Bengal Civil Courts Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such courts up to the value of Rs 50

Baboo Hurrinath Roy, B L, is appointed to act as a Moonsif in the district of Midnapore, and to be ordinarily stationed at Nemal, during the absence, on leave, of Baboo Tara Charan Sen, B L, or until further orders

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 12th January* 1881 —Baboo Bhoobun Mohun Roy, Second Moonsif of Kaligunge, in the district of Dacca has been allowed leave of absence for three months under the Rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

Baboo Chundra Prosunno Dutt, Moonsif of Balasore, in the district of Cuttack, has been allowed privilege leave of absence for two months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

The 14th January 1881 —Shah Lutafut Hossein, Additional Moonsif of Arrareah, in the district of Purneah, has been allowed leave of absence for one month and-a half, under Section 10, Supplement F of the Civil Leave Code, with effect from the 1st February 1881.

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 13th January 1881 —It is hereby notified that the Lieutenant-Governor authorizes the extension of the provisions of Act II (B C) of 1867 (an Act for the punishment of public gambling and the keeping of common gaming-houses), to the towns of Daltongunge, Shahpore, and Chainpore, in the district of Lohardugga, as defined by the boundaries mentioned below —

DALTONGUNGE INCLUDING NOWATOLI

On the north —An irregular line drawn due west from the junction of the Behar and Ranchee roads along a dhorha rising behind the bungalow of Mr Hodges and running behind those of Thakurai Janki Singh occupied by the Assistant Conservator of Forests, and of the Inspector of Police to that point in the Koel river near village Kund where the dhorha falls into the Koel

On the east —A straight line drawn due south from that point where the northern boundery begins across two dhorhas and fields, and going outside the houses of Bundhun Bhuya and Dobra Bhuya in Nowatoli to a rock in the bed of the Koel river off Nowatoli where the river turns to the west

On the south and west —The Koel river

SHAHPORE

On the north —The Koel river

On the south —A straight line drawn due west from the masonry altar of the goddess Debi (known as Debisthan) across fields and a dhorha to the middle of Mr Forbes's lake (commonly called Forbes's Bund) where a dhorha takes its rise.

[*Government Gazette, 25th January* 1881]

ছুটী প্রাপ্ত বালেশ্বরের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত, দিনাজপুর জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ ঠাকুরগাঁয়ে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু চন্দ্র প্রসন্ন দত্তের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু দেবেন্দ্রনাথ রায় এম, এ, ও বি এল, দিনাজপুর জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ ঠাকুরগাঁয়ে অবস্থাপিত হইবেন।

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীযুত শাহ লতাফৎ হুসেনের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু কপালি প্রসন্ন মুখোপাধ্যায়, এম, এ, ও বি, এল, পুরনিয়া জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন, তিনি সামান্যতঃ অররিয়ায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু ভুবনমোহন রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু ব্রজনাথ রায়, এল, এল, ঢাকা জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ কালীগঞ্জে অবস্থাপিত হইবেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাখালদাস বসু, বি, এল, ছোট আদালতের নির্দ্ধারিত ৫০০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু তারাচরণ সেন, বি, এলের, ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু হারনাথ রায়, বি, এল, মেদিনীপুর জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ নেমালে অবস্থাপিত হইবেন।

মুনসেফদের ছুটী।—১৮৮১ সাল ১১ জানুয়ারি।—ঢাকা জিলার অন্তর্গত কালীগঞ্জের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু ভুবনমোহন রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

কটক জিলার অন্তর্গত বালেশ্বরের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ১৪ জানুয়ারি।—পুরনিয়া জিলার অন্তর্গত অররিয়ার অতিরিক্ত মুনসেফ শ্রীযুত শাহ লতাফৎ হুসেন সিবিল কার্য্যকারকদের ছুটীর ''চিহ্নিত পারিশিষ্ট বিধির ১০ ধারামতে ১৮৮১ সালের ১ ফেব্রুয়ারি অবধি দেড় মাসের ছুটী পাইলেন।

হবেস এ কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৩ জানুয়ারি।—এতদ্দ্বারা এ সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, সামান্য দ্যূতক্রীড়া ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের বিধান লোহারডগা জিলার অন্তর্গত দালতনগঞ্জ ও শাহপুর ও চাঁদনপুর নগরের নিম্ননির্দ্দিষ্ট সীমার মধ্যে প্রচলিত হইবার আজ্ঞা করিলেন।

নওয়াতলী সুদ্ধ দালতনগঞ্জ।

উত্তর সীমা।—বিহার ও রাঞ্চিপথের সংযোগ স্থান অবধি হক সাহেবের বাঙ্গলার পশ্চাৎ হইতে উপস্থিত ও আসিষ্টাণ্ট বনরক্ষকের ও পোলীস ইনিস্পেক্টরের দখলী ঠাকুরাই জানকী সিংহের বাঙ্গলার পশ্চাৎ দিয়া গামি ধোরহা কুণ্ড গ্রামের নিকট কোয়েল নদীর যে স্থানে পড়ে সেই স্থানপর্য্যন্ত ঐ ধোরহার সঙ্গেং খাড়া পশ্চিম মুখে টানা আঁকাবাঁকা রেখা।

পূর্ব্ব সীমা।—যে স্থানে উত্তর সীমা আরম্ভ হয় সেই স্থান অবধি দুই ধোরহার ও ক্ষেত্রের উপর দিয়া নওয়াতলির কতক দূরের যে স্থানে নওয়াতলির বন্ধন ভূমের ও দোবরা ভূমের বাড়ীর বাহির দিয়া নওয়াতলির কতক দূরের যে স্থানে কোয়েল নদী পশ্চিম মুখে ফিরে সেই স্থানে কোয়েল নদীর খাতসহ পার ৬ পর্য্যন্ত খাড়া দক্ষিণমুখে টান সরল রেখা।

দক্ষিণ ও পশ্চিম সীমা।—কোয়েল নদী।

শাহপুর।

উত্তর সীমা।—কোয়েল নদী।

দক্ষিণ সীমা।—ক্ষেত্রের ও ধোরহার উপর দিয়া দেবীস্থান নামে খ্যাত দেবীর পাকা বেদি হইতে খাড়া পশ্চিমমুখে কর্দ্দম বাঁধ নামে কর্দ্দম সাহেবের হদ পর্য্যন্ত টানা সরল রেখা, এই খানে ধোরহার উৎপত্তি স্থান।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

On the east —An irregular line drawn due north from that point where the southern boundary begins, going outside a mangoe-tope and the ruins of a masonry building of the late Rajah of Palamow, to the big chilbil tree on the bank of the Koel river near Chhokouri Sahoo's Temple

On the west —An irregular line drawn due north from that point where the northern boundary ends along the dhorha which rises there to a big seemull tree where the dhorha falls into the Koel

CHAINPORE

On the north —A slightly irregular line drawn due west from that point in the Mandhata river where the footpath from Shahpore to Kunkuree crosses that river through rice fields and a reservoir of water for irrigation to the north west corner of Baghubar Sahoo's tank where there is a temple

On the east —A straight line drawn due south from that point where the northern boundary begins along the footpath from Shahpore to Kunkuree to the masonry well of Thakuri Ram Sarun Sing on the boundary between Kunkuree and Bhaigau

On the south —An irregular line drawn due west from the well where the eastern boundary ends through fields going outside the houses of Chhuttu Kahar and Bigun Kahar on the south of Mandhata river and then crossing that river to an old tank of the Thakurs of Chainpore in the mangoe-tope called the Andheri Bagicha

On the west —A straight line drawn due north from the tank where the southern boundary ends to the north-west corner of Raghubar Sha's tank where the northern boundary ends

This notification will have effect from the 3rd February 1881

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 13th January 1881 —In continuation of the Notification dated the 24th October 1879, published in the *Calcutta Gazette* of the 5th November 1879, page 1108 the Lieutenant-Governor authorizes the extension of the provisions of Section 11 of Act II (B C) of 1867 (an Act for the punishment of public gambling and the keeping of common gaming-houses) to the town of Ranchee, in the district of Lohardugga, as defined by the boundaries mentioned below —

On the north —By Hatma village

On the south —Dorunda river

On the east Dorunda and Hazaribagh road

On the west —Irgo village

This notification will have effect from the 3rd February 1881

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

CIVIL BUILDINGS

The 15th January 1881

No 16 —*Declaration under Section 6 of Act X of 1870 of the Government of India*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz , for the subsidiary jail at Madaripore in the village of Amirabad, pergunnah Rajnagarh, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 5 beeghas 6 cottahs 8 chittacks of standard measurement, bounded on the north by land belonging to the Pals of Lonzone, on the east by a ditch, on the west and south by the Madaripore village road, is required within the aforesaid village of Amirabad

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

[*Government Gazette, 25th January* 1881]

পূর্ব্ব সীমা।—যেখানে দক্ষিণ সীমা আরম্ভ হয় সেই স্থান অবধি আম্র বাগানের ও পালার্মোরের মৃত রাজার ভগ্ন পাকা অট্টালিকার বাহির দিয়া হকডি সাহুর মন্দিরের নিকট কোরেল নদীর ধারের বড় চিলবিল বৃক্ষ পর্য্যন্ত গামি খাড় উত্তর মুখে টানা আঁকাবাঁকা রেখা।

পশ্চিম সীমা।—উত্তর সীমা যে স্থানে শেষ হয় সেই স্থান অবধি ধোরহার সঙ্গে২ গিয়া (ধোরহার উৎপত্তি স্থান এইখানে) কোয়েল নদীর যেস্থানে উক্ত ধোরহা পড়ে সেই স্থানের বড় শিমুল গাছ পর্য্যন্ত খাড়া উত্তর মুখে টানা আঁকা বাঁক রেখা।

চাইনপুর।

উত্তর সীমা।—শাহপুর অবধি কল্করি পর্য্যন্ত পদব্রজে গমনের পথ যে স্থানে মাস্কাতা নদী পার হয় সেই স্থান হইতে ধান্যক্ষেত্রের ও জল সেচনার্থে রক্ষিত জলাশয়ের মধ্য দিয়া রঘুবর সাহুর পুষ্করিণীর উত্তর পশ্চিম কোণ পর্য্যন্ত (এইখানে মন্দির আছে) খাড়া পশ্চিম মুখে টানা এবং বক্র রেখা।

পূর্ব্বসীমা।—যে খানে উত্তর সীমা আরম্ভ হয় সেই স্থান হইতে শাহপুর অবধি কল্করি পর্য্যন্ত পদব্রজে গমনের পথের সঙ্গে২ কল্করী ও টৈগনের মধ্যগত সীমার ঠাকুরী রামসরণের পাকা ইঁদারা পর্য্যন্ত খাড়া দক্ষিণ মুখে টানা সরল রেখা।

দক্ষিণ সীমা।—পূর্ব্ব সীমা যে খানে শেষ হয় সেই ইঁদারা হইতে ক্ষেত্রের মধ্যদিয়া মাস্কাতা নদীর দক্ষিণ ছটু কাহার ও বিগন কাহারের বাড়ীর বাহির দিয়া গিয়া উক্ত নদী পার হইয়া আক্ষেরি বাগিজা নামে আম্রবাগানে চাইনপুরের ঠাকুরিদের পুরাতন পুষ্করিণী পর্য্যন্ত খাড়া পশ্চিম মুখে টানা আঁকাবাঁকা রেখা।

পশ্চিম সীমা।—যে স্থানে দক্ষিণ সীমা শেষ হয় পুষ্করিণী হইতে রঘুবর শার পুষ্করিণীর উত্তর পশ্চিম কোণ (এই স্থানে উত্তর সীমা শেষ হয়) পর্য্যন্ত খাড়া উত্তর মুখে টানা রেখা।

১৮৮১ সালের ৩ ফেব্রুয়ারি অবধি এই বিজ্ঞাপন কলবৎ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৩ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৯ সালের নবেম্বর মাসের তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের ২৪ অক্টোবরের বিজ্ঞাপনের অতিরিক্ত লোহারডগা জিলার অন্তর্গত রাঞ্চি নগরে সামান্য দ্যুতক্রীড়ার ও সাধারণ দ্যুতগৃহ রাখিবার দণ্ড বিধায়ক ১৮৬৭ সালের ২ আইনের ১১ ধারারবিধান প্রচলিত হইবার আজ্ঞা করিলেন। উক্ত নগরের নিম্নলিখিত সীমা হইবে।

উত্তর সীমা।—হাতমা গ্রাম।
দক্ষিণ সীমা।—দরুন্দা নদী।
পূর্ব্ব সীমা।—দরুন্দা ও হাজারিবাগের পথ।
পশ্চিম সীমা।—ইর্গো গ্রাম।

১৮৮১ সালের ৩ ফেব্রুয়ারি অবধি এই বিজ্ঞাপন কলবৎ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮১ সাল ১৫ জানুয়ারি।

১১ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ফরীদপুর জিলার অন্তর্গত রাজনগর পরগণার আমিরাবাদ গ্রামে মাদারীপুরের অফিস্ক জেল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত আমিরাবাদ গ্রামে কমিবেশে ন্যূনাধিক ৫।১। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা সুজনের পাগজের ভূমি, পূর্ব্ব সীমা খানা, পশ্চিম ও দক্ষিণ সীমা মাদারীপুর গ্রামের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

LOCAL COMMUNICATIONS

The 17th January 1881

No 17 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for completing the incomplete portion of the road from Khorar to Burdah in the villages of Khorar, Dulpatipore, and Nirmalbazar, pergunnah Burdah, zillah Midnapore, it is hereby declared that for the above purpose two plots of land, one 2,507 feet in length, with an average breadth of 61 feet, and the other 154 feet in length and 30 feet in breadth, measuring, more or less, 15 beeghas 19 cottahs and 12 chittacks of standard measurement, are required within the aforesaid villages of Khorar, Dulpatipore, and Nirmalbazar

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

T H WICKES,
Asst Secy to the Govt of Bengal,
P W Dept

IRRIGATION

NOTIFICATION—ESTABLISHMENT

The 15th January 1881

No 6 —*Leave* —In supersession of the orders marginally noted, Mr J C Vertannes, Superintending Engineer, third grade, South-Western Circle, is granted privilege leave for one month, under Section 44 of the Civil Leave Code, with effect from the 11th instant

No 170, dated 30th December 1880

No 7 —*Notification* —With reference to the orders marginally noted, Mr J C Vertannes, Superintending Engineer, third grade, South-Western Circle, made over charge of his office to Mr J H Apjohn, Executive Engineer, second grade, Circular and Eastern Canals Division, on the afternoon of the 10th instant

No 171, dated 30th December 1880

No 8 —*Transfer* —Mr A, C O Rogers, Assistant Engineer, first grade, is transferred, in the interests of the public service, from the Eastern Sone to the Gunduck Division, which he joined on the afternoon of the 5th instant

The 17th January 1881

No 9 —*Posting* —With reference to the orders marginally noted, Baboo Omrito Lall Roy Chowdhry, Assistant Engineer, first grade, joined the office of the Superintending Engineer, South-Western Circle, on the forenoon of the 13th instant

No 4, dated 10th January 1881

No 11 —*Declaration* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz, for an escape channel from the Kuruth Distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 2 miles and 100 feet in length, and varying from 60 to 120 feet in width, and containing 20 acres 2 roods and 26 poles of land, more or less, and passing through mouzahs Kurruth, Akrounge, and Tararki, pergunnah Peeroo, zillah Shahabad, is required

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

C TAYLOR,
Offg Assistant Secretary,
for Joint-Secy to the Govt of Bengal, in the P W Dept,
Irrigation Branch

স্থানীয় ও আদি বিষয়ক।

১৮৮২ সাল ১৭ জানুয়ারি।

১৭ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত বর্দ্ধ পরগনার খোরার ও দলপতিপুর ও নির্ম্মলবাজার গ্রামে খোরার অবধ বন্দ পর্য্যন্ত পথের অসম্পূর্ণ অংশ সম্পূর্ণ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত খোরার ও দলপতিপুর ও নির্ম্মলবাজার গ্রামে এক খণ্ড ন্যূনাধিক ২৫০১ ফুট দীর্ঘ ও গড় ৮১ ফুট প্রস্থ ও অন্য খণ্ড ১৫৬ ফুট দীর্ঘ ও ৩০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ১।৭৪৮ ছটাক পরিমিত দুই খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিবিল ভুক্তা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১২ জানুয়ারি।

৬ নম্বর। ছুটী।—পার্শ্বলিখিত আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। দক্ষিণ পশ্চিম চক্রের তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, বটনেস সাহেব, সিবিল কার্য্যকারক দল ছুটীর বিধির ৪৪ ধারামতে এই মাসের ১১ তারিখ অবধি এক মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৮০ সালের ৩০ নবেম্বরের ১৭০ নম্বর।

৭ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দক্ষিণ পশ্চিম চক্রের তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, বটনেস সাহেব সরকুলর ও পূর্ব্ব খাল খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এচ, আপজন সাহেবের প্রতি এই মাসে ১০ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মের ভারার্পণ করিলেন।

১৮৮০ সালের ৩০ ডিসেম্বরের ১৭১ নম্বর।

৮ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজস সাহেব, রাজকার্য্যের অর্থের নিমিত্তে পূর্ব্ব সোণ খণ্ড হইতে গণ্ডক খণ্ডে প্রেরিত হইয়া এই মাসের ৫ তারিখের অপরাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮১ সাল ১৭ জানুয়ারি।

৯ নম্বর।—অবস্থিতির কথা।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু অমৃতলাল রায় চৌধুরী এই মাসের ১৩ তারিখের পূর্ব্বাহ্নে দক্ষিণ-পশ্চিম চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের অফিসে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ১০ জানুয়ারির ৪ নম্বর।

১১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কবর জলনিষ্কাশনের নালা হইতে জল যাইবার নাল করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত পীরু পরগনার কবর ও অক্রৌঙ্গী ও ভাগি মৌজার মধ্য দিয়া প্রায় ২ মাইল ৩০০ ফুট দীর্ঘ ও ৬০ অবধি ১২০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ২০ একর ০ রুড ২৬ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের
জলসেচন শাখার জইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
সি, টেম্পল,
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ২৫ জানুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[তৃতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ২ সেপ্টেম্বর তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ১৫ নম্বর।

রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮০ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

হেতুবাদ।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

২ অধ্যায়।

আদালত সংস্থাপনের ও তাহার কার্য্যকারকদের কথা।

৩ অধ্যায়।

মোকদ্দমা সম্বন্ধে বিচারাধিপত্যের কথা।

প্রথম তফসীল।—যে২ ব্যবস্থা রহিত হইল।

দ্বিতীয় তফসীল।—দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে২ অংশ ছোট আদালত বর্জ্জন গেল।

তৃতীয় তফসীল।—এই আদালতের শুনানির করণ-ক্ষমতা বিষয়ক বিচারাধিপত্যের মধ্যে যাহা দিগকে ধরা গেল না।

চতুর্থ তফসীল।—সমনের ও অন্যান্য পরওয়ানার ফী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

রাজধানী নগর সমূহে সংস্থাপিত ছোট আদালত সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে সংস্থাপিত ছোট আদালত সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করা উচিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ অধ্যায়।
উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। আরম্ভ। ১ ধারা। এই আইন "রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ৮৮১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে, এবং ইহা ১৮৮১ সালের জুলাই মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

কিন্তু এই আইনের কোন কথায় সৈন্যদের সুধারা ও নিয়ম বিধান বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১৪৪ ধারার বিধানের কোন ব্যতিক্রম হইবে না।

যে২ আইন রহিত হইল তাহার কথা। ২ ধারা। যে তারিখে এই আইন প্রবল হইবে সেই তারিখ অবধি এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলির যে পরিমাণ তাহাতে উল্লিখিত হইল সেই পরিমাণ রহিত হইবে।

কিন্তু উক্ত কোন আইনমতে যে সকল আদালত সংস্থাপিত ও নিয়োগ কৃত হইয়াছে, তৎসমুদয়, যতদূর হইতে পারে, এই আইনমতে সংস্থাপিত ও কৃত বলিয়া জ্ঞান করা যাইবে।

পূর্ব্ব২ আইনে উল্লেখের কথা। যে তারিখে এই আইন প্রবল হয় তাহার পূর্ব্বে বিধিবদ্ধ আইনে এতদ্দ্বারা রহিত করা কোন আইনের উল্লেখ থাকিলে, উহা যথাসাধ্য এই আইনের বা একই বিষয় সংক্রান্ত এই আইনের বিধানের উল্লেখ বলিয়া পঠিত হইবে।

কলিকাতার ভূমির রাজস্ব বন্দোবস্তকরণের আইন সংশোধনের কথা। ৩ ধারা। কলিকাতার ভূমির রাজস্ব বন্দোবস্তকরণের ১৮৫০ সালের ২৩ আইনের ৩ ধারায় "উক্ত আইনের নির্দ্দিষ্টমতে" এই কথা রহিত হইল, এবং "উক্ত আইনের লিখিত অল্প কর্জ্জ আদায়ের জন্যে আদালতের কমিশনর সাহেবের" ও "উক্ত কমিশনরদের" এই ২ কথার পরিবর্ত্তে প্রত্যেক স্থলে "কলিকাতার ছোট আদালতের জজদের" এই কথা দিতে হইবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৮ ধারার "৩৯ অধ্যায়ের" এই অঙ্ক ও শব্দের পর "এবং রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮১ সালের আইনের" এই অঙ্ক ও শব্দগুলি দিতে হইবে।

৪ ধারা। এই আইনে "ছোট আদালত" শব্দে এই আইনমতে কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরে সংস্থাপিত ছোট আদালত বুঝাইবে।

ছোট আদালত শব্দের অর্থ।

২ অধ্যায়।

আদালত সংস্থাপনের ও তাহার কার্য্যকারকদের কথা।

৫ ধারা। কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে এক একটি আদালত থাকিবে। তাহা কলিকাতার বা স্থল বিশেষে মান্দ্রাজের বা বোম্বাইয়ের ছোট আদালত নামে খ্যাত হইবে।

ছোট আদালত সংস্থাপনের কথা।

৬ ধারা। ঐ ছোট আদালত ১৮৬৫ সালের ২৮ ডিসেম্বর তারিখের হাইকোর্ট সংক্রান্ত পেটেণ্টপত্রের ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের মর্ম্মানুসারে কলিকাতার বা স্থল বিশেষে মান্দ্রাজের বা বোম্বাইয়ের হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন আদালত বলিয়া গণ্য হইবে।

ঐ আদালত হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন বলিয়া গণ্য হইবার কথা।

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যত জন উচিত বোধ করেন ততজন লোককে ছোট আদালতের জজের পদে নিযুক্ত করিতে পারিবেন। তাঁহাদের মধ্যে অন্তত একজন ইংলণ্ডের বা ঐরলণ্ডের বারিষ্টর বা স্কটলণ্ডের আডবোকেট ফ্যাকল্টির মেম্বর হইবেন।

জজদিগকে নিযুক্ত স্থগিত ও পদচ্যুত করিবার কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট ঐ রূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্তরূপে নিযুক্ত কোন জজকে স্থগিত করিতে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক পদচ্যুত করিতে পারিবেন।

৮ ধারা। যে জজেরা বারিষ্টর বা আডবোকেট হন, তাঁহাদের মধ্যে যিনি নিয়োগ অনুসারে জ্যেষ্ঠ হন তাঁহাকে চীফ জজ বলা যাইবে, এবং তিনি পদে ও মর্য্যাদায় জজদের মধ্যে প্রথম গণ্য হইবেন।

জজদের পদ ও মর্য্যাদার কথা।

অন্য জজেরা উক্ত জজস্বরূপ নিযুক্ত হইবার জ্যেষ্ঠতানুসারে পদ ও মর্য্যাদা পাইবেন। কিন্তু এ জন স্থায়িরূপে নিযুক্ত জজ কোন একটিং জজের জ্যেষ্ঠ বলিয়া গণ্য হইবেন।

৯ ধারা। এই আইনে বা সংকালে অন্য যে আইন প্রবল থাকে তাহাতে প্রকারান্তরের বিধান না থাকিলে, হাই কোর্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক ছোট আদালত এই আইন ক্রমে বা প্রচলিত অন্য আইন ক্রমে ছোট আদালতের প্রতি প্রদত্ত কোন ক্ষমতানুসারে যে রূপে উচিত বোধ করেন সেইরূপে এক বা একাধিক জজের দ্বারা কার্য্য হইবার বিধান করণার্থে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

আদালতের ক্ষমতা তাহার মেম্বরদের প্রতি অর্পণ করিবার কথা।

১০ ধারা। উক্ত বিধি প্রবল মানিয়া, শ্রীযুত চীফ জজ সাহেব সময়ে২ ভিন্ন২ জজদের মধ্যে, আদালতের কর্ম্ম বিভাগ করিয়া দিবার যেরূপ বন্দোবস্ত উচিত বোধ করেন সেইরূপ বন্দোবস্ত করিতে পারিবেন।

চীফ জজের দ্বারা আদালতের কর্ম্ম বিভাগের কথা।

১১ ধারা। পশ্চাল্লিখিতমতে যে স্থলে প্রকারান্তরের বিধান করা গিয়াছে সেই স্থল ছাড়া অন্য কোন স্থলে দুই কিম্বা তদধিক জজ একত্র অধিবিষ্ট হওয়া কোন প্রশ্নসম্বন্ধে ভিন্নমত হইলে, অধিকাংশের মত প্রবল হইবে, এবং আদালত সমান দুইদলে বিভক্ত হইলে, ঐ ভিন্নমত জজদের মধ্যে যদি চীফ জজ একজন হন তিনি, কিম্বা তাঁহার অনুপস্থানে ভিন্নমত জজদের মধ্যে পদজ্যেষ্ঠ জজ, যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

মতভেদ হইলে কার্য্য প্রণালীর কথা।

১২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যৎকালে যে প্রকারের আদেশ করিবেন, ছোট আদালত সেই প্রকারের আকারের ও আয়তনের মোহর ব্যবহার করিবেন।

যে মোহর ব্যবহার করিতে হইবে তাহার কথা।

১৩ ধারা। ছোট আদালত সময়ে২ এক জন চীফ ক্লার্ক নিযুক্ত করিতে পারিবেন, এবং আদালতের বিচার কার্য্য নির্ব্বাহার্থে ও এই আইন বা প্রচলিত অন্য কোন আইনক্রমে তৎপ্রতি যে২ ক্ষমতা প্রদত্ত ও যে২ কর্ম্মের ভার অর্পিত হইয়াছে সেই২ ক্ষমতানুসারে সেই২ কর্ম্ম সম্পাদনার্থ যত জন আবশ্যক হয় তত জন অতিরিক্ত ক্লার্ক বেলিফ ও অন্য আমলা স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে নিযুক্ত করিতে পারিবেন।

আমলা নিযুক্ত করিবার কথা।

ছোট আদালত হাই কোর্টের কর্ত্তৃত্বাধীনে সময়ে২ এতদর্থে বিধি করিয়া যেরূপ আজ্ঞা করেন, তদনুসারে উক্তরূপে নিযুক্ত কর্ম্মচারিরা উক্ত ক্ষমতাক্রমে আমলার কর্ম্ম সম্পাদন করিবেন।

উক্ত কর্ম্মচারিদের ক্ষমতার ও কর্ম্মের কথা

ছোট আদালত উক্তরূপে নিযুক্ত কোন কর্ম্মচারিকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন, কিন্তু যে কর্ম্মচারির মাসিক বেতন একশত টাকা বা তদধিক তাহাকে পদচ্যুত করিতে হইলে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা অপেক্ষা করিতে হইবে।

১৪ ধারা। যে জজ বা অন্য কর্ম্মচারী এই আইনমতে নিযুক্ত হন, তিনি যতকাল ঐ রূপ জজ বা কর্ম্মচারী থাকেন তত কাল স্বয়ং বা অন্য কোন ব্যক্তির অংশী স্বরূপ প্রত্যক্ষে বা পরোক্ষে আডবোকেট, আটর্নি, উকীল বা অন্য ব্যবহারাজীবের ব্যবসায় বা কর্ম্ম করিবেন না, কিম্বা আপন হিসাবে বা অন্য কোন ব্যক্তির পক্ষে অথবা অন্য কোন ব্যক্তির অংশী স্বরূপ কোন ব্যবসায় বা ব্যাপারে লিপ্ত হইবেন না।

জজ বা অন্য কর্ম্মচারির ব্যবসায় বা কারবার না করিবার কথা।

উক্তরূপ কোন জজ বা কর্ম্মচারী ঐ প্রকারে ব্যবসায় বা কর্ম্ম করিলে বা কারবারাদিতে লিপ্ত হইলে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬৮ ধারামত অপরাধ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

কিন্তু উক্তরূপ কোন জজ বা কর্ম্মচারী রাজকীয় সনন্দ, পেটেন্টপত্র, পার্লিয়ামেন্টের আইন কিম্বা ব্রিটিষ ভারতবর্ষীয় কোন ব্যবস্থাপক সমাজের আইন ক্রমে সমবায়িত বা রেজিষ্টরী করা কোন কোম্পানির মেম্বর হইতে যে পারিবেন না এই ধারার কোন কথায় এরূপ জ্ঞান করিতে হইবে না।

---

৩ অধ্যায়।

মোকদ্দমা সম্বন্ধে বিচারাধিপত্যের কথা।

আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার কথা।

১৫ ধারা। হাই কোর্টের নিয়মিত প্রথম স্থানীয় দেওয়ানী বিচারাধিপত্যের যৎকালে যে স্থানীয় সীমা থাকে প্রত্যেক ছোট আদালতের বিচারাধিপত্যের সেই স্থানীয় সীমা হইবে।

আদালতের যে সকল মোকদ্দমায় বিচারাধিপত্য থাকিবে, তাহার কথা।

১৬ ধারা। ১৭ ধারার বর্জ্জিত কথা মানিয়া ছোট আদালতের সমুদয় দেওয়ানী ভাবের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিবে।

কিন্তু বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক হইবে না।

আর ইহাও আবশ্যক যে নালিশের হেতু সম্পূর্ণরূপে অথবা ছোট আদালতের অনুমতি প্রথম গ্রহণ করা গেলে, অংশতঃ উক্ত আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উপস্থিত হইয়াছে অথবা মোকদ্দমারম্ভ সময়ে প্রতিবাদী ঐ সীমার মধ্যে বাস করে, বা কার্য্য চালায়, বা আপনি লভ্যার্থ কর্ম্ম করে।

ব্যাখ্যা।—কোন মোকদ্দমায় বাদী প্রতিবাদির কৃত বিপরীত দাওয়া স্বীকার করাতে, দাওয়ার টাকা কমিয়া দুই হাজার টাকার অনধিক হইলে, ছোট আদালতের উক্ত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিবে।

যে২ মোকদ্দমায় এই আদালতের বিচারাধিপত্য থাকিবে না, তাহার কথা।

১৭ ধারা। নিম্ন লিখিত মোকদ্দমায় ছোট আদালতের বিচারাধিপত্য থাকিবে না অর্থাৎ,

(ক) রাজস্ব ধার্য্য বা আদায় করণ সংক্রান্ত মোকদ্দমায়,

(খ) ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব বরাবর মোকদ্দমায়,

(গ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব বা স্থানীয় গবর্ণমেন্ট, কিম্বা শ্রীযুত গবর্নর জেনেরল সাহেব বা কোন গবর্নর সাহেব কিম্বা শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের বা মান্দ্রাজের বা বোম্বাইয়ের শ্রীযুত গবর্নর সাহেবের মন্ত্রিসভার কোন সভ্য, স্বীয় পদোপলক্ষে, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের বা স্থানীয় গবর্ণমেন্টের আদেশক্রমে কোন ব্যক্তি, যে কার্য্য করিবার আজ্ঞা দেন বা যে কার্য্য করেন, তৎসংক্রান্ত মোকদ্দমায়,

(ঘ) কোন জজ বা বিচারসম্পর্কীয় কোন কার্য্যকারক আপন পদের কার্য্যোপলক্ষে, অথবা উক্তরূপ কোন জজের বা বিচার সম্পর্কীয় কার্য্যকারকের আদালতের কোন বিচার বা আজ্ঞাক্রমে কোন ব্যক্তি, যে কোন কার্য্য করিবার আজ্ঞা দেন বা যে কার্য্য করেন, তৎসংক্রান্ত মোকদ্দমায়,

(ঙ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৬ ধারার (ক) অবধি (ঘ) পর্য্যন্ত প্রকরণে যে২ মোকদ্দমা নির্দ্দিষ্ট হইয়াছে, সেই২ মোকদ্দমায়,

(চ) স্থাবর সম্পত্তিগত কোন স্বত্ব বা স্বার্থ সংক্রান্ত চুক্তিমত বিশেষ কার্য্য হইবার বা উক্ত চুক্তি অসিদ্ধ করিবার মোকদ্দমায়,

(ছ) আদালতের ডিক্রীক্রমে সম্পত্তি ও তাহার যথাযোগ্য কার্য্য নির্ব্বাহের হিসাব লইবার মোকদ্দমায়

(জ) নিন্দাবাদ বা কুৎসারটনা বা পরদারব্যভিচার বা বিবাহের অঙ্গীকার ভঙ্গ নিবন্ধন ক্ষতিপূরণের মোকদ্দমায়,

(ঝ) উদ্ভূত স্বত্ব পুনঃ প্রাপ্তির মোকদ্দমায়,

(ঞ) নালিসমত কার্য্য হইবার মোকদ্দমায়,

(ট) নিষেধ আজ্ঞা পাইবার মোকদ্দমায়,

(ঠ) কোন হাই কোর্টের বিচারপত্র অনুযায়ী মোকদ্দমায়।

(ড) প্রচলিত কোন আইনক্রমে যে২ মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতা ছোট আদালতের নাই সেই২ মোকদ্দমায়।

অর্থগত বিচারাধিপত্যের অতিক্রান্ত মোকদ্দমায় উভয় পক্ষের সম্মতিক্রমে আদালতের বিচার করিতে পারিবার কথা।

৮ ধারা। বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক না হইলে যে মোকদ্দমা ছোট আদালতের গ্রাহ্য হয়, সেই মোকদ্দমায় উভয় পক্ষ যদি লিখিয়া এইরূপ নিয়মপত্র করিয়া থাকেন যে উক্ত মোকদ্দমার বিচার করিতে ছোট আদালতের বিচারাধিপত্য থাকিবে, তবে বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার অধিক হইলেও, উক্ত আদালতের ঐ মোকদ্দমার বিচার করিবার বিচারাধিপত্য থাকিবে।

উক্তরূপ প্রত্যেক নিয়মপত্র আদালতে দাখিল করিতে হইবে, এবং দাখিল করা গেলে তৎসংক্রান্ত উভয় পক্ষ উক্ত আদালতের বিচারাধিপত্যের অধীন হইবেন, এবং উক্ত মোকদ্দমায় ঐ আদালতের নিষ্পত্তি দ্বারা বদ্ধ হইবেন।

আদালতের কর্ম্মচারী কর্ত্তৃক বা তদ্বিরুদ্ধ মোকদ্দমার কথা।

১৯ ধারা। যে সকল মোকদ্দমা ছোট আদালতের কোন কর্ম্মচারী একপক্ষ, সেই সকল মোকদ্দমা উক্ত আদালতের পরওয়ানা দ্বারা ক্রোকে গৃহীত সম্পত্তির বা তদুৎপন্ন টাকার বা তাহার মূল্যের দাওয়া সম্বন্ধে না হইলে বাদীর ইচ্ছামত এই আইনবিধিবদ্ধ না হইলে যেরূপ সেইরূপে, হাই কোর্টে উপস্থিত করা যাইতে পারে।

ছোট আদালতের কর্ম্মচারিদের কৃত কোন২ অন্যায় ব্যাপার নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমার কথা।

ছোট আদালতের পরওয়ানার উপলক্ষে উক্ত আদালতের কোন কর্ম্মচারী যে অন্যায় কার্য্য করেন তাহা লইয়া ছোট আদালতের কর্ম্মচারিদের কোন মোকদ্দমা যদি হাইকোর্টে উপস্থিত হয়, এবং দাওয়া দুই হাজার টাকার অধিক না হয়, তবে যদি, ...

যে জজ সাহেব উক্ত মোকদ্দমার বিচার করেন তিনি উক্ত মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত করিবার যোগ্য বলিয়া লিখিত সার্টিফিকেট না দিলে বাদিকে কোন খরচা দেওয়া যাইবে না।

ছোট আদালতের বিচার্য্য অন্য মোকদ্দমা বাদী হাই কোর্টে উপস্থিত করিলে খরচার কথা।

২০ ধারা। ১৯ ধারার লিখিত মোকদ্দমা ভিন্ন ছোট আদালতের বিচার্য্য কোন মোকদ্দমা যদি হাই কোর্টে উপস্থিত করা যায়, এবং যদি উক্ত মোকদ্দমার বাদী, চুক্তিমূলক মোকদ্দমা হইলে দুই হাজার টাকার বা সেই মূল্যের কম পরিমাণে, এবং অন্য কোন রূপ মোকদ্দমা হইলে তিন শত টাকার বা সেই মূল্যের কম পরিমাণে, ডিক্রী পান তবে বাদিকে কোন খরচা দেওয়া যাইবে না, উক্তরূপ কোন মোকদ্দমার বাদী ডিক্রী না পাইলে, মওক্কেলের নিকট আটর্নি যেরূপ খরচা পান প্রতিবাদী সেইরূপ খরচা পাইবার অধিকারী হইবেন।

উপবিধান।

কিন্তু যে জজ সাহেব উক্তরূপ কোন মোকদ্দমার বিচার করেন তিনি উহা নিম্নলিখিত কোন কারণে হাই কোর্টে উপস্থিত হইবার যোগ্য বলিয়া সার্টিফিকেট দিলে, পূর্ব্ববর্ত্তী বিধি উহার প্রতি বর্ত্তিবে না, অর্থাৎ,

(ক) ঐ মোকদ্দমা কঠিন, নূতন বা সাধারণের প্রয়োজনীয়, অথবা তদ্রূপ মোকদ্দমায় ছোট আদালতে ভ্রান্তিসঙ্কুল নিষ্পত্তি চলিয়া আসিয়াছে, কিম্বা

(খ) উক্ত মোকদ্দমায় একপ প্রশ্নের নিষ্পত্তি করিতে হইবে, যাহার উপর দুই হাজার টাকা পরিমাণ বা মূল্যের অধিক দাওয়া বা দাবী নির্ভর রাখে, কিম্বা

(গ) উক্ত মোকদ্দমা দুই হাজার টাকার অধিক মূল্যের স্থাবর সম্পত্তির স্বত্বাস্বত্ব নিরূপণ সাপেক্ষ।

---

৪ অধ্যায়।

মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের কোন২ অংশ ছোট আদালতে বর্ত্তিবার কথা।

২১ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে২ অধ্যায় ও ধারা নির্দ্দিষ্ট হইল, সেই২ অধ্যায় ও ধারা যত দূর বর্ত্তিতে পারে ছোট আদালতে বর্ত্তিবে. এবং এই আইনের বিশেষ বিধান দ্বারা যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইল যে স্থলে তাহার বিরুদ্ধ হয় সেই স্থল ছাড়া, উক্ত আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী ছোট আদালতের বিচার্য্য সকল মোকদ্দমায় অনুসৃত হইবে।

বিপরীত দাওয়ার স্থল ছাড়া বর্ণনাপত্র না হইবার কথা।

২২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১১১ ধারাক্রমে বিপরীত দাওয়ার স্থল ভিন্ন কোনস্থলে আদালতের আদেশমতে না হইলে বর্ণনাপত্র গ্রহণ করা যাইবে না।

আদালতের বিচার ও আজ্ঞা চূড়ান্ত হইবার ও নূতন বিচার হইবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। পশ্চাল্লিখিত বিশেষ বিধানের স্থল ভিন্ন কোন মোকদ্দমায় ছোট আদালতের প্রত্যেক ডিক্রী ও আজ্ঞা উভয়পক্ষ সম্বন্ধে চূড়ান্ত ও নিষ্পত্তি হইবে, কিন্তু কোন মোকদ্দমার ডিক্রীর বা আজ্ঞার তারিখঅবধি আটদিনের মধ্যে কোন পক্ষ প্রার্থনা করিলে, আদালত যে রূপ নিয়ম যুক্তিসঙ্গত জ্ঞান করেন সেই নিয়মে নূতন বিচার হইবার আজ্ঞাদিতে এবং আনুষ্ঠানিককার্য্য তৎকাল নিমিত্ত স্থগিত রাখিতে পারিবেন।

কিন্তু এরূপস্থলে প্রয়োজন যে উক্ত ডিক্রী বা আজ্ঞা ক্রমে প্রার্থকের কোন টাকা দিতে হইলে, তিনি প্রার্থনা করিবার সময়ে সেই টাকা আদালতে দেন।

ছোট আদালতের ডিক্রী অন্য আদালত দ্বারা জারী করিবার কথা।

২৪ ধারা। যদি ছোট আদালতের ডিক্রীমত খাতকের ডিক্রীর টাকা শোধ হইবার উপযুক্ত অস্থাবর সম্পত্তি উক্ত আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে না থাকে, তবে উক্ত আদালত, ডিক্রীদারের প্রার্থনাক্রমে, ডিক্রী জারী করিবার নিমিত্ত তাহা

(ক) উক্ত স্থানীয় সীমার অন্তর্গত স্থাবর সম্পত্তির উপর জারী করিতে হইলে, হাই কোর্টে, । এবং

(খ) অন্য সকল স্থলে, যে দেওয়ানী আদালতের সাধারণ এলাকার মধ্যে উক্ত ডিক্রীমত খাতক বা তাহার অস্থাবর বা স্থাবর সম্পত্তি থাকে, সেই আদালতে পাঠাইতে পারিবেন।

ডিক্রী অন্য আদালতে পাঠান গেলে, কার্য্য প্রণালীর কথা।

যে আদালত ডিক্রী দেন সেই আদালত ভিন্ন অন্য আদালত দ্বারা ডিক্রী জারীর যে কার্য্যপ্রণালী দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, উক্তরূপ স্থল সমূহে সেই কার্য্য প্রণালী অনুসৃত হইবে।

উপযুক্ত জামিন দিলে ধৃত ডিক্রীমত খাতককে ছাড়িয়া দিবার কথা।

২৫ ধারা। ছোট আদালতের ডিক্রী জারী ক্রমে যে ডিক্রীমত খাতককে ধরা যায়, সেই ব্যক্তি যত টাকা দিতে তাহার প্রতি আজ্ঞা হয় সেই টাকার ও খরচার আদালতের হৃদ্বোধ মত জামিন দিলে, উক্ত আদালত তাহাকে ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

কোন২ স্থলে আদালতের ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবার কথা।

২৬ ধারা। যদি ছোট আদালতের প্রতীতি হয় যে উক্ত আদালতের ডিক্রীমত কোন খাতক পীড়া বা অন্য উপযুক্ত কারণে ডিক্রীর টাকা, অথবা উক্ত আদালত কিস্তি ক্রমে ঐ টাকা দিবার আজ্ঞা করিয়া থাকিলে কোন কিস্তির টাকা, দিতে অক্ষম, তবে উক্ত আদালত সময়ে২ যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপ সময়ের নিমিত্ত ও তদ্রূপ নিয়মে ঐ ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবেন।

কোন২ স্থলে বাদির প্রতিবাদিকে ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

২৭ ধারা। যে কোন মোকদ্দমায় প্রতিবাদী উপস্থিত হইয়া দাওয়া অস্বীকার করে. এবং মোকদ্দমা ডিসমিস হয়, ছোট আদালত আপন বিবেচনায় যত টাকা উচিত বোধ করেন প্রতিবাদির কষ্ট ও উপস্থিতি হেতুক ক্ষতিপূরণ স্বরূপ তাঁহাকে তত টাকা দিবার নিমিত্ত বাদির প্রতি আজ্ঞা করিতে পারিবেন। উক্ত আজ্ঞাক্রমে দেয় টাকা দেওয়া না গেলে, প্রতিবাদী উক্ত আদালতের ডিক্রীর ন্যায় ঐ আজ্ঞা বাদির বিরুদ্ধে প্রবল করিতে পারিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

৫ অধ্যায়।

স্থাবর সম্পত্তি পুনঃ প্রাপ্তি বা অধিকার সম্বন্ধীয় বিচারাধিপত্যের কথা।

বিনা অনুমতিতে যে ব্যক্তি সম্পত্তি দখল করিয়া থাকে তাহাকে সমন দিবার কথা।

২৮ ধারা। যে কোন স্থাবর সম্পত্তি ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে থাকে এবং প্রতিযোগিতার অত্যাচ্চ খাজানার হারে যাহার বার্ষিকমূল্য এক হাজার টাকার অধিক না হয়, কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অথবা যৎসূত্রে ঐ অন্য ব্যক্তির দাওয়া সেই ব্যক্তির প্রজাভাবে বা অনুমতিক্রমে যদি সেই ভূমি দখল করিয়া থাকেন,

এবং যদি ঐ প্রজা ভাব শেষ বা অনুমতি রহিত হইয়া থাকে;

এবং উক্ত প্রজা বা দখিলকার অথবা তাহার অধীনে বানিয়োগক্রমে ভূমিভোগী কোন ব্যক্তি (ইহারা পরে দখলকারী বলিয়া অভিহিত হইয়াছে) উক্ত অন্য ব্যক্তির নিকট হইতে এবিষয়ে আদেশ পাইলেও তদনুসারে ঐ সম্পত্তি দিতে অস্বীকার করিলে,

(পরে দরখাস্তকারী বলিয়া অভিহিত) ঐ অন্য ব্যক্তি দখলকারির বিরুদ্ধে সমন দিবার নিমিত্ত ছোট আদালতে দরখাস্ত করিতে পারিবেন। ঐ সমনে উক্ত দখলকারির প্রতি এই আদেশ থাকিবে, যে, ঐ সম্পত্তি দিবারনিমিত্ত তাঁহার প্রতি কেন বল প্রয়োগ করা যাইবে না, সমননির্দ্দিষ্ট তারিখে তাহার কারণ দর্শাইবেন।

সমন জারী করিবার কথা।

২৯ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে প্রতিবাদির উপর সমন জারী করিবার যে প্রণালী নির্দ্দিষ্ট আছে. সেই প্রণালীমতে দখলকারির উপর সমন জারী করা যাইবে।

দখল দেওয়াইবার আজ্ঞার কথা।

৩০ ধারা। যদি দখলকারী নির্দ্দিষ্ট সময়ে উপস্থিত না হয় ও বিপরীত কারণ না দর্শায়, তবে দরখাস্তকারী ২৮ ধারামতে দরখাস্ত করিতে স্বত্ববান্ ছোট আদালতের এই রূপ হৃদ্বোধ জন্মিলে, তিনি উক্ত আদালতের বেলিফের প্রতি অনুজ্ঞাপত্র পাইবার অধিকারী হইবেন, ঐ অনুজ্ঞাপত্রে উক্ত আদালত যে তারিখের নাম করা উচিত বোধ করেন সেই তারিখে দরখাস্তকারিকে ঐ সম্পত্তির দখল দেওয়াইবার নিমিত্ত বেলিফের প্রতি আদেশ থাকিবে।

ব্যাখ্যা।—যদি দখলকারী প্রমাণ করিতে পারেন যে, যে স্বত্বের বলে প্রজাভাব সৃষ্ট বা অনুমতি প্রদত্ত হয় দরখাস্তের তারিখের পূর্ব্বে সে স্বত্ব লোপ হইয়াছে. তাহা হইলে তিনি এই ধারার মর্ম্মানুযায়ী কারণ দর্শাইয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

উক্ত অনুজ্ঞাপত্রের বলে বেলিফের সম্পত্তিতে প্রবেশ করিয়া দখল দিতে পারিবার কথা।

৩১ ধারা। উক্ত রূপ কোন অনুজ্ঞাপত্র যে বেলিফকে দেওয়া যায়, উহার বলে সেই বেলিফ পূর্ব্বাহ্ণে ছয়টার পর ও অপরাহ্ণে ছয়টার পূর্ব্বে সাহায্য জন্য যত জন লোক আবশ্যক বোধ করেন লইয়া অনুজ্ঞাপত্র লিখিত সম্পত্তিতে প্রবেশ পূর্ব্বক দরখাস্তকারিকে তাহার দখল দেওয়াইতে পারিবেন, এবং দরখাস্তকারির ঐ সম্পত্তি দখল পাইবার স্বত্ব ছিলনা কেবল এই কারণে উক্ত অনুজ্ঞাপত্রদাতা ছোট আদালতের কোন জজের বা কর্ম্মচারির বিরুদ্ধে, অথবা ঐ অনুজ্ঞাপত্রমতে কার্য্য সাধক বা পূর্ব্বোক্তরূপ কোন সমন জারীকারী কোন বেলিফ বা অন্য ব্যক্তির বিরুদ্ধে উক্তরূপ কোন অনুজ্ঞাপত্র বা সমন দিবার বা সাধন বা জারী করিবার নিমিত্ত কোন মোকদ্দমা বা অভিযোগ চালান যাইবে না।

অনুজ্ঞাপত্র বা সমন দেওন প্রভৃতি নিমিত্ত জজ বা কর্ম্মচারির বিরুদ্ধে কোন কার্য্যানুষ্ঠান না হইতে পারিবার কথা।

দরখাস্ত কারির দখল পাইবার স্বত্ব থাকিলে, কার্য্য প্রণালীগত কোন ভ্রান্তিহেতু তাঁহাকে অনধিকার প্রবেশ কারী বলিয়া জ্ঞান না করিবার কথা।

৩২ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন আজ্ঞা পাইবার নিমিত্ত দরখাস্ত করিবার সময়ে উক্ত দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব থাকিলে উক্ত আজ্ঞাক্রমে দখল লইতে কার্য্যপ্রণালীগত কোন ভ্রান্তি বা দোষ বা অনিয়ম যদি ঘটে তজ্জন্য তাঁহাকে কিম্বা তাঁহার পক্ষে কার্য্যকারী কোন ব্যক্তিকে অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান করা যাইবে না

দখলকারির ক্ষতিপূরণের মোকদ্দমা করিতে পারিবার কথা।

কিন্তু উক্ত ভ্রান্তি, বা দোষ বা অনিয়ম নিবন্ধন কোন ব্যক্তির ক্ষতি হইলে, সেই অন্যায়গ্রস্ত ব্যক্তি ঐ ক্ষতিপূরণের আদায় নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কিন্তু উক্তরূপ কোন ক্ষতির প্রমাণ না হইলে, মোকদ্দমা ডিসমিস করা যাইবে, এবং যে কোন স্থলে ক্ষতির প্রমাণ হয়, সেই স্থলে আদালতের অবধারিত ক্ষতিপূরণের পরিমাণ দশ টাকার অধিক না হইলে, যে জজ বিচার করেন তিনি যদি এই মর্ম্মের সার্টিফিকেট না দেন যে তাঁহার মতে বাদিকে সম্পূর্ণ খরচা দেওয়া উচিত তবে আদালত বাদিকে ক্ষতিপূরণের অতিরিক্ত খরচা দিবেন না।

অন্যায়ভাবে আজ্ঞা পাইলে দরখাস্তকারির দায়ের কথা।

৩৩ ধারা। এই অধ্যায়মতে কোন দরখাস্তকারী কোন সম্পত্তির দখল পাইলে, যদি পূর্ব্বোক্ত রূপ আজ্ঞা পাইবার দরখাস্ত করিবার সময়ে তাঁহার ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব না থাকে, তবে ঐ আজ্ঞাক্রমে যে ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করেন, এই আইনের কোন কথায় সেই ব্যক্তির মোকদ্দমা হইতে উক্ত দরখাস্তকারী রক্ষিত হইবেন এরূপ জ্ঞান হইবে না।

এরূপ স্থলে আজ্ঞা পাইবার দরখাস্তই অনধিকার প্রবেশের কার্য্য বলিয়া গণ্য হইবার কথা।

পূর্ব্বোক্তরূপ কোন আজ্ঞা পাইবার নিমিত্ত দরখাস্ত করিবার সময়ে, উক্ত দরখাস্তকারির ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ব না থাকিলে, যদি উক্ত আজ্ঞা দেওয়া হয়, তবে তৎক্রমে দখল না লইলেও দরখাস্তকারী দখলকারির বিরুদ্ধে অনধিকার প্রবেশের কার্য্য করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।

দখলকারী দরখাস্তকারির বিরুদ্ধে মোকদ্দমা করিবার জামিন দলে অনুষ্ঠানিক কার্য্য স্থগিত থাকিবার কথা।

৩৪ ধারা। এই অধমত দরখাস্ত করা গেলে দখলকারী নিজে যদি দুইজন জামিনের সহযোগে, ছোট আদালত সম্পত্তির মূল্য ও পশ্চাল্লিখিত মোকদ্দমার সম্ভাবিত খরচার প্রতি দৃষ্টি রাখিয়া যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন, তত টাকার নিদর্শপত্র লিখিয়া দিয়া, অবিলম্বে দরখাস্তকারির বিরুদ্ধে অনধিকার প্রবেশের ক্ষতিপূরণ নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে এবং ঐ মোকদ্দমা আপনি না চালাইলে বা দরখাস্তকারির অনুকূলে বিচার হইলে মোকদ্দমার সমুদয় খরচ দিতে অঙ্গীকারবদ্ধ হন, তবে যাবৎ ঐ মোকদ্দমার নিষ্পত্তি না হয় ছোট আদালত উক্ত দরখাস্তের অনুযায়ী আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবেন।

উক্তরূপ কোন মোকদ্দমায় দখলকারী দরখাস্তকারীর বিরুদ্ধে ডিক্রী পাইলে ৩০ ধারাক্রমে যদি কোন আজ্ঞা করা হইয়া থাকে তাহা রহিত হইয়া এই ডিক্রী প্রবল হইবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন দ্বারা কার্য্যপ্রণালী নিয়মিত হইবার কথা।

৩৫ ধারা। এই অধ্যায়মত সমুদয় আনুষ্ঠানিক কার্য্যে, এই আইনের প্রকারান্তরের বিধান স্থল ছাড়া অন্যত্র ছোট আদালত যত দূর হইতে পারে, প্রথমস্থলীয় আদালতের নিমিত্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী অনুসরণ করিবেন।

পাপরদের দরখাস্তের কথা।

উক্ত আইনের ২৬ অধ্যায়ের বিধানমতে পাপরেরা এই অধ্যায়মত দরখাস্ত করিতে পারিবে। ঐ দরখাস্ত উক্ত অধ্যায়ের মর্ম্মানুযায়ী পাপরের মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

দখল পাওয়া গেলে স্বত্বাস্বত্বের বিচার নিমিত্ত মোকদ্দমার বাধা না হইবার কথা।

৩৬ ধারা। এই অধ্যায়মতে কোন স্থাবর সম্পত্তির দখল পাওয়া গেলে তাহার স্বত্বাস্বত্ব স্থির নিমিত্ত হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিবার কোন বাধা হইবে না।

---

৬ অধ্যায়।

ঋণশোধ করণাক্ষমতা বিষয়ক বিচারাধিপত্যের কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়মত কোন২ প্রার্থনাপত্র গ্রহণ করিবার ক্ষমতার কথা।

৩৭ ধারা। যে সকল ডিক্রীমত খাতক ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করেন, বা আবদ্ধ থাকেন, এবং এই আইনের তৃতীয় তফসীলের অন্তর্ভুক্ত কোন ব্যবসায় বা কারবার না চালান, তাঁহাদের সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়ের বিধানমতে ঋণ শোধ করণে অক্ষম বলিয়া নির্ণীত হইবার প্রার্থনাপত্র ছোট আদালত গ্রহণ করিতে পারিবেন।

মহাজন বা ব্যবসায়ী নহেন, এরূপ খাতকের অন্য কোন২ প্রার্থনাপত্র গ্রহণের কথা।

৩৮ ধারা। ৩৭ ধারার নির্দ্দিষ্ট স্থলের অতিরিক্ত কোন ব্যক্তি যদি ঋণ শোধ করণাক্ষম অবস্থাপন্ন হন এবং ছোট আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করেন ও উক্ত তফসীলের অন্তর্ভুক্ত কোন ব্যবসায় বা কারবার না চালান তিনি ঋণ শোধ করণাক্ষম বলিয়া নির্ণীত হইবার নিমিত্ত উক্ত আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

ডিক্রীমত খাতকদের প্রার্থনাপত্র সংক্রান্ত যে২ বিধান উক্ত অধ্যায়ে আছে, তৎসমুদয় যত দূর বর্ত্তিতে পারে, আবশ্যক পরিবর্ত্তনসহ, উক্তরূপ ব্যক্তিদের প্রার্থনাপত্রের প্রতি বর্ত্তিবে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়মতে রাজকীয় আসৈনী এই অধ্যায়মত মোকদ্দমায় গ্রাহক হইবার কথা।

৩৯ ধারা। যৎকালে যে ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ের ১৮ ধারাক্রমে উক্ত রাজব্যবস্থামত রাজকীয় আসৈনীর পদে নিযুক্ত হন, তিনি যে সকল মোকদ্দমায় এই অধ্যায়মতে ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য অর্পিত হয় সেই সকল মোকদ্দমায় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়ের কার্য্য নিমিত্ত গ্রাহক হইবেন, এবং উক্ত অধ্যায়মতে গ্রাহককে যে কমিশ্যন দেওয়া যাইতে পারে তিনি গ্রাহক স্বরূপ আপন কর্ম্ম সম্পাদনার্থ পারিশ্রমিক বলিয়া তাহা রাখিতে পারিবেন।

দেওয়ানী কার্য্যবিধির ৩৫১, ৩৫২, ৩৫৩ ও ৩৫৭ ধারামত আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইবার কথা।

৪০ ধারা। এই অধ্যায়ক্রমে প্রদত্ত বিচারাধিপত্যানুসারে কার্য্য করিয়া ছোট আদালত উক্ত আইনের ৩৫১, ৩৫২, ৩৫৩ ও ৩৫৭ ধারামত যে সকল আজ্ঞা দেন, তাহার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে।

ঐ আইনের ৩৯০ ধারায় আজ্ঞার উপর আপীল সম্পর্কীয় যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, তাহা যতদূর বর্ত্তিতে পারে ঐ আপীলের প্রতি বর্ত্তিবে।

এই অধ্যায়ের মধ্যে যে সকল মোকদ্দমা পড়ে, তাহাতে হাই কোর্টের বিচারাধিপত্যের বাধা হইবার কথা।

৪১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ে প্রকারান্তরের কথা থাকিলেও যে স্থলে ঋণ শোধ করণাক্ষম বলিয়া নির্ণীত হইবার প্রার্থনা এই আইনমতে করা যাইতে পারিত সেই স্থলে হাই কোর্ট উক্তরূপ কোন প্রার্থনাপত্র গ্রহণ করিবেন না।

কিন্তু সংসৃষ্ট কোন ব্যক্তির প্রার্থনাক্রমে হাই কোর্ট আপন বিবেচনামতে এই আজ্ঞা করিতে পারিবেন যে এই অধ্যায়মত যে কোন মোকদ্দমা এই আইন না থাকিলে উক্ত রাজব্যবস্থাক্রমে গ্রাহ্য হইতে পারিত ছোট আদালত তাহার আনুষ্ঠানিক কার্য্য বন্ধ করা যায় তাহা হইলে উক্ত রাজব্যবস্থাক্রমে যে কোন ব্যক্তির দরখাস্ত দিবার স্বত্ব থাকে, সেই ব্যক্তি এই আইন বিধিবদ্ধ না হইলে যেরূপে হইত সেই রূপে দরখাস্ত দিতে পারিবে।

৭ অধ্যায়।

চরমপত্রানুযায়ী ও অক্ষতচরমপত্র বিচারাধিপত্যের কথা।

১৮৬৫ সালের ১০ আইনের ও ১৮৭০ সালের ২১ আইনের অর্থমতে ছোট আদালতের বিচারাধীন স্থান জিলা ও উক্ত আদালত জিলার জজ বলিয়া গণ্য হইবার কথা।

৪২ ধারা। ন্যস্তধন ছাড়া কিন্তু দেয় ঋণের টাকা বাদ না দিয়া মৃত ব্যক্তির সম্পত্তি যে স্থলে এক হাজার টাকার কম হয় সেই স্থলে প্রবেট ও ধনাধ্যক্ষতা পত্র দিবার নিমিত্ত ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ৮৬৫ সালের আইনের ও হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনের অর্থমতে ছোট আদালতের বিচারাধিপত্যের সীমান্তর্বর্ত্তী স্থান জিলা বলিয়া এবং উক্ত আদালত জিলার জজ সাহেব বলিয়া গণ্য হইবে।

এই ধারামত প্রবেট বা ধনাধ্যক্ষতা পাইবার প্রত্যেক প্রার্থনাপত্রে প্রার্থকের জ্ঞান বা বিশ্বাসমত উক্ত সম্পত্তির পরিমাণ লিখিতে হইবে।

বিচারাধিপত্য সম্বন্ধে প্রার্থনাপত্র নিষ্পত্তি হইবার কথা।

৪৩ ধারা। প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র পাইবার প্রার্থনাপত্র ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের লিখিত প্রণালীমতে কৃত ও সত্যপাঠযুক্ত হইলে, প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান করিবার ক্ষমতা সম্বন্ধে সিদ্ধান্ত হইবে, এবং আদালতের উপর প্রতারণা করিয়া গৃহীত বলিয়া ঐ দান অসিদ্ধ করণার্থ কার্য্যানুষ্ঠান না হইলে, মৃত ব্যক্তি যে সম্পত্তি রাখিয়া যান তাহা ন্যস্ত ধন ছাড়িয়া দিলে, কিন্তু তাঁহার দেয় ঋণের টাকা বাদ না দিলে, বস্তুতঃ এক হাজার টাকার অধিক, এই কারণে ঐ দানের প্রতি দোষারোপ করা যাইবে না।

এই অধ্যায়মত মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

৪৪ ধারা। উক্ত আইনদ্বয়ে জিলার জজ সাহেবের নিমিত্ত যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে, এই অধ্যায়মত ছোট আদালতের কার্য্যপ্রণালী, যত দূর হইতে পারে, সেই কার্য্যপ্রণালীর অনুযায়ী হইবে।

ঐ২ আইনমতে জিলার জজ সাহেব কোন আজ্ঞা করিলে তাহাতে যেরূপ ফল হয় এবং তাহা যেরূপ আপীলের নিয়মাধীন থাকে, এই অধ্যায়মত ছোট আদালতের প্রত্যেক আজ্ঞায় সেইরূপ ফল হইবে ও তাহা সেই রূপ আপীলের নিয়মাধীন থাকিবে।

আর প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান ও রহিত করণ সম্বন্ধে উক্ত আইনদ্বয়ে যেসকল বিধান আছে সেই সকল বিধান, আবশ্যক পরিবর্ত্তন সহ, এই অধ্যায়মত প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান ও রহিত করণের প্রতি বর্ত্তিবে।

---

৮ অধ্যায়।

হাই কোর্টে প্রত্যর্পণ করিবার কথা।

প্রত্যর্পণ যে সময়ে করিতেই হইবে, তাহার কথা।

৪৫ ধারা। যদি ছোট আদালতের দুই বা তদধিক জজ কোন মোকদ্দমায় বা এই আইনের ৫ অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে একত্র আসীন হইয়া আইনঘটিত বা আইনতুল্য বলবৎ রীতিঘটিত কোন প্রশ্ন সম্বন্ধে, কিম্বা যাহাতে মোকদ্দমার গুণাগুণ স্পৃষ্ট হয় কোন দলীলের এরূপ অর্থকরণ সম্বন্ধে ভিন্নমত হন,

কিম্বা কোন মোকদ্দমায় বা উক্তরূপ কোন আনুষ্ঠানিক কার্য্যে বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচশত টাকার অধিক হইলে, যদি উক্তরূপ কোন প্রশ্ন উঠে এবং কোন পক্ষ প্রার্থনা করেন,

তবে ছোট আদালত উক্ত মোকদ্দমার বৃত্তান্ত ঘটিত বর্ণনাপত্র প্রস্তুত করিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৬১৭ ধারামতে উক্ত বর্ণনাপত্র হাই কোর্টের মত জন্য অর্পণ করিয়া, হয় রায় দেওয়া স্থগিত রাখিবেন, না হয় উক্ত মত সাপেক্ষ করিয়া রায় দিবেন।

যে পক্ষের বিরুদ্ধে সাপেক্ষ রায় দেওয়া যায় উক্তরূপ প্রত্যর্পণ হইলে তাহার জামিন দিতে হইবার কথা।

৪৬ ধারা। হাই কোর্টের মত সাপেক্ষ করিয়া ৪৫ ধারা মতে রায় দেওয়া গেলে, যে পক্ষের বিরুদ্ধে ঐ রায় দেওয়া যায় তিনি অবিলম্বে হাই কোর্টে প্রত্যর্পণ করিবার খরচার ও রায়ের লিখিত টাকার জামিন দিবেন। ছোট আদালত ঐ জামিন মঞ্জুর করিবেন।

কিন্তু যে জজ কোন মোকদ্দমার বিচার করেন, তিনি ঐ মোকদ্দমার রায়ের লিখিত টাকা আদালতে দিবার আজ্ঞা করিলে এবং তদনুসারে তাহা দেওয়া গেলে ঐ টাকার নিমিত্ত কোন রূপ জামিন দিবার আদেশ করা যাইবে না।

উক্তরূপ জামিন না দেওয়া গেলে, ঐ পক্ষ রায় মানিয়া লইয়াছে বলিয়া জ্ঞান হইবার কথা।

পূর্ব্বোক্তরূপ জামিন অবিলম্বে দেওয়া না গেলে যে পক্ষের বিরুদ্ধে উক্তরূপ সাপেক্ষ রায় দেওয়া হইয়াছে সেই পক্ষে তাহা মানিয়া লইয়াছে, বলিয়া জ্ঞান করা যাইবে।

---

৯ অধ্যায়।

ফী ও খরচার কথা।

মোকদ্দমা উপস্থিত করিবার ফীর কথা।

৪৭ ধারা। এই আইনের ৫ অধ্যায়মত কোন মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিবার সময়ে,

(ক) বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচ শত টাকার অনধিক হইলে, ঐ পরিমাণ বা মূল্যের উপর টাকা প্রতি দুই আনার অনধিক,

(খ) বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য পাঁচশত টাকার অধিক হইলে, ঐ পরিমাণ বা মূল্যের উপর টাকা প্রতি এক আনার অনধিক, ফী দেওয়া যাইবে, এবং যাবৎ ঐ ফী দেওয়া না যায়, উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে কোন আবেদন বা প্রার্থনাপত্র গ্রহণ করা যাইবে না।

পরওয়ানার ফীর কথা।

৪৮ ধারা। বিবাদীয় বিষয়ের পরিমাণ বা মূল্য এই আইনের চতুর্থ তফসীলের প্রথম ঘরের নির্দ্দিষ্ট টাকার অধিক, কিন্তু দ্বিতীয় ঘরের নির্দ্দিষ্ট টাকার অনধিক হইলে, উক্ত তফসীলের তৃতীয় ও চতুর্থ ঘরে যে২ ফী নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ২ ঘর যে২ পরওয়ানা সম্পর্কীয় হয় উক্তরূপ কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে সেই২ পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে সেই২ ফী দিতে হইবে। যে ব্যক্তির পক্ষে যে পরওয়ানা বাহির হয়, সেই ব্যক্তির সেই পরওয়ানার ফী দিতে হইবে।

[বর্দ্ধমান [illegible]। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

৪৯ ধারা। উক্তরূপ কোন মোকদ্দমার বা আনুষ্ঠানিক কার্য্যের শুনানী হইবার পূর্ব্বে পক্ষেরা আপোষে তাহা মিটাইয়া ফেলিলে, তৎকাল পর্য্যন্ত যত ফী দেওয়া হইয়াছে তন্মধ্যে যে পক্ষ যাহা দিয়াছেন, ছোট আদালত তাঁহাকে তাহার অর্দ্ধেক ফিরাইয়া দিবেন।

শুনানীর পূর্ব্বে আপোষে মিটাইলে, অর্দ্ধেক ফী ফিরাইয়া দিবার কথা।

৫০ ধারা। কোন দরিদ্র ব্যক্তি এই আইনের ৫ অধ্যায়মত দরখাস্ত দিলে, ছোট আদালত, যদি উচিত বিবেচনা করেন, ৪৭ ধারার উল্লিখিত ফী না লইয়া অথবা উক্ত ফীর কিয়দংশ লইয়া দরখাস্ত গ্রহণ করিয়া রেজিষ্টরী করিতে পারিবেন।

দরিদ্র ব্যক্তিদের ফী ও খরচার কথা।

৫১ ধারা। ৪৭ বা ৪৮ ধারামতে যে ফী দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া তাহার পরিমাণ পরিবর্ত্তন করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের ফী পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

কিন্তু কোন স্থলে উক্ত ফীর পরিমাণ ঐ২ ধারার নির্দ্দিষ্ট পরিমাণের অধিক হইবে না।

৫২ ধারা। আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনমতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০ অধ্যায়মত কার্য্যে জিলার আদালতে যে ফী ধরা যায়, এই আইনের ৬ অধ্যায়মত কার্য্যে ছোট আদালতে সেই ফী লওয়া যাইবে, এবং ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ববিষয়ক ১৮৬৫ সালের আইন বা হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনমত প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র দান সম্পর্কীয় কার্য্যে উক্তরূপে যে ফী ধরা যায়, এই আইনের ৭ অধ্যায়মত কার্য্যে ছোট আদালতে সেই ফী লওয়া যাইবে।

৬ ও ৭ অধ্যায়মত কার্য্যের ফীর কথা।

৫৩ ধারা। কোন পক্ষ আডবোকেট, উকীল, আটর্নি বা অন্য কোন ব্যবহারাজীবিকে নিযুক্ত করিয়া যাহা খরচ করেন, তাহা এই আইনের ৫ অধ্যায়মত কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে ছোট আদালতে খরচা বলিয়া দেওয়া যাইবে না, কিন্তু যদি আদালত বিবেচনা করেন যে, ঘটনাবশতঃ উক্তরূপ ব্যবহারাজীবী নিযুক্ত করা যুক্তিসিদ্ধ হইয়াছিল, তাহা হইলে ঐ খরচ দেওয়া যাইবে।

ব্যবহারাজীবী নিযুক্ত করিবার খরচের কথা।

যে ২ স্থলে ঐ খরচ দেওয়া যাইবে, ছোট আদালত সময়ে২ সাধারণ বিধি প্রণয়ন করিয়া তাহা নিরূপণ করিতে পারিবেন।

৫৪ ধারা। এই অধ্যায়ের কোনকথায় আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩, ৫ ও ২৫ ধারার কোন ব্যতিক্রম হইবে না।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩, ৫ ও ২৫ ধারা সংরক্ষণের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

১০ অধ্যায়।

আমলাদের অসদাচরণের কথা।

৫৫ ধারা। কোন ক্লার্ক, বেলিফ বা আদালতের অন্য কোন আমলা আপন পদের কার্য্য সম্পাদনে অসদাচরণ বা উপেক্ষা দোষে দোষী হইলে, ছোট আদালত আজ্ঞা দিয়া তাহার এক মাসের বেতনের অনধিক পরিমাণ জরিমানা করিতে পারিবেন এবং ঐ জরিমানা তাহার বেতন হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে।

কর্ম্মচারিদের জরিমানা হইতে পারিবার কথা।

৫৬ ধারা। যদি কোন ক্লার্ক, বেলিফ বা ছোট আদালতের অন্য কোন আমলা, আপন পদোপলক্ষে কোন আজ্ঞা বা ওয়ারেণ্ট জারী করিতে নিযুক্ত হইয়া, উপেক্ষা বা না জানার ভাণ বা ত্রুটি করিয়া, উক্ত আজ্ঞা বা ওয়ারেণ্ট জারী করিবার সুযোগ হারায়, তবে উক্তরূপ উপেক্ষা বা না জানার ভাণ বা ত্রুটি করাতে যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তি প্রার্থনা করিলে, যে টাকার নিমিত্ত উক্ত আজ্ঞা বা ওয়ারেণ্ট দেওয়া হইয়াছিল কোন স্থলে সেই টাকার অধিক না হয়, এরূপ যত টাকা ছোট আদালত ঐ কারণ নিবন্ধন ঐ ব্যক্তির ক্ষতির পরিমাণ তুল্য জ্ঞান করেন, উক্ত আদালতের আজ্ঞাক্রমে ঐ ক্লার্ক, বেলিফ বা আমলা তত টাকা দিতে দায়ী হইবে।

আজ্ঞা বা ওয়ারেণ্ট জারী করিতে বেলিফের বা অন্য কর্ম্মচারির ত্রুটির কথা।

৫৭ ধারা। কোন ক্লার্ক, বেলিফ বা ছোট আদালতের অন্য কোন আমলা উক্ত আদালতের পরওয়ানা উপলক্ষ করিয়া বলপূর্ব্বক গ্রহণ বা অর্জ্জন করিয়াছে বলিয়া, অথবা উক্ত আদালতের ক্ষমতা প্রাপ্ত হইয়া যে টাকা আদায় করে তাহা না তাহার হিসাব যথাবিধি দেয় নাই বলিয়া তাহার নামে যদি অভিযোগ হয়, তবে আদালত উক্ত অভিযোগের তদন্ত লইয়া যেরূপ উচিত বোধ করেন উক্ত কর্ম্মচারির উক্ত বলপূর্ব্বক গৃহীত টাকা ফিরাইয়া দিতে হইবার বা পূর্ব্বোক্তরূপে আদায় করা কোন টাকা ও ক্ষতিপূরণ ও খরচা দিতে হইবার সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

কর্ম্মচারিদের বলপূর্ব্বক গ্রহণ বা ত্রুটির কথা।

৫৮ ধারা। এই আইনমত মোকদ্দমায় সাক্ষিদিগকে সমন দিয়া হাজির করাইবার ও বলপূর্ব্বক দলীল উপস্থিত করাইবার যেং ক্ষমতা ছোট আদালতের আছে, এই অধ্যায়মত তদন্ত কার্য্যে উক্ত আদালতের সেইং ক্ষমতা থাকিবে।

আদালতের সাক্ষিদিগকে সমন প্রভৃতি দিতে পারিবার কথা।

৫৯ ধারা। টাকা দিবার বা ফিরাইয়া দিবার এই অধ্যায়মত আজ্ঞাক্রমে টাকা দেওয়া না গেলে, যে ব্যক্তিকে ঐ টাকা দেয় হয় সেই ব্যক্তি ঐ আজ্ঞা আপনার অনুকূলে ছোট আদালতের ডিক্রীর ন্যায় প্রবল করিতে পারিবে না।

আজ্ঞা প্রবল করিবার কথা।

১১ অধ্যায়।

আদালতের প্রতি অবজ্ঞার কথা।

৬০ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৫, ১৭৮, ১৭৯, ১৮০ বা ২২৮ ধারায় যে রূপ অপরাধের বর্ণনা আছে ছোট আদালতের দৃষ্টি গোচরে বা সম্মুখে তদ্রূপ কোন অপরাধ করা গেলে, উক্ত আদালত

কোন২ অবজ্ঞার স্থলে আদালতের কার্য্য প্রণালীর কথা।

অপরাধিকে হেফাজতে রাখাইতে পারিবেন, এবং সেই দিন আদালত বরখাস্ত হইবার পূর্ব্বে কোন সময়ে উচিত বোধ করিলে অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড এবং তাহা না দিলে দেওয়ানী জেলে একমাস পর্য্যন্ত কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু উক্ত কাল গত হইবার পূর্ব্বে অর্থদণ্ডের টাকা দিলে অপরাধী মুক্তিলাভ করিতে পারিবে।

উক্তরূপ স্থলে যাহা লিপিবদ্ধ হইবে তাহার কথা।

৬১ ধারা। উক্তরূপ প্রত্যেক স্থলে, ঐ আদালত যে২ বৃত্তান্ত লইয়া অপরাধ হয় তাহাও অপরাধির কৃত কোন উক্তি থাকিলে তাহা, এবং নির্ণয় ও দণ্ডাজ্ঞা লিপিবদ্ধ করিবেন। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২২৮ ধারামতে অপরাধ হইলে যে সময়ে বাধা প্রাপ্ত বা অপমানিত হন সেই সময়ে আদালত যে বিচার সংক্রান্ত কার্য্যে অধিবিষ্ট ছিলেন সেই কার্য্যের ভাব ও তাহার অবস্থা এবং উক্ত বাধা বা অপমানের প্রকৃতি ঐ লিপিবদ্ধ কথায় দর্শাইতে হইবে।

৬০ ধারামতে মোকদ্দমা লইয়া কার্য্য হওয়া উচিত নয় আদালতের এমত বোধ হইলে কার্য্য-প্রণালীর কথা।

৬২ ধারা। যদি আদালত বিবেচনা করেন যে ৬০ ধারার নির্দ্দিষ্ট ও আপনার দৃষ্টিগোচরে বা সম্মুখে কৃত কোন অপরাধে অভিযুক্ত ব্যক্তির অর্থদণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত যে কারাদণ্ড হইতে পারে তদ্ভিন্ন কারাদণ্ড কিম্বা দুই-শত টাকার অধিক অর্থদণ্ড হওয়া উচিত, অথবা যদি অন্য কোন কারণে আদালত বিবেচনা করেন যে ৬০ ধারামতে উক্ত মোকদ্দমার নিষ্পত্তি হওয়া উচিত নহে, তবে আদালত যেই বৃত্তান্ত লইয়া অপরাধ হয় তাহা এবং পূর্ব্বলিখিত বিধিমত অপরাধির উক্তি লিপিবদ্ধ করিয়া মোকদ্দমা কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন, এবং ঐ অভিযুক্ত ব্যক্তি উক্ত মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবে ইহার জামিন লইবার আদেশ দিতে পারিবেন, অথবা উপযুক্ত জামিন না দেওয়া গেলে ঐ ব্যক্তিকে প্রহরির জিম্মায় উক্ত মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন।

উক্ত মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে লইয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করিবেন, এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের যে ধারা অনুসারে তাহার নামে অভিযোগ হয়, অপরাধির প্রতি সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

অপরাধী আজ্ঞাক্রমে কার্য্য করিলে কিম্বা অপরাধ স্বীকার করিলে তাহাকে ছাড়িয়া দিবার কথা।

৬৩ ধারা। কোন ব্যক্তিকে আইনসিদ্ধ কোন কর্ম্ম করিতে আজ্ঞা করা গেলে তাহা করিতে অস্বীকার করা কিম্বা সেই কর্ম্ম না করা, অথবা ইচ্ছাপূর্ব্বক অপমান করা বা কার্য্যের বাধা দেওয়া প্রযুক্ত আদালত ৬০ বা ৬২ ধারামতে ঐ অপরাধির দণ্ডবিধান করিলে কিম্বা বিচারার্থে তাহাকে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট পাঠাইলে, যদি সেই অপরাধী ঐ আদালতের আজ্ঞা বা আদেশ মানিতে স্বীকার করে অথবা আদালতের সন্তোষমতে অপরাধ স্বীকার করে, তবে আদালত স্বেচ্ছামতে তাহাকে ছাড়িয়া দিতে বা তাহার দণ্ড ক্ষমা করিতে পারিবেন।

উত্তর দিতে বা দলীল উপস্থিত করিতে অস্বীকার করিলে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিবার বা হেফাজতে রাখিবার কথা।

৬৪ ধারা। ছোট আদালতের সম্মুখে কোন সাক্ষিকে যে কথা জিজ্ঞাসা করা যায় সে তাহার উত্তর দিতে কিম্বা তাহার অধিকারগত বা ক্ষমতাধীন যে দলীল উপস্থিত করিবার আদেশ হয় তাহা উপস্থিত করিতে অস্বীকার করিলে, এবং অস্বীকার করণের কোন যুক্তিসঙ্গত কারণ না দেখাইলে, ঐ আদালত ঐ ব্যক্তির সাত দিনের অনধিক কাল সামান্য কারাদণ্ডের আজ্ঞা করিতে, কিম্বা তাহাকে তত দিন আদালতের কোন কর্ম্মচারির হেফাজতে অর্পণ করিতে পারিবেন। ইতিমধ্যে উত্তর দিতে বা স্থলবিশেষে উক্ত দলীল উপস্থিত করিতে সম্মত হইলে, তাহাকে মুক্ত করা যাইবে। কিন্তু সেই সাত দিনের পরেও অস্বীকার করিতে থাকিলে, এই আইনের ৬০ বা ৬২ ধারার বিধানমতে তাহাকে লইয়া কার্য্য হইতে পারিবে।

৬০ ও ৬৪ ধারামত আজ্ঞার উপর আপীলের কথা।

৬৫ ধারা। ৬০ বা ৬৪ ধারামত আজ্ঞাক্রমে কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করিলে হাই কোর্টে আপীল করিতে পারিবেন এবং প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের আপীল সংক্রান্ত বিধান সমূহ, যত দূর বর্ত্তিতে পারে, এই ধারামত আপীলের প্রতি বর্ত্তিবে।

---

১২ অধ্যায়।

বিবিধ কথা।

হাই কোর্টে যে আইনমতে কার্য্য হয় সেই আইন অনুসারে এই আইনমত মোকদ্দমা প্রভৃতিতে উত্থিত প্রশ্নের নিষ্পত্তি হইবার কথা।

৬৬ ধারা। কার্য্যপ্রণালী বা রীতি সংক্রান্ত প্রশ্নভিন্ন যে সকল প্রশ্ন এই আইনমত মোকদ্দমার বা অন্য আনুষ্ঠানিক কার্য্যে ছোট আদালতে উত্থিত হয়, প্রথম দলীয়বিষয়ক দেওয়ানী বিচারাধিপত্যক্রমে কার্য্যকালে হাই কোর্টে তৎকালে যে আইনমতে কার্য্য হয় সেই আইন অনুসারে সেই সকল প্রশ্নের বিচার ও নিষ্পত্তি হইবে।

যে ব্যক্তিদের দ্বারা পরওয়ানা জারী করা যাইতে পারে, তাহাদের কথা।

৬৭ ধারা। দলীল উপস্থিত করিবার নোটিস, সাক্ষিদের সমন, এবং (প্রতিবাদির প্রতি সমন ও জারীর পরওয়ানা ছাড়া) এই আইনমতে ছোট আদালতের প্রতি প্রদত্ত ক্ষমতাক্রমে অন্য যে সকল পরওয়ানা দেওয়া যায় তৎসমুদয়, আদালত সামান্য বা বিশেষ আজ্ঞা দিয়া আদেশ করিলে, মোকদ্দমার আটর্নিদের দ্বারা, বা এতদর্থে তাঁহাদের নিযুক্ত ব্যক্তিদের দ্বারা, বা আদালত সময়ে২ আজ্ঞা বা আদেশ করিয়া, যে ব্যক্তিদিগকে নির্দ্দেশ করেন তাহাদের দ্বারা, জারী করা যাইতে পারিবে।

রেজিষ্টর ও রিটর্ণের কথা।

৬৮ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনাধীনে হাই কোর্ট যেরূপ নির্দ্দেশ করেন, ছোট আদালত সেইরূপ রেজিষ্টর, বহী ও হিসাব রাখিবেন, এবং হাই কোর্টে সেইরূপ কাগজপত্র ও রিটর্ণ পাঠাইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

৬৯ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট বা, স্থলবিশেষে, হাই কোর্ট যেরূপ পাঠ ও প্রণালী উপযুক্ত জ্ঞান করেন, সেইরূপ পাঠে ও প্রণালীতে উক্ত গবর্ণমেন্ট বা কোর্ট সময়েং কাগজ পত্র, রিটর্ণ ও বর্ণনাপত্র পাঠা ইবার যে আদেশ করেন, ছোট আদালত সেই আদেশ পালন করিবেন।

স্থানীয় গবর্ণমেন্টের বা হাই কোর্টের আদেশ মতে ছোট আদালতের কাগজপত্রাদি দিতে হইবার কথা।

৭০ ধারা। আদালতে যেং পর্ব্বদিন ও বন্দের দিন পালিত হইবে, ছোট আদালত প্রত্যেক বৎসরের প্রারম্ভে তাহার তালিকা প্রস্তুত করিয়া স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদন নিমিত্ত প্রেরণ করিবেন।

পর্ব্বদিন ও বন্দের দিনের কথা।

উক্ত অনুমোদন প্রাপ্ত হওয়া গেলে, ঐ তালিকা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং তদনুসারে উক্ত পর্ব্বের দিন ও বন্দের দিন পালিত হইবে।

৭১ ধারা। শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ও তাঁহার মন্ত্রিসভার সভ্যদিগকে, মান্দ্রাজের ও বোম্বাইয়ের শ্রীযুক্ত গবর্ণর সাহেব ও তাঁহাদের মন্ত্রিসভার সভ্যদিগকে, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে, এবং শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে সংস্থাপিত হাই কোর্টের চীফ জষ্টিস ও জজদিগকে, এই আইনমতে সংস্থাপিত কোন আদালতের আজ্ঞাক্রমে ধৃত করা যাইতে পারিবে না।

ছোট আদালতের ধৃত করণ হইতে কোনং ব্যক্তির মুক্ত থাকিবার কথা।

৭২ ধারা। ছোট আদালতের কোন ডিক্রীর উপর মোকদ্দমা হইতে পারিবে না।

ছোট আদালতের ডিক্রীর উপর মোকদ্দমা না হইবার কথা।

৭৩ ধারা। এতদর্থে স্থানীয় গবর্ণমেন্ট সময়েং যে স্থান নিরূপণ করেন, যে কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিতে ছোট আদালতের আজ্ঞা হয় তাহাকে সেই স্থানে কারাবদ্ধ করিয়া রাখা যাইতে পারিবে।

যে স্থানে কারাবদ্ধ হইবে সেই স্থানের কথা।

৭৪ ধারা। এই আইনমত কোন কর্ম্ম করিয়াছেন বলিয়া কোন ব্যক্তির বিরুদ্ধে যদি মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে বাদিকে যথোচিত ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করা হইয়া থাকিলে, বাদী কিছু পাইতে পারিবে না।

আইনমতে কৃত কোন কর্ম্মহেতুক মোকদ্দমার প্রস্তাবের কথা।

৭৫ ধারা। এই আইনমতে কোন কর্ম্ম করা হইয়াছে বলিয়া যে সকল অভিযোগ হয়, তৎসমুদয় ঐ অপরাধ করা গেলে পর তিন মাসের মধ্যে উপস্থিত করিতে হইবে।

অভিযোগের মিয়াদের কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২২ জানুয়ারি।]

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

যে২ ব্যবস্থা রহিত হইল।

A—সুপ্রীম কোর্টের চার্টর।

তারিখ।		যে পরিমাণে রহিত হইল
১৭৭৪ সালের ২৬ মার্চ	কলিকাতার সুপ্রীম কোর্টের চার্টর	২১ প্রকরণ।
১৮০০ সাল, ২৬ ডিসেম্বর	মান্দ্রাজের সুপ্রীম কোর্টের চার্টর	৩৭ প্রকরণ।
১৮২৩ সাল, ৮ ডিসেম্বর	বোম্বাইয়ের সুপ্রীম কোর্টের চার্টর	৩১ প্রকরণ।

B,—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনেরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয় বা সংক্ষেপ নাম।	যে পরিমাণ রহিত হইল।
১৮৫০ সা, ৯ আ	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্পকর্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সহজ মতে আদায় করণের আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
১৮৫৭ সা, ২০ আ	১৮৫০ সালের ৯ আইন সংশোধন করিবার আইন	সমুদয়।
১৮৬৪ সা, ২৬ আ	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের ক্ষুদ্র যে কজ্জ্বাদির আদালতের ক্ষমতা রদ্ধি ও ঐং আদালতে অধিক সংখ্যক বিচার কর্ত্তাকে নিযুক্ত করণের বিধান করিবার আইন	যে অংশের হিত হয় নাই সেই অংশ।
১৮৭৭ সা, ১০ আ	দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইন	৮ ধারা ২ প্রকরণ।

C.—মন্ত্রি সভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুক্ত গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয়।	যে পরিমাণ রহিতহইল।
১৮৬৩ সা ৬ আ	বোম্বাইয়ের ছোট আদালত দ্বারা যে সকল ব্যক্তি কারাবদ্ধ হয় তাহাদের খোরাকীর উৎকৃষ্টতর বিধান করণার্থ আইন	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।

দ্বিতীয় তফসীল।

(২১ ধারা দেখ।)

দেওয়ানী মোকদ্দমায় কার্য্য প্রণালী বিষয়ক আইনের যেং অংশ ছোট আদালত বর্ত্তিল থেকে।

পরিভাষা। ২ ধারা। অর্থ করণের ধারা।

১ অধ্যায়।—১১ ধারা ছাড়া, আদালতের এলাকার ও পূর্ব্ব নিষ্পত্তি করা বিষয়ের কথা।

২ অধ্যায়।—১৫, ১৬, ১৭, ১৮, ও ১৯ ধারা, ২০ ধারার ৪ প্রকরণ, এবং ২২ অবধি ২৪ পর্য্যন্ত ধারা ছাড়া মোকদ্দমা উপস্থিত করিবার স্থান বিষয়ক বিধি।

৩ অধ্যায়।—৩৭ ধারার শেষ প্রকরণ ছাড়া, উভয়-পক্ষ ও তাঁহাদের উপস্থিত হওন ও প্রার্থনা করণ ও ক্রিয়া বিষয়ক বিধি।

৪ অধ্যায়।—৪২ ধারা ও ৪৪ ধারার ক বিধি ছাড়া মোকদ্দমার আকার বিষয়ক বিধি।

৫ অধ্যায়।—৫৭ ধারার (খ) প্রকরণ ছাড়া মোকদ্দম উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬ অধ্যায়।—৮৬ ধারা ছাড়া, সমন বাহির করণ ও দেওন বিষয়ক বিধি।

৭ অধ্যায়।—উভয় পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওনের ফল বিষয়ক বিধি।

৮ অধ্যায়।—১১০, ১১২ ও ১১৩ ধারা ছাড়া বর্ণনাপত্র ও দাওয়ার বিপরীত দাওয়া বিষয়ক বিধি।

৯ অধ্যায়।—১১৯ ধারা ছাড়া আদালতের দ্বারা উভয় পক্ষের পরীক্ষাকরণ বিষয়ক বিধি।

১০ অধ্যায়।—এবং প্রতিবাদী যদি লিখিত বর্ণনাপত্র না দিয়া থাকেন ও সেই বর্ণনাপত্র প্রাপ্ত হইয়া যদি কাগজ পত্রের মধ্যে না দেওয়া যায়, তবে ঐ প্রতিবাদী বাদিকে জিজ্ঞাসা করিবার প্রশ্ন দিতে পারিবেন না” ১২০ ধারার উপবিধির এই কথা ছাড়া দলীলের সন্ধান লওন ও গ্রাহ্য করণ ইত্যাদি বিষয়ক বিধি।

১১ অধ্যায়।—১৫০ ও ১৫১ ধারা ইস্যু নির্ণয় করণ বিষয়ক বিধি।

১২ অধ্যায়।—৫৪ ধারা ও ১৫৫ ধারার দ্বিতীয় প্রকরণ ছাড়া, প্রথম শ্রবণের সময়ে মোকদ্দমা নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

১৩ অধ্যায়।—মোকদ্দমা শ্রবণের দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।

১৪ অধ্যায়।—সাক্ষিদের নামে সমন দেওন ও তাঁহাদের উপস্থিত হওন বিষয়ক বিধি।

১৫ অধ্যায়।—১৮২ অবধি ১৯১ পর্য্যন্ত ধারা ছাড়া মোকদ্দমার শ্রবণ ও সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ক বিধি।

১৬ অধ্যায়।—এফিডেবিট বিষয়ক বিধি।

১৭ অধ্যায়।—২০৪, ২০৭, এবং ২১ অবধি ২১৪ পর্য্যন্ত ধারা ছাড়া, বিচার ও ডিক্রী বিষয়ক বিধি।

১৮ অধ্যায়।—খরচা বিষয়ক বিধি।

১৯ অধ্যায়।—ডিক্রী জারীকরণ বিষয়ক বিধি, ২২৩ অবধি ২৩৬ পর্য্যন্ত ধারা, ২৩৯ অবধি ২৫২ পর্য্যন্ত ধারা, ২৬৬ ধারা (অস্থাবর সম্পত্তি ক্রোক ও তাহার ডিক্রীর সহিত যতদূর সম্পর্ক রাখে), ২৬৭ অবধি ২৭২ ধারা, ২৭৩ ধারা (অস্থাবর সম্পত্তি সম্বন্ধীয় ডিক্রীর সহিত যতদূর সম্পর্ক রাখে), ২৭৫ অবধি ৩০৩ পর্য্যন্ত ধারা ৩২৮ অবধি ৩৩৩ পর্য্যন্ত ধারা ৩৩৬ অবধি ৩৪৩ পর্য্যন্ত ধারা।

২০ অধ্যায়।—ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে, ৩৬০ ধারা ছাড়া তদ্বিষয়ক বিধি।

২১ অধ্যায়।—কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধ করণের অক্ষমতা হইলে তদ্বিষয়ক বিধি।

২২ অধ্যায়।—মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোষ মিটমাট করিয়া দেওন বিষয়ক বিধি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৫ জনুয়ারি।]

২৩ অধ্যায়।—আদালতে টাকা দেওন বিষয়ক বিধি।

২৪ অধ্যায়।—খরচার জামিন লওন বিষয়ক বিধি।

২৫ অধ্যায়।—৩৯৬ ধারা ছাড়া, কমিশনপত্র বিষয়ক বিধি।

২৬ অধ্যায়।—পাপরদের মোকদ্দমা বিষয়ক বিধি।

২৭ অধ্যায়।—গবর্ণমেন্টের দ্বারা বা গবর্ণমেন্টের কর্ম্মচারিদের বিরুদ্ধে মোকদ্দমার সহিত যতদূর সম্পর্ক রাখে।

২৮ অধ্যায়।—ভিন্নজাতীয় ব্যক্তিদের ও ভিন্ন দেশীয় ও এতদ্দেশীয় সরদারদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

২৯ অধ্যায়।—সমবায়ত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩০ অধ্যায়।—ট্রষ্টীদের ও উইল ক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকদের ও উত্তরাধিকারপত্রাধিকারিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩১ অধ্যায়।—নাবালগদের ও অসুস্থমনা ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩২ অধ্যায়।—সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৩ অধ্যায়।—বাদ প্রতিবাদার্থক মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৪ অধ্যায়।—স্থাবর সম্পত্তির ক্রোক সম্বন্ধীয় ভিন্ন নিষ্পত্তি পূর্ব্বে ধৃত ও ক্রোককরণ বিষয়ক বিধি।

৩৬ অধ্যায়।—৫০৬ ও ৫০৮ ধারা ছাড়া, গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।

৩৭ অধ্যায়।—আপীল সক্রান্ত ৫২০ ধারার বিধান ছাড়া, সালিসীতে অর্পণ করণ বিষয়ক বিধি।

৩৮ অধ্যায়।—৫২৭ ধারার (খ) প্রকরণের যে অংশ স্থাবর সম্পত্তি সম্পর্কীয় সেই অংশ ছাড়া, উভয় পক্ষের সম্মতিক্রমে আনুষ্ঠানিক কার্য্য বিষয়ক বিধি।

৩৯ অধ্যায়।—নিয়োগপত্র দর্শন পত্রের উপর সরাসরী কার্য্য প্রণালীর কথা।

৪৬ অধ্যায়।—হাই কোর্টে প্রশ্নকরণ ও পুনরালোচনা করণ বিষয়ক বিধি।

৪৯ অধ্যায়।—বিবিধ বিধি, ৬৪০ অবধি ৬৪৫ পর্য্যন্ত ধারা, এবং ৬৪৭ অবধি ৬৫২ পর্য্যন্ত ধারা।

তৃতীয় তফসীল।

(৩৭ ও ৩৮ ধারা দেখ।)

ছোট আদালতের ঋণশোধ করণাক্ষমতা সংক্রান্ত বিচারাধিপত্য মধ্যে যাহা দিগকে ধরা যাইবে না। ব্যাঙ্কর, সরফ বা পেনীয়া, ঋণদান ব্যবসায়ী চিনি নীল, চা, পশম, রেশম বা অন্য দ্রব্য প্রস্তুতকারী। তুলাপাট চর্ম্ম প্রভৃতি কশিবার যন্ত্রের স্বামী। নেকা, কাট বা জাহাজের স্বামী। ঠিকাদার। জাহাজের স্বামী, ডকের স্বামী।

নিলামকারী, নীলামকারী ও অন্যান্য দ্রব্য রাখিয়া হুক দাতা।

হোটেল রক্ষক, বোর্ডিং হৌস রক্ষক বা বাসাবাড়ী রক্ষক।

কর্ম্ম চালায় কেবল তাহারাই উক্ত বিচারাধিপত্যাধীন হইবে। পক্ষান্তরে ১৮৬৪ সালের ২৬ আইনে ৫০০ টাকা অবধি ১০০০ টাকা পর্য্যন্ত বিচারাধিপত্যদান কালে তদনুসারে কার্য্য করিবার আর একটি হেতু প্রদত্ত হয়, অর্থাৎ বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে মোকদ্দমার হেতু উৎপন্ন হওয়া। যে সকল কর্তৃপক্ষের পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে তাহাদের অধিকাংশের মত এই যে, বিচারাধিপত্যের মূল, কর্ম্মপ্রকার মূল্যের মোকদ্দমায় একই হওয়া উচিত। অন্য দিকে কেহ২ আবার এরূপ আশঙ্কা প্রকাশ করিয়াছেন যে, কোন রূপ সীমা নির্দ্ধারণ করিয়া না দিলে, দূরদেশবাসী প্রতিবাদির বিরুদ্ধে অল্প মূল্যের মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতার অপব্যবহার হইতে পারে। মান্দ্রাজের হাই কোর্টের জজেরা ও শ্রীযুত বর্ষ্টীড সাহেব যে মত অবলম্বন করিয়াছেন তাহাই যথার্থ বলিয়া বোধ হয় অর্থাৎ এই বিষয়ে হাই কোর্টের ও ছোট আদালতের মধ্যে কোন প্রভেদ থাকা উচিত নহে, সুতরাং পাণ্ডুলিপি এরূপে প্রস্তুত করা গিয়াছে যে, পেটেণ্টপত্রক্রমে হাই কোর্টের যেরূপ বিচারাধিপত্য আছে এই বিষয়ে ছোট আদালতের প্রতি ঠিক সেইরূপ বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে।

৮। ছোট আদালতের ডিক্রীমূলে হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করণ রূপ বর্ত্তমান প্রণালী ভিন্ন প্রকারান্তরে স্থাবর সম্পত্তির উপর ছোট আদালতের ডিক্রী জারী করিবার ক্ষমতা না থাকায় বাদিদের অত্যন্ত কষ্টের কারণ হইয়াছে বলিয়া অনেক বৎসর ধরিয়া নালিশ আছে, এবং কোন২ স্থানে, বিশেষতঃ মান্দ্রাজে এই কারণে বাদিরা ছোট আদালতে মোকদ্দমা উপস্থিত না করিয়া হাই কোর্টে উপস্থিত করে। স্থাবর সম্পত্তি পুনঃ প্রাপ্তির মোকদ্দমায় ছোট আদালতের প্রতি বিচারাধিপত্য প্রদান সম্বন্ধে যেরূপ আপত্তি আছে স্থাবর সম্পত্তির উপর আপন ডিক্রী জারী করিবার ক্ষমতা উক্ত আদালতের প্রতি অর্পণ করিবার সম্বন্ধেও সেইরূপ আপত্তি আছে এই নিমিত্ত পাণ্ডুলিপিতে (২৪ ধারায়) এই প্রস্তাব করা গিয়াছে যে, মফঃসলের ছোট আদালত সমূহ ১৮৬৫ সালের ১১ আইনের ২০ ধারামতে যেরূপ করেন, রাজধানীর ছোট আদালত তদ্রূপে হাই কোর্টে বা মফঃসল আদালতে আপন ডিক্রী জারী করিবার নিমিত্ত পাঠাইতে পারিবেন। এই প্রস্তাবে কেবল বোম্বাই হাই কোর্ট গুরুতর বাধা উত্থাপন করিয়াছেন, এবং এই বাধা প্রধানতঃ রাজনৈতিক বা অর্থনৈতিক আপত্তি মূলক। ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তি বিক্রয়ের বিরুদ্ধে এই সকল আপত্তি উদারনীতি কয়েক বৎসর বারম্বার উত্থাপিত হইয়াছে। মফঃসলে ভূমি অধিকাংশ লোকের একমাত্র উপজীব্য এবং বাস্তবিক সমাজের ভিত্তিস্বরূপ। তথায় এই সকল আপত্তি যেরূপ বলবৎ হউক না কেন রাজধানী নগরে যে সকল মোকদ্দমা উঠে তৎসম্বন্ধে এই সকল আপত্তির কোন বল নাই কিম্বা অল্পমাত্রই আছে।

৯। মফঃসলের ছোট আদালতের কার্য্যপ্রণালীর ন্যায় পাণ্ডুলিপির ২১ ধারায় ও তফসীলে রাজধানী সমূহের ছোট আদালতের কার্য্যপ্রণালীর মূল দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনক্রমেই করা গিয়াছে। কিন্তু কোর্ট ফী, কৌন্সলী ও আটর্ণির ফী পীড়া হইলে ডিক্রী জারী স্থগিত রাখা, প্রভৃতি বিষয় সংক্রান্ত বর্ত্তমান আইনের বিশেষ বিধানগুলি রক্ষিত হইয়াছে, এবং সাধারণ ব্যবস্থার, যথা (দেওয়ানী কার্য্য বিধির ১৬০-১৬২ ধারার) সাক্ষিদের খরচ দেওন বিষয়ক ব্যবস্থার, কোনরূপ পরিবর্ত্তন বিধান করিতে হইবে কি না ইহাও বিবেচ্য।

১০। ক্ষুদ্র২ জমার অধিকার পুনঃ প্রাপ্তি সংক্রান্ত অধ্যায়ে কএকটি সংশোধন সন্নিবিষ্ট করা গিয়াছে, কিন্তু মূল ব্যবস্থা বিশদতর করিতে হইলে যেরূপ আবশ্যক হয় কিম্বা সেই প্রকার ব্যবস্থার কার্য্য ইংলণ্ডে দোষরহিত যেরূপ বাঞ্ছনীয় বোধ হইয়াছে, উক্ত সংশোধনগুলি কেবল সেইরূপ মাত্র। এইরূপে প্রজাসম্বন্ধে বা অনুমতি অনুযায়ী দখলে যে ভোগাধিকার আরম্ভ হয়, উক্ত অধ্যায়ের কার্য্য কেবল তাহাতেই নিবদ্ধ রাখা স্পষ্টই ব্যবস্থা প্রণেতাদের অভিপ্রায় অনুযায়ী, এবং ১৮৫১ সালে সুপ্রীম কোর্ট যে এক নিষ্পত্তি করেন যদিও তৎক্রমে কালকাতা হাই কোর্ট সম্বন্ধে এ বিষয় সংক্রান্ত সমুদয় সন্দেহ অপনীত হয়, অন্য এক হাই কোর্ট সম্পূর্ণ বিরুদ্ধ মত অবলম্বন করিয়াছেন, প্রাপ্ত পত্রবিশেষে উল্লিখিত এই কথা ব্যবস্থা স্পষ্টতর করিবার আবশ্যকতা প্রদর্শন করিতেছে।

১১। ১৮৫০ সালের ৯ আইনের ৯১ ধারায় "মূল্য বা খাজানা" এই কথা ইংলণ্ডীয় কৌন্টী কোর্ট বিষয়ক শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৯ ও ১০ বৎসরের ৯৫ অধ্যায়ের আইনের ১২২ ধারা হইতে নকল করিয়া লওয়া হয়। শেষোক্ত ধারায় হয়ত এই কথা অসাবধানে ব্যবহৃত হইয়াছিল। একটি প্রসিদ্ধ মোকদ্দমায় ইহার যেরূপ অর্থ করা হইয়াছে তাহাতে এই ফল জন্মিয়াছে যে বহুমূল্যের সম্পত্তি অর্থাৎ ১০০০ টাকার কম খাজানায় ভোগকৃত ভূমখণ্ডের উপর নির্ম্মিত বৃহৎ বাটী এই জাতি সরাসরী বিচারাধিপত্যের মধ্যে আনা যাইতে পারে। পাণ্ডুলিপিতে বিধান আছে যে প্রতিযোগিতার অত্যুচ্চ হারে খাজানা ধরিয়া বার্ষিক মূল্য ১০০০ টাকার অধিক হইলে বিচারাধিপত্য থাকিবে না।

১২। ঋণ শোধকরণাক্ষমতা সংক্রান্ত অধ্যায় সম্পূর্ণ নূতন। হাই কোর্টে যে রাশি২ সামান্য কার্য্যের ভারে এক্ষণে গুরুতর কর্ম্মের অনেক হানি হয়, সেই কার্য্যের ভার হইতে হাই কোর্টকে মুক্ত করিবার অভিপ্রায়ে বঙ্গদেশের গবর্ণমেণ্ট কালকাতার হাই কোর্ট ও মান্দ্রাজের বর্ত্তমান চীফ জষ্টিস সাহেব এতদ্রূপ একটি অধ্যায় সন্নিবেশ করিতে বলেন। ঋণশোধ করণাক্ষমতা সংক্রান্ত বিচারাধিপত্য হাই কোর্ট ও ছোট আদালতের মধ্যে কিরূপে বিভাগ করিয়া দেওয়া উচিত এ বিষয়ে কিঞ্চিৎ মতভেদ আছে। পাণ্ডুলিপিতে যে বিভাগ প্রণালী অবলম্বিত হইয়াছে, তাহাতে যাহারা ব্যবসায়ী নহে তাহাদের সকলের মোকদ্দমা ছোট আদালতের হস্তে অর্পিত হইয়াছে। কেবল ব্যবসায়ীদের মোকদ্দমা হাই কোর্টের হস্তে রহিল। এই প্রণালী কলিকাতার হাই কোর্ট প্রস্তাব করেন, এবং ইহাই সর্ব্বাপেক্ষা সুবিধাজনক বোধ হয়, কারণ এদেশে শেষোক্ত শ্রেণীর মোকদ্দমায় কেবল কঠিন ও প্রয়োজনীয় প্রশ্ন উপস্থিত হয়। অব্যবসায়ী ঋণ শোধ করণাক্ষম ব্যক্তিদের অধিকাংশই এরূপ সরকারী কেরাণী যাহারা আয়

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

অপেক্ষা অধিক ব্যয় করিয়াছে, এবং সাধারণতঃ বলিতে গেলে ইহাদের বিষয়ের মীমাংসা অত্যন্ত সহজ, কারণ অধিকাংশ স্থলে আদায় বা বণ্টন করিয়া দিবার কিছুই থাকে না অথবা অল্পমাত্র থাকে।

১৩। প্রথম দৃষ্টিতে ইহাই এই বিচারাধিপত্য ক্রমে কার্য্য বিধানের সর্ব্বাপেক্ষা সহজ উপায় বোধ হয় যে, হাই কোর্টের জজদের প্রতি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ২১ অধ্যায়মতে যে বিচারাধিপত্য প্রদত্ত হইয়াছে তাহার কিয়দংশ ছোট আদালতের জজদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া হউক, কিন্তু উক্ত রাজব্যবস্থা পর্য্যালোচনা করিলে দৃষ্ট হইবে যে কোন২ বিষয়ে উহার কার্য্য ব্রিটিষ ভারতবর্ষের সীমা অতিক্রম করিয়া চলে, এবং এই নিমিত্ত ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার সীমাবদ্ধ ক্ষমতার প্রতি দৃষ্টি করিলে, উপস্থিত বিষয়ের উপযোগী করিয়া উহা পরিবর্ত্তন করা কঠিন। এইরূপ হওয়াতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অধিকতর সীমাবদ্ধ বিধানের আশ্রয় গ্রহণ করা ভাল বোধ হইয়াছে, এবং আমাদের যেরূপ সহজ ও অপেক্ষাকৃত সামান্য প্রকারের মোকদ্দমা লইয়া কার্য্য করিতে হইবে, তাহার সম্বন্ধে ইহাই যথেষ্ট বলিয়া প্রতীতি হয়।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ২১ অধ্যায়মত রাজকীয় আসৈনী এই অধ্যায়মত সকল মোকদ্দমায় গ্রাহক হইবেন।

১৪। হাই কোর্টের কর্ম্মের ভার লাঘব করিবার উদ্দেশে এবং সেই সঙ্গে ১০০০ টাকার কম পরিমাণের বা মূল্যের সম্পত্তি হইলে অল্পব্যয়ে ও সত্বর প্রবেট বা ধনাধ্যক্ষতাপত্র পাইবার প্রণালী বিধান করণার্থ চরমপত্রানুযায়ী ও অকৃতচরমপত্র বিচারাধিপত্য সংক্রান্ত অধ্যায় সন্নিবিষ্ট হইয়াছে।

১৫। ৭২ ধারায় ছোট আদালতের ডিক্রী প্রবল করণার্থ মোকদ্দমা উপস্থিত করণের নিষেধ আছে। ইদানীন্তন একটি মোকদ্দমায় কলিকাতার হাই কোর্ট যাহা বর্ত্তমান ব্যবস্থা বলিয়া ধার্য্য করিয়াছেন, এই ধারায় কেবল তাহাই নির্দ্দিষ্ট হইয়াছে।

১৬। ইহা দৃষ্ট হইবে যে, বর্ত্তমান আইন সমূহে যে সকল বিষয়ের বিধান নাই, পাণ্ডুলিপিতে তন্মধ্যে কোন২ বিষয়ের বিধান থাকিলেও, ঐ সমুদয় আইন অপেক্ষা ইহার ধারার সংখ্যা কম। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে২ ধারা ইহাতে খাটাইবার প্রস্তাব আছে সেই২ ধারার ও সাধারণ ব্যবস্থার বিধানমত বিষয় বাদ দেওয়াতেই প্রধানতঃ এইরূপ ঘটিয়াছে, কিন্তু কোন২ বিষয়—যথা, আমলাদের জামিন দিবার কথা ও আদালতের হিসাব রাখিবার প্রণালীর কথা, বাদ দেওয়াও ইহার আংশিক কারণ। ইদানীন্তন কালের রীতিক্রমে কর্ত্তৃত্ব কার্য্যসম্পাদক গবর্ণমেণ্ট চলিত কার্য্য বিভাগীয় নিয়মানুসারে এই সকল বিষয়ের বিধান করেন।

শিমলা। হুইটলী ষ্টোক্‌স্।
১৮৮০ সাল ২৮ আগষ্ট।

ডি. ফিটজপ্যাট্রিক
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১লা জানুয়ারি।]

[প্রথমবার প্রকাশ।]

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ৩০ ডিসেম্বর তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ২২ নম্বর।

গমনাগমনের পথে বাধা অপহৃত বা বিনষ্ট করণার্থ এবং উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ সমুদ্রে জাহাজের গমনাগমন পথে বাধা অপহৃত বা বিনষ্ট করণার্থ এবং উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "গমনাগমনের পথে বাধা সংক্রান্ত ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ।

এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

কিন্তু শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজের প্রতি কিম্বা শ্রীশ্রীমতী মহারাণী বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব যে জাহাজ ভাড়া করেন তাহার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না।

গমনাগমনের পথে বাধা অপহৃত বা বিনষ্ট করণার্থ স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা অর্পণের কথা।

২ ধারা। ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ কোন সমুদ্রে গমনাগমনের পথে কোন জাহাজ ডুবিলে, চড়ায় উঠিলে, বা পরিত্যক্ত হইলে, অথবা মৎস্য ধরিবার কোন খুঁটা, কাষ্ঠ বা অন্য দ্রব্য স্থাপিত বা রক্ষিত হইলে, ব্রিটিষ ভারতবর্ষের যে প্রদেশে বা যাহার নিকটে ঐ জাহাজ মৎস্য ধরিবার খুঁটা, কাষ্ঠ বা অন্য দ্রব্য থাকে, সেই প্রদেশের স্থানীয় গবর্ণমেণ্ট যদি বিবেচনা করেন যে ঐ দ্রব্যাদিদ্বারা জাহাজের গমনাগমনে বাধা বা বিপত্তি হইবে বা হইবার সম্ভাবনা,

(ক) তবে ঐ দ্রব্য বা উহার কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন, কিম্বা

(খ) যদি ঐ দ্রব্য এপ্রকারের হয় বা এরূপ ভাবে থাকে যে স্থানীয় গবর্ণমেণ্টের মতে তাহা স্থানান্তর করিবার যোগ্য না হয়, তবে উহা বা উহার কোন অংশ বিনষ্ট করিতে পারিবেন।

বাধা অপহৃত করিতে যে খরচ পড়ে গবর্ণমেণ্ট তাহা পাইবার অধিকারী হইবার কথা।

৩ ধারা। ২ ধারামতে কোন দ্রব্য স্থানান্তরিত করা গেলে, গবর্ণমেণ্ট সমুদয় অবস্থার প্রতি দৃষ্টি করিলে যত টাকা যুক্তিসিদ্ধ বোধ হয়, ঐ দ্রব্য স্থানান্তর করিবার খরচ বলিয়া তত টাকা পাইতে পারিবেন।

উক্ত খরচ লইয়া বিবাদ হইলে, তদ্বিষয়ের কথা।

উক্তরূপ যে কোন দ্রব্য স্থানান্তর করা যায়, তাহা লইয়া এই ধারামত পাওনা টাকা সম্বন্ধে কোন বিবাদ উপস্থিত হইলে, যে স্থানে ঐ দ্রব্য থাকে সেই স্থানে বিচারাধিপত্যপ্রাপ্ত জিলার বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকটে বিবাদী পক্ষের কোন পক্ষ তৎসম্বন্ধে প্রার্থনা করিলে, ঐ মাজিষ্ট্রেট তাহার নিষ্পত্তি করিবেন।

৪ ধারা। ২ ধারামতে কোন দ্রব্য স্থানান্তর করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ দ্রব্যের বর্ণনা এবং যে সময়ে যে স্থানহইতে উহা স্থানান্তর করা যায় তাহা লিখিয়া স্থানীয় রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিবেন।

স্থানান্তর করিবার সংবাদ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে হইবার কথা।

৫ ধারা। উক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর কেহ ঐ দ্রব্যের দাওয়া না করিলে,

কিম্বা দাওয়াদার উক্ত খরচের দেনা টাকা এবং তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের উপযুক্তরূপ অন্য যে খরচা পড়ে তাহা না দিলে,

স্থানান্তর্ করা দ্রব্য কোন ২ স্থলে বিক্রীত হইতে পারিবার কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট প্রকাশ্য নীলামে ধরিয়া ঐ দ্রব্য আশুক্ষয়শীল হইলে অবিলম্বে, এবং আশুক্ষয়শীল না হইলে, পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাসের অন্যূন কোন সময়ে, বিক্রয় করিতে পারিবেন।

৬ ধারা। উক্ত বিক্রয়ের উৎপন্ন টাকা আদায় হইলে পূর্ব্বোক্তরূপ খরচ ও খরচার প্রাপ্য টাকা বিক্রয়ের খরচা সমেত কাটিয়া লওয়া যাইবে, এবং অবশিষ্ট কিছু থাকিলে তাহা বিক্রীত দ্রব্যের স্বামিকে দেওয়া যাইবে, অথবা তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত হইয়া দাওয়া না করিলে, আমানত করিয়া রাখা যাইবে, এবং পরে কোন ব্যক্তি তাহাতে আপনার স্বত্ব সাব্যস্ত করিলে, বিনাসুদে তাঁহাকে দেওয়া যাইবে।

বিক্রয়োৎপন্ন টাকা কিরূপে প্রয়োগ করিতে হইবে, তাহার কথা।

কিন্তু বিক্রয়ের তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ ব্যক্তির দাওয়া করা চাই।

৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে "জাহাজ" শব্দে কোন জাহাজের রসা-রসী, সরঞ্জাম, মাল, দ্রব্য-সামগ্রী বা নিলম স্বরূপ বা তাহার অংশস্বরূপ প্রত্যেক বস্তু বা দ্রব্য বা দ্রব্যসমূহ বুঝাইবে, এবং কোন জাহাজ বা তাহার মাল কিম্বা তাহা হইতে রক্ষিত অন্য কোন সম্পত্তি বিক্রয় করিয়া যে টাকা উৎপন্ন হয়, সেই টাকা সাধারণ তহবীল বলিয়া গণ্য হইবে।

"জাহাজ" শব্দে রসারসী মাল প্রভৃতি বুঝাইবার কথা।

৮ ধারা। ব্রিটিষভারতবর্ষের নিকটস্থ কোন সমুদ্রে গমনাগমনের পথে, মৎস্য ধরিবার খুঁটাস্থাপন, কিম্বা নিলম, জঞ্জাল, বা অন্য যে কোন দ্রব্য হইতে চিবি বা চড়া জন্মিবার সম্ভাবনা তাহা ফেলা বা নিক্ষেপ করা, কিম্বা অন্য যে কার্য্য করিলে তাঁহারমতে জাহাজাদির গমনাগমনে বাধা বা বিপত্তি হইবে বা হওবার সম্ভাবনা সেই কার্য্য নিয়মিত ও নিষিদ্ধ করণার্থ, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব সময়ে ২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপন পত্র প্রকাশকরিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

গমনাগমনের পথে বাধা স্থাপন নিয়মিত ও নিষিদ্ধ করণার্থ বিধি করিতে পারিবার কথা।

৯ ধারা। ৮ ধারামতে প্রণীত বিধিলঙ্ঘন পূর্ব্বক কেহ, কোন কার্য্য বা ত্রুটি করিলে তাঁহাকে যে জিলায় বা রাজধানী নগরে পাওয়া যায় তথায় উক্ত অপরাধ নিমিত্ত তাঁহার বিচার হইতে পারিবে, এবং তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ৫০০৲ পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

উক্ত বিধি লঙ্ঘন করিলে, দণ্ডের কথা।

১০ ধারা। এতদর্থে গবর্ণমেণ্টের অন্য যে কোন ক্ষমতা থাকে, এই আইনের কোন কথায় সেই ক্ষমতানুসারে কার্য্য করিবার বাধা হইবে এরূপ জ্ঞান করিতে হইবে না।

গবর্ণমেণ্টের অন্য ক্ষমতা সংরক্ষণের কথা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ সমুদ্রে জাহাজাদির গমনাগমনের পথে যে কোন বাধা থাকে তাহা অপসৃত করণার্থ এবং ভবিষ্যতে উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া এই পাণ্ডুলিপির উদ্দেশ্য সংপ্রতি কএকটি মোকদ্দমা দেখিয়া এরূপ আইন থাকিবার সুবিধা গবর্ণমেণ্টের হৃদয়ঙ্গম হইয়াছে। এইরূপ একটি মোকদ্দমায়, বোম্বাই বন্দরের নিকটস্থ সমুদ্রে শুকাকালে মৎস ধরিবার যে সকল খুঁটা বৎসর২ স্থাপিত হয় গবর্ণমেণ্ট তাহা স্থানান্তরিত করিতে পারেন কি না, এইপ্রশ্ন উত্থাপিত হইয়াছে, এই সকল খুঁটা বন্দরের প্রবেশ স্থান পর্য্যন্ত সংপ্রতি বিস্তৃত হওয়াতে এক্ষণে উক্ত বন্দরে যাতায়াতকারী জাহাজ সকলের গুরুতর, বিপদের কারণ হইয়া দাড়াইয়াছে। অন্য একটি মোকদ্দমা রেঙ্গুন নদীর মোহানায় জাহাজাধ্যক্ষেরা যে নিলম ফেলিয়া থাকেন তৎসংক্রান্ত। এই রীতি অনুমোদিত হইলে রেঙ্গুন বন্দরের প্রবেশপথে জাহাজাদি আসিবার গুরুতর বাধা ও বিপত্তি উৎপাদন করিবে। গবর্ণমেণ্টের, এক্ষণে যে নিবারণশক্তি আছে তদপেক্ষা কিঞ্চিদধিক ক্ষমতার প্রয়োজন এই মোকদ্দমায় প্রতীয়মান হইয়াছে।

এই প্রকার বিষয় সম্বন্ধে গবর্ণমেণ্টের কর্ম্মচারিদের ক্ষমতা ও তাঁহাদের অনুসরণীয় কার্য্যপ্রণালী স্পষ্টরূপে নির্দ্দেশ করা অত্যন্ত বাঞ্ছনীয় ইহাতে সন্দেহ নাই, এবং ভারতবর্ষীয় ব্যবস্থা পুস্তকের বর্ত্তমান অবস্থায় এ বিষয়ের যথাযোগ্য বিধান নাই বলিয়া, বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৪০ ও ৪১ বৎসরের আইনের ১৬ অধ্যায়ের। অর্থাৎ নৌভঙ্গ স্থানান্তর করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের) রাজব্যবস্থায় এইরূপ ব্যবস্থাপনের নজীর পাওয়া যাইবে। এই পাণ্ডুলিপি সামান্যতঃ উক্ত ব্যবস্থার অবলম্বন করিয়া চলিলেও দুইটি প্রয়োজনীয় বিষয়ে উহা অতিক্রম করিয়া গিয়াছে। ইহাতে বাধা অপসৃত করিবার যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তাহা উক্ত ব্যবস্থামত নৌভঙ্গজাত বাধা মাত্রে পর্য্যবসিত হয় নাই, মৎস্য ধরিবার খুঁটা, নিলম বা অন্য যে কোন দ্রব্য জাহাজাদির গমনাগমনের বাধা বা বিপত্তি ঘটাইতে পারে, তাহারও প্রতি উক্ত ক্ষমতা বর্ত্তাইয়াছে। আর একটি বিষয়ে এই পাণ্ডুলিপি উক্ত রাজব্যবস্থা অতিক্রম করিয়াছে, অর্থাৎ, বর্ত্তমান বাধা অপসৃত করণার্থ ক্ষমতা দিবার অতিরিক্ত ইহাতে ভবিষ্যতে ইচ্ছাপূর্ব্বক বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া গিয়াছে। এতদর্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, গমনাগমনের পথে মৎস্য ধরিবার খুঁটা স্থাপন, নিলম নিক্ষেপ, কিম্বা তাঁহার মতে অন্য যে কার্য্য করিলে জাহাজাদির গমনাগমনের বিপত্তি বা বাধা ঘটিবে বা ঘটিবার সম্ভাবনা সেই কার্য্য, নিয়মিত ব নিষিদ্ধ করণার্থ তিনি বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১৮৮০ সাল ২৪ ডিসেম্বর।

উইটলী ষ্টোক্‌স
ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২২ জানুয়ারি।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

NOVEMBER 1880.

MESSRS BUCKLAND AND REYNOLDS.

No 1

THE attention of all officers is drawn to the Inspection Manual which has been separately circulated to all Commissioners and Collectors, for their use and guidance The manual contains a series of questions calculated to test the work in all departments of a Collectorate with the exception of the Treasury and Account Departments, for which a set of questions, under the authority of the Accountant General, has already been prescribed

2 It is not intended that answers to the questions in the manual should be specially recorded and transmitted for the consideration of the Board of Revenue Commissioners will exercise a discretion in calling for the submission of answers, if they should think it necessary But, primarily, the object of the manual is to assist officers in inspection It is a well known rule that District Officers are required to carefully inspect every department in their own office at least twice in the year, and that Commissioners should inspect every district office subordinate to them at least once in every year The Inspection Manual, if intelligently used, cannot fail to be of considerable assistance to inspecting officers on these occasions

3 Three copies of the manual have now been circulated to every Commissioner and District Officer, and one copy to every Sub-divisional Officer Application for additional copies if required and any suggestions for improvement in the manual should be addressed to the Secretary to the Board of Revenue in the Land Revenue Department

MR BUCKLAND

No 2

THE selling price of excise opium in the different districts of Bengal has been fixed by Government at the rates specified below The district officer of each district in which the rate has, under the present orders, been changed is requested to report to the Board the date from which the new rate came into effect under the demi official or telegraphic orders which he received direct from the Board

Divisions	Districts	Selling price per seer
		Rs
Burdwan	Midnapore	29
	Other districts	28
Presidency	All districts including Calcutta	28
Rajshahye and Cooch Behar	All districts	28
Dacca	Ditto	27
Chittagong	Tipperah	27
	Chittagong and Noakholly	28
Patna	All districts	16
Bhagulpore	Monghyr	20
	Bhagulpore and Sonthal Pergunnahs	22
	Purneah and Maldah	28
Orissa	All districts	22
Chota Nagpore	Ditto	26

[*Government Gazette*, 25th January 1881]

রাজস্ব বিষয়ক সরকুলর।

১৮৮০ সাল নবেম্বর মাস।

শ্রীযুত বকলাণ্ড সাহেব ও রেনলডস সাহেব।

১ নম্বর।

পরিদর্শন সংক্রান্ত পুস্তিকার প্রতি কার্য্যকারক সকলের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। ইহা কমিশ্যনর ও কালেক্টর সাহেব সকলের ব্যবহার ও উপদেশ নিমিত্ত স্বতন্ত্র তাঁহাদের নিকটে পাঠান গিয়াছে। খাজানাখানা ও আকৌণ্ট বিভাগ ছাড়া কালেক্টরীর সকল বিভাগের কার্য্যপরীক্ষার্থ এই পুস্তিকায় শ্রেণীবদ্ধ প্রশ্নমালা আছে। খাজানাখানা ও আকৌণ্ট বিভাগের নিমিত্ত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের আদেশক্রমে এক প্রস্থ প্রশ্ন পূর্ব্বেই নির্দ্দিষ্ট হইয়াছে।

২। পুস্তিকার প্রশ্ন সমূহের উত্তর বিশেষ করিয়া লিপিবদ্ধ করিয়া রেবিনিউ বোর্ডের বিবেচনা নিমিত্ত পাঠাইতে হইবে এরূপ অভিপ্রায় নাই। কমিশ্যনর সাহেবেরা আবশ্যক বোধ করিলে, আপন বিবেচনামতে উত্তর চাহিয়া পাঠাইবেন। কিন্তু পরিদর্শনকার্য্যে কার্য্যকারকদের সাহায্য করাই এই পুস্তিকার মুখ্য উদ্দেশ্য। এটি সুবিদিত বিধি যে বৎসরে অন্ততঃ দুইবার জিলার কর্ত্তৃপক্ষদের আপন২ আফিসের প্রত্যেক বিভাগ সাবধানে পরিদর্শন করা আবশ্যক, এবং কমিশ্যনরদের বৎসরে অন্ততঃ একবার আপনাদের অধীন প্রত্যেক জিলার আফিস পরিদর্শন করা উচিত। পরিদর্শন সংক্রান্ত পুস্তিকা বিবেচনা সহকারে ব্যবহৃত হইলে, এইরূপ সময়ে পরিদর্শনকারী কার্য্যকারকদের অনেক সাহায্য হয়, সন্দেহ নাই।

৩। এই পুস্তিকার তিন২ খণ্ড প্রত্যেক কমিশ্যনর সাহেবের ও জিলার কর্ত্তৃপক্ষের নিকট, এবং এক ১ খণ্ড প্রত্যেক মহকুমার কর্ত্তৃপক্ষের নিকটে এক্ষণে পাঠান গিয়াছে। যদি আর অধিক পুস্তিকা আবশ্যক হয় তাহার প্রার্থনাপত্র এবং পুস্তিকার উৎকর্ষসাধন নিমিত্ত কোন প্রস্তাব থাকিলে তাহা রেবিনিউ বোর্ডে ভূরাজস্ব বিভাগের সেক্রেটরী সাহেবের নিকটে পাঠাইতে হইবে।

শ্রীযুত বকলাণ্ড সাহেব।

২ নম্বর।

বঙ্গদেশের ভিন্ন২ জিলার আবকারী আফীন বিক্রয়ের দর গবর্ণমেণ্ট নিম্নলিখিতরূপ নির্দ্দিষ্ট হারে ধার্য্য করিয়াছেন। বর্ত্তমান আজ্ঞাক্রমে যে কোন জিলার হার পরিবর্ত্তন হইয়াছে, সেই জিলার কর্ত্তৃপক্ষের প্রতি আদেশ দেওয়া যাইতেছে যে তিনি ডেমি অফিশ্যল পত্র বা টেলিগ্রাফ যোগে বোর্ড হইতে সাক্ষাৎ সম্বন্ধে যে আজ্ঞা পাইয়াছেন তৎক্রমে যে তারিখ অবধি নূতন হার বলবৎ হইল তাহা বোর্ডে সেই তারিখ জানাইবেন।

খণ্ড।	জিলা।	এক সেরের বিক্রয় দর।
		টাকা
বর্দ্ধমান	মেদিনীপুর	২৯৲
	অন্যান্য জিলা	২৮৲
প্রেসিডেন্সী	কলিকাতা যুক্ত সমুদয় জিলা	২৮৲
রাজশাহী ও কুচবিহার	সমুদয় জিলা	২৮৲
ঢাকা	ঐ ঐ	২৭৲
চট্টগ্রাম	ত্রিপুরা	২৭৲
	চট্টগ্রাম ও নোয়াখালী	২৮৲
পাটনা	সমুদয় জিলা	১৮৲
ভাগলপুর	মুঙ্গের	২০৲
	ভাগলপুর ও সাঁওতাল পরগণা	২২৲
	পূর্ণিয়া ও মালদহ	২৮৲
উড়িষ্যা	সমুদয় জিলা	৩২৲
ছোট নাগপুর	ঐ	২৬৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

Erratum.

FOR Rules "6A" and "6B," issued with Circular Order No. 3 of October 1880, read Rules "7" and "7A"

HON'BLE H. L. DAMPIER.

No. 3.

THE words "English Abstract" in Rules 1 and 3 at page 37 of the Board's Settlement Manual refer to form No. 19 They are redundant in the seventh line of Rule 1, and should be struck out

---

No 4

IN the first paragraph of Rule 2-IV, at page 39 of the Board's Settlement Manual, insert the word "directly" after "or" in the sixth line, and after the concluding word "ryots" add "and that it be not a farming settlement—(*vide* Circular Order No. 5 of July 1878")

C T BUCKLAND, ESQ

No 5

IN continuation of the Board's Circular Order No 3 of July 1879, the following notifications issued by the Government of Bengal, in the Financial Department, under clause 8, section 3, of the Indian Stamp Act I of 1879, vesting all officers holding temporary charge of sub-registry offices at sub divisions during the absence of the Sub-Divisional Officers, and all special Sub Registrars at district head-quarters, with the powers of a Collector, for the purpose of denoting upon one instrument by endorsement the payment of duty in respect of another instrument, are published for the information and guidance of all Revenue and other Officers subordinate to the Board

NOTIFICATION

The 20th November 1879 —In continuation of the notification dated the 17th June 1879, published in the *Calcutta Gazette* of the 25th idem, Part I, page 591, and under clause 8, section 3 of the Indian Stamp Act, 1879, it is hereby notified that the Lieutenant-Governor is pleased to vest all officers holding temporary charge of sub-registry offices at sub divisions during the absence of the Sub-Divisional Officers with the powers of a Collector, for the purpose of denoting upon one instrument by endorsement the payment of duty in respect of another instrument, as provided for in section 15 of the said Act.

NOTIFICATION

The 23rd October 1880 —In continuation of the notification dated the 20th November 1879, published in the *Calcutta Gazette* of the 26th idem (Part I, page 1155), and under clause 8, section 3 of the Indian Stamp Act, 1879, it is hereby notified that the Lieutenant-Governor is pleased to vest special Sub-Registrars at district head-quarters with the powers of a Collector for the purpose of denoting upon one instrument by endorsement the payment of duty in respect of another instrument, as provided for in section 15 *of the* said Act.

অশুদ্ধ শোধন।

১৮৮০ সালের অক্টোবর মাসের ৩ নং সরকুলরের সহিত প্রচারিত "৬ ক" ও "৬ খ" ধারার পরিবর্ত্তে "৭" ও "৭ ক" ধারা পাঠ করিতে হইবে।

মান্যবর শ্রীযুক্ত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

---

৩ নম্বর।

বোর্ডের বন্দোবস্তবিষয়ক পুস্তিকার ৩৭ পৃষ্ঠার ১ ও ৩ ধারার "ইংরাজী চুম্বক" শব্দে ১৯ নং পাঠ বুঝায়। ১ ধারার ৭ পংক্তিতে ঐ শব্দ অনাবশ্যক, সুতরাং উহা উঠাইয়া ফেলিতে হইবে।

---

৪ নম্বর।

বোর্ডের বন্দোবস্তবিষয়ক পুস্তিকার ৩৯ পৃষ্ঠার ২ ধারার ৪ প্রকরণের প্রথম পদে "কিম্বা" শব্দের পর "সাক্ষাৎসম্বন্ধে" এই কথা দিতে হইবে, এবং পদের শেষে, "এবং এই বন্দোবস্ত ইজারা বন্দোবস্ত হইবে না। (১৮৭৮ সালের জুলাই মাসের ৫ নং সরকুলর দেখ।)" এই ২ কথা যোগ করিতে হইবে।

শ্রীযুক্ত সি, টি, বকলাণ্ড সাহেব।

---

৫ নম্বর।

ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনের ৩ ধারার ৮ প্রকরণমতে ফিনান্সিয়াল ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্ট এক নিদর্শনপত্রের উপর পৃষ্ঠলিপিক্রমে অন্য নিদর্শনপত্রের মাসুল দেওন ব্যক্ত করণার্থে মহকুমার কর্তৃপক্ষের অনুপস্থিতিকালে মহকুমার সবরেজিষ্টরী আফিসের কিয়ৎকালীন অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারক সকলের প্রতি, এবং জিলার সদর স্থানের বিশেষ সব রেজিষ্ট্রার সকলের প্রতি, ক্ষমতা প্রদান করিয়া নিম্নলিখিত যেং বিজ্ঞাপন প্রচার করিয়াছেন, বোর্ডের ১৮৭৯ সালের জুলাই মাসের ৩ নং সরকুলরের অনুক্রমে সেইং বিজ্ঞাপন বোর্ডের অধীন সমুদয় রাজস্ববিষয়ক ও অন্যপ্রকারের কার্য্যকারকদের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৭৯ সালের ২০ নবেম্বর।—১৮৭৯ সালের ১ জুলাইর বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫৮১ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের ১৭ জুনের বিজ্ঞাপনের অতিরিক্ত ও ভারতবর্ষীয় ইষ্টাম্পবিষয়ক ১৮৭৯ সালের আইনের ৩ ধারার ৮ প্রকরণমতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ১৫ ধারার বিধানানুসারে এক নিদর্শনপত্রের উপর পৃষ্ঠলিপিক্রমে অন্য নিদর্শনপত্রের মাসুল দেওন ব্যক্ত করণার্থে মহকুমার কর্তৃপক্ষের অনুপস্থিতিকালে মহকুমার সব-রেজিষ্ট্রীআফিসের কিয়ৎকালীন অধ্যক্ষতা ভারপ্রাপ্ত সকল কর্তৃপক্ষের প্রতি কালেক্টরের ক্ষমতা প্রদান করিলেন।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ অক্টোবর।—১৮৭৯ সালের ডিসেম্বর মাসের ২ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১১৯ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের ২০ নবেম্বরের বিজ্ঞাপনের অতিরিক্ত ও ভারতবর্ষীয় ইষ্টাম্পবিষয়ক ১৮৭৯ সালের আইনের ৩ ধারার ৮ প্রকরণমতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, উক্ত আইনের ১৫ ধারার বিধানানুসারে এক নিদর্শনপত্রের উপর পৃষ্ঠলিপিক্রমে অন্য নিদর্শনপত্রের মাসুল দেওন ব্যক্ত করণার্থে জিলার সদর স্থানের বিশেষ সবরেজিষ্ট্রার দিগকে কালেক্টরের ক্ষমতা প্রদান করিলেন।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L. *Bengali Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৫ জানুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 25, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ২৫ জানুয়ারি।

PART VIII

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT

ভূমি বিষয়ক ইস্তাহার।

জেলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৫ সেপ্তাম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮১ সালের ২৮ ফেব্রুয়ারি তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ১৮৮১ ইং তারিখ ১৫ জানুয়ারি।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

তৌজির। নম্বর।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১২৬৯	তং বলবন্ত সিংহ .	কতেয়ালী গং .	১৩৮৬।৶২	৶৬	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
১৩৪৬	তং কারকল রোসন .	বৈষ্ণব চরণ সেন	৬১৬।৶৭	১৮২৸৶৯	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।

A. MANSON *Offg Collector.*

জিলা চট্টগ্রাম।

ইস্তিহার নামা কাছারি কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আং ১৮৭১ সালের ২আং বিধান মতে ১৮৫৯ সাং ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি সন ১৮৮০ ইঙ্গরেজির ২৫ জুন তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৮১ ইং ৭ মার্চ্চ মোতাবেক ১২৮৭ বাং ২৫ ফাল্গুন রোজ সোমবার জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮১ ইং তারিখ ৩১ জানুয়ারি।

মহল মওবাবাদ।

তৌজির নম্বর।	নামতালুক থানা মৌজা।	নাম মালিক।	সদর জমা।	সার্টিফিকেট ও পর-লিকওয়ার্ক শেষ।	বাকির পরিমাণ। খাজানা।	রোড ও পবলিক ওয়র্কশেষ ঃ	মোট।	মন্তব্য।
২৬।৪৯	থানে রাঙ্গু মৌং খিল ওখাংজা তালুক গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং।	আবদুল রসিদ।	৯০৮৲	১২৮৸৶	৯৫৮৲	১১৮৸৶	১০৬৬৸৶	সম্পূর্ণ তালুকা নিলাম হইবেক।
৪৯।৯৩	থানে রাঙ্গু মৌং পাণ্ডিনী তাং গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং।	জালিমোহন ও আবদুল হামিদ	১৪৯১।১৯	২২৩/৬	১৪৯১।১৯	২২৩/৬	১৭১৪।৶৩	সম্পূর্ণ তালুকা নিলাম হইবেক।

A MANSON, *Offg Collector*

INSOLVENCY NOTICE

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of HENRY PRICE, an insolvent

NOTICE is hereby given that Tuesday, the 1st day of February next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 1st day of April 1869 until the 31st day of December 1880, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

The like notice In the matter of FERDINAND SCHILLER AND OTHERS (BORRODAILE SCHILLER AND CO), insolvents Wherein the account of the Official Assignee, from 1s February 1879 to 31st December 1880, has been filed in the Chief Clerk's Office

The like notice In the matter of KISSOREE MOHUN RUCKHIT, an insolvent Wherein the account of the Official Assignee, from 1st day of December 1872 to 31st December 1880, has been filed in the Chief Clerk's Office

The like notice In the matter of MOTHOOR MOHUN GHOSE, an insolvent Wherein the account of the Official Assignee, from 6th January 1875 to 31st December 1880, has been filed in the Chief Clerk's Office

The like notice In the matter of SREENATH MULLICK, an insolvent Wherein the account of the Official Assignee, from 1st February 1875 to 31st December 1880, has been filed in the Chief Clerk's Office

The like notice In the matter of GEORGE NICHOLAS, an insolvent Wherein the account of the Official Assignee, from 1st day of February 1879 to 31st December 1880, has been filed in the Chief Clerk's Office

The like notice In the matter of BHOLANATH DASS, an insolvent. Wherein the account of the Official Assignee, from 20th February 1880 to 31st December 1880, has been filed in the Chief Clerk's Office

OFFICIAL ASSIGNEE'S OFFICE, Calcutta, 20th Jan. 1881

A B MILLER, *Official Assignee.*

(2—P)

[*Government Gazette, 25th January* 1881.]

IN THE COURT OF THE DISTRICT JUDGE OF MOORSHEDABAD

In the matter of Amir Biswas, an Insolvent.

On Saturday, the 27th November 1880, by an order of this Court, the said Amir Biswas was adjudged insolvent and entitled to his personal discharge under sections 351 and 352 of the Civil Procedure Code, as to all persons named in his schedule as creditors or claiming to be creditors respectively

(1—1) A J R Bainbride, *District Judge*

ইস্তাহার।

জিলা ২৪ পরগনার ১৮৮১। ৮২ সনের নিমিত্ত জমীদারি ডাক সেসের নিরেখ প্রত্যেক মহালের সদর জমার উপর শতকরা ।/৫ নয়আনা পাঁচ পাই হিসাবে ধার্য্য হইয়াছে এবং প্রথম ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ১৮৮১ সনের ১লা জুন এবং দ্বিতীয় ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ঐ সনের ১৯ ডিসেম্বর তারিখে কি ঐ ঐ তারিখের পূর্ব্বে অত্র জিলার ট্রেজরিতে দাখিল করিতে হইবে ইতি।

D R Lyall, *Magistrate*

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F Max Müller, M A, in two Volumes *Price Rs 24; packing and postage, Rs 1 1.*

⁂ The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface*

Office of Supdt, Govt Printing, No 8, Hastings Street Calcutta

---

গবর্ণমেণ্টদ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।।০ টাকা, প্রতি ৮ আউন্স টীন ৮।।০ টাকা, প্রতি ১ পাউণ্ড টীন ১৬।।০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।।০ টাকা ৮ আউন্স টীন ১০।।০ টাকা, ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাকমাসুল দিতে হইবে।

For SALE at the BENGAL SECRETARIAT PRESS

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C D Field, M A, LL D, of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission

Price Rs 5 per copy

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat

N. B—Copies are still available

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল। ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সার্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেসন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর ইনর টেম্পালের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্তপুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

দ্রষ্টব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৮১। ২৫ জানুয়ারি।]

Rates of Subscription to the Bengali Government Gazette
FROM 1st JANUARY 1872

Payable in advance.

For one year, without postage ...	.. Rs	10 0 0
Ditto, with postage ..	,,	12 8 0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount

---

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাশুল বিনা এক বৎসরের ...	১০৲
ডাকমাশুল যুক্ত ঐ ...	১২৷৷০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খাম ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

NOTICE

IN continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers, are strictly cash

In future no publication will be supplied, or advertisement, notice, &c, inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount

RAJENDRA NATH MITRA,

The 19th February 1878 *Asst Secy to the Govt of Bengal*

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE

	Rs.
Full page, per issue ...	20
Half ...	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি। বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ...	২০৲
আধ পৃষ্ঠা ,, ,, ,, ...	১০৲
কদাচ ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পঙ্ক্তি ...	৷০

[*Government Gazette*, 25*th January* 1881]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডওইন্ মারিস্ মুইন্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 110 & 17C—768—25-1-81

Numb. 2166 ২১৬৬

[REGISTERED No.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 1, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি ।

CONTENTS

নির্ঘণ্ট ।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড ।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি ।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Fort William, the 21st January 1881

No 2.—His Excellency the Viceroy and Governor-General, under the authority vested [illegible] by the Statute 24 & 25 Vic, Cap 67, section 10, has been pleased to nominate the [illegible] W Colvin to be an Additional Member of the Council of the Governor-General of India [illegible] the purpose of making Laws and Regulations

D Fitzpatrick,
Secy to the Govt of India.

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE.

NOTIFICATIONS —Medical

Fort William, the 18th January 1881

No 19 —The services of Assistant Surgeon Debendronath Roy are replaced at the disposal of the Government of Bengal.

C Grant,
Offg Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT

NOTIFICATION

Fort William, the 15th January 1881

No 26 —The undermentioned officers of the Railway Branch are placed at the disposal of the Government of Bengal in the same Branch —

Mr J E P Lincke, Executive Engineer, Fourth Grade
Mr C J. S Baker, Assistant Engineer, Second Grade

A Fraser, *Major-Genl*, R E.,
Secy to the Govt of India

লেজিসলেটিব ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম, ১৮৮১ সাল ২১ জানুয়ারি।

২ নম্বর।—মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের প্রতি মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি মান্যবর শ্রীযুত সি, ডবলিউ কলবিন সাহেবকে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভ্যপদে মনোনীত করিলেন।

ডি. ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

চিকিৎসা বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম, ১৮৮১ সাল ১৮ জানুয়ারি।

১৯ নম্বর।—আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত দেবেন্দ্র নাথ রায় বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন।

সি, গ্রাণ্ট,
ভারতবর্ষীয় গর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম, ৮৮১ সাল ১৫ জানুয়ারি।

২১ নম্বর।—রেলওয়ে শাখার নিম্নলিখিত কার্য্যকারকেরা উক্ত শাখায় বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ই, পি, লিঙ্ক সাহেব।

দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, জে, এস, বেকর সাহেব।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর-জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 1, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেন্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 342A.

GENERAL.—*The 28th December* 1880 —Mr H Millett, Barrister-at Law, First Judge, Calcutta Court of Small Causes, is, under Section 10, Supplement B of the Civil Leave Code, allowed subsidiary leave for thirty days, prior to the commencement of his furlough.

The 18th January 1881.—Mr W Fiddian, Joint-Magistrate and Deputy Collector, Cuttack, is appointed to act, until further orders, as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade, with effect from the 9th ultimo

The 20th January 1881 —Baboo Uma Churn Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is vested with the powers of a Collector under Act IX (B C) of 1880 in that district

The 21st January 1881 —Mr E H Ruddock, Officiating Magistrate and Collector, Jessore, on privilege leave, is appointed to act, until further orders, in the Second Grade of Magistrates and Collectors, with effect from the 11th instant, *vice* Mr J J Livesay.

Baboo Shamapado Chowdry, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is appointed to have charge of the Ghattal division of that district, during the absence, on leave, of Baboo Ramakhoy Chatterjee, or until further orders

Baboo Omullo Churn Mullick, Deputy Magistrate and Deputy Collector, Julpigoree, is vested with the powers of a Collector under the Land Acquisition Act X of 1870, for the purpose of acquiring the land required for a road to the bridge over the Kurlah river in that district

Baboo Bhoobun Mohun Raha, Deputy Magistrate and Deputy Collector, Bramunbariah, Tipperah, on leave, is posted to the district of Hooghly

Baboo Gouri Sunker Biswas, Deputy Magistrate and Deputy Collector, Mozufferpore, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 10th proximo

The 24th January 1881 —Mr B L Gupta, Officiating Presidency Magistrate Calcutta, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved by Mr Amir Ali.

Mr. J R Hand, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it

The 25th January 1881 —Mr W N Campbell, Officiating Assistant Commissioner, Pakour, Sonthal Pergunnahs, is allowed leave for two months and four days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it

Mr G A Grierson is appointed to act, until further orders, as a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, with effect from the date on which he was relieved of his acting appointment as Inspector of Schools, Behar Circle

ECCLESIASTICAL —*The 24th January* 1881 —The Revd T H Whitamore, Minister of the Wesleyan Church, Sudder Street, Calcutta, is authorized, under clause 3, section 5 of Act XV of 1872 to solemnize marriages between persons one or both of whom is a Christian or Christians

REGISTRATION —*The 18th January* 1881 —Baboo Prankrishna Ghose is appointed to be Joint Sub-Registrar of Alipore in the 24-Pergunnahs, *vice* Baboo Prankissen Chatterjea, transferred.

Baboo Manmahan Guha is appointed to be Joint Sub-Registrar of Manirampur in the district of Jessore, *vice* Baboo Satu Lall Dutta

EDUCATION —*The 22nd January* 1881 —Baboo Kunja Behary Chowdry, Supervisor, is appointed to be a Member of the District School Committee, Singbhoom

[*Government Gazette*, 1st *February* 1881]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৪২ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।—কলিকাতার ছোট আদালতের প্রথম জজ ব্যারিষ্টার-আট-লা শ্রীযুত এচ. মিলেট সাহেবের নির্দ্দিষ্ট ছুটী আরম্ভ হইবার পূর্ব্বে তিনি সিবিল কার্য্যকারকদের ছুটীর B চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩০ ধারামতে ত্রিশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—কটকের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ. ফিডিয়ান সাহেব, গত মাসের ৯ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ২০ জানুয়ারি।—দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায় ঐ জিলাতে ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ২১ জানুয়ারি।—শ্রীযুত জে. জে. লাইংসের সাহেবের পরিবর্ত্তে অনুগ্রহের ছুটী প্রাপ্ত যশোহরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ও. এচ. রডক সাহেব এই মাসে ১১ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু রামশঙ্কর চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাপদ চৌধুরী উক্ত জিলার অন্তর্গত ঘাটাল মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

জলপাইগুড়ির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কমলাচরণ মল্লিক উক্ত জিলার অন্তর্গত করলা নদীর উপর সেতুতে যাইবার পথের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি গ্রহণার্থে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ত্রিপুরার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়ার ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন রায় হুগলী জিলায় অবস্থাপিত হইলেন।

মজফরপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরীশঙ্কর বিশ্বাস, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাসের ১০ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২৪ জানুয়ারি।—কলিকাতার একটিং প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট শ্রীযুত বি. এল. গুপ্ত শ্রীযুত আমির আলির প্রতি যে তারিখে কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে. আর. কাপ সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি। সাঁওতাল পরগণার অন্তর্গত পাকুড়ের একটিং আসিষ্টাণ্ট কমিশনর শ্রীযুত ডবলিউ এম. কাম্বেল সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাস চারি দিনের ছুটী পাইলেন।

শ্রীযুক্ত জি. এ. গ্রিয়র্সন সাহেব বিহার চম্পারণ স্কুল সমূহের ইনস্পেক্টর স্বরূপ স্বীয় কর্ম্মের ভার যে তারিখে অন্যের প্রতি অর্পণ করেন তদবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, তৃতীয় শ্রেণী জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ধর্ম্মকার্য্য সম্পর্কীয়।—১৮৮১ সাল ৪ জানুয়ারি।—কলিকাতার সদর ষ্ট্রীটে ওয়েস্লিয়ান গির্জার ধর্ম্মোপদেশক পাদরী শ্রীযুত টি. এচ. উইটমোর সাহেব, খ্রীষ্টধর্ম্মাবলম্বি একের উভয় ব্যক্তির বিবাহ সম্পন্ন করিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৩ প্রকরণমতে অনুমতি পাইলেন।

রেজষ্টরী করণ বিষয়ক।—১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ চট্টোপাধ্যায় স্থানান্তরে প্রেরিত হওয়াতে শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ ঘোষ ২৪ পরগণার অন্তর্গত আলিপুরের জয়েণ্ট সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু সাতকড়িলাল দত্তের পরিবর্ত্তে শ্রীযুত বাবু মনোমোহন গুহ যশোহর জিলার অন্তর্গত মণিরামপুরের জয়েণ্ট সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮১ সাল ২২ জানুয়ারি।—সুপরনিউমরারি শ্রীযুত বাবু কুঞ্জবিহারী চৌধুরী হিন্দু স্কুলে জিলাস্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

MEDICAL.—*The 15th January* 1881.—The following gentlemen are appointed to form a Committee for the management of the Charitable Dispensary at Sultangacha, in the district of Hooghly:—

Baboo Nobin Kissen Palit, late Sub-Judge, Chairman.

„ Doyal Kissen Ghose, Assistant Surgeon in charge of the dispensary, Secretary.

„ Probode Chunder Mitra, }
„ Peary Lall Bose, } Members.
„ Harish Chunder Ghose, }

The 19th January 1881.—Baboo Rash Behary Chatterjee, Dewan of the Goburdanga Estate, is appointed to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Goburdanga, in the district of the 24-Pergunnahs.

The 20th January 1881.—The services of Assistant Surgeon Behari Lal Pal, a supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of India in the Home, Revenue and Agricultural Department.

The 21st January 1881.—Mr. H. G. Sharp, Joint Magistrate and Deputy Collector of Rajshahye, is appointed to be a Member of the Prosunno Nath Roy Fund Committee at Beauleah, in the district of Rajshahye.

The 24th January 1881.—Assistant Surgeon Kedareswar Acharja, a supernumerary at the Presidency, is allowed leave for one year, under Section 17A of the Civil Leave Code.

Mr. J. Wood-Mason is appointed temporarily as Additional Professor of Comparative Anatomy at the Medical College, Calcutta, with effect from the 28th December 1880.

The 25th January 1881.—Assistant Surgeon Tarini Churn Bose, a supernumerary at the Presidency, is allowed leave for one year, under Section 10, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under the orders of the 7th July 1880.

MUNICIPAL.—*The 15th January* 1881.—The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Nusseerabad, in the district of Mymensingh:—

Mr. T. G. Charles, District Superintendent of Police.	Mr. R. de Dombal.
„ T. T. Kallanas.	„ R. Wallnuts.

ROAD CESS.—*The 20th January* 1881.—The following gentlemen are appointed to be Members of the District Road Cess Committee of Noakholly:—

Moulvi Abdool Hak Khan, Zemindar, *vice* Baboo Srinath Ghose, resigned.

Baboo Tarak Chunder Guho, Pleader, *vice* Moulvi Munsur Ahmed, who has left the district.

Moulvi Yaqub Ali, Talukdar, *vice* Baboo Radha Mohun Roy, whose term of appointment has expired.

The 24th January 1881.—Mr. L. C. Abbott, Officiating Joint Magistrate and Deputy Collector, is appointed to be Chairman of the Bhagulpore Branch Road Cess Committee, *vice* Mr. C. R. Marindin transferred.

The 25th January 1881.—Baboo Kali Prosunno Ghose, Agent of Kumar Rajendro Narayan Roy, Zemindar of Bhowal, is appointed to be a Member of the Dacca District Road Cess Committee.

Baboo Poorna Chandra Chatterjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, is appointed to be Vice-Chairman of the Hooghly District Road Cess Committee.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th January 1881.—In the exercise of the powers conferred upon him by Section 234, Act V (B. C.) of 1876, the Lieutenant-Governor is pleased, in compliance with the recommendation of the Commissioners of the Modhubani Municipality, in the district of Durbhunga, made at a meeting, to order that the provisions of sections 249, 250, 273 and 274 of the Act, shall be in force in the said Municipality.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 1*st February* 1881.]

চিকিৎসাবিষয়ক।—১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা হুগলী জিলার অন্তর্গত মূলাজোড়ের দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটী স্বরূপ নিযুক্ত হইলেন।

ভূতপূর্ব্বক সব-জজ শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত, সভাপতি।

ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতাতার প্রাপ্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু দয়ালকৃষ্ণ ঘোষ সেক্রেটরী।

শ্রীযুত বাবু প্রবোধচন্দ্র মিত্র,
" বাবু পিয়ারীলাল বসু,
" বাবু হরিশ্চন্দ্র ঘোষ,
} মেম্বর।

১৮৮১ সাল ১৯ জানুয়ারি।—গোবরডাঙ্গা ইষ্টেটের দেওয়ান শ্রীযুত বাবু রাসবিহারী চট্টোপাধ্যায় ২৪ পরগনা জিলার অন্তর্গত গোবরডাঙ্গার দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ২০ জানুয়ারি।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বিহারীলাল পাল, হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮১ সাল ২১ জানুয়ারি।—রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ. জি. শার্প সাহেব, রাজশাহী জিলার অন্তর্গত বোয়ালিয়ার প্রসন্ননাথ রায় ফণ্ড কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ২৪ জানুয়ারি।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত কেদারেশ্বর আচার্য্য সিবিল কার্য্যকারকদের ছুটী বিধির ১৭ A ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, উড্‌মেসন সাহেব ১৮৮০ সাল ২৮ ডিসেম্বর অবধি কিয়ৎকালের জন্যে কলিকাতার মেডিকাল কালেজে উপমেয় ব্যবচ্ছেদ বিদ্যার অতিরিক্ত অধ্যাপকের পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত তারিণীচরণ বসু ১৮৮০ সালের ৭ জুলাইর আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৮১ সাল ১৫ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত নসিরাবাদ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত টি, জি, চার্লস সাহেব।
শ্রীযুত টি, টি, কালানস সাহেব।
শ্রীযুত আর, ডি ডগ্লস সাহেব।
" আর, ওয়ালনটস সাহেব।

পথকর বিষয়ক।—১৮৮১ সাল ২০ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালী জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ ঘোষ কর্ম্ম ত্যাগ করাতে জমীদার শ্রীযুত মৌলবী আবদুল হক্ খাঁ।

শ্রীযুত মৌলবী মনসর আহম্মদ জিলা হইতে গমন করায় উকীল শ্রীযুত বাবু তারকচন্দ্র গুহ।

শ্রীযুত বাবু রাধামোহন রায়ের নিয়োগ কাল অতীত হওয়াতে তালুকদার শ্রীযুত মৌলবী ইয়াকুব আলি।

১৮৮১ সাল ২৪ জানুয়ারি।—শ্রীযুত সি, আর, মেরিণ্ডিন সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এল, সি, আবট সাহেব ভাগলপুরের শাখা পথকর কমিটীর সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।—ভাওয়ালের জমীদার শ্রীযুত কুমার রাজেন্দ্রনারায়ণ রায়ের কর্ম্মচারী শ্রীযুত বাবু কালীপ্রসন্ন ঘোষ ঢাকা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় হুগলী জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৪ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি দ্বারভাঙ্গা জিলার অন্তর্গত মধুবনি মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ২৪৯ ও ২৫০ ও ২৭৩ ও ২৭৪ ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রবল হইবার আজ্ঞা করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

NOTIFICATION

The 21st January 1881 —In the exercise of the powers conferred upon him by Section 234 of Act V (B C) of 1876, the Lieutenant-Governor is pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Nasirabad, in the district of Mymensingh, made at a meeting, to order that all the provisions of Part VII, Chapter II of the said Act, shall be in force in the said Municipality

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 25th January 1881 —In the exercise of the powers conferred on him by Section 8, Act V (B C) of 1876, the Lieutenant-Governor extends, with effect from the 1st April 1881, the provisions of Chapters I, II and V of the said Act to the town of Pooree, in the district of Pooree, within the limits defined in the Government Notification of 14th December 1861

The Pooree Municipality shall, for the purposes of the said Act, be a first class municipality

COLMAN MACAULAY
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 313A

The 21st January 1881 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates and Members of the Chupra Bench in the Sarun district for the trial of municipal cases, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Rughoobuns Sahoy, Pleaders
" Lalljee Sahoy, Pleaders
" Sheo Protap Narain, Pleaders
" Matuk Dhari Lall, Pleaders

Baboo Ganga Sahoy, Pleader
" Benarsi Lal, Pleader and Zemindar
" Sheo Sahoy Sing, Farmer
" Dabee Pershad, Merchant

Mr R Drake, Sub-Deputy Opium Agent, Hajeepore, is appointed an Honorary Magistrate for the Benches at Hajeepore, Lalgunge, and Mohwa, in the district of Mozufferpore, and is vested with the powers of a Magistrate of the Third Class

The 22nd January 1881 —Mr H F J T Maguire, Assistant Magistrate and Collector in charge of the Begooserai division of the Monghyr district, is vested with the powers of a Magistrate of the First Class

The 24th January 1881 —Baboo Mothoora Nath Gupta, Subordinate Judge of Chittagong, is allowed furlough for six months, under Section 8, Supplement F of the Civil Leave Code, with effect from the 20th February 1881, or from such date as he may be relieved

Baboo Grish Chunder Chowdhry, Subordinate Judge of Sarun, is appointed to act as Subordinate Judge of Chittagong, during the absence, on leave, of Baboo Mothoora Nath Gupta, or until further orders

Baboo Amrito Lal Pal, Moonsif of Burdwan, is appointed to act as Subordinate, Judge of Sarun, during the absence, on deputation, of Baboo Grish Chunder Chowdhry, or until further order

Baboo Kristodhone Chowdhry, Moonsif of Burrabazar, in Manbhoom, is appointed to act as a Moonsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Jamalpore, during the absence, on deputation, of Baboo Shyam Chand Roy, or until further orders This cancels the orders of the 4th instant appointing Baboo Akhoy Coomar Chatterjee to act as Moonsif of Jamalpore, in Mymensingh

Baboo Nilmoney Das, Moonsif of Maldah, is appointed to act as a Moonsif in Chota Nagpore, and to be ordinarily stationed at Burrabazar in Manbhoom, *vice* Baboo Kristodhone Chowdhry

[*Government Gazette*, 1st *February* 1881]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২১ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি ময়মনসিংহ জিলার অন্তর্গত নসিরাবাদ মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রবল হইবার আজ্ঞা করিলেন।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তদনুসারে কার্য্য করিয়া তিনি পুরী জিলার অন্তর্গত পুরীনগরের যে সীমা ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৩৪ তারিখের গবর্ণমেণ্ট বিজ্ঞাপনে নির্দ্দিষ্ট হইয়াছে তন্মধ্যে উক্ত আইনের প্রথম ও দ্বিতীয় ও পঞ্চম অধ্যায়ের বিধান ৮৮১ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রচলিত করিলেন।

পুরী মুনিসিপালিটী উক্ত আইনের কার্য্যপক্ষে প্রথম শ্রেণীর মুনিসিপালিটী হইবে।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৪৩ A নম্বর।

১৮৮১ সাল ২১ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা মুনিসিপাল মোকদ্দমা বিচার করিবার নিমিত্ত সারণ জিলার অন্তর্গত ছাপরা বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটের ও মেম্বরের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

উকীল { শ্রীযুত বাবু রঘুবংশ সহায়।
" বাবু লাল জি সহায়।
" বাবু শিবপ্রতাপ নারায়ণ।
" বাবু মটুকধারী লাল। }

উকীল শ্রীযুত বাবু গঙ্গা সহায়।
উকীল ও জমীদার শ্রীযুত বাবু বাণারসী লাল।
ইজারদার শ্রীযুত বাবু শিব সহায় সিংহ।
সওদাগর শ্রীযুত দেবী প্রসাদ বাবু।

হাজিপুরের অফীসের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ডাক্তর ডুক সাহেব মজঃফরপুর জিলার অন্তর্গত হাজিপুর ও লালগঞ্জ ও মহওয়া বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ২২ জানুয়ারি।—মুঙ্গের জিলার অন্তর্গত বেগুসরাই মহকুমার কার্য্যের অধ্যক্ষতার ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, এফ, জে, টি মাগুায়র সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ২৪ জানুয়ারি।—চট্টগ্রামের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু মথুরানাথ গুপ্ত ১৮৮১ সালের ২০ ফেব্রুয়ারি অবধি অথবা যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর নিয়মাবলির চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে ছয় মাসের নিয়মিত ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু মথুরানাথ গুপ্তের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সারণের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু গিরিশচন্দ্র চৌধুরী চট্টগ্রামের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চৌধুরীর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বর্দ্ধমানের মুনসেফ শ্রীযুত বাবু অমৃতলাল পাল, সারণের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু শ্যামচাঁদ সরেন অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় মানভূমের অন্তর্গত গোবিন্দপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণধন চৌধুরী ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ জামালপুরে অবস্থাপিত হইলেন। ময়মনসিংহের অন্তর্গত জামালপুরের মুনসেফের কর্ম্ম করিতে শ্রীযুত বাবু অভয়কুমার চট্টোপাধ্যায়ের নিয়োগবিষয়ক এই মাসের ৪ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

শ্রীযুত বাবু কৃষ্ণধন চৌধুরীর পরিবর্ত্তে মানভূমের মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি দাস ছোট নাগপুরে মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ মানভূমের অন্তর্গত বড়বাজারে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

Baboo Karuna Das Bose, Moonsif of Dukhin Shabazpore, in Backergunge, is appointed to act as a Moonsif in the district of Rajshahye, and to be ordinarily stationed at Maldah, *vice* Baboo Nilmoney Das

Baboo Bepin Chunder Roy, a Moonsif of Netrokona, in Mymensingh, is appointed to act as a Moonsif in the district of Backergunge, and to be ordinarily stationed at Dukhin Shabazpore, *vice* Baboo Karuna Das Bose.

Baboo Gour Churn Roy is appointed to act as a Moonsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Netrokona, during the absence, on deputation, of Baboo Bepin Chundra Roy, or until further orders

Baboo Anand Kumar Sarbadhikari, Officiating Moonsif of Barripore, in the district of the 24 Pergunnahs, is vested, under Section 29 of the Bengal Civil Courts Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such Courts up to the value of Rs 50

Mr Avinasa Chunder Mitter, Moonsif of Berhampore, Moorshedabad, is appointed to act as a Moonsif in the district of the 24 Pergunnahs, and to be ordinarily stationed at Barasot, during the absence, on deputation, of Baboo Anand Kumar Sarbadhikari, or until further orders

Baboo Nund Lal De, B L, is appointed to act as a Moonsif in the district of Moorshedabad, and to be ordinarily stationed at Berhampore, during the absence, on deputation, of Mr Avinasa Chunder Mitter, or until further orders

The 25th January 1881 —Baboo Gopal Chunder Bose, First Moonsif of Burrisal in Backergunge, is appointed to act as a Moonsif in the district of Burdwan, and to be ordinarily stationed at the sudder station, during the absence, on deputation, of Baboo Amirto Lal Pal, or until further orders

Baboo Chunder Nath Ghosh, B L, is appointed to act as a Moonsif in the district of Backergunge, and to be ordinarily stationed at Burrisal, during the absence, on deputation, of Baboo Gopal Chunder Bose, or until further orders

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 20th January* 1881 —Baboo Baroda Prosonna Shome, First Moonsif of Kooshtea, in the district of Nuddea, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from 1st February 1881, or from such date as he may avail himself of it

Baboo Bacharam Mookerjee, Moonsif of Baripore, in the district of the 24-Pergunnahs, is allowed leave for two months, under Section 10, Supplement F of the Civil Leave Code with effect from such date as he may avail himself of it

The 21st January 1881 —Baboo Biraj Krishna Ghose, Moonsif of Rughoonathpore, in Chota Nagpore, is allowed leave for six days under the rules in Chapter VII of the Civil Leave Code, in extension of that granted to him on the 27th October 1880

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal

NOTIFICATION

The 18th January 1881 —Under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the abolition of the sub-district of East Singra, in the district of Rajshahye The thanas Singra (East) and Panchupur, now comprised within the sub-district of East Singra, will revert to the sub-district of Nattore in the same district This notification will take effect on and from the 1st February 1881

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal.

[*Government Gazette, 1st February* 1881]

শ্রীযুক্ত বাবু নীলমণি দাসের পরিবর্ত্তে বাকরগঞ্জের অন্তর্গত দক্ষিণ সাবাজপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু করুণাদাস বসু রাজশাহী জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বালিয়াতে অবস্থাপিত হইবেন।

শ্রীযুক্ত বাবু করুণাদাস বসুর পরিবর্ত্তে ময়মনসিংহের অন্তর্গত নেত্রকোণার মুনসেফ শ্রীযুক্ত বাবু বিপিনচন্দ্র রায় বাকরগঞ্জ জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ দক্ষিণ সাবাজপুরে অবস্থাপিত হইবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু বিপিনচন্দ্র রায়ের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুক্ত বাবু গৌরচরণ রায় ময়মনসিংহ জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ নেত্রকোণায় অবস্থাপিত হইবেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুরের একটিং মুনসেফ শ্রীযুক্ত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থ বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারির অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় মুরশিদাবাদের অন্তর্গত বহরমপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মিত্র ২৪ পরগনা জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বারাসতে অবস্থাপিত হইবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মিত্রের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুক্ত বাবু নন্দলাল দে, বি, এল, মুরশিদাবাদ জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বহরমপুরে অবস্থাপিত হইবেন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু অমৃতলাল পালের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বাকরগঞ্জের অন্তর্গত বরিশালের প্রথম মুনসেফ শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র বসু বর্দ্ধমান জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র বসুর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ ঘোষ, বি, এল, বাকরগঞ্জ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বরিশালে অবস্থাপিত হইবেন।

মুনসেফদের ছুটী।—১৮৮১ সাল ২০ জানুয়ারি।—নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়ার প্রথম মুনসেফ শ্রীযুক্ত বাবু বরদাপ্রসন্ন সোম ১৮৮০ সালের ১ ফেব্রুয়ারি অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু বেচারাম মুখোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২১ জানুয়ারি।—ছোটনাগপুরের অন্তর্গত রঘুনাথপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু বিরাজকৃষ্ণ ঘোষ ১৮৮০ সালের ২৭ অক্টোবরে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ছয় দিনের ছুটী পাইলেন।

হরেস এ, ককেরল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৮ জানুয়ারি।—শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে রাজশাহী জিলার অন্তর্গত পূর্ব্বসিঙ্গারা সব-ডিষ্ট্রিক্ট উঠাইয়া দিবার অনুমতি করিলেন। পূর্ব্বসিঙ্গারা সব-ডিষ্ট্রিক্টের মধ্যে এইক্ষণে যে সিঙ্গরা (পূর্ব্ব) ও পাঁচুপুর থানা আছে তাহা পুনরায় উক্ত জিলার অন্তর্গত নাটোর সব-ডিষ্ট্রিক্টভুক্ত হইবে। ১৮৮১ সালের . ফেব্রুয়ারি অবধি এই বিজ্ঞাপন ফলবৎ হইবে।

হরেস এ, ককেরল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

NOTIFICATION

The 25th January 1881 —The powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such Courts up to the value of Rs 50, with which the Senior Sudder Moonsif of Dinagepore was vested under the orders of the 31st December 1878, are hereby withdrawn

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 25th January 1881 —The Subordinate Judge of Dinagepore is vested, under Section 29 of the Bengal Civil Courts Act VI of 1871, with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such Courts up to the value of Rs 50.

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

IRRIGATION.

NOTIFICATION —ESTABLISHMENT.

The 21th January 1881

No 12 —*Notifications* —Mr D B Horn, temporary Executive Engineer, Fourth Grade Circular and Eastern Canals Division, availed himself, on the forenoon of the 4th instant, of the two months' privilege leave granted him in the orders marginally noted

No 3, dated 10th January 1881

No 13 —Baboo Omirto Lall Roy Chowdry, Assistant Engineer, First Grade, South-Western Circle, passed the Lower Standard Examination in Hindustani on the 30th ultimo.

No 14 —Mr K H Stephen, Assistant Engineer, Second Grade, Gunduck Division, passed the Lower Standard Examination in Hindustani on the 30th ultimo

No 15 —*Transfers* —Mr E W P Foster, Executive Engineer, Fourth Grade, is transferred from the Arrah to the Eastern Sone Division for surveying the escapes of the Patna Canal

No 16 —Baboo Kirty Chunder Chowdry, Assistant Engineer, Second Grade, is transferred, in the interests of the public service, from the Circular and Eastern Canals to the Cossye Division

No 17 —*Leave* —The leave on private affairs for six months granted to Mr. M J J P Norman, Assistant Engineer, First Grade, in the orders marginally noted, has been converted into eight months, on sick certificate, by Her Majesty's Secretary of State

No 89, dated 30th June 1880

No 18 —*Declaration* —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for a navigable canal to be called Range No III of the Orissa coast canal, in the villages of Bhaitgurh and Panichatee, pergunnah Bhaitgurh, Sookuea, Surpai Ulubariah, Tedoobi, Satbariah, and Paltabarrah, pergunnah Naruamoota, Aughoria pergunnah Keoramal, Dakhinchorakia, Keerambad, Khurnasir, and Burgemal, pergunnah Majnamoota, Jharasoree, Badalpore, Chunnupore, and Biswanathpore, pergunnah

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।— ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বরের আজ্ঞাক্রমে দিনাজপুরের সদর মুনসেফের প্রতি ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের যে ক্ষমতা দেওয়া গিয়াছিল তাহা এতদ্বারা রহিত করা গেল।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।—দিনাজপুরের সবর্ডিনেট জজ ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্নমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

জলসেচন সম্পর্কীয়।

সিবিশতা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৪ জানুয়ারি।

১২ নম্বর।—বিজ্ঞাপন।—সরকুলর ও পূর্ব্ব খাল খণ্ডের চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ডি, বি, হর্ণ সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে দুই মাসের অনুগ্রহের ছুটী পান তাহা এই মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ১০ জানুয়ারির ২নং।

১৩ নম্বর।—দক্ষিণ-পশ্চিম চক্রের প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত বাবু অমৃতলাল রায় চৌধুরী গত মাসের ৩০ তারিখে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

১৪ নম্বর।—গণ্ডক খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত কে, এচ, ষ্টীফন সাহেব গত মাসের ৩০ তারিখে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

১৫ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ডবলিউ, পি, মন্টর সাহেব পাটনা খালের জল নির্গমনের পথ অনুমাপ করিবার জন্যে আরা খণ্ডহইতে পূর্ব্ব সোণ খণ্ডে প্রেরিত হইলেন।

১৬ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কীর্ত্তিচন্দ্র চৌধুরী রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে সরকুলর ও পূর্ব্ব খাল খণ্ড হইতে কাঁসাই খণ্ডে প্রেরিত হইলেন।

১৭ নম্বর।—ছুটী।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এম, জে, জে, পি, নর্ম্মান সাহেবের নিজ প্রয়োজনার্থে পার্শ্বলিখিত আজ্ঞামতে তাঁহাকে যে ছয় মাসের ছুটী দেওয়া যায় শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে তাহা আট মাস করিলেন।

১৮৮০ সালের ৩০ জুনের ৮৯ নং।

১৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত ডেংগড পরগনার ডেংগড় ও পাকিচারী এবং নকরাছমুটা পরগনার সুকনিয়া ও সবপাই ও ডলুপাড়িয়া ও তেতুরী ও মাউবাড়িয়া ও গলতাবাড়িয়া এবং কেওরামল পরগনার অযোরিয়া এবং মাজনামুটা পরগনার দক্ষিণ চকিয়া ও কীয়াগাবাদ ও খরনাসির ও বড়গেমল এবং পাহাড়পুর পরগনার মারাসোরি ও বাদলপুর ও চন্দনপুর ও বিশ্বনাথপুর এবং সীপুর পরগনার পদ্মপুর ও খাগনা ও কলটিকাবা ও ভুরাঙ্গ ও পানীপাকস ও দক্ষিণনিয়া ও ভুলিয়া ও জুকী ও পাছুবান ও কৃষ্ণনগর ও মাঁচে দেয়া গ্রাম উচিবার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

Paharpore; Padampore, Khagda Kulticree, Aurunga, Paneeparul, Barmoniah, Bhoolia Jookee, Padoobad, Kristonogore, and Meergodah, pergunnah Seepore, zillah Midnapore it is hereby declared that for the above purpose two strips of land measuring, more or less 1 516 bighas and 10 cottahs of standard measurement, 20 miles and 2,480 feet long, and 200 feet wide, are required The terminal stations of the range are mentioned below —

A strip of land commencing from the right bank of the Bagda river, near the Kalinagore Ferry Ghât to the right bank of the Surpai river, passing through the villages of Bhaitgurh and Panicharee, pergunnah Bhaitgurh, Sooknea and Surpai, pergunnah Naruahmoota, zillah Midnapore, 3 miles and 3 400 feet long, and 200 feet wide, more or less

A strip of land commencing from the left bank of the Surpai river and terminating near the source of the Chetai river, the boundary of the Midnapore district, and passing through the villages of Uluberiah, Tedoobi, Satbaria, and Paltaberia, pergunnah Naruahmoota; Aughoria, pergunnah Keoramal, Dakhinchorakia, Keeraneebad, Khurnasir, and Burgemal, pergunnah Majnamoota, Jharasoree, Badalpore, Chununpore, Biswanathpore, pergunnah Paharpore, Padumpore, Khagda, Koolticree, Aurunga, Paneeparul, Bamoonea, Bhoolea, Jookee, Pudoobad Kristnagore, and Meergoda, pergunnah Seepore, zillah Midnapore, 16 miles and 4 360 feet long, and 200 feet wide, more or less

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

C TAYLOR,
Offg Assistant Secretary,
for Joint-Secy to the Govt of Bengal, in the P. W Dept,
Irrigation Branch

সমুদ্র কূলের ও রেঞ্জ খাল নামে নৌকাগম্য খালের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কল্পিমতে ন্যূনাধিক ১৫১৬।।০ কাঠা পরিমিত অর্থাৎ ২০ মাইল ২৪৮০ ফুট দীর্ঘ ও ২০০ ফুট প্রস্ত দুই খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত রেঞ্জের অন্য স্থানের ষ্টেশন নিম্নভাগে লেখা গেল।

কালীনগরের খেয়াঘাটের নিকট বাগদা নদীর ডাইন তট হইতে আরম্ভ হইয়া মেদিনীপুর জিলার অন্তর্গত টেঙ্গৎগড় পরগনার টেঙ্গৎগড় ও পানিচারী এবং মকয়াহমুটা পরগনার সুকনীয়া ও সরপাই গ্রামের মধ্য দিয়া সরপাই নদীর ডাইন তট পর্য্যন্ত ন্যূনাধিক ৩ মাইল ৩৪০০ ফুট দীর্ঘ ২০০ ফুট প্রস্ত এক খণ্ড ভূমি।

সরপাই নদীর বাম তট হইতে আরম্ভ হইয়া মেদিনীপুর জিলার সীমা চেতাই নদীর উৎপত্তি স্থান পর্য্যন্ত এবং মেদিনীপুর জিলার অন্তর্গত মকয়াহমুটা পরগনার উলুবেড়িয়া ও তেজুবী ও সাতবাড়িয়া ও পলতাবাড়িয়া এবং কেওরামল পরগনার ঔঘরিয়া এবং মাজনামুঠা পরগনার দক্ষিণ চরকিয়া ও কিয়ানীবাদ ও খরনাসির ও বড়গেমাল এবং পাহাড়পুর পরগনার ঝারোসরী ও বাদলপুর ও চননপুর ও বিশ্বনাথপুর এবং সীপুর পরগনার পদ্মপুর ও থাগদা ও কুলটিকরি ও ঔরঙ্গ ও পানীপাকল ও বামুনিয়া ও ভুলিয়া ও জুকী পছুবাদ ও কৃষ্ণনগর মীরগেদা গ্রামের মধ্য দিয়া ন্যূনাধিক ১৬ মাইল ৪৩৬০ ফুট দীর্ঘ ও ২০০ ফুট প্রস্ত একখণ্ড ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের
জলসেচন শাখার জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
সি, টেলর,
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ৩০ ডিসেম্বর তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ২২ নম্বর।

গমনাগমনের পথে বাধা অপসৃত বা বিনষ্ট করণার্থ এবং উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ সমুদ্রে জাহাজের গমনাগমন পথে বাধা অপসৃত বা বিনষ্ট করণার্থ এবং উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "গমনাগমনের পথে বাধা সংক্রান্ত ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ।

এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

কিন্তু শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজের প্রতি কিম্বা শ্রীশ্রীমতী মহারাণী বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব যে জাহাজ ভাড়া করেন তাহার প্রতি এই আইনের কোন কথা নির্দ্ধেশে না।

গমনাগমনের পথে বাধা অপসৃত বা বিনষ্ট করণার্থ স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা অর্পণের কথা।

২ ধারা। ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ কোন সমুদ্রে গমনাগমনের পথে কোন জাহাজ ডুবিলে, চড়ায় উঠিলে, বা পরিত্যক্ত হইলে, অথবা মৎস্য ধরিবার কোন খুঁটা, কাষ্ঠ বা অন্য দ্রব্য স্থাপিত বা রক্ষিত হইলে, ব্রিটিষ ভারতবর্ষের যে প্রদেশে বা যাহার নিকটে ঐ জাহাজ মৎস্য ধরিবার খুঁটা, কাষ্ঠ বা অন্য দ্রব্য থাকে, সেই প্রদেশের স্থানীয় গবর্ণমেণ্ট যদি বিবেচনা করেন যে ঐ দ্রব্যাদিদ্বারা জাহাজের গমনাগমনে বাধা বা বিপত্তি হইবে বা হইবার সম্ভাবনা,

(ক) তবে ঐ দ্রব্য বা উহার কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন, কিম্বা

(খ) যদি ঐ দ্রব্য এপ্রকারের হয় বা এরূপ ভাবে থাকে যে স্থানীয় গবর্ণমেণ্টের মতে তাহা স্থানান্তর করিবার যোগ্য না হয়, তবে উহা বা উহার কোন অংশ বিনষ্ট করিতে পারিবেন।

বাধা অপসৃত করিতে যে খরচ পড়ে গবর্ণমেণ্ট তাহা পাইবার অধিকারী হইবার কথা।

৩ ধারা। ২ ধারামতে কোন দ্রব্য স্থানান্তরিত করা গেলে, গবর্ণমেণ্ট সমুদয় অবস্থার প্রতি দৃষ্টি করিলে যত টাকা যুক্তিসিদ্ধ বোধ হয়, ঐ দ্রব্য স্থানান্তর করিবার খরচ বলিয়া তত টাকা পাইতে পারিবেন।

উক্ত খরচ লইয়া বিবাদ হইলে, তদ্বিষয়ের কথা।

উক্তরূপ যে কোন দ্রব্য স্থানান্তর করা যায়, তাহা লইয়া এই ধারামত পাওনা টাকা সম্বন্ধে কোন বিবাদ উত্থিত হইলে, যে স্থানে ঐ দ্রব্য থাকে সেই স্থানে বিচারাধিপত্য প্রাপ্ত জিলার বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকটে বিবাদি পক্ষদের কোন পক্ষ তৎসম্বন্ধে প্রার্থনা করিলে, ঐ মাজিষ্ট্রেট তাহার নিষ্পত্তি করিবেন।

স্থানান্তর করিবার সংবাদ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে হইবার কথা।

৪ ধারা। ২ ধারামতে কোন দ্রব্য স্থানান্তর করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ দ্রব্যের বর্ণনা এবং যে সময়ে যে স্থানহইতে উহা স্থানান্তর করা যায় তাহা লিখিয়া স্থানীয় রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিবেন।

স্থানান্তর করা দ্রব্য কোন ২ স্থলে বিক্রীত হইতে পারিবার কথা।

৫ ধারা। উক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর, কেহ ঐ দ্রব্যের দাওয়া না করিলে,

কিম্বা দাওয়াদার উক্ত খরচের দেনা টাকা এবং তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের উপযুক্তরূপ অন্য যে খরচা পড়ে তাহা না দিলে,

স্থানীয় গবর্ণমেণ্ট প্রকাশ্য নীলামে ধরিয়া ঐ দ্রব্য আশুক্ষয়শীল হইলে অবিলম্বে, এবং আশুক্ষয়শীল না হইলে, পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাসের অন্যূন কোন সময়ে, বিক্রয় করিতে পারিবেন।

বিক্রয়োৎপন্ন টাকা কিরূপে প্রয়োগ করিতে হইবে, তাহার কথা।

৬ ধারা। উক্ত বিক্রয়ের উৎপন্ন টাকা আদায় হইলে পূর্ব্বোক্তরূপ খরচ ও খরচার প্রাপ্য টাকা বিক্রয়ের খরচা সমেত কাটিয়া লওয়া যাইবে, এবং অবশিষ্ট কিছু থাকিলে তাহা বিক্রীত দ্রব্যের স্বামিকে দেওয়া যাইবে, অথবা তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত হইয়া দাওয়া না করিলে, আমানত করিয়া রাখা যাইবে, এবং পরে কোন ব্যক্তি তাহাতে আপনার স্বত্ব সাব্যস্ত করিলে, বিনাসুদে তাঁহাকে দেওয়া যাইবে।

কিন্তু বিক্রয়ের তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ ব্যক্তির দাওয়া করা চাই।

“জাহাজ” শব্দে রসাবসী মাল প্রভৃতি বুঝাইবার কথা।

৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে “জাহাজ” শব্দে কোন জাহাজের রসারসী, সরঞ্জাম, মাল, দ্রব্যসামগ্রী বা নিলমস্বরূপ বা তাহার অংশস্বরূপ প্রত্যেক বস্তু বা দ্রব্য বা দ্রব্যসমূহ বুঝাইবে, এবং কোন জাহাজ বা তাহার মাল কিম্বা তাহা হইতে রক্ষিত অন্য কোন সম্পত্তি বিক্রয় করিয়া যে টাকা উৎপন্ন হয় সেই টাকা সাধারণ তহবীল বলিয়া গণ্য হইবে।

গমনাগমনের পথে বাধা স্থাপন নিয়মিত ও নিষিদ্ধ করণার্থ বিধি করিতে পারিবার কথা।

৮ ধারা। ব্রিটিষভারতবর্ষের নিকটস্থ কোন সমুদ্রে গমনাগমনের পথে, মৎস্য ধরিবার খুঁটাস্থাপন, কিম্বা নিলম, জঞ্জাল, বা অন্য যে কোন দ্রব্য হইতে চিবি বা চড়া জন্মিবার সম্ভাবনা তাহা ফেলা বা নিক্ষেপ করা, কিম্বা অন্য যে কার্য্য করিলে তাঁহারমতে জাহাজাদির গমনাগমনে বাধা বা বিপত্তি হইবে বা হইবার সম্ভাবনা সেই কার্য্য নিয়মিত বা নিষিদ্ধ করণার্থ, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে ২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশকরিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধি লঙ্ঘন করিলে, দণ্ডের কথা।

৯ ধারা। ৮ ধারামতে প্রণীত বিধিলঙ্ঘন পূর্ব্বক কেহ কোন কার্য্য বা ত্রুটি করিলে তাঁহাকে যে জিলায় বা রাজধানী নগরে পাওয়া যায় তথায় উক্ত অপরাধ নিমিত্ত তাঁহার বিচার হইতে পারিবে, এবং তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ৫০০৲ পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

গবর্ণমেণ্টের অন্য ক্ষমতা সংরক্ষণের কথা।

১০ ধারা। এতদর্থে গবর্ণমেণ্টের অন্য যে কোন ক্ষমতা থাকে, এই আইনের কোন কথায় সেই ক্ষমতানুসারে কার্য্য করিবার বাধা হইবে এরূপ জ্ঞান করিতে হইবে না।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ সমুদ্রে জাহাজাদির গমনাগমনের পথে যে কোন বাধা থাকে তাহা অপসৃত করণার্থ এবং ভবিষ্যতে উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। সংপ্রতি কএকটি মোকদ্দমা দেখিয়া এরূপ আইন থাকিবার সুবিধা গবর্ণমেণ্টের হৃদয়ঙ্গম হইয়াছে। এইরূপ একটি মোকদ্দমায়, বোম্বাই বন্দরের নিকটস্থ সমুদ্রে শুকাকালে মৎস ধরিবার যে সকল খুঁটা বৎসর২ স্থাপিত হয় গবর্ণমেণ্ট তাহা স্থানান্তরিত করিতে পারেন কি না, এতৎপ্রশ্ন উত্থাপিত হইয়াছে, এত সকল খুঁটা বন্দরের প্রবেশ স্থান পর্য্যন্ত সংপ্রতি বিস্তৃত হওয়াতে এক্ষণে উক্ত বন্দরে যাতায়াতকারী জাহাজ সকলের গুরুতর বিপদের কারণ হইয়া দাড়াইয়াছে। অন্য একটি মোকদ্দমা রেঙ্গুন নদীর মোহানায় জাহাজাধ্যক্ষেরা যে নিলম ফেলিয়া থাকেন তৎসংক্রান্ত। এই রীতি অনুমোদিত হইলে রেঙ্গুন বন্দরের প্রবেশপথে জাহাজাদি আসিবার গুরুতর বাধা ও বিপত্তি উৎপাদন করিবে। গবর্ণমেণ্টের এক্ষণে যে নিবারণশক্তি আছে তদপেক্ষা কিঞ্চিদধিক ক্ষমতার প্রয়োজন এই মোকদ্দমায় প্রতীয়মান হইয়াছে।

এই প্রকার বিষয় সম্বন্ধে গবর্ণমেণ্টের কর্ম্মচারিদের ক্ষমতা ও তাঁহাদের অনুসরণীয় কার্য্যপ্রণালী স্পষ্টরূপে নির্দ্দেশ করা অত্যন্ত বাঞ্ছনীয়, ইহাতে সন্দেহ নাই, এবং ভারতবর্ষীয় ব্যবস্থা পুস্তকের বর্ত্তমান অবস্থায় এবিষয়ের যথাযোগ্য বিধান নাই বলিয়া, বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। শ্রীশ্রীমতী মাহারাণী বিক্টোরিয়ার ৪০ ও ৪১ বৎসরের আইনের ১৬ অধ্যায়ের (অর্থাৎ নৌভঙ্গ স্থানান্তর করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের) রাজব্যবস্থায় এইরূপ ব্যবস্থাপনের নজীর পাওয়া যাইবে। এই পাণ্ডুলিপি সামান্যতঃ উক্ত ব্যবস্থার সূত্রাবলম্বন করিয়া চলিলেও দুইটি প্রয়োজনীয় বিষয়ে উহা অতিক্রম করিয়া গিয়াছে। ইহাতে বাধা অপসৃত করিবার যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তাহা উক্ত ব্যবস্থামত নৌভঙ্গ জাত বাধা মাত্রে পর্য্যবসিত হয় নাই, মৎস্য ধরিবার খুঁটা, নিলম বা অন্য যে কোন দ্রব্য জাহাজাদির গমনাগমনের বাধা বা বিপত্তি ঘটাইতে পারে, তাহারও প্রতি উক্ত ক্ষমতা বর্ত্তাম গিয়াছে। আর একটি বিষয়ে এই পাণ্ডুলিপি উক্ত রাজব্যবস্থা অতিক্রম করিয়াছে, অর্থাৎ, বর্ত্তমান বাধা অপসৃত করণার্থ ক্ষমতা দিবার অতিরিক্ত ইহাতে ভবিষ্যতে ইচ্ছাপূর্ব্বক বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া গিয়াছে। এতদর্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, গমনাগমনের পথে মৎস্য ধরিবার খুঁটা স্থাপন, নিলম নিক্ষেপ, কিম্বা তাহার মতে অন্য যে কার্য্য করিলে জাহাজাদির গমনাগমনের বিপত্তি বা বাধা ঘটিবে বা ঘটিবার সম্ভাবনা সেই কার্য্য, নিয়মিত বা নিষিদ্ধ করণার্থ তিনি বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১৮৮০ সাল ২৪ ডিসেম্বর।

উইটলী ষ্টোক্‌স
ডি, ফিটজপ্যাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 1, 1881

মঙ্গলবার ১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।

PART V

Acts of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 10th September 1880, and having received the assent of His Excellency the Governor-General on the 1st October 1880, is hereby promulgated for general information —

THE CESS ACT, 1880

TABLE OF CONTENTS

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণরসাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ১০ সেপ্টেম্বর তারিখে উক্ত মান্যবর সাহেব অনুমোদন করাতে, তাহা ১৮৮০ সালের ১ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত তদ্দ্বারা প্রচারিত হইল।

করসম্পর্কীয় ১৮৮০ সালের আইন।

ধারার নির্ঘণ্ট।

PART I

CHAPTER I

IMPOSITION AND APPLICATION OF THE CESSES

PART II

MODE OF ASSESSMENT

CHAPTER II.—*Valuation of Lands*

প্রথম খণ্ড।

১ অধ্যায়।

কর সংস্থাপনের ও প্রয়োগের বিধি।

দ্বিতীয় খণ্ড।

কর ধার্য্য করিবার প্রণালী।

২ অধ্যায়।—ভূমির মূল্য নিরূপণের কথা।

PART III | তৃতীয় খণ্ড।

Constitution and Administration of the District Road Fund | প্রদেশীয় পথের তহবীল সংস্থাপন ও তাহার কার্য্যের বিধান।

Chapter VIII —*Constitution and Application of the District Road Fund* | ৮ অধ্যায়।—প্রদেশীয় পথের তহবীল সংস্থাপনের ও তাহার টাকা প্রয়োগের বিধি।

[*Government Gazette, 1st February* 1881.]

Act No IX of 1880.

An Act to amend and consolidate the law relating to rating for the construction, charges and maintenance of district communications and other works of public utility, and of provincial public works.

Preamble

Whereas it is expedient to amend and consolidate the law relating to rating for the construction, charges and maintenance of district roads and other means of communication, and of provincial public works, within the territories administered by the Lieutenant Governor of Bengal, and to the levy of a road cess and a public works cess on immovable property situate therein, and to the constitution of local committees for the management of the proceeds of the said road cess, and also to provide for the construction and maintenance of other works of public utility out of the proceeds of the said road cess It is hereby enacted as follows:—

Preliminary

Short title and Commencement

1 This Act may be called "The Cess Act, 1880," and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Extent

2 This Act shall take effect at once in every district and part of a district in which Bengal Act X of 1871 *(an Act to provide for local rating for the construction and maintenance of roads and other means of communication)* and Bengal Act II of 1877 *(an Act to provide for the levy of a cess for the construction, charges and maintenance of provincial public works)* may be in force on the date of the commencement of this Act

The Lieutenant-Governor may, by notification in the *Calcutta Gazette*, extend its provisions to any other district or part of a district situate in the territories for the time being administered by him, and this Act shall take effect accordingly therein from the date specified in such notification,

Proviso

Provided that nothing herein contained shall be deemed to affect any immovable property within the limits of the ordinary original jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal, or within the limits of any first or second class Municipality under the Bengal Municipal Act, 1876.

[*Government Gazette*, 1st *February* 1881.]

১৮৮০ সালের ৯ আইন।

জিলার বর্ত্মাদি ও সাধারণের হিতকর অন্যান্য কার্য্য ও প্রদেশীয় পূর্ত্ত কার্য্য প্রস্তুত করিবার ও তাহার ব্যয় নির্ব্বাহ ও তৎসমুদয় রক্ষা করিবার স্থানীয় কর সংক্রান্ত ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে জিলার পথ ও গমনাগমনের অন্যান্য উপায় ও প্রদেশীয় পূর্ত্ত কার্য্য প্রস্তুত করিবার ও তাহার ব্যয় নির্ব্বাহ ও তৎসমুদয় রক্ষা করিবার স্থানীয় কর সংক্রান্ত ও উক্ত দেশান্তর্গত স্থাবর সম্পত্তির উপর পথকর ও পূর্ত্ত কার্য্য কর আদায় সংক্রান্ত এবং উক্ত পথকরের উৎপন্ন টাকার অধ্যক্ষতাকরণার্থ স্থানীয় কমিটী সংস্থাপন সংক্রান্ত ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করা এবং উক্ত পথকরের উৎপন্ন টাকা হইতে সাধারণের হিতকর অন্যান্য কার্য্য প্রস্তুত ও রক্ষা করিবার বিধান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

উপক্রমণিকা।

সংক্ষেপে নাম ও আরম্ভ।

১ ধারা। এই আইন "কর বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায়, সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

ব্যাপ্তি।

২ ধারা। যে জিলায় বা জিলার অংশে পথ ও গমনাগমনের অন্যান্য উপায় প্রস্তুত ও রক্ষা করিবার জন্যে স্থানীয় করের বিধান করণার্থ ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইন ও সাধারণের উপকারার্থ বিষয় নির্ম্মাণ ও তাহার ব্যয়পোষণ ও রক্ষা করণার্থে কর আদায় করিবার বিধান করণার্থ ১৮৭৭ সালের বঙ্গীয় ২ আইন এই আইন প্রচলিত হইবার সময়ে বলবৎ থাকে, তথায় এই আইন অবিলম্বে ফলবৎ হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের কোন জিলায় বা জিলার অংশে উক্ত সাহেব, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, এই আইন প্রচলিত করিতে পারিবেন; তাহা করা গেলে সেই জ্ঞাপনপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট থাকে সেই তারিখ অবধি এই আইন ফলবৎ হইবে।

উপবিধান।

কিন্তু বঙ্গদেশের ফোর্ট উইলিয়ম রাজধানীর অন্তর্গত হাই কোর্টের আদৌ নিয়মিত বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানের মধ্যে, অথবা ১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপাল বিষয়ক আইনমত প্রথম বা দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীর মধ্যে, যে কোন স্থাবর সম্পত্তি থাকে তৎপ্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না।

The Lieutenant-Governor may, by notification in the *Calcutta Gazette*, exempt, any district or part of a district, or any estate or tenure, from the operation of this Act, or from the operation of so much thereof as relates to the road cess, or as relates to the public works cess, and may at any time, by a similar notification, revoke such exemption

Power to exempt districts from operation of Act.

3. The said Bengal Act X of 1871 and the said Bengal Act II of 1877 are hereby repealed, but this repeal shall not affect the past operation of such Acts, or anything duly done or suffered, or any right, privilege, obligation, or liability acquired, accrued, or incurred thereunder,

Repeal of District Road Cess Act 1871 and Provincial Public Works Act, 1877

And all rules, orders, appointments, and valuations in force at the commencement of this Act which were made under the said Acts, shall, so far as they are consistent with this Act, be deemed to have been made under this Act,

And all cesses which were imposed under the said Acts shall be deemed to have been imposed under this Act, and every sum due to the Collector in respect of arrears of cess, of expenses incurred, of fees or costs payable, of notices served, or of fines imposed under either of the said Acts, shall be deemed to be due on such accounts under this Act,

And all cesses so imposed and every sum so due may be levied as herein provided

4 In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation clause

"Annual value of any land, estate, or tenure" means the total revenue or rent which is payable, or if no revenue or rent is actually payable, would on a reasonable assessment be payable during the year by all the cultivating ryots of such land, estate, or tenure, or by other persons in the actual use and occupation thereof

"Annual value of land, &c"

"Commissioner" means the Commissioner of the Division·

"Commissioner"

"Cultivating ryot" means a person cultivating land and paying rent therefor not exceeding one hundred rupees per annum·

"Cultivating ryot."

শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইনের বিধানহইতে অথবা এই আইনের যে অংশ পথকর সম্পর্কীয় অথবা যে অংশ পুর্ত্ত-কার্য্য কর সম্পর্কীয় সেই অংশের বিধান হইতে কোন জিলা কিম্বা কোন জিলার অংশ কিম্বা কোন মহাল কি তালুকাদি মুক্ত করিতে পারিবেন, ও কোন সময়ে তদ্রূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ মুক্ত করণের আজ্ঞা রহিত করিতেও পারিবেন।

আইনের বিধান হইতে কোন জিলা মুক্ত করিতে পারিবার কথা।

৩ ধারা। উক্ত ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইন ও উক্ত ১৮৭৭ সালের বঙ্গীয় ২ আইন এতদ্দারা রহিত করা গেল, কিন্তু এই রহিততা দ্বারা ঐ২ আইন পূর্ব্বে প্রচলিত থাকিবার অথবা তৎক্রমে নিয়মিতরূপে যাহা কিছু করা যায় বা করিতে দেওয়া যায় বা যে কোন স্বত্ব বা অধিকার লব্ধ বা কর্ত্তব্য উৎপন্ন বা দায় উপস্থিত হয় তাহার কোন বিঘ্ন হইবে না।

প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের আইন ও সাধারণের উপকারার্থ কার্য্যবিষয়ক ১৮৭৭ সালের আইন রহিত হইবার কথা।

আর পূর্ব্বোক্ত আইনদ্বয়মতে কৃত যে সকল বিধি ও আজ্ঞা ও নিয়োগ ও মূল্যনিরূপণ এই আইন প্রচলিত হইবার সময়ে প্রবল থাকে, তৎসমুদয় যত দূর এই আইন সঙ্গত হয় এই আইনমতে কৃত বলিয়া গণ্য হইবে।

আর পূর্ব্বোক্ত আইনদ্বয়মতে যে সকল কর সংস্থাপিত, তৎসমুদয় এই আইনমতে সংস্থাপিত বলিয়া গণ্য হইবে, ও উক্ত কোন আইনমতে যে কর বাকী পড়ে বা যে ব্যয় করা যায় বা যে ফী বা খরচা দেয় হয় বা যে নোটিস জারী বা যে অর্থদণ্ড করা যায়, তৎসম্পর্কে কালেক্টর সাহেবের নিকট যে টাকা দেয় হয় তাহা ঐ২ হিসাবে এই আইনমতে দেয় বলিয়া গণ্য হইবে।

এবং উক্তরূপে সংস্থাপিত সমুদয় কর ও তদ্রূপ দেয় টাকা এই আইনমতে আদায় হইতে পারিবে।

৪ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথা দ্বারা তাবান্তর প্রকাশ না হইলে এই আইনে কোন ভূমির বা মহালের বা তালুকাদির সকল কৃষিকারি রায়ত কিম্বা অন্য যে ব্যক্তিরা নিজে ভূমি ব্যবহার ও দখল করে তাহারা বৎসর মত রাজস্ব বা খাজানা দেয়, কিম্বা রাজস্ব বা খাজানা না দিলেও যুক্তিমতে যত রাজস্ব বা খাজানা হইতে পারে, "ভূমির বা মহালের বা তালুকাদির বার্ষিক মূল্য" শব্দে সেই রাজস্ব বা খাজানা সমষ্টি বুঝাইবে।

অর্থকরণের ধারা।

ভূমির বার্ষিক মূল্য প্রভৃতি

"কমিশ্যনর" শব্দে খণ্ডের কমিশ্যনর সাহেবকে বুঝাইবে।

"কমিশ্যনর"

যে ব্যক্তি ভূমি চাষ করিয়া বৎসর একশত টাকার অনধিক খাজানা দিয়া থাকে থাকে, "কৃষিকারি" শব্দে তাহাকে বুঝাইবে।

"কৃষিকারি রায়ত।"

Explanation—When rent is payable in kind the money value thereof shall for the purposes of this Act be taken to be the annual value of the landlord's share of the crop calculated on an average of the three years next preceding any valuation or revaluation under this Act

ব্যাখ্যা।—শস্যদ্বারা খাজানা দেওয়া গেলে, ভূম্যধিকারী শস্যের যে ভাগ পান এই আইনমত মূল্য নিরূপণ বা পুনঃমূল্য নিরূপণ হইবার পূর্ব্ব তিন বৎসরে গড়ে তাহার যত টাকা মূল্য হয় সেই মূল্যই এই আইনের কার্য্যপক্ষে বার্ষিক মূল্য বলিয়া গণ্য হইবে।

"District"

"District" means the local area to which a Collector is appointed, and no lands situate beyond the limits of such local area shall be deemed to form part of a district by reason of their forming part of an estate paying revenue to the Collector thereof

"জিলা"।

যে স্থানের নিমিত্ত এক জন কালেক্টর সাহেব নিযুক্ত হন "জিলা" শব্দে সেই স্থান বুঝাইবে এবং যে ভূমি ঐ স্থানের বাহিরে থাকে তাহা ঐ কালেক্টর সাহেবের নিকট রাজস্বদায়ী মহালের অংশ হইলেও জিলার অংশ বলিয়া গণ্য হইবে না।

"Estate"

"Estate" means—(1) land included under one entry in the general registers of revenue-paying lands and of revenue-free lands prepared and maintained by the Collector of a district under the "Land Registration Act, 1876," or any similar law for the time being in force,

"মহাল।"

"মহাল" শব্দে—১। ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনক্রমে অথবা তদ্রূপ যে আইন যৎকালে প্রচলিত থাকে তৎক্রমে জিলার কালেক্টর সাহেব মালগুজারী ভূমির ও লাখেরাজ ভূমির যেং সাধারণ রেজিষ্টর প্রস্তুত করিয়া রাখেন তাহাতে একই দফার মধ্যে যে ভূমি লেখা যায় সেই ভূমি,

(2) any land other than the holding of a cultivating ryot, the revenue or rent of which may be payable directly to the Collector or any person specially appointed by him to collect the same,

২। কৃষিকারী রায়তের যোত ভিন্ন যে ভূমির রাজস্ব কি খাজানা নিজ কালেক্টর সাহেবকে কিম্বা তাহা আদায় করণার্থে তাঁহার বিশেষমতে নিযুক্ত কোন ব্যক্তিকে দেওয়া যায় সেই ভূমি,

(3) any land acquired under any rules issued by, or under authority of, Government for the sale, grant, lease, or clearance of waste lands

৩। পতিত ভূমি বিক্রয় কি দান কি পাট্টা বিলি কি পরিষ্কার করণার্থে গবর্ণমেন্ট কর্ত্তৃক কিম্বা গবর্ণমেণ্টের অনুমতি ক্রমে যে বিধি করা যায় সেই বিধিমতে প্রাপ্ত ভূমি বুঝাইবে।

"Holder of an estate or tenure"

"Holder of an estate or tenure" means all or any of the holders thereof, and where two or more persons are jointly holders thereof, they shall be jointly and severally liable under this Act

"মহালের কি তালুক প্রভৃতির ভোগাধিকারী।"

"মহালের কি তালুক প্রভৃতির ভোগাধিকারী" শব্দে ঐ ভূমির সকল কি অন্যতর ভোগাধিকারী বুঝাইবে। দুই কি তদধিক ব্যক্তি সংধারণ অধিকারী হইলে তাঁহারা এই আইনমতে একত্র ও স্বতন্ত্র দায়ী হইবেন।

"Holding"

"Holding" means the land held by a cultivating ryot.

"যোত" শব্দে কৃষিকারী রায়তের ভোগকৃত ভূমি বুঝাইবে।

"Immovable property"

"Immovable property" includes lands and all benefits to arise out of land and things attached to the earth, or permanently fastened to anything which is attached to the earth, but does not include crops of any kind, or houses, shops, or other buildings

"স্থাবর সম্পত্তি"

ভূমি এবং ভূমি হইতে ও ভূমিতে সংলগ্নদ্রব্য হইতেও যে দ্রব্য ভূমিতে সংলগ্ন কোন দ্রব্যে চিরবদ্ধ থাকে সেই দ্রব্য হইতে উৎপন্ন কোন লাভ ও "স্থাবর সম্পত্তি" শব্দে গণ্য, কিন্তু ঐ শব্দে কোন প্রকারের ফসল কিম্বা বাটী বা দোকান বা অন্য ঘর প্রভৃতি গণ্য নয়।

"Land."

"Land" means land which is cultivated, uncultivated, or covered with water, and does not include houses or buildings

"ভূমি।"

"ভূমি" শব্দে আবাদ বা গরআবাদি বা জলময় ভূমি বুঝাইবে এবং বাটী বা ঘর প্রভৃতি বুঝাইবে না।

"Part," "Chapter," and "Section" mean respectively a part, chapter and section of this Act

"Part," "Chapter," and "Section" "Schedule"

"Schedule" means a schedule to this Act annexed, and every such schedule shall be read as part of this Act

"খণ্ড" ও "অধ্যায়" ও "ধারা" শব্দে যথাক্রমে এই আইনের খণ্ড ও অধ্যায় ও ধারা বুঝাইবে।

"খণ্ড" "অধ্যায়" "ধারা"

"তফসীল" শব্দে এই আইন সংযুক্ত তফসীল বুঝাইবে এবং তদ্রূপ প্রত্যেক তফসীল এই আইনের অংশ বলিয়া পঠিত হইবে।

"তফসীল।"

"Tenure" includes every interest in land, whether rent-paying or not, save and except an estate as above defined, and save and except the interest of a cultivating ryot.

"Tenure"

"তালুক প্রভৃতি" শব্দে পূর্ব্ব নির্দ্দিষ্ট মহালভিন্ন এবং কৃষক রায়তের স্বার্থভিন্ন খাজানাদায়ী বা অন্যরূপ ভূমিগত সকল স্বার্থ গণ্য।

"তালুক প্রভৃতি."

"The Collector" includes any person specially invested with the powers of a Collector for the purposes of this Act, and means—

"The Collector"

এই আইনের কার্য্যপক্ষে যে কোন ব্যক্তিকে বিশেষ করিয়া কালেক্টরের ক্ষমতা দেওয়া যায় তিনি কালেক্টর শব্দে গণ্য, এবং

"কালেক্টর।"

I.—When used in reference to revenue paying estates and lands comprised therein, to all proceedings connected therewith, and to the assessment and levy of cesses in respect thereof,

the Collector or other similar officer on whose revenue-roll such estates are borne,

II.—When used in reference to revenue-free estates and lands comprised therein, to all proceedings connected therewith, and to the assessment and levy of cesses in respect thereof,

the Collector or other similar officer on whose general register of revenue-free lands such estates are borne

১।—মালগুজারী মহাল ও তদন্তর্গত ভূমি ও তৎসংক্রান্ত সমুদয় আনুষ্ঠানিক কার্য্য ও তৎসম্পর্কীয় কর ধার্য্য ও আদায় করণ সম্বন্ধে "কালেক্টর" শব্দের ব্যবহার হইলে,

উক্ত মহাল যে কালেক্টর সাহেবের বা তদ্রূপ অন্য যে কার্য্যকারকের তৌজিভুক্ত হয় তাঁহাকে বুঝাইবে।

২।—লাখেরাজ মহাল ও তদন্তর্গত ভূমি ও তৎসংক্রান্ত সমুদয় আনুষ্ঠানিক কার্য্য ও তৎসম্পর্কীয় কর ধার্য্য ও আদায় করণ সম্বন্ধে "কালেক্টর" শব্দের ব্যবহার হইলে,

উক্ত ভূমি যে কালেক্টর সাহেবের বা তদ্রূপ অন্য যে কার্য্যকারকের লাখেরাজ ভূমির সাধারণ রেজিষ্টর ভুক্ত হয় তাঁহাকে বুঝাইবে।

"The Collector of the district" include any person specially invested with the powers of a Collector for the purposes of this Act, and means the officer in charge of the revenue administration of a district.

"জিলার কালেক্টর সাহেব" শব্দে কোন জিলার রাজস্ববিষয়ক কার্য্য সম্পাদনের অধ্যক্ষতা তার প্রাপ্ত কার্য্যকারক বুঝাইবে, এবং এই আইনের কার্য্যপক্ষে যে কোন ব্যক্তিকে বিশেষ করিয়া কালেক্টরের ক্ষমতা দেওয়া যায়, তাঁহাকেও বুঝাইবে।

"The Committee" means the District Road Committee of any district

"The Committee"

"কমিটী" শব্দে কোন জিলার প্রাদেশীয় পথের কমিটী বুঝাইবে

"কমিটী।"

"Year" means the cess year as determined by the Lieutenant-Governor under section 11.

"Year"

১১ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব করসংক্রান্ত যে বৎসর নিরূপণ করেন, "বৎসর" শব্দে সেই বৎসর বুঝাইবে।

"বৎসর।"

PART I.

Chapter I.

Imposition and Application of the Cesses

5 From and after the commencement of this Act in any district or part of a district all immovable property situate therein, except as otherwise in sections 2 and 8 provided, shall be liable to the payment of a road cess and a public works cess

All immovable property to be liable to a road cess and public works cess.

প্রথম খণ্ড।

১ অধ্যায়।

কর সংস্থাপনের ও প্রয়োগের বিধি।

৫ ধারা। এই আইন যে সময়ে কোন জিলায় বা জিলার অংশে প্রচলিত হয়, সেই সময়াবধি ২ ও ৮ ধারার প্রকারান্তরের বিধি সমস্ত বর্জ্জিত না হইলে উক্ত জিলার বা জিলার অংশের অন্তর্গত সমুদয় স্থাবর সম্পত্তির উপর পথকর ও পূর্ত্তকার্য্য কর ধার্য্য হইতে পারিবে।

সমুদয় স্থাবর সম্পত্তির উপর পথকর ও পূর্ত্তকার্য্য কর ধার্য্য হইতে পারিবার কথা।

Cesses how to be assessed

6. The road cess and the public works cess shall be assessed on the annual value of lands and on the annual net profits from mines, quarries, tramways, railways, and other immovable property, ascertained respectively as in this Act prescribed,

and the rates at which such cesses respectively shall be levied for each year shall be determined for such year in the manner in this Act prescribed,

Provided that the rate at which each such cess shall be levied for any one year shall not exceed the rate of one-half anna on each rupee of such annual value and annual net profits respectively

Public revenues not liable for more road cess than has been paid to Collector by persons liable

7 Nothing in this Act contained shall be deemed to require the payment by the Lieutenant Governor of Bengal, from the public revenues, of any sum as road cess in excess of such sums as may have been paid as such cess to the Collector by persons liable to pay the same

Government and guaranteed railway not liable to the cess without consent of Governor General in Council

8 No railway or tramway the property of the Government of India and no railway or tramway of which the dividend is guaranteed by Her Majesty's Secretary of State for India in Council, or by the Governor General of India in Council, or by the Lieutenant Governor of Bengal, shall be liable to road cess or public works cess under the provisions of this Act without the previous consent of the Governor-General of India in Council

Application of proceeds of road cess

9 The proceeds of the road cess in each district shall be paid into the District Road Fund of such district, as hereinafter provided, and, together with other assets of such fund, shall be applied to the purposes mentioned in section 111

Application of proceeds of public works cess

10 The proceeds of the public works cess shall be paid into the public treasury, and shall be applied—

(1) to the payment of such contributions to the District Road Fund as the Lieutenant-Governor may think proper in consideration of the said cess being assessed and collected jointly with the road cess by establishments paid from the District Road Fund, and (2) to the construction, charges and maintenance of Provincial Public Works, and to the payment of interest on capital which may have been

কর যে রূপে ধরা যাই-বে তাহার কথা।

৬ ধারা। এই আইনের নির্দ্দিষ্টমতে যথাক্রমে ভূমির যে বার্ষিক মূল্য ও খনি ও ভুর ও পাথরের খনির ও ট্রামওয়ের ও রেলওয়ের ও অন্য স্থাবর সম্পত্তির বার্ষিক নিটলভ্য নির্ণীত হয়, তাহার উপর পথকর ও পূর্ত্তকার্য্যকর ধরা যাইবে।

এবং যে ২ হারে কোন বৎসর ঐ ২ কর আদায় করা যাইবে, সেই ২ হার উক্ত বৎসরের নিমিত্ত এই আইনের নির্দ্দিষ্টমতে নিরূপণ করা যাইবে।

কিন্তু কোনো কোন কর কোন বৎসর যে হারে লওয়া যায়, সেই হার যথাক্রমে ঐ বার্ষিক মূল্যের ও বার্ষিক নিট লভ্যের টাকা প্রতি দুই পয়সার অধিক হইবে না।

করদায়ী ব্যক্তিরা কালেক্টর সাহেবকে যত পথকর দেন সরকারী রাজস্ব হইতে তদধিক না দিতে হইবার কথা।

৭ ধারা। যে সকল ব্যক্তি পথকর দিতে দায়ী তাঁহারা জিলার কালেক্টর সাহেবকে ঐ কর বলিয়া যত টাকা দেন, তদতিরিক্ত কোন টাকা পথকর বলিয়া সরকারী রাজস্ব হইতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দিবেন, এই আইনের কোন কথা দ্বারা এরূপ জ্ঞান হইবে না।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি না হইলে, গবর্ণমেণ্টের ও গারাণ্টী করা রেলওয়ের উপর কর না ধরিবার কথা।

৮ ধারা। যে রেলওয়ে কি ট্রামওয়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সম্পত্তি ও যে রেলওয়ের কি ট্রামওয়ের ডিবিডেণ্ড দেওন বিষয়ে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব বা ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রতিভূ হন ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি না হইলে, এই আইনের বিধানমতে সেই রেলওয়ের বা ট্রামওয়ের উপর পথকর বা পূর্ত্তকার্য্যকর ধরা যাইবে না।

পথকরের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

৯ ধারা। প্রত্যেক জিলায় পথকরের উৎপন্ন টাকা ঐ জিলার প্রাদেশীয় পথের তহবীলে দেওয়া যাইবে এবং ঐ তহবীলের অন্যান্য টাকাসহ ১১১ ধারার লিখিত কার্য্যে প্রয়োগ করা যাইবে।

পূর্ত্তকার্য্য করের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

১০ ধারা। পূর্ত্তকার্য্য নিমিত্ত করের যে টাকা উৎপন্ন হয় তাহা রাজকীয় খাজানাখানায় দেওয়া যাইবে ও নিম্নলিখিত মতে তাহা প্রয়োগ করা যাইবে, অর্থাৎ, (১) পথকর তহবীল হইতে বেতন প্রাপ্ত সরেস্তাদ্বারা পথকরের সহিত একত্রে পূর্ত্তকার্য্য কর ধার্য্য করা ও আদায় করা হয় বলিয়া প্রাদেশীয় পথের তহবীলে যত টাকা অংশ স্বরূপ দেওয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উচিত বোধ করেন তত টাকা দেওয়া যাইবে ও (২) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপ প্রাদেশীয় পূর্ত্তকার্য্য নির্ম্মাণ ও তাহার ব্যয়পোষণ ও রক্ষা করণার্থে ও উক্ত কার্য্যে যত

expended, or which may hereafter be expended, on such works in such manner as the Lieutenant-Governor may direct

Power to fix cess year

11 The Lieutenant Governor shall, by an order published in the *Calcutta Gazette*, fix the date from which the cesses leviable under this Act in any district or part of a district shall take effect therein, and may fix and from time to time alter the date from which the cess year shall run in any district or part thereof

PART II

Mode of Assessment

Chapter II —*Valuation of Lands.*

Lieutenant Governor may order valuation

12 Upon the commencement of this Act in any district or part of a district the Lieutenant-Governor may order that a valuation shall be made of such district or part of a district,

and revaluation

and from time to time, after the expiration of the term of five years from the beginning of the year in which the levy of the cesses took effect in accordance with any such valuation, or with any revaluation as hereafter provided in this section, or at any time within twelve months previous to the expiration of such term,

the Lieutenant-Governor may, if he think fit, order that a revaluation shall be made of any such district or part of a district, and such revaluation shall take effect from the beginning of such year as the Lieutenant Governor may direct

After five years holder of estate or tenure may apply to Collector for revaluation

13 Whenever the term of five years shall have expired from the beginning of the year in which the levy of the cesses took effect in any estate or tenure in accordance with any valuation under this Act, or Bengal Act X of 1871, the holder of any such estate or tenure may apply to the Collector to revalue his estate or tenure, and for such purpose shall lodge in the office of the Collector returns in the form in Schedule (A) contained, and thereupon the Collector shall proceed to revalue such estate or tenure, and if he make any alteration in the valuation of any such tenure shall give notice of such alteration to the holder of the estate or superior tenure in which such tenure is included, and shall alter the valuation of such estate or superior tenure accordingly,

Provided that no revaluation or reduction of the amount of cesses previously payable in respect of any estate or tenure, in consequence of a

পূর্ব্বে ব্যয়িত হইয়াছে বা পরে হইবে তাহার সুদ দিবার নিমিত্তে প্রয়োগ করা যাইবে।

কর সংক্রান্ত বৎসর নিরূপণ করিবার ক্ষমতার কথা।

১১ ধারা। এই আইনমতে যে কর আদায় হইতে পারে তাহা যে তারিখ অবধি যে জিলায় বা জিলার অংশে প্রবল হইবে শ্রীযু লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া তাহা নির্দ্ধার্য্য করিবেন ও কোন জিলায় বা জিলার অংশে যে তারিখ অবধি করসংক্রান্ত বৎসর চলিবে, তাহা অবধারিত করিতে ও সময়ে ২ পরিবর্ত্তিত করিতে পারিবেন।

দ্বিতীয় খণ্ড।

করধার্য্য করিবার প্রণালী।

২ অধ্যায়।— ভূমির মূল্য নিরূপণের কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মূল্যনিরূপণ।

১২ ধারা। কোন জিলায় বা জিলার অংশে এই আইন প্রচলিত হইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর ঐ জিলায় বা জিলার অংশের ভূমির মূল্যনিরূপণ করিবার আজ্ঞা দিতে পারিবেন,

ও পুনর্মূল্য নিরূপণ করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

এবং তদ্রূপ কোন মূল্য নিরূপণমতে অথবা এই ধারার পশ্চান্নির্দ্দিষ্ট পুনর্মূল্য নিরূপণমতে যে বৎসর করআদায় ফলবৎ হয় সেই বৎসরের প্রারম্ভাবধি পাঁচ বৎসর গত হইলে পর সময়ে, কিম্বা উক্ত কাল গত হইবার পূর্ব্বে বার মাস মধ্যে কোন সময়ে,

শ্রীযুত লেপ্টেনেণ্টগবর্ণর সাহেব উচিত বোধ করিলে তদ্রূপ কোন জিলার বা জিলার অংশের ভূমির পুনর্মূল্য নিরূপণ করিবার ও তিনি যে করসংক্রান্ত বৎসর নির্দ্দেশ করেন তাহার প্রারম্ভাবধি ঐ পুনর্মূল্য নিরূপণ ফলবৎ হইবার আজ্ঞা দিতে পারিবেন।

পাঁচ বৎসরের পর মহালের বা তালুকাদির ভোগাধিকারীর পুনর্মূল্য নিরূপণ নিমিত্ত কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবার কথা।

১৩ ধারা। এই আইনমত কিম্বা ১৮৭১ সালের ১০ আইনমত কোন মূল্য নিরূপণক্রমে কোন মহালে বা তালুকাদিতে যে বৎসর কর আদায় ফলবৎ হয় সেই করসংক্রান্ত বৎসরের প্রারম্ভাবধি পাঁচ বৎসর গত হইলে পর, উক্ত মহালের বা তালুকাদির ভোগাধিকারী তাঁহার মহালের বা তালুকাদির পুনর্মূল্য নিরূপণ নিমিত্ত কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন, এবং সেই অভিপ্রায়ে কালেক্টর সাহেবের আফিসে A তফসীলের পাঠ বিবরণ দিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব উক্ত মহালের বা তালুকাদির পুনর্মূল্য নিরূপণ করিতে প্রবৃত্ত হইবেন, এবং তিনি তদ্রূপ কোন তালুকাদির নিরূপিত মূল্যের কোন পরিবর্ত্তন করিলে ঐ তালুকাদি যে মহালের বা উর্দ্ধতন ভূসম্পর্কের অন্তর্গত হয় তাহার ভোগাধিকারীকে নোটিস দিবেন ও তদনুসারে ঐ মহাল প্রভৃতির নিরূপিত মূল্যের পরিবর্ত্তন করিবেন।

কিন্তু যে কোন পুনর্মূল্য নিরূপণ হয় তাহা কিম্বা এই ধারামতে পুনর্মূল্য নিরূপণ হওয়াতে কোন মহাল বা তালুকের পূর্ব্বদেয় করের টাকা কম হইলে পুনর্মূল্য

revaluation under this section, shall take effect until the beginning of the year commencing next after such revaluation, unless the application for revaluation shall have been made, and the necessary returns lodged in the Collector's office within three months after the beginning of a year, in which case such revaluation and reduction, if any, shall take effect from the commencement of such year

14. Whenever the Lieutenant-Governor has ordered that a valuation or a revaluation of any district or part of a district shall be made for the purposes of this Act, the Collector of the district shall cause a proclamation to be issued requiring every holder of an estate or tenure which is liable to pay an annual amount of revenue or an annual amount of rent exceeding one hundred rupees, and every holder of a revenue-free estate or rent-free tenure the gross annual rental of which exceeds one hundred rupees, severally to lodge at the office of such Collector within one month a return of all lands comprised in his estate or tenure in the form in Schedule (A) contained, giving the particulars in such form set forth

Proclamation to make return of lands to be issued

The Collector of the district shall cause such proclamation to be published by affixing a copy thereof in some conspicuous place in the office of such Collector, in every civil court, in every police station, and in the office of every sub-divisional officer within the district, and in any other manner which the Lieutenant-Governor may from time to time direct

Publication of proclamation

15 At any time at which the Lieutenant-Governor might order a revaluation of a district or part of a district to be made as provided by section 12, he may, if he think fit, instead of so ordering, make an order that particular estates or tenures only in such district or part of a district shall be revalued.

Revaluation may be of particular estates or tenures only

16 Whenever any proclamation has been published, as mentioned in section 14, in any district, and whenever the Lieutenant-Governor has made an order, under the last preceding section, that a revaluation of particular estates and tenures only shall be made, the Collector shall cause a notice to be served in respect of every estate and tenure which is to be valued or revalued, and in respect of which no return shall have been lodged in accordance with the requirement of

Notice to lodge returns.

নিরূপণ হইবার পর কর সংক্রান্ত যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের পূর্ব্বে ফলবৎ হইবে না। পরন্তু কর সংক্রান্ত কোন বৎসর আরম্ভ হইবার পর তিন মাস মধ্যে পুনর্মূল্য নিরূপণে প্রার্থনাপত্র ও আবশ্যক রিটর্ণ কালেক্টর সাহেবের আফিসে দেওয়া গেলে, উক্ত বৎসরের প্রারম্ভাবধি ঐ পুনর্মূল্য নিরূপণ ও যদি টাকা কম করা গিয়া থাকে তাহা ফলবৎ হইবে।

১৪ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন জিলার কিম্বা জিলার অংশের ভূমির মূল্য নিরূপণ কিম্বা পুনর্মূল্য নিরূপণ করিতে হইবে, শ্রীযুত লেপ্টেনেন্টগবর্ণরসাহেব এইরূপ আজ্ঞা করিলেন, যেং মহালের কি তালুক প্রভৃতির বার্ষিক সরকারী জমা বা বার্ষিক খাজানা একশত টাকার অধিক হয় এবং যেং লাখেরাজ মহালের বা নিষ্কর তালুকপ্রভৃতির মোট খাজানা একশত টাকার অধিক হয়, তাহার প্রত্যেক ভোগাধিকারী এক মাসের মধ্যে কালেক্টরী কাছারিতে এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে ঐ পাঠের নির্দ্দিষ্ট বৃত্তান্ত সম্বলিত আপনং মহালের ও তালুক প্রভৃতির অন্তর্গত সমস্ত ভূমির রিটর্ণ দেন কালেক্টর সাহেব এই মর্ম্মের ঘোষণাপত্র প্রচার করিবেন।

ভূমির রিটর্ণ দিবার ঘোষণাপত্র হইবার কথা।

কালেক্টর সাহেব আপনার কাছারী ঘরের ও জিলার অন্তর্গত প্রত্যেক দেওয়ানী আদালতের ও প্রত্যেক পোলীস থানার ও প্রত্যেক মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারী ঘরের কোন প্রকাশ স্থানে ঐ ঘোষণাপত্র লটকাইয়া এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে তাহা প্রকাশ করিবেন।

ঘোষণাপত্র প্রকাশ হইবার কথা।

১৫ ধারা। যে সময়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১২ ধারার বিধানমতে কোন জিলার বা জিলার অংশের ভূমির পুনর্মূল্য নিরূপণ করিবার আজ্ঞা দিতে পারেন সেই সময়ে তিনি উচিত বোধ করিলে তাহা না করিয়া উক্ত জিলার বা জিলার অংশের অন্তর্গত বিশেষং মহালের বা তালুকাদির পুনর্মূল্য নিরূপণ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

বিশেষং মহালের বা তালুকাদির পুনর্মূল্য নিরূপণ হইতে পারিবার কথা।

১৬ ধারা। কোন জিলায় ১৪ ধারার লিখিত ঘোষণাপত্র প্রকাশ করা গেলে পর এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পূর্ব্ব ধারামতে বিশেষং মহালের ও তালুকাদির, পুনর্মূল্য নিরূপণ হইবার আজ্ঞা করিলে পর, কালেক্টর সাহেব যে প্রত্যেক মহালের ও তালুকাদির মূল্য নিরূপণ বা পুনর্মূল্য নিরূপণ করিতে হইবে, এবং তৎ সম্বন্ধে উক্ত ঘোষণাপত্রমত রিটর্ণ দেওয়া যায় নাই, তাহারপক্ষে নোটিস দেওয়াইয়া উক্ত মহালের বা তালুকাদির প্রত্যেক ভোগাধিকারিকে ১৪ ধারার লিখিত রিটর্ণ কালেক্টর

ভূমির রিটর্ণ দিবার নোটিসের কথা।

such proclamation, requiring every holder of such estate or tenure severally to lodge at the office of the Collector the return mentioned in section 14, and shall also cause a similar notice to be served in respect of every tenure included in any such estate or tenure which may have been named in any return lodged in pursuance of the provisions of this Act, or of Bengal Act X of 1871, either for the purposes of the valuation or revaluation then contemplated, or for the purposes of any previous valuation or revaluation, or of which the existence may in any other way have come to his knowledge

17 The notice mentioned in the last preceding section shall be in the form No I in Schedule (B) contained or in the form No II in the said Schedule contained, as the case may be, and shall require every holder of the estate or tenure severally to lodge the return within the time specified below, viz —

Form of notice and time for lodging returns.

In the case of revenue paying estates and rent paying tenures

If the return relate to an estate or tenure which is liable to the payment of annual revenue or of rent not exceeding Rs 500, or to any share or interest in such estate or tenure,	Within six weeks of the service of the notice
If the return relate to any other estate or tenure, or to any share or interest therein,	Within three months of the service of the notice

In the case of revenue free estates and rent free tenures

If the return relate to any estate or tenure of which the gross annual rental does not exceed Rs 500, or to any share or interest in such estate or tenure,	Within six weeks of the service of the notice
If the return relate to any other estate or tenure, or to any share or interest therein,	Within three months of the service of the notice

The Collector may in his discretion extend the time allowed for lodging any such return

18. All holders of estates or tenures in respect of which such notice has been served who shall, without sufficient cause being shown to the satisfaction of the Collector, refuse or omit to lodge the required return in the office of such Collector within the time allowed by such

Penalty for omitting to make return.

সাহেবের কাছারিতে দাখিল করিবার আদেশ করিবেন এবং তৎকালে কল্পিত মূল্যনিরূপণ বা পুনর্মূল্য নিরূপণ কার্য্যোপলক্ষে অথবা পূর্ব্বের কোন মূল্য নিরূপণ বা পুনর্মূল্য নিরূপণ কার্য্যোপলক্ষে এই আইনের বা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধানানুসারে রিটর্ণ দেওয়া গেলে তন্মধ্যে যে তালুক প্রভৃতির নাম লেখা থাকে বা প্রকারান্তরে যাহার কথা তিনি জানিতে পান তাহার পক্ষেও নোটিস দেওয়া হইবেন।

১৭ ধারা। পূর্ব্বধারার উল্লিখিত নোটিস B তফসীলের ১ নং পাঠে অথবা, স্থলবিশেষে, B তফসীলের ২ নং পাঠে হইবে, এবং তাহাতে প্রত্যেক মহালের বা তালুকাদির ভোগাধিকারির প্রতি নিম্ননির্দ্দিষ্ট সময় মধ্যে স্বতন্ত্র২ রিটর্ণ দাখিল করিবার আজ্ঞা থাকিবে, অর্থাৎ,

নোটিসের পাঠের ও রিটর্ণ দাখিল করিবার সময়ের কথা।

রাজস্বদায়ি মহাল ও খাজানাদায়ি তালুকাদি হইলে

যে মহালের বা তালুকাদির ৫০০ পাঁচ শত টাকার অনধিক বার্ষিক রাজস্ব বা খাজানা দিতে হয় তৎসম্পর্কীয়, কিম্বা তাহার কোন অংশ বা স্বার্থ সম্পর্কীয় রিটর্ণ হইলে,	নোটিস জারী হইবার ছয় সপ্তাহ মধ্যে।
অন্য কোন মহাল বা তালুকাদি সম্পর্কীয় বা তাহার কোন অংশ বা স্বার্থ সম্পর্কীয় রিটর্ণ হইলে,	নোটিস জারী হইবার তিন মাস মধ্যে।

লাখেরাজ মহাল ও নিষ্কর তালুকাদি হইলে,

যে মহালের বা তালুকাদির বার্ষিক মোট খাজানা ৫০০৲ পাঁচশত টাকার অনধিক, তৎসম্পর্কীয় বা তাহার কোন অংশ বা স্বার্থসম্পর্কীয় রিটর্ণ হইলে,	নোটিস জারী হইবার ছয় সপ্তাহ মধ্যে।
অন্য কোন মহাল বা তালুকাদি সম্পর্কীয় বা তাহার কোন অংশ বা স্বার্থসম্পর্কীয় রিটর্ণ হইলে,	নোটিস জারী হইবার তিন মাস মধ্যে।

কালেক্টর সাহেব স্বীয় বিবেচনামতে উক্তরূপ কোন রিটর্ণ দাখিল করিবার সময় বাড়াইয়া দিতে পারিবেন।

১৮ ধারা। যে মহালের ও তালুক প্রভৃতির সম্বন্ধে ঐ নোটিস জারী করা যায়, সেই মহালের ও তালুক প্রভৃতির ভোগাধিকারীরা। কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে উপযুক্ত কারণ না দর্শাইয়া, ও যদি তাঁহাদের ভোগকৃত মহাল বা তালুক প্রভৃতি সম্পর্কীয় নোটিসে যে সময় দেওয়া যায় সেই সময় মধ্যে, কিম্বা

রিটর্ণ না দিলে দণ্ডের কথা।

notice in respect of the estate or tenure which they hold, or within any extended time which may have been allowed by the Collector for lodging such return, shall be severally liable to a fine which may extend to fifty rupees for every day after the expiration of such time or extended time until such return is furnished, or until the value of the lands comprised in their respective estates and tenures shall have been otherwise ascertained and determined by the Collector as hereinafter provided

The amount of such fine accruing due from time to time may be levied by the Collector as provided in section 98 or 99, and the fact of an appeal against such fine being pending shall not avail to prevent the levy of any such fine pending the disposal of the appeal, unless the Commissioner shall otherwise direct

Whenever the amount levied in respect of any such fine exceeds five hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner, and no further levy for such default shall be made otherwise than by authority of the Commissioner

No rent to be recovered till return is made

19. From and after the expiry of the time allowed by the notice, or of any extended time under the provisions of section 17, every holder of an estate or tenure in respect of which such notice has been served shall be precluded from suing for or recovering rent for any land or tenure situate in any estate or tenure in respect of which no return has been lodged as aforesaid

The Collector may send a list to the civil court of all such holders so making default in lodging returns as aforesaid, and such court shall take judicial notice of the same.

Whenever the required return is lodged in respect of any estate or tenure, or whenever the valuation of any such estate or tenure has been otherwise completed, the disability imposed on the holder thereof by this section shall cease, and if such estate or tenure shall have been included in any list as aforesaid, the Collector shall forthwith give notice to the civil court of the cessation of such disability

No rent to be recovered for land, &c, not mentioned in return

20 Every holder of an estate or tenure in respect of which a return has been made as required by this chapter shall be precluded from suing for or recovering—

(*a*) any rent whatsoever for any land, holding, or tenure forming part of the estate or tenure to which such return relates, but which has not

কালেক্টর সাহেব রিটর্ণ দাখিল করিবার সময় বাড়াইয়া দিলে সেই বর্দ্ধিত সময় মধ্যে উক্ত কালেক্টর সাহেবের কাছারীতে পূর্ব্বোক্ত রিটর্ণ দিতে অস্বীকার করেন কিম্বা না দেন, তবে ঐ সময় বা বর্দ্ধিত সময় গত হইলে পর যত দিন সেই রিটর্ণ না দেওয়া যায় কিম্বা কালেক্টর সাহেব নিম্নলিখিত বিধানমতে যতদিন প্রকারান্তরে সেই২ মহালের কি তালুক প্রভৃতির অন্তর্গত ভূমির মূল্য নিরূপণ ও নির্দ্ধার্য্য না করেন, তাহার দিন প্রতি প্রত্যেক ভোগাধিকারির পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

সময়ে২ তদ্রূপ অর্থদণ্ডের যত টাকা পাওনা হয় তাহা কালেক্টর সাহেব ৯৮ বা ৯৯ ধারার বিধানমতে আদায় করিতে পারিবেন এবং কমিশ্যনর সাহেব প্রকারান্তরের আদেশ না দিলে উক্ত অর্থদণ্ডের বিরুদ্ধে আপীল হইলেও আপীলের নিষ্পত্তি না হওয়া পর্য্যন্ত ঐ অর্থদণ্ড আদায় নিবারণ হইবে না।

উক্তরূপ কোন অর্থদণ্ড উপলক্ষে যে টাকা আদায় করা যায় তাহা পাঁচশত টাকার অধিক হইলে, কালেক্টর সাহেব উক্ত মোকদ্দমা সম্বন্ধে কমিশ্যনর সাহেবের নিকট বিশেষ রিপোর্ট করিবেন, এবং কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা উক্ত ত্রুটি নিমিত্ত আর টাকা আদায় করা যাইবে না।

রিটর্ণ না দেওয়া পর্য্যন্ত খাজানা আদায় না হইবার কথা।

১৯ ধারা। নোটিসে যে সময় দেওয়া যায় তাহা কিম্বা ১৭ ধারার বিধানমতে বর্দ্ধিত সময় অতীত হইলে পর, যে মহালের কিম্বা তালুক প্রভৃতির বিষয়ে সেই প্রকারের নোটিস দেওয়া যায়, তাহার ভোগাধিকারী কোন মহালের কি তালুক প্রভৃতির পূর্ব্বোক্ত রিটর্ণ না দিলে তিনি উক্ত মহালের কি তালুক প্রভৃতির অন্তর্গত কোন ভূমির বা তালুকের খাজানার নিমিত্ত নালিশ করিয়া তাহা আদায় করিতে পারিবেন না।

পূর্ব্বোক্ত রিটর্ণ দাখিল করিতে যে ভোগাধিকারিদের উক্তরূপ ত্রুটি হয়, কালেক্টর সাহেব তাঁহাদের নামের ফর্দ্দ দেওয়ানী আদালতে পাঠাইতে পারিবেন, এবং ঐ আদালত বিচারকালে ঐ ফর্দ্দের প্রতি দৃষ্টি রাখিবেন।

কোন মহাল বা তালুকাদি সম্বন্ধীয় আবশ্যক রিটর্ণ দাখিল করা গেলে, অথবা তদ্রূপ কোন মহালের বা তালুকাদির ভূমির মূল্য নিরূপণকার্য্য প্রকারান্তরে সম্পন্ন হইলে, এই ধারাক্রমে ভোগাধিকারির প্রতি যে অক্ষমতা বর্ত্তিয়াছিল তাহার নিবৃত্তি হইবে; এবং ঐ মহাল বা তালুকাদি পূর্ব্বোক্ত কোন ফর্দ্দে ধরা গিয়া থাকিলে, কালেক্টর সাহেব উক্ত অক্ষমতা নিবৃত্তি হইবার সংবাদ তৎক্ষণাৎ ঐ দেওয়ানী আদালতে দিবেন।

যে ভূমিপ্রভৃতি রিটর্ণের মধ্যে না ধরা যায় তাহার খাজানা আদায় না হইতে পারিবার কথা।

২০ ধারা। এই অধ্যায়ের আদেশমতে কোন মহালের বা তালুকাদির সম্বন্ধে রিটর্ণ দেওয়া গেলে ঐ মহালের বা তালুকাদির ভোগাধিকারী,

(ক) উক্ত রিটর্ণ যে মহাল বা তালুকাদি সম্পর্কীয় হয় তদন্তর্গত কোন ভূমি বা যোত বা তালুক যদি ঐ রিটর্ণে উল্লিখিত না হইয়া থাকে, তবে সে যোত বা

been mentioned in such return, unless it be proved that the holding or tenure for the rent of which the rent is claimed was created subsequently to the lodging of such return,

(*b*) rent at any higher rate than is mentioned in such return for any land, holding, or tenure included in such return, unless it be proved that the rent of such land or tenure has been lawfully enhanced subsequently to the lodging of such return,

Proviso

Provided that the Collector may at his discretion, at any time within six months from the presentation of any return made under this Part, receive a petition correcting any such return,

and on the acceptance of such petition may make such correction in the valuation of the estate or tenure as may be required,

and as soon as the person in respect of whose estate or tenure the return and valuation have been so corrected shall have paid in all sums due by him as road cess and public works cess in accordance with such corrected valuation, and not otherwise, such person may recover such rent as may be due to him on any tenure or land included in the return of such estate or tenure at any rate not being in excess of the rate shown in the corrected return as payable in respect of such tenure or land.

Such notices as the Collector may direct shall be served upon the parties affected by such petition at the expense of the person lodging the return as aforesaid

If returns not furnished, Collector to make valuation

21. If no return shall have been lodged in respect of any lands for which notice under section 16 has been issued, the Collector may, after the expiration of the time allowed by the notice, or of such extended time as is mentioned in section 17, ascertain and fix by such ways and means as to him shall seem expedient the annual value of any estate, tenure, or lands mentioned in such notice, and all expenses incurred in making such valuation may be recovered with all costs of recovery thereof as provided in sections 98 and 99.

After conviction of making false returns, Collector may make valuation

22. Whenever the maker of any return under this Act has been convicted on a prosecution under section 94 of making a false return relating to any lands, the Collector may, by such ways

তালুকের খাজানার দাওয়া হয় তাহা ঐ রিটর্ণ দাখিল করিবার পর সৃষ্ট হইয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে, ঐ ভূমি ও যোত প্রভৃতির খাজানার নিমিত্ত নালিশ করিয়া তাহা আদায় করিতে পারিবেন না।

(খ) উক্ত রিটর্ণে যে কোন ভূমি বা যোত বা তালুকাদি ধরা যায় ঐ রিটর্ণ দাখিল করিবার পর সেই ভূমির বা তালুকাদির খাজানা আইন অনুসারে বৃদ্ধি করা গিয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে, ঐ রিটর্ণে ঐ ভূম্যাদির খাজানার যে হারের উল্লেখ থাকে, তদধিক হারে খাজানার নিমিত্ত নালিশ করিয়া তাহা আদায় করিতে পারিবেন না।

উপবিধান।

কিন্তু কালেক্টর সাহেব এই খণ্ডমতে কোন রিটর্ণ দেওনাবধি ছয় মাসের মধ্যে যে কোন সময়ে স্বীয় বিবেচনামতে তদ্রূপ কোন রিটর্ণ সংশোধন করিবার দরখাস্ত লইতে পারিবেন,

ঐ দরখাস্ত লওয়া গেলে, কালেকটর সাহেব উক্ত মহালের বা তালুক প্রভৃতির মূল্য নিরূপণপত্রের আবশ্যকমত সংশোধন করিতে পারিবেন,

আর যে ব্যক্তির মহাল বা তালুক প্রভৃতি সম্পর্কীয় রিটর্ণ ও মূল্য নিরূপণপত্র উক্ত রূপে সংশোধন করা যায় সেই ব্যক্তি ঐ সংশোধিত মূল্য নিরূপণপত্রানুসারে পথকরের ও পূর্ত্তকার্য্য করের আপন দেনা সমুদয় টাকা দিলে (অন্যথা নহে), উক্ত মহালের বা তালুক প্রভৃতির রিটর্ণের অন্তর্গত কোন তালুক বা ভূমির যে খাজানা তাঁহার পাওনা হয়, ঐ তালুক বা ভূমি সম্বন্ধে দেয় বলিয়া যে হার সংশোধিত রিটর্ণে লিখিত থাকে সেই হারের অনধিক হারে সেই খাজানা আদায় করিতে পারিবেন।

পূর্ব্বোক্ত রিটর্ণ যে ব্যক্তি দাখিল করেন তাঁহার খরচে কালেক্টর সাহেব যে নোটিস দিবার আদেশ করেন ঐ দরখাস্তে যাঁহাদের স্বার্থ থাকে তাঁহাদের উপর সেই নোটিস জারী করা যাইবে।

রিটর্ণ না দেওয়া গেলে কালেক্টর সাহেব কর্ত্তৃক মূল্য নিরূপণ হইবার কথা।

২১ ধারা। ১৬ ধারামতে যে ভূমির নিমিত্ত নোটিস দেওয়া যায়, সেই ভূমি সম্পর্কীয় কোন রিটর্ণ দেওয়া না গেলে, কালেক্টর সাহেব ঐ নোটিসে যে সময় দেওয়া যায় তাহা বা ১৭ ধারার উল্লিখিত বর্দ্ধিত সময় গত হইলে পর যদ্রূপে ও যে উপায়ে বিহিত বোধ করেন তদ্রূপে ও সেই উপায়ে সেই নোটিসের উল্লিখিত মহালের বা তালুকাদির বা ভূমির বার্ষিক মূল্য নিরূপণ ও নির্দ্ধার্য্য করিবেন ও ঐ মূল্য নিরূপণের কার্য্য ঘটিত সমস্ত খরচ ও ঐ টাকা আদায় করিবার সকল খরচ ৯৮ ও ৯৯ ধারার বিধানমতে আদায় করা যাইতে পারিবে।

মিথ্যা রিটর্ণ দিবার দোষ প্রমাণ হইলে কালেক্টর সাহেবের মূল্য নিরূপণ করিতে পারিবার কথা।

২২ ধারা। কোন ব্যক্তি এই আইনমত কোন রিটর্ণ মিথ্যা করিয়া দিলে, কোন ভূমি সম্পর্কীয় মিথ্যা রিটর্ণ দিয়াছে বলিয়া ৯৪ ধারামতে তাহার নামে অভিযোগ হইয়া তাহার দোষ নির্ণয় হইলে, কালেক্টর সাহেব যেরূপে ও যে উপায়ে বিহিত বোধ করেন তদ-

and means as to him shall seem expedient, ascertain and fix the annual value of such lands, and the expense of such valuation may be recovered from the maker of such return as provided in sections 98 and 99

ভুসারে উক্ত ভূমির বার্ষিক মূল্য নিরূপণ ও নির্দ্ধার্য্য করিতে পারিবেন ।

ঐ মূল্য নিরূপণের কার্য্যঘটিত সমস্ত খরচ ঐ রিটর্ণ-দাতার স্থানে ৯৮ ও ৯৯ ধারার বিধানমতে আদায় করা যাইতে পারিবে ।

23 Whenever the Collector may deem that any return lodged relating to lands for which no rent is payable by cultivating ryots to the person making such return is untrue or incorrect, he may, whether any prosecution as mentioned in section 94 shall have been instituted or not, by such ways and means as to him shall seem expedient, ascertain and fix the annual value of such lands, and in case the annual value of such lands so determined by him shall exceed by one-fifth the value stated in such return, the expense of such valuation may be recovered from the person by whom such return was lodged, as provided in sections 98 and 99, and in all other cases the said expense shall be borne by the District Road Fund

In certain cases of incorrect returns Collector to make valuation whether prosecution be instituted or not

২৩ ধারা । যে ব্যক্তি রিটর্ণ দেন তাঁহাকে কৃষিকারি রায়তদের যে ভূমির খাজানা দিতে না হয় তিনি সেই ভূমির যে রিটর্ণ পাঠান কালেক্টর সাহেব সেই রিটর্ণ অযথার্থ কিম্বা অশুদ্ধ জ্ঞান করিলে ৯৪ ধারার উল্লিখিত অভিযোগ উপস্থিত করা হইয়া থাকুক বা না থাকুক, যদ্রূপে ও যে উপায়ে বিহিত বোধ করেন তদ্রূপে ও সেই উপায়ে সেই ভূমির বার্ষিক মূল্য নিরূপণ ও নির্দ্ধার্য্য করিতে পারিবেন, এবং উক্ত রিটর্ণে ঐ ভূমির যে মূল্য ধরা যায় কালেক্টর সাহেব যদি তদধিক পঞ্চমাংশ পর্য্যন্ত মূল্য নিরূপণ করিয়া থাকেন তবে যে ব্যক্তি ঐ রিটর্ণ দেন তাঁহার স্থানে সেই মূল্যনিরূপণ কার্য্যের খরচ ৯৮ ও ৯৯ ধারার বিধানমতে আদায় করা যাইতে পারিবে । অন্য সকল স্থলে সেই খরচ প্রদেশীয় পথের তহবীল হইতে দেওয়া যাইবে ।

কোনং ভূমিবিষক রিটর্ণ অযথার্থ হইলে অভিযোগ করা হউক বা না হউক কালেক্টর সাহেবের মূল্য নিরূপণ করিবার কথা।

24 The Collector may, whenever he may think fit, cause a notice in the form No I in Schedule (B) contained to be served on any person holding any lands or possessing any interest therein, although such person may have been mentioned in any return as a cultivating ryot, and thereupon such person shall be bound to make a return of the annual value of such lands within one month from the service of such notice in the form in Schedule (A) contained, and the provisions of sections 17 and 18 regarding extension of time for lodging a return and regarding fines respectively shall be applicable to such person

Person returned as cultivating ryot may be served with notice

২৪ ধারা । কোন ব্যক্তি কোন ভূমির ভোক্ত করিলে কিম্বা ভূমিতে তাহার কোন স্বার্থ থাকিলে রিটর্ণে কৃষিকারি রায়ত বলিয়া তাঁহার উল্লেখ হইলেও কালেক্টর সাহেব বিহিত বোধ করিলে তাঁহাকে B তফসীলের ১ নং পাঠে নোটিস দেওযাইতে পারিবেন । তাহা হইলে সেই ব্যক্তি ঐ নোটিস পাইবার এক মাস মধ্যে A তফসীলের লিখিত পাঠে উক্ত ভূমির বার্ষিক মূল্যের রিটর্ণ দিতে আবদ্ধ হইবেন, এবং ১৭ ও ১৮ ধারায় রিটর্ণ দিবার সময় বৃদ্ধি করণ বিষয়ে ও অর্থদণ্ডের বিষয়ে যে২ বিধান আছে তাহাও তাঁহার প্রতি বর্ত্তিবে ।

রিটর্ণে কৃষিকারি রায়ত বলিয়া কোন ব্যক্তির নাম লেখা গেলে তাহার নামে নোটিস দিবার কথা।

25 If no return is made by any person on whom a notice has been served as provided in the last preceding section, the Collector may proceed by such ways and means as to him shall seem expedient to ascertain the annual value of the lands held by such person, and in case it appears that such annual value is greater than the rent paid by such person, the expense of such valuation shall be borne by such person, and may be recovered with all costs of recovery thereof as provided in sections 98 and 99, but in all other cases shall be borne by the District Road Fund

If no return made, Collector may ascertain annual value of lands

২৫ ধারা । পূর্ব্ব ধারার বিধানমতে যে ব্যক্তিকে নোটিস দেওয় যায় সেই ব্যক্তি রিটর্ণ না দিলে, কালেক্টর সাহেব যদ্রূপে ও যে উপায়ে বিহিত বোধ করেন তদ্রূপে ও সেই উপায়ে ঐ ব্যক্তির ভোগকৃত ভূমির বার্ষিক মূল্য নিরূপণ করিতে প্রবৃত্ত হইবেন । ও সেই ব্যক্তি যত খাজানা দিয়া থাকেন ঐ ভূমির বার্ষিক মূল্য তদধিক দৃষ্ট হইলে, ঐ মূল্য নিরূপণ কার্য্যের খরচ সেই ব্যক্তির দিতে হইবে । ঐ টাকা এবং তাহা আদায় করিবার সকল খরচ ৯৯ ও ৯৮ ধারার বিধানমতে আদায় হইতে পারিবে । অন্য সকল স্থলে প্রদেশীয় পথের তহবীল হইতে ঐ খরচ দেওয়া যাইবে ।

রিটর্ণ না দেওয়া গেলে কালেক্টর সাহেবের ভূমির বার্ষিক মূল্য নিরূপণ করিতে পারিবার কথা।

26. If it shall appear to the Collector that any person on whom a notice has been served under section 24 has been wrongly classed in the return as a cultivating ryot, the Collector may direct that the entry be corrected and that such person be classed as a tenure-holder;

Collector may correct classification in returns

and thereupon such person shall be deemed to be a tenure-holder for the purposes of the assessment and levy of the cesses in respect of the lands held by him.

২৬ ধারা। যে ব্যক্তিকে ২৪ ধারামতে নোটিস দেওয়া যায়, অন্যায়পূর্ব্বক তাহাকে কৃষিকারি রায়ত বলিয়া রিটর্ণে ধরা গিয়াছে কালেক্টর সাহেবের এরূপ প্রতীতি হইলে, তিনি ঐ কথা সংশোধন করিবার ও ঐ ব্যক্তিকে তালুকদারি শ্রেণী মধ্যে ধরিয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন।

রিটর্ণে যে শ্রেণী বন্ধন থাকে, কালেক্টর সাহেব তাহা সংশোধন করিতে পারিবার কথা।

তাহা হইলে তাঁহার ভোগকৃত ভূমিসম্পর্কীয় কর ধার্য্য ও আদায় করণ কার্য্যপক্ষে ঐ ব্যক্তিকে তালুকদার বলিয়া জ্ঞান করা যাইবে।

27. Whenever the revenue annually payable in respect of any estate or the rent annually payable in respect of any tenure does not exceed the sum of one hundred rupees, the Collector may, without issuing any notice for such estate or tenure—

Summary valuation of small revenue paying estates and tenures

(*a*) in any case, determine the annual value of the land comprised therein to be in a permanently-settled estate or tenure, a sum not exceeding three times, and in a temporarily-settled estate or tenure, a sum not exceeding twice, the amount of the annual revenue or rent payable therefor; or

(*b*) when the area of the said estate or tenure has been ascertained, determine the annual value of such estate or tenure to be at such rate per acre as to him shall seem fit.

২৭ ধারা। কোন মহালের নিমিত্ত যে বাৎসরিক রাজস্ব দেওয়া যায় কিম্বা তালুক প্রভৃতির নিমিত্ত যে বার্ষিক খাজানা দেওয়া যায় তাহা ১০০৲ টাকার অধিক না হইলে কালেক্টর সাহেব সেই মহালের কি তালুক প্রভৃতির পক্ষে নোটিস না দিয়া,

ক্ষুদ্র২ রাজস্বদায়ী মহালের ও তালুক প্রভৃতির মূল্য নিরূপণের কথা।

(ক) মহালের বা তালুক প্রভৃতির চিরকালীন বন্দোবস্ত থাকিলে ঐ ভূমির বার্ষিক রাজস্বের বা খাজানার তিন গুণের অনধিক কিম্বা মিয়াদী বন্দোবস্ত থাকিলে ঐ ভূমির রাজস্বের বা খাজানার দ্বিগুণের অনধিক ঐ ভূমির বার্ষিক মূল্য বলিয়া নির্ণয় করিতে পারিবেন, অথবা।

(খ) উক্ত মহালের বা তালুক প্রভৃতির পরিমাণ নির্ণয় করা গিয়া থাকিলে, একর প্রতি যে হার ধরা বিহিত বোধ করেন সেই হারানুসারে তাহার বার্ষিক মূল্য ধরিতে পারিবেন।

28. When the area of any revenue free estate or rent-free tenure, the gross rental of which does not exceed, or is not estimated by the Collector to exceed, the sum of one hundred rupees has been ascertained, the Collector may, without issuing any notice for such estate or tenure, determine the annual value of such estate or tenure to be at such rate per acre as to him may seem fit.

Summary valuation of small revenue free estates and rent free tenures of which the area has been ascertained

২৮ ধারা। যে লাখেরাজ মহালের বা নিষ্কর তালুক-প্রভৃতির মোট খাজানা এক শত টাকার অনধিক না হয় বা তদধিক বলিয়া কালেক্টর সাহেবের অনুমান না হয় সেই মহালের বা তালুক প্রভৃতির পরিমাণ নির্ণয় করা গিয়া থাকিলে কালেক্টর সাহেব সেই মহালের বা তালুক প্রভৃতির পক্ষে নোটিস না দিয়া একর প্রতি যে হার ধরা বিহিত বোধ করেন সেই হারানুসারে তাহার বার্ষিক মূল্য ধরিতে পারিবেন।

যাহার পরিমাণ নির্ণীত হইয়াছে এরূপ ক্ষুদ্র২ লাখেরাজ মহালের ও নিষ্কর তালুক প্রভৃতির সংক্ষেপে মূল্য নিরূপণের কথা।

29. When the land contained in any estate or tenure has been summarily valued by the Collector in the manner provided by clause (*a*) of section 27, the annual value of any portion of such land which is comprised within a tenure subordinate to such estate or tenure shall be determined according to the following rules:—

Computation of annual value of land comprised in a subordinate tenure in a summarily valued estate or tenure

(1).—When the subordinate tenure comprises the whole of the estate or superior tenure, the annual value of the subordinate tenure shall be taken to be the same as that of the estate or superior tenure.

২৯ ধারা। কালেক্টর সাহেব সংক্ষেপে ২৭ ধারার (ক) প্রকরণমতে কোন মহালের কি তালুক প্রভৃতির অন্তর্গত ভূমির মূল্য নির্ণয় করিলে, ঐ ভূমির যে অংশ উক্ত মহালের বা তালুকাদির অধীন পেটাও তালুকের অন্তর্গত থাকে তাহার বার্ষিক মূল্য নিম্নলিখিত বিধমতে নির্ণয় করিবেন,

যে মহাল বা তালুক প্রভৃতির সংক্ষেপে মূল্য নিরূপণ করা যায় তাহার পেটাও তালুকের অন্তর্গত ভূমির বার্ষিক মূল্য ধরিবার কথা।

(১) সমস্ত মহাল বা ঊর্দ্ধতন তালুক লইয়া পেটাও তালুক হইলে, ঐ মহালের বা ঊর্দ্ধতন তালুকের যে বার্ষিক মূল্য হয়, তাহাই পেটাও তালুকের বার্ষিক মূল্য বলিয়া ধরা যাইবে।

Example—An estate paying a revenue of Rs 80 is summarily valued by the Collector, under clause (a) of section 27, at Rs 200 The whole estate is let in patni for a rent of Rs 120 The annual value of the patni tenure will be Rs 200

(2)—When the subordinate tenure comprises a part only of the land constituting the estate or superior tenure—

(a) The difference between the annual value of the estate or superior tenure, and the revenue or rent payable in respect of such estate or superior tenure shall first be ascertained,

(b) Next, the ratio which such difference bears to such revenue or rent shall be ascertained,

(c) Then the amount which bears the same ratio to the rent payable in respect of the subordinate tenure shall be ascertained,

(d) Half of the amount so ascertained shall be added to the rent payable in respect of the subordinate tenure, and

the result shall be taken to be the annual value of the subordinate tenure

Example A—An estate paying revenue of Rs 60 is summarily valued by the Collector, under clause (a) of section 27, at Rs 100 A part only of the estate is let in patni for a rent of Rs 37 8

The difference between the annual value of the estate (Rs 100) and the revenue paid in respect of it (Rs 60) is Rs 40 This difference bears a ratio of two thirds to this revenue (Rs 60)

The amount which bears the same ratio (two thirds) to the rent payable in respect of the patni (Rs 37 8) is Rs 25,

add half of Rs 25 to the rent payable in respect of the patni tenure and the result (Rs 37 8 + Rs 12 8=) Rs 50 will be the annual value of the patni tenure

Example B—Within the patni tenure paying a rent of Rs 37 8, as in example A, is a darpatni tenure paying a rent of Rs 27

The difference between the annual value of the patni tenure ascertained as above (Rs 50) and the rent payable in respect of the patni (Rs 37 8) is Rs 12 8 which bears a rate of one third to the said rent

The amount which bears the same ratio (one third) to the rent payable in respect of the darpatni (Rs 27) is Rs 9,

add half of Rs 9 to the rent payable in respect of the darpatni, and the result (Rs 27 + Rs 4 8=) Rs 31 8 will be the annual value of the darpatni tenure

উদাহরণ।

৮০ টাকা রাজস্ব দায়ী কোন মহালের মূল্য কালেক্টর সাহেব ২৭ ধারার (ক) প্রকরণমতে সংক্ষেপে ২০০৲ টাকা বলিয়া ধরিলেন। ১২০৲ টাকা খাজানায় সমস্ত মহাল পত্তনী দেওয়া গেল। পত্তনী তালুকের বার্ষিক মূল্য ২০০৲ টাকা হইবে।

(২) মহালের বা ঊর্দ্ধতন তালুকের কিয়দংশ ভূমি লইয়া পেটাও তালুক হইলে,

(ক) প্রথমতঃ ঐ মহালের বা ঊর্দ্ধতন তালুকের বার্ষিক মূল্য হইতে ঐ মহালের বা ঊর্দ্ধতন তালুকের নিমিত্ত যে রাজস্ব বা খাজানা দেওয়া যায় তাহা বাদ দিলে যত টাকা থাকে ইহা নির্ণয় করিতে হইবে।

(খ) পরে ঐ টাকা উক্ত রাজস্বের বা খাজানার যে অংশ হয়, তাহা নির্ণয় করিতে হইবে।

(গ) তদনন্তর পেটাও তালুকের নিমিত্ত যে খাজানা দিতে হয়, তাহার সেই অংশ হইলে যত টাকা হয় তাহা নির্ণয় করিতে হইবে।

(ঘ) পেটাও তালুকের নিমিত্ত যে খাজানা দিতে হয় তাহাতে এই নির্ণীত টাকার অর্দ্ধেক যোগ করিতে হইবে, এবং

ফল যাহা হইবে তাহাই পেটাও তালুকের বার্ষিক মূল্য বলিয়া ধরা যাইবে।

উদাহরণ।

ক।—৬০৲ টাকা রাজস্বদায়ী কোন মহালের মূল্য কালেক্টর সাহেব ২৭ ধারার (ক) প্রকরণমতে সংক্ষেপে ১০০৲ টাকা বলিয়া ধরিলেন। ৩৭।০ টাকা খাজানায় মহালের কিয়দংশ পত্তনী দেওয়া গেল।

মহালের বার্ষিক মূল্য ১০০৲ টাকা হইতে উহার দেয় রাজস্ব ৬০৲ টাকা বাদদিলে ৪০৲ টাকা থাকে। ঐ ৪০ টাকা রাজস্ব ৬০৲ টাকার দুই তৃতীয়াংশ।

পত্তনী তালুকের নিমিত্ত যে ৩৭।০ টাকা খাজানা দিতে হয় তাহার দুই তৃতীয়াংশ ২৫৲ টাকা।

ঐ পত্তনী তালুকের নিমিত্ত যে খাজানা দিতে হয় তাহাতে ২৫৲ টাকার অর্দ্ধেক যোগ কর, এবং ফল (৩৭॥+১২॥=) ৫০ টাকা পত্তনী তালুকের বার্ষিক মূল্য হইবে।

খ।—৩৭॥ টাকা খাজানা দায়ী পত্তনী তালুকের মধ্যে ক উদাহরণের অনুরূপ, ২৭ টাকা খাজানাদারি দর-পত্তনী তালুক আছে।

উপরি লিখিতমতে নির্ণীত পত্তনী তালুকের বার্ষিক মূল্য ৫০ টাকা হইতে ঐ পত্তনী তালুকের দেয় খাজানা ৩৭।০ টাকা বাদ দিলে ১২॥০ টাকা থাকিবে, ঐ ১২॥০ টাকা উক্ত খাজানার এক তৃতীয়াংশ।

দরপত্তনীর নিমিত্ত যে ২৭ টাকা খাজানা দিতে হয় তাহার এক তৃতীয়াংশ ৯ টাকা।

দরপত্তনীর নিমিত্ত যে খাজানা দিতে হয় তাহাতে ৯ টাকার অর্দ্ধেক যোগ কর, এবং ফল (২৭+৪॥০=) ৩১।০ টাকা ঐ দরপত্তনী তালুকের বার্ষিক মূল্য হইবে।

[*Government Gazette*, 1st *February* 1881.]

30 When the land contained in any estate or tenure has been summarily valued according to a rate per acre, under clause (*b*) of section 27, or under section 28, the annual value of the land comprised in any subordinate tenure shall be taken at the same rate per acre as that of the estate or superior tenure

When such land may be valued according to rate per acre

31. The holder of any estate or tenure which has been summarily valued under sections 27 or 28 may, within one month from the posting of the valuation roll in respect thereof under section 35, lodge a return in the form in Schedule (A) contained in regard to such estate or tenure, and thereupon such return shall be deemed to be a return made as required by section 16 and shall be dealt with accordingly

Holder of summarily valued estate or tenure may lodge return

32 Instead of proceeding to value any estate or tenure summarily under the provisions of sections 27 or 28, the Collector may, if he think fit, cause a notice to be served in respect of any such estate or tenure in the form No I in Schedule (B) contained, or in the form No II in the said Schedule contained, as the case may be, and thereupon all the provisions of this Part shall apply in the same way as they would have applied if the annual Government revenue or rent payable in respect of such estate or tenure had exceeded one hundred rupees

Collector may value small estate or tenure by regular process

Lands used for Tea, Coffee, or Cinchona

33. In the case of lands acquired under any rules issued by, or under the authority of, the Government for the sale, lease grant, or clearance of waste lands, or held directly from Government, and used for the cultivation of tea, coffee, or cinchona, the Collector shall, in lieu of the notice prescribed by section 16, cause a notice to be served calling on the holder of such lands to lodge within two months of the service of such notice, a return in the form in Schedule (C) contained giving the particulars in such form set forth, and the annual value of such lands shall be fixed at ten rupees in respect of every acre therein entered as cultivated, unless the Board of Revenue shall in any particular case prescribe a lower rate The provisions of sections 18 and 21 shall apply to all lands in respect of which a notice has been issued under this section

Return of plantations, &c

৩০ ধারা। ২৭ ধারার (খ) প্রকরণ বা ২৮ ধারামতে একর প্রতি কোন হারানুসারে কোন মহালের বা তালুকাদির অন্তর্গত ভূমির মূল্য সংক্ষেপে নিরূপণ করা গেলে, উক্ত মহালের বা ঊর্দ্ধতন তালুকের বার্ষিক মূল্য একর প্রতি যে হারে ধরা যায় কোন পেটাও তালুকের অন্তর্গত ভূমির বার্ষিক মূল্যও সেই হারে ধরা যাইবে।

একর প্রতি হার ধরিয়া যে স্থলে উক্ত ভূমির মূল্য নিরূপণ হইতে পারিবে তাহার কথা।

৩১ ধারা। ২৭ বা ২৮ ধারামতে যে মহালের বা তালুকাদির বা পেটাও তালুকের মূল্য সংক্ষেপে নিরূপণ করা যায়, তাহার ভোগাধিকারী ৩৫ ধারামতে ঐ নিরূপিত মূল্যের ফর্দ্দ লটকাইয়া দেওয়া গেলে পর এক মাসের মধ্যে ঐ মহালের কি তালুক প্রভৃতির বিষয়ে (A) তফসীলের পাঠে রিটর্ন দিতে পারিবেন। তাহা হইলে, ঐ রিটর্ন ১৬ ধারার আদেশমতে প্রদত্ত রিটর্ন বলিয়া গণ্য হইবে ও তদনুসারে তাহা লইয়া কার্য্য হইবে।

যে মহালের বা তালুকাদির মূল্য সংক্ষেপে নিরূপণ করা যায় তাহার ভোগাধিকারির রিটর্ন দিতে পারিবার কথা।

৩২ ধারা। ২৭ বা ২৮ ধারার বিধানমতে কোন মহালের বা তালুকাদির মূল্য সংক্ষেপে নিরূপণ না করিয়া কালেক্টর সাহেব উচিত বোধ করিলে উক্ত কোন মহালের কিম্বা তালুকাদির বিষয়ে B তফসীলের ১নং বা স্থল বিশেষে ২নং পাঠে নোটিস জারী করাইতে পারিবেন। তাহা করিলে সেই ভূমি হইতে গবর্ণমেণ্টের বার্ষিক রাজস্ব কি খাজানা এক শত টাকার অধিক হইলে এই খণ্ডের বিধান যেরূপে খাটিত ঐ ভূমির প্রতি তাহা সেইরূপে খাটিবে।

নিয়মিত প্রণালীমতে কালেক্টর সাহেবের ক্ষুদ্র মহালের বা তালুকাদির মূল্য নিরূপণ করিতে পারিবার কথা।

চা বা কাফী বা সিনকনার নিমিত্ত ব্যবহৃত ভূমির কথা।

৩৩ ধারা। পতিত ভূমি বিক্রয় কি পাট্টা বিলি কি পরিষ্কার করণার্থে গবর্ণমেণ্ট কর্ত্তৃক কিম্বা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে যে বিধি হইয়াছে কোন ভূমি সেই বিধিক্রমে প্রাপ্ত হওয়া গেলে, কিম্বা নিজ গবর্ণমেণ্টের স্থানে লওয়া গেলে ও তাহাতে চা কি কাফি কি সিনকনার চাষ হইলে, কালেক্টর সাহেব ১৬ ধারামতে নোটিস না দিয়া ঐ ভূমির ভোগাধিকারির নামে এই রূপ নোটিস দেওয়াইবেন যে নোটিস পাইবার পর দুই মাস মধ্যে C তফসীলের পাঠে রিটর্ন দিবেন, ঐ পাঠের নির্দ্দিষ্ট সকল বৃত্তান্ত ঐ রিটর্নে লিখিতে হইবে, এবং রেবিনিউ বোর্ড কোন বিশেষ স্থলে ন্যূনতর হার নির্দ্দেশ না করিলে, কর্ষিত হইয়াছে বলিয়া যত ভূমি ঐ রিটর্নে লেখা থাকে তাহার বার্ষিক মূল্য একর প্রতি দশ টাকা নির্দ্ধারিত হইবে। এই ধারামতে যে ভূমি সম্পর্কে নোটিস দেওয়া যায় তৎপ্রতি ১৮ ও ২১ ধারার বিধান বর্ত্তিবে।

বাগান বাড়ী প্রভৃতির রিটর্নের কথা।

Publication of Valuation Rolls and Duration of Valuations

Valuation rolls to be prepared

34 Whenever any valuation or revaluation is made under this Part, the Collector shall cause to be prepared from the returns furnished to him and from the valuations made by him in accordance with this Act a valuation roll of each estate within his district and of the tenures therein comprised, noting thereon for each estate the amount of revenue annually payable to Government on which the deduction specified in section 41 is to be calculated

On the application of any holder of an estate or tenure or holding, and on payment of such copying fee as the Board of Revenue shall from time to time determine, the Collector shall cause to be furnished to such holder a copy or corrected copy of so much of any such returns, and of any such roll as relates to the lands included within his estate, tenure, or holding

Publication of rolls

35 On the completion of every roll prescribed under this Part, the Collector shall cause a copy thereof to be posted up at the mâl cutcherry of the estate to which such roll refers, and shall cause extracts of such portions of any such roll as refer to any tenure to be posted up at the mâl cutcherry of such tenure,

Provided that, if no such mâl cutcherry be found, such roll and such extracts shall be posted up at some conspicuous places on the estate and tenures respectively to which they refer, and that if such estate or tenure cannot be found, such roll and such extracts shall be posted at some conspicuous place in any village in which such estate or tenure is believed to be situate

To be attested by two persons

The person who is entrusted with the publication of any such return shall obtain an acknowledgment in writing signed by two persons who may be either respectable residents of the neighbourhood, or chowkidars, or other officers of Government, to the effect that such return was duly published on the spot, and shall give in such acknowledgment to the Collector

Valuation and revaluation to be in force for five years

36 Except as otherwise in this Part expressly provided, every valuation and revaluation made under this Chapter shall remain in force for the term of five years from the date fixed by the Lieutenant-Governor under section 12 as the date from which the cess leviable in pursuance thereof shall take effect, and thereafter, until another revaluation and assessment in substitution therefor shall have been ordered and completed

নিরূপিত মূল্যের ফর্দ্দ প্রস্তুত করিবার ও তাহা যত কাল প্রবল থাকিবে তাহার কথা।

নিরূপিত মূল্যের ফর্দ্দ প্রস্তুত করিবার কথা।

৩৪ ধারা। এই খণ্ড মতে কোন ভূমির মূল্য নিরূপণ বা পুনর্মূল্য নিরূপণ করা গেলে কালেক্টর সাহেব এই আইনমতে যে রিটর্ণ পান ও যে মূল্য নিরূপণ করেন তাহা দেখিয়া আপন জিলার অন্তর্গত প্রত্যেক মহালের ও তদন্তর্গত তালুক প্রভৃতির নিরূপিত মূল্যের ফর্দ্দ প্রস্তুত করিবেন এবং এই আইনের ৪১ ধারার বাদ দিবার যে টাকা নির্দ্দিষ্ট হইল গবর্ণমেণ্টের প্রাপ্য বার্ষিক যত রাজস্বের উপর ঐ বাদ দিবার হিসাব প্রত্যেক মহাল সম্বন্ধে করিতে হইবে তাহা ঐ ফর্দ্দে লিখিবেন।

আপন জিলার অন্তর্গত কোন মহালের কিম্বা তালুকপ্রভৃতির বা যোতের ভোগাধিকারী প্রার্থনা করিলে তাঁহার মহালের বা তালুকপ্রভৃতির কিম্বা যোতের ভূমির সহিত উক্ত ফর্দ্দের ও রিটর্ণের যে অংশের সম্পর্ক থাকে রেবিনিউ বোর্ড সময়ে২ তাহার নকল লইবার ফীর যে হার নিরূপণ করেন কালেক্টর সাহেব সেই হারানুসারে মূল্য লইয়া তাঁহাকে ঐ ফর্দ্দের ও রিটর্ণের সেই অংশের নকল বা সংশোধিত নকল দেওয়াইবেন।

উক্ত ফর্দ্দ প্রকাশ করিবার কথা।

৩৫ ধারা। এই খণ্ডের নির্দ্দিষ্ট এক২ ফর্দ্দ সমাপ্ত হইলে তাহা যে মহাল সম্পর্কীয় হয় কালেক্টর সাহেব সেই মহালের মালকাছারীতে ঐ ফর্দ্দের এককেতা নকল লাগাইয়া দিবেন এবং উক্ত ফর্দ্দের যে অংশ কোন তালুক প্রভৃতির সম্পর্কীয় হয়, সেই অংশের নকল উক্ত তালুকপ্রভৃতির মালকাছারীতে লাগাইয়া দিবেন।

কিন্তু মালকাছারির সন্ধান না পাওয়া গেলে ঐ মহালের ও তালুক প্রভৃতির কোন প্রকাশ স্থানে ঐ ফর্দ্দের বা অংশের নকল লাগাইয়া দিতে হইবে এবং ঐ মহাল বা তালুক প্রভৃতি পাওয়া না গেলে, উক্ত মহাল বা তালুক প্রভৃতি, যে কোন গ্রামে আছে বলিয়া বিশ্বাস হয় সেই গ্রামের কোন প্রকাশ স্থানে ঐ ফর্দ্দ ও উক্ত অংশ লাগাইয়া দিতে হইবে।

দুইজন সাক্ষী থাকিবার কথা।

যে ব্যক্তিকে উক্তরূপ কোন ফর্দ্দাদি প্রকাশ করিবার ভার দেওয়া যায়, সেই ব্যক্তি নিকট বাসি ভদ্রলোক বা চৌকিদার বা গবর্ণমেণ্টের কর্ম্মচারী এরূপ দুই জন লোকের স্বাক্ষরিত এই মর্ম্মের স্বীকারপত্র আনিবেন যে ঐ ফর্দ্দাদি নিয়মিতরূপে ঐ স্থানে প্রকাশ করা গিয়াছে, ও ঐ পত্র আনিয়া কালেক্টর সাহেবকে দিবেন।

মূল্য নিরূপণ ও পুনর্মূল্য নিরূপণ পাঁচ বৎসর প্রবল থাকিবার কথা।

৩৬ ধারা। এই খণ্ডে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, এই অধ্যায়মতে যে মূল্য নিরূপণ বা পুনর্মূল্য নিরূপণ করা যায় তাহা তদনুযায়ী কর প্রচলিত হইবার যে তারিখ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১২ ধারামতে নির্দ্ধারিত করেন সেই তারিখ অবধি পাঁচ বৎসর এবং তাহার পর মূল্য নিরূপণের ও নির্দ্ধারিত করের নূতন পত্র করিবার আজ্ঞা হইয়া যত কাল ঐ পত্র সম্পূর্ণরূপে প্রস্তুত না হয় তত কাল প্রবল থাকিবে।

Collector may reduce valuation,

37 Nothing in section 36 contained shall be held to debar the Collector, with the sanction of the Board of Revenue, from making at any time any reduction which he may think fit in the valuation of any estate or tenure,

and may value and assess omitted and newly found estates and tenures

or from making a valuation of and assessing and levying cess under the rules laid down in this Part upon any estate or tenure which for any reason whatever has been omitted from the valuations and assessments for the time being in force, or which was not in existence when such valuation or assessment was made

নিরূপিত মূল্য কালেক্টর সাহেবের কমাইতে পারিবার কথা।

৩৭ ধারা। কোন মহালের বা তালুক প্রভৃতির যে মূল্য নিরূপিত হয়, কালেক্টর সাহেব উচিত বোধ করিলে রেবিনিউ বোর্ডের অনুমতি গ্রহণ পূর্ব্বক তাহা যে কমাইতে পারিবেন না,

যে মহাল ও তালুকাদি পূর্ব্বে ধরা যায় নাই ও যাহা নূতন প্রকাশ হইয়াছে কালেক্টর সাহেবের তাহার মূল্যনিরূপণ ও কর নির্দ্ধারণ করিতে পারিবার কথা।

অথবা যে মূল্য নিরূপণের ও কর নির্দ্ধারণের পত্র যৎকালে প্রবল থাকে, তাহাতে কোন কারণে কোন মহাল বা তালুকাদি না উঠিয়া থাকিলে, কিম্বা ঐ মহাল প্রভৃতি উক্ত মূল্যনিরূপণ বা কর নির্দ্ধারণ হইবার সময়ে বর্ত্তমান না থাকিলে, কালেক্টর সাহেব যে এই খণ্ডের বিধিমতে তাহার মূল্য নিরূপণ ও কর নির্দ্ধারণ ও আদায় করিতে পারিবেন না, ৩৬ ধারার কোন কথায় এরূপ বুঝিতে হইবে না।

CHAPTER III — *Rating and Levy of the Cesses*

৩ অধ্যায়।—কর ধার্য্য ও আদায় করিবার বিধি।

Rate at which road cess shall be levied, how to be fixed

38 The road cess for each year shall be assessed and levied in each district as provided in section 6, and, subject to the maximum rate in that section mentioned, at such rate as may be determined for such year by the Committee of such district with the approval of the Commissioner under section 150 or 151, or with the approval of the Lieutenant-Governor under section 153, as the case may be, or at such rate as the Lieutenant-Governor may order under section 153

যে হারে পথকর লওয়া যাইবে, তাহা কিরূপে ধার্য্য হইবে ইহার কথা।

৩৮ ধারা। প্রত্যেক বৎসরের পথকর ৬ ধারার বিধানমতে প্রত্যেক জিলায় ধার্য্য ও আদায় করা যাইবে এবং উক্ত ধারার লিখিত অত্যুচ্চ হারের নিয়মাধীনে ১৫০ বা ১৫১ ধারামতে কমিশ্যনর সাহেবের অথবা স্থলবিশেষে ১৫৩ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে উক্ত জিলার কমিটী ঐ বৎসরের যে হার নিরূপণ করেন সেই হারে, কিম্বা ১৫৩ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে হারের আজ্ঞা করেন সেই হারে, ঐ কর ধার্য্য ও আদায় করা যাইবে।

Rate at which public works cess shall be levied, how to be fixed

39 The public works cess for each year shall be assessed and levied in each district as provided in section 6, and, subject to the maximum rate in that section mentioned, at such rate as the Lieutenant-Governor may determine for such year

যে হারে পূর্ত্তকার্য্যকর লওয়া যাইবে, তাহা কিরূপে ধার্য্য হইবে ইহার কথা।

৩৯ ধারা। প্রত্যেক বৎসরের পূর্ত্তকার্য্য কর ৬ ধারার বিধানমতে প্রত্যেক জিলায় ধার্য্য ও আদায় করা যাইবে, এবং উক্ত ধারার লিখিত অত্যুচ্চ হারের নিয়মাধীনে উক্ত বৎসরের নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে হার নিরূপণ করেন সেই হারে ঐ কর ধার্য্য ও আদায় করা যাইবে।

Notice showing amount of cess payable to be served on zemindars.

40 When the rate of road cess and public works cess to be levied in any district shall have been determined for any year and published in the *Calcutta Gazette* as provided in section 155, the Collector of the district

shall cause the rate so determined to be published by affixing a notification in some conspicuous place in the office of the said Collector, in every civil court, in every police station, and in the office of every sub-divisional officer within the district;

and shall cause such rate to be proclaimed by beat of drum throughout the district,

and shall cause to be served on the holder of every estate within the district a notice showing the amount of road cess and public works cess

যত কর দিতে হইবে জমীদারদিগকে তাহার নোটিস দিবার কথা।

৪০ ধারা। কোন জিলার মধ্যে কোন বৎসরের পথকর ও পূর্ত্তকার্য্য কর যে হারে লওয়া যাইবে তাহা নির্ণীত হইয়া ১৫৫ ধারার বিধানমতে কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে পর কালেক্টর সাহেব

আপনার আফিসের ও আপন জিলার অন্তর্গত প্রত্যেক দেওয়ানী আদালতের ও পোলীস থানার ও মহকুমার কাছারী ঘরের কোন প্রকাশ্য স্থানে বিজ্ঞাপন লাগাইয়া দিয়া ঐ নিরূপিত হার প্রকাশ করাইবেন,

ও সমস্ত জিলায় ঢেঁড়রা দিয়া ঐ হার ঘোষণা করাইবেন,

ও আপন জিলার অন্তর্গত প্রত্যেক মহালের ভোগাধিকারীকে নোটিস দেওয়াইয়া তাঁহার যত টাকা পথকর ও পূর্ত্তকার্য্য কর দিতে হইবে ও যে তারিখ অবধি

payable in respect of his estate, and specifying the date from which such road cess and public works cess will take effect,

Provided that it shall not be necessary to serve such notice when no change has been made in the valuation of the estate or in the rate of road cess or public works cess since the issue of the last notice under this section

Mode of payment of road cess and public works cess by holder of estate

41. Except as otherwise in this Act provided (1)—Every holder of an estate shall yearly pay to the Collector the entire amount of the road cess and public works cess calculated on the annual value of the lands comprised in such estate, at the rate or rates which may have been determined for such cesses respectively for the year as in this Act provided, less a deduction to be calculated at one-half of the said rates for every rupee of the revenue entered in the valuation roll of such estate as payable in respect thereof

By holder of tenure

(2)—Every holder of a tenure shall yearly pay to the holder of the estate or tenure within which the land held by him is included, the entire amount of the road cess and public works cess calculated on the annual value of the land comprised in his tenure at the rate or rates which may have been determined for such cesses respectively for the year as in this Act provided, less a deduction to be calculated at one-half of the said rates for every rupee of the rent payable by him for such tenure

By cultivating ryot

(3)—Every cultivating ryot shall pay to the person to whom his rent is payable one-half of the said road cess and public works cess calculated at the said rate or rates respectively upon the rent payable by him, or upon the annual value ascertained under the provisions of section 24 or 25 of the land held by him

Time of payment by holder of an estate,

42 (1)—Every holder of a revenue-paying estate shall pay the amount of road cess and public works cess due by him in equal instalments on the several days fixed for the payment of the instalments of revenue due in respect of his estate, or, if such revenue be payable in one annual sum, then on the day fixed for the payment of such sum

(2)—Every holder of a revenue-free estate shall pay the amount of road cess and public works cess due by him in two equal instalments or in one annual payment upon such days or day as shall be for that purpose appointed by any order of the Lieutenant-Governor

ঐ পথকর ও পূর্ত্তকার্য্য কর প্রচলিত হইবে এই ২ কথা জানাইবেন।

কিন্তু এই ধারামত শেষ নোটিস দিবার পর মহালের নিরূপিত মূল্যের বা পথকরের বা পূর্ত্তকার্য্য করের হারের পরিবর্ত্তন না হইলে উক্তরূপ নোটিস দেওয়া আবশ্যক হইবে না।

মহালের ভোগাধিকারী যেরূপে পথকর ও পূর্ত্তকার্য্য কর দিবেন তাহার কথা।

৪১ ধারা। (১) এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, কোন মহালের মূল্য নিরূপণ ফর্দ্দে যত টাকা রাজস্ব লেখা থাকে তাহার প্রত্যেক টাকার উপর এই আইনের বিধানমতে যে বৎসর যে২ হারে পথকর ও পূর্ত্তকার্য্য কর ধার্য্য করা যায়, ঐ মহালের প্রত্যেক অধিকারী সেই২ হারের অর্দ্ধেক বাদ দিয়া ঐ মহালের অন্তর্গত ভূমির বার্ষিক মূল্যের উপর যত টাকা বার্ষিক পথকর ও পূর্ত্তকার্য্য কর নিরূপণ হয় বৎসর ২ সেই সমুদয় টাকা দিবেন।

তালুকদার প্রভৃতি যে রূপে দিবেন তাহার কথা।

(২) তালুক প্রভৃতি ভূমির প্রত্যেক ভোগাধিকারী ঐ ভূমির নিমিত্ত যত টাকা খাজানা দিয়া থাকেন, তাহার প্রত্যেক টাকার উপর এই আইনের বিধানমতে যে বৎসর যে ২ হারে পথকর ও পূর্ত্তকার্য্য কর ধর্য, যায় তিনি সেই২ হারের অর্দ্ধেক বাদ দিয়া আপনার সেই ভূমি যে মহালের কি তালুক প্রভৃতির অন্তর্গত থাকে সেই মহালের কি তালুক প্রভৃতির ভোগাধিকারিকে বৎসর ২ আপনার তালুক প্রভৃতির অন্তর্গত ভূমির বার্ষিক মূল্যের উপর সেই ২ হারে যত টাকা পথকর ও পূর্ত্তকার্য্য কর দিতে হয় বৎসর ২ সেই সমুদয় টাকা দিবেন।

কৃষিকারি রায়ত যে রূপে দিবেন তাহার কথা।

(৩) কৃষিকারি রায়ত যত টাকা খাজানা দিয়া থাকেন কিম্বা ২৪ বা ২৫ ধারার বিধানমতে তাঁহার ভোগ করা ভূমির যত টাকা বার্ষিক মূল্য নিরূপণ করা যায় তাহার উপর যে২ হারে পথকর ও পূর্ত্তকার্য্য কর ধার্য্য হয় তিনি যাঁহাকে খাজানা দিয়া থাকেন তাঁহাকে সেই২ হারানুসারে ঐ২ করের অর্দ্ধেক দিবেন।

মহালের ভোগাধিকারির যখন টাকা দিতে হইবে তাহার কথা।

৪২ ধারা। (১) মালগুজারী মহালের ভোগাধিকারী ঐ মহালের উপর গবর্ণমেণ্টের রাজস্বের কিস্তি দিবার যে ২ দিন নিরূপণ থাকে সেই২ দিনে সমান কিস্তি করিয়া কিম্বা রাজস্বের টাকা বার্ষিক একবার দেওয়া গেলে উক্ত টাকা দিবার যে দিন নিরূপণ থাকে সেই দিন পথকর ও পূর্ত্তকার্য্য করের টাকা দিবেন।

(২) লাখেরাজ মহালের ভোগাধিকারী আপনার দেয় পথকর ও পূর্ত্তকার্য্য কর সমান দুই কিস্তি করিয়া কিম্বা বৎসর একবার শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিয়া যে২ বা যে তারিখ নিরূপণ করেন সেই২ বা সেই তারিখে দিবেন।

By tenure-holder and ryot

(3)—Every holder of a rent-paying tenure and every cultivating ryot shall pay the amount of road cess and public works cess due by him in instalments in the proportion of the instalments of rent payable in respect of the tenure or holding of such tenure-holder or ryot,

Provided that, in cases in which, according to local usage or to the terms of any agreement, no part of such rent falls due before the end of the year on account of which it is payable, the tenure-holder or ryot shall pay the amount of road cess and public works cess due by him in two equal instalments upon such days as shall be for that purpose appointed by any order of the Lieutenant-Governor

Distribution of valuation in case of partition

43 In case of partition of an estate being effected under Regulation XIX of 1814, or Bengal Act VIII of 1876, or any similar Act, after valuation of such estate and while such valuation remains in force, the total valuation of the original estate shall be distributed proportionately under the order of the Collector over the newly-formed estates, whereupon the newly-formed estates shall, for the purposes of this Act, take the place of the original estate, the liability to pay cess in respect of each newly-formed estate being separate and distinct from the liability to pay cess in respect of any other of such newly-formed estates

Such separate liability shall take effect from the same date as the separate liability of the newly formed estates respectively in respect of land-revenue

Procedure to be followed when there is a partition

The procedure prescribed by sections 34 and 35 shall be followed whenever a redistribution of the valuation is made in consequence of a partition as mentioned in the last preceding section

Effect of opening separate account under Act XI of 1859 or Act VII of 1876

44 When a recorded sharer of a joint revenue-paying estate has opened a separate account under Act XI of 1859, or under section 70 of Bengal Act VII of 1876, or any similar law for the time being in force for the regulation of the opening and maintaining of such separate accounts, he shall be entitled, in regard to the payment and realization of road cess and public works cess under this Act, to all the advantages of separate liability enjoyed by him under the said Acts XI of 1859, and Bengal Act VII of 1876, in regard to the payment and realization of revenue, and shall be entitled to separate assessment and to

তালুকদার ও রায়তের কর দিবার সময়ের কথা।

(৩) খাজানা দারি তালুক প্রভৃতির ভোগাধিকারির বা কৃষিকারি রায়তের যে পথকর ও পূর্ত্তকার্য্য কর দিতে হয় ঐ তালুক প্রভৃতির কিম্বা যোতের খাজানার কিস্তি যে হারানুসারে দেওয়া যায় পথকর ও পূর্ত্তকার্য্য করও সেই হারানুসারে দেওয়া যাইবে।

কিন্তু স্থানীয় রীতি বা কোন নিয়মপত্রের নিয়ম অনুসারে বৎসর শেষ না হইলে যেং স্থলে ঐ বৎসরের খাজানা দিতে হয় না, সেইং স্থলে তালুক প্রভৃতির ভোগাধিকারী বা রায়ত দুই সমান কিস্তি করিয়া কর দিবেন। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিয়া ঐ কিস্তির যেং দিন নিরূপণ করেন তাহা সেইং দিনে দেওয়া যাইবে।

বাটোয়ারা হইলে নিরূপিত মূল্য বিলি করিয়া দিবার কথা।

৪৩ ধারা। মূল্য নিরূপণ করিবার পর উক্ত মূল্যনিরূপণ পত্র বলবৎ থাকিতেং ১৮১৪ সালের ১৯ আইনমতে কিম্বা ১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনমতে বা তদ্রূপ কোন আইনমতে কোন মহালের বাটওয়ারা হইলে, পুরাতন মহালের মোট নিরূপিত কর কালেক্টর সাহেবের আজ্ঞামতে নূতন মহালগুলির উপর অংশক্রমে বিলি করিয়া দেওয়া যাইবে। তাহা হইলে নূতন মহালগুলি এই আইনের কার্য্য পক্ষে পুরাতন মহালের স্থান গ্রহণ করিবে। প্রত্যেক নূতন মহালের কর দিবার দায় তদ্রূপ অন্য নূতন মহালের কর দিবার দায় হইতে পৃথক্ ও স্বতন্ত্র হইবে।

ভূরাজস্ব সম্বন্ধে উক্ত নূতন মহালগুলির স্বতন্ত্র দায় যে তারিখে হবে সেই তারিখ অবধি ঐ করসম্বন্ধীয় স্বতন্ত্র দায় বর্ত্তিবে।

বাটোয়ারা হইলে যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে তাহার কথা।

পূর্ব্ব ধারার উল্লিখিত বাটোয়ারা নিবন্ধন নিরূপিত মূল্য নূতন করিয়া বিলি করিতে হইলে, ৩৪ ও ৩৫ ধারার নির্দ্দিষ্ট প্রণালী অবলম্বন করিতে হইবে।

১৮৫৯ সালের ১১ আইনমতে কিম্বা ১৮৭৬ সালের ৭ আইনমতে স্বতন্ত্র হিসাব খুলিবার ফলের কথা।

৪৪ ধারা। একমালী মালগুজারি মহালের কোন লিখিত অংশিদার ১৮৫৯ সালের ১১ আইনমতে কিম্বা ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৭০ ধারামতে অথবা স্বতন্ত্র হিসাব খুলিবার ও তাহা রক্ষা করিবার বিধানার্থ যৎকালে তদ্রূপ যে আইন প্রচলিত থাকে সেই আইনমতে স্বতন্ত্র হিসাব খুলিলে, তিনি রাজস্ব দিবার ও আদায় করিবার সম্বন্ধে ১৮৫৯ সালের ১১ আইনমতে ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে স্বতন্ত্র দায়ের যে সমস্ত ফল ভোগ করেন, এই আইনমত পথকর ও পূর্ত্তকার্য্য কর দিবার ও আদায় করিবার সম্বন্ধেও সেই সমস্ত ফল ভোগ করিতে অধিকারী হইবেন, এবং গবর্ণমেণ্টের রাজস্বের দাওয়া সম্বন্ধে যে তারিখ অবধি উক্ত ফল ভোগ আরম্ভ হয়, সেই

the issue of separate notices under this Act from the date on which such advantages shall take effect in respect of the demand of Government revenue

(2)—Whenever any such separate account is opened after the valuation of an estate, and while such valuation remains in force, the Collector shall issue a notice on the holders of the shares severally, in respect of which the accounts are to be kept separately, informing them that unless any objection is preferred to the Collector within one month of the service of such notice, the amount of the cesses which the whole estate is liable to pay according to the existing valuation will, from the date on which such separate accounts were opened, be apportioned among such shares severally in proportion to the amount of Government revenue for the payment of which each such share is entered in the separate accounts as being liable Such notice shall specify such proportionate amount

(3)—If no such objection be preferred within the time specified, such proportionate amount shall be the amount of the cesses for which the respective holders of such several shares are primarily liable as mentioned in Section 13 of Act XI of 1859, subject, however, to the general responsibility of the holders of the entire estate as mentioned in Section 14 of the said Act, if the amount of the cesses due on account of any such share cannot be recovered as provided in Sections 98 and 99 of this Act from the holders of such share

(4)—If any such objection shall be preferred as aforesaid, the total amount of the cesses for which the whole estate is liable according to the existing valuation shall be apportioned among the several shares in respect of which such separate accounts are opened in proportion to the annual value of such shares respectively under such rules or special instructions, not being inconsistent with this Act, as may be issued by the Board of Revenue, and the holders of such several shares shall be primarily liable as aforesaid for the payment of the amount of the cesses so apportioned on their shares respectively

Penalty for default of payment of instalments

45 If any instalment of road cess or public works cess or part thereof payable to the Collector shall not be paid within fifteen days from the date on which the same becomes due, the amount of such instalment or part thereof may be recovered at any time within three years after it became due, with interest at the rate of twelve per centum per annum calculated from the date on which such instalment became due, and with all costs of recovering the same

[*Government Gazette*, 1st *February* 1881.]

তারিখ অবধি এই আইনমতে তাঁহার উপর স্বতন্ত্ররূপে কর ধার্য্য হইবে ও স্বতন্ত্র নোটিস দেওয়া যাইবে এই অধিকারও প্রাপ্ত হইবেন।

(২) কোন মহালের মূল্যনিরূপণ করিবার পর উক্ত মূল্যনিরূপণপত্র বলবৎ থাকিতে২ উক্তরূপ স্বতন্ত্র হিসাব খোলা গেলে, যে২ অংশসম্বন্ধে স্বতন্ত্র হিসাব রাখিতে হইবে, কালেক্টর সাহেব সেই২ অংশের ভোগাধিকারিদিগকে স্বতন্ত্র নোটিস দিয়া জানাইবেন যে, ঐ নোটিস জারী হইলে এক মাস মধ্যে কালেক্টর সাহেবের নিকট আপত্তি উত্থাপন করা না গেলে, বর্ত্তমান মূল্যনিরূপণপত্রক্রমে সমুদয় মহালের যত টাকা কর দিতে হয়, তাহা উক্ত স্বতন্ত্র হিসাব খুলিবার তারিখ অবধি স্বতন্ত্র হিসাবে যে অংশের যে পরিমাণে গবর্ণমেন্টের রাজস্ব দিতে হইবে বলিয়া লিখিত থাকে সেই অংশের উপর সেই পরিমাণ অনুসারে বিলি করিয়া দেওয়া যাইবে। উক্ত নোটিসে সেই পরিমাণমত টাকা নির্দ্দিষ্ট থাকিবে।

(৩) নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উক্তরূপ আপত্তি উত্থাপন করা না গেলে, ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারার উল্লিখিত স্বতন্ত্র অংশের ভিন্ন২ ভোগাধিকারী যত করের টাকার জন্য মুখ্যতঃ দায়ী হইবেন তাহা উক্ত পরিমাণমত টাকা হইবে। কিন্তু যদি উক্তরূপ কোন অংশের দেন করের টাকা এই আইনের ৯৮ ও ৯৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত অংশের ভোগাধিকারিদের স্থানে আদায় করিতে না পারা যায়, তবে পূর্ব্বোক্ত আইনের ১৪ ধারার উল্লিখিত সমুদয় মহালের ভোগাধিকারিদের সাধারণ দায়ের নিয়ম থাকিবে।

(৪) পূর্ব্বোক্তরূপ আপত্তি উত্থাপন করা গেলে, বর্ত্তমান মূল্যনিরূপণপত্রক্রমে সমুদয় মহালের যত টাকা কর দিতে হয়, তাহা যে২ অংশ সম্বন্ধে স্বতন্ত্র হিসাব খোলা যায় সেই২ অংশের উপর এই আইনের সহিত অসঙ্গত না হয় রেবিনিউ বোর্ডের প্রচারিত এরূপ বিধি বা বিশেষ আদেশ মত প্রত্যেক অংশের বার্ষিক মূল্যানুসারে বিলি করিয়া দেওয়া যাইবে, এবং প্রত্যেক অংশের উপর উক্তরূপে যে কর বিলি করিয়া দেওয়া যায়, উক্ত অংশের ভোগাধিকারিরা পূর্ব্বোক্তমতে সেই কর দিতে মুখ্যতঃ দায়ী হইবেন।

কিস্তির টাকা না দিলে দণ্ডের কথা।

৪৫ ধারা। পথকরের বা পূর্ত্তকার্য্যকরের কোন কিস্তি বা তাহার কোন অংশ কালেক্টর সাহেবের নিকট দেয় হইয়া দেয় হইবার তারিখ অবধি ১৫ দিন মধ্যে না দেওয়া গেলে, ঐ কিস্তির বা অংশের টাকা দেয় হইবার পর তিন বৎসরের মধ্যে কোন সময়ে উক্ত কিস্তির টাকা দেয় হইবার তারিখ অবধি হিসাব করিয়া বৎসর শতকরা ১২ টাকা হারে সুদ ও আদায় করিবার খরচ, সমেত আদায় করা যাইতে পারিবে।

46. (1)—In any district to which the Lieutenant-Governor may specially order that the provisions of this section shall be extended, it shall be lawful for the Collector to keep a separate account in respect of the amount of cesses payable and paid by any holder of a revenue-free estate who is recorded in Part 1 of the Collector's general register of revenue-free lands as proprietor or manager of any specified share or interest in any revenue-free property

With permission of the Lieutenant-Governor Collector may keep separate account of cesses payable by registered holders of revenue free estates

(2)—Such separate account shall be opened and kept under such rules as to the levy of fees and other matters, and subject to such conditions and in such manner as the Board of Revenue may from time to time prescribe and the Board of Revenue may at any time order that any separate account which has been so opened shall be closed from such time as they may direct, and no longer kept as a separate account

82. The total of the cesses payable in respect of property assessable under this Chapter, owned or occupied by the same person in two or more districts, shall be payable to the Collector of the district where the owner, chief agent, manager or occupier may reside or have his chief place of business, and shall be by him transmitted to the Collectors of other districts in the proportion in which the Committees of such district shall be severally entitled thereto, as provided in the section next following

How distributed when property in different districts

83. Whenever any property assessable under this Chapter lies in two or more districts the Lieutenant-Governor shall from time to time determine out of the total annual net profits stated in the return, or in the valuation of such profits accruing in the territories subject to him, and ascertained in any manner as aforesaid, the proportions in which such property shall be assessed in each of the said districts respectively, and the proportion of the road cess due thereon which shall be assigned to the Committee of each district concerned

Determination of proportion of profits when property in different districts

84 Every notice under this Chapter may be served—

Service of notices under this Chapter

(*a*) by leaving it at the registered office (if any) of such owner, chief agent, manager or occupier aforesaid; or

(*b*) by sending it by post in a letter addressed to such owner, chief agent, manager or occupier at his office, or, if he have more offices than one, at his principal office, or

প্রথম কিস্তি ও নয় মাস গত হইলে দ্বিতীয় কিস্তি দিবেন।

৮১ ধারা। যে স্থলে স্বামী ও দখিলকার ভিন্ন২ ব্যক্তি সেই স্থলে উক্ত সম্পত্তির কোন দখিলকার পথকরের ও পূর্ত্ত-কার্য্য করের কোন কিস্তির অর্দ্ধেকের অধিক টাকা দিলে তৎপরে ঐ সম্পত্তির খাজানার যে২ কিস্তি দেনা হয় তিনি তাহা হইতে ঐ অধিকাংশ কাটিয়া লইতে পারিবেন। স্বামী ঐ টাকার অর্দ্ধেকের অধিক দিলে ঐ সম্পত্তির দখিলকারের স্থানে সেই অধিকাংশ ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু টাকা প্রতি যে হারে পথকর ও পূর্ত্তকার্য্য কর ধার্য্য হয়, কোন দখিলকার আপনার বার্ষিক খাজানাহইতে সেই হারের অর্দ্ধেকের অধিক কাটিয়া লইতে পারিবেন না।

দখিলকার কি স্বামী অধিক দিয়া থাকিলে তাহা আদায় করিয়া লইবার কথা।

৮২ ধারা। এই অধ্যায়মতে যে সম্পত্তির উপর কর ধার্য্য হইতে পারে একই ব্যক্তির সেই সম্পত্তি দুই কি তদধিক জিলার মধ্যে থাকিলে তাহার নিমিত্তে মোট যে পথকর ও পূর্ত্তকার্য্য কর দিতে হইবে স্বামী কিম্বা প্রধান কর্ম্মকারক কিম্বা কার্য্যাধ্যক্ষ কিম্বা দখিলকার যে জিলায় বাস করেন কিম্বা যে জিলায় তাঁহার কর্ম্মের প্রধান স্থান থাকে সেই জিলার কালেক্টর সাহেবকে ঐ কর দেওয়া যাইবে। ঐ পথকর ও পূর্ত্তকার্য্যকর যে২ জিলার পক্ষে দেনা হয় উক্ত কালেক্টর সাহেব সেই২ জিলার কালেক্টর সাহেবদিগকে পরবর্ত্তী ধারার বিধানমতে প্রত্যেক জিলার কমিটীর যত টাকা পাওনা হয় তত টাকা দিবেন।

সম্পত্তি ভিন্ন২ জিলায় থাকিলে কর বিলি করিবার কথা।

৮৩ ধারা। এই অধ্যায়মতে যে সম্পত্তির উপর কর ধার্য্য হইতে পারিবে সেই সম্পত্তি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দুই কি তদধিক জিলার মধ্যে থাকিলে, ঐ রিটর্ণে কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের উৎপন্ন লভ্যের নিরূপণপত্রে বৎসর২ নিট যত টাকা লাভ পূর্ব্বোক্তমতে নিশ্চিত করিয়া লেখা থাকে তাহার মধ্যে উক্ত প্রত্যেক জিলায় ঐ সম্পত্তির উপর যে হারে ঐ কর ধরিতে হইবে এবং পথকরের যে অংশ প্রত্যেক জিলার কমিটীকে দেওয়া যাইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ তাহা নির্ণয় করিবেন।

সম্পত্তি ভিন্ন২ জিলায় থাকিলে যে জিলার পক্ষে যত লাভ নিরূপণ হইবে তাহার কথা।

৮৪ ধারা। এই অধ্যায়মত প্রত্যেক নোটিস (ক) উক্ত স্বামির বা প্রধান কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের বা দখিলকারের কোন রেজিষ্টরী করা আফিস থাকিলে তথায় রাখিয়া দিয়া, অথবা

এই অধ্যায়মত নোটিস জারী করিবার কথা।

(খ) উক্ত স্বামির বা প্রধান কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের বা দখিলকারের নামে তাঁহার আফিসের ঠিকানায় কিম্বা তাঁহার একাধিক আফিস থাকিলে, প্রধান আফিসের ঠিকানায় ডাকযোগে পত্রদ্বারা পাঠাইয়া অথবা

(c) by giving it to such owner, chief agent, manager or occupier

CHAPTER VI.—*Special provisions for Orissa and Midnapore.*

Collectors in Orissa and Midnapore may order certain revenue-free estates to be annexed to other estates for purposes of payment of cess.

85. In any district of the province of Orissa and in the district of Midnapore, the Collector may at any time, with the sanction of the Commissioner, order that any revenue-free estate not exceeding 500 standard bighas in extent, of which the valuation shall have been completed, shall, for the purpose of payment and levy of the cesses due in respect thereof, be annexed to any other estate within the ambit of which it is situate or which it adjoins.

Notice to be given to holder of estate of which such revenue-free estate is annexed.

86. Notice of such order shall be given by the Collector to the holder of the estate to which such revenue-free estate is ordered to be so annexed, and to such notice shall be appended a copy of the valuation-roll of the said revenue-free estate, and thereupon such holder shall be liable to pay annually to the Collector on account of such revenue-free estate, road cess and public works cess at one-half of the rates which may be fixed under this Act for the levy of the said cesses respectively in the district generally for each year.

Notice to be given to holder of revenue-free estate.

87. Notice of such order shall also be given by the Collector to the holder of the said revenue-free estate, and such notice shall require him to pay annually, and he shall thereupon be bound to pay to the holder of such other estate, road cess and public works cess at the full rates which may be fixed under this Act for the levy of the said cesses respectively in the district generally for each year.

Cesses payable by holder of revenue-free estates in such instalments as Lieutenant-Governor may direct.

88. Such cesses shall be so payable by the holder of the said revenue-free estates in two equal instalments on such dates as may be fixed by the Lieutenant-Governor under section 42 for the payment of cess by the holders of revenue-free estates, or in such other instalments and on such other dates as the Lieutenant-Governor may direct, or, if the Lieutenant-Governor shall so order, the whole amount so payable on account of such cesses for each year shall be payable in a single sum on any such date as the Lieutenant-Governor may appoint.

(গ) উক্ত স্বামিকে বা প্রধান কার্য্যকারককে বা কার্য্যাধ্যক্ষকে বা দখিলকারকে দিয়া,

ঐ নোটিস জারী করা যাইতে পারিবে।

৬ অধ্যায়।

উড়িষ্যা ও মেদিনীপুরের নিমিত্ত বিশেষ বিধান।

কর দিবার কার্য্যার্থে কোনং লাখেরাজ মহাল অন্য মহাল সংযুক্ত করণার্থ উড়িষ্যায় ও মেদিনীপুরে কালেক্টরদের আজ্ঞা করিতে পারিবার কথা।

৮৫ ধারা। উড়িষ্যা প্রদেশের কোন জিলায় ও মেদিনীপুর জিলায় কালেক্টর সাহেব যে কোন সময়ে কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক আজ্ঞা করিতে পারিবেন যে, কষ্টিমত ৫০০ বিঘার অনধিক পরিমাণের কোন লাখেরাজ মহালের মূল্য নিরূপণ সমাপ্ত হইলে, উক্ত মহাল অন্য যে মহালের সীমার অন্তর্গত বা পার্শ্ববর্ত্তী হয়, কর দিবার ও আদায় করিবার কার্য্যার্থে সেই মহালে সংযুক্ত করা যাইবে।

ঐ লাখেরাজি মহাল যে মহালে সংযুক্ত করা যায় সেই মহালের ভোগাধিকারিকে নোটিস দিবার কথা।

৮৬ ধারা। যে মহালে উক্ত লাখেরাজ মহাল সংযুক্ত করিবার আজ্ঞা হয়, সেই মহালের ভোগাধিকারিকে কালেক্টর সাহেব উক্ত আজ্ঞা হওয়ার নোটিস দিবেন, এবং ঐ নোটিসে উক্ত লাখেরাজ মহালের ভূমির মূল্যনিরূপণ পত্রের এক কেতা নকল লাগাইয়া দিতে হইবে। তাহা হইলে প্রতি বৎসর সাধারণতঃ জিলায় এই আইনমতে পথকর ও পূর্ত্তকার্য্য কর আদায় করিবার যেং হার ধার্য্য হয়, সেইং হারের অর্দ্ধেক হারে ঐ ভোগাধিকারী কালেক্টর সাহেবকে উক্ত লাখেরাজ মহালের নিমিত্ত বৎসরং ঐং কর দিতে দায়ী হইবেন।

লাখেরাজ মহালের ভোগাধিকারিকে নোটিস দিবার কথা।

৮৭ ধারা। কালেক্টর সাহেব উক্ত লাখেরাজ মহালের ভোগাধিকারিকে ও ঐ আজ্ঞা হইবার নোটিস দিবেন এবং তাহাতে তাঁহার প্রতি এই আদেশ থাকিবে যে, প্রতি বৎসর সাধারণতঃ জিলায় এই আইনমতে পথকর ও পূর্ত্তকার্য্য কর আদায় করিবার যেং হার ধার্য্য হয় সেইং হারে পূর্ণমাত্রায় তিনি উক্ত অন্য মহালের ভোগাধিকারিকে ঐং কর দিবেন। তাহা হইলে তিনি ঐ ভোগাধিকারিকে উক্তরূপে ঐ কর দিতে বাধ্য হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যেং কিস্তির আদেশ করেন সেইং কিস্তিক্রমে লাখেরাজ মহালের ভোগাধিকারির কর দিতে হইবার কথা।

৮৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ৪২ ধারামতে লাখেরাজ মহালের ভোগাধিকারিদের কর দিবার যেং তারিখ অবধারিত করেন সেইং তারিখে সমান দুই কিস্তি করিয়া উক্ত লাখেরাজ মহালের ভোগাধিকারির ঐং কর দিতে হইবে, অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অন্য যেং কিস্তি ও তারিখের আদেশ করেন সেইং কিস্তিতে সেইং তারিখে দিতে হইবে, অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আদেশ করিলে, ঐং করের নিমিত্ত প্রতি বৎসর মোট যত টাকা দিতে হয়, তাহা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে তারিখ নিরূপণ করেন সেই তারিখে একেবারে দিতে হইবে।

In default of payment as hereby required the provisions of section 47 shall be applicable

89 Whenever the service of a notice on the holder of a revenue-free estate is required by the provisions of section 40, the Collector shall cause such notice to be served, notwithstanding that the revenue-free estate may have been annexed to another estate as hereinbefore provided,

Notices to be served

and the Collector shall further cause a notice containing the same particulars to be served in respect of such revenue free estate on the holder of the other estate to which it is under the provisions of section 85 annexed

90 The Collector may at any time, with the sanction of the Commissioner, revoke any order passed under section 85

Collector may revoke orders passed under section 85

and shall give notice of such revocation both to the holder of the revenue-free estate affected and to the holder of the other estate to which such revenue-free estate was annexed

CHAPTER VII —*Miscellaneous*

91 The Collector, with the sanction of the Board of Revenue, may appoint such establishments as may be required for making valuations and revaluations under this Act, for making collections, recovering arrears, keeping accounts connected therewith and generally for all purposes connected with such valuations, revaluations, collections, and recoveries and other purposes of this Act, and may incur such other expenses as are requisite for such purposes,

Collector may appoint certain establishments

and the payment of such establishments and other charges on bills signed by the Collector shall be the first charge on the District Road Fund.

92 For the purpose of making any valuation of lands directed by this Part, the Collector shall exercise the powers vested in Collectors by clause I of section 23, and clause I of section 24 of Regulation VII of 1822, except so far as the said clauses authorize any enquiry into rights or interests attaching to such lands

Powers of Collector in making valuation

93. Every valuation under this Part shall be open to revision by the Commissioner or Board of Revenue, and not otherwise

Commissioner or Board may revise valuation.

এই ধারার আদেশমত টাকা দিতে ত্রুটি হইলে ৪৭ ধারার বিধান বর্ত্তিবে।

৮৯ ধারা। ৪০ ধারার বিধানমতে কোন লাখেরাজ মহালের ভোগাধিকারিকে নোটিস দিবার আদেশ থাকিলে, পূর্ব্বলিখিত বিধানমতে ঐ লাখেরাজ মহাল অন্য কোন মহাল সংযুক্ত হওয়া গেলেও, কালেক্টর সাহেব ঐ নোটিস দেওয়াইবেন,

নোটিস জারী করিবার কথা।

এবং লাখেরাজ মহাল ৮৫ ধারার বিধানমতে অন্য যে মহাল সংযুক্ত করা যায়, সেই মহালের ভোগাধিকারিকে উক্ত লাখেরাজ মহাল সম্বন্ধে সেইরূপ বৃত্তান্ত সম্বলিত নোটিসও দেওয়াইবেন।

৯০ ধারা। কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক যে কোন সময়ে ৮৫ ধারামত কোন আজ্ঞা রহিত করিতে পারিবেন, এবং ঐ রূপ রহিত করিবার আজ্ঞা হইবার নোটিস ঐ লাখেরাজ মহালের ভোগাধিকারিকে ও উক্ত লাখেরাজ মহাল অন্য যে মহাল সংযুক্ত করা যায় সেই মহালের ভোগাধিকারিকে দিবেন।

৮৫ ধারামতে যে আজ্ঞা করা যায় কালেক্টর সাহেব তাহা রহিত করিতে পারিবার কথা।

৭ অধ্যায়।—বিবিধ বিধি।

৯১ ধারা। এই আইনমত মূল্য নিরূপণ ও পুনর্মূল্য নিরূপণ করিবার নিমিত্ত ও তৎসংক্রান্ত কর ও বাকী আদায় করিবার ও হিসাব রাখিবার নিমিত্ত ও সাধারণতঃ উক্ত মূল্য নিরূপণ ও পুনর্মূল্য নিরূপণ ও কর আদায় ও বাকী আদায় সংক্রান্ত সমুদয় কার্য্য নিমিত্ত ও এই আইনমত অন্য কার্য্য নিমিত্ত রেবিনিউ বোর্ডের অনুমতি লইয়া কালেক্টর সাহেব যেরূপ আমলা সেরেস্তা আবশ্যক হয় নিযুক্ত করিতে পারিবেন, এবং উক্ত কার্য্য নিমিত্ত অন্য যে খরচ আবশ্যক হয় তাহাও করিতে পারিবেন,

কালেক্টর সাহেবের কোন২ সেরেস্তা নিযুক্ত করিতে পারিবার কথা।

এবং কালেক্টর সাহেব বিলে স্বাক্ষর করিয়া দিলে উক্ত সেরেস্তার বেতন ও অন্য খরচ প্রদেশীয় পথের তহবীলের উপর প্রথম দায় হইবে।

৯২ ধারা। বঙ্গদেশীয় ১৮২২ সালের ৭ আইনের ২৩ ধারার ১ প্রকরণে ও ২৪ ধারার ১ প্রকরণে কালেক্টর সাহেবদের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, এই খণ্ডের নির্দ্দিষ্ট ভূমির মূল্য নিরূপণ করিবার কার্য্যে, কালেক্টর সাহেব সেই২ ক্ষমতামতে কার্য্য করিবেন। কিন্তু উক্ত কএক প্রকরণে ঐ ভূমি সংক্রান্ত স্বত্বের কি সম্পর্কের অনুসন্ধান লইবার যে ক্ষমতা দেওয়া আছে তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিবেন না।

মূল্য নিরূপণ করণে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৯৩ ধারা। এই খণ্ডমত প্রত্যেক মূল্য নিরূপণপত্র কমিশ্যনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের দ্বারা সংশোধিত হইতে পারিবে, প্রকারান্তরে নহে।

কমিশ্যনর সাহেবের বা বোর্ডের মূল্য নিরূপণপত্র সংশোধন করিতে পারিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১।১ ফেব্রুয়ারি।]

94 Any person who is bound to make any return under this Part shall be deemed to be legally bound to give notice and to furnish information to a public servant in respect of the same If the Collector shall see ground for believing that any return made is false, he may prosecute the maker accordingly And if the person so prosecuted is convicted, the Collector may proceed to make a valuation of the lands mentioned in such return by such ways and means as to him shall seem expedient

False returns

95 Every return filed by or on behalf of any person in pursuance of the provisions of this Part shall bear the signature and address of such person, or his authorized agent, and shall be admissible in evidence against such person, but shall not be admissible in his favour

Returns evidence against the maker only

96 Every notice under this Part required to be served, except as otherwise expressly provided, may be served—

Service of notices under this Part

(1) by delivering the same to the person to whom it is directed, or on failure of such service, by posting the same on some conspicuous part of the house in which the said person resides, or by delivering the said notice to any agent authorized to appear generally for the person to whom such notice is directed, or

(2) by sending a registered letter containing such notice directed to the said person at his usual place of abode, or to the place where he may be known to reside, or

(3) by posting a copy of the notice at the mál cutcherry of the estate or tenure to which the notice relates, or if no such mál cutcherry be found, on some conspicuous place on such estate or tenure, and, in the case of estates paying their annual revenue by four instalments, by delivering another copy thereof to the agent who shall have paid an instalment of revenue next after the preparation of such notice In all cases where two or more persons are holders of an estate or tenure, service of notice under this clause shall be deemed to be good and sufficient service on each and all of such persons

97 The costs of service of every notice and process by this Act required to be served shall in the first instance be defrayed from the District Road Fund, and subject to such rules as may be made by the Board of Revenue under section 106, shall be recoverable either from the person to whom such notice or process is addressed, or

Costs of service

৯৪ ধারা। এইখণ্ডমতে যে কোন ব্যক্তি কোন রিটর্ণ দিতে বাধ্য হন, তিনি আইনমতে তৎসম্বন্ধে কোন রাজকীয় কার্য্যকারককে নোটিস ও সংবাদ দিতেও বাধ্য বলিয়া জ্ঞান হইবে। এনিমিত্ত কোন রিটর্ণ মিথ্যা বলিয়া কালেক্টর সাহেব বিশ্বাস করিবার কারণ দেখিলে, রিটর্ণদাতার নামে অভিযোগ করিতে পারিবেন, এবং অভিযুক্ত ব্যক্তির অপরাধ সপ্রমাণ হইলে, কালেক্টর সাহেব যে নিয়ম ও উপায় বিহিত বোধ করেন, সেই নিয়মে ও উপায়ে ঐ রিটর্ণের লিখিত ভূমির মূল্য নিরূপণ করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

মিথ্যা রিটর্ণের কথা।

৯৫ ধারা। এইখণ্ডের বিধানমতে কোন ব্যক্তি দ্বারা কি তাঁহার পক্ষে যে রিটর্ণ দেওয়া যায় তাহাতে তাঁহার কিম্বা তদীয় ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর ও ঠিকানা থাকিবে, তাহা তার বিপক্ষ প্রমাণ মধ্যে গ্রাহ্য হইবে, সপক্ষ প্রমাণ মধ্যে নয়।

রিটর্ণ কেবল লেখকের বিরুদ্ধে প্রমাণ বলিয়া গণ্য হইবার কথা।

৯৬ ধারা। এই খণ্ডে যেং নোটিস দিবার আজ্ঞা হইল তাহা প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে নিম্ন লিখিত অন্যতর প্রকারে দেওয়া যাইতে পারিবে।

এই খণ্ডমতে নোটিস দিবার কথা।

১। যাঁহার নামে হয় তাঁহাকেই দেওয়া যাইবে। তাঁহাকে দেওয়া যাইতে না পারিলে, তিনি যে ঘরে বাস করেন তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে, কিম্বা তাঁহার যে মোক্তার সাধারণমতে তাঁহার পক্ষে উপস্থিত হইবার ক্ষমতা প্রাপ্ত হন তাঁহাকে দেওয়া যাইবে। অথবা

২। ঐ নোটিস রেজিষ্টরী পত্রে দিয়া শিরোনামায় তাঁহার নিয়ত বাসস্থান লিখিয়া কিম্বা তাঁহার যে স্থানে নিবাস জানা আছে সেই স্থান লিখিয়া পাঠান যাইবে; অথবা

৩। মহালের কিম্বা তালুকের মাল কাছারীতে ঐ নোটিসের প্রতিলিপি লাগাইয়া দেওয়া যাইবে। মাল কাছারী পাওয়া না গেলে, ঐ নোটিস যে মহালের কি তালুকের বিষয় হয় তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে এবং মহালের রাজস্ব বৎসর চারি কিস্তি করিয়া দেওয়া গেলে, ঐ নোটিস প্রস্তুত করিবার অব্যবহিত পর যে ব্যক্তি তাহার নিমিত্ত কিস্তির টাকা দিয়াছিলেন ঐ নোটিসের অন্য প্রতিলিপি তাঁহাকে দেওয়া যাইবে। যদি দুই কি তদধিক ব্যক্তি একই মহালের কি তালুক প্রভৃতির ভোগাধিকারী হন তবে এই প্রকরণমতে নোটিস দেওয়া গেলে উক্ত প্রত্যেক ও সকল ব্যক্তির উপর যথোচিতমতে জারী করা গেল জ্ঞান হইবে।

৯৭ ধারা। এই আইনে যে সকল নোটিস দিবার আজ্ঞা হইল তাহা দিবার খরচ প্রথমে প্রদেশীয় পথের তহবী হইতে দেওয়া যাইবে, এবং ১০৬ ধারামতে রেবিনিউ বোর্ড যে বিধি প্রণয়ন করেন সেই বিধির নিয়মাধীনে ঐ খরচ যাঁহার নামে নোটিস বা পরওয়ানা দেওয়া যায় তাঁহার স্থানে, অথবা কালেক্টর সাহেব উচিত বোধ করিলে যাঁহার ত্রুটিবশতঃ ঐ

নোটিস দিবার খরচের কথা।

from the person owing to whose default such notice or process is issued, as the Collector may think fit, and every such amount shall be deemed to be due to the Collector, but when levied by the Collector shall be credited to the District Road Fund,

Provided that no costs or other expenses whatever shall be recovered from any person in respect of the publication or issue of any proclamation or notice calling for any return, or giving intimation of any amount payable by any person as cess under this Act other than notices of demand to pay any amount of cess which has become due

No costs to be recovered for certain notices

98 Every amount due, or which may become due, to any Collector under the provisions of this Act in respect of any arrears of cess, of any expenses incurred, of any fee or costs payable, of any notices served, of any fines imposed or on any other account may be realized by such Collector by any process provided by any law for the time being in force for the realization of Public Demands, and shall be deemed to be a Public Demand under such law,

Dues under the Act to be levied as public demand

Provided that the District Road Committee shall indemnify the Collector of the district for all expenses incurred, and for all costs and damages for which such Collector may become liable (whether in connection with suits before the civil courts or otherwise) in respect of any proceedings for the recovery of any such dues as aforesaid

99 Instead of proceeding as provided by the last preceding section for the recovery of any sum due under this Act, or if after so proceeding the Collector shall have failed to find property belonging to the person from whom any such sum is due, by the sale of which such sum may be fully recovered, the Collector may, if he see fit, after recording his opinion to that effect, cause a notification in form in Schedule (F) contained to be issued for the estate or tenure in respect of which any such amount is due Such notification shall be published by beat of drum in every village containing any land to which such notification relates, and a copy thereof shall be posted in a conspicuous place in every such village and at the mal cutcherry of the estate or tenure to which such notification relates, if such cutcherry be found.

Collector may recover dues out of rent

Every payment of rent, save and except to the Collector or some person by him thereunto appoint-

নোটিস বা পরওয়ানা দেওয়া যায় তাঁহার নিকটে আদায় হইতে পারিবে, এবং তদ্রূপ প্রত্যেক টাকা কালেক্টর সাহেবের টাকা বলিয়া গণ্য হইবে কিন্তু ঐ টাকা কালেক্টর সাহেব আদায় করিলে, তাহা প্রদেশীয় পথের তহবিলে জমা দেওয়া যাইবে।

কিন্তু যে করের টাকা দেনা হয় সেই টাকা দিবার দাওয়ার নোটিস না হইলে কোন রিটর্ণ দিবার আজ্ঞাসূচক অথবা এই আইনমতে কোন ব্যক্তির যে টাকা দিতে হয় তাহার জ্ঞাপনসূচক ঘোষণাপত্র বা নোটিস প্রচার বা জারী করণ সম্বন্ধে কোন ব্যক্তির স্থানে কোন খরচ বা অন্য খরচা আদায় করা যাইবে না।

কোন২ নোটিসের খরচ আদায় না করা যাইবার কথা।

৯৮ ধারা। যে কর বাকী থাকে, যে খরচ পড়ে, যে ফী বা খরচ পাওনা হয়, যে নোটিস জারী করা যায়, বা যে অর্থদণ্ড করা যায় তৎসম্পর্কে বা অন্য কোন হিসাবে এই আইনের বিধানমতে কালেক্টর সাহেবের নিকটে যে টাকা দেনা হয়, বা দেনা হইতে পারে, তাহা রাজকীয় প্রাপ্য আদায় করিবার যে আইন তৎকালে বলবৎ থাকে তন্নির্দ্দিষ্ট প্রণালীমতে আদায় করা যাইতে পারিবে, এবং তাহা উক্ত আইনমত রাজকীয় প্রাপ্য বলিয়া গণ্য হইবে।

আইনমত দেনা টাকা রাজকীয় প্রাপ্যস্বরূপ আদায় করিবার কথা।

কিন্তু পূর্ব্বোক্তরূপ কোন দেনা টাকা আদায় করিবার নিমিত্ত দেওয়ানী আদালতের মোকদ্দমা সংক্রান্ত অথবা প্রকারান্তরের কোন আনুষ্ঠানিক কার্য্য উপলক্ষে কালেক্টর সাহেবের যে টাকা ব্যয় হয় ও তিনি যে খরচার ও ক্ষতিপূরণের টাকার দায়ী হন, প্রদেশীয় পথের কমিটি তজ্জন্য কালেক্টর সাহেবের ক্ষতিনিষ্কৃতি বিধান করিবেন।

৯৯ ধারা। এই আইনমত দেনা টাকা আদায় করিবার নিমিত্ত পূর্ব্বধারার বিধানমতে আনুষ্ঠানিক কার্য্য না করিয়া, অথবা, তাহা করিয়াও ঐ টাকা যে ব্যক্তির দেনা হয় সেই ব্যক্তির এমন কোন সম্পত্তি যদি কালেক্টর সাহেব না পান যাহা বিক্রয় করিয়া ঐ টাকা সম্পূর্ণরূপে শোধ হয়, যে মহালের কি তালুক প্রভৃতির সম্পর্কে ঐ টাকা দেনা হয় কালেক্টর সাহেব সেই মহালের কি তালুক প্রভৃতির বিষয়ে F তফসীলের পাঠে নোটিস দেওয়া উচিত বোধ করিলে আপনার ঐ মত লিপিবদ্ধ করিয়া ঐ নোটিস দেওয়াইবেন। ঐ নোটিস যে ভূমি সম্পর্কীয় হয় সেই ভূমি যে কোন গ্রামে থাকে তথায় ঢেঁড়রা দিয়া ঐ নোটিস জারী করা যাইবে, এবং নোটিসের এক কেতা নকল তদ্রূপ প্রত্যেক গ্রামের কোন সুপ্রকাশ্য স্থানে ও ঐ নোটিস যে মহাল বা তালুকাদি সম্পর্কীয় হয় তাহার মাল কাছারী পাওয়া গেলে সেই কাছারী ঘরে লাগাইয়া দেওয়া যাইবে।

দেনা টাকা খাজানা হইতে কালেক্টর সাহেবের আদায় করিতে পারিবার কথা।

দেওয়াইলে পর যত কাল অন্য আজ্ঞা না করেন তত কাল কালেক্টর সাহেব ভিন্ন কিম্বা তিনি যে

ed, made after such publication until further order from the Collector, shall be null and void,

and the Collector may recover by any process of law for the time being in force by which he might recover rent due to the Government from a tenant in an estate which is managed directly by the Collector, the rent then or thereafter to become due from any occupier, tenure holder under-tenant or ryot on the estate or tenure in respect of which the notification has been issued, until the amount due to the Collector together with all costs, shall be satisfied, whereupon the said notification shall be revoked

The receipt of the Collector in respect of all sums paid to him as rent or so recovered shall be, to the extent of such sums, a valid discharge in respect of rent due by the occupier, tenure-holder, under-tenant or ryot, to whom such receipt is given

In case the Collector shall see fit so to proceed, the claim for arrears of road cess and public works cess due from any estate or tenure in respect of which a notification has been issued as above provided, shall have priority over any other demand or claim or lien existing thereupon other than the demand of Government revenue

Collector's claim to have priority

100 The Lieutenant Governor may at any time invest any person with the powers of a Collector under this Part to be exercised by such person under the control or supervision of the Collector, as independently of such control and supervision, as the Lieutenant-Governor shall direct

Lieutenant Governor may invest any person with Collector's powers

101 The Collector may, with the sanction of the Commissioner, delegate all or any of his powers and functions under this Part to be exercised, under the control and supervision of the Collector, by any Deputy Collector, Assistant Collector, Sub-Deputy Collector or other officer of like rank,

Collector may delegate powers

Provided that every order passed by such Deputy Collector, Assistant Collector, Sub-Deputy Collector or other officer, shall be appealable to the Collector within fifteen days of such order being passed

[Government Gazette, 1st February 1881]

ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি ভিন্ন অন্য কোন ব্যক্তি কে খাজানা দেওয়া গেলে তাহা অসিদ্ধ ও ব্যর্থ হইবে,

এবং সমস্ত খরচ সুদ্ধ উক্ত দেনা টাকা যতকাল আদায় না হয় তত কাল যে মহালের কি তালুক প্রভৃতির সম্বন্ধে নোটিস দেওয়া গিয়াছে, তাহার কোন দখিলকারের কি তালুকদারের কি পেটাও প্রজার কি রায়তের যত খাজানা সেই সময়ে কিম্বা তৎপশ্চাৎ দেনা হয়, সাক্ষাৎ সম্বন্ধে যে মহাল কালেক্টর সাহেবের কর্তৃত্বাধীন থাকে তাহার প্রজার স্থানে গবর্নমেণ্টের প্রাপ্য খাজানা আদায় করিবার নিমিত্ত যৎকালে যে আইনের কার্য্য পদ্ধতি প্রচল থাকে কালেক্টর সাহেব তৎকালে সেই আইন অনুসারে ঐ খাজানা আদায় করিতে পারিবেন। তাহার পর সেই নোটিস রহিত করিবার আজ্ঞা হইবে।

কালেক্টর সাহেব খাজানাস্বরূপ প্রাপ্ত বা উক্তরূপে প্রাপ্ত টাকার যে রসীদ দেন সেই রসীদ ঐ দখিলকারের কি তালুকদারের কি পেটাও প্রজার কি রায়তের দেনা তত টাকা খাজানার অমোঘ মুক্তিপত্র হইবে।

কালেক্টর সাহেব যদি এরূপ কার্য্যানুষ্ঠান করা উচিত বোধ করেন, কোন মহাল কিম্বা তালুক প্রভৃতি সম্বন্ধে পূর্ব্বোক্তরূপ নোটিস দেওয়া গেলে সেই মহালাদির উপর কালেক্টর সাহেবের বাকী পথকরের ও পূর্ত্তকার্য্য করের যে দাওয়া থাকে তাহা গবর্নমেণ্টের রাজস্বের দাওয়া ভিন্ন ঐ মহালের কি তালুক প্রভৃতির উপর অন্য দাবীর কি দাওয়ার কি দায়ের অগ্রগণ্য হইবে।

কালেক্টর সাহেবের দাওয়া অগ্রগণ্য হইবার কথা।

১০০ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যে কোন সময়ে কোন ব্যক্তিকে এই আইনমত কালেক্টরের ক্ষমতা দিতে পারিবেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যেরূপ আদেশ করেন তদনুসারে ঐ ব্যক্তি কালেক্টর সাহেবের কর্তৃত্ব ও তত্ত্বাবধানাধীনে থাকিয়া অথবা স্বাধীনভাবে ঐরূপ কর্তৃত্ব ও তত্ত্বাবধান না থাকিয়া উক্ত ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের কোন ব্যক্তিকে কালেক্টরের ক্ষমতা দিতে পারিবার কথা।

১০১ ধারা। কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক কালেক্টর সাহেব কোন ডেপুটী কালেক্টরের বা আসিষ্টাণ্ট কালেক্টরের বা সব-ডেপুটী কালেক্টরের বা তদ্রূপ পদস্থ অন্য কোন কার্য্যকারকের প্রতি এই আইনমত আপনার সমুদয় বা কোন ক্ষমতা ও কর্ম্ম অর্পণ করিতে পারিবেন। তাঁহারা কালেক্টর সাহেবের কর্তৃত্ব ও তত্ত্বাবধানাধীনে উক্ত ক্ষমতামতে ঐ কর্ম্ম করিবেন।

কালেক্টর সাহেবের ক্ষমতা অর্পণ করিতে পারিবার কথা।

কিন্তু উক্ত ডেপুটী কালেক্টর বা আসিষ্টাণ্ট কালেক্টর বা সব-ডেপুটী কালেক্টর বা অন্য কার্য্যকারক যে কোন আজ্ঞা করেন, আজ্ঞা করিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকট তাহার আপীল হইতে পারিবে।

102 Every person who shall deem himself to be aggrieved by any valuation made by a Collector under the provisions of sections 75 or 76 may, within one month after the issue of the notice mentioned in section 78,

Appeals against valuation

and every person who shall deem himself to be aggrieved by any valuation made by the Collector under the provisions of any other section of this Part may, within one month after the posting up of a copy of the valuation roll as mentioned in section 85,

prefer his objections to the Collector, and if such objections, or any of them, are disallowed may, within one month of such disallowance, appeal to the Commissioner against such valuation, and the decision of the Commissioner shall be final

103 Every order for the levy of a fine or of expenses passed by a Collector under this Act shall be appealable to the Commissioner within one month from the service of the first process for the levy of such fine or expenses Except as otherwise provided in section 18, pending such appeal, and until the order of the Commissioner which shall be final, all process for such levy shall be discontinued

Orders for levy of fine appealable

104 Every order passed by the Collector under sections 19, 20, 26, 50, 51, 53, 85, 98, or 99, shall be appealable to the Commissioner within one month from the date of such order

Orders appealable to Commissioner

105 Notwithstanding anything hereinbefore contained, all proceedings of the Collector or of any officer of a lower grade under this Part shall be subject to the general control and supervision of the Commissioner and of the Board of Revenue, and all such proceedings of the Commissioner shall be subject to the general control and supervision of the Board of Revenue

Collector's proceedings subject to supervision of Commissioner and Board

106. The Board of Revenue may from time to time make, and, when made, from time to time alter, add to, or cancel, any rules—

Board may make rules

(a) prescribing forms for the notices, returns and valuation-rolls required by this Part to be issued or made;

১০২ ধারা। কালেক্টর সাহেব ৭৫ বা ৭৬ ধারার বিধানমতে যে মূল্য নিরূপণ করেন কোন ব্যক্তি তদ্দ্বারা আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করিলে ৭৮ ধারার উল্লিখিত নোটিস দেওয়া যাইবার পর এক মাসের মধ্যে,

নিরূপিত মূল্যেরউপর আপীল হইবার কথা।

এবং কালেক্টর সাহেব এই খণ্ডের অন্য কোন ধারার বিধানমতে যে মূল্য নিরূপণ করেন কোন ব্যক্তি তদ্দ্বারা আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করিলে নিরূপিত মূল্যের ফর্দ্দের নকল ৮৫ ধারার উল্লিখিতমত লটকাইয়া দেওয়া যাইবার পর এক মাসের মধ্যে,

কালেক্টর সাহেবের নিকট আপত্তি উত্থাপন করিতে পারিবেন এবং তদ্রূপ সমুদয় বা কোন আপত্তি অগ্রাহ্য হইলে অগ্রাহ্য হইবার পর এক মাসের মধ্যে কমিশনর সাহেবের নিকটে সেই নিরূপিতমূল্যের বিরুদ্ধে আপীল করিতে পারিবেন। ঐ কমিশনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

১০৩ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে অর্থদণ্ড কিম্বা খরচা আদায় করিবার যে আজ্ঞা করেন, ঐ অর্থদণ্ড কিম্বা খরচ আদায় করিবার প্রথম পরওয়ানা জারী হইবার সময়াবধি এক মাসের মধ্যে ঐ আজ্ঞার উপর কমিশনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ১৮ ধারার প্রকারান্তরের বিধান স্থল ছাড়া তদ্রূপ আপীল হইলে যত কাল কমিশনর সাহেবের আজ্ঞা না হয়, ততকাল ঐ টাকা আদায় করিবার সকল কার্য্য স্থগিত থাকিবে। কমিশনর সাহেবের আজ্ঞা চূড়ান্ত হইবে।

অর্থ দণ্ড আদায় করিবার আজ্ঞার উপর আপীল হইবার কথা।

১০৪ ধারা। কালেক্টর সাহেব নিম্নলিখিত কোন ধারামতে, অর্থাৎ ১৯, ২০, ২৬, ৫০, ৫১, ৫৩, ৮৫, ৯৮ বা ৯৯ ধারামতে, কোন আজ্ঞা করিলে, আজ্ঞা করিবার তারিখ অবধি এক মাসের মধ্যে কমিশনর সাহেবের নিকট তাহার উপর আপীল হইতে পারিবে।

আজ্ঞার উপর কমিশনর সাহেবের নিকট আপীল হইতে পারিবার কথা।

১০৫ ধারা। পূর্ব্ব পূর্ব্ব ধারায় প্রকারান্তরের কথা থাকিলেও এই খণ্ডমতে কালেক্টর সাহেবের বা তন্নিম্ন শ্রেণীর কোন কার্য্যকারকের সমুদয় আনুষ্ঠানিক কার্য্য কমিশনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানাধীন থাকিবে, এবং কমিশনর সাহেবের এই প্রকার সমুদয় আনুষ্ঠানিক কার্য্য রেবিনিউ বোর্ডের সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানাধীন থাকিবে।

কালেক্টর সাহেবের আনুষ্ঠানিক কার্য্য কমিশনর সাহেবের ও বোর্ডের তত্ত্বাবধানাধীন থাকিবার কথা।

১০৬ ধারা। নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত রেবিনিউ বোর্ড সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন ও প্রণয়ন করা গেলে সময়ে২ তাহা পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত বা রহিত করিতে পারিবেন,

বোর্ডের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

(ক) এই খণ্ডের আদেশমত নোটিসের ও রিটর্ণের ও মূল্য নিরূপণপত্রের পাঠ নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত

(b) prescribing the amounts which shall be levied in respect of the issue of each notice and process under this Part, and regulating the recovery thereof under section 97,

(c) prescribing the amount of copying fee to be levied in respect of supplying extracts and copies of returns and valuation rolls as provided in section 34,

(d) apportioning the amount of the cesses for the payment of which the respective holders of the several shares of an estate in respect of which separate accounts are kept shall be primarily liable under section 44,

(e) regulating the opening, keeping, and closing of separate accounts in respect of amounts of cess payable by recorded shareholders in revenue free estates as provided in section 46

(f) regulating the proceedings of Collectors under Chapter V,

and otherwise providing for the proper execution of this Act in respect of valuations, of the assessment, and of the levy of the cesses and other sums due under the same.

All rights in immovable property saved unless affected by this Act

107 Nothing in this Part contained, and nothing done in accordance with this Act, shall be deemed to affect the rights of any person in respect of any immovable property or of any interest therein except as otherwise expressly provided in this Act.

PART III

CONSTITUTION AND ADMINISTRATION OF THE DISTRICT ROAD FUND

CHAPTER VIII —*Constitution and Application of the District Road Fund*

Constitution of District Road Fund

108 The District Road Fund of every district under this Act shall consist of the amount produced by the road cess,

of all sums levied or recovered as fines, penalties or otherwise in respect of the cesses under this Act,

of all sums assigned by the Government thereto, whether as a contribution from the proceeds of the public works cess towards the expenses of assessing and collecting such cess jointly with the road cess or otherwise, and

of all sums whatsoever which may be at the disposal of the District Road Committee as hereinafter appointed

Application of District Road Fund

10[9] The District Road Fund of every district shall be applicable to the follow-

(খ) এই খণ্ডমতে যে কোন নোটিস বা পরওয়ানা দেওয়া যায় তজ্জন্য যত টাকা লইতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার এবং ৯৭ ধারামতে তাহা আদায় করিবার নিমিত্ত।

(গ) ৩৪ ধারার বিধানমত রিটর্ণের ও মূল্যনিরূপণ-পত্রের উদ্ধৃতাংশ ও নকল দিতে হইলে যত ফী লইতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত।

(ঘ) কোন মহালের ভিন্ন২ অংশ সম্বন্ধে স্বতন্ত্র হিসাব রাখা গেলে ঐ ২ অংশের ভোগাধিকারিদের যাহার কত কর জন্য ৪৪ ধারামতে মুখ্যতঃ দায়ী হইতে হইবে তাহা বিলি করিবার নিমিত্ত।

(ঙ) ৪৬ ধারার বিধানমতে লাখেরাজ মহালের লিখিত অংশিদের যত টাকা কর দিতে হয়, তৎসম্বন্ধে স্বতন্ত্র হিসাব খুলিবারও রাখিবার ও বন্ধ করিবার বিধান করিবার নিমিত্ত।

(চ) ৫ অধ্যায়মত কালেক্টরদের আনুষ্ঠানিক কার্য্যের বিধান করিবার নিমিত্ত।

এবং মূল্যনিরূপণ ও করনির্দ্ধারণ ও কর ও এই আইনমত অন্য দেনা টাকা আদায় সম্বন্ধে এই আইন নিয়মিতরূপে কার্য্যে পরিণত করিবার বিধান করিবার নিমিত্ত।

এই আইনের সহিত সম্পর্ক না থাকিলে স্থাবর সম্পত্তিগত সমুদায় স্বত্ব সংরক্ষণের কথা।

১০৭ ধারা। এই আইনে প্রকারান্তরের স্পষ্টবিধান না থাকিলে, এই খণ্ডের কোন কথা ক্রমে এবং এই আইনমতে যাহা কিছু করা যায় তৎক্রমে স্থাবর সম্পত্তি বা তদন্তর্গত কোন স্বার্থ সম্পর্কে কোন ব্যক্তির স্বত্বের কোন হানি হইবে এরূপ জ্ঞান করিতে হইবে না।

তৃতীয় খণ্ড।

প্রদেশীয় পথের তহবীল সংস্থাপন ও তাহার কার্য্যের বিধান।

৮ অধ্যায়।—প্রদেশীয় পথের তহবীল সংস্থাপনের ও তাহার টাকা প্রয়োগের বিধি।

প্রদেশীয় পথের তহবীল সংস্থাপনের কথা।

১০৮ ধারা। পথকরের টাকা,

এবং এই আইনমত করের সম্পর্কে যে অর্থদণ্ড কিম্বা দণ্ডস্বরূপ কিম্বা প্রকারান্তরে যসকল টাকা আদায় করা যায় তাহা

এবং পূর্ত্তকার্য্য কর পথকরের সহিত একত্রে ধার্য্য করিবার ও আদায় করিবার ব্যয়পোষণার্থে পূর্ত্তকার্য্য-করের উৎপন্ন হইতে সাহায্যস্বরূপ বা প্রকারান্তরে গবর্ণমেণ্ট যে সকল টাকা দেন তাহা,

এবং পশ্চাল্লিখিত নিয়োগক্রমে প্রদেশীয় পথের কমিটীর হস্তে যে কোন টাকা দেওয়া যায় তাহা

লইয়া এই আইনমতে প্রত্যেক জিলার ডিষ্ট্রিক্ট রোড ফণ্ড অর্থাৎ প্রদেশীয় পথের তহবীল হইবে।

প্রদেশীয় পথের তহবীলের টাকা প্রয়োগের কথা।

১০৯ ধারা। প্রত্যেক জিলার প্রদেশীয় পথের তহবীলের টাকা নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত নিম্নলিখিতক্রমে প্রয়োগ

ing objects and in the following order —

Firstly —To the payment of the cost of establishments entertained and expenses incurred by the Collector as mentioned in section 91,

to the indemnification of the Collector with the sanction of the Commissioner, for any other costs or damages which he may have incurred, or for which he may have become liable, in the course of the proceedings for the assessment and collection of the cesses under this Act,

and to the payment of such sums as may be determined by the Lieutenant-Governor for the purposes mentioned in section 181, subject to the limit imposed in that section

Secondly —To the payment of establishments entertained and expenses incurred by the District Road Committee, for the purposes of this Act, and of any leave allowances, gratuities, or pensions which may be payable under this Act

Thirdly —To the payment of any sums which the Committee may under this Act from time to time have undertaken to pay as interest on capital expended on any works which may directly improve the means of communication within the district or between the district and adjacent districts

Fourthly —To the repair and maintenance of roads, bridges, water channels and other means and appliances for facilitating communications which have been taken charge of by the Committee under this Act, or towards which they may have agreed to contribute

Fifthly —To the construction of new roads, bridges, water channels and other means of communication,

to the construction provision, repair and maintenance of any means and appliances for facilitating communication within the district or between the district and adjacent districts which the Committee may determine to construct or to take charge of, or towards which they may determine to contribute,

to the planting of trees by the roadside, and to the construction and maintenance of any means and appliances for improving the supply of drinking-water, or for providing or improving drainage, and

Sixthly —To investment in any local debenture loans issued by the Government of India or the Lieutenant-Governor for the construction of productive works, which may directly improve the means of communication within the district, or between the district and adjacent districts,

Provided—

করা যাইবে।

(১) ৯১ ধারার উল্লিখিতমতে কালেক্টর সাহেব যে যে বন্দ রাখেন তাহার খরচ ও অন্য যে খরচা পড়ে তাহা দিবার নিমিত্ত,

এই আইনমত কর ধার্য্য ও আদায় করণার্থ আনুষ্ঠানিক কার্য্যকালে কালেক্টর সাহেব আর অন্য যে খরচ দিতে বা যে ক্ষতিপূরণ করিতে হয় বা যাহার জন্য তিনি দায়ী হন তৎ সম্বন্ধে কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক কালেক্টর সাহেবকে নিষ্কৃত দিবার নিমিত্ত,

এবং ১৮১ ধারার লিখিত কার্য্যার্থে ঐ ধারার নিয়মাধীনে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যত টাকা নিরূপণ করেন তাহা দিবার নিমিত্ত।

(২) এই আইনের কার্য্যপক্ষে প্রাদেশীয় পথের কমিটী যে বন্দোবস্ত রাখেন ও যে খরচ করেন তাহার ও এই আইনমতে দেয় ছুটীকালীন বৃত্তির বা পারিতোষিকের বা পেনশ্যনের টাকা দিবার নিমিত্ত।

(৩) যে কার্য্যদ্বারা কোন জিলার অন্তর্গত বর্ত্মাদির অথবা ঐ জিলা হইতে অন্য জিলায় যাতায়াত বর্ত্মাদির উৎকর্ষ সাধন হয় তাহার উপর ব্যয়িত মূলধনের সুদস্বরূপ যে টাকা দিতে উক্ত কমিটী এই আইনমতে সময়েং প্রতিজ্ঞা করিয়াছেন সেই টাকা দিবার নিমিত্ত।

(৪) যে সকল পথ ও সেতু ও পয়ঃপ্রণালী ও গমনাগমনের সুবিধাজনক যে সকল উপায় দি কমিটী এই আইনমতে আপন হস্তে গ্রহণ করিয়াছেন অথবা যন্নিমিত্ত তাঁহারা অর্থ সাহায্য করিতে সম্মত হইয়াছেন, তৎসমুদয় মেরামত ও রক্ষা করিবার নিমিত্ত।

(৫) নূতন পথ ও সেতু ও পয়ঃপ্রণালী ও গমনাগমনের অন্যান্য উপায় প্রস্তুত করিবার নিমিত্ত,

জিলার অন্তর্গত অথবা ঐ জিলা ও পার্শ্ববর্ত্তি জিলার মধ্যগত গমনাগমনের সুবিধা করণার্থে যে উপায়াদি কমিটী প্রস্তুত করিতে বা স্বহস্তে গ্রহণ করিতে সংকল্প করেন বা যন্নিমিত্ত অর্থ সাহায্য করিতে সংকল্প করেন, তাহার নির্ম্মাণ ও বিধান ও সংস্কার ও রক্ষা করিবার নিমিত্ত,

পথের ধারে বৃক্ষ বসাইবার নিমিত্ত, এবং পানীয় জল যোগানের উৎকর্ষসাধনার্থ এবং জল নিঃসরণের ব্যবস্থা করণার্থ বা উৎকৃষ্ট করণার্থ কোন উপায়াদি প্রস্তুত ও রক্ষা করিবার নিমিত্ত।

(৬) জিলার অন্তর্গত অথবা ঐ জিলা ও পার্শ্ববর্ত্তি জিলার মধ্যগত গমনাগমনের উপায়ের উৎকর্ষ সাধনার্থ ফলজনক পূর্ত্ত ব্যয় নির্ম্মাণোদ্দেশে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানীয় ঋণপত্র ক্রয় করিয়া রাখিবার নিমিত্ত।

কিন্তু—

(1)—that no sum shall be expended from the District Road Fund in the construction of any channel for the purposes of irrigation,

Provisoes

or for the purposes of drainage connected with any irrigation works in charge of public officers,

or for the improvement or maintenance of any water-channel on which tolls are levied, when the proceeds of such tolls are not paid into the District Road Fund,

(2)—that no part of the District Road Fund of any district shall be applied to the construction or maintenance of any road within any first or second class municipality under the Bengal Municipal Act, 1876, unless such road shall have been expressly excluded from the operation of the said Act under section 32 thereof, and

(3)—that no part of the District Road Fund of any district shall be expended on any work or for any purpose without the limits of such district, unless the special sanction of the Lieutenant-Governor to such expenditure shall have been obtained, as being for the benefit of the district charged

Committee may guarantee sums for District Road Fund as interest on capital

110. With the sanction of the Lieutenant-Governor, the Committee may from time to time undertake to guarantee the annual payment from the District Road Fund of such sums as they shall think fit, as interest on capital expended on any works which may directly improve the means of communication within the district, or between the district and other districts

Lieutenant-Governor may apportion costs of works extending over more than one district

111 Whenever any works to which any portion of the Road Fund of any district is applicable under the last preceding section extend over more than one district, the Lieutenant-Governor may decide the proportions in which the Road Fund of each district concerned shall contribute towards the cost or interest upon the cost of such works

CHAPTER IX.—*The District Road Committee*

Constitution of District Road Committee

112 For the administration of the District Road Fund, and for the construction, repair and maintenance of district roads, bridges, water-channels and other works as aforesaid under this Act, the Lieutenant-Governor shall from time to time appoint, or

উপবিধান।

(১) জলসেচন কার্য্যের কোন নালা প্রস্তুত করিবার নিমিত্ত,

অথবা রাজকীয় কার্য্যকারকের অধ্যক্ষতাধীন জলসেচন কার্য্য সংক্রান্ত জলনিঃসরণের কার্য্য নিমিত্ত,

অথবা যে পয়োনালায় টোল লওয়া যায় ও টোলের উৎপন্ন টাকা প্রদেশীয় পথের তহবীলে দেওয়া যায় না, সেই পয়োনালার উৎকর্ষসাধন ও রক্ষা করিবার নিমিত্ত, প্রদেশীয় পথের তহবীল হইতে কোন টাকা ব্যয় করা যাইবে না।

(২) বঙ্গদেশীয় মুনিসিপলবিষয়ক ১৮৭৬ সালের আইনমত প্রথম বা দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীর অন্তর্গত কোন পথ উক্ত আইনের ৩২ ধারামতে ঐ আইনের কার্য্য বহির্ভূত বলিয়া স্পষ্ট নির্দ্দেশ করা না গেলে, ঐ পথ প্রস্তুত বা রক্ষা করিবার নিমিত্ত প্রদেশীয় পথের তহবীলের কোন অংশ ব্যয় করা যাইবে না, এবং

(৩) যে জিলা হইতে টাকা লওয়া যায় সেই জিলার উপকারার্থ বলিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট ব্যয় করিবার বিশেষ অনুমতি পাওয়া না গেলে, ঐ জিলার বহির্ভূত স্থানের কোন কার্য্যে বা কোন উদ্দেশে ঐ জিলার প্রদেশীয় পথের তহবীলের কোন অংশ ব্যয় করা যাইবে না।

প্রদেশীয় পথের তহবীল হইতে মূলধনের সুদের টাকা দিতে কমিটীর অঙ্গীকারবদ্ধ হইতে পারিবার কথা।

১১০ ধারা। জিলার অন্তর্গত অথবা ঐ জিলা ও অন্য জিলার মধ্যগত গমনাগমনের উপায়ের উৎকর্ষ সাধনার্থ কোন কার্য্যে ব্যয়িত মূলধনের সুদস্বরূপ যত টাকা দেওয়া কমিটী উচিত বোধ করেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক, প্রদেশীয় পথের তহবীল হইতে বৎসরং তত টাকা দিবার নিমিত্ত সময়েং অঙ্গীকারবদ্ধ হইতে পারিবেন।

একাধিক জিলা ব্যাপিয়া কোন পূর্ত্তকার্য্য থাকিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের তাহার খরচ নিরূপণ করিয়া দিতে পারিবার কথা।

১১১ ধারা। পূর্ব্বধারামতে যে পূর্ত্তকার্য্যে কোন জিলার প্রদেশীয় পথের তহবীলের কোন অংশ প্রয়োগ করা যাইতে পারে, সেই পূর্ত্তকার্য্য একাধিক জিলা ব্যাপিয়া থাকিলে, ঐ কার্য্যে যে টাকা খরচ হয় ও ঐ টাকার যে সুদ হয়, তাহার পোষণার্থ কোন্ জিলার প্রদেশীয় পথের তহবীল হইতে কি পরিমাণে টাকা দেওয়া যাইবে তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থির করিবেন।

৯ অধ্যায়। প্রদেশীয় পথের কমিটীর কথা।

প্রদেশীয় পথের কমিটীর সংস্থিতির কথা।

১১২ ধারা। প্রদেশীয় পথের তহবীলের কার্য্য নির্ব্বাহার্থে এবং এই আইনমত পূর্ব্বোক্ত জিলার পথ ও সেতু ও পয়ঃপ্রণালী ও অন্যান্য কার্য্য প্রস্তুত ও মেরামত ও রক্ষা করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং সেই জিলার পথকরদাতা কএকজনকে কিম্বা তাঁহাদের কার্য্যাধ্যক্ষদিগকে কি গোমস্তাদিগকে প্রদে-

cause to be elected, under such rules in regard to qualification, election, and discharge, as may by him be prescribed, any number of the payers of road cess of such district, their managers or agents to be members of a District Road Committee

113 Every member of the Committee may hold office for five years from the date of his appointment or election, and the Lieutenant-Governor may at any time before the expiration of such term of five years accept the resignation of such member

Members may hold office for five years

Resignation of member

114 The Lieutenant Governor may remove any member appointed or elected under this Act, if such member shall have been guilty of misconduct in the discharge of his duties, or of any disgraceful conduct

Removal of member

115 Any member who, without having obtained permission from the Committee, shall have omitted to attend six consecutive meetings of the Committee,

and any member who shall have been sentenced to imprisonment,

shall cease to be a member of the Committee

Member who neglects to attend meetings or is sentenced to imprisonment, to cease to be member

116 In addition to the members appointed or elected as aforesaid, the Lieutenant-Governor may appoint any officer of Government to be a member of the Committee, and may direct, by a writing signed by him, that all persons holding the offices in such writing specified shall be *ex officio* members of the Committee for any district in which they exercise the said offices, and in which this Act shall have come into force,

Appointment of ex officio members

Provided that the number of members of the Committee holding salaried offices under the Government shall not be more than one-third of the total number of the Committee

Members holding salaried offices under Government not to exceed one third

117 No act or proceedings of the Committee shall be invalidated by reason that at the time of doing such act or taking such proceedings the number of members of the Committee as then existing, who were holding salaried offices under the Government, was greater than the proportion

Proceedings not to be invalidated by reason of excessive proportion of officials.

নীয় কমিটীর মেম্বর স্বরূপ নিযুক্ত করিবেন কিম্বা আপনি তাঁহাদের যোগ্যতা ও মনোনীত ও অবসর করণবিষয়ক বিধি করিয়া তাঁহাদিগকে সেই বিধমতে মনোনীত করাইবেন।

১১৩ ধারা। উক্ত কমিটীর প্রত্যেক মেম্বর নিযুক্ত বা মনোনীত হওয়ার তারিখ অবধি পাঁচ বৎসর স্বপদে থাকিতে পারিবেন, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ পাঁচ বৎসর গত হইবার পূর্ব্বে যে কোন সময়ে উক্ত মেম্বরের পদ ত্যাগপত্র গ্রহণ করিতে পারিবেন।

মেম্বর দর পাঁচ বৎসর পদস্থ থাকিতে পারিবার কথা।

মেম্বরের পদত্যাগের কথা।

১১৪ ধারা। এই আইন মতে নিযুক্ত বা মনোনীত কোন ব্যক্তি স্বকার্য্য সাধনকালে অসদাচরণ করিলে অথবা কোন কলঙ্কজনক কার্য্য করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাকে কর্ম্ম হইতে অবসর করিতে পারিবেন।

কোন মেম্বরকে অবসর করিবার কথা।

১১৫ ধারা। কোন মেম্বর কমিটীর অনুমতি না লইয়া কমিটীর ক্রমিক ছয় অধিবেশনে উপস্থিত না হইলে এবং কোন মেম্বরের প্রতি কারাদণ্ডের আজ্ঞা হইলে তিনি আর কমিটীর মেম্বর থাকিতে পারিবেন না।

কোন মেম্বর অধিবেশন কালে উপস্থিত হইতে উপেক্ষা করিলে অথবা কারাদণ্তাজ্ঞা প্রাপ্ত হইলে তাঁহার মেম্বরের পদে থাকিতে পারিবার কথা।

১১৬ ধারা। কমিটীর যে ব্যক্তিরা পূর্ব্বোক্তমতে নিযুক্ত কি মনোনীত হন, সেই২ ব্যক্তি ভিন্ন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারিকে কমিটীর মেম্বরের পদে নিযুক্ত করিবা আপনার স্বাক্ষরিত লিপিদ্বারা এই আজ্ঞা করিতে পারিবেন। এই আইন যেই২ জিলায় প্রচলিত করা যায় সেই২ জিলায় যাঁহারা ঐ লিপির নির্দ্দিষ্ট পদধারী হইয়া উক্ত জিলায় আপন২ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন তাঁহারাও আপন২ পদোপলক্ষে ঐ কমিটীর মেম্বর হইবেন।

যাঁহারা স্ব২ পদোপলক্ষে কমিটীতে থাকিবেন তাঁহাদের নিয়োগের কথা।

কিন্তু যে ব্যক্তিরা গবর্ণমেণ্টের অধীন বেতনবিশিষ্ট পদ ধারণ করিয়া উক্ত প্রদেশীয় কমিটী ভুক্ত হন তাহাদের সংখ্যা ঐ কমিটির মোট সংখ্যার তৃতীয়াংশের অধিক হইবে না।

গবর্ণমেণ্টের অধীন বেতনবিশিষ্ট পদধারী মেম্বরের সংখ্যা তৃতীয়াংশের অধিক না হইবার কথা।

১১৭ ধারা। কোন কর্ম্ম বা আনুষ্ঠানিক কার্য্য করিবার সময়ে যত জন মেম্বর কমিটী ভুক্ত থাকেন, তাঁহাদের মধ্যে গবর্ণমেণ্টের বেতনভোগি পদধারির সংখ্যা পূর্ব্বধারার লিখিত তৃতীয়াংশের অধিক হইলে, তন্নিমিত্ত কমিটীর ঐ কর্ম্ম বা আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ হইবে না, এবং কমিটীর কোন অধিবেশনে পূর্ব্বোক্তরূপ

রাজকর্ম্মচারিদের সংখ্যা অপেক্ষাকৃত অধিক হইলে আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

mentioned in the last preceding section, and no act or proceedings of any meeting shall be invalidated by reason of the proportion of members holding such salaried offices as aforesaid present at the same being greater than as provided by the said section

Their mode of transacting business

118 The Collector of the district shall be the Chairman of the Committee, and the Vice-Chairman shall be appointed as provided in section 129

Chairman and Vice Chairman of Committee

119 The Committee shall have an office within the district in and for which they shall have been appointed, and shall meet for the transaction of business at least once in every quarter of a year

Committee to have an office

120 There shall be two kinds of meetings for the transaction of business—namely, special meetings and ordinary meetings

Two kinds of meetings

121 Meetings of the following description shall be special meetings —

What are special meetings.

(1) Any meeting convened by the Chairman under section 123,

(2) For the election of a Vice-Chairman under section 129,

(3) For determining the salary of the Engineer under section 131,

(4) For the election of an Engineer under section 132,

(5) For determining the details of establishment, and the salaries to be attached to each office under section 133,

(6) For making rules for leave of absence under section 134, and for pensions and gratuities under section 138,

(7) For considering and passing the general statement under section 141 or any revised or supplemental statement under section 143,

(8) For preparing and framing an estimate of income and expenditure, and for determining the rate of road cess for the coming year under sections 146 and 148,

(9) For amending any such estimate under section 157,

(10) For receiving and considering the annual report and accounts under section 179

All other meetings shall be ordinary meetings

[*Government Gazette*, 1st *February* 1881.]

বেতন বিশিষ্ট পদধারী মেম্বরের সংখ্যা উক্ত ধারার নির্দ্দিষ্ট অংশ অপেক্ষা অধিক হইলে, তন্নিমিত্ত ঐ অধিবেশনের কোন কর্ম্ম বা আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ হইবে না

তাঁহাদের কর্ম্ম নির্ব্বাহ করিবার নিয়মের কথা।

১১৮ ধারা। জিলার কালেক্টর সাহেব কমিটীর সভাপতি হইবেন। প্রতিনিধি সভাপতি ১২৯ ধারার বিধানমতে নিযুক্ত হইবেন।

কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতির কথা।

১১৯ ধারা। কমিটী যে জিলায় ও যে জিলার নিমিত্ত নিযুক্ত হন সেই জিলায় তাঁহাদের কার্য্যালয় থাকিবে। সেই কার্য্যালয়ে তাঁহারা বৎসরের তিন২ মাসে ন্যূনকল্পে একবার কর্ম্মনির্ব্বাহ করিবার জন্যে সমাগত হইবেন।

কমিটীর কার্য্যালয় থাকার কথা।

১২০ ধারা। কর্ম্মনির্ব্বাহ করিবার নিমিত্ত দুই প্রকার অধিবেশন হইবে, অর্থাৎ, বিশেষ অধিবেশন ও নিয়মিত অধিবেশন।

দুইপ্রকার অধিবেশনের কথা।

১২১ ধারা। পশ্চাল্লিখিত প্রকারের অধিবেশনগুলি বিশেষ অধিবেশন হইবে।—

বিশেষ অধিবেশনের কথা।

After the appointment of any Branch Committee in a district, the Collector of the district shall in like manner keep a separate account of the fund placed at the disposal of such Branch Committee

171. All payments on account of the District Road Fund shall be made by the Collector out of the said fund upon cheques signed by the Vice Chairman for sums not exceeding one hundred rupees When the Vice-Chairman is absent, or from any cause incapacitated from signing, the Chairman may sign such cheques on behalf of the Vice-Chairman

Payments on account of the District Road Fund

Cheques for sums exceeding one hundred rupees shall be signed by the Chairman and the Vice-Chairman When the Vice-Chairman is absent or from any cause incapacitated from signing, such cheques shall be signed by any *ex-officio* member of the Committee other than the Chairman, on behalf of such Vice-Chairman

১৬৭ ধারা। উক্ত অনুমানপত্রের প্রতি ১৫০, ১৫১, ১৫২, ১৫৩, ও ১৫৭ ধারার বিধান, যত দূর বর্ত্তিতে পারে বর্ত্তিবে। কিন্তু কোন বৎসর শাখাকমিটীর ব্যয়ার্থে সর্ব্বসুদ্ধ যত টাকা নিরূপিত হয় তাঁহাদের সেই বৎসরের ব্যয়সমষ্টি উক্ত টাকার অধিক না হয়।

অনুমানপত্রের পরিসীমার কথা।

১৬৮ ধারা। জিলার যে অংশের নিমিত্ত কোন শাখা কমিটী নিযুক্ত করা যায়, সেই অংশ সম্বন্ধে প্রদেশীয় পথের কমিটীর পরিবর্ত্তে ঐ শাখা কমিটী ১১ অধ্যায়ের পশ্চাৎ লিখিত বা উল্লিখিত কোন কর্ম্ম সম্পাদন করিবেন, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কোন সময়ে এই আজ্ঞা করিতে পারিবেন।

১১ অধ্যায়ের লিখিত কর্ম্ম শাখাকমিটীর প্রতি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অর্পণ করিতে পারিবার কথা।

১৬৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কোন সময়ে কোন শাখা কমিটী সংস্থাপন সূচক আজ্ঞা অথবা শাখাকমিটীর প্রতি প্রদেশীয় পথের কমিটীর সম্পূর্ণ ক্ষমতা বা বিশেষ কোন ক্ষমতা প্রদানসূচক আজ্ঞা রহিত করিতে পারিবেন।

শাখা কমিটী সংস্থাপনসূচক আজ্ঞা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের রহিত করিতে পারিবার কথা

১১ অধ্যায়। প্রদেশীয় পথের তহবীলের ব্যয়ের ও হিসাবের কথা।

১৭০ ধারা। প্রদেশীয় পথের তহবীল কালেক্টর সাহেবের নিকট গচ্ছিত থাকিবে। তিনি তাহার স্বতন্ত্র হিসাব রাখিবেন এবং ঐ হিসাবের বার্ষিক বর্ণনাপত্র প্রস্তুত করাইবেন। পথকর সংক্রান্ত বৎসরে খাজানাখানা হইতে প্রদেশীয় পথের তহবীলের হিসাবে যত টাকা জমা ও খরচ হয় সেই পত্রে তাহার বিস্তারিত বর্ণনা লিখিবেন।

প্রদেশীয় পথের তহবীলের বর্ণনাপত্র কালেক্টর সাহেবের বৎসর২ প্রস্তুত করিবার কথা।

কোন জিলায় শাখা কমিটী নিযুক্ত করা গেলে উক্ত জিলার কালেক্টর সাহেব সেই প্রকারে ঐ কমিটীর ব্যয়ার্থ টাকার স্বতন্ত্র হিসাব রাখিবেন।

১৭১ ধারা। প্রদেশীয় পথের তহবীল হইতে টাকা দিতে হইলে যদি এক শত টাকার কম হয় তবে প্রতিনিধি সভাপতি চ্যাক স্বাক্ষর করিয়া দিলে কালেক্টর সাহেব ঐ তহবীল হইতে সেই টাকা দিবেন। প্রতিনিধি সভাপতির অনুপস্থানে কিম্বা তিনি কোন কারণে চ্যাক স্বাক্ষর করিয়া দিতে না পারিলে সভাপতি তাঁহার নিমিত্তে চ্যাক স্বাক্ষর করিতে পারিবেন।

প্রদেশীয় পথের তহবীল হইতে টাকা দিবার কথা।

একশত টাকার অধিক হইলে সভাপতি ও প্রতিনিধি সভাপতি চ্যাক স্বাক্ষর করিবেন। প্রতিনিধি সভাপতির অনুপস্থানে কিম্বা তিনি কোন কারণে চ্যাক স্বাক্ষর করিয়া দিতে না পারিলে, সভাপতি ছাড়া যে কোন ব্যক্তি কোন পদোপলক্ষে কমিটীর মেম্বর হন তিনি প্রতিনিধি সভাপতির পক্ষে স্বাক্ষর করিবেন।

The word "Chairman" in this section includes any officer for the time being in charge of the office of Chairman under a written order from the Chairman

সভাপতির লিখিত আজ্ঞামত তাঁহার আপিসের ভার তৎকালে যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয়, এই ধারায় "সভাপতি" শব্দে তাঁহাকেও বুঝাইবে।

Collector's monthly account

172 The Collector shall forward to the Vice-Chairman of every Committee, as soon as possible after the close of each month, an account of his receipts and disbursements on account of the District Road Fund during such month

কালেক্টর সাহেবের মাসিক হিসাবের কথা।

১৭২ ধারা। কালেক্টর সাহেব প্রতি মাসে প্রদেশীয় পথের তহবীলের যত টাকা জমা ও খরচ করেন তাহার পরমাসে যত শীঘ্র পারেন প্রত্যেক কমিটীর প্রতিনিধি সভাপতির নিকটে তাহার হিসাব পাঠাইবেন।

Accounts of Committee

173 Every Committee shall keep regular and detailed accounts of the moneys received or applied by them under the provisions of this Act and of their application, and such accounts shall be, at all convenient times, open to the inspection of all members of the Committee

কমিটীর হিসাবের কথা।

১৭৩ ধারা। কমিটী এই আইনের বিধানমতে যত টাকা পান ও যত টাকা প্রয়োগ করেন ও সেই টাকা যেহ কর্ম্মে প্রয়োগ হইল ইহার বিস্তারিত হিসাব নিয়মিত রূপে রাখিবেন। কমিটীর অন্তর্গত প্রত্যেক ব্যক্তি উপযুক্ত কোন সময়ে ঐ হিসাব দেখিতে পাইবেন।

Committee to appoint a Sub Committee to audit accounts

174 Every Committee shall appoint a standing Sub-Committee consisting of the Vice-Chairman and not less than two other members for the audit of their accounts, and the accounts of each month shall be laid before the Sub-Committee as soon as possible after the close of such month, whereupon the said Sub-Committee shall proceed to audit the said accounts in such manner as the Lieutenant-Governor may direct, and to pass or to amend and correct the said accounts as may be necessary, and to pass them as so amended and corrected

হিসাব পরীক্ষার্থে কমিটীর সব কমিটী নিযুক্ত করিবার কথা।

১৭৪ ধারা। প্রত্যেক কমিটী আপনাদের হিসাব পরীক্ষা নিমিত্ত প্রতিনিধি সভাপতি ও অন্যূন দুই জন মেম্বরকে লইয়া একটি স্থায়ী সব কমিটী নিযুক্ত করিবেন। প্রত্যেক মাসের হিসাব ঐ মাস শেষ হইবার পর যত শীঘ্র হইতে পারে সব-কমিটীতে দিতে হইবে। তাহা হইলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে উক্ত সব-কমিটী ঐ হিসাব পরীক্ষা করিতে প্রবৃত্ত হইবেন, এবং হয় ঐ হিসাব গ্রাহ্য করিবেন নয় প্রয়োজনমতে তাহা সংশোধন ও শুদ্ধ করিয়া সংশোধিত ও শুদ্ধ আকারে গ্রাহ্য করিবেন।

Sub Committee may call for vouchers and papers.

175 For the purposes of every audit and examination of accounts under this Act, such Sub-Committee shall have power to call for all vouchers and papers which they may require

সবকমিটীর বৌচর ও কাগজপত্র চাহিতে পারিবার কথা।

১৭৫ ধারা। এই আইনমত হিসাব পরীক্ষা ও পর্য্যবেক্ষণ করিবার অভিপ্রায়ে ঐ কমিটী আপনাদের প্রয়োজনমত সমুদয় বৌচর ও কাগজ পত্র চাহিতে পারিবেন।

and certify correctness of accounts

176 When such Sub-Committee shall have audited and passed the accounts of any month as above provided, they shall certify the result and the correctness of the accounts as passed by them in such form as the Lieutenant-Governor may direct

ও হিসাবের শুদ্ধতার সর্টিফিকেট দিতে পারিবার কথা।

১৭৬ ধারা। উপরি লিখিত বিধানমতে ঐ সব-কমিটী কোন মাসের হিসাব পরীক্ষা করিয়া গ্রাহ্য করিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে পাঠের আদেশ করেন সেই পাঠে তাঁহারা পরীক্ষার ফলের ও গ্রাহ্যকৃত হিসাবের শুদ্ধতার সর্টিফিকেট দিবেন।

Accounts to be submitted to officer directed by the Lieutenant-Governor

177 The accounts of each month audited, passed and certified as in the last preceding section provided, shall be submitted by the Committee, not later than the twenty-fifth day of the following month, to such officer as the Lieutenant-Governor may direct

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশমত কার্য্যকারকের নিকট হিসাব পাঠাইতে হইবার কথা।

১৭৭ ধারা। প্রত্যেক মাসের হিসাব পরীক্ষিত হইয়া গ্রাহ্য হইলে ও পূর্ব্ব ধারার বিধানমত তাহার সর্টিফিকেট দেওয়া গেলে, ঐ হিসাব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে কার্য্যকারকের নিকট পাঠাইবার আদেশ করেন কমিটী পরবর্ত্তী মাসের ২৫ তারিখে বা তৎপূর্ব্বে উহা সেই কার্য্যকারকের নিকট পাঠাইবেন।

178 As soon as possible after the close of each year, the Vice-Chairman of every Committee shall prepare a detailed account of the receipts and expenditure of the District Road Fund during such year, and also a report of the work done and in progress during such year, whether under the directions of the District Road Committee or of any Branch Committee other than a Branch Committee which has been vested with the full powers of a District Road Committee under section 165

Vice-Chairman to prepare account of receipts and a report

179 The annual accounts so prepared by the Vice-Chairman shall be examined and certified by the Sub-Committee of audit, and after such examination and certification, shall be laid with the said annual report before a special meeting of the Committee to be held within two months of the close of such year, and the Committee shall submit a copy of the said accounts with a similar report to the Commissioner for transmission to the Lieutenant-Governor, who shall cause such accounts, with an abstract of such report, together with such remarks as the Commissioner may have made thereon, to be published in the *Calcutta Gazette*

Accounts to be certified by Sub Committee and transmitted to Lieutenant Governor

180 Every District Road Committee may from time to time make and when made, alter, add to, or cancel bye-laws not inconsistent with the provisions of this Act, for all or any of the following purposes, that is to say —

The Committee may make bye laws with approval of Lieutenant Governor

(1) regulating the traffic and providing for the safety and convenience of passengers on any road, water-channel or other means of communication, under the charge of the Committee,

(2) providing for the preservation of such roads, water-channels and other means of communication, and of the trees planted by, or under the charge of, the Committee

On conviction before a Magistrate a fine may be imposed for the breach of any such bye laws, provided that no fine exceeds for any offence the sum of Rs 10, or, in the case of a continuing offence, the sum of Rs 2 for every day during which such offence is continued

Fines

Any bye-law so made, and every alteration of, addition to, and cancellation of, such bye law

১৭৮ ধারা। করসংক্রান্ত কোন বৎসরে প্রদেশীয় তহবীলের যত টাকা আয় ও যত টাকা খরচ হইল প্রতিনিধি সভাপতি তৎপর বৎসর যত শীঘ্র পারেন তাহার বিস্তারিত হিসাব প্রস্তুত করিবেন, এবং প্রদেশীয় পথের কমিটীর আজ্ঞাধীন হইয়া হউক অথবা ১৬৫ ধারামতে প্রদেশীয় পথের কমিটীর সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত শাখাকমিটী ভিন্ন অন্য কোন শাখা কমিটীর আজ্ঞাধীনেই হউক, ঐ বৎসর যে কার্য্য করা গিয়াছে বা চলিয়াছে তাহারও রিপোর্ট দিবেন।

প্রতিনিধি সভাপতির আয়ব্যয়ের হিসাব ও রিপোর্ট প্রস্তুত করিবার কথা।

১৭৯ ধারা। প্রতিনিধি সভাপতি উক্তরূপে যে, বার্ষিক হিসাব প্রস্তুত করেন তাহা হিসাবপরীক্ষক সবকমিটী পরীক্ষা করিয়া দেখিয়া সর্টিফিকেট দিবেন এবং পূর্ব্বোক্তমতে পরীক্ষা করিয়া দেখিয়া সর্টিফিকেট দেওয়া গেলে পর ঐ বৎসর শেষ হইবার সময় অবধি দুই মাস মধ্যে ঐ হিসাব উক্ত বার্ষিক রিপোর্টের সহিত কমিটীর বিশেষ অধিবেশনে দিতে হইবে, এবং কমিটী শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে প্রেরণ নিমিত্ত কমিশানর সাহেবের নিকট ঐ হিসাবের প্রতিলিপি এবং সেই প্রকারের রিপোর্ট পাঠাইবেন ও তদ্বিষয়ে কমিশানর সাহেবের মন্তব্য কথার যে লিপি পাওয়া যায় তৎসহিত সেই হিসাব ও রিপোর্টের চুম্বক শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে প্রকাশ করাইবেন।

সব কমিটী হিসাব বিষয়ে সর্টিফিকেট দিলে তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট পাঠাইতে হইবার কথা।

১৮০ ধারা। নিম্নলিখিত সমুদয় বা কোন কার্য্যের নিমিত্ত সময়ে২ প্রত্যেক প্রদেশীয় পথের কমিটী এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয় এরূপ উপবিধি প্রণয়ন করিতে পারিবেন ও প্রণীত হইলে তাহা পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত বা রহিত করিতে পারিবেন, অর্থাৎ,

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে কমিটীর উপবিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

(১) কমিটীর কর্ত্তৃত্বাধীনে যে কোন পথ বা জলপ্রণালী বা গমনাগমনের অন্য উপায় থাকে তাহার বাণিজ্যের বিধান ও যাত্রিদের নির্ব্বিঘ্নতা ও সুবিধা সম্পাদন নিমিত্ত।

(২) উক্ত পথ ও জলপ্রণালী ও গমনাগমনের অন্য উপায় এবং কমিটীর দ্বারা বা কর্ত্তৃত্বাধীনে যে সকল বৃক্ষ রোপণ করা যায় তাহা রক্ষা করিবার বিধান নিমিত্ত।

উক্তরূপ কোন উপবিধি লঙ্ঘন নিমিত্ত অর্থদণ্ড করা যাইতে পারিবে। কিন্তু কোন অপরাধে ১০৲ টাকার অধিক অর্থদণ্ড হইবে না, এবং ক্রমাগত অপরাধ হইতে থাকিলে, যত দিন অপরাধ হইতে থাকে তাহার দিন প্রতি ২৲ টাকার অধিক অর্থদণ্ড হইবে না।

অর্থদণ্ডের কথা।

উক্তরূপ কোন উপবিধি প্রণয়ন করিতে হইলে, অথবা তাহা পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত বা রহিত করিতে হইলে

shall require the sanction of the Lieutenant Governor,

and, on such sanction being given, such bye-law shall be published in the *Calcutta Gazette* and in the vernacular of the district, as the Lieutenant-Governor may direct,

Bye-laws to be published in Gazette

and on such publication such bye-law shall have the force of law

CHAPTER XII—*Miscellaneous*

181. The Lieutenant-Governor may from time to time direct that such establishments shall be entertained, and such expenses incurred, in the offices of the Board of Revenue of the Commissioners of Divisions, and of the Superintending Engineers, in any other office of control in any office of account, and in any treasury, or that such special officers shall be employed and such expenses incurred by them as may be necessary

Lieutenant-Governor may give directions as to establishments, expenses, &c.

for the exercise of proper control over the proceedings of the Collectors and District Road Committees and Branch Committees in the discharge of their duties under this Act,

for the proper examination and checking of estimates furnished and accounts kept under this Act, and for the proper audit of such accounts,

and for the performance of the duties connected with the cash transactions of the District Road Committees

and the Lieutenant-Governor may make rules providing for the recovery of the cost of the establishments so entertained, and the officers so employed, and of the expenses so incurred, from the several District Road Committees in such proportions as he may think fit,; provided that the total amount which any District Road Committee is required to pay under this section shall not in any year exceed two per centum on the income of such Committee for such year

PART IV

CHAPTER XIII—*General*

182. The Lieutenant-Governor may from time to time make, and when made, from time to time alter, add to, or cancel any rules not inconsistent with the provisions of this Act,

Lieutenant Governor empowered to prescribe forms and rules

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতির প্রয়োজন হইবে।

উক্ত অনুমতি প্রদত্ত হইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে প্রকারে আদেশ করেন সেই প্রকারে ঐ উপবিধি কলিকাতা গেজেটে ও জিলার চলিত ভাষায় প্রকাশ করা যাইবে।

উপবিধি গেজেটে প্রকাশ করিবার কথা।

উক্তরূপে প্রকাশ করা গেলে ঐ উপবিধি আইনতুল্য বলবৎ হইবে।

১২ অধ্যায়।—বিবিধ।

১৮১ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ আজ্ঞা করিতে পারিবেন যে, এই আইন মত কর্ম্ম সম্পাদন বিষয়ে কালেক্টর সাহেবদের ও প্রদেশীয় পথের কমিটী ও শাখা কমিটীদের কার্য্যের নিয়মিত তত্ত্বাবধান নিমিত্ত,

সেরেস্তা ও ব্যয়াদি বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ দিতে পারিবার কথা।

এই আইনমতে যে অনুমানপত্র দেওয়া ও হিসাব রাখা যায় তাহা নিয়মিতরূপে দেখিয়া মিলাইবার নিমিত্ত ও ঐ হিসাব নিয়মিতরূপে পরীক্ষা করিবার নিমিত্ত,

এবং প্রদেশীয় পথের কমিটীর নগদ টাকা সংক্রান্ত কর্ম্ম সম্পাদন নিমিত্ত,

যেরূপ আবশ্যক হয়, রেবিনিউ বোর্ডের ও খণ্ডের কমিশ্যনর সাহেবদের আফিসে ও তত্ত্বাবধান সম্বন্ধীয় অন্য কোন আফিসে ও হিসাব সংক্রান্ত কোন আফিসে ও কোন খাজানা খানায় সেইরূপ সেরেস্তা রাখিতে ও খরচ করিতে হইবে এবং সেইরূপ বিশেষ কার্য্যকারক নিযুক্ত করিতে ও সেইরূপ ব্যয় করিতে হইবে।

এইরূপে যে সেরেস্তা রাখা যায়, যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করা যায়, ও যে ব্যয় করা যায় তৎসংক্রান্ত খরচ নানা প্রদেশীয় পথের কমিটীর স্থানে যেরূপ ভাবহারিমতে আদায় করা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উচিত বোধ করেন, তাহার বিধান করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। কিন্তু এই ধারামতে কোন বৎসর কোন প্রদেশীয় পথের কমিটীর উপর মোট যত টাকা দিবার আদেশ হয়, তাহা কমিটীর ঐ বৎসরের আয়ের শতকরা দুই টাকার অধিক হইবে না।

৪ খণ্ড।

১৩ অধ্যায়।—সাধারণবিধি।

১৮২ ধারা। নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয় এরূপ বিধি সময়েং প্রণয়ন করিতে পারিবেন, এবং প্রণীত হইলে তাহা সময়েং পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত বা রহিত করিতে পারিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ফর্ম ও বিধি নির্দ্দিষ্ট করিতে পারিবার কথা।

(*a*) regulating the performance of the duties of the District Road Committees and Branch Committees, and of all persons employed under this Act, and in regard to the qualification, appointment, election and discharge of such person,

(*b*) prescribing the authorities by whom the execution of works of different classes respectively may be authorised and sanctioned,

(*c*) prescribing forms for the estimates, accounts, reports and statements required by this Act to be kept or made by the District Road Committee,

(*d*) prescribing forms of accounts to be kept by the Collector under this Act;

(*e*) providing for the submission and checking of any estimates or accounts and for the audit of such accounts as aforesaid,

(*f*) fixing the dates for payment of instalments of cess under sections 42 and 57,

(*g*) determining the amount of fees to be levied for supplying copies of proceedings of any District Road Committee or Branch Committee as provided in section 127,

(*h*) fixing the month in which the meeting mentioned in section 146 shall be held,

(*i*) and generally for the purposes of this Act

Such rules shall be published in the *Calcutta Gazette*, and shall thereupon have the force of law

---

SCHEDULE A

Form of Return prescribed by section 14.

Amount of Government revenue or rent payable by the estate or tenure Rs A P

PART 1

District

Name by which the estate or tenure is known, and the number which it bears on the Collector's general register, or on any other register kept by the Collector—

Details of lands in the actual occupation or cultivation of the person submitting the return.—

1	2	3	4	5
Pergunnah	Name of villages and thana in which the lands are situate.	Area of land.	Deduct area of land situate within any municipality	Annual value of remaining land.

Note.—*Only nijote lands and unculturable waste lands should be included in this Part.*

(ক) প্রদেশীয় পথের কমিটীর ও শাখা কমিটীর এবং এই আইনমতে নিযুক্ত সকল ব্যক্তির কর্ম্ম সম্পাদনের এবং ঐ ব্যক্তিদের যোগ্যতা নিরূপণ ও নিয়োগ ও মনোনীত করণ ও অবসর করণ বিষয়ের বিধান করিবার নিমিত্ত।

(খ) যেং কর্তৃপক্ষ ভিন্নং শ্রেণীর যেং কার্য্যসম্পাদনের ক্ষমতা ও অনুমতি দিতে পারিবেন তাহা নির্দ্দেশ করিবার নিমিত্ত।

(গ) এই আইনমতে প্রদেশীয় পথের কমিটীর যে অনুমানপত্র ও হিসাবপত্র ও রিপোর্ট ও বর্ণনাপত্র রাখিতে বা প্রস্তুত করিতে হইবে, তাহার পাঠ নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত।

(ঘ) এই আইনমতে কালেক্টর সাহেবের যে হিসাব রাখিতে হইবে তাহার পাঠ নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত,

(ঙ) কোন অনুমানপত্র বা হিসাব পাঠাইবার ও মিলাইয়া দেখিবার ও পূর্ব্বোক্তরূপ কোন হিসাবের পরীক্ষা করিবার বিধান করিবার নিমিত্ত।

(চ) ৪২ ও ৫৭ ধারামতে করের কিস্তির টাকা দিবার দিন ধার্য্য করিবার নিমিত্ত।

(ছ) ১২৭ ধারার বিধানমতে কোন প্রদেশীয়পথের কমিটীর বা শাখা কমিটীর কার্য্যবিবরণের নকল লইতে হইলে যত টাকা ফী দিতে হইবে তাহা নিরূপণ করিবার নিমিত্ত।

(জ) ১৪৬ ধারায় লিখিত অধিবেশন যে মাসে হইবে তাহা ধার্য্য করিবার নিমিত্ত।

(ঝ) এবং সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত।

এই সকল বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ও প্রকাশ করা গেলে আইন তুল্য বলবৎ হইবে।

A তফসীল।

১৪ ধারায় নির্দ্দিষ্ট রিটর্ণ লিখিবার পাঠ।

মহাল হইলে গবর্ণমেণ্টের রাজস্ব এত টাকা
তালুক প্রভৃতি হইলে খাজানা এত টাকা

---

১ খণ্ড।

জিলা

মহাল বা তালুক প্রভৃতি যে নামে খ্যাত এবং কালেক্টর সাহেবের সাধারণ রেজিষ্টরে বা কালেক্টর সাহেবের অন্য কোন রেজিষ্টর রাখিলে তাহাতে ঐ মহাল বা তালুক প্রভৃতির নম্বর।

যে ব্যক্তি রিটর্ণ দেন তাঁহার নিজ ভোগদখলের বা আবাদের ভূমির বর্ণনা।

১	২	৩	৪	৫
পরগণা।	যে গ্রামে ও থানায় ভূমি থাকে তাহার নাম।	ভূমির পরিমাণ।	মিউনিসিপাল সমাজের সীমার মধ্যে ভূমির এ কাংশ থাকিলে তাহার পরিমাণ বাদ যাবে।	অবশিষ্ট ভূমির বার্ষিক মূল্য।

মন্তব্য।—এই খণ্ডে কেবল নিজজোত ভূমি ও কৃষিকর্ম্মের অযোগ্য যে ভূমি পতিত আছে তাহাই ভুক্ত করিয়া দিতে হইবে।

PART II.

২ খণ্ড।

District

জিলা।

Name and number of estate or tenure as in Part I

১ খণ্ডের ন্যায় মহাল বা তালুক প্রভৃতির নাম ও নম্বর।

Details of lands held by cultivating ryots paying direct to the persons submitting the return —

যে ব্যক্তি রিটর্ণ দেন তাঁহাকে কৃষিকারি রায়তেরা ভোগদখল যে ভূমির খাজানা সাক্ষাৎ সম্বন্ধে দেওয়া যায় তাহার বর্ণনা।

1	2	3	4	5	6	7
Pargunnah	Name of village and thana in which the lands are situate.	Name of ryot name of village thana and district in which he resides.	Area occupied	Annual rent.	Deduct rent of land included in any municipality	Balance of net rent assessable

১	২	৩	৪	৫	৬	৭
পরগনা।	যে গ্রামে ও থানায় ভূমি আছে [illegible]	রায়তের নাম ও যে গ্রামে ও থানায় ও জেলায় সে বাস করে [illegible]	যে পরিমাণ ভূমি দখলে আছে।	বার্ষিক খাজানা।	ঐ মিউনিসিপালিটির অন্তর্গত ভূমির খাজানা বাদে।	বাকি যে খাজানার উপর কর ধার্য হইতে পারে।

PART III.

৩ খণ্ড।

District

জিলা।

Name and number of estate or tenure as in Part I

১ খণ্ডের ন্যায় মহালের বা তালুক প্রভৃতির নাম ও নম্বর।

Details of the tenure holders paying to the person submitting the return —

যে ব্যক্তি রিটর্ণ দেন তাঁহাকে যে তালুক প্রভৃতির ভোগাধিকারিরা খাজানা দেন তাঁহাদের বর্ণনা।

1	2	3	4	5	6	7	8
Name of tenure-holder and person paying rent for him borne on the books of holder of estate or tenure.	Name of village, thana, and district in which such person resides.	Name of village and thana in which tenure is situated	Name of village and thana in which mal cutcherry is situate	Area, if known	Annual rent paid by tenure-holder	Deduct rent of land included in any municipality	Balance of net rent assessable

১	২	৩	৪	৫	৬	৭	৮
মহালের বা তালুক প্রভৃতির কাগজপত্রে যাঁহার যে তালুক প্রভৃতির নাম থাকে ও তাঁহার নিমিত্ত যে ব্যক্তি খাজানা দিয়া থাকেন তাঁহাদের নাম।	উক্ত ব্যক্তি যে জিলার যে থানার যে গ্রামে বাস করেন।	তালুক প্রভৃতি যে গ্রামের ও থানার অন্তর্গত তাহার নাম।	খাস কাছারী যে গ্রামের ও থানার অন্তর্গত তাহার নাম।	পরিমাণ জানা থাকিলে তাহা।	তালুকদার প্রভৃতি বৎসর মত খাজানা দিয়া থাকেন।	মিউনিসিপালিটির সীমার অন্তর্গত ভূমির খাজানা বাদ।	বাকি যে খাজানার উপর কর ধার্য হইতে পারে।

PART IV

৪ খণ্ড।

District

জিলা।

Name and number of estate or tenure as in Part I

১ খণ্ডের ন্যায় মহাল তালুক প্রভৃতির নাম ও নম্বর।

Details of lands included in the estate or tenure of the person submitting the return which are

যে ব্যক্তি রিটর্ণ দেন তাঁহার মহালের কি তালুক প্রভৃতির অন্তর্গত যে ভূমি তদ্ভিন্ন অন্য লোকে

held by others than himself, but for which no rent is paid —

1	2	3	4	5	6	7
Pargunnah in which situate.	Name of village and thana in which situated	Name of holder, and owners, if known.	Name of village, thana, and district in which the holder resides.	Area, if known.	Deduct area of land included in any municipality	Annual value of remaining land.

I, X Y Z, do declare that the statements contained in the above return are true to he best of my knowledge, information, and belief.

——Signed——

N B —This return must be signed by the holder or his authorized agent, whose address must also be given

---

SCHEDULE B.

Form No I

Form of notice upon a revenue-paying estate or rent-paying tenure under Section 17.

District of

NOTICE UNDER SECTION 17 OF THE CESS ACT, 1880

The holders of estate or tenure (*description to be filled in*) in the district of and all others interested therein are hereby required to lodge in the office of the Collector of the said district a return, in the form hereunto annexed, of all lands comprised in such estate or tenure and the rents paid therefor Such return must be signed by such holder or his authorized agent, and be so lodged within the time mentioned below under a penalty of a daily fine which may amount to fifty rupees on each such holder for every day after the expiry of such time or of any extended time which may be allowed by the Collector on application made to him, until such return shall be lodged. Notice is hereby given that no rents due to the holders of the said estate (or tenure) can be recovered by suit after such time until such return be so lodged.

If the annual amount of revenue or rent payable on the estate or tenure to which this notice

ভোগ করে কিন্তু যাহার খাজানা নাই তাহার বর্ণনা।

১	২	৩	৪	৫	৬	৭
যে পরগণায় থাকে তাহার নাম।	যে গ্রামে যে থানায় থাকে তাহার নাম।	ভোগাধিকারির ও মালিকের নাম জানা থাকিলে তাহা।	যে জিলায় যে থানায় যে গ্রামে ভোগাধিকারী বাস করেন।	পরিমাণ জানা থাকিলে তাহা।	যে মিউনিসিপালিটির মধ্যে যত ভূমি থাকে তাহা বাদ।	বাকী ভূমির বার্ষিক মূল্য।

উক্ত রিটর্ণে যে বর্ণনা আছে তাহা আমার জ্ঞান ও সন্ধান ও বিশ্বাসমতে সত্য আমি শ্রীঅমুক ইহা ধর্ম্মতঃ কাহলাম।

স্বাক্ষর।

মন্তব্য।—এই রিটর্ণে ভূমির ভোগাধিকারির কিম্বা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর করিতে হইবে, এবং তাঁহার ঠিকানাও দিতে হইবে।

B তফসীল।

১ নং পাঠ।

রাজস্বদায়ি মহালের ও খাজানাদায়ি তালুক প্রভৃতির উপর ১৭ ধারামতে যে নোটিস দেওয়া যায় তাহার পাঠ।

অমুক জিলা।

কর বিষয়ক ১৮৮০ সালের আইনের ১৭ ধারামত নোটিস।

অমুক জিলার অন্তর্গত অমুক (এইস্থলে বর্ণনা লিখিতে হইবে) মহালের কিম্বা তালুক প্রভৃতির ভোগাধিকারিদিগকে ও তাহাতে অন্য যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদিগকে এই আজ্ঞা করা গেল। সেই মহালে বা তালুক প্রভৃতিতে যত ভূমি আছে ও তাহার নিমিত্ত যত খাজানা দেওয়া যায় তাঁহারা এতৎ সংযুক্ত পাঠে ইহার রিটর্ণ লিখিয়া উক্ত জিলার কালেক্টর সাহেবের কাছারীতে দিবেন। এই নোটিস পাইবার পর নিম্নলিখিত সময়ের মধ্যে কিম্বা উক্ত সময় অতীত না হইতে ঐ কালেক্টর সাহেবের স্থানে প্রার্থনা করিয়া অধিক সময় পাইলে সেই বর্দ্ধিত সময়ে উক্ত ভোগাধিকারির কিম্বা তাঁহার ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের সেই রিটর্ণে স্বাক্ষর করিয়া দিতে হইবে, না দিলে ঐ সময় কিম্বা বর্দ্ধিত সময় গত হইলে পর যত দিন তাঁহারা রিটর্ণ না দেন তত দিন তাঁহাদের দিন প্রতি পঞ্চাশ টাকা দণ্ড দিতে হইবে। ঐ সময়ের পর সেই রিটর্ণ উক্ত প্রকারে যত কাল না দেওয়া যায় তত কাল তাঁহারা মোকদ্দমা করিয়া উক্ত মহাল (বা তালুক প্রভৃতি) সম্পর্কে আপনাদের পাওনা খাজানা পাইতে পারিবেন না এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

যে মহাল বা তালুক প্রভৃতি সম্পর্কে এই নোটিস দেওয়া যায়, তাহার বার্ষিক রাজস্ব বা খাজানা ৫০০ টাকার

refers does not exceed Rs 500, the holders are required to lodge the return within six weeks of the service of this notice.

If such amount exceeds Rs 500, within three months of such service.

If for any good reason the holders will be unable to lodge the return within the time allowed, they should apply to the Collector for extension of such time.

(Sd) A. B,
Collector

COLLECTOR'S OFFICE,
Dated

N. B—To this notice shall be annexed forms of Parts I, II, III, and IV of the return which is mentioned in Schedule A

SCHEDULE B

FORM No II

Form of notice upon a revenue-free estate or rent-free tenure under Section 17.

District of

NOTICE UNDER SECTION 17 OF THE CESS ACT, 1880

The holder of the revenue-free estate or rent-free tenure (*description to be filled in*) in the district of and all others interested therein are hereby required to lodge in the office of the Collector of the said district, a return, in the form hereunto annexed, of all lands comprised in such estate or tenure Such return must be signed by such holder or his authorized agent, and be so lodged within the time mentioned below under a penalty of a daily fine which may amount to fifty rupees on each such holder for every day after the expiry of such time or of any extended time which may be allowed by the Collector on applicatin made to him until such return shall be lodged

Notice is hereby given that no rents due to the holders of the said estate (or tenure) can be recovered by suit after such time until such return be so lodged.

If the gross annual rental of the estate or tenure to which this notice refers does not exceed Rs 500, the holders are required to lodge the return within six weeks of the service of this notice

If the gross rental exceeds Rs. 500, within three months of such service

If for any good reason the holders will be unable to lodge the return within the time allowed, they should apply to the Collector for extension of such time.

(Sd) A B,
Collector

COLLECTOR'S OFFICE,
Dated

[*Government Gazette*, 1st *February* 1881]

অধিক না হইলে, এই নোটিস পাইবার তারিখ অবধি ছয় সপ্তাহ মধ্যে উক্ত ভোগাধিকারিরা রিটর্ণ দিবেন এই, আদেশ হইল।

উহা ৫০০ টাকার অধিক হইলে, তিন মাস মধ্যে রিটর্ণ দিবেন।

যে সময় দেওয়া গেল সেই সময়ের মধ্যে ভোগাধিকারিরা কোন বিশিষ্ট কারণে রিটর্ণ দিতে না পারিলে সময় বৃদ্ধি করিয়া লইবার নিমিত্ত কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিবেন।

কালেক্টরী কাছারী। (স্বাক্ষর) ক, খ,
তাং কালেক্টর।

মন্তব্য।—A তফসীলের লিখিত রিটর্ণের ১, ২, ৩ ও ৪ খণ্ডের পাঠ এই যে টিসের সঙ্গে দিতে হইবে।

B তফসীল।

২ নং পাঠ।

লাখেরাজ মহালের বা নিষ্কর তালুক প্রভৃতির উপর ১৭ ধারামতে যে নোটিস দেওয়া যায় তাহার পাঠ।

অমুক জিলা।

কর বিষয়ক ১৮৮০ সালের আইনের ১৭ ধারামত নোটিস।

অমুক জিলার অন্তর্গত অমুক (এইস্থলে বর্ণনা লিখিতে হইবে) লাখেরাজ মহালের বা নিষ্করতালুক-প্রভৃতির ভোগাধিকারিকে ও তাহাতে অন্য যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদিগকে এই আজ্ঞা করা গেল। সেই মহালে বা তালুক প্রভৃতিতে যত ভূমি আছে তাহার এতৎ সংযুক্ত পাঠে হহার রিটর্ণ লিখিয়া উক্ত জিলার কালেক্টর সাহেবের কাছারীতে দিবেন। এই নোটিস পাইবার পর নিম্নলিখিত সময়ের মধ্যে, কিম্বা উক্ত সময় অতীত না হইতে ঐ কালেক্টর সাহেবের স্থানে প্রার্থনা করিয়া অধিক সময় পাইলে সেই বর্দ্ধিত সময়ের মধ্যে, উক্ত ভোগাধিকারির কিম্বা তাঁহার ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের সেই রিটর্ণে স্বাক্ষর করিয়া দিতে হইবে। না দিলে ঐ সময় বা বর্দ্ধিত সময় গত হইলে পর যত দিন তাঁহারা রিটর্ণ না দেন তত দিন তাঁহাদের দিন প্রতি পঞ্চাশ টাকা অর্থদণ্ড দিতে হইবে।

ঐ সময়ের পর সেই রিটর্ণ উক্ত প্রকারে যত কাল না দেওয়া যায় তত কাল উক্ত ভোগাধিকারিরা মোকদ্দমা করিয়া উক্ত মহাল (বা তালুক প্রভৃতি) সম্পর্কে আপনাদের পাওনা খাজানা পাইতে পারিবেন না, এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

যে মহাল বা তালুক প্রভৃতি সম্পর্কে এই নোটিস দেওয়া যায়, তাহার বার্ষিক মোট খাজানা ৫০০৲ টাকার অধিক না হইলে, এই নোটিস পাইবার তারিখ অবধি ছয় সপ্তাহ মধ্যে উক্ত ভোগাধিকারিরা রিটর্ণ দিবেন, এই আদেশ হইল।

মোট খাজানা ৫০০৲ টাকার অধিক হইলে, তিন মাস মধ্যে রিটর্ণ দিবেন।

যে সময় দেওয়া গেল সেই সময়ের মধ্যে ভোগাধিকারিরা কোন বিশিষ্ট কারণে রিটর্ণ দিতে না পারিলে সময় বৃদ্ধি করিয়া লইবার নিমিত্ত কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিবেন।

কালেক্টরী কাছারী। (স্বাক্ষর) ক, খ,
তাং কালেক্টর।

N.B.—To this notice shall be annexed forms of Parts I, II, III and IV of the return which is mentioned in Schedule A.

SCHEDULE C

Form of Notice under Section 33

District of

NOTICE UNDER SECTION 33 OF THE CESS ACT, 1880.

The owner, chief agent, manager or occupier of (*give the name by which the concern or property is known*) situated in the district of is hereby required to lodge in the office of the Collector of of a return in the form hereunto annexed, showing the amount of land under cultivation at the date of this return in the said Such return must be signed by him and be lodged within the space of two months from the service of this notice (unless within the said two months such owner, chief agent, manager, or occupier obtain from the Collector an extension of the said space of two months), under penalty of a daily fine of fifty rupees for every day after the expiry of such period or extension thereof until such return shall be presented

Form of Return to be annexed to the notice

District

Details of lands acquired under any rules for the sale, lease, grant or clearance of waste lands, or held direct from Government and used for the cultivation of tea, coffee or cinchona, under the control of the persons submitting the return —

1	2	3	4	5	6	7
Districts	Parganahs and thanas	Designation by which the estate lot or grant is known, and the number it bears on any Register kept by the Collector	Name of owner agent manager or occupier	Entire area of land	Area or areas of lands under cultivation	Aggregate value at Rs. 10 per acre of land in column 5
In which the lands lie						

I, *X. Y. Z.*, do declare that the statements contained in the above return are true to the best of my knowledge, information and belief

Signed———

N. B.—This return must be signed by the owner, chief agent, manager or occupier.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

মন্তব্য।— A তফসীলের লিখিত রিটর্ণের ১, ২, ৩ ও ৪ খণ্ডের পাঠ এই নোটিসের সঙ্গে দিতে হইবে।

C তফসীল।

৩৩ ধারামত নোটিস লিখিবার পাঠ।

অমুক জিলা।

করবিষয়ক ১৮৮০ সালের আইনের ৩৩ ধারামত নোটিস।

অমুক জিলার অন্তর্গত অমুক সম্পত্তির (বিষয় বা সম্পত্তি যে নামে খ্যাত এই খানে তাহা দিবে) স্বামির বা প্রধান কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের বা দখিলকারের প্রতি এই আদেশ হইল। এই রিটর্ণের তারিখে সেই সম্পত্তির কত জমী চাষ হইতেছে এতৎসংযুক্ত পাঠে তাহা লিখিয়া অমুক জিলার কালেক্টর সাহেবের কাছারীতে দিতে হইবে। এই নোটিস পাইবার পর দুই মাসের মধ্যে কিম্বা সেই দুই মাসের মধ্যে উক্ত স্বামী বা প্রধান কর্ম্মকারক বা কার্য্যাধ্যক্ষ বা দখিলকার কালেক্টর সাহেবের স্থানে ঐ দুই মাসের অধিক সময় পাইলে সেই সময়ে তাঁহার ঐ রিটর্ণে স্বাক্ষর করিয়া দিতে হইবে। না দিলে, সেই দুই মাস কিম্বা সেই বর্দ্ধিত সময় গত হইলে পর যত দিন ঐ রিটর্ণ না দেওয়া যায় তত দিন দিন প্রতি তাঁহার পঞ্চাশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

নোটিস সংযুক্ত রিটর্ণ লিখিবার পাঠ এই।

জিলা

পতিত ভূমি বিক্রয় কি পাট্টা বিলি কি দান কি পরিষ্কার করিবার কোন বিধিমতে কিম্বা নিজ গবর্ণমেণ্ট হইতে প্রাপ্ত যে ভূমিতে এই রিটর্ণ লেখকদের তত্ত্বাধীনে চা বা কাফীর বা সিনকনার চাষ হইয়া থাকে সেই ভূমির বিস্তারিতবর্ণনা।

১	২	৩	৪	৫	৬	৭
যে জিলায়	যে পরগনায় ও থানায়	যে মহাল, লাট বা তালুকের নামে উক্ত ভূমি খ্যাত এবং কালেক্টর সাহেবের কোন রেজিষ্টরে তাহার যে নম্বর থাকে।	স্বামির বা কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের বা দখিলকারের নাম।	ভূমির সম্পূর্ণ পরিমাণ।	ভূমির যে বা যে পরিমাণ চাষ হইতেছে	৫ ঘরে যত ভূমিলেখা আছে, একর প্রতি ১০ টাকা হিসাবে সেই ভূমির মূল্য।
ভূমিথাকে।						

উপরি লিখিত রিটর্ণে যে বর্ণনা আছে তাহা আমার জ্ঞান ও সন্ধান ও বিশ্বাসমতে সত্য আমি শ্রী অমুক ইহা ধর্ম্মতঃ কহিলাম।

স্বাক্ষর

মন্তব্য।—এই রিটর্ণে স্বামির বা প্রধান কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের বা দখিলকারের স্বাক্ষর করিতে হইবে।

SCHEDULE D.

Form of notice under Section 52.

NOTICE TO HOLDERS OF LANDS HELD RENT-FREE UNDER SECTION 52 OF THE CESS ACT, 1880.

Notice is hereby given to all concerned that the lands specified in the annexed extracts from valuation-rolls of estates and tenures have been entered by the holders of such estates and tenures in the valuation returns of their estates and tenures under the Cess Act, 1880, and have been valued as shown in the extracts

Every owner and holder of any land entered in these extracts may appear before the Collector within one month of the publication of this notice, and may object to the amount at which his land has been valued

If no such objection is made, the owners and holders of lands will be bound to pay year by year to the holder of the estate or tenure in which his land has been entered the amount of road cess and public works cess calculated on the annual value of such land as entered in these extracts at the full rate which may be fixed for the year in the district

If any instalment of the cess due upon any of the lands included in these extracts is not paid to the holder of the estate or tenure on or before the date which the Lieutenant-Governor may fix for the payment of such instalment, the holder of the estate or tenure will be entitled to recover double the amount due with interest and all costs of suit

D তফসীল।

৫২ ধারামত নোটিসের পাঠ।

বিনা খাজানায় ভোগকৃত ভূমির ভোগাধিকারিদের প্রতি কর বিষয়ক ১৮৮০ সালের আইনের ৫২ ধারামত নোটিস।

যাঁহাদের কোন সম্পর্ক থাকে তাঁহাদিগকে এতদ্দ্বারা এই সংবাদ দেওযা যাইতেছে। মহাল ও তালুক প্রভৃতির মূল্য নিরূপণের ফর্দ্দ হইতে উদ্ধৃত অংশে যে ভূমি নির্দ্দিষ্ট হইল, তাহা উক্ত মহালের ও তালুক প্রভৃতির ভোগাধিকারিরা কর বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আপনাদের মহাল ও তালুক প্রভৃতির মূল্য নিরূপণের রিটর্ণ মধ্যে ধরিয়াছেন, এবং উদ্ধৃত অংশে যেরূপ প্রদর্শিত হইল ঐ ভূমির সেইরূপ মূল্যনিরূপণ হইয়াছে।

এই সকল রিটর্ণে যে কোন ভূমি ধরা গিয়াছে তাহার স্বামী ও ভোগাধিকারী এই নোটিস জারী হইবার তারিখ অবধি এক মাস মধ্যে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া তাঁহার ভূমির যত টাকা মূল্য ধার্য্য হইয়াছে তৎসম্বন্ধে আপত্তি করিতে পারিবেন।

উক্তরূপ আপত্তি না করা গেলে, যে মহালের বা তালুক প্রভৃতির মধ্যে ঐ ভূমি ধরা গিয়াছে, সেই মহালের বা তালুক প্রভৃতির ভোগাধিকারিকে উক্ত ভূমির স্বামির ও ভোগাধিকারির বৎসরং পথকরের ও পূর্ত্তকার্য্যকরের টাকা দিতে হইবে। এই সকল উদ্ধৃত অংশে ঐ ভূমির যে বার্ষিক মূল্য ধরা গিয়াছে, কোন বৎসর জিলায় যে হার ধার্য্য হয় সেই হারের পূর্ণমাত্রায় সেই বার্ষিক মূল্য ধরিয়া ঐ টাকার হিসাব করিতে হইবে।

এই সকল উদ্ধৃত অংশের মধ্যে যে কোন ভূমি ধরা গিয়াছে, তাহার করের কোন কিস্তির টাকা দিবার যে দিন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ধার্য্য করেন সেই দিনে বা তৎপূর্ব্বে ঐ কিস্তির টাকা ঐ মহালের বা তালুক প্রভৃতির ভোগাধিকারিকে না দেওয়া গেলে, ঐ মহালের বা তালুক প্রভৃতির ভোগাধিকারী মোকদ্দমার খরচ সহিত পাওনা টাকার দ্বিগুণ আদায় করিয়া লইতে পারিবেন।

SCHEDULE E

Form of notice under Section 72

District of

NOTICE UNDER SECTION 72 OF THE CESS ACT, 1880

The owner, chief agent, manager or occupier of the (*give the designation of the property*) situated in the district of is required to lodge in the office of the Collector of the district of a return in the form hereunto annexed, showing the net profits of the calculated on the average of the profits of the last three years for which accounts have been

E তফসীল।

৭২ ধারামতে যে নোটিস দেওয়া যাইবে তাহা লিখিবার পাঠ।

অমুক জিলা

করবিষয়ক ১৮৮০ সালের আইনের ৭২ ধারামত নোটিস।

অমুক জিলার অন্তর্গত অমুক সম্পত্তির (নাম দিতে হইবে) স্বামির কি প্রধান কর্ম্মকারকের কি কার্য্যাধ্যক্ষের কি দখিলকারের প্রতি এই আদেশ হইল। ভূতপূর্ব্ব যে তিন বৎসরের হিসাব প্রস্তুত করা গিয়াছে সেইং বৎসরের নিট লাভের গড় ধরিয়া এতৎ সংযুক্ত পাঠে রিটর্ণ লিখিয়া অমুকজিলার কালেক্টরী কাছারীতে দিবেন। নোটিস পাইবার পর দুই মাস মধ্যে কিম্বা সেই দুই মাসের মধ্যে কালেক্টর সাহেবের স্থানে অধিক সময় পাইলে সেই সময়ে তিনি কিম্বা তাঁহার

made up. Such return must be signed by him or his authorized agent, and be lodged within the space of two months from service of this notice, unless within the said two months an extension of the time allowed is obtained from the Collector

(Sd) A B,
Collector

COLLECTOR'S OFFICE,
Dated

Annexed Form of Return

District

Detail of yearly profits of mines, quarries, railways, and tramways, or other immovable property in the possession or under the control of the person submitting the return —

1	2	3	4
DISTRICTS	PARGANAHS	Name of holder or manager	Annual net profits per annum on the average of the last three years for which accounts have been made up
In which the property lies			

I, *X Y Z*, do declare that the statements contained in the above return are true to the best of my knowledge, information and belief

Signed————

N B—This return must be signed by the owner, chief agent, manager or occupier

SCHEDULE F

Form of notice under Section 99

District of

NOTICE UNDER SECTION 99 OF THE CESS ACT, 1880

The occupiers, tenure-holders, under-tenants and ryots on estate or tenure (*the estate, tenure or lands to be here clearly designated*) are hereby prohibited, until further order of the Collector, from making any payment of rent now or hereafter to become due from them in respect of any land comprised within such estate or tenure except to the Collector of the said district, or to (*name of person*) hereby appointed to receive the same The Collector will grant receipts for all sums paid, and such receipts will, under the provisions of the above Act, be a valid discharge to the extent of the sums covered by such receipts, for rent due, or hereafter to become due as above stated, by the holders of such receipts All payments, except to the Collector, until further order, will be null and void.

(Sd) A B,
Collector

W. E. H. FORSYTH,
Offg Asst Secy to the Govt of Bengal.

ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক তাহাতে স্বাক্ষর করিয়া অর্পণ করিবেন।

কালেক্টরী কাছারী। কালেক্টর।
তারিখ

এতৎ সংযুক্ত রিটর্ণের পাঠ।

জিলা।

যিনি রিটর্ণ দেন তাঁহার দখলে বা কর্ত্তৃত্বাধীনে যে ধাতুর ও পাত্থরের খনি ও রেলওয়ে ও ট্রামওয়ে বা অন্য স্থাবর সম্পত্তি থাকে তাহার বার্ষিক লভ্যের বিস্তারিত বর্ণনা।

১	২	৩	৪
যেং জিলায়	যেং পরগনায়	ভোগাধিকারির বা কার্য্যাধ্যক্ষের নাম।	ফুত পূর্ব্ব তিন যে বৎসরের হিসাব প্রস্তুত করা গিয়াছে সেই তিন বৎসরের গড় ধরিয়া বার্ষিক নিট লভ্য।
সম্পত্তি থাকে।			

উপরিলিখিত রিটর্ণে যে বর্ণনা আছে তাহা আমার জ্ঞান ও সন্ধান ও বিশ্বাসমতে সত্য আমি শ্রীঅমুক ইহা ধর্ম্মতঃ কহিলাম।

স্বাক্ষর।

মন্তব্য।—এই রিটর্ণে স্বামির বা প্রধান কর্ম্মকারকের বা কার্য্যাধ্যক্ষের বা দখিলকারের স্বাক্ষর করিতে হইবে।

F তফসীল।

৯৯ ধারামত নোটিস লিখিবার এই পাঠ।

অমুক জিলা।

করবিষয়ক ১৮৮০ সালের আইনের ৯৯ ধারামত নোটিস।

অমুক (এই স্থানে মহাল, তালুক প্রভৃতি বা ভূমির স্পষ্ট বর্ণনা লিখিতে হইবে) মহালের কিম্বা তালুক প্রভৃতির দখিলকারদের ও তালুকদার ও পেটাও প্রজা ও রায়তদের প্রতি এই নিষেধ হইল। উক্ত মহালের বা তালুক প্রভৃতির অন্তর্গত কোন ভূমির নিমিত্ত তাঁহাদের যে খাজানা দেনা আছে বা পরে দেনা হয় তাহা উক্ত জিলার কালেক্টর সাহেবকে কিম্বা এতৎ ক্রমে নিযুক্ত অমুক (নাম দিতে হইবে) ব্যক্তিকে দেন ও কালেক্টর সাহেবের আজ্ঞা না পাইলে অন্য কাহাকে না দেন। উক্ত টাকা পাইলে কালেক্টর সাহেব রসীদ দিবেন, এবং ঐ রসীদ যে ব্যক্তি পান তাঁহার যে খাজানা দেনা থাকে বা হয় তৎসম্পর্কে উক্ত আইনের বিধানমতে ঐ রসীদ অমোঘ মুক্তিপত্র হইবে। কালেক্টর সাহেবের আজ্ঞা না পাইয়া অন্য কোন ব্যক্তিকে খাজানা দিলে তাহা ব্যর্থ ও অসিদ্ধ হইবে।

কালেক্টর।

ডবলিউ, ই, ফরসাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 1, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।

PART VII

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

NOTIFICATION

The following rules, made by the High Court of Judicature at Fort William in Bengal for the guidance of Courts in the exercise of their duties under Section 287 of the Code of Civil Procedure, are published for general information

C A WILKINS, *Officiating Registrar*

FORT WILLIAM, the 29th June 1880

RULES

N B—These rules do not apply to sales of under-tenures held in pursuance of Sections 59, 60 of Act VIII (B C) of 1869

1 Whenever a Court, in the execution of a decree, shall make an order for the sale of any property under Section 284 of the Code, it shall at the same time fix an early day, not being distant more than ten days, for settling the proclamation of sale, of which day notice shall be given to the party or parties applying for the order of sale, and also to the judgment-debtor or judgment-debtors, or his or their respective vakils

2 When immoveable property is under attachment in execution of a decree, the party applying for the order of sale, or, if more than one, then one of them, shall, before he makes his application, cause search to be made in the office or offices of the Registrar or Sub-Registrars of Deeds, within whose circle or circles the property is situate, with a view to ascertain whether such property is subject to any, and, if so, what encumbrances, and he shall also procure an extract from the register kept by the Collector under Act VII (B C) of 1876 if the immoveable property to be sold be the property of a proprietor as defined by the last-mentioned Act

3 Every application for an order for the sale of property in execution, whether moveable or immoveable, shall be supported by an affidavit to be made by the applicant or by some other person acquainted with the facts of the case, and to be verified in the manner prescribed by the Code for the verification of plaints, which affidavit shall state everything, known or believed by the deponent to exist, which relates to the nature or affects the value of the property to be sold, and, if the deponent has no knowledge or belief on either of these matters, he shall in his affidavit state to the effect that, after making due enquiry into the matter, he has no knowledge or belief respecting the existence of either of such matters Furthermore, whenever the application is for the sale of immoveable property, the deponent shall state the result of the search hereinbefore directed to be made in the Registrar's Office or offices, and shall also, if the property is a revenue-paying or rent-paying estate, state the revenue or rent payable in respect of such property, and if the immoveable property belong to a proprietor within the meaning of Act VII (B C) of 1876, he shall also append to his affidavit the extract from the Collector's register, which by the preceding rule he is directed to procure

4 The Court may, if for good reason dissatisfied with the affidavit of any deponent made under the second of these rules, require from such deponent a further affidavit respecting the matters as to which he is by that rule required to make an affidavit, and, if the deponent is other than the party at whose instance the application for an order of sale is made, the Court may also for good reason require such last-mentioned party himself to make an affidavit respecting any of such matters

5 On the day fixed for the settling of the proclamation, the Court shall enquire into the matters necessary to be specified therein and shall, after perusing the affidavit or affidavits and examining any witnesses whom it may have thought necessary to summon, or whom, being present without being summoned, it may have thought necessary to examine, and after considering any document which it may have required to be produced, settle the proclamation of sale, specifying, as fairly and accurately as possible the matters required by Section 287 of the Code to be specified, and the proclamation when so settled shall be signed by the judicial officer settling the same

[*Government Gazette*, 1st *February* 1881]

ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত

সরকুলর অর্ডর।

বিজ্ঞাপন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারামতে কর্ম্ম করিবার সময়ে আদালত সমূহের উপদেশার্থ বঙ্গদেশের ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত নিম্নলিখিত বিধি সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।

ফোর্ট উইলিয়ম,　　　　　　　　　　সি, এ, উইলকিন্স,

১৮৮০ সাল ২৯ জুন।　　　　　　　　　একটিং রেজিষ্ট্রার।

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারামতে কর্ম্ম করিবার সময়ে আদালত সমূহের উপদেশার্থ এই বিধি ১৮৮০ সালের ২৯ জুন তারিখের বিজ্ঞাপনের সহিত ১৮৮০ সালের ৭ জুলাইর কলিকাতা গেজেটে ও ১০ জুলাইর আসাম গেজেটে প্রকাশিত হয়।

মন্তব্য।—১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ৫৯ ও ৬০ ধারামতে পেটাও তালুক নীলামের প্রতি এই বিধি বর্ত্তে না।

১। যখন কোন আদালত ডিক্রীজারীক্রমে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৪ ধারামতে কোন সম্পত্তি নীলাম হইবার আজ্ঞা করেন, সেই সময়েই নীলামের ঘোষণাপত্র স্থির করিবার নিমিত্ত দশ দিনের অনধিক কালের মধ্যে একটিদিন অবধারিত করিবেন, যে ব্যক্তি বা ব্যক্তিরা নীলামের আজ্ঞা প্রার্থনা করেন তাঁহাকে বা তাঁহাদিগকে এবং ডিক্রীমত খাতককে বা খাতকদিগকে অথবা তাঁহার বা তাঁহাদের উকীলদিগকে ঐ দিনের নোটিস দেওয়া যাইবে।

২। স্থাবর সম্পত্তি ডিক্রীজারীক্রমে ক্রোক হইলে, যে ব্যক্তি নীলামের আজ্ঞা হইবার প্রার্থনা করেন তিনি, কিম্বা তদ্রূপ একাধিক ব্যক্তি থাকিলে তন্মধ্যে একজন উক্ত প্রার্থনা করিবার পূর্ব্বে যে বা যে২ দলীলাদির রেজিষ্ট্রারের বা সব রেজিষ্ট্রারের চক্রের মধ্যে ঐ সম্পত্তি থাকে তাঁহার বা তাঁহাদের আফিসে ঐ সম্পত্তির উপর কোন দায় আছে কি না এবং যদি থাকে কিরূপ দায় আছে, ইহার অনুসন্ধান লওয়াইবেন, এবং যে স্থাবর সম্পত্তি বিক্রীত হইবে, তাহা ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমত ভূম্যধিকারির সম্পত্তি হইলে, উক্ত আইনমতে কালেক্টর সাহেব যে রেজিষ্টর রাখেন সেই রেজিষ্টর হইতে ঐ সম্পত্তি সংক্রান্ত উদ্ধৃত কথাও সংগ্রহ করিবেন।

৩। অস্থাবর হউক বা স্থাবর হউক, ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি বিক্রয় হইবার প্রত্যেক প্রার্থনাপত্র আফিডেবিট দ্বারা সমর্থন করিতে হইবে। প্রার্থক বা মোকদ্দমার বৃত্তান্ত যাঁহার জানা আছে এমন কোন ব্যক্তি ঐ আফিডেবিট দাখিল করিবেন এবং উক্ত আইনে আবেদনপত্রে যেরূপ সত্যপাঠ লিখিয়া দিবার প্রণালী নির্দ্দিষ্ট আছে সেই প্রণালীমতে উক্ত আফিডেবিটে সত্যপাঠ লিখিতে হইবে। যে সম্পত্তি বিক্রীত হইবে সেই সম্পত্তির প্রকৃতিগত বা মূল্যসংক্রান্ত যাহা কিছু আফিডেবিটকারী জানেন বা বিশ্বাস করেন, আফিডেবিটে তাহা লেখা থাকিবে, এবং এই ত্রুটির কোন বিষয়ে তাঁহার কোনরূপ জ্ঞান বা বিশ্বাস না থাকিলে, তিনি আফিডেবিটে এই মর্ম্মের কথা লিখিবেন, যথা, এই বিষয়ে যথাযোগ্য অনুসন্ধান করিয়া এই বিষয়ের কোনটি সম্বন্ধে কোন জ্ঞান বা বিশ্বাস লাভ করিতে পারি নাই। স্থাবর সম্পত্তি বিক্রয়ের প্রার্থনাপত্র হইলে রেজিষ্ট্রারের আফিস বা আফিস সমূহে পূর্ব্বনির্দ্দিষ্ট অনুসন্ধান করিয়া যেরূপ ফল পাইয়াছেন, আফিডেবিটকারী তাহার উল্লেখ করিবেন, এবং ঐ সম্পত্তি রাজস্বদায়ি বা খাজানাদায়ি মহাল হইলে, ঐসম্পত্তি সম্বন্ধে যত রাজস্ব বা খাজানা দিতে হয় তাহারও উল্লেখ করিবেন, আর ঐ স্থাবর সম্পত্তি ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের মর্ম্মানুযায়ী ভূম্যধিকারির সম্পত্তি হইলে, পূর্ব্ব ধারায় কালেক্টর সাহেবের রেজিষ্টরের যে উদ্ধৃত কথা সংগ্রহ করিতে তাঁহার প্রতি আদেশ আছে, তিনি আপনার আফিডেবিটে সেই কথাও যোগ করিয়া দিবেন।

৪। এই বিধির দ্বিতীয় ধারামতে কোন আফিডেবিটকারী যে আফিডেবিট করেন, আদালত বিশিষ্ট কারণে তাহাতে সন্তুষ্ট না হইলে, আফিডেবিটকারির প্রতি উক্ত ধারামতে যে বিষয় সম্বন্ধে আফিডেবিট করিবার আদেশ হয়, সেই বিষয় সম্বন্ধে আর এক খান আফিডেবিট দাখিল করিবার নিমিত্ত তাঁহার প্রতি আদেশ করিতে পারিবেন, এবং যে ব্যক্তির অনুরোধক্রমে নীলামের আজ্ঞা হইবার প্রার্থনা করা যায়, আফিডেবিটকারী তদ্ভিন্ন অন্য ব্যক্তি হইলে, আদালত বিশিষ্ট কারণে প্রথমোক্ত ব্যক্তিকে স্বয়ং তদ্রূপ কোন বিষয় সম্বন্ধে আফিডেবিট লিখিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

৫। ঘোষণাপত্র স্থির করিবার অবধারিত দিনে, তাহাতে যে২ বিষয় নির্দ্দেশ করিবার প্রয়োজন আদালত তাহার অনুসন্ধান লইবেন এবং আফিডেবিট বা আফিডেবিট সমূহ পাঠ করিয়া এবং যে কোন সাক্ষিকে সমন করা আবশ্যক বোধ করেন কিম্বা সমন বিনা উপস্থিত থাকায় যাহার সাক্ষ্য লওয়া আবশ্যক বোধ করেন তাহার সাক্ষ্য লইয়া, এবং যে কোন দলীল উপস্থিত করিবার আদেশ দিয়া থাকেন তাহা বিবেচনা করিয়া, যেখানে, নীলামের ঘোষণাপত্র স্থির করিবেন তাহাতে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারায় যে২ বিষয় নির্দ্দেশ করিবার আদেশ থাকে, যত দূর সম্ভব স্পষ্ট ও বিশুদ্ধরূপে সেই২ বিষয় নির্দ্দেশ করিবেন, এবং বিচার সংক্রান্ত যে কর্ত্তৃপক্ষ ঘোষণা পত্র স্থির করেন তিনি উক্তরূপে স্থিরীকৃত ঘোষণাপত্রে স্বাক্ষর করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

6 If, when the proclamation is being settled, any of the parties to the suit in which the decree was passed is present, he shall be at liberty to put any relevant questions to any witness who may be examined by the Court, whether that witness be a party to the suit or not, and may also cross-examine such witness, if such witness gives evidence hostile to the interests of the examining party

7 Every person examined by the Court shall be sworn or affirmed, and a short note or memorandum of his evidence shall be taken down by the Court

8 The Court may for good reason from time to time adjourn the settling of the proclamation, provided that no such adjournments shall be for longer than a week at a time, and that the entire time consumed by such adjournments shall not exceed four weeks

9 The costs of the searches, affidavits, and proceedings upon the settlement of the proclamation of sale shall be paid, in the first instance, by the judgment-creditor or creditors, but he or they, as the case may be, shall be at liberty to recover them as part of the costs of execution, unless the Court, for reasons to be specified in writing, should consider that the judgment-creditor or creditors should be deprived either wholly or in part of the first-mentioned costs, or should pay the costs of the judgment-debtor or judgment-debtors in the event of the latter appearing, when the proclamation is settled

10 In case the applicant for sale has been admitted to sue as a pauper, the costs first mentioned in the preceding rules shall, on the application of the pauper, be in the first instance paid by Government, but shall be recovered as part of the costs of execution and in the manner provided by Section 411 of the Code of Civil Procedure

11 If, after the sale-proclamation has been published, any written communication regarding the property to be sold shall be received by the Court, which it considers material for purchasers to know, the Court shall cause the same to be read out when the property is put up for sale

12 Subject to the proviso in Section 269 of the Code of Civil Procedure, sales of property in execution of decrees in the several Courts of each district (not being Courts of Small Causes) shall be held and commence at a certain day in each month, such day to be fixed by the District Judge or other principal Judge in the district, as regards his own Court and all other Courts sitting at the same place as his own, but as regards subordinate Courts sitting at other places within his district, he shall fix the day in consultation with the Judges of those Courts Provided that where two or more of such Courts are stationed in the same place, the District Judge may fix the time for sales in consultation with only one of them

13 All property to be sold at each place of sale shall be entered in lists for each place, the lists of moveable and of immoveable property being distinct The lists shall be so prepared as to contain, in regular order, each item of property to be sold in execution of the decrees of each Court severally, and shall be stuck up in the Courts where the sales are to be held not less than seven days before the date fixed for the commencement of each set of sales

14 At the stated hour upon each fixed date the sales shall be commenced, and shall be carried on in the order stated in the lists above mentioned No sale shall continue after sunset, but the sales shall be held from day to day, except when the Court is closed and until the lists are finished Provided that this rule shall not interfere with the adjournment of any particular sale according to law

15 The same days shall not ordinarily be fixed for the sale of movable and of immovable property

16 Except as regards property of the kind mentioned in the next succeeding rule, sales in execution of decrees for all courts sitting in sudder stations shall be held in the Court of the District Judge or other chief judicial officer If, in other places, there are two or more subordinate Courts, all the sales in that place shall be held in such one of the Courts as may be selected by the District Judge Where there is only one Court, the sales shall be held in that Court Provided that the Court executing a decree may, if it see fit for reasons to be specified in writing, direct in the interest of the parties that the sale be held at any other time and place within its jurisdiction, and, when acting under this last-

৬। যৎকালে ঘোষণাপত্র স্থিরীকৃত হইতেছে, যে মোকদ্দমার ডিক্রী হয় সেই মোকদ্দমায় কোন পক্ষ তৎকালে উপস্থিত থাকিলে আদালত যে সাক্ষির সাক্ষ্য লন, সেই সাক্ষী মোকদ্দমার কোন পক্ষ হউক বা না হউক, তাহাকে প্রাসঙ্গিক কোন প্রশ্ন করিতে পারিবেন, এবং ঐ সাক্ষী পরীক্ষাকারী পক্ষের বিরুদ্ধ সাক্ষ্য দিলে, তাহার কূটপরীক্ষাও করিতে পারিবেন।

৭। আদালত যে প্রত্যেক ব্যক্তির সাক্ষ্য লন সেই ব্যক্তি শপথপূর্ব্বক বা ধর্ম্মত, সাক্ষ্য দিবে, এবং তাহার সাক্ষ্যের সংক্ষিপ্ত বিবরণ বা মর্ম্মাত্মক লিপি আদালত লিখিয়া রাখিবেন।

৮। আদালত বিশিষ্ট কারণে সময়েং ঘোষণাপত্র স্থির করা মুলতবি রাখিতে পারিবেন কিন্তু এককালীন এক সপ্তাহের অধিক মুলতবি রাখিতে পারিবেন না, এবং মুলতবি রাখাতে যে সময় অতিবাহিত হয় তাহা সর্ব্বসুদ্ধ চারি সপ্তাহের অধিক হইবে না।

৯। অনুসন্ধানের, আফিডেবিটের, এবং নীলামের ঘোষণাপত্র স্থির করিবার আনুষ্ঠানিক কার্য্যের খরচ প্রথমতঃ ডিক্রীমত মহাজন বা মহাজনেরা দিবেন, কিন্তু তিনি বা স্থল বিশেষে তাঁহারা ডিক্রীজারীর খরচার অংশস্বরূপ তাহা আদায় করিয়া লইতে পারিবেন। পরন্তু যদি আদালত লিখিয়া কারণ নির্দ্দেশ পূর্ব্বক বিবেচনা করেন যে ডিক্রীমত মহাজন বা মহাজনেরা সম্পূর্ণরূপে বা অংশতঃ প্রথমোক্ত খরচা পাইবেন না অথবা ঘোষণাপত্র স্থির করিবার সময়ে ডিক্রীমত খাতক বা খাতকেরা উপস্থিত হইলে তাহার বা তাহাদের খরচা দিবেন, তাহা হইলে উক্ত মহাজন বা মহাজনেরা ঐ খরচা আদায় করিয়া লইতে পারিবেন না।

১০। নীলামের প্রার্থিক পাঁপরস্বরূপ মোকদ্দমা করণার্থ গৃহীত হইয়া থাকিলে, পূর্ব্বং ধারার প্রথমোল্লিখিত খরচা পাঁপরের প্রার্থনানুসারে গবর্ণমেণ্ট প্রথমতঃ দিবেন, কিন্তু ডিক্রীজারীর খরচার অংশস্বরূপ দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪১১ ধারার বিধানমতে আদায় করা যাইবে।

১১। নীলামের ঘোষণাপত্র প্রচার করা গেলে পর, আদালত খরিদারদের যাহা জানা প্রয়োজনীয় বলিয়া বোধ হয় বিক্রেয় সম্পত্তি সম্বন্ধে এরূপ কোন পত্র পাইলে, তাহা ঐ সম্পত্তি নীলামে দিবার সময়ে পাঠ করাইবেন।

১২। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৯ ধারার উপবিধির নিয়মাধীনে ছোট আদালত ছাড়া প্রত্যেক জিলার ভিন্নং আদালতে ডিক্রীজারীক্রমে সম্পত্তির নীলাম প্রত্যেক মাসে নির্দ্দিষ্ট দিনে করা ও আরম্ভ করা যাইবে। জিলার জজ সাহেব কিম্বা জিলার অন্য প্রধান বিচারপতি আপনার আদালতের সম্বন্ধে এবং আপনার আদালত যে স্থানে আছে সেই স্থানের অন্য আদালত সম্বন্ধে উক্ত দিন অবধারিত করিবেন, কিন্তু তিনি জিলার অন্য স্থানে অধিবিষ্ট অধীন আদালত সম্বন্ধে, তিনি ঐং আদালতের বিচারপতিদের সহিত পরামর্শ করিয়া দিন অবধারিত করিবেন। পরন্তু একই স্থানে দুই কিম্বা তদধিক উক্তরূপ আদালত থাকিলে, জিলার জজ সাহেব কোন এক আদালতের সহিত পরামর্শ করিয়া নীলামের সময় অবধারিত করিতে পারিবেন।

১৩। প্রত্যেক স্থানে যে সম্পত্তি বিক্রীত হইবে ঐ স্থানের নিমিত্ত ফর্দ্দে তাহা লেখা যাইবে। অস্থাবর ও স্থাবর সম্পত্তির স্বতন্ত্রং ফর্দ্দ হইবে। ফর্দ্দগুলি এরূপে প্রস্তুত করিতে হইবে যে পৃথকং প্রত্যেক আদালতের ডিক্রীজারীক্রমে যে সম্পত্তি বিক্রীত হইবে তাহার প্রত্যেক দফা যথাক্রমে লিখিত হইবে, এবং প্রত্যেক প্রস্তুত নীলাম আরম্ভ হইবার অবধারিত তারিখের অন্যূন সাত দিন পূর্ব্বে, নীলাম যেং আদালতে হইবে সেইং আদালতে উক্ত ফর্দ্দগুলি লটকাইয়া দেওয়া যাইবে।

১৪। প্রত্যেক অবধারিত তারিখের নির্দ্দিষ্ট ঘটিকায় নীলাম আরম্ভ হইবে এবং পূর্ব্বোল্লিখিত ফর্দ্দে যে ক্রম নির্দ্দিষ্ট থাকে সেই ক্রমানুসারে নীলাম চলিবে। সূর্য্যাস্তের পর কোন নীলাম চলিবে না কিন্তু আদালতের বন্দের দিন ছাড়া যাবৎ ফর্দ্দগুলি শেষ না হয়, প্রতি দিন নীলাম হইবে। পরন্তু এই বিধি থাকায় আইনানুসারে নীলাম স্থগিত মুলতবি রাখিবার কোন বাধা হইবে না।

১৫। সামান্যতঃ অস্থাবর ও স্থাবর সম্পত্তির নীলামের এক দিন অবধারিত করা যাইবে না।

১৬। পরবর্ত্তী ধারার লিখিত প্রকারের সম্পত্তি সম্বন্ধে না হইলে সদর স্থানে অধিবিষ্ট সমুদয় আদালতের ডিক্রীজারীক্রমে নীলাম জিলার জজ সাহেবের বা জজ বিচারপতি প্রধান বিচারপতির আদালতে হইবে। অন্য স্থানে দুই বা তদধিক অধীন আদালত থাকিলে, জিলার জজ সাহেব যাহা যে আদালত মনোনীত করেন, উক্ত স্থানের সমুদয় নীলাম সেই আদালতে হইবে। যেখানে কেবল একমাত্র আদালত আছে, সেই আদালতে নীলাম হইবে। কিন্তু যে আদালত ডিক্রী জারী করেন, সেই আদালত উচিত বোধ করিলে লিখিয়া কারণ নির্দ্দেশ পূর্ব্বক উভয় পক্ষের স্বার্থের প্রতি দৃষ্টি রাখিয়া আদেশ করিতে পারেন যে আপনার বিচারাধিপত্যের অন্তর্গত অন্য কোন স্থানে অন্য কোন সময়ে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

mentioned proviso, shall, except for good reason to the contrary, give the preference as regards choice of time and place to the wishes of the judgment-debtor

17. All sales of live stock, agricultural produce, articles of local manufacture and of other things commonly sold at country markets shall, unless the Court otherwise direct, be held at such market in the neighbourhood of the place where the goods were attached, as may appear likely to be for the greatest advantage of the debtor, regard being had to the prospect of good prices and to the saving of expense in conveyance and carriage.

Richard Garth	W F McDonell
Louis S Jackson	H T Prinsep.
Charles Pontifex	A Wilson.
G G Morris	L R Tottenham
J Sewell White	Alex T Maclean.
Romesh Chunder Mitter	L P Delves Broughton.

NOTIFICATION

Under Section 140, Act X of 1877 (the Code of Civil Procedure), the Court are pleased to direct that the documents respectively produced by the parties at the first hearing of a suit be accompanied by an accurate list thereof, prepared in the annexed form

By order,

Fort William, *the 15th January* 1881 J Crawfurd, *Registrar*

FORM

List of documents produced by the parties (Section 140 of the Code of Civil Procedure)

District , in the Court of at

Suit No of

The following is a list of the papers produced by the

in the above suit at the first hearing on the 18 .

Number or distinguishing mark on the document	Nature of the document whether original or copy its date and by whom executed &c	Remarks

নীলাম হইবে, এবং এই শেষোল্লিখিত বিধান অনুসারে কার্য্য করিবার সময়ে বিপরীত বিশিষ্ট কারণ না থাকিলে সময় ও স্থান মনোনীত করণ সম্বন্ধে ডিক্রীমত খাতকের ইচ্ছাকে অগ্রগণ্যতা দিবেন।

১৭। গবাদি পশু, কৃষিজাত দ্রব্য, স্থানীয় শিল্পদ্রব্য ও মফঃসলের হাটে সামান্যতঃ যে২ জিনিষ বিক্রয় হয় তাহা, আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, যে স্থানে মাল ক্রোক হয় সেই স্থানের নিকটবর্ত্তী যে হাটে বিক্রয় করিলে ডিক্রীমত খাতকের সর্ব্বাপেক্ষা অধিক সুবিধা হইবার সম্ভাবনা, সেই হাটে নীলামে ধরা যাইবে। উক্ত সুবিধা স্থির করিবার নিমিত্ত ভাল মূল্য পাইবার সম্ভাবনা এবং যান ও গাড়ী প্রভৃতির খরচা বাঁচার প্রতি দৃষ্টি রাখিতে হইবে।

রিচার্ড গার্থ।	ডবলিউ, এফ, মাকডনেল।
লুইস এস, জাকসন।	এচ, টি, প্রিন্সেপ।
চার্লস পন্টিফেকস।	এ, উইলসন।
জি, জি, মরিস।	এন, আর, টটেনহাম।
জে, সেবেল হুয়াইট।	আলেকজ, টি, মাকণীন।
রমেশচন্দ্র মিত্র।	এল, পি, ডেল্‌স বৌটন।

বিজ্ঞাপন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের ১০ আইনের ১৪০ ধারামতে হাই কোর্ট আদেশ করিতেছেন যে মোকদ্দমার প্রথম শ্রবণ সময়ে উভয় পক্ষ যে২ দলীল উপস্থিত করেন, এতৎসংযুক্ত পাঠে তাহার একটি শুদ্ধ ফর্দ্দ তৎসঙ্গে দিবেন।

আজ্ঞাক্রমে,

ফোর্ট উইলিয়ম   জে, ক্রাফর্ড, রেজিষ্ট্রার।
১৮৮১ সাল ১৫ জানুয়ারি।

পাঠ।

উভয় পক্ষ যে২ দলীল উপস্থিত করেন তাহার ফর্দ্দ (দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৪০ ধারা)।

জিলা

অমুক স্থানের অমুকের আদালতে

অমুক সালের এত নং মোকদ্দমা।

উক্ত মোকদ্দমার——শ্রী——প্রথম শ্রবণ সময়ে ৮ মাসের তারিখে যে২ দলীল উপস্থিত করেন নিম্নে তাহার ফর্দ্দ দেওয়া গেল।

দলীলের নম্বর বা বিশেষ চিহ্ন।	দলীলের ভাব, মূল বা নকল উহার তারিখ এবং যিনি উহা লিখিয়া দেন, ইত্যাদি।	মন্তব্য।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 1, 1881

মঙ্গলবার ১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।

PART VIII

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

টাকায় যত পাওয়া যায়।												মাসিক গড় মজুরী।									
জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			মজুর কৃষাণ ও মজুর।			মহীন			রাজমিস্ত্রি ও ছুতার বা কামার।			জিলা।
এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	১৮৭৬ সালের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	
																					বেহার।
সের	সের	সের	সের	সের	সের	মণ	মণ	মণ	সের	সের	সের	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	
		..	‖০	‖০	।৪	৩/	৩/	৩/	৵	৵	৵	৪‖৶ ৫‖০	৪‖৶ ৫‖০	৪‖৶ ৫‖০	৪-৫	৪ ৫	৩-৫৲	৭-১৬	৭-১৬	৭-১৬	পুরুলিয়া।
			।৮	।৮	।৩	২‖০	২‖০	৴/	/৯	/৯	/৯	৭‖	৭‖	৭‖	৬৲	৫৲	৬৲	৬ ১৫	৭‖ ১৫	৫-১৫	মানভূম।
১‖০	১‖০	।৵	‖০	‖/০	।১	৫/	৫/	৫/	৵	৵	৵	৩৸০	৩৸০	৩৸০	৫৲	৫৲	৫৲	৭‖০	৭‖০	৭‖০	সাঁওতাল পরগণা।
																					উড়িষ্যা।
•	•		‖।৪৸৶	।৮।৶	।৫৸	৪/	৪/	৪/	১১	১১	১২	৫‖৶	৫‖৶	৫‖৶	৪৲	৪৲	৪৲	৭‖ ১০	৭‖-১০	৭‖-১০	কটক।
			।৭‖	।২	।৩৶	২।০	২‖০	২‖০	১৩৸/	১৩৸/	১৩৸/	৭৲	৬‖০	৭৲	৫৲	৫৲	৫৲	৮৲-১০	৭‖-১০	৮৲-১০	পুরী।
			।৩।/	।৩।/	৵	২।১	১।১	৵‖০	/৯।	/৯।	/৯	৬‖/	৪‖৶	৬‖/	৫৲	৫৲	৫৲	৭‖০	৭‖০	৭‖-৯।৶	বালেশ্বর।
																					ছোট নাগপুর। দক্ষিণ পশ্চিমাঞ্চলের এজেন্সী।
১/৯	১/৫	..	।৮‖	‖৯	।৫	৬/	৬/	৫/	৵	/৮‖	/৭‖	৪৲	৪৲	৪৲	৫৲	৫৲	৫৲	৮৲	৮৲	৮৲	হাজারীবাগ।
৸২	৸৪	‖৮	‖২	‖৪	।০	৪/	৪/	৪/	৵	৵	৵	৩৲	৩৲	৩৲	৲-৫	৲-৫	৲৫	৬৲১০	৫৲ ১০	৬৲ ১০	লোহারডাগা।
			।৬	।৬	।২	৪/	৪/	৪‖০	/৭	/৭	/৭‖	৩৲	৩৲	৩৲	৪‖ ৫	৪‖ ৫	৪‖ ৫	৫৲-১০	৫৲ ১০	৫৲ ১০	সিংহভূম।
১‖০	১‖০	৸২	।৫	।৫	।১	৪/	৪/	৩/	/৯	/৯	৵	৩৸০	৩৸০	৩৸০	৪৲	৪৲	৪৲	১০৲	৯।৶	১০৲	মানভূম।

২। দালতনগঞ্জে দর এইরূপ।—গম ‖১ ২৪ সের, যব ১/‖ সের, ভাল চাউল ।৩‖ সের, সামান্য চাউল ‖৩ ৬২ সের, মহুয়া ২/।৮ সের মাড়ুওয়া ১/‖০ সের, জনেরা ১/৮৩৭ সের ও ছোলা ৸০ ৩৭ সের।

৩। বর্দ্ধমানের দর এইরূপ।—গম ।২ সের অবধি ।৪ সের পর্য্যন্ত, যব (বালদহে) ৮৪ সের, ভাল চাউল ‖১ সের অবধি ৮২ সের পর্য্যন্ত সামান্য চাউল ‖৩ সের অবধি ৸৪ সের পর্য্যন্ত, বাজরা (বালদহে) ‖২ সের ও ছোলা ।২ সের অবধি ।৬ সের পর্য্যন্ত।

সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল

কোলম্যান মেকলে,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের নিম্নলিখিত সকল নগরে ১৮৮১ সালের জানুয়ারি মাসের ১৫ তারিখের পূর্ব্ব

নম্বর।	বন্দর।	৪০ সেরের														
		গম।			যব।			ভাল চাউল।			সাধারণ চাউল।			বজু ও বাজরা।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাক	টাকা
১	কলিকাতা	২৸৶	৩৲	৩৷৶	১৸০	১৷৶	২৷০	৬৲	৬৲	৬৲	২৷০	২৷০	৬৷৴	.	.	.
২	শেরাজগঞ্জ .	১৷৷৴০	১৸০	৩৷০				৩৸০	৩৷৷০	৫৲	১৷০	১৷০	২৷০			
৩	ঢাকা ..	৩৲	৬৲	৩৷৷৶	৸৶	৸৶	২৷৷০	১৷৷৶	১৷৷৶০	২৷০০	১৶০	১৶০	১৸৶০		..	
৪	নারায়ণগঞ্জ							১৷৶০	১৷৶০	২৷০	১৶০	১৶০	২৶			
৫	চট্টগ্রাম .							২৷৷৶	২৷৷০	২৸৶	১৷৶০	১৷৶০	২৷০			
৬	পাটনা .	১৷৷৴৬	১৸৴	২৷৴৬	১৲	১৴	১৷৷৶৬	২৷৷০	৩	৩৴৩	১৷৷০	১৸০	২৶৬	.		.
৭	বালেশ্বর	৩৲	৩৲	৪৲			.	১৸০	১৸০	৩৷৷৴	১৷৴০	১৷৴	২৶৬	.		
৮	পুরী								.	.	১৷০	১৷৶০	২৷৶০	.		
৯	কটক	২৷৴	২৷৴০	৵০				২৶	২৷৷৶	৩৷৷৶	১৷৷০	১৷৷০	২৲			

কলিকাতা,
১৮৮১ সাল ২৫ জানুয়ারি।

[*Government Gazette*, 1st *February* 1881]

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্য দ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ থোকে বিক্রয়ের বাজার দর ।

মণের দর																		
চোলম ও জোয়ার ।			রাগী বা মাড়ুওয়া ও চীনা ।			অড়েরা ।			ছোলা ।			জ্বালানি কাষ্ঠ			লবণ ।			
এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	বাজার ।
টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাক	টাকা	টাক	টাক	টাকা	টাকা	টাকা	
২৲	২৲	২৷৷০				১৷০	১৷৷০	২৲	১৸৶০	২৸০	৩৲	৷৶	৷৶৩	৷৶৩	৪৲	৪৲	৪৲	কলিকাতা ।
									৩৷০	৩৷৷০	[illegible]				৪৲	৪৷৶	৪৷৶	সেরাজগঞ্জ ।
									১৸৶	১৸৶	৩৶০	৷৴০	৷৴০	৷৶	৪৲	৪৲	৪৶	ঢাকা।
									২৶০	২৶	৩৷৷০	৷০	৷০	৷৷০	৪৲	৪৲	৪৷০	নারায়ণগঞ্জ ।
																		চট্টগ্রাম ।
						১৲	১৲	১৸০	১৶	১৶০	২৷৴৬	৷৶৩	৷৶৩	৪৷১	৪৴৬	৪৶	৪৷৶	পাটনা ।
									৬৲	৩৲	৫৲	৷৶০	৷৶০	৶১	৪৷৶০	৪৷৵০	৪৶০	বালেশ্বর
																		পুরী।
...	..		২৷৷৶	২৷৴	২৷৴				১৷৷৴	২৲	২৷৴০	৷০	৷০	৷০	৩৷৷০	৩৷৷০	৩৷৴০	কটক

সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল,

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী

LAND ADVERTISEMENT　　ভূমি বিষয়ক ইস্তাহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তিহার নামা কছারি কালেক্টরী জিলে চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইন বিধানমতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুক যে ১৮৮০ সালের ২৫ জুন তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৮১ ইং ৭ মার্চ মোতাবেক ১২৮৭ বাঙ্গলা ২৫ ফাল্গুন রোজ সোমবার জিলার কালেক্টরী কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে বিক্রয় যাইবেক ইতি সন ১৮৮১ ইং তারিখ ১৯ জানুয়ারি।

মহল নওয়াবাদ।

তৌজির নম্বর।	নাম তালুক, থানা ও মৌজা।	নাম মালিক।	সদর জমা।	বার্ষিক রোডসেস ও পবলিক ওয়ার্কসেস।	বাকীর পরিমাণ। খাজানা।	বাকীর পরিমাণ। রোড ও পবলিক ওয়ার্কসেস।	বাকীর পরিমাণ। মোট।	মন্তব্য।
১৯৭	থানে টেকনাফ মৌং উকাঘাট তালুক খোয়াইচাই ও নেউজাইফুল্ল।	খোদ	১০১১৲	●	১০১১৲	●	১০১১৲	সম্পূর্ণ তালুকা নিলাম হইবে।
২১৪	থানে রাঙ্গু মৌং খুমিয়াপালং তালুক মোবারেক আলি।	বদিয়দ্দীন মেং	৬১৮৲	২২৴	৪১৮৲	২২৴	৪৪০৴	ঐ
২১৫	থানে রামু মৌং চাকমা কুল তালুক অমানঅলী চৌং।	খোদ	৫৪৯৲	●	৫৪৯৲	●	৫৪৯৲	ঐ
২৮৬	থানে রামু মৌং ঈদগাঁ তালুক কেনদম মুনশী।	মাহমুদআলী	১৯২৭৲	১৬৮।৶৬	১৯২৫৲	১১৮৸০	২০৯২৸০	ঐ
২৮৮	থানে রামু মৌং খুরুশিয়া তালুক শ্রীমতী সমসের বানু।	খোদ	৭১২৲	১০৸৶	৭১০৲	১০৷৶	৭২০৷৶	ঐ
২৯১	থানে হাট হাজারি মেং ফদালিয়া তালুক মেওয়াকেবল সরেবা	খোদ	৬৭৪৲	●	৪৬৩।৶৬	●	৪৬৩।৶৬	ঐ

J KENNEDY, Covt Dy Collector in charge

জেলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৫ সেপ্তাম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮১ সালের ২৮ ফেব্রুয়ারি তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে। ১৮৮১ ইং তারিখ ১৫ জানুয়ারি।

প্রথম শ্রেণীর কালেক্টরী মহাল।

তৌজির নম্বর।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১২৬৯	চৌধুরী বশারত সিংহ	কতেয়ালী খাং	১০৮৬।৵২	৶৬	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
১৫৪৬	ভগবান কুণ গোসন	বৈষ্ণব চরণ সেন	৬১৬।৶৭	১৮২৸৵৯	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।

A MANSON, Offg. Collector

জিলা চট্টগ্রাম।

ইস্তিহার নামা কাছারি কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আং ৮৭১ সালের ২আং বিধান মতে ১৮৫৯ সাং ১১ আক্টের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি সন ১৮৮০ ইংরেজি। ২৫ জুন তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৮১ ইং ৭ মার্চ্চ মোতাবেক ১২৮৭ বাং ২৫ ফাল্গুন রোজ সোমবার জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮১ ইং তারিখ ৭ জানুয়ারি।

মহল মওয়াবাদ।

তৌজির নম্বর।	নামতালুক থানা মৌজা।	নাম মালিক।	সদর জমা।	সাধিকরোড ও পবলিকওয়ার্ক সেস।	বাকীর পরিমাণ।			মন্তব্য।
					মালজমা।	রোড ও পবলিক ওয়ার্কসেস।	মোট।	
২৬।৪৯	থানে রাঙ্গু মোং ঝিল ওয়াংজা তালুক গৌরীশঙ্কর বৈদনাথ কাং।	আবদুল রসিদ	৯৩৮৵	১২৮৶৶	৯৩৮৵	১২৮৶৶	১০৬৬৶	সম্পূর্ণ তালুকা নিলাম হইবেক।
৪১।৯৩	থানে রাঙ্গু মোং পাতিলী তাং গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং।	আলিমোহন ও আবদুল হামিদ	১৪৯১।৯	২২৩৴৬	১৪৯১।৯	২২৩৴৬	১৭১৪।৶৩	সম্পূর্ণ তালুকা নিলাম হইবেক।

A Manson, *Offg Collector*

ইস্তাহার।

জিলা ২৪ পরগনার ১৮৮১।৮২ সনের নিমিত্ত জমীর রাজকসেসের নিরেখ প্রত্যেক মহালের সদর জমার উপর শতক ।৵০ নয়আনা পাঁচ পাই হিসাবে ধার্য্য হইয়াছে এবং প্রথম ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ১৮৮১ সনের ৩০ জুন এবং দ্বিতীয় ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ঐ সনের ১৪ ডিসেম্বর তারিখে কি ঐ ঐ তারিখের পূর্ব্বে অত্র জিলার ট্রেজারিতে দাখিল করিতে হইবে ইতি।

D R Lyall, *Magistrate*

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিনকোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।।০ টাকা, প্রতি ৮ আউন্স টীন ৮।।০ টাকা, প্রতি ১ পাউণ্ড টীন ১৬।।০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।।০ টাকা ৮ আউন্স টীন ১০।।০ টাকা, ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়

উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাকমাসুল দিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেন্ট-কমিশ্যানের মেম্বর ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্তপুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

Rates of Subscription to the Bengal Government Gazette
FROM 1st JANUARY 1872

Payable in advance

		Rs		
For one year, without postage ...	. ...	Rs	10 0	0
Ditto, with postage	. .. ..	„	12 8	0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount

---

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	১২॥০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌন্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette*, 1st *February* 1881]

NOTICE

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers, are strictly cash

In future no publication will be supplied or advertisement notice, &c, inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,
Asst Secy to the Govt of Bengal.

The 19th February 1878

NOTE —*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE

	Rs
Full page, per issue ...	20
Half ...	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ...	২০
আধ পৃষ্ঠা ,, ,, ...	১০
কখনং ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি ...	।০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১ ফেব্রুয়ারি।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন্ মরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 182 —760—1-2 81

Numb. 2167 ২১৬৭

[REGISTERED No 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 8, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE.

NOTIFICATIONS —ESTABLISHMENTS.

Fort William, the 22nd January 1881

No 22—Mr A H Haggard is permitted to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 25th October 1880.

MEDICAL

The 22nd January 1881.

No 32—Assistant Surgeon Jadu Nath Gangooly is permitted to resign the service, with effect from the 31st December 1880

The 25th January 1881

No 37—Assistant Surgeon Batta Krishna Dutt is permitted to resign the service, with effect from the 31st August 1880

JUDICIAL

The 22nd January 1881

No 136—Under the provisions of the Act of Parliament 24 & 25 Vic, Chapter 104, Section 7, the Governor-General in Council is pleased to direct that the Hon'ble L P D Broughton, an Officiating Judge of the High Court of Judicature at Fort William in Bengal, shall, on the return of, and resumption of his seat on the Bench of the High Court by, the Hon'ble H S Cunningham, continue to officiate as a Judge of the Court, during the absence, on furlough, of the Hon'ble J S White, or until further orders

C GRANT,
Offg Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT

NOTIFICATION

Fort William, the 27th January 1881

No 37—Mr A T Goodfellow, Assistant Engineer, First Grade, is transferred to the Superior Accounts Establishment, with the temporary rank of Deputy Examiner, Second Grade, and posted to the Northern Bengal State Railway

A FRASER, *Major-Genl*, R E,
Secy to the Govt of India

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।—সিবিল সর্ব্বিস বিষয়ক।

ফোর্ট উলিয়ম, ১৮৮১ সাল ২২ জানুয়ারি।

২২ নম্বর।—শ্রীযুত এ, এচ, হ্যাগার্ড সাহেব, ১৮৮০ সালের ২৫ অক্টোবর অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

চিকিৎসা বিষয়ক।

১৮৮১ সাল ২২ জানুয়ারি।

৩২ নম্বর।—আসিষ্টান্ট সর্জন শ্রীযুত যদুনাথ গঙ্গোপাধ্যায় ১৮৮০ সালের ৩১ ডিসেম্বর অবধি কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।

৩৭ নম্বর।—আসিষ্টান্ট সর্জন শ্রীযুত বটকৃষ্ণ দত্ত ১৮৮০ সালের ৩১ আগষ্ট অবধি কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

জুডিশ্যাল।

১৮৮১ সাল ২২ জানুয়ারি।

১৩৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের পার্লিয়ামেন্টের আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন যে, মানাবর শ্রীযুক্ত এচ, এস, কনিংহাম সাহেব প্রত্যাগমন করিয়া হাই কোর্টের বেঞ্চে স্বীয় আসন পুনর্গ্রহণ করিলে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং জজ মানাবর শ্রীযুত এল, পি, ডি, ব্রোটন সাহেব মানাবর শ্রীযুত জে, এস, ওয়াইট সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, উক্ত কোর্টের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

সি, গ্রান্ট,

ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৮১ সাল ২৭ জানুয়ারি।

৩৭ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, টি, গুডফেলো সাহেব দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন ডেপুটী হিসাব পরীক্ষকের সম্প্রদায়ভুক্ত ও উচ্চতর হিসাব সিরিশ্তায় প্রেরিত হইয়া বঙ্গদেশের উত্তরদিকের ষ্টেট রেলওয়েতে অবস্থাপিত হইলেন।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর-জেনরল, আর, ই,

ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 8, 1881

মঙ্গলবার ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 474A

GENERAL —*The 10th December* 1880 —Mr H J Newbery, Magistrate and Collector, Bhagulpore, is allowed furlough for twenty months, under Section 21, Chapter IV of the Civil Leave Code, with effect from the 2nd March 1881, or from such subsequent date as he may avail himself of it

The 25th January 1881 —Mr E W Collin, of the Bengal Civil Service, having passed the prescribed examination by the Higher Standard in Persian, has been presented with the authorized donation of Rs 500

The 27th January 1881 —Moonshee Kutuboodden is appointed to act as Sub-Deputy Collector in the Patna Division, during the absence, on leave, of Moulvi Nusseeruddin, or until further orders

Moulvi Abdul Wahab, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is allowed leave for two months and five days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 21st February next

Baboo Gobind Mohun Ghose, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is allowed leave for three months, under Sections 4 and 16, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him under the orders of the 11th September last

The 28th January 1881 —Baboo Runga Lal Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Howrah, is allowed leave for ten days, under Section 4, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it

Mr C S Bayley, Assistant Magistrate and Collector, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st February next, or from such subsequent date as he may avail himself of it

The 29th January 1881 —Mr A A Wace, Joint Magistrate and Deputy Collector, Beerbhoom, is posted to the Sonthal Pergunnahs

Mr C M W Brett, Officiating Joint-Magistrate and Deputy Collector, Hooghly, is posted to the Sonthal Pergunnahs

The 31st January 1881 —Baboo Narendro Nath Chowdhry, temporary Deputy Magistrate and Deputy Collector, Sarun, on leave, is transferred to Tipperah

The 1st February 1881 —Mr H M Kisch, Under-Secretary to the Government of Bengal, Judicial, Political and Appointment Departments, is allowed leave for two months and seven days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 16th instant

Mr W H Page, Joint-Magistrate and Deputy Collector, is posted temporarily to Burdwan, on being relieved of his present appointment as Officiating District and Sessions Judge, Burdwan Mr Page is appointed to act, until further orders, as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade

Mr F W V Peterson, Officiating District and Sessions Judge, Jessore is appointed to act as District and Sessions Judge of Pubna, during the absence, on deputation, of Mr F W R Cowley, or until further orders

Mr C D C Winter, Joint-Magistrate and Deputy Collector, is posted to Pubna, on being relieved of his present appointment as Officiating District and Sessions Judge of Pubna Mr. Winter is appointed to act, until further orders, as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade

Moulvi Dilwar Hossein Ahmed, Deputy Magistrate and Deputy Collector is appointed to have charge of the Brahmunbariah division of the district of Tipperah, *vice* Baboo Bhoobun Mohun Raha

Moulvi Golam Elahi, temporary Sub-Deputy Collector in the Bhagulpore Division is posted to Doomka in the Sonthal Pergunnahs

Baboo Gopee Krishna Lall, temporary Sub-Deputy Collector in the Bhagulpore Division, is posted to the Soopool sub division of the district of Bhagulpore

Major W Hopkinson, Cantonment Magistrate, Barrackpore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 14th March next

[*Government Gazette, 8th February* 1881]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৫৭৪ A নম্বর।

সামান্য।—১৮৮০ সাল ১০ ডিসেম্বর।—ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, জে, লিউরেরি, সাহেব, ১৮৮১ সালের ২ মার্চ অবধি অথবা তৎপর পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাসের নিয়মিত ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২১ জানুয়ারি।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত ই, ডবলিউ কলিন সাহেব, উচ্চতর বাঙ্গালাতে পাস হওয়ায় ভাষার নির্দ্দিষ্ট পরীক্ষাতে উত্তীর্ণ হওয়ায় নিয়মিত ৫০০৲ টাকা পুরস্কার পাইলেন।

১৮৮১ সাল ২৭ জানুয়ারি।—শ্রীযুত মৌলবী মহীরুদ্দীনের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত মুন্সী কুতবুদ্দীন পাটনা খণ্ডে সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহেদ সিবিল-কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি ফেব্রুয়ারি মাসের ২১ তারিখ অবধি দুই মাস প্যাঁচ দিনের ছুটী পাইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষ, গত সেপ্টেম্বর মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ও ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২৮ জানুয়ারি।—হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে দশ দিনের ছুটী পাইলেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এস, বেলী সাহেব, আগামি ফেব্রুয়ারি মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২৯ জানুয়ারি।—বীরভূমের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, এ, ওয়াস সাহেব সাঁওতাল পরগনায় অবস্থাপিত হইলেন।

হুগলীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট, সাহেব সাঁওতাল পরগনায় অবস্থাপিত হইলেন

১৮৮১ সাল ৩১ জানুয়ারি।—ছুটীপ্রাপ্ত সারনের কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নরেন্দ্রনাথ চৌধুরী ত্রিপুরায় প্রেরিত হইলেন।

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।—জুডিশ্যাল, পোলিটিকাল ও আপয়েণ্টমেণ্ট কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারি শ্রীযুত এচ, এম, কিশ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এই মাসের ৬ তারিখ অবধি দুই মাস সাত দিনের ছুটী পাইলেন।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেব, বর্দ্ধমানের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমানে অবস্থাপিত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি, প্রথম শ্রেণীর জাইণ্ট-মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, ডবলিউ, আর, কৌলী, সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় যশোহরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এফ, ডবলিউ, বি, পিটারসন সাহেব পাবনার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, জে সি, উইণ্টর সাহেব, পাবনার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া পাবনায় অবস্থাপিত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয়, তিনি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ভুবনমোহন রায়ের পরিবর্ত্তে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত দিলাবর হুসেন আহমদ ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ভাগলপুর খণ্ডের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী গোলাম কিবরিয়া সাঁওতাল পরগনার অন্তর্গত দুমকায় অবস্থাপিত হইলেন।

ভাগলপুর খণ্ডের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ লাল ভাগলপুর জিলার অন্তর্গত সুপুল মহকুমায় অবস্থাপিত হইলেন।

ব্যারাকপুর সেনানীবেশের মাজিষ্ট্রেট মেজর শ্রীযুত ডবলিউ, হপ্কিন্সন সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মার্চ মাসের ১৪ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

Mr C W Bolton, Under-Secretary to the Government of Bengal, General and Revenue Departments, is allowed furlough for one year, under Section 21, Chapter IV of the Civil Leave Code, with effect from the 1st April next, or the subsequent date on which he may avail himself of it

POLICE —*The 28th January* 1881 —Mr Rivett Francis Guise, Assistant Superintendent of Police, having reported his return from the Transport Service on the 20th instant, is posted to Mymensingh

REGISTRATION —*The 29th January* 1881 —Baboo Sunjeeb Chunder Chatterjee, Special Sub-Registrar of Jessore, is allowed leave for three months without pay, under Section 10, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 5th July 1880

EDUCATION —*The 1st February* 1881 —Baboo Rajani Kantha Choudhuri is appointed to be Law Lecturer, Dacca College, *vice* Baboo Beni Madhub Dutt, deceased

MEDICAL —*The 27th January* 1881 —The following gentlemen are appointed to be Members of the Committee for the Management of the Charitable Dispensary at Diamond Harbour, in the district of the 24-Pergunnahs —

Baboo Gopal Chunder Banerji, First Moonsif
" Satchidanundo Mookerji, Sub-Deputy Collector
" Rakhal Chunder Tewari, Pleader
" Gobind Deb Mookerji, Second Moonsif

The 31st January 1881 - Dr J M Zorab, Civil Surgeon, Balasore, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st February 1881, or from any subsequent date on which he may avail himself of it

JAILS —*The 26th January* 1881 —Mr W a'C Beadon, Officiating Superintendent of the Central Jail, Midnapore, is allowed leave for forty-two days under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it

Mr C H C Sevenoaks, Assistant Superintendent of the Central Jail, Midnapore, is appointed to act as Superintendent of that Jail, during the absence, on leave, of Mr W a'C Beadon, or until further orders

The 1st February 1881 —Mr J W Hanlon, Chief Mechanical Engineer of the Small Arms Ammunition Factory, Dum-Dum, is appointed to be Superintendent of Jail Manufactures in Bengal

PORT TRUST —*The 28th January* 1881 —Mr J J J Keswick is appointed, under Section 15, Act V (B C) of 1870, to act as a Commissioner for making Improvements in the Port of Calcutta during the absence, on leave, of Mr R Steel.

MUNICIPAL —*The 21st January* 1881 —The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the station of Jamalpore, of Mr J Hartley to be their Vice-Chairman, during the absence, on leave, of Mr Curtis

The Lieutenant Governor approves the election, by the Commissioners of the Kandi Municipality, of Baboo Jogendro Narain Roy Chowdhury, zemindar, to be their Vice-Chairman, *vice* Baboo Hari Mohan Singha, resigned

The 22nd January 1881 —The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Rungpore Municipality, of Dr K D Ghosh, Civil Medical Officer, to be their Vice Chairman

The following officers are appointed to be *ex-officio* Commissioners of the Rungpore Municipality —

Joint Magistrate or, in his absence, the Senior Assistant Magistrate
The Road Cess District Engineer for the time being

Baboo Purnanath Gangooly is appointed to be a Commissioner of the Santipore Municipality in the district of Nuddea *vice* Baboo Din Doyal Poramanik, deceased

The 27th January 1881 —The Lieutenant-Governor accepts the resignation tendered by the Rev W A Hamilton of his appointment as a Commissioner of the Howrah Municipality

ROAD CESS —*The 29th January* 1881 —Baboo Bogola Prosonno Mozoomdar, Manager of the estate of Syed Bisharut Ali Chowdhuri, is appointed to be a Member of the Tipperah District Road Cess Committee, *vice* Mr E Delanney, resigned

[*Government Gazette, 8th February* 1881]

জেনরল ও রেবিনিউ কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের হেড সেক্রেটরী শ্রীযুক্ত সি, ডবলিউ, বোলটন সাহেব, আগামি এপ্রিল মাসের ১ তারিখ হইতে অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ২১ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮১ সাল ২৮ জানুয়ারি।—পাটনার আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত রিবেট কর্ণাক গাইন সাহেব ট্রান্সপোর্ট সর্ব্বিস হইতে এই মাসের ২০ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে ময়মনসিংহে অবস্থাপিত হইলেন।

রেজিষ্টরী করণবিষয়ক।—১৮৮১ সাল ২৯ জানুয়ারি।—যশোহরের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুক্ত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়, ১৮৮০ সালের জুলাই মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে বিনা বেতনে তিন মাসের ছুটী পাইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।—বাবু বেণীমাধব দত্তের মৃত্যু হওয়াতে শ্রীযুক্ত বাবু রজনীকান্ত চৌধুরী ঢাকা কালেজে ব্যবস্থা বিদ্যার উপদেশকের পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮১ সাল ২৭ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত কলাগাছীর দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

প্রথম মুনসেফ শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
সব-ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু সচ্চিদানন্দ মুখোপাধ্যায়।
উকীল শ্রীযুক্ত বাবু রাখালচন্দ্র তেওয়ারী।
দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু গোবিন্দদেব মুখোপাধ্যায়।

১৮৮১ সাল ৩১ জানুয়ারি।—বালেশ্বরের সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুক্ত জে, এম, জোরাস সাহেব ১৮৮১ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখ হইতে অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

জেলবিষয়ক।—১৮৮১ সাল ২৬ জানুয়ারি।—মেদিনীপুরের সদর জেলের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত ডবলিউ, এ, সি, বীডন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে বিশ দিনের ছুটী পাইলেন।

শ্রীযুক্ত ডবলিউ, এ, সি, বীডন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিত কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুরের সদর জেলের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত সি, এচ, সি, গোবনওয়া সাহেব, উক্ত জেলের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮ সাল ১ ফেব্রুয়ারি।—দমদমার গোলাগুলি অস্ত্র বারুদাদির কুঠীর প্রধান মিকানিকাল ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে, ডবলিউ, হানলন সাহেব, বঙ্গদেশের অন্তর্গত জেলে প্রস্তুত দ্রব্যের সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন।

পোর্ট ট্রষ্ট বিষয়ক।—১৮৮১ সাল ২৮ জানুয়ারি।—শ্রীযুক্ত আর, টীল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুক্ত জে, জে জে কেসিক সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ১৫ ধারামতে কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৮১ সাল ৩১ জানুয়ারি।—শ্রীযুক্ত কর্টিস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে জামালপুর ষ্টেশনের কমিশ্যনরেরা শ্রীযুক্ত জে, হার্টলী সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

শ্রীযুক্ত বাবু হরিমোহন সিংহ কর্ম্ম ত্যাগ করাতে কান্দি মুনিসিপালিটীর কমিশ্যনরেরা জমীদার শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রনারায়ণ রায় চৌধুরীকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮১ সাল ২২ জানুয়ারি।—রঙ্গপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুক্ত কে, ডি, ঘোষকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা স্ব২ পদোপলক্ষে রঙ্গপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব বা তাঁহার অনুপস্থানে পদে জ্যেষ্ঠ আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেব।
যিনি যে সময়ে পথকরের ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র হন তিনি।

বাবু দীনদয়াল পরামাণিকের মৃত্যু হওয়াতে শ্রীযুক্ত বাবু পরমার্থ গঙ্গোপাধ্যায়, নদীয়া জিলার অন্তর্গত শান্তিপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ২৭ জানুয়ারি।—পাদরী শ্রীযুক্ত ডবলিউ এ, হামিলটন সাহেব, হাবড়া মুনিসিপালিটীর কমিশ্যনরস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

পথকর বিষয়ক।—১৮৮১ সাল ২৯ জানুয়ারি।—শ্রীযুক্ত ই, ডিশানী সাহেব কর্ম্ম ত্যাগ করাতে সৈয়দ বসরৎ আলি চৌধুরীর ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু বগলাপ্রসন্ন মজুমদার, ত্রিপুরা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

The 1st February 1881 —Baboo Sita Nath Roy, Talookdar of Baraipara, is appointed to be a Member of the Branch Road Cess Committee of Bagirhat, in the district of Jessore, *vice* Baboo Jodu Nath Chuckerbutty, deceased

Mr R H Greaves, Joint-Magistrate and Deputy Collector, is appointed to be Vice-Chairman of the Mymensingh District Road Cess Committee, *vice* Mr E. B Harris

The undermentioned gentlemen are appointed to be Members of the Branch Road Cess Committee of Serajgunge in the district of Pubna —

The Deputy Magistrate and Deputy Collector, *ex-officio*, *vice* the Assistant Superintendent of Police

The Sub-Deputy Collector, *vice* Baboo Eshan Chunder Sen, transferred

Moulvi Hossainooddin Ahmed, Zemindar, *vice* Mr J Ogilvie, resigned

Mr A MacDonnell, Superintendent of the Serajgunge Jute Company, Limited, is appointed to be Vice-Chairman of the Branch Road Cess Committee of Serajgunge in the district of Pubna, *vice* Mr J Ogilvie, resigned

The following Notifications are republished from the *Assam Gazette* —

No 6 —*The* 19*th January* 1881 —Furlough for nineteen months, under Section 21 of the Civil Leave Code, is granted to Mr G Stevenson, C S, Assistant Commissioner, First Grade, from the 1st March 1881, or any subsequent date on which he may avail himself of it

No 7 —Mr G Stevenson, C S, Assistant Commissioner, First Grade, North Luckhimpur, having been granted furlough for nineteen months in Notification No 6 of this date, Mr F. St. Clair Grimwood, C S, Assistant Commissioner, Luckhimpur, is appointed to have charge of the North Luckhimpur sub-division, with effect from the date of receiving charge.

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 29*th January* 1881 —It is hereby notified that, under the provisions of Section 88, of Act IX (B C) of 1880, the Lieutenant-Governor has been pleased to fix the following dates for the payment of instalments of road cess and public works cess by the holders of revenue free estates in the districts of the Orissa Division and in the district of Midnapore —

Districts of the Orissa Division	7th April and 15th October
Midnapore	5th June and 20th December.

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt. of Bengal.

NOTIFICATION

The 1*st February* 1881 —Under the powers vested in him by Section 1, paragraph 1 of Act V (B C) of 1880, "The Bengal Vaccination Act," the Lieutenant-Governor hereby declares his intention to extend the provisions of the said Act to the Municipality of Rungpore

COLMAN MACAULAY,
Offg Secy. to the Govt of Bengal

NOTIFICATION

The 25*th January* 1881 —In part supersession of the Notification dated 26th November 1868, published in the *Calcutta Gazette* of the 20th January 1869, the Lieutenant-Governor is pleased to sanction the retransfer, with effect from the 1st April 1881, of the undermentioned villages, formed into an island by the two branches of the Bytarnee river, from thana Dhamnagar of the district of Balasore to thana Jajepore of the district

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।—বাবু যদুনাথ চক্রবর্ত্তীর মৃত্যু হওয়াতে বাকইপাড়ার তালুকদার শ্রীযুত বাবু সীতানাথ রায় যশোহর জিলার অন্তর্গত বাগিরহাটের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ই, বি, হারিস সাহেবের পরিবর্ত্তে, জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত আর, এচ, গ্রীবস সাহেব ময়মনসিংহ জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের পরিবর্ত্তে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর স্বীয় পদোপলক্ষে।

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র সেন স্থানান্তরে প্রেরিত হওয়াতে সব-ডেপুটী কালেকটর।

শ্রীযুত জে, অগলবি সাহেব কর্ম্ম ত্যাগ করাতে জমীদার মৌলবী শ্রীযুত হোসেমুদ্দীন আহাম্মদ।

শ্রীযুত জে, অগলবি সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শেরাজগঞ্জের সীমাবদ্ধ জুটকোম্পানির সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, মাকডনেল সাহেব, পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জের শাখা পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।

৬ নম্বর।—১৮৮১ সাল ১৯ জানুয়ারি।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশনর শ্রীযুত জি, গীবজন সাহেব, সি, এস, ১৮৮১ সালের ১ মার্চ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে উনিশ মাসের নিয়মিত ছুটী পাইলেন।

৭ নম্বর।—উত্তর লক্ষ্মীপুরের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশনর, শ্রীযুত জি, গীবজন সাহেব, সি, এস, অদ্যকার তারিখের ৬ নং বিজ্ঞাপনমতে উনিশ মাসের নিয়মিত ছুটী পাওয়াতে লক্ষ্মীপুরের আসিষ্টাণ্ট কমিশনর শ্রীযুত এফ, সেণ্ট, জে, গ্রিমউড সাহেব, সি, এস, উত্তর লক্ষ্মীপুর মহকুমার কার্য্যের ভার গ্রহণের তারিখ অবধি উক্ত মহকুমার কার্য্যের ভার গ্রহণ করণার্থে নিযুক্ত হইলেন।

চারলস এ, ইলিয়ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৯ জানুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ৮৮ ধারার বিধানমতে উড়িষ্যা খণ্ডের অন্তর্গত সকল জিলার ও মেদিনীপুর জিলার লাখেরাজ মহালের ভোগাধিকারিদের পথকর ও পূর্ত্তকার্য্যকরের কিস্তির নিম্নলিখিত তারিখ ধার্য্য করিলেন।

উড়িষ্যাখণ্ডের অন্তর্গত সকল জিলায় .. ৭ আপ্রিল ও ১৫ অক্টোবর।
মেদিনীপুর . ৫ জুন ও ২০ ডিসেম্বর।

কোলমান মেকালে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশে গোবিজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারার ১ প্রকরণমতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি, উক্ত আইনের বিধান রঙ্গপুর মুনিসিপালিটীতে প্রচলিত হইবার অভিপ্রায় ব্যক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৫ জানুয়ারি।—বৈতরণী নদীর দুই শাখা দ্বারা নিম্নলিখিত কএক গ্রাম দ্বীপ হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৯ সালের ৫ জানুয়ারি মাসের ২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ১৮১৮ সালের নবেম্বর মাসের ৬ তারিখের বিজ্ঞাপনের কিয়দংশ রহিত করিয়া ঐ২ গ্রাম বালেশ্বর জিলায় অন্তর্গত ধামনগর থানা হইতে ১৮৮০ সালের ১ আপ্রিল অবধি পুনর্ব্বার কটক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

of Cuttack, and to declare that the stream flowing north of the above island, being the main branch of the Byturnee river, shall be the boundary between these districts.

Number	Names of villages	Thakbust number	Names of pergunnahs
1	Coseegram ..	86	Jajepore
	Koorkoorah (part of)	6	Ditto
3	Ballipookree (part of) ...	18	Muuzoory

A Mackenzie,
Secy to the Govt of Bengal

DECLARATION

The 27th January 1881 —Whereas it appears to the Lieutenant-Governor that land is required to be taken by Government at the public expense, for a public purpose, viz for the Takee Government English School in the village of Takee, pergunnah Agarpara, zillah 24 Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 bigha 1 kottah 7 chittacks of standard measurement, bounded on the north by Takee Main Road, on the east by Khetter Dhoopie's land, and on the south and west by the Ferry Ghât Road, is required within the said village

2 This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

A Mackenzie,
Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 457A

The 26th January 1881 —Mr J G Charles, Joint-Magistrate and Deputy Collector, Rajshahye, is vested, under Section 266 of the Criminal Procedure Code, with the power of hearing appeals from convictions by Magistrates of the Second and Third Class

The 28th January 1881 —Mr C R Marindin, Officiating Joint-Magistrate and Deputy Collector, Darjeeling, is vested with the powers of a Moonsif within the Sudder sub-division, and with the powers of a Subordinate Judge and Small Cause Court Judge throughout the district of Darjeeling

Baboo Saroda Prosad Chatterjee is appointed to act as a Moonsif in the district of Nuddea, and to be ordinarily stationed at Kooshtea, during the absence, on leave, of Baboo Boroda Prosanno Shome, or until further orders

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Jungipore Bench, in the district of Moorshedabad, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Krit Chand Setia
,, Bijoy Gobind Chowdry, Assistant Surgeon
,, Askaran

The 29th January 1881 —Mr H G Sharp, Joint Magistrate and Deputy Collector, Rajshahye is vested with powers under Sections 44, 142, 157, 417, and 521 of the Criminal Procedure Code

Mr Sharp is also vested, under Section 266 of the Code, with the power of hearing appeals from convictions by Magistrates of the Second and Third Class

Moulvi Fazlul Rahman, temporary Sub-Deputy Collector, Rungpore, is vested with the powers of a Magistrate of the Third Class.

[*Government Gazette 8th February* 1881]

জিলার অন্তর্গত যাজপুর থানাভুক্ত হইবার অনুমতি করিলেন। উক্ত দ্বীপের উত্তরদিক দিয়া যে স্রোত বহিতেছে তাহা বৈতরণী নদীর প্রধান শাখা হওয়াতে ঐ২ জিলার মধ্যবর্তী সীমা হইবে।

নম্বর।	গ্রামের নাম।	থাক বস্তের নম্বর।	পরগনার নাম।
১	কোসীগ্রাম	৮৬	যাজপুর।
	কুর্ক্রা (অংশ)	৬	ঐ
৩	বলিপুকী (অংশ)	১৮	মজুরী।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

অশুদ্ধ শোধন।

১৮৮১ সালের জানুয়ারি মাসের ২৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৬৯ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ১১ তারিখের বিজ্ঞাপনের দ্বিতীয় পংক্তিতে "তারিখের" এই শব্দের পূর্ব্বে "১১" এবং "পৃষ্ঠায়" শব্দের পূর্ব্বে "১০৩৭" এই২ অঙ্ক দিয়া ঐ জ্ঞাপনপত্র পাঠ করিতে হইবে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B L., BENGALI, TRANSLATOR TO GOVT

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৭ জানুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত আগড়পাড়া পরগনার টাকী গ্রামে টাকীর গবর্ণমেণ্ট ইংরেজি স্কুলের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গ্রামে কমিমতে ন্যূনাধিক ১/১৸৵ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা টাকীর প্রধান পথ, পূর্ব্ব সীমা ক্ষেত্র ধোপার জমি, দক্ষিণ ও পশ্চিম সীমা খেয়াঘাটের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, ম কেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৪৭৫ A নম্বর।

১৮৮১ সাল ২৬ জানুয়ারি।—রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, জি, চার্লস সাহেব, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের দ্বারা নির্ণীত অপরাধের উপর ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬৬ ধারামতে আপীল শুনিবার ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ২৮ জানুয়ারি।—দার্জিলিঙ্গের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, আর, মেরিডিন সাহেব সদর মহকুমার মধ্যে মুনসেফের ক্ষমতা এবং দার্জিলিঙ্গ জিলার সর্ব্বত্র সবর্ডিনেট জজের ও ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু বরদা প্রসন্ন সোমের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু শারদা প্রসাদ চট্টোপাধ্যায়, নদীয়া জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ কুষ্টায় অবস্থাপিত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু কীর্ত্তিচাঁদ সেতিয়া।
আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু বিজয় গোবিন্দ চৌধুরী।
শ্রীযুত আক্‌্রাইন বাবু।

১৮৮১ সাল ২৯ জানুয়ারি।—রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জি. শার্প সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪৪ ও ১৪০ ও ১৫৭ ও ৪০৭ ও ৫২১ ধারামতে ক্ষমতা পাইলেন।

শ্রীযুত শার্প সাহেব দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের দ্বারা নির্ণীত অপরাধের উপর উক্ত আইনের ২৬৬ ধারামতে আপীল শুনিবার ক্ষমতাও পাইলেন।

রঙ্গপুরের স্থিরকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফজলল রহমান তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

Baboo Behary Lal Mookerjee, temporary Sub-Deputy Collector in the district of Rajshahye, is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Chundi Churn Sen, Moonsif of Mooradnuggur, Tipperah, on leave, is appointed to be a Moonsif in the district of Backergunge, and to be ordinarily stationed at Burrisal

Mr O E Perroux, Moonsif of Burrisal, Backergunge, is appointed to be a Moonsif in the district of Jessore, and to be ordinarily stationed at the sudder station

Baboo Moti Lal Haldar is confirmed in his appointment as a Moonsif in the district of Pubna, and will be ordinarily stationed at Bogra

Baboo Prosonno Coomar Sen is confirmed in his appointment as a Moonsif in the district of Hooghly, and will be ordinarily stationed at Serampore

Baboo Juggobundhoo Gangooly is confirmed in his appointment as a Moonsif in the district of Midnapore, and will be ordinarily stationed at Tumlook

Baboo Radha Krishna Sen, Moonsif of Tumlook, Midnapore, is appointed to be a Moonsif in the district of Tipperah, and to be ordinarily stationed at Mooradnuggur, but will continue to act in his present appointment as Additional Subordinate Judge of Hooghly

The 1st February 1881 —Mr W H Page, Joint-Magistrate and Deputy Collector, Burdwan, is vested with the powers of a Magistrate of the First Class, and with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

Mr C D C Winter, Joint-Magistrate and Deputy Collector, Pubna, is vested with the powers of a Magistrate of the First Class, and with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 31st January* 1881.—Baboo Kalidhan Chatterjee, Second Moonsif of Moonsheegunge, in the district of Dacca, is allowed leave for one month, under Section 10, Supplement F of the Civil Leave Code, with effect from the 7th of February 1881, or such subsequent date as he may avail himself of it.

Baboo Tara Churn Sen, Third Moonsif of Nemal, in the district of Midnapore, is allowed leave for two months, under Section 4, Supplement F of the Civil Leave Code, with effect from the 15th January 1881

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 28th January 1881 —It is hereby notified for general information that, under section 2 of Act II (B C) of 1867 (entitled an Act for the punishment of public gambling and the keeping of common gaming-houses), the Lieutenant-Governor authorizes the extension from the 16th February 1881 of the provisions of the whole of the said Act to the town of Bettiah, in the district of Chumparun

The following are the boundaries of the town within which the provisions of the Act will be in force —

North —Bagabah Road
South.—The river Kohora
East —Tolleh Haribut
West.—The villages of Basunt, Tolleh Mirza, and Durgahee

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal.

NOTIFICATION

The 31st January 1881 —It is hereby notified for general information that the Lieutenant-Governor of Bengal has constituted the existing jurisdictions of the outposts of Pakour and Jamtara, in the Sudder or Doomka sub-division of the district of the Sonthal Pergunnahs, divisions of that district under Section 39 of the Criminal Procedure Code (Act X of 1872) from the first of January 1881.

The Jamtara division comprises Tappah Kundahit-Koranja, Pargunnah Pabia, and the Ghatwali taluks Ghati, Narainpore, and Khajra, with their dependencies.

[*Government Gazette*, *8th February* 1881.]

রাজশাহী জিলায় কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিহারী লাল মুখোপাধ্যায়, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ত্রিপুরার অন্তর্গত মুরাদনগরের ছুটীপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ সেন, বাকরগঞ্জ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বরিশালে অবস্থাপিত হইবেন।

বাকরগঞ্জের অন্তর্গত বরিশালের মুনসেফ শ্রীযুত সি, ই, পোরোঁ সাহেব যশোহর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু মতিলাল হালদার পাবনা জিলায় স্বীয় মুনসেফের পদে স্থায়িরূপে নিযুক্ত হইয়া সামান্যতঃ বগুড়া জিলায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন হুগলী জিলায় স্বীয় মুনসেফের পদে স্থায়িরূপে নিযুক্ত হইয় সামান্যত' শ্রীরামপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু জগদ্বন্ধু গঙ্গোপাধ্যায় মেদিনীপুরে স্বীয় মুনসেফের পদে স্থায়িরূপে নিযুক্ত হইয়া সামান্যতঃ তমলুকে অবস্থাপিত হইলেন।

মেদিনীপুরের অন্তর্গত তমলুকের মুনসেফ শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন, ত্রিপুরা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মুরাদনগরে অবস্থাপিত হইবেন, কিন্তু হুগলীর আডিশ্যনল সবর্ডিনেট জজ-স্বরূপ স্বীয় বর্ত্তমান পদের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।— বর্দ্ধমানের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেব, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ডি, সি, উইণ্টর সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮১ সাল ৩১ জানুয়ারি।—ঢাকা জিলার অন্তর্গত মুন্সীগঞ্জের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু কালীধন চট্টোপাধ্যায় ১৮৮১ সালের ফেব্রুয়ারি মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পরে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত নেমালের তৃতীয় মুনসেফ শ্রীযুত বাবু তারাচরণ সেন, সিবিল কার্য্য-কারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে ১৮৮১ সালের ১৫ জানুয়ারি অবধি দুই মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২৮ জানুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সামান্য দ্যূত ক্রীড়ার ও সাধারণ দ্যূত গৃহ রক্ষিবার দণ্ড বিষয়ক ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের ২ ধারামতে উক্ত সমুদয় আইনের বিধান ১৮৮১ সালের ফেব্রুয়ারি মাসের ৬ তারিখ অবধি চাম্পারণ জিলার অন্তর্গত বেত্তিয়া নগরে প্রচলিত হইবার আদেশ করিলেন।

উক্ত নগরের নিম্নলিখিত সীমার মধ্যে উক্ত আইনের বিধান প্রবল হইবে।

উত্তর সীমা।—বাগাবা পথ
দক্ষিণ সীমা।—কোহোরা নদী।
পূর্ব্ব সীমা। টোলে ব্রিবট।
পশ্চিম সীমা।—বসন্ত ও টোলে মির্জা ও দরগাহীগ্রাম।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৩১ জানুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সাঁওতাল পরগণা জিলার সদর বা দুমকা মহকুমার অন্তর্গত পাকুড় ও জামতারা থানার বর্ত্তমান এলাকা ১৮৮১ সালের ১ জানুয়ারি অবধি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৭২ সালের ১০ আইনের ৩৯ ধারা মতে উক্ত জিলার মহকুমা করিলেন।

জামতারা মহকুমার মধ্যে তপ্পা কান্দ হিত-করঞ্জা, ও পাবিয়া পরগণ ও অধীন প্রদেশ সুদ্ধ ও ঘাটওয়ালী তালুক বাকি ও নারায়ণ পুর ও খাজরা ধরা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

The Pakour jurisdiction comprises Pergunnahs Sultanabad, Ambar, South Bada-Kanjiala, both within and without the Damin-i-Koh

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT.—BENGAL.

ESTABLISHMENT

The 31*st January* 1881

No 19 —*Notifications* —With reference to Notification No 7 of the 3rd January 1881, Mr W P Milne, Assistant Engineer, Second Grade, joined the Burdwan Division on the afternoon of the 17th idem

F S STANTON, *Lieut -Col*, R E,
Offg Secy to the Govt of Bengal,
P W Dept

IRRIGATION

NOTIFICATIONS —ESTABLISHMENT

The 31*st January* 1881

No 19 —*Notifications* —With reference to the orders marginally noted, Mr J H Toogood, temporary Executive Engineer, Fourth Grade, Arrah Division, returned to duty on the forenoon of the 24th instant The unexpired portion of his privilege leave is hereby cancelled

No 154 dated 2nd December 1880
, 172 , 30th " "

The 31*st January* 1881

No 21 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government in the district of Balasore at the public expense for a public purpose, viz , for a navigable canal, to be designated Range No III of the Orissa Coast Canals, it is hereby notified, under section 6 of Act X of 1870, that for the above purpose a strip of land, about 9½ miles in length and 200 feet in width, more or less, is required in the said district of Balasore, commencing from mouzah Mancoonda, on the boundary of the Midnapore district, and passing through the mouzahs Haridaspur, Deula, Satgohalia, in pergunnah Bhograi, and mouzahs Dehurda, Bahgram, Mahespur, in pergunnah Kakhrachour, and mouzahs Bamoonda, Bartana, Bhograi, in pergunnah Bhograi, and terminating on the left bank of Goochida river

No 22 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government in the district of Balasore at the public expense for a public purpose, viz , for a navigable canal, to be designated Range No IV of the Orissa Coast Canals, it is hereby notified, under section 6 of Act X of 1870, that for the above purpose a strip of land about 24 miles in length and 200 feet in width, more or less, and containing about 647 beeghas, is required in the said district of Balasore, commencing from the right banks of the Subarnarekha at Jamkunda, and passing through the mouzah Jamkunda in pergunnah Satmalang, and mouzahs Madhupura, Jabka, Nachinda, Deula, Khadisul, Bisida, Kuntsahi, Balarampur, Benta, Balichatia, in pergunnah Kourdachour, and Balikuti, Bulong, Indpara, in pergunnah Satmalang, and Mahapada, Koondoolie, in pergunnah Durarachour, and Seepur in pergunnah Naugleswar, and Sartha, Panchpara, Sulpata, Chaoolpur, Goobra, in pergunnah Chanua, and Sangoobra Goorda, Palsia, Koondiha, Teakhia, in pergunnah Rastra, and Angoola, Bhagirathpur, Belda, in pergunnah Dasmalang, and terminating at Nalkooh, in pergunnah Rastra, on the left bank of Burabalang river

[*Government Gazette*, 8*th February* 1881.]

পাকুড় এলাকার মধ্যে দামিন-ই-কোহ মধ্যেই হউক বা বাহিরেই হউক পরগনা সুলতানাবাদ ও আম্বর ও দক্ষিণ বাদা কাঞ্জিলা ধরা যাইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক।

১৮৮১ সাল ৩১ জানুয়ারি।

১৯ নম্বর।—বিজ্ঞাপন।—১৮৮১ সালের ৩ জানুয়ারির ৭ নং বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, পি, মিলনি সাহেব ঐ মাসের ১৭ তারিখের অপরাহ্নে বর্দ্ধমান খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

এফ, এস, ষ্টাণ্টন, লেপ্টেনেণ্ট-কার্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশতা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৩১ জানুয়ারি।

১৯ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে আরা খণ্ডের চতুর্থ শ্রেণীর নিয়ৎকালীন একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে, এচ, টুগুড সাহেব এই মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন। তাঁহার অনুগ্রহের ছুটীর অবশিষ্টাংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৮০ সালের ২ ডিসম্বরের ১৫৪ নং।
" ৩০ " ১৭২ নং।

১৮৮১ সাল ৩১ জানুয়ারি।

২১ নম্বর।—১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বালেশ্বর জিলায় উড়িষ্যার সমুদ্র তীরবর্ত্তি খালের ৩ নং রেঞ্জ নামে খোকা গমা খালের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বালেশ্বর জিলায় প্রায় ৯॥ মাইল দীর্ঘ ও ন্যূনাধিক ২০০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমি মেদিনীপুর জিলার সীমায় মানকুণ্ড মৌজা হইতে আরম্ভ হইয়া ভোগ্রাই পরগনার হরিদাসপুর ও দেউলা ও সাতগোয়ালিয়া মৌজা এবং খাকরাচৌর পরগনার দেহরদা ও বহুগ্রাম ও মহেশপুর মৌজা এবং ভোগ্রাই পরগনার বামুন্দা ও বর্ত্তনা ও ভোগ্রাই মৌজার মধ্য দিয়া গুচিদা নদীর বাম তটে শেষ হয়।

২২ নম্বর।—১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বালেশ্বর জিলায় উড়িষ্যার সমুদ্র তীরবর্ত্তি খালের ৪ নং রেঞ্জ নামে খোকা গমা খালের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বালেশ্বর জিলায় প্রায় ২৪ মাইল দীর্ঘ ও ন্যূনাধিক ২০০ ফুট প্রস্থ অর্থাৎ ৬৪৭/ বিঘা ভূমির প্রয়োজন। উক্ত ভূমি সুবর্ণরেখা নদীর ডাহিন তটে জামকুণ্ডায় আরম্ভ হইয়া সাতমলঙ্গ পরগনার জামকুণ্ড মৌজা এবং কোরদাচৌর পরগনার মধুপুরা ও জাবন ও নচিন্দা ও দেউলা-ও খাদিসল ও বিসিদা ও কন্টসাই ও বলরামপুর ও বেস্তা ও বালিছত্র মৌজা এবং সাতমলঙ্গ পরগনার বালিকাটী ও বুলং ও ইন্দোপাড়া এবং দুরারাচুর পরগনার মহাপদ ও কুণ্ডলী এবং লাঙ্গলেশ্বর পরগনার সীপুর এবং চহুয়া পরগনার সার্থা ও পাঁচপাড়া ও সলপটা ও চাউলপুর ও গুব্রা এবং বস্তা পরগনার সজুরা ও গর্দ্দা ও পলসিয়া ও ঝুনদিহা ও তেয়াখিয়া এবং দাস মলঙ্গ পরগনার অমুণা ও ভগীরথপুর ও বেলদা মৌজার মধ্য দিয়া বড় বলঙ্গ নদীর বামতটে বস্তা পরগনার নালকুদিতে শেষ হয়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

No 23 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the excavation of the proposed Coast Canal, Range No V, connecting the Burabalang and Metai rivers, and containing about 971 beegahs, in the villages of Sirkona Heedga, Goodoo, Barkhea, Bardhanpur, Sudmanagar, Chachina, Bhimpur, Kumarpur, Tundra, Inchuri, Talpada, Bhila Janipur, Jagarnathpur, Oosang, Maharudrapur, Baripada, Arooabad, Rupkhand in pergunnah Bisalkhand, and in the villages of Abhuna, Atlabad, in pergunnah Panchmalang, and in the villages of Bachda, Parrua, Bhapara, Oohard, Tilda, Erum, Churaman, Chandhuripukhur, Mangrajur, Banksur, Kusunpur, in pergunnah Ankura, and in the villages of Jagarnathpur, Lachmidaspur, Apartipur, Panpur, Balimade, Damodarpur, in pergunnah Bhera, zillah Balasore, it is hereby declared, under section 6 of Act X of 1870, that for the above purpose a piece of land measuring, more or less, 87½ miles in length and 200 feet in width, more or less, is required within the aforesaid villages of Sirkona, Heedga, Goodoo, Barkhea, Bardhanpur, Sudmanagar, Chachina, Bhimpur, Kumarpur, Tundra, Inchuri, Talpada, Bhila, Janipur, Jagarnathpur, Oosang, Maharudrapur, Baripada, Arooabad, Rupkhand, in pergunnah Bisalkhand, and in the villages of Abhuna, Atlabad, in pergunnah Panchmalang, and in the villages of Bachda, Purrua, Bhapara, Oohard, Tilda, Erum, Churaman, Chandhuripukhur, Mangrajpur, Banksur, Kusunpur, in pergunnah Ankura, and in the villages of Jagarnathpur, Lachmidaspur, Apartipur, Panpur, Balimade, Damodarpur, in pergunnah Behra This declaration is made, under the provisions of Section 4 of Act X of 1870, to all whom it may concern

The 1*st February* 1881

No 24 —*Transfer* —Mr F Lepper, Assistant Engineer, Second Grade Buxar Division, is transferred, in the interests of the public service, to the South-Western Circle

H C LEVINGE,
Jt-Secy to the Govt of Bengal
P W Dept, Irrigation Branch

২৩ নম্বর।—১৮৭০ সালের ১০ আইনের ৬ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বালেশ্বর জিলার অন্তর্গত বিশাল খণ্ড পরগনার শির কোনা ও হাদগা ও গুড়ু ও বরখেয়া ও বর্দ্ধনপুর সম্যা-নগর ও চাচিনা ও ভীমপুর ও কুমারপুর ও তত্রা ও ইঞ্চুরি ও তালপদা ও ভিলা ও জনিপুর ও জগন্নাথ-পুর ও উসজ ও মহাকত্রপুর ও বারিপদা ও অকবাবাদ ও রূপ খণ্ড গ্রাম এবং পাঁচ মলজ পরগনার আভুনিয়া ও আতলাবাজ গ্রাম এবং অঙ্কুরা পরগনার বচদা ও পকয়া ও ভাপড়া ও উহর্দ্দ ও ভিলদা ও এরম ও চুডামন ও চৌধুরীপুকর ও মজ্রাজপুর ও বক্কসর ও কুসনপুর এবং ভেবা পরগনার জগন্নাথপুর ও লক্ষ্মীদাসপুর ও অপার্ত্তিপুর ও পানপুর ও বলিমাদে ও দামোদরপুর গ্রামেবড়বলজ ও মেত্তাই নদী সংযোগ কারি মযুরভৗর বর্ত্তি খালের ৫ নং রেঞ্জ কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর স হেবের নিকট এই কথা প্রকাশ হওযাতে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বিশাল খণ্ড পরগনার শির্কোনা ও হাদগা ও গুড়ু ও ববখিয়া ও বর্দ্ধনপুর ও সম্যানগর ও চাচিনা ও ভীমপুর ও কুমারপুর ও তত্রা ও ইঞ্চুরী ও তালপদা ও ভিলা ও জনিপুর ও জগন্নাথপুর ও উসজ ও মহাকত্রপুর ও বারিপদা ও আকবাবাদ ও রূপ খণ্ড এবং পাঁচমলজ পরগনার আভুনিয়া ও আতলাবাদ এবং অঙ্কুরা পরগনার বচদা ও পকয়া ও ভাপাড়া ও উহর্দ্দ ও ভিলদা ও এরম ও চুডামন ও চৌধুরী পুকুর ও মজ্রাজপুর ও বক্কসর ও কুসনপুর এবং বিহরা পরগনার জগন্নাথপুর ও লক্ষ্মীদাসপুর ও অপত্তিপুর ও পানপুর ও বলিমেদ ও দামোদরপুর গ্রামে ন্যূনাধিক ৩৭।। মাইল দীর্ঘ ও ২০০ ফুট অর্থাৎ প্রায় ৯৭১৶ বিঘা পরিমিতপ্রস্ত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।

২৪ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—বন্যার খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, লেপর সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে দক্ষিণ-পশ্চিম চক্রে প্রেরিত হইলেন।

এচ, সি, লেবিঞ্জ,
পাবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৮১। ৮ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮১ সালের ১৫ জানুয়ারি তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮১ সালের ৩ আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিকুরিটী সংক্রান্ত কোন২ বিষয়ের বিধান করণার্থ আইন।

হেতুবাদ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব সংকল্প করিয়াছেন যে ১৮৮০ সালের শতকরা ৪৷৷০ টাকা সুদের ঋণ সম্বন্ধে সর্টিফিকেটে যে আসল টাকা লেখা থাকে সর্টিফিকেটধারী তাহা পাইবার অধিকারী হইবেন এই বলিয়া সর্টিফিকেট এবং ঐ আসল টাকার সুদের কুপন পত্র দিবেন,

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব অন্য ঋণসম্বন্ধে সময়ে২ উক্তরূপ কুপনপত্রসহিত বা তদ্ব্যতীত ঐ প্রকার সর্টিফিকেট দিতে অভিলাষী হইতে পারেন,

এবং উক্তরূপ সর্টিফিকেট ও কুপনপত্র সংক্রান্ত স্বত্ব, যে প্রকারে হস্তান্তর করা যাইবে তাহা নির্দ্দেশ করা বিহিত আর ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সমুদয় সিকুরিটী সংক্রান্ত অন্য কোন২ বিষয়ের বিধান করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।—

সংক্ষেপ নাম। আরম্ভ।

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় সিকুরিটী বিষয়ক ১৮৮১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে, এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

"গবর্ণমেণ্ট সিকুরিটী"

২ ধারা। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বেই হউক বা পরেই হউক, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যে প্রমিসরি নোট (অঙ্গীকারপত্র), ডিবেঞ্চর (ঋণপত্র) ঋণ সর্টিফিকেট, কুপনপত্র বা অন্য সিকুরিটী দেন, এই আইনে "গবর্ণমেণ্ট সিকুরিটী" শব্দে তাহা বুঝাইবে।

পত্রবাহককে টাকা দিবার নিয়মাধীন প্রমিসরি নোটের ন্যায় সর্টিফিকেট ও কুপন পত্র হস্তান্তর করা যাইতে পারিবার ও তাহার টাকা শোধ হইতে পারিবার কথা।

৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব কোন ঋণসম্বন্ধে ঐ ঋণের যে অংশ সর্টিফিকেটে লেখা থাকে সর্টিফিকেটধারী সেই অংশ পাইবার অধিকারী বলিয়া সর্টিফিকেট কিম্বা ঐ ঋণের কোন অংশের সুদ স্বরূপ দেয় টাকার কুপনপত্র দিলে, ঐ সর্টিফিকেট বা কুপনপত্র পত্রবাহককে টাকা দিবার নিয়মাধীন প্রমিসরি নোট

হইলে যেরূপ হইত সেইরূপে উক্ত সর্টিফিকেট বা কুপনপত্র সংক্রান্ত স্বত্ব হস্তান্তর করা যাইতে পারিবে, এবং উক্তরূপ সর্টিফিকেটের বা কুপনপত্রে নির্দ্দিষ্ট টাকা যে তারিখে দেয় হয় সেই তারিখে বা তাহার পরে উক্ত সর্টিফিকেট বা কুপনপত্রধারিকে গবর্ণমেণ্টের কর্ত্তৃক বা গবর্ণমেণ্টের পক্ষ হইতে দেওয়া গেলে, ঐ সর্টিফিকেট বা কুপনপত্র পত্রবাহককে টাকা দিবার নিয়মাধীন প্রমিসরি নোট হইলে যেরূপ হইত গবর্ণমেণ্ট সেই-রূপে দায়মুক্ত হইবেন

ন্যাসের নোটিস না হইবার কথা।

৪ ধারা। কোন গবর্ণমেণ্ট সিকুরিটী সম্বন্ধে কোন ট্রস্টের (অর্থাৎ ন্যাসের) নোটিস গবর্ণমেণ্ট কর্ত্তৃক গ্রাহ্য হইবে না।

গবর্ণমেণ্ট সিকুরিটীর পৃষ্ঠলিপিকারকের তাহার টাকার জন্য দায়ী না হইবার কথা।

৫ ধারা। কোন ব্যক্তি কোন গবর্ণমেণ্ট সিকুরিটীর পৃষ্ঠলিপি করিয়াছেন বলিয়া, তাহার আসল বা সুদের হিসাবে কোন দেনা টাকা দিতে দায়ী হইবেন না।

গবর্ণমেণ্ট সিকুরিটীর উপর স্বাক্ষর ছাপা প্রভৃতি হইতে পারিবার কথা।

৬ ধারা। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের যে কার্য্যকারক উক্ত গবর্ণমেণ্টের পক্ষে কোন গবর্ণমেণ্ট সিকুরিটীতে স্বাক্ষর করিবার ক্ষমতা প্রাপ্ত হন, তাঁহার স্বাক্ষর ঐ সিকুরিটীর উপর ছাপা, খোদা, বা লিথোগ্রাফ করা অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অন্য যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে যন্ত্রদ্বারা বসাইয়া দেওয়া যাইতে পারিবে।

উক্ত স্বাক্ষর ঐ কার্য্যকারকের স্বহস্তে লিখিত হইলে যেরূপ সিদ্ধ হইত, ঐ ছাপা, খোদা, লিথোগ্রাফ করা বা অন্যরূপে বসাইয়া দেওয়া স্বাক্ষরও তদ্রূপ সিদ্ধ হইবে।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮১ সালের ২১জানুয়া তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতিনিমিত্ত এতদ্দ্বারা চারিত হইল।

১৮৮১ সালের ৭ আইন।

১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইন (অর্থাৎ কর সম্পর্কীয় ১৮৮০ সালের আইন) সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইন (অর্থাৎ কর সম্পর্কীয় ১৮৮০ সালের আইন) সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের সংশোধনের কথা।

১ ধারা। উক্ত আইনের ৬৪ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি দিতে হইবে, এবং উক্ত আইন যে তারিখে প্রবল হইয়াছে সেই তারিখ অবধি এই ধারাগুলি দেওয়া হইয়াছে এতদ্রূপ জ্ঞান করা যাইবে।

নিষ্কর ভূমির ভোগাধিকারিদের স্থানে মহাল প্রভৃতির ভোগাধিকারিরা যেরূপে আদায় করিবেন, তাহার কথা।

"৬৪ক ধারা। বিনা খাজানায় ভোগকৃত কোন ভূমি সম্বন্ধে এই আইনের বিধানমতে কোন মহালের বা তালুক প্রভৃতির ভোগাধিকারিকে যত টাকা দেয় হয়, তাহা কোন হস্তান্তরযোগ্য তালুক বা যোতের দেনা খাজানা হইলে যে উপায়ে ও যে প্রণালীমতে ও মিয়াদ সম্বন্ধীয় যে বিধির নিয়মাধীনে আদায় করা যাইতে পারিত, উক্ত ভোগাধিকারী সেই উপায়ে ও সেই প্রণালীমতে ও সেই নিয়মাধীনে ঐ টাকা বিনা খাজানায় ভোগকৃত উক্ত ভূমির স্বামির বা ভোগাধিকারির বা দখিলকারের স্থানে আদায় করিতে পারিবেন।

"কিন্তু কালেক্টর সাহেবের নিকটে ৫৩ ধারার উল্লেখমত কোন আপত্তি করা গিয়া থাকিলে, যাবৎ তিনি ঐ আপত্তির মীমাংসা না করেন, উক্ত আপত্তির বিষয়ীভূত ভূমি সম্বন্ধীয় কর আদায় করণার্থ কোন আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করা যাইবে না ও উপস্থিত করা গিয়া থাকিলেও চালান যাইবে না।

নিষ্কর ভূমির স্বামির বা ভোগাধিকারির বা দখিলকারের বিরুদ্ধে মোকদ্দমা হইতে পারিবার কথা।

দখিলকারের বিরুদ্ধে ডিক্রী হইলে স্বামির বিরুদ্ধে ডিক্রী হইবার তুল্য ফল হইবার কথা।

"৬৪খ ধারা। উক্তরূপ কোন টাকা আদায় করিবার প্রত্যেক মোকদ্দমায় যাঁহাকে ঐ টাকা দেয় হয়, তিনি আপন ইচ্ছাক্রমে হয় বিনা খাজানায় ভোগকৃত যে ভূমি সম্বন্ধে ঐ টাকা দেয় হয় সেই ভূমির স্বামির বা ভোগাধিকারির বিরুদ্ধে, নয় তাহার দখিলকারের বিরুদ্ধে, মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং ঐ মোকদ্দমায় উক্ত ভূমির দখিলকারের বিরুদ্ধে ডিক্রী হইলে, যদি ঐ ভূমির স্বামির বা ভোগাধিকারির বিরুদ্ধে মোকদ্দমা হইয়া ডিক্রী হইত তবে ঐ স্বামির বা ভোগাধিকারির বিরুদ্ধে ডিক্রী জারী সম্বন্ধে এবং ঐ ভূমি বিক্রয় সম্বন্ধে ঐ ডিক্রীর যেরূপ কার্য্য হইত ও তৎক্রমে যেরূপ ফল হইত, তাহার সেইরূপ কার্য্য হইবে ও তৎক্রমে সেইরূপ ফল হইবে, কিন্তু উক্ত দখিলকারের দখলে যত কাল ঐ ভূমি থাকে তত কাল মাত্র ঐ ডিক্রী তাঁহার বিরুদ্ধে কার্য্যকর হইবে তৎপরে নহে।"

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[তৃতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ৩০ ডিসেম্বর তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ২২ নম্বর।

গমনাগমনের পথে বাধা অপসৃত বা বিনষ্ট করণার্থ এবং উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ সমুদ্রে জাহাজের গমনাগমন পথে বাধা অপসৃত বা বিনষ্ট করণার্থ এবং উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

সংক্ষেপ নাম।

আরম্ভ।

১ ধারা। এই আইন 'গমনাগমনের পথে বাধা সংক্রান্ত ১৮৮০ সালের আইন' নামে খ্যাত হইতে পারিবে।

এবং তাহা অবিলম্বে বলবৎ হইবে।

কিন্তু শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজের প্রতি কিম্বা শ্রীশ্রীমতী মহারাণী বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব যে জাহাজ ভাড়া করেন তাহার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না।

গমনাগমনের পথে বাধা অপসৃত বা বিনষ্ট করণার্থ স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা অর্পণের কথা।

২ ধারা। ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ কোন সমুদ্রে গমনাগমনের পথে কোন জাহাজ ডুবিলে, চড়ায় উঠিলে, বা পরিত্যক্ত হইলে, অথবা মৎস্য ধরিবার কোন খুঁটা কাষ্ঠ বা অন্য দ্রব্য স্থাপিত বা রক্ষিত হইলে, ব্রিটিষ ভারতবর্ষের যে প্রদেশে বা যাহার নিকটে ঐ জাহাজ মৎস্য ধরিবার খুঁটা, কাষ্ঠ বা অন্য দ্রব্য থাকে, সেই প্রদেশের স্থানীয় গবর্ণমেণ্ট যদি বিবেচনা করেন যে ঐ দ্রব্যাদিদ্বারা জাহাজের গমনাগমনে বাধা বা বিপত্তি হইবে বা হইবার সম্ভাবনা,

(ক) তবে ঐ দ্রব্য বা উহার কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন, কিম্বা

(খ) যদি ঐ দ্রব্য এপ্রকারের হয় বা এরূপ ভাবে থাকে যে স্থানীয় গবর্ণমেণ্টের মতে তাহা স্থানান্তর করিবার যোগ্য না হয়, তবে উহা বা উহার কোন অংশ বিনষ্ট করিতে পারিবেন।

বাধা অপসৃত করিতে যে খরচ পড়ে, গবর্ণমেণ্ট তাহা পাইবার অধিকারী হইবার কথা।

৩ ধারা। ২ ধারামতে কোন দ্রব্য স্থানান্তরিত করা গেলে, গবর্ণমেণ্ট সমুদয় অবস্থার প্রতি দৃষ্টি করিলে যত টাকা যুক্তিসিদ্ধ বোধ হয়, ঐ দ্রব্য স্থানান্তর করিবার খরচ বলিয়া তত টাকা পাইতে পারিবেন।

উক্ত খরচ লইয়া বিবাদ হইলে, তদ্বিষয়ের কথা।

উক্তরূপ যে কোন দ্রব্য স্থানান্তর করা যায়, তাহা লইয়া এই ধারামত পাওনা টাকা সম্বন্ধে কোন বিবাদ উপস্থিত হইলে, যে স্থানে ঐ দ্রব্য থাকে সেই স্থানে বিচারাধিপত্য প্রাপ্ত জিলার বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকটে বিবাদী পক্ষদের কোন পক্ষ তৎসম্বন্ধে প্রার্থনা করিলে, ঐ মাজিষ্ট্রেট তাহার নিষ্পত্তি করিবেন।

৪ ধারা। ২ ধারামতে কোন দ্রব্য স্থানান্তর করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ দ্রব্যের বর্ণনা এবং যে সময়ে যে স্থান হইতে উহা স্থানান্তর করা যায় তাহা লিখিয়া স্থানীয় রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিবেন।

স্থানান্তর করিবার সংবাদ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে হইবার কথা।

৫ ধারা। উক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর, কেহ ঐ দ্রব্যের দাওয়া না করিলে,

স্থানান্তর করা দ্রব্য কোন ২ স্থলে বিক্রীত হইতে পারিবার কথা।

কিম্বা দাওয়াদার উক্ত খরচের দেনা টাকা এবং তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের উপযুক্তরূপ অন্য যে খরচা পড়ে তাহা না দিলে,

স্থানীয় গবর্ণমেণ্ট প্রকাশ্য নীলামে করিয়া ঐ দ্রব্য আশুক্ষয়শীল হইলে অবিলম্বে, এবং আশুক্ষয়শীল না হইলে, পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাসের অন্যূন কোন সময়ে, বিক্রয় করিতে পারিবেন।

৬ ধারা। উক্ত বিক্রয়ের উৎপন্ন টাকা আদায় হইলে পূর্ব্বোক্তরূপ খরচ ও খরচার প্রাপ্য টাকা বিক্রয়ের খরচা সমেত কাটিয়া লওয়া যাইবে, এবং অবশিষ্ট কিছু থাকিলে তাহা বিক্রীত দ্রব্যের স্বামিকে দেওয়া যাইবে, অথবা তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত হইয়া দাওয়া না করিলে, আমানত করিয়া রাখা যাইবে, এবং পরে কোন ব্যক্তি তাহাতে আপনার স্বত্ব সাব্যস্ত করিলে, বিনাসুদে তাঁহাকে দেওয়া যাইবে।

বিক্রয়োৎপন্ন টাকা কিরূপে প্রয়োগ করিতে হইবে, তাহার কথা।

কিন্তু বিক্রয়ের তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ ব্যক্তির দাওয়া করা চাই।

৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে "জাহাজ" শব্দে কোন জাহাজের রসা-রসী, সরঞ্জাম, মাল, দ্রব্য-সামগ্রী বা নিলমস্বরূপ বা তাহার অংশস্বরূপ প্রত্যেক বস্তু বা দ্রব্য বা দ্রব্যসমূহ বুঝাইবে, এবং কোন জাহাজ বা তাহার মাল কিম্বা তাহা হইতে রক্ষিত অন্য কোন সম্পত্তি বিক্রয় করিয়া যে টাকা উৎপন্ন হয় সেই টাকা সাধারণ তহবীল বলিয়া গণ্য হইবে।

"জাহাজ" শব্দে রসারসী মাল প্রভৃতি বুঝাইবার কথা।

৮ ধারা। ব্রিটিষভারতবর্ষের নিকটস্থ কোন সমুদ্রে গমনাগমনের পথে, মৎস্য ধরিবার খুঁটাস্থাপন, কিম্বা নিলম, জঞ্জাল, বা অন্য যে কোন দ্রব্য হইতে চিবি বা চড়া জন্মিবার সম্ভাবনা তাহা ফেলা বা নিক্ষেপ করা, কিম্বা অন্য যে কার্য্য করিলে তাঁহারমতে জাহাজাদির গমনাগমনে বাধা বা বিপত্তি হইবে বা হইবার সম্ভাবনা সেই কার্য্য নিয়মিত বা নিষিদ্ধ করণার্থ, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব সময়ে ২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপন-পত্র প্রকাশকরিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

গমনাগমনের পথে বাধা স্থাপন নিয়মিত ও নিষিদ্ধ করণার্থ বিধি করিতে পারিবার কথা।

৯ ধারা। ৮ ধারামতে প্রণীত বিধিলঙ্ঘন পূর্ব্বক কেহ কোন কার্য্য বা ত্রুটি করিলে তাঁহাকে যে জিলায় বা রাজধানী নগরে পাওয়া যায় তথায় উক্ত অপরাধ নিমিত্ত তাঁহার বিচার হইতে পারিবে, এবং তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ৫০০৲ পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

উক্ত বিধি লঙ্ঘন করিলে, দণ্ডের কথা।

১০ ধারা। এতদর্থে গবর্ণমেণ্টের অন্য যে কোন ক্ষমতা থাকে, এই আইনের কোন কথায় সেই ক্ষমতানু-সারে কার্য্য করিবার বাধা হইবে এরূপ জ্ঞান করিতে হইবে না।

গবর্ণমেণ্টের অন্য ক্ষমতা সংরক্ষণের কথা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

ব্রিটিষ ভারতবর্ষের নিকটস্থ সমুদ্রে জাহাজাদির গমনাগমনের পথে যে কোন বাধা থাকে তাহা অপস্থত করণার্থ এবং ভবিষ্যতে উক্তরূপ বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া এই পাণ্ডুলিপির উদ্দেশ্য সংপ্রতি কএকটি মোকদ্দমা দেখিয়া এরূপ আইন থাকিবার সুবিধা গবর্ণমেণ্টের হৃদয়ঙ্গম হইয়াছে। এইরূপ একটি মোকদ্দমায়, বোম্বাই বন্দরের নিকটস্থ সমুদ্রে শুকাকালে মৎস ধরিবার যে সকল খুঁটা বৎসর২ স্থাপিত হয় গবর্ণমেণ্ট তাহা স্থানান্তরিত করিতে পারেন কি না, এই প্রশ্ন উত্থাপিত হইয়াছে, ঐ সকল খুঁটা বন্দরের প্রবেশ স্থান পর্য্যন্ত সংপ্রতি বিস্তৃত হওয়াতে এক্ষণে উক্ত বন্দরে যাতায়াতকারী জাহাজ সকলের গুরুতর বিপদের কারণ হইয়া দাঁড়াইয়াছে। অন্য একটি মোকদ্দমা রেঙ্গুন নদীর মোহানায় জাহাজওয়ালারা যে নিলম ফেলিয়া থাকেন তৎসংক্রান্ত। এই রীতি অনুমোদিত হইলে রেঙ্গুন বন্দরের প্রবেশপথে জাহাজাদি আসিবার গুরুতর বাধা ও বিপত্তি উৎপাদন করিবে। গবর্ণমেণ্টের এক্ষণে যে নিবারণশক্তি আছে তদপেক্ষা কিঞ্চিদধিক ক্ষমতার প্রয়োজন এই মোকদ্দমায় প্রতীয়মান হইয়াছে।

এই প্রকার বিষয় সম্বন্ধে গবর্ণমেণ্টের কর্ম্মচারিদের ক্ষমতা ও তাঁহাদের অনুসরণীয় কার্য্যপ্রণালী স্পষ্টরূপে নির্দ্দেশ করা অত্যন্ত বাঞ্ছনীয় ইহাতে সন্দেহ নাই, এবং ভারতবর্ষীয় ব্যবস্থা পুস্তকের বর্ত্তমান অবস্থায় এবিষয়ের যথাযোগ্য বিধান নাই বলিয়া, বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৪০ ও ৪১ বৎসরের আইনের ১৬ অধ্যায়ের (অর্থাৎ নৌভঙ্গ স্থানান্তর করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের) রাজব্যবস্থায় একরূপ ব্যবস্থাপনের নজীর পাওয়া যাইবে। এই পাণ্ডুলিপি সামান্যতঃ উক্ত ব্যবস্থার সূত্রাবলম্বন করিয়া চলিলেও দুইটি প্রয়োজনীয় বিষয়ে উহা অতিক্রম করিয়া গিয়াছে। ইহাতে বাধা অপস্থত করিবার যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তাহা উক্ত ব্যবস্থামত নৌভঙ্গজাত বাধা মাত্রে পর্য্যবসিত হয় নাই; মৎস্য ধরিবার খুঁটা, নিলম বা অন্য যে কোন দ্রব্য জাহাজাদির গমনাগমনের বাধা বা বিপত্তি ঘটাইতে পারে, তাহারও প্রতি উক্ত ক্ষমতা বর্ত্তান গিয়াছে। আর একটি বিষয়ে এই পাণ্ডুলিপি উক্ত রাজ-ব্যবস্থা অতিক্রম করিয়াছে, অর্থাৎ, বর্ত্তমান বাধা অপস্থত করণার্থ ক্ষমতা দিবার অতিরিক্ত ইহাতে ভবিষ্যতে ইচ্ছাপূর্ব্বক বাধাসৃষ্টি নিবারণার্থ গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া গিয়াছে। এতদর্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রতি এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, গমনাগমনের পথে মৎস্য ধরিবার খুঁটা স্থাপন, নিলম নিক্ষেপ, কিম্বা তাঁহার মতে অন্য যে কার্য্য করিলে জাহাজাদির গমনাগমনের বিপত্তি বা বাধা ঘটিবে বা ঘটিবার সম্ভাবনা সেই কার্য্য নিয়মিত বা নিষিদ্ধ করণার্থ তিনি বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১৮৮ সাল ২৪ ডিসেম্বর।

হুইটলী ষ্টোক্স,
ডি, ফিজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 8, 1881

মঙ্গলবার ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 1, dated the 18th January 1881.

At the request of the Government of Bengal, the Court are pleased to direct that, when the Annual Report on the Administration of Civil Justice has been submitted to the High Court, a District Judge shall forward to each Collector within his jurisdiction a copy of Annual Statement 2, and of so much of comparative tables I, II and III of the Report as relates to the Courts in his district.

CRIMINAL.

No. 2, dated the 27th January 1881.

At the request of the Government, the Court are pleased to direct Sessions Judges to close their Courts, except for urgent business, from the 15th to the 18th day of February next, in order that enumerators, supervisors, or other officers employed in connection with the Census, whose presence might be necessary in Court as parties, witnesses, or otherwise, may be set free during these days for employment in Census operations.

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সর্কিউলর অর্ডর।

দেওয়ানী।

১ নম্বর। ১৮৮১ সাল ১৮ জানুয়ারি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধক্রমে হাই কোর্ট আদেশ দিতেছেন যে, দেওয়ানী বিচারকার্য্য সংক্রান্ত বার্ষিক রিপোর্ট হাইকোর্টে প্রেরিত হইলে, জিলা জজ সাহেব আপনার বিচারাধীন স্থানের প্রত্যেক কালেক্টর সাহেবকে ২ নং বার্ষিক বর্ণনাপত্রের প্রতিলিপি এবং রিপোর্টের তুলনায় সমালোচনা সম্বন্ধে যে ১, ২, ও ৩ নং তালিকা আছে, তাহার যে অংশ তদীয় জিলার আদালত সমূহের সহিত সম্পর্ক রাখে সেই অংশের প্রতিলিপি পাঠাইয়া দিবেন।

ফৌজদারী।

২ নম্বর। ১৮৮১ সাল ২৭ জানুয়ারি।

গবর্ণমেণ্টের অনুরোধক্রমে হাই কোর্ট সেশনস জজ সাহেবদের প্রতি এই আদেশ করিতেছেন যে অত্যাবশ্যক কর্ম্ম না থাকিলে, তাঁহারা আগামী ফেব্রুয়ারি মাসের ১৫ তারিখ অবধি ১৮ তারিখ পর্য্যন্ত আপন২ আদালত বন্ধ রাখিবেন। ইহার উদ্দেশ্য এই যে গণনাকারীদের বা সুপরবাইজারদের বা লোক সংখ্যাগ্রহণ সংক্রান্ত কার্য্যে নিযুক্ত অন্য যে কর্ম্মচারীদের মোকদ্দমার কোন পক্ষস্বরূপ বা সাক্ষিস্বরূপ বা প্রকারান্তরে আদালতে উপস্থিত থাকিবার প্রয়োজন হয়, তাঁহারা লোকসংখ্যা গ্রহণ কার্য্যে নিযুক্ত থাকিবার নিমিত্ত এই কএক দিন অবকাশ পাইতে পারেন।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A., B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 8, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

PART VIII

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড ।

ইশ্তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT

ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা কটক ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি মধ্যমপ্রদেশ জেলা কটক।

সমস্তলোকদিগের জ্ঞাতকারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইংরেজি সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সাল ৭ আইনের ৩ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল সকল লাগায়ত কিস্তি জুন সন ১৮৮০ সাল মোতাবেক সন ১৮৮৭ সাল খোলপণি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৮১ সাল মার্চ্চ মাহার ২ তারিখ মোতাবেক সন ১২৮৮ সাল ফাল্গুন মাহার ২১ তারিখ বুধবার দিবসে এ জেলার কালেকটরি কাছারিতে নিলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ২৫ তারিখ জানুয়ারি সন ১৮৮১ সাল।

দ্বিতীয়শ্রেণী মিয়াদি বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মহাল।

নং ৬৮৯ তৌজী হজুরী মহাল কিসমত তালুকে সত্যভামাপুর পং পদ্মপুর লিখিত মালিক রঘুনাথ দাস ও রাধামোহন দাসও ভাগ রথি মাহাত ও ইন্দ্রমণি দাস ও চিন্তামণি দাস ও মন্দধর দাস ও বৃন্দাবন দাস ও পীরমহম্মদ ও ফকিরমহম্মদ সদর জমা ম: ৫২৭৬/৯

নং ১২৫৩ তৌজী হুজুরি মহাল কি: ||/৫\১২৶১২ গণ্ডাতালুকে জাহাগীরাবাদ প: করমুল লিখিত মালিক চৌধুরী রাধামাধব সামন্তরামহাপাত্র ও দিব্যসিংহ পট্টরাজ ও ব্রজসুন্দরপাটযোশীর নাবালগানমাহাদেজ চৌধুরী রাধামাধব সামন্তরা মজকুর ও চৌধুরী শ্যামসুন্দর রায় গুরু ও দুর্গামনী দেই ও শ্রীচন্দ্রদাস ও বিনোদবেহারি দাস ও অনাদি দাস ও কল্পতরু দাস ও অচ্যুতানন্দ দাস ও আনন্দচন্দ্র দাস ও প্রাণকৃষ্ণ ঘোষ ও গোপালপতি ও বিনোদ দিক্ষিত ও চক্রধরপতি ও শিবপতি ও বলিপতি ও শ্রীনিবাস ভূয়াঁ ও কাশীনাথ বসু ও সুভিমল ও চৌধুরী রঘুনাথ দাস ও রাধামোহন দাস ও মদনধর দাস ও বৃন্দাবন দাস ও নিলমণি দাস ও ইন্দ্রমণি দাস ও চিন্তামণি দাস ও পূর্ণমণি দাস ও উমাপ্রসাদ বসু ও শ্যামাচরণ মল ও শ্যামাচরণ মাইতি ও সুদর্শন ভূয়াঁ ও চক্রধর ভূয়াঁ ও গুরুবেহারা ও সাধুচরণ মাইতি ও হাড়িশাহু সদর জমা, ম: ১০০৭৶৫।

R. H PAUSEY, *Collector*

জেলা কটক তারিখ জানুয়ারি সন১৮৮১ সাল।

[*Government Gazette, 8th February* 1881]

বাকী খাজনার জ্ঞাপন পত্রের পাঠ।

কাছারী কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইস্তাহার। সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা রঙ্গপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সন ১৮৮১ সালের ১২ জানুয়ারি তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আক্ট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় জন্যে ১৮৮১ সালের ৭ মার্চ মোতাবেক ১২৮৭ সালের ২৫ ফালগুন সোমবার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। সন ১৮৮১ ইংরাজী ২৫ জানুয়ারি মোতাবেক ১২৮৭ সাল তারিখ ১৩ মাঘ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা দায়া মহালে বাকী রাজস্বের জন্য নিলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজীর নম্বর	মহালের নাম ও পরগনা।	মালিকের নাম।	সদর জমা।	তায়দাদ জমাদারি যাহা নীলাম হইবেক।
১নং	প্রথম শ্রেণীর ইস্তমুরারিজমা ধার্য্য হওয়া মহাল।	৬ নং	মৌজে হংসরাজ চাকলে কাজির হাট।	শান্তমণী দাস্যা ও কালীনাথ চক্রবর্ত্তী।	৬১৯।৶ ০	এই মহালের মালিক মধ্যে শান্তমণী দাস্যা তাহার দেনা টাকা আদায় করায় তাহার অংশ বাদে কালীনাথ চক্রবর্ত্তী হক হিস্যা তাহুতের রকম ॥০আনা যাহার সদর জমা ৩০৯॥৶১১ পাই ১৮৫৯ সনের ১১ আইনের ১০ ধারামতে বিশেষ ১নং স্বতন্ত্র হিসাব লিখিত আছে তাহার বাকী ৮৩৲
২নম্বর	প্রথম শ্রেণীর ইস্তমুরারিধার্য্য হওয়া মহাল।	৬৯৬নম্বর	লাল বাড়ী কি সামন্ত জা গর পরগনা	রাজলক্ষ্মী চৌধুরাণী ও মহর উল্লা চৌধুরী ও কাসমউল্লা প্রামাণিক উহিপক্ষে রেয়াজুদ্দীন মহম্মদ প্রামাণিক নাবালক ও আজিজমেছা ও আয়সা মাই নাবালিকা ও কোওর শ্যামকিশোর রায় ও ব্রহ্মময়ী চৌধুরাণী ও মফিউদ্দীন মহম্মদ চৌধুরী ও ইছা মহাম্মদ চৌধুরী ও করিমনেছা চৌধুরাণী ও বুধুমাই বিবি চৌধুরাণী ও কিয়াউল্লা চৌধুরী ও আছানদ্দীন মাহাম্মদ চৌধুরী ও কফুরমেছা চৌধুরাণী ও করিমনেছা চৌধুরাণী অর্চিপক্ষে মলেছেতমেছা নাবালিকা ও কেফেরতুল্ল চৌধুরী ও চন্দ্রশিখর রায় ও গোপালচন্দ্র রায় ও ক্ষেমাময়ী চৌধুরাণী ও কফুরমেছা চৌধুরাণী উহি পক্ষে বদিয়জ্জমা চৌধুরী নাবালক ও গোকুলচন্দ্র রায় পূর্ণচন্দ্র রায় ও ব্রজকিশোরী চৌধুরাণী।	৪০০৮৸৫৸	এই তাহুতের মালিক মধ্যে গোকুলচন্দ্র রায় ও রাজলক্ষ্মী দাস্যা ও চন্দ্রশিখর রায় ও গোপালচন্দ্র রায়ের অংশ তাহুতের ৴০ এক আনা যাহার সদর জমা ২৫২ ।৶৮॥ পাই তাহা ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামত স্বতন্ত্র হিসাবে বিশেষ ১।২।৩।৪ নম্বরে লিখিত আছে তাহাদিগের দেয় রাজস্ব সমুদয় আদায় করিয়াছে তদ্বাদে অবশিষ্ট অংশের বাকী থাকায় তাহাই নিলাম হইবেক তন্মধ্যে ।০ আনা অংশ কোর্ট অবওয়ার্ডের্সাধীন ষ্টেট বর্দ্ধন কুঠীর স্বত্ব। বাকী ৺১০২৷৶৬।
৩নম্বর	প্রথম শ্রেণী ইস্তমুরারিধার্য্য হওয়া মহাল।	৬১৭নম্বর	পং আলি গাঁও	চন্দ্রশিখর রায় ও গোপালচন্দ্র রায় ও রাজলক্ষ্মী চৌধুরাণী ও ব্রজকিশোরী চৌধুরাণী ও ব্রহ্মময়ী চৌধুরাণী ও ইচ্ছাময়ী চৌধুরাণী ও পূর্ণচন্দ্র রায় কর্ম্মাধ্যক্ষ পক্ষে ইচ্ছাময়ী চৌধুরাণী নাবালিকা ও কোওর শ্যাম কিশোর রায় ও ক্ষমাময়ী চৌধুরাণী।	৫৬৮১৸৴ ১৷	এই তাহুতের মালিকগণ মধ্যে ইচ্ছাময়ী চৌধুরাণী ও রাজলক্ষ্মী চৌধুরাণী ও চন্দ্রশিখর রায় ও গোপালচন্দ্র রায়ের হক হিস্যা তাহুতের রকম ৶১০৸৭॥ দন্তি অংশ যাহার সদর জমা ১৫২৬৴। পাই তাহা ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাবে বিশেষ ১।২।৩।৪ নম্বরে লিখিত আছে তাহাদের দেয় খাজানা সমুদয় আদায় করিয়া হু অবশিষ্ট অংশের বাকী থাকায় তাহাই নীলাম হইবেক তন্মধ্যে কোর্ট অবওয়ার্ডের অধীন ষ্টেট বর্দ্ধন কুঠীর ॥০ আনা অংশ আছে— বাকী ৩১২।৶২॥

A E STALEY, *for Collector*

[Government Gazette 8th February 1881]

জিলা চট্টগ্রাম।

ইস্তিহার নীলাম কাছারি কালেক্টরী জিলে চট্টগ্রাম। *

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ ও ৩ ইং বিধান মতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকদি ১৮৮০ সালের ২৫ জুন তারিখের পর্য্যন্ত পর্যন্ত বাকীপড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৮১ইং ৭ মার্চ্চ মোতাবেক ১২৮৭ বাঙ্গালা ২৫ ফাল্গুন রোজ সোমবার জেলার কালেক্টরী কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮১ইং তারিখ ১৯ জানুয়ারি।

মহল নওয়াবাদ।

তৌজির নম্বর।	নাম তালুক, থানা ও মৌজা।	নাম মালিক।	সদর জমা।	বার্ষিক রোড সেস ও পবলিক ওয়ার্ক সেস।	বাকীর পরিমাণ। খাজনা।	রোড ও পবলিক ওয়ার্ক সেস।	মোট।	মন্তব্য।
১৯৭	থানে টেকনাফ মৌং উক্যাঘাট তালুক খোয়াইচাই ও মেউজাইফুর।	খোদ	১০১১৲	•	১০১১৲	•	১০১১৲	সম্পূর্ণ তালুকা নিলাম হইবে।
২১৪	থানে রামু মৌং খুনিয়াপালং তালুক মোবারেক আলি।	বদিয়দ্দীন মেং	৬১৮৲	২২/	৪৮৮৲	২২/	৪ ০/	ঐ
২১৫	থানে রামু মৌং চাকমারকুল তালুক আমানআলীচৌং।	খোদ	৫৪৯৲	•	৫৪৯৲	•	৫৪৯৲	ঐ
২৮৬	থানে রামু মৌং উমখালী তালুক জৈনদ্দীন মুনশী।	মাহাৎআলী	১৯২৭৲	১৬৮৷৶৬	১০২৯৲	১৬৮৶০	২০৯২৸০০	ঐ
২৮৮	থানে রামু মৌং খুরুলিয়া তালুক শ্রীমতী সম মেওবানু।	খোদ	৭১২৲	১ ৸৶	৭১০৲	১০৷৶	৭২০৷৶	ঐ
২৯১	থানে হাট হাজারি মৌং উদালিয়া তালুক মেস্তর কেম্বল সাহেব।	খোদ	৬৭৪৲	•	৪৬০৶৬	•	৪৬০৷৶৬	ঐ

J KENNEDY, *Covt Dy Collector in charge*

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ৮৮০ সালের ২৫ সেপ্তাম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে দাবী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮১ সালের ২৮ ফেব্রুয়ারি তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ১৮৮১ ইং তারিখ ১৭ জানুয়ারি।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

তৌজির। নম্বর।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১২৬৯	তং বলমন্ত সিংহ	কতোয়ালী পং	১০৮৬৷৶২	৶৬	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
১৫৪৬	তং কারকর্ণ ঘোসন	বৈষ্ণব চরণ সেন	৬১৬৷৶৭	১৮২৸৹৯	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।

A MASSON, *Offg Collector*

জিলা চট্টগ্রাম।

ইস্তিহার নামা কাছারি কালেকটরী জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আং ১৮৭১ সালের ২আং বিধান মতে ১৮৫৯ সাং ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি সন১৮৮০ ইংরেজির ২৫ জুন তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৮১ ইং ৭ মার্চ্চ মোতাবেক ১২৮৭ বাং ২৫ ফাল্গুন রোজ সোমবার জেলার কালেকটরি কাছারিতে নিমা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮১ ইং তারিখ ১৭ জানুয়ারি।

মহল মওরাবাদ।

তৌজির নম্বর।	নামতালুক থানা মৌজা।	নাম মালিক।	সদর জমা।	নার্ষিকরোড ও পবলিকওয়ার্কসেস।	বাকীর পরিমাণ।			মন্তব্য।
					খাজানা।	রোড ও পবলিক ওয়ার্কসেস।	মোট।	
২৬।৪৯	খাদে রাস্তু মৌং বিল ওবাংলা তালুক গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং।	আবদুল রসিদ	১০৮৲	১২৮৮/	১০৮৲	১১৮৮/	১০৬৬৷	সম্পূর্ণ তালুকা নিলাম হইবেক।
৪১।২৩	খাদে রাস্তু মৌং পাতিলী তাং গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং।	আলিমোহম ও আবদুল হামিদ	১৪৯১১৯	২২৩/৬	১৪৯১১৯	২২৩/৬	১৭১৪।৶৩	সম্পূর্ণ তালুকা নিলাম হইবেক।

A MANSON, *Offg Collector*

ইস্তাহার।

জিলা ২৪ পরগনার ১৮৮১। ৮২ সনের নিমিত্ত জমীদারি ডাক সেসের নিরেখ প্রত্যেক মহালের সদর জমার উপর শতকরা ৷/৫ নয়আনা পাঁচ পাই হিসাবে ধার্য্য হইয়াছে এবং প্রথম ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ১৮৮১ সনের ১লা জুন এবং দ্বিতীয় ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ঐ সনের ১৬ ডিসেম্বর তারিখে কি ঐ ঐ তারিখের পূর্ব্বে অত্র জিলার ট্রেজরিতে দাখিল করিতে হইবে ইতি।

D R LYALL, *Magistrate.*

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C D Field, M A, LL D, of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs 5 per copy

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat

N B—Copies are still available

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশানের মেম্বর ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠা নার খরচ ।১০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872

Payable in advance

For one year, without postage	Rs	10 0 0
Ditto, with postage ..	„	12 8 0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount

---

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল যুক্ত ঐ .	১২॥০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্য পাঠাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১।৮ ফেব্রুয়ারি।]

NOTICE

IN continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from, and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers are strictly cash

In future no publication will be supplied or advertisement notice, &c, inserted in either of the Gazettes except for the offices mentioned above unless the cost thereof has been remitted to the Accountant Bengal Secretariat

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount

RAJENDRA NATH MITRA,
Asst Secy to the Govt of Bengal.

The 19th February 1878

NOTE —*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE

	Rs
Full page, per issue	20
Half „ .	10

Casual advertisements —4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্নমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তাঁহামত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... - - ...	২০
আধ পৃষ্ঠা „ „ .. - - -	১০
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি ... - -	।০

[*Government Gazette, 8th February* 1881]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডওইন্‌ মরিস্‌ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 230 —700—8 2 81

Numb. 2168 ২১৬৮

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 15, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT

NOTIFICATION

Fort William, the 5th January 1881

No 3 —His Excellency the Viceroy and Governor-General, under the authority vested in [illegible] the Statute 24 & 25 Vic , Chap 67, section 10, has been pleased to nominate the [illegible] Maharajah J[illegible]dra Mohan Tagore, c s i , to be an additional Member of the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations

D Fitzpatrick,
Secy to the Govt of India.

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE

NOTIFICATIONS —Establishments

Fort William, the 4th February 1881

No 40 —Mr H M Chase is permitted to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 10th November 1880

Medical

The 31*st January* 1881

No 67 —The services of Assistant Surgeon Behari Lal Pal, a supernumerary at the Presidency, are placed at the disposal of the Chief Commissioner of Assam

The 4*th February* 1881

No 74 —Assistant Surgeon Kailas Chunder Bose is permitted to resign the service, with effect from the 25th October 1880

C Grant,
Offg Secy to the Govt of India

DEPARTMENT OF REVENUE AND COMMERCE

NOTIFICATION

Fort William, the 5th February 1881

No 54c —In exercise of the powers conferred by Section 23 of the Sea Customs Act, 1878, and in modification of Notification No 90, dated the 21st June 1879, the Governor-General in Council has extended the exemption from all customs duties, notified on the 13th March 1879, in Notification No 59 (Sea Customs), to the class of grey cotton piece-goods known as dhoties and dhoti-bordered piece-goods which contain no yarn of higher number than 30s except in the border, when such border, whether coloured white or grey, is not more than four and a half inches in width

This Notification shall take effect on and after the 10th February 1881

R B Chapman,
Secy to the Govt of India

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৮১সাল ৫ ফেব্রুয়ারি।

৩ নম্বর।—মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের প্রতি মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে যে ক্ষমতাপ্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি মান্যবর শ্রীযুত মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, সি, এস, আইকে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভাপদে মনোনীত করিলেন।

ডি, ফিট্জপ্যাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সিবিলসর্ভিস বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৮১ সাল ৪ ফেব্রুয়ারি।

৪০ নম্বর।—শ্রীযুত এচ, এম, চেস সাহেব ১৮৮০ সালের ১০ নবেম্বর অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশে সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

চিকিৎসা বিষয়ক।

৮৮১ সাল ৩১ জানুয়ারি।

৬৭ নম্বর।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বিহারীলাল পাল, আসামের প্রধান কমিশানর সাহেবের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

1 On receipt of an application under section 91, Act VIII of 1878, for the admission of salt into a public or private warehouse, and after the due execution of a bond under the provisions of section 92, Act VIII of 1878, the Collector of Customs shall make such arrangements as he may deem necessary for the proper weighment of salt during its discharge from the vessel, for the purpose of being conveyed to the appointed licensed warehouse

Weighment charges.

2 The weighment shall be conducted in the presence of the preventive officer on board, and the expense thereof shall be charged to the bonder at a rate of Rs 3 per 1,000 maunds

Description of boat to be used

3 No salt for which the full duty has not been previously paid shall be taken from any vessel, save in a lighter provided with hatches, which are capable of being securely fastened down, and it shall be the duty of the preventive officer on board to satisfy himself that such lighter is in serviceable condition before permitting such salt to be placed therein

Procedure on despatch

4 As soon as the bonder or his agent or servant shall notify to the preventive officer that he desires to proceed with any boat-load of salt, he shall obtain a boat-note, in which the name of the importing vessel and of the bonder the quantity of salt contained therein, and the warehouse wherein it is to be deposited shall be specified The salt shall thereupon be carefully impressed with a stamp specially provided for this purpose, and the hatches shall be closed and sealed by, or in the presence of, the preventive officer The lighter shall then be allowed to proceed in charge of a native officer or peon deputed for the purpose by the Custom-house authorities accompanied by an agent on the part of the bonder

Place of anchorage

5 The boat shall be anchored, if possible, at the steps of the ghat leading to the warehouse in which the salt is to be stored, otherwise at the moorings nearest to such ghat It shall on no account be per-

জিলা।	যে স্থানে হাট চৌকী আছে।
২৪ পরগণা	১। টালির খালের দক্ষিণ তটস্থ খিদিরপুর।
	২। পূর্ব্ব দিগের অর্থাৎ সরকুলর খালের বেলিয়াঘাটা।
	৩। ইষ্টার্ন বেঙ্গল রেলওয়ের সীমান্ত স্থান চিতপুর।
	৪। বিদ্যাধরী নদীর মুখে আটার বাঁকী।
	৫। কালগঙ্গা নদীর দক্ষিণ তটস্থ কালীগঞ্জ থানার সদর চৌকী কালীগঞ্জ।
হাবড়া	১। ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের আর্দিশার দিকের প্লাটফর্ম্মে হাবড়া।
	২। হুগলী নদীর পশ্চিম কিনারস্থ বালীর খালের মুখে বালী।
	৩। হুগলী নদীর ডাহিন অর্থাৎ পশ্চিম তটস্থ সাঁকরাইল।
মেদিনীপুর	রূপনারায়ণ নদের মুখে গেঁওখালী।

৭ পরিচ্ছেদ — রক্ষণার্থ দলীলের কথা।

১। চট্টগ্রাম, বালেশ্বর ও কটক জিলায় যে লবণ দেওয়া যায়, তাহার রক্ষণার্থ থোক রওয়ানা স্থানীয় ব্যবসায়িদের সুবিধাজনক ঐ ২ জিলার কালেক্টর সাহেবদিগকে দেওয়া যায়।

৮ পরিচ্ছেদ।—১৮৭৮ সালের ৮ আইনে যেং বিধি আছে, লবণ গ্রহণ ও দেওন সম্বন্ধে তৎসহকারী বিধি।

কষ্টমের আইন মতে লবণ ওজন ও তাহা সরকারী বা ব্যক্তিবিশেষের গোলায় গ্রহণ বিষয়ক বিধি।

লবণের ওজন হইবার বন্দোবস্ত কালে সাহেবের করিবার কথা।

১। কোন সরকারী বা ব্যক্তিবিশেষের গোলায় লবণ গৃহীত হইবার বিষয়ে ১৮৭৮ সালের ৮ আইনের ৯১ ধারামতে প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে, এবং ১৮৭৮ সালের ৮ আইনের ৯২ ধারার বিধানমতে নিয়মিতরূপে বাণ্ড লিখিয়া দেওয়া গেলে, কষ্টমের কালেক্টর সাহেব যেরূপ আবশ্যক বোধ করেন, নিরূপিত লাইসেন্স করা গোলায় লবণ চালান দিবার নিমিত্ত জাহাজ হইতে নামাইবার সময়ে লবণের উপযুক্ত ওজন হইবার সেইরূপে বন্দোবস্ত করিবেন।

ওজনের খরচের কথা।

২। মাসুল চুরি নিবারক কার্য্যকারকের সম্মুখে জাহাজের উপর ওজন করা যাইবে, এবং ১০০০ মণ প্রতি ৩৲ টাকা হিসাবে তাহার খরচ বাণ্ডকারকের উপর ধরা যাইবে।

যে প্রকারের নৌকা ব্যবহার করিতে হইবে তাহার কথা।

৩। যাহা ভাল করিয়া বন্ধ করা যাইতে পারে এরূপ কলকার কবাট বিশিষ্ট ডড ভিন্ন কোন নৌকায় যে লবণের পূর্ণ মাসুল পূর্ব্বে দেওয়া হয় নাই তাহা জাহাজ হইতে লইয়া যাওয়া যাইবে না, এবং ঐ লবণ উক্ত ডডে উঠাইয়া লইবার অনুমতি দিবার পূর্ব্বে মাসুল চুরি নিবারক কার্য্যকারকের সন্তোষমতে জানিয়া লইতে হইবে যে ঐ ডড ব্যবহারের পক্ষে উপযোগী অবস্থায় আছে।

চালান করিবার কার্য্যপ্রণালীর কথা।

৪। বাণ্ডকারক বা তাঁহার কর্ম্মকারক বা চাকর লবণ বোঝাই কোন নৌকা লইয়া চলিয়া যাইতে চাহেন মাসুল চুরি নিবারক কার্য্যকারককে এই সংবাদ দিলে, নৌকার ছাড় পাইবেন, তাহাতে যে জাহাজে আমদানী হয় সেই জাহাজের ও বাণ্ডকারকের নাম, যত লবণ ঐ নৌকায় আছে তাহা, এবং যে গোলায় উহা গোলাজাত করিয়া রাখিতে হইবে তাহা নির্দ্দিষ্ট থাকিবে। তাহা হইলে ঐ কার্য্যের নিমিত্ত বিশেষ করিয়া নির্দ্দিষ্ট ইষ্টাম্প দ্বারা ঐ লবণের উপর সাবধানে ছাপ দেওয়া যাইবে, এবং মাসুল চুরি নিবারক কার্য্যকারক-কর্ত্তৃক বা তাঁহার সাক্ষাতে কলকার কবাট বন্ধ করিয়া তাহার উপর মোহর করা যাইবে। অনন্তর এতদর্থে কষ্টমহৌসের কর্ত্তৃপক্ষদের প্রেরিত দেশীয় কর্ম্মচারী বা পেয়াদার রক্ষণে ডড চালাইয়া লইয়া যাইবার অনুমতি হইবে, সেই সঙ্গে বাণ্ডকারকের পক্ষের একজন কর্ম্মকারক থাকিবেন।

লঙ্গর করিবার স্থানের কথা।

৫। যে গোলায় লবণ সঞ্চিত করিতে হইবে, সেই গোলায় যে ঘাট দিয়া যাওয়া যায়, সম্ভব হইলে সেই ঘাটের ধাপে নতুবা ঐ ঘাটে নিকটস্থ নৌকা রাখিবার স্থানে, নৌকা লঙ্গর করিবে। নৌকায় কষ্টম হৌসের যে দেশীয়

mitted by the native Custom-house officer or peon on board, to anchor at the outward moorings

Procedure on arrival.

6. Notice of the arrival of such salt shall at once be given by the Custom-house officer to the Government Superintendent in the case of salt to be bonded in a public warehouse, or, if the salt is to be bonded in a private licensed warehouse, to the Inspector or Superintendent of licensed warehouses, who shall thereupon note the date and hour of arrival, bringing any unreasonable delay to the notice of the Collector of Customs, and depute a proper officer to examine and compare the boat-note delivered by the preventive officer to the bonder, his servant or agent, and the cargo of salt, and to superintend its removal to, and storage in, the appointed warehouse.

Duty of peon and bonder's agent.

7. The bonder's agent and native Custom-house officer or peon shall remain on board of the boat in charge, until the seals and hatches are examined and all the cargo landed and stored

Responsibilities of bonder and Superintendent.

8. The bonder will be held responsible for any departure from these rules on the part of his agent, and the Superintendent or Inspector of the warehouse shall take notice of any dereliction of duty on the part of the native Custom house officer or peon

Bonder to defray all charges.

9. All expenses connected with the removal and storage of the salt shall be borne by the bonder, who shall also pay to the Collector such fees as he may fix for the services of the officer or peon in charge of the salt from the time of its discharge from the vessel's side to the completion of its storage in the warehouse

Procedure when salt has been tampered with.

10. If the officer appointed by the Superintendent or Inspector of the Government or private licensed warehouse shall have reason to believe that the salt has in any way been tampered with during its transit by river, he shall at once report the circumstance to the Superintendent or Inspector, who, with the permission of the Collector, shall direct the salt to be re weighed, and such re-weighment shall be made at the expense of Government

Penalty when salt is deficient.

11. If there be found any unexplained deficiency in the salt on board the cargo-boat as compared with the quantity specified in the boat note, the whole of the salt contained in such boat shall be confiscated, and the bond under which the salt is in course of being stored shall be cancelled

Salt under different bonds to be stored separately.

12. Salt relating to different bonds shall be stored separately and distinctly Any admixture of salt specified in different bonds shall render those bonds liable to cancelment, and the holders to immediate payment of the full duty payable thereon

Calculation of duty on delivery from public warehouse.

13. On salt bonded in a warehouse under the exclusive control of a Government warehouse-keeper, the duty shall be calculated on the quantity actually delivered from such warehouse

Calculation of duty on delivery from private warehouse.

14. On salt bonded in a private licensed warehouse, the duty shall be calculated on the quantity delivered on weighment from the side of the ship in which it was imported, less an allowance on account of wastage, which shall not in ordinary cases exceed 2½ per cent on the quantity bonded

Increased allowance for wastage may be allowed.

15. In any special case the Board of Revenue, as Chief Customs Authority of the Presidency, is competent to direct that an increased allowance for wastage shall be granted in accordance with the provision of section 122 Act VIII of 1878

But not if any suspicion of fraud.

16. If the Collector of Customs has any reason to believe that any fraud has been perpetrated by the bonder or owner of the salt, or any person in his employ, he shall refuse to make any allowance on account of wastage, and shall demand the full duty payable on the entire quantity received into bond.

[*Government Gazette*, 15th *February* 1881.]

কর্ম্মচারী বা পেয়াদা থাকেন, তিনি কোনক্রমে বাহিরের নৌকা রাখিবার স্থানে লবণ লইতে দিবেন না।

উপস্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা।

৬। উক্ত লবণ উপস্থিত হইবার সংবাদ কষ্টম হৌসের কর্ম্মচারী অবিলম্বে, লবণ সরকারী গোলায় বাণ্ড করিয়া রাখিতে হইলে, গবর্ণমেণ্ট সুপারিন্টেণ্ডেণ্টকে দিবেন অথবা ব্যক্তি বিশেষের লাইসেন্স করা গোলায় লবণ বাণ্ড করিয়া রাখিতে হইলে, লাইসেন্স করা গোলা সমূহের ইনস্পেক্টর বা সুপরিন্টেণ্ডেণ্টকে ঐ সংবাদ দিবেন, উক্ত সুপারিন্টেণ্ডেণ্ট বা ইনস্পেক্টর উপস্থিত হইবার তারখ ও সময় লিখিয়া রাখিবেন ও অনর্থক বিলম্ব হইলে তাহা কষ্টমের কালেক্টর সাহেবকে জানাইবেন, আর মাসুল ছাড়নিবারক কর্ম্মকারক বাণ্ডকারককে বা তাঁহার চাকর বা কর্ম্মকারককে যে নৌকার হাত দেন তাহা এবং যোগ্যাই লবণ পরীক্ষা করিয়া মিলাইয়া দেখিবার নিমিত্ত এবং নিরূপিত গোলায় ঐ লবণ উঠাইয়া লইয়া সঞ্চিত করণ কার্য্যের তত্ত্বাবধান করিবার নিমিত্ত একজন উপযুক্ত কর্ম্মচারী পাঠাইবেন।

পেয়াদার ও বাণ্ডকারকের কর্ম্মকারকের কর্ত্তব্যের কথা।

৭। যাবৎ নৌকার ও কলকার কবাট পরীক্ষা করা ও সমুদয় মাল নামাইয়া লইয়া গোলাজাত করণ না হয়, তাবৎ বাণ্ডকারক কর্ম্মকারক এবং কষ্টম হৌসের দেশীয় কর্ম্মচারী বা পেয়াদা অবশ্যকভাবে নৌকায় থাকিবেন।

বাণ্ডকারকের ও সুপরিন্টেণ্ডেণ্টের দায়ের কথা।

৮। বাণ্ডকারকের কার্য্যকারকের পক্ষে এই বিধির কোনরূপ লঙ্ঘন হইলে বাণ্ডকারক তজ্জন্য দায়ী হইবেন, এবং কষ্টমহৌসের দেশীয় কর্ম্মচারির বা পেয়াদার কোন কর্ত্তব্যকর্ম্মে ত্রুটি হইলে গোলার সুপরিন্টেণ্ডেণ্ট বা ইনস্পেক্টর তাহার শাসন করিবেন।

বাণ্ডকারকের সমুদয় খরচ দিবার কথা।

৯। বাণ্ডকারক লবণ উঠাইয়া লইয়া গোলাজাত করিবার সমুদয় খরচ দিবেন এবং জাহাজ হইতে লবণ নামাইবার সময় অবধি তাহার গোলাজাত শেষ করণ পর্য্যন্ত রক্ষণার্থ কর্ম্মচারির বা পেয়াদার খাদ্য নিমিত্ত কালেক্টর সাহেব যত কী ধার্য্য করেন, বাণ্ডকারকের তাহাও কালেক্টর সাহেবকে দিতে হইবে।

লবণে হস্তক্ষেপ হইলে, কার্য্যপ্রণালীর কথা।

১০। সরকারী বা ব্যক্তিবিশেষের লাইসেন্স করা গোলার সুপরিন্টেণ্ডেণ্টের বা ইনস্পেক্টরের নিযুক্ত কর্ম্মচারী যদি এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে নদীপথে চালানকালে লবণে কোনরূপ হস্তক্ষেপ হইয়াছে, তিনি অবিলম্বে সেই কথা সুপরিন্টেণ্ডেণ্ট বা ইনস্পেক্টরকে জানাইবেন, এবং উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট বা ইনস্পেক্টর কালেক্টর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক ঐ লবণের পুনর্ব্বার ওজন হইবার আজ্ঞা দিবেন। পুনর্ব্বার যে ওজন করা যায়, তাহা গবর্ণমেণ্টের খরচে হইবে।

লবণ কম হইলে দণ্ডের কথা।

১১। নৌকার হাতের নির্দ্দিষ্ট পরিমাণের সহিত মিলাইয়া যদি বালের নৌকার লবণে কমতি দৃষ্ট হয় ও তাহার কোন কৈফিয়ত দেওয়া না হয় তবে ঐ নৌকার সমুদয় লবণ জব্দ করা যাইবে, এবং যে বাণ্ড ক্রমে লবণ গোলাজাত হইতেছে সেই বাণ্ড রহিত করা যাইবে।

ভিন্ন২ বাণ্ডযুক্ত লবণ পৃথক২ গোলাজাত করিতে হইবার কথা।

১২। ভিন্ন২ বাণ্ডের লবণ পৃথক ও স্বতন্ত্র করিয়া গোলাজাত করিতে হইবে। ভিন্ন২ বাণ্ডের লিখিত লবণ কোনরূপে মিশ্রিত করা গেলে ঐ সকল বাণ্ড রহিত করা যাইতে পারিবে, এবং অধিকারিদের তৎক্ষণাৎ পূর্ণ মাসুল দিতে হইবে।

সরকারী গোলা হইতে লবণ দেওয়া গেলে, মাসুল ধরিবার কথা।

১৩। কেবল গবর্ণমেণ্টের গোলারক্ষকের কর্ত্তৃত্বাধীন গোলায় বাণ্ড করিয়া রাখা লবণের উপর মাসুল ঐ গোলা হইতে প্রকৃতরূপে যত লবণ দেওয়া যায় তাহার উপরই ধরা যাইবে।

ব্যক্তিবিশেষের গোলাহইতে লবণ দেওয়া গেলে, মাসুল ধরিবার কথা।

১৪। ব্যক্তিবিশেষের লাইসেন্স করা গোলায় যে লবণ বাণ্ড করিয়া রাখা যায়, তাহার মাসুল যে জাহাজে আমদানী হয় সেই জাহাজ হইতে ওজন করিয়া যত লবণ দেওয়া যায় তাহার উপর ধরা যাইবে, কিন্তু যত লবণ বাণ্ড করা যায়, সামান্যতঃ ঝরতি বলিয়া তাহাহইতে শতকরা ২।। ভাগ বাদ দেওয়া যাইবে।

ঝরতি বলিয়া অধিকতর পরিমাণ ধরা যাইতে পারিবার কথা।

১৫। কোন বিশেষ স্থলে রেবিনিউ বোর্ড প্রেসিডেন্সীর কষ্টমবিষয়ক প্রধান কর্ত্তৃপক্ষস্বরূপ আজ্ঞা করিতে পারিবেন যে, ১৮৭৮ সালের ৮ আইনের ১২২ ধারার বিধান অনুসারে ঝরাত বলিয়া অধিকতর পরিমাণ ধরা যাইবে।

কিন্তু প্রবঞ্চনার সন্দেহ হইলে, ঝরতি বাদ না দিবার কথা।

১৬। যদি কষ্টমের কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে, বাণ্ডকারক বা লবণের স্বামী বা তাঁহার কার্য্যে নিযুক্ত কোনব্যক্তি কোনরূপ প্রবঞ্চনা করিয়াছেন, তবে তিনি ঝরাত বাদ দিতে অস্বীকার করিবেন এবং বাণ্ডক্রমে যত লবণ গৃহীত হইয়াছে তৎসমুদয়ের নিমিত্ত সের পূর্ণ মাসুলের দাওয়া করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

17. The Rs 3 per 1,000 maunds paid for the weighment of salt on shipboard under Rule 2 shall be credited to a fund to be instituted by the Collector of Customs The Collector shall from time to time make such subsidiary arrangements as he may deem most conducive to the interests of both Government and the public for carrying on all such weighments, the costs of which will be defrayed from the fund in question

Charges for weighment to be credited to a fund.

18 In the case of public warehouses, the Board of Revenue shall fix from time to time the amount of rent to be paid by the bonder per 1,000 maunds of salt Ordinarily no golah should be made available unless the quantity of salt to be bonded is equal to two thirds of the storage which the golah is capable of containing, but when accommodation in golahs of suitable dimensions is not available, the rent to be demanded should be calculated on the quantity of salt, which would amount to two-thirds of the storage capacity of the building, whatever the actual quantity of salt bonded may really be

SECTION IX.—RULES FOR THE CLEARANCE OF SALT FROM BONDED WAREHOUSES, PUBLIC OR PRIVATE

1 All deliveries of salt bonded in a public or private warehouse under the provisions of Act VIII of 1878 shall be supervised, as required by section 99 of the above Act, by a Customs officer and a native officer styled a Ghât Mohurir These officers will be deputed on application to the officer in charge of the Custom house

Procedure on delivery from bond

2 The expenses incident to their employment shall be borne by the bonder, at the rate of Rs 5 for a Customs officer and 8 annas for a native officer per diem These officers will be paid daily If required so to do, the bonder, or applicant for their services, shall pay into the hands of the officer in charge of the Custom house a sum sufficient to meet the expense of employing such officers

Charges to be paid by bonder

3. The present working hours at the Sulkea Government golahs will continue to be observed with regard to all deliveries whether from public or private warehouses, viz, from 6 A M to 2 P M

Working hours.

4 Scales and weights will be provided by Government, but bonders are required to make their own arrangements for cutting and removing their salt from the warehouses, as well as to supply their own tools for cutting the salt, such as *sabools*, *kodalies*, &c

Bonders to provide their own labour and tools.

5. There will be one Customs officer at each scale, and his duty will be to keep in a book, provided for the purpose at the expense of Government, a correct tally of the bags as they are weighed and taken off the scale by the bonder's people, as well as to see that each bag contains neither more nor less than the prescribed quantity of salt, viz, *two maunds* He will be held personally liable for any excess or deficiency that may be discovered at the *check scales* presided over by the golah officers

Duty of Customs officer

6 The Superintendent will be held responsible for making such arrangements as will ensure the efficient working of the check scales At least 10 per cent of the bags issued from the golahs should pass through these scales

Responsibility of Superintendent

7 Should any dispute arise between the Customs officer and the bonder or purchaser of the salt under delivery, the former will stop the weighment, and at once refer the matter in dispute to the Superintendent for orders

When disputes arise

8 The Customs officer will be particularly careful to bring every irregularity that he may become cognizant of to the notice of the Superintendent without delay, and will be held responsible for failure in doing so

When irregularities occur

[*Government Gazette*, 15*th February* 1881]

১৭। ২ ধারামতে জাহাজে লবণ ওজন নিমিত্ত ১০০০ মণ প্রতি যে ৩ টাকা দেওয়া যায়, তাহ কষ্টমের কালেক্টর সাহেবের কৃত তহবীল বিশেষ জমা দিতে হইবে। উক্ত কালেক্টর সাহেব গবর্ণমেণ্টের ও সাধারণের উপকারার্থ উক্তরূপ ওজন কার্য্য চালাইবার নিমিত্ত যেরূপ আনুষঙ্গিক বন্দোবস্ত করা সুবিধা বোধ করেন, সময়ে২ সেইরূপ বন্দোবস্ত করিবেন। পূর্ব্বোক্ত তহবীল হইতে ঐ ওজন কার্য্যের খরচ দেওয়া যাইবে।

ওজন কার্য্যের নিমিত্ত যে টাকা লওয়া যায়, তাহা তহবীল বিশেষে জমা দিতে হইবার কথা।

১৮। সরকারী গোলা হইলে, বাণ্ডকারকের ১০০০ মণ লবণ প্রতি কত খাজানা দিতে হইবে, রেবিনিউ বোর্ড ইহা সময়ে২ ধার্য্য করিবেন। গোলায় যত লবণ ধরে তাহার তিন ভাগের দুই ভাগের তুল্য লবণ বাণ্ড করিয়া না রাখা গেলে, সামান্যতঃ কোন গোলা পাওয়া যাইবে না, কিন্তু উপযুক্ত আয়তনের গোলার স্থান না থাকিলে, গোলাঘরে যত লবণ ধরে তাহার তিন ভাগের দুই ভাগের তুল্য লবণ ধরিয়া খাজানার দাওয়া করা যাইবে, যে লবণ বাণ্ড করা যায় তাহার প্রকৃত পরিমাণ যাহাই কেন হউক না।

৯ পরিচ্ছেদ।—সরকারী বা ব্যক্তিবিশেষের বাণ্ড গোলা হইতে লবণ দিবার বিধি।

১। ১৮৭৮ সালের ৮ আইনের বিধানমতে সরকারী বা ব্যক্তিবিশেষের গোলায় যে লবণ বাণ্ড করিয়া রাখা যায়, তাহা বাহির করিয়া দিতে হইলে উক্ত আইনের ৯৯ ধারার আদেশমতে একজন কষ্টমের কর্ম্মচারির ও যাটমজুরীর সামা একজন দেশীয় কর্ম্মচারির তত্ত্বাবধানে ঐ কার্য্য হইবে। কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কর্ত্তৃপক্ষের নিকট প্রার্থনা করিলে, এই কর্ম্মচারিরা প্রেরিত হইবে।

বাণ্ড গোলা হইতে বাহির করিয়া দিবার কার্য্যপ্রণালীর কথা।

২। দিন প্রতি কষ্টমের কর্ম্মচারির ৫ টাকা ও দেশীয় কর্ম্মচারির ॥০ আনা এই হিসাবে তাহাদের নিয়োগ সংক্রান্ত খরচ বাণ্ডকারকের দিতে হইবে। এই কর্ম্মচারিদিগকে প্রত্যহ টাকা দিতে হইবে। যদি আদেশ প্রাপ্তহন বাণ্ডকারক বা উক্ত কর্ম্মকারিদের কর্ম্ম প্রার্থক তাহাদিগকে নিয়োগ করিতে যত টাকার প্রয়োজন কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের হস্তে তত টাকা দিবেন।

বাণ্ডকারকের খরচ দিতে হইবার কথা।

৩। সরকারী বা ব্যক্তিবিশেষের যে গোলা হইতেই লবণ দেওয়া যাউক, সাবিধাস্ত গবর্ণমেণ্টের গোলায় এক্ষণে যে সময়ে কার্য্য চলে সেই সময় অর্থাৎ পূর্ব্বাহ্ণ ৬ টা অবধি অপরাহ্ণ ২ টা পর্য্যন্ত সময় সর্ব্বত্র পালিত হইতে থাকিবে।

কার্য্য চলনের সময়ের কথা।

৪। দাঁড়পাল্লা ও বাটকরা গবর্ণমেণ্ট দিবেন, কিন্তু গোলা হইতে লবণ কাটিয়া লইয়া স্থানান্তর করিবার বন্দোবস্ত বাণ্ডকারকদের করিতে হইবে, এবং শাবল কুদাল প্রভৃতি লবণ কাটিবার অস্ত্র তাঁহাদেরই যোগাইতে হইবে।

বাণ্ডকারকদের মজুর ও অস্ত্রাদি দিতে হইবার কথা।

৫। প্রত্যেক দাঁড়পাল্লার নিকটে একজন করিয়া কষ্টমের কর্ম্মচারী থাকিবেন, তিনি গবর্ণমেণ্টের খরচে এতদর্থে প্রদত্ত একখান বহীতে বাণ্ডকারকের লোকেরা যখন বস্তা ওজন করিয়া সরাইয়া লয় বস্তার ঠিক সংখ্যা লিখিয়া রাখিবেন এবং দেখিবেন যে নির্দ্দিষ্ট পরিমাণের অর্থাৎ দুই মণের অধিক বা কম কোন বস্তায় না থাকে। গোলার কর্ম্মচারিদের কর্তৃত্বাধীনে যে চেক দাঁড়পাল্লায় ওজন হয় তাহাতে আধিক্য বা কমতি দৃষ্ট হইলে তজ্জন্য তিনি নিজে দায়ী হইবেন।

কষ্টমের কর্ম্মচারির কর্ত্তব্যের কথা।

৬। চেক দাঁড়পাল্লার কার্য্য যাহাতে সুচারুরূপে সম্পন্ন হয়, সুপরিণ্টেণ্ডেণ্ট ইহার বন্দোবস্ত করিবার দায়ী হইবেন। গোলা হইতে যে সকল বস্তা বাহির করিয়া দেওয়া যায়, তাহার শতকরা অন্যূন দশ ভাগ এই দাঁড়পাল্লায় ওজন করিয়া দিতে হইবে।

সুপরিণ্টেণ্ডেণ্টের দায়ের কথা।

৭। কষ্টমের কর্ম্মচারী এবং বাণ্ডকারক বা যে লবণ দেওয়া যাইতেছে তাহার ক্রেতা এই উভয়ের, মধ্যে কোন বিবাদ উপস্থিত হইলে, কষ্টমের কর্ম্মচারী ওজন বন্ধ করিবেন এবং যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা তৎক্ষণাৎ সুপরিণ্টেণ্ডেণ্টের আজ্ঞা নিমিত্ত অর্পণ করিবেন।

বিবাদ উপস্থিত হইলে, তদ্বিষয়ক কথা।

৮। কষ্টমের কর্ম্মচারী কোন অনিয়ম দেখিতে পাইলে তাহা বিশেষ সতর্কতা সহকারে অবিলম্বে সুপরিণ্টেণ্ডেণ্টের জ্ঞানগোচর করিবেন, এবং তাহা না করিলে দায়ী হইবেন।

অনিয়ম ঘটিলে, তদ্বিষয়ক কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

9 There will be one Ghât Mohurir for each scale He will be posted at the proper discretion of the Superintendent either at the ghât when salt is being passed into boats, or on the roadway when it is being removed in carts In either case, he will not be allowed to hold any communication whatever with the Customs officer posted within a golah, except through the Superintendent, until after the day's work is over, when his, tally will be compared with that kept by the Customs officer and, if found to agree, signed by the Superintendent

Check to be exercised by Ghat Mohurir

10 The Ghât Mohurir's duty will be to keep a similar tally to that of the Customs officer, but in *Bengali* He will also keep a tally by means of counters supplied by the department One such counter will be made over to him by each cooly as he passes him with a bag, and will represent *one bag* or *two maunds of salt* After the rowannah quantity has been delivered, these counters will be compared with his written tally, as well as with that of the Customs officer, for the purpose stated in Rule 8

Duty of Ghât Mohurir

11 When discrepancies in the accounts cannot be reconciled, and whenever the Superintendent has reason to believe that the quantity of salt conveyed to the boat or cart is not correctly represented in the accounts, he shall hold a re weighment The expense of such re-weighment shall be borne by Government

Check to be exercised by Superintendent

12 Whenever the bonder or purchaser is desirous of removing his boats or carts from the premises, the Superintendent will satisfy himself on every point before granting the usual protective documents He will, before granting a pass, at all times satisfy himself, even where the accounts agree, that the boat-load or cart-load represents the exact quantity entered in the rowannah

Duty of Superintendent before salt is removed

13 Kovals and Tippan iveeses will not be employed as heretofore in checking weighments

14 The following extra charges to be levied from bonders, in addition to the rates for ordinary working days, will be demanded for both reception into, and delivery from, bond on Sundays and holidays, viz —

Extra charges for holidays

	Rs
Fee to Superintendent	5
„ Intendant on duty	3
„ Ghat Officer	2
„ Office Mohurir	1
Total	11

Section X —Rules relating to the delivery of Salt from Board-Ship

1 The present working hours are from 8 A M to 5 P M Leave to work extra hours is only granted when the Collector sees sufficient grounds to permit it

2 Partial deliveries are prohibited in so far as each boat-load is concerned When the loading of a boat is commenced, it must be finished before the loading of another boat is commenced If a boat s loading is commenced during extra hours, it must be completed without any interruption, whether the loading is completed in regular or extra hours

3 If by any unforeseen circumstance it should become necessary to interrupt delivery, the boat partially loaded shall receive a boat-note in the following form, and shall remain alongside the discharging vessel subject to seizure in the event of her trying to leave the ship's side

৯। প্রত্যেক দাঁড়পাল্লার নিমিত্ত একজন করিয়া ঘাট মজুরীর থাকিবে। সুপরিন্টেণ্ডেণ্ট আপন বিবেচনামতে তাহাকে লবণ যে ঘাটে নৌকায় তোলা যাইতেছে সেই ঘাটে কিম্বা গাড়ীতে করিয়া যে রাস্তাদিয়া স্থানান্তরিত হইতেছে সেই রাস্তায় রাখিবেন। উভয় স্থলেই যাবৎ দিনের কার্য্য শেষ না হয় সুপরিন্টেণ্ডেণ্টের দ্বারা ভিন্ন, তিনি গোলার মধ্যস্থ কষ্টমের কর্ম্মচারীর সহিত কোনরূপ জানাজানী করিতে পারিবেন না। দিনের কার্য্য শেষ হইলে তাঁহার সংখ্যার হিসাব কষ্টমের কর্ম্মচারির রক্ষিত সংখ্যার হিসাবের সহিত মিলাইয়া দেখা যাইবে, এবং মিল হইয়াছে দৃষ্ট হইলে তাহাতে সুপরিন্টেণ্ডেণ্ট স্বাক্ষর করিবেন।

ঘাটমজুরীর যে পরীক্ষা কার্য্য করিবেন তাহার কথা।

১০। কষ্টমের কর্ম্মচারী যেরূপ সংখ্যার হিসাব রাখেন, ঘাট মজুরীর সেইরূপ সংখ্যার হিসাব বস্তাভাবে রাখিবেন। লবণ বিভাগ যে গণনাকালীন পদক দেন, তৎসহযোগেও তিনি সংখ্যার হিসাব রাখিবেন। প্রত্যেক জন মজুর তাঁহার নিকট দিয়া বস্তা লইয়া যাইবার সময়ে তাঁহাকে উক্তরূপ এক একটি পদক দিয়া যাইবে, এবং উহাতে এক বস্তা অর্থাৎ দুই মণ লবণ বুঝাইবে। রওয়ানায় পরিমাণের লবণ দেওয়া গেলে এই পদকগুলি ৮ ধারার লিখিত কার্য্য নিমিত্ত তাঁহার ও কষ্টমের কর্ম্মচারির লিখিত সংখ্যার হিসাবের সহিত মিলাইয়া দেখা যাইবে।

ঘাটমজুরীরের কর্ত্তব্যের কথা।

১১। যাহার সামঞ্জস্য করা না যায় হিসাবে যখন এরূপ অনৈক্য ঘটে, এবং যখন সুপরিন্টেণ্ডেণ্ট এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে নৌকায় বা গাড়ীতে যত লবণ চালান হইয়াছে হিসাবে তাহা ঠিক লেখা হয় নাই, তিনি আর এক বার ওজন করাইবেন। উক্তরূপ পুনর্ব্বার ওজন করাইবার খরচ গবর্ণমেণ্ট দিবেন।

সুপরিন্টেণ্ডেণ্টের পরীক্ষা কার্য্যের কথা।

১২। বাণিজ্যকারক বা ক্রেতা আপনার নৌকা বা গাড়ী গোলার নিকট হইতে সরাইয়া লইয়া যাইতে চাহিলে, সুপরিন্টেণ্ডেণ্ট চলিত রক্ষণের দলীল দিবার পূর্ব্বে প্রত্যেক বিষয় আপন হৃদ্বোধমতে জানিয়া লইবেন। হিসাবগুলি মিলিলেও সকল সময়ে ছাড় দিবার পূর্ব্বে তিনি হৃদ্বোধমতে জানিয়া লইবেন যে বোঝাই নৌকায় বা বোঝাই গাড়ীতে ঠিক রওয়ানায় লিখিত পরিমাণ লবণ আছে।

লবণ স্থানান্তর করিবার পূর্ব্বে সুপরিন্টেণ্ডেণ্টের কর্ত্তব্যের কথা।

১৩। ওজন মিলাইয়া দেখিবার নিমিত্ত পূর্ব্বের ন্যায় কয়াল ও টিপনবিশদিগকে নিযুক্ত করা যাইবে না।

১৪। রবিবারে ও বন্দের দিনে বাণিজ্য গোলায় লবণ গ্রহণ করিতে বা তথা হইতে লবণ দিতে হইলে নিয়মিত কার্য্য চলনের দিনের হারের অতিরিক্ত নিম্নলিখিত খরচ বাণিজ্যকারকের নিকট হইতে লওয়া যাইবে, যথা,

বন্দের দিনের নিমিত্ত অতিরিক্ত খরচের কথা।

	টাকা।
সুপরিন্টেণ্ডেণ্টের ফী	৫৲
কার্য্যোপলক্ষে উপস্থিত ইন্সপেক্টরের ফী	৩৲
ঘাটের কর্ম্মচারির ফী	২৲
আফিসের মজুরীরের ফী ...	১৲
মোট ..	১১৲

১০ পরিচ্ছেদ।—জাহাজ হইতে লবণ দেওন সংক্রান্ত বিধি।

১। বর্ত্তমান কার্য্যচলনের সময় পূর্ব্বাহ্ণ ৮ ঘটিকা অবধি অপরাহ্ণ ৫ ঘটিকা পর্য্যন্ত। কালেক্টর সাহেব উপযুক্ত কারণ দেখিলেই কেবল অতিরিক্ত সময়ে কার্য্য করিবার অনুমতি দিবেন।

২। প্রত্যেক নৌকায় বোঝাই সম্বন্ধে অংশ মাত্র দেওয়া নিষিদ্ধ কোন নৌকা বোঝাই করিতে আরম্ভ হইলে, অন্য নৌকা বোঝাই করিতে আরম্ভ করিবার পূর্ব্বে উহার বোঝাই শেষ করিতে হইবে। অতিরিক্ত সময়ে কোন নৌকা বোঝাই আরম্ভ হইলে ঐ বোঝাই কার্য্য নিয়মিত বা অতিরিক্ত সময়ে শেষ হউক, উহা অবিচ্ছেদে শেষ করিতে হইবে।

৩। যদি কোন অদৃষ্টপূর্ব্ব ঘটনা বশতঃ লবণ দেওন কার্য্য বন্ধ রাখা আবশ্যক হয়, অংশমাত্র বোঝাই করা নৌকা নিম্নলিখিত পাঠে নৌকার ছাড়পাইবে, এবং যে জাহাজ হইতে লবণ নামান যাইতেছে তাহার পার্শ্বে থাকিবে, ঐ জাহাজের পার্শ্ব হইতে চালয়া যাইতে চেষ্টা করিলে নৌকা ক্রোক করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

FORM OF THE BOAT-NOTE

Interrupted delivery

Rowannah No   in favour of
for Mds   from   boat No
Manjee   Mds delivered
Mds to be completed to-morrow
morning   Total Mds

N B—This boat and contents are liable to seizure and confiscation if found away from the

Dated

Preventive Officer

4 Delivery on a rowannah of more than 300 maunds should not be commenced after 4 30 P M, so as to ensure its completion within working hours

5 The quantity of salt covered by the rowannah first taken up must be discharged, whatever the number of boat-loads may be, before delivery is commenced on a second rowannah In exceptional cases where this is impossible, and adherence to the rule is calculated to cause delay and inconvenience to the ship, the preventive officers, before commencing delivery on a second rowannah (the first being incomplete), shall make an immediate report to the Collector, detailing the circumstances which have rendered a departure from the rule necessary Such report shall be countersigned by the Commander or Chief Officer of the vessel, and its number (if any) and date shall be entered by the preventive officers in the tally-Book

6 The pages of all tally-books shall be numbered and signed at the head by the Superintendent of the Preventive Service, and as soon as each page is filled, the preventive officers shall, before commencing a fresh page, require the Commander of the vessel or Chief Officer to sign at the foot of the page which has been written up

7 On the completion of deliveries of salt from board-ship upon rowannahs, the holders thereof must present them to the Board's office for the purpose of having the endorsements made on them by the preventive officers examined Challans will then be granted with regard to such rowannahs as would require them according to section 39 of the Government rules This rule will not prevent salt merchants removing their salt-laden boats from the ship's side to safe and convenient places in the river under the boat notes previously granted by the preventive officers Preventive officers will invariably, when they deliver a completed rowannah to a merchant or to his gomastah, warn him to present his rowannah at the Board's office

8 No salt may be landed from ship board or removed from the bonded golahs into the excepted limits of Calcutta and Howrah unless protected by a "certificate" (Form 12, appendix) granted by the Collector of Customs (*see* section 1, Rule 36A) Within 24 hours after the delivery of salt from board-ship under certificate, the holder thereof must present it at the office of the Collector of Customs for the purpose of having the endorsement made on it by the preventive officer examined, after which it will be returned to the holder in order that the salt covered by it may be landed

9 The currency of each certificate will expire 48 hours from the time that delivery of the salt is completed, and any certificate which has not been finally returned, under the following rule (No 10), to the office of Collector of Customs within 48 hours from the time of delivery of salt, must be presented within that time for renewal by the Collector

10 Within 48 hours after the landing within excepted limits of salt removed upon a certificate from board-ship or from the bonded golahs the certificate must be returned to the office of the Collector of Customs with an endorsement by the holder showing the time and place of landing and the place of storage

[*Government Gazette*, 15th February 1881]

নৌকার ছাড়ের পাট।

লবণ দেওন কার্য্য বন্ধ রাখা গেল।

নং রওয়ানা   র অনুকূলে
হইতে   মণ নিমিত্ত   নৌকা নং
মাঝি   মণ দেওয়া গেল
কল্য প্রাতে   মণ দেওয়া শেষ
করা যাইবে।   মোট   মণ।

মন্তব্য   পার্শ্ব হইতে দূরে দৃষ্ট হইলে এই নৌকা ও ইহার বোঝাই ক্রোক ও জব্দ করা যাইতে পারিবে।

সাল   তাং   মাসুল চুরি নিবারক কর্ম্মচারী।

৪। কার্য্য চলনের সময়ের মধ্যে লবণ দেওয়া শেষ করিবার উদ্দেশে রওয়ানামত ৩০০ শত মণের অধিক লবণ দেওন কার্য্য অপরাহ্ণ ৪॥ ঘটিকার পর আরম্ভ করা যাইবে না।

৫। প্রথমে যে রওয়ানা লইয়া কার্য্য আরম্ভ করা যায়, দ্বিতীয় রওয়ানাক্রমে লবণ দিতে আরম্ভ করিবার পূর্ব্বে, সেই রওয়ানামত সমুদয় লবণ দিতে হইবে, তাহাতে যত কেন নৌকা বোঝাই হউক না। যে কোন বিশেষ স্থলে এইরূপ করা অসম্ভব, এবং এই বিধি অনুসারে চলিতে হইলে জাহাজের পক্ষে বিলম্ব ও অসুবিধা হয়, প্রথম রওয়ানার কার্য্য শেষ না হইতে হইতে দ্বিতীয় রওয়ানাক্রমে লবণ দিতে আরম্ভ করিবার পূর্ব্বে মাসুল চুরি নিবারক কর্ম্মচারী অবিলম্বে কালেক্টর সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে কারণ বশতঃ বিধি লঙ্ঘন করা আবশ্যক হইয়াছে বিস্তারিতরূপে তাহা লিখিবেন। ঐ রিপোর্টে জাহাজের কাপ্তান বা প্রধান কর্ম্মচারী ক্রোড় স্বাক্ষর করিবেন, এবং উহার নম্বর থাকিলে তাহাও তারিখ মাসুলচুরি নিবারক কর্ম্মচারিরা সংখ্যার হিসাব বহীতে লিখিয়া রাখিবেন।

৬। মাসুল চুরি নিবারক কর্ম্মচারীদের সুপরিন্টেণ্ডেণ্ট ঐরূপ সমুদয় হিসাব বহীর প্রত্যেক পৃষ্ঠার শীর্ষদেশে নম্বর দিবেন ও স্বাক্ষর করিবেন, এবং প্রত্যেক পৃষ্ঠা পূর্ণ হইলে, মাসুল চুরি নিবারক কর্ম্মচারিরা নূতন পৃষ্ঠা আরম্ভ করিবার পূর্ব্বে জাহাজের কাপ্তান বা প্রধান কর্ম্মচারির প্রতি লিখিত পৃষ্ঠার নিম্নে স্বাক্ষর করিতে আদেশ করিবেন।

৭। রওয়ানামতে জাহাজ হইতে লবণ দেওয়া শেষ হইলে, রওয়ানাদারেরা মাসুল চুরি নিবারক কর্ম্মচারিদের কৃত পৃষ্ঠলিপি পরীক্ষা করাইবার নিমিত্ত রওয়ানা বোর্ডের আফিসে উপস্থিত করিবেন। তাহা হইলে গবর্ণমেণ্টের বিধির ৩১ ধারামতে যেরূপ রওয়ানার সম্বন্ধে চালান আবশ্যক হয়, সেইরূপ রওয়ানা সম্বন্ধে চালান দেওয়া যাইবে। মাসুল চুরি নিবারক কর্ম্মচারিরা পূর্ব্বে যে নৌকার ছাড় দিয়াছেন, তাহার বলে জাহাজের পার্শ্ব হইতে নিরাপদ ও সুবিধামত স্থানে লবণ বোঝাই নৌকা লইয়া যাইতে এই নিষেধক্রমে বাধা হইবে না। যে রওয়ানামত কার্য্য শেষ হইয়াছে সেই রওয়ানা কোন সওদাগরকে বা লবণের গোমাশ্তাকে দিবার সময়ে মাসুল চুরি নিবারক কর্ম্মচারিরা নিয়ত ঐ ব্যক্তিকে এই বলিয়া সতর্ক করিয়া দিবেন যে ঐ রওয়ানা বোর্ডের আফিসে উপস্থিত করিতে হইবে।

৮। কষ্টমের কালেক্টর সাহেবের প্রদত্ত (১ পরিচ্ছেদের ৩৬ ধারা দেখ) ক্রোড়পত্রের ১২ নং পাঠের সর্টিফিকেট দ্বারা রক্ষিত না হইলে, কলিকাতা ও হাবড়ার বর্জ্জিত সীমার মধ্যে লবণ জাহাজ হইতে নামাইবার বা গোলা হইতে স্থানান্তর করা যাইবে না। সর্টিফিকেটমতে জাহাজ হইতে লবণ দেওয়া গেলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে সর্টিফিকেটধারী মাসুল চুরিনিবারক কর্ম্মচারির কৃত পৃষ্ঠলিপি পরীক্ষা করাইবার নিমিত্ত সেই সর্টিফিকেট কষ্টমের কালেক্টর সাহেবের আফিসে উপস্থিত করিবেন তাহার পর তদন্তর্ভুক্ত লবণ নামাইবার নিমিত্ত তাহা সর্টিফিকেটধারিকে ফিরাইয়া দেওয়া যাইবে।

৯। লবণ দেওয়া শেষ হইবার সময় অবধি ৪৮ ঘণ্টা কাল প্রত্যেক সর্টিফিকেট চলিত থাকিবে, এবং লবণ দিবার সময় অবধি ৪৮ ঘণ্টার মধ্যে নিম্নলিখিত ১০ ধারামতে কোন সর্টিফিকেট অবশেষে কষ্টমের কালেক্টর সাহেবকে ফিরাইয়া না দেওয়া গেলে, তাহা ঐ সময়ের মধ্যে কালেক্টর সাহেবের দ্বারা নূতন করিয়া লইবার নিমিত্ত উপস্থিত করিতে হইবে।

১০। জাহাজ হইতে বা বাণ্ড গোলা হইতে সর্টিফিকেটক্রমে যে লবণ স্থানান্তরিত করা যায় তাহা, বর্জ্জিত সীমার মধ্যে নামাইবার পর ৪৮ ঘণ্টার মধ্যে, যে সময়ে যে স্থানে নামান গেল এবং যে স্থানে গোলাজাত করিয়া রাখা গেল তৎপ্রকাশক পৃষ্ঠলিপি সম্বলিত ঐ সর্টিফিকেট কষ্টমের কালেক্টর সাহেবের আফিসে সর্টিফিকেটধারী ফিরাইয়া দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৫ ফেব্রুয়ারি]

11 Any failure to present a certificate at the Collector's office, as directed in Rules 8, 9 and 10, within the time specified in each rule, will be punishable with a fine of Rs 500 under section 167, clause 1 of the Sea Customs Act

SECTION XI —RULES FOR THE ADMISSION OF GANJAM SALT INTO ORISSA

1 Salt may be sold at the Ganjam golahs in any quantities, wholesale or retail for consumption in Orissa, or for transport through Orissa to any other place

2 All salt thus sold shall be covered by a protective pass, which shall be granted by the Collector of Ganjam without the payment of any fee such salt shall require no other protective document The pass shall be written in English and in Ooriya It shall be dated, and shall state the quantity of salt which it covers, the place for which the salt is destined, and the number of days allowed for transit

3 If the place of destination be within Orissa, the Collector of Ganjam shall send a copy of the pass granted by him on the day of issue to the Collector of the district in which the place of destination is situated

4 The pass so given shall be sufficient to protect the salt specified therein from the place of sale to the place of destination, provided that the latter is reached during the period of the currency of the pass, and during this period no Bengal rule or law shall affect this salt or the carriers thereof

5 If, owing to accident or circumstances beyond the control of the trader, the salt should not be able to reach its destination within the period fixed then the pass-holder shall, at least one day prior to the expiry of the pass, report the circumstance to the nearest police-station, the officer in charge of which shall, unless good reason for suspecting fraud exist, endorse the pass, extending its period by one more than the number of days necessary to enable the salt to reach its place of destination If the officer in charge apprehends fraud he shall detain the salt, and refer the case, including a full statement by the pass-holder, to the Collector for orders If, after a pass has been once extended, a second application for extension should be made, the case shall be referred for the orders of the Collector No salt thus detained shall be confiscated under any Bengal rule except on distinct proof of fraud, but where the pass holder has wilfully overstayed the period of grace granted, the Collector may, if he deems it necessary impose a moderate penalty, not exceeding 10 per cent, on the value of the salt thus delayed in transit

6 If a pass holder shall desire to make any alterations in the terms specified in his pass he may apply to the Collector of the district in which the salt may then be, and such Collector may in his discretion issue an exchange pass, which, for the purposes of the Salt Act and of these rules, shall be of the same force as the original pass issued by the Collector of Ganjam Every application to a Collector for an exchange pass shall be written upon a paper bearing a stamp of the value which the law prescribes for applications to a Collector

7 The holder of a pass may sell portions of the salt covered by such pass in transit between the Ganjam frontier and the place of destination but any salt so sold will become amenable to all rules which have been, or which may be, passed by the Lieutenant-Governor of Bengal under section 11, Act VII (B C) of 1864, subject to the provisions of the following rules

8 Every person purchasing more than five seers of salt from a pass holder shall give immediate notice of his purchase to the officer in charge of the nearest police-station, who shall thereupon issue an attached rowannah or a charchittee under the ordinary rules for the protection of the salt with a currency of not more than one month Every police officer granting such a document shall send a copy of the same to the Collector of the district on the same day All attached rowannahs and charchittees so granted by police officers shall be subject to all the rules current in Bengal in respect of such documents

[*Government Gazette*, 15*th February* 1881]

১১। ৮, ৯ ও ১০ ধারার আদেশমতে ঐ২ ধারার নির্দ্দিষ্ট সময় মধ্যে সর্টিফিকেট উপস্থিত করা না গেলে, ঐ ত্রুটি নিমিত্ত সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৬৭ ধারার (১) প্রকরণ মতে ৫০০৲ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

১১ পরিচ্ছেদ।—উড়িষ্যায় গাঞ্জামের লবণ আমদানী করিবার বিধি।

১। উড়িষ্যায় ব্যবহারার্থ অথবা উড়িষ্যা দিয়া অন্য স্থানে চালান করণার্থ গাঞ্জামের গোলায় যত কেন হউক না লবণ থোকে বা খুজরা বিক্রয় করা যাইতে পারে।

২। এইরূপে বিক্রয় করা লবণ রক্ষণার্থ ছাড় দেওয়া যাইবে। কোন ফী বিনা গাঞ্জামের কালেক্টর সাহেব এই ছাড় দিবেন। ঐ লবণ রক্ষণার্থ অন্য দলীলের প্রয়োজন হইবে না। ঐ ছাড় ইংরাজী ও উড়িয়া ভাষায় লিখিত হইবে। উহাতে তারিখ থাকিবে, এবং যত লবণ উহার অন্তর্ভুক্ত, যে স্থানে ঐ লবণ যাইবে, এবং চালান পঁহুছিতে যত দিন লাগিবে, উহাতে তাহা লেখা থাকিবে।

৩। চালানের লক্ষ্যস্থান উড়িষ্যার মধ্যে হইলে, গাঞ্জামের কালেক্টর সাহেব যে ছাড় দেন তাহার এক কেতা নকল ছাড়দিবার তারিখে চালানের লক্ষ্য স্থান যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন।

৪। উক্তরূপে যে ছাড় দেওয়া যায় তাহা বিক্রয়ের স্থান অবধি চালানের লক্ষ্যস্থান পর্য্যন্ত তন্নির্দ্দিষ্ট লবণ রক্ষণার্থে যথেষ্ট হইবে, কিন্তু ছাড় চলিত থাকিবার সময় মধ্যে লক্ষ্যস্থানে লবণ পঁহুছান চাই, এবং এই সময় মধ্যে বঙ্গদেশীয় কোন বিধি বা আইন এই লবণের বা ইহার বাহকদের প্রতি খাটিবে না।

৫। যদি দুর্ঘটনা বা ব্যবসায়ির ক্ষমতাতিরিক্ত কারণ বশত নির্দ্দিষ্ট সময়ের মধ্যে লবণ চালানের লক্ষ্যস্থানে পঁহুছিতে না পারে, তবে ছাড়ধারী ছাড়ের মিয়াদ ফুরাইবার অন্তত এক দিনপূর্ব্বে ঐ কথা নিকটস্থ পোলীস থানায় রিপোর্ট করিবেন। ঐ থানার অধ্যক্ষ প্রবঞ্চনা সন্দেহ করিবার বিশেষ কারণ না দেখিলে ঐ ছাড়ের পৃষ্ঠলিপি করিয়া লক্ষ্যস্থানে লবণ পঁহুছিতে যত দিন আবশ্যক হয় তদতিরিক্ত এক দিন পর্য্যন্ত ছাড়ের মিয়াদ বাড়াইয়া দিবেন। প্রবঞ্চনার আশঙ্কা হইলে, থানার অধ্যক্ষ লবণ আটক করিয়া ছাড়ধারির পূর্ণ উক্তি সমেত ঐ বিষয় কালেক্টর সাহেবের নিকট আজ্ঞা পাইবার নিমিত্ত পাঠাইবেন। একবার মিয়াদ বাড়াইয়া দিবার পর আবার মিয়াদ বাড়াইবার প্রার্থনা করা গেলে, কালেক্টর সাহেবের আজ্ঞা নিমিত্ত তাঁহার নিকট ঐ বিষয় অর্পণ করা যাইবে। স্পষ্ট প্রবঞ্চনার প্রমাণ না পাওয়া গেলে এইরূপে আটক করা কোন লবণ বঙ্গদেশীয় কোন বিধি ক্রমে জব্দ করা যাইবে না, কিন্তু অনুগ্রহ করিয়া যে সময় দেওয়া যায় ছাড়দার ইচ্ছাপূর্ব্বক সেই সময় অতিক্রম করিয়াথাকিলে, কালেক্টর সাহেব আবশ্যক বোধ করিলে, যে লবণ চালানে এইরূপ বিলম্ব হয় তাহার মূল্যের উপর শতকরা ৫০ টাকার অনধিক লঘু দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

৬। ছাড়ে যে নিয়ম নির্দ্দিষ্ট আছে কোন ছাড়দারা তাহার কোন পরিবর্ত্তন করিতে চাহিলে, যে জিলায় তখন লবণ থাকে সেই জেলার কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন, এবং উক্ত কালেক্টর সাহেব আপন বিবেচনামতে তবদলী ছাড় দিতে পারিবেন। শেষোক্ত ছাড় লবণ বিষয়ক আইন ও এই বিধির কার্য্যপক্ষে গাঞ্জামের কালেক্টর সাহেবের প্রদত্ত মূল ছাড়ের তুল্য বলবৎ হইবে। কালেক্টর সাহেবের নিকট প্রার্থনানিমিত্ত আইনে যে মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট আছে তবদলী ছাড় পাইবার নিমিত্ত কালেক্টর সাহেবের নিকট প্রার্থনাপত্র সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

৭। ঐ ছাড়ের অন্তর্ভুক্ত লবণ চালান হইলে গাঞ্জামের সীমান্ত স্থান ও চালানের লক্ষ্য স্থানের মধ্যে ছাড়ধারী তাহার কিয়দংশ বিক্রয় করিতে পারিবেন, কিন্তু এইরূপে যে লবণ বিক্রয় করা যায় তাহা নিম্নলিখিত বিধির বিধানাধীনে ১৮৬৪ সালের ৭ আইনের ১ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে সকল বিধি প্রণয়ন করিয়াছেন বা করেন, সেই সকল বিধির অধীন হইবে।

৮। কেহ পাঁচসেরের অধিক লবণ কোন ছাড়ধারির নিকট ক্রয় করিলে নিকটস্থ পোলীস থানার অধ্যক্ষকে অবিলম্বে ঐরূপ ক্রয় করিবার সংবাদ দিবেন। তাহা হইলে ঐ থানার অধ্যক্ষ ঐ লবণ রক্ষণার্থ চলিত বিধিমত আতরাফী রওয়ানা বা ছাড়চিঠি দিবেন, উহা একমাসের অধিক কাল চলিত থাকিবে না। যে প্রত্যেক পোলীস কর্ম্মচারী এরূপ দলীল দেন, তিনি সেই দিনেই ইহার নকল জিলার কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন। পোলীসের কর্ম্মচারিরা এইরূপে যে সকল আতরাফী রওয়ানা বা ছাড়চিঠি দেন তৎসমুদয়, বঙ্গদেশে ঐরূপ দলীল সম্বন্ধে যে সকল বিধি প্রচলিত থাকে সেই সকল বিধির অধীন হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

9 Salt having arrived at the place of destination, and the currency of the Madras pass, or of any extension thereof, having expired, the salt becomes amenable to all rules passed by the Lieutenant Governor of Bengal under section 11, Act VII (B C) of 1864, and the holder of the salt shall be required, within twenty-four hours, to apply in writing to the Collector, or to such officer as may be authorised by the Collector to receive such applications, for the necessary document for the protection of the salt under the Bengal rules

SECTION XII —RULES FOR THE CLEARANCE OF DUTY-FREE TARRED SALT FROM THE SULKEAH GOLAHS SANCTIONED BY GOVERNMENT ORDER No 1998, DATED 21ST JULY 1877

1 When it is intended to render salt in bond unfit for human consumption by admixture with tar not less than twenty-four hours' notice of such intention must be given to the Superintendent of the Sulkea Salt Golahs

2 The operation of mixing the tar and salt, in the proportion of one seer of the former to one maund of the latter, shall be supervised by a special officer, who will be deputed by the Superintendent of the Golahs at the expense, not exceeding Rs 5 per diem, of the applicant for his services

3 The Superintendent of Golahs will be responsible that not less than the prescribed quantity of tar is used

4 Before granting the usual protective documents for the removal of the tarred salt from the golahs, the Superintendent will satisfy himself by a personal inspection that the process of mixing the tar with the salt has been thoroughly performed

5 Before granting final delivery, the Superintendent will also require the owner of the tarred salt to furnish a written guarantee that it is intended solely for use in the manufacture of glazed stoneware, and that every possible precaution shall be taken to prevent the article from being stolen or restored to a condition fit for human consumption

6 Any proved case of duty-free tarred salt having been restored, or attempted to be restored to a condition fit for human consumption will disqualify the owner of the manufactory whence the impure article was obtained to be a custodian or consumer of such salt in future and render the remainder of his stock of duty-free tarred salt liable to confiscation

7 The owner of a manufactory, where duty-free tarred salt is allowed to be stored and consumed, shall keep a book showing the daily expenditure of such salt, for what purpose expended and the stock remaining in store at the close of each day and the book and stock shall be accessible at any time between sunrise and sunset to such officer as may be appointed for the purpose

8 All duty-free tarred salt shall be stored in bags containing two maunds each

SECTION XIII —MISCELLANEOUS RULES

1 Whenever an application is made by any one to the Board of Revenue in the Salt Department to transact business on behalf of another person in connection with salt rowannahs, the applicant may be required to produce a written and stamped authority from his employer, and if he cannot produce it, the Board may refuse to transact such business with him

2 A despatch of salt cannot be deemed to be salt "specified in a rowannah" within the meaning of Act VII (B C) of 1864 when the actual quantity found in the despatch is less than the quantity entered in the rowannah accompanying the despatch.

[*Government Gazette* 15*th February* 1881]

৯। লবণ লক্ষ্যস্থানে পঁহুছিলে, এবং মান্দ্রাজের ছাড়ের মিয়াদ বা বর্দ্ধিত মিয়াদ ফুরাইলে, লবণ ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের ১১ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত সমুদয় বিধির নিয়মাধীন হইবে, এবং লবণের অধিকারির প্রয়োজন যে বঙ্গীয় বিধিমতে লবণ রক্ষণার্থে যে দলীল আবশ্যক হয়, ২৪ ঘণ্টার মধ্যে তজ্জন্য কালেক্টর সাহেবের নিকট লিখিত প্রার্থনা করেন কিম্বা উক্তরূপ প্রার্থনাপত্র গ্রহণ করিতে কালেক্টর সাহেব যাহাকে ক্ষমতা দিয়াছেন সেই কার্য্যকারকের নিকট ঐরূপ প্রার্থনা করেন।

১২। পরিচ্ছেদ।—সালিখার গোলা হইতে মাসুলমুক্ত আলকাতরাযুক্ত লবণ দিবার নিমিত্ত ১৮৭৭ সালের

২১ জুলাই তারিখের ৯৯৮ নং গবর্ণমেণ্টের আজ্ঞায় অনুমোদিত বিধি।

১। যখন বাণ্ড করা লবণ আলকাতরা মিশাইয়া মনুষ্যের ব্যবহারের অনুপযোগী করিবার অভিপ্রায় থাকে, তখন ঐরূপ অভিপ্রায় থাকিবার নোটিস অন্যূন চব্বিশ ঘণ্টা পূর্ব্বে সালিখার লবণ গোলার সুপরিণ্টেণ্ডেণ্টকে দিতে হইবে।

২। এক মণ লবণে একসের আলকাতরা এই হিসাবে একজন বিশেষ কর্ম্মচারির তত্ত্বাবধানে লবণে আলকাতরা মিশান যাইবে। যে ব্যক্তি ঐ কর্ম্মচারির সাহায্য নিমিত্ত প্রার্থী, দিন প্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক সেই ব্যক্তির খরচে গোলার সুপরিণ্টেণ্ডেণ্ট ঐ কর্ম্মচারিকে পাঠাইবেন।

৩। নির্দ্দিষ্ট পরিমাণের কম আলকাতরা দেওয়া না হয়, ইহার নিমিত্ত গোলার সুপরিণ্টেণ্ডেণ্ট দায়ী থাকিবেন।

৪। গোলা হইতে আলকাতরাযুক্ত লবণ স্থানান্তর করিবার নিয়মিত বন্দনামূলক ছাড় দিবার পূর্ব্বে, সুপরিণ্টেণ্ডেণ্ট নিজে দেখিয়া আপন হৃদ্বোধমতে জানিয়া লইবেন যে লবণের সহিত আলকাতরা মিশাইবার কার্য্যটি সম্পূর্ণরূপে সম্পন্ন হইয়াছে।

৫। পরিশেষে লবণ দিবার পূর্ব্বে সুপরিণ্টেণ্ডেণ্ট আলকাতরাযুক্ত লবণের স্বামির প্রতি এইরূপ লিখিত একরার দিবারও আদেশ করিবেন যে, ঐ লবণ কেবল পালিস করা পাথরিয়া দ্রব্য প্রস্তুত করণার্থে ব্যবহার করিবার কল্পনা আছে, এবং উহার চুরি অথবা মনুষ্যের ব্যবহারোপযোগী অবস্থায় আনয়ন নিবারণার্থ যত দূর সম্ভব উপায় অবলম্বিত হইবে।

৬। মাসুলমুক্ত আলকাতরাযুক্ত লবণ মনুষ্যের ব্যবহারোপযোগী অবস্থায় আনয়ন করা গিয়াছে বা করিবার চেষ্টা হইয়াছে এরূপ প্রমাণ হইলে, যে কারখানা হইতে ঐ আলকাতরাযুক্ত লবণ প্রাপ্ত হওয়া যায়, সেই কারখানার স্বামিকে ভবিষ্যতে উক্তরূপ লবণ রাখিতে বা ব্যবহার করিতে দেওয়া যাইবে না, এবং তাঁহার নিকটে মাসুলমুক্ত আলকাতরাযুক্ত আর যত লবণ মৌজুদ থাকে তাহা জব্দ করা যাইতে পারিবে।

৭। যে কারখানায় মাসুলমুক্ত আলকাতরাযুক্ত লবণ রাখিতে বা ব্যবহার করিতে দেওয়া যায় সেই কারখানার স্বামী একখান বহী রাখিবেন, তাহাতে ঐ লবণ প্রতিদিন যত খরচ করা যায়, যে জন্য খরচ হয়, এবং প্রতিদিনের শেষে যত মৌজুদ থাকে, দেখাইতে হইবে, এবং এই কার্য্যানির্ব্বাহে যে কার্য্যকারক নিযুক্ত হন, তিনি সূর্য্যোদয়াবধি সূর্য্যাস্ত পর্য্যন্ত কাল মধ্যে যে কোন সময় দেখিতে চাহিলে ঐ বহী ও মৌজুত দ্রব্য দেখিতে পাইবেন।

৮। মাসুলমুক্ত আলকাতরাযুক্ত সমুদয় লবণ দুই মণ ধরে এরূপ বস্তায় সঞ্চিত করিয়া রাখিতে হইবে।

৩ পরিচ্ছেদ।—বিবিধ বিধি।

১। লবণের রওয়ানা সম্বন্ধে অন্য কোন ব্যক্তির পক্ষে কর্ম্ম করণার্থে কেহ লবণ বিভাগে রেবিনিউ বোর্ডে দরখাস্ত করিলে, তাঁহার নিয়োগকর্ত্তার লিখিত ইষ্টাম্প করা অনুমতিপত্র উপস্থিত করিবার নিমিত্ত দরখাস্তকারির প্রতি আদেশ করা যাইতে পারিবে এবং তিনি তাহা উপস্থিত করিতে না পারিলে, তাঁহার সহিত ঐ কর্ম্ম করিতে বোর্ড অস্বীকার করিতে পারিবেন।

২। চালানের সঙ্গের রওনায় যত লবণ লিখিত থাকে চালানে বাস্তবিক তাহার কম লবণ পাওয়া গেলে, ঐ চালানের লবণ ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের মর্ম্মানুযায়ী "রওয়ানাতে নির্দ্দিষ্ট" লবণ বলিয়া গণ্য হইতে পারে না। সুতরাং রওয়ানায় যত লবণ নির্দ্দিষ্ট থাকে যদি কোন ব্যক্তি ঐ রওয়ানাক্রমে আইনমত সীমার মধ্যে তাহার কম লবণ রাখেন বা চালান করেন, তবে যে পরিমাণ একণে

If any person, therefore, shall possess or transport within the law-limits, under a rowannah, a quantity of salt less than that specified in such rowannah, the entire quantity shall, if such deficiency be found on weighment to exceed five per cent on the quantity so specified, be held to be contraband, and as such shall be seized and confiscated Any person possessing or transporting such salt shall be liable to the penalty prescribed in section 16 of the Act

FORM No 1 [*vide* CLAUSE 3 SECTION II]

Agreement

having been authorized by the Board of Revenue, Lower Provinces to manufacture salt do hereby bind to accept and abide by the conditions embodied in the rules prescribed by the Lieutenant Governor of Bengal in accordance with sections 11 and 13 of Act VII (B C) of 1864, and notified in the *Calcutta Gazette* of the 27th October 1880 further bind to pay within 15 days before close of each month to the Collector the pay of the preventive guard and excise establishment, on default of such payment the license may be cancelled and all salt manufactured under it at the place of manufacture may be attached and confiscated, and promise and engage to manufacture not less than two thousand maunds and not more than maunds of salt during the season 18 , and to close the manufacture on the

Executed in my presence on this

day of

WITNESS

FORM No 2 [*vide* CLAUSE 3, SECTION II]

License

No of 18

is hereby licensed by the Board of Revenue Lower Provinces, to manufacture salt in bhowree , aurung of district , under the provisions of Act VII (B C) of 1864, and the rules prescribed in accordance with sections 11 and 13 of the said Act

The boundaries of the said bhowree are as follows —

This license authorizes the manufacturer to establish the following depots for the reception of salt manufactured during the season for which this license is issued within the limits of the said bhowree —

Depôt Furnaces

" ,

" ,

The said is to abide by the terms specified in the said rules in as far as they impose obligations on licensed manufacturers, and is authorized to manufacture at the abovenamed places not less than maunds and not more than maunds during the season commencing and ending

Given under my hand and seal this day of one thousand eight hundred and

By order of the Board of Revenue, L P,

Secy to the Board of Revenue, L P.

PASS.

ORIGINAL FORM No 3

(*Vide* CLAUSE 15, SECTION II)

No of pass	Name of manufacturer	No of license	Route by which salt the transported	Quantity of salt transported	Date of transport or removal	No of carts, boats, bullocks, or bags loaded with salt	REMARKS.
1	2	3	4	5	6	7	8

"২৫১ ধারা। প্রবেট কি ধনাধ্যক্ষতা দানের বিপক্ষ কেবিয়ট অর্থাৎ নিবারকপত্র জিলার জজ সাহেবের কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকটে দাখিল করা যাইতে পারিবে, ও জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকটে কোন নিবারকপত্র দাখিল হইবামাত্র, তিনি জিলার জজ সাহেবের নিকটে তাহার প্রতিলিপি পাঠাইবেন, ও জিলার জজ সাহেবের নিকটে কোন নিবারকপত্র দাখিল হইবামাত্র, মৃত ব্যক্তি মৃত্যুকালে যাঁহার বিচারাধীন স্থানে বাস করিতেছিলেন বলিয়া কথিত হয়, এরূপ কোন জিলার প্রতিনিধি কার্য্যকারক থাকিলে তাঁহার নিকটে ও জিলার জজ সাহেব অন্য যে জজ সাহেবের কি জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকটে প্রেরণ করা সুবিধাজনক জ্ঞান করেন তাহার নিকটে ঐ নিবারক পত্রের প্রতিলিপি পাঠাইতে হইবে।"

উক্ত আইনের ২৫৩ ধারার সংশোধনের কথা।

৬ ধারা। উক্ত আইনের ২৫৩ ধারায় "জজ সাহেবের" এই কথার পর "কিম্বা কার্য্যকারকের" এই কথা, ও "গেলে পর" এই কথার পরে "কিম্বা অন্য কোন প্রতিনিধি কার্য্যকারকের নিকট উক্ত পত্র দাখিল হইবার নোটিস দেওয়া গেলে পর" এই২ কথা দিতে হইবে।

উক্ত আইনের ২৫৩ ধারার পর যে২ ধারা দিতে হইবে, তাহার কথা।

৭ ধারা। ২৫৩ ধারার পর উক্ত আইনে নিম্নলিখিত ধারাগুলি যোগ করিতে হইবে।

জিলার প্রতিনিধি কার্য্যকারক কখন প্রবেট কি ধনাধ্যক্ষতা দান করিবেন না, তাহার কথা।

"২৫৩ ক ধারা। যে স্থলে দিবার সম্বন্ধে বিবাদ থাকে কিম্বা যে স্থলে প্রকারান্তরে জিলার প্রতিনিধি কার্য্যকারকের বোধ হয় যে তাঁহার আদালত হইতে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া উচিত নহে, সেই স্থলে তিনি প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবেন না।

"ব্যাখ্যা।—বিবাদ শব্দে আনুষ্ঠানিক কার্য্যের প্রতিবাদ করণার্থে কোন ব্যক্তির স্বয়ং কি স্বীকৃত মোক্তার দ্বারা কিম্বা তৎপক্ষে কার্য্য করিতে নিয়মিতরূপে নিযুক্ত উকীলের দ্বারা উপস্থিত হওয়া বুঝায়।

বিবাদ না থাকিলেও সন্দেহস্থলে জিলার জজ সাহেবের নিকট বর্ণনাপত্র পাঠাইতে পারিবার কথা।

"২৫৩ খ ধারা। বিবাদ না থাকিলেও যে স্থলে জিলার প্রতিনিধি কার্য্যকারকের সন্দেহ হয় যে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া উচিত কি না অথবা যে স্থলে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার সম্বন্ধে কিম্বা দিবার প্রার্থনাপত্র সম্বন্ধে কোন প্রশ্ন উত্থিত হয়, জিলার প্রতিনিধি কার্য্যকারক উচিত বোধ করিলে সেই বিষয়ের বর্ণনাপত্র জিলার জজ সাহেবের নিকট প্রেরণ করিতে পারিবেন। জজ সাহেব যেরূপ আদেশ দেওয়া আবশ্যক বোধ করেন, সেই আদেশানুসারে প্রার্থনাপত্রের বিষয় লইয়া কার্য্য করিবার জন্য জিলার প্রতিনিধি কার্য্যকারককে প্রতি দিতে পারিবেন, কিম্বা উক্ত প্রার্থনাপত্রের বিষয় সম্বন্ধে জিলার প্রতিনিধি কার্য্যকারকের অন্য আনুষ্ঠানিক কার্য্য বারণ করিয়া প্রার্থনাকারি পক্ষকে তদ্বিষয় জজ সাহেবের নিকটে প্রার্থনা করিতে বলিতে পারিবেন।

বিবাদ থাকিলে কিম্বা তাঁহার আদালতে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিতে অস্বীকার করা কর্ত্তব্য জিলার প্রতিনিধি কার্য্যকারকের এরূপ বোধ হইলে, কার্য্যপ্রণালীর কথা।

"২৫৩ গ ধারা। যে প্রত্যেক স্থলে বিবাদ থাকে কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারক বিবেচনা করেন যে তাঁহার আদালতে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দান অস্বীকার করা কর্ত্তব্য, প্রার্থনাপত্র ও তৎসঙ্গে যে দলীল দাখিল করা যায় তৎ সমুদয় যে ব্যক্তি প্রার্থনা করিয়াছিলেন, জিলার জজ সাহেবের নিকটে দিবার জন্য তাঁহাকে ফিরাইয়া দেওয়া হইবে। কিন্তু জিলার প্রতিনিধি কার্য্যকারক ন্যায় বিচারার্থে উক্ত কাগজপত্র আটক করিয়া রাখা আবশ্যক জ্ঞান করিলে ঐ কার্য্য করণার্থে তাঁহাকে এতদ্দ্বারা ক্ষমতা দেওয়া গেল, ও তদ্রূপ স্থলে তিনি তাহা জিলার জজ সাহেবের নিকটে পাঠাইবেন।"

২৫৪ ও ২৫৫ ও ৩০৮ ধারার সংশোধনের কথা।

৮ ধারা। উক্ত আইনের ২৫৪ ও ২৫৫ ধারায় "অমুক জিলার জজ" এই কথার পরে "[কিম্বা প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানার্থে নিযুক্ত অমুক স্থানের (বিচারাধীন স্থান এইস্থলে নির্দ্দেশ করিবে) প্রতিনিধি কার্য্যকারক]" এই২ কথা দিতে হইবে, ও ৩০৮ ধারায় "যে জিলার জজ সাহেব" এই কথার পরে "কিম্বা যাঁহার জিলার প্রতিনিধি কার্য্যকারক" এই২ কথা দিতে হইবে।

উক্ত আইনের কোন২ ধারায় 'জিলার প্রতিনিধি কার্য্যকারক" এই কথা দিতে হইবার কথা।

৯ ধারা। উক্ত আইনের ২৪৬ ও ২৫০ ও ২৫৪ ও ২৫৫ ধারায় "জজ সাহেবের" এই কথার পর "কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারকের" এই কথা, ২৫০ ধারায় "জজ সাহেব" এই কথার পর "কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারক" এই কথা, ও ২৫৯ ধারায় "জিলার জজ সাহেবেরা" এই কথার পর "কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারকেরা" এই কথা দিতে হইবে।

ডি, ফিটজপ্যাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A AND B. L
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 15, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।

PART VIII

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড ।

ইশ্তিহার প্রভৃতি।

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			কঙ্গু ও বাজরা।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
	বেহার															
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
৩৪	পুরুলিয়া	য ॥২	।।২	।৬	১৶	১॥০		॥৭	॥৫	।৮	॥১	৸২	।১-॥০	••		
৩৫	মালদহ	।৬	।৭	।১				।৫	।৫।'	।০	'৭॥	॥৭	।৮			।৮
৩৬	সাঁওতাল পরগণা।	য১ ।৩	।৩।৴		•		••	॥৬	।।২	।৬	।৯	॥৬	।৮			
	উড়িষ্যা।															
৩৭	কটক	।৭৴	।৫৸	।০॥				।৫৸	৭৶	।০'	॥৬।*	॥৬।	।৮।৶		•	•
৩৮	পুরী	য২ ।২	।২।'	।০॥			••	।৯	॥০	।০॥	৸২॥	৸২॥	।৮।৶		•	
৩৯	বালেশ্বর	।৩।৴	।৩।৴	।১				।।১৸	॥১৸	।৩	৸১৸	৸১৸	।৮।			•
	ছোটনাগপুর। দক্ষিণ পশ্চিম সীমান্তের এজেন্টী।															
৪০	হাজারীবাগ	য৩ ।৮	॥০	।২॥		৸২		।২	।২	।০	॥১	॥৪	॥২॥			••
৪১	লোহারডগা	য৪ ।৭	।৭	।২				॥৪	॥৪	॥০	।৭	॥৮	॥৪			
৪২	সিংহভূম	।৪	।৪	৴৭।	৸২	৸২	॥০	৸২	৸২	।২	৸৬	৸৬	।৮	•	•	••
৪৩	মানভূম	য৫ ।৩	।২॥	।১	॥৪	॥৪	॥৪	॥০	॥১	।২	৸২	৸৪	।৫			

* মফঃসলে সামান্য চাউল টাকায় ॥৩॥৶ সের অবধি ১৴২ সের পর্য্যন্ত পাওয়া যায়।

য। সোবাজগঞ্জের দর এইরূপ।—গম।১ সের ভালচাউল ।০ সে, সামান্য চাউল॥৬ সের, ও ছোলা ।৬ সের।

য১। গদ্দায় দর এইরূপ।—গম ॥৫ সের, যব ॥০ সের, ভালচাউল ৸১। সের, সামান্য চাউল ৸৩। সের, জমেরা ১৴ মণ ও ছোলা ॥৪ সের,।

য২। খুর্দ্দাহে দর এইরূপ।—ভাল চাউল ॥৩॥৶ সের, সামান্য চাউল ৸১॥ সের ও ছোলা ।৮।৶ সের।

য৩। মফঃসলে দর এইরূপ।—গম ।৮ সের অবধি ॥০ সের পর্য্যন্ত, যব ॥৪ সের অবধি ১৴৫ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৫ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, সামান্য চাউল ॥৩ সের অবধি ৸০ সের পর্য্যন্ত রাগীপ্রভৃতি ১।০ অবধি ১॥০ সের পর্য্যন্ত, জমেরা ১৴২॥ সের অবধি ১॥০ সের পর্য্যন্ত ও ছোলা ॥৫ সের অবধি ৸০॥ সের পর্য্যন্ত।

কলিকাতা।
১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

বঙ্গদেশের নিম্নলিখিত সকল গঞ্জে ১৮৮১ সালের জানুয়ারি মাসের ৩১ তারিখের পূর্ব্ব

৪০ সেরের

নম্বর।	বন্দর।	গম।			যব।			ভাল চাউল।			মাঝামাঝি চাউল।			বজু ও বাজরা।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাক	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাক	টাকা
১	কলিকাতা	২৷৷০	২৸৶	৩৷৴	১৷৷০	১৸	২৲	৬৲	৬৲	৬৲	২।০	২।০	৺৴			
২	শেরাজগঞ্জ	১৷৷৶০	১৷৷৴	৩৸০				৩৸৶০	৩৸০	৪৷৷০	১৸০	১।০	২৷৶০			
৩	ঢাকা	২৸৶	৩৲	৩৷৶	৸৴	৸৶	২৷৷০	১৷৷০	১৷৷৶০	২।৶০	১৶০	১৸০	১৸৴			
৪	নারায়ণগঞ্জ							১৷৷০	১৷৸০	২।০	১৷৴০	১৶০	২৶			
৫	চট্টগ্রাম							২৷৷৴	২৷৷৶০	২৸৶	১৷৶০	১৷৶০	২।০			
৬	পাটনা	১৷৷৶৯	১৷৷৴৬	২৷৴৬	১৲	১৴	১৷৷৴৬	২৷৷০	২৷৷	৩৴৩	১৷৷০	১৷৷০	২৶৬			
৭	বালেশ্বর	৩৲	৩৲	৩৶০			..	১৸০	১৸০	১৶০	১৷৴০	১৷৴	২৶০			
৮	পুরী	৮	.								১।০	১।০	২৶০			
৯	কটক	২৶০	২৷৴০	৩৷।৶				২৷৴	২৶	৩৷৷৶	১৷৷০	১৷৷০	২৲			..

কলিকাতা,
১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

[*Government Gazette*, 15*th February* 1881

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্য দ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ থোকে বিক্রয়ের বাজার দর।

ধানের দর																		
চোলম ও জোয়ার।			রাগী বা মাড়ওয়া ও চীনা।			অন্যেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			বন্দর।
এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	
টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	
২৲	২৲	২৷৷০				১৸৶	১৷০	২৷৷০	২৲	১৸৶	৩৲	৷৶৩	৷৶৩	৷৶৩	৪৲	৪৲	৪৲	কলিকাতা।
									২৷৶০	৩৲	৩৸৶০				৪৻৬	৪৲	৪৷৶	গোয়ালন্দ।
.		.			.				১৸৶	১৸৶	৩৶০	৷৴০	৷৴০	৷৶	৪৶	৪৲	৪৶	ঢাকা।
									২৶০	২৶	৩৸০	৷৷০	৷৷০	৷৷০	৪৷০	৪৲	৪৶০	নারায়ণগঞ্জ।
												..						চট্টগ্রাম।
						১৲	১৲	১৸০	১৶	১৶০	২৷৴৩	৷৶০	৷৶৩	৷৩	৪৴৬	৪৴৬	৪৷৷০	পাটনা।
			-						৬৲	৩৲	৫৲	৷৶০	৷৶০	৴৪	৪৷৶০	৪৷৶০	৪৷৶০	বালেশ্বর।
																		পুরী।
..			২৷৷৶	২৷৷৶	২৲				১৷০	১৷৷৴	২৷৴০	৷০	৷০	৷০	৩৷৷০	৩৷৷০	৩৷৴০	কটক।

সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল,

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

LAND ADVERTISEMENT — ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা কটক।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি মহামহপ্রদেশ জেলা কটক।

সমস্ত লোকদিগের জ্ঞাতকারণ প্রকাশ করা যাইতেছে যে ইংরেজি সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সাল ৭ আইনের ৩ ধারানুসারে কটক জেলার নীচে লিখিত তালুক সকল লাগায়ত কিস্তি জুন সন ১৮৮০ সাল মোতাবেক সন ৮৮৭ সাল মোলপলি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৮১ সাল মার্চ মাহার ৯ তারিখ মোতাবেক সন ১২৮৮ সাল ফাল্গুন মাহার ২১ তারিখ বুধবার দিবসে এ জেলার কালেকটরি কাছারিতে নিলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ২৫ তারিখ জানুয়ারি সন ১৮৮১ সাল।

দ্বিতীয়শ্রেণী মিয়াদি বন্দোবস্ত জমা খার্য্য হওয়া মহাল।

নং ৫৮৯ তৌজী হুজুরী মহাল কিসমত তালুকে সত্যভানপুর পং পদ্মপুর লিখিত মালিক রঘুনাথ দাস ও রাধামোহন দাস ও ভাগীরথি মাইতি ও ইন্দ্রমণি দাস ও নিস্তারিণি দাস ও মদনধর দাস ও বৃন্দাধর দাস ও পীরমহম্মদ ও ফকিরমহম্মদ সদর জমা ম ২২৭৭/৯

নং ১২১৩ তৌজী হুজুরি মহাল কি. ।। ৫৲১৶১ তালুকে জাহাগীরাবাদ পং করমুল লিখিত মালিক চৌধুরী রাধামাধব সামন্তরায়মহাপাত্র ও নিত্যানন্দ পট্টনায়ক ও ব্রজসুন্দরপাটযোশীর নাবালগানমাতাহেজ চৌধুরী রাধামাধব সামন্ত জহুর ও চৌধুরী শ্যামসুন্দর রায় গুরু ও সুর্য্যমণী দেই ও শ্রীচন্দ্রদাস ও বিনোদবেহারি দাস ও অনাদি দাস ও সম্পত দাস ও অচ্যুতানন্দ দাস ও আনন্দচন্দ্র দাস ও প্রাণকৃষ্ণ ঘোষ ও গোপালপতি ও বিনোদ লিখিত ও চক্রধরপতি ও শিবপতি ও বলিপতি ও শ্রীনিবাস ভুঞা ও কাশীনাথ বসু ও সুদর্শন ও চৌধুরী রঘুনাথ দাস ও রাধামোহন দাস ও মদনধর দাস ও বৃন্দাধর দাস ও নিলমণি দাস ও চন্দ্রমণি দাস ও চিন্তামণি দাস ও সূর্য্যমণি দাস ও উমাপ্রসাদ বসু ও শ্যামাচরণ মল ও শ্যামচরণ মহান্তি ও সুদর্শন ভুঞা ও চক্রধর ভুঞা ও গুরুবেহারা ও সাধুচরণ মাইতি ও হাজিশাহু সদর জমা ম. ১০০৭।৶১।

R. H. PAWSEY, *Collector*

জেলা কটক তারিখ জানুয়ারি সন ১৮৮১ সাল।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।
জেলা মালদহ কালেকটরি।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইস্তাহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা মালদহের অন্তর্গত নিম্ন লিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৮১ সালের ১২ জানুয়ারি দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮১ সালের ৯ মার্চ দিবসে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবে। সন ১৮৮ সাল তারিখ ২৯ জানুয়ারি।

তফসীল।

শ্রেণী	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম মালিক জমিদার	সদর জমা।	নাগাদ মেয়াদঅন্ত হাস্তপর্য্যন্ত বাকী।	কৈফিয়ত।
প্রথম	৫১৭	তোফরড় গিদি সৈয়দপুর পরগনা চক্রকনপুর।	যদুনাথ বড়াল ও ত্রৈলোক্যনাথ বড়াল নাবালগ পক্ষে মেন জর মেত্তর এইচ জিফ্রেক সাহেব ও ভাগবৎচন্দ্র সেন গুপ্ত।	২০৫৫৮।।৶	৩১৲।৩	এই মহালের অংশের ত্রৈলোক্যনাথ বড়াল নাবালগ পক্ষে মেত্তর এইচ জফ্রেক সাহেব মেনেজর নামে হিসাব পৃথক আছে এবং আপন অংশের দেয় খাজানা দাখিল করিয়াছে বিধায় তাহা উক্ত অংশ বাদে বকী যদুনাথ বড়াল ও ভাগবৎচন্দ্র সেন গুপ্তের ।০ আনা অংশ নিলাম আমলে আনিবেক।

MALDAH COLLECTOR'S OFFICE,
The 5th Feb 1881

GOUR DASS BISACK, *Dy Collector,*
for Collector

[*Government Gazette,* 15*th February* 1881]

জিলা চট্টগ্রাম।

ইস্তিহার নামা কাছারি কালেক্টরী জিলে চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইন বিধান মতে ১৮৭৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুক দি ১৮৮০ সালের ২৫ জুন তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৮১ ইং ৭ মার্চ মোতাবেক ১২৮৭ বাঙ্গালা ২৫ ফাল্গুন রোজ সোমবার জ রে কালেক্টরী কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮১ইং তারিখ ১৯ জানুয়ারি।

মফস্বল নওয়াবাদ।

তৌজি নম্বর	নাম তালুক থানা ও মৌজা।	নাম মালিক।	সদর জমা।	বার্ষিক রোডসেস ও পবলিক ওয়ার্কসেস।	বাকীর পরিমাণ। খাজানা।	রোড ও পবলিক ওয়ার্কসেস।	মোট।	মন্তব্য।
৯৭	থানে টেকনাফ মৌং উকাখাট তালুক খোয়াইচাই ও নেউজাফুর।	খোদ	১০১১৲	•	১০১১৲	•	১০১১৲	সম্পূর্ণ তালুকা নিলাম হইবে।
২১৪	থানে রাঙ্গু মৌং পুনিয়াপালং তালুক মোবারেক আলি।	বদিয়দ্দীন মেং	৬১৮৲	২২৴	৪১৮৲	২২৴	৪৴০৴	ঐ
২১৫	থানে রাঙ্গু মৌং চাকমাকুল তালুক আমানআ লীচৌং।	খোদ	৫৪৯	•	৫৪৯৲	•	৫৪৯৲	ঐ
২৮৬	থানে রাঙ্গু মৌং উমখালী তালুক জৈনদ্দীন মুনশী।	মহাৎআলী	১১২৭৲	১৬৮।৶৬	১১২৫৲	১১৮৸০	২০১২৸০	ঐ
২৮৮	থানে রাঙ্গু মৌং খুরুলিয়া তালুক শ্রীমতী সমসে বানু।	খোদ	৭১২৲	১০৸৶	৭১০৲	১০।৶	৭২০।৶	ঐ
২৯১	থানে হাট হজারি মেং নদাসিয়া তালুক মেস্তর কেবল সহেব।	খোদ	৬৪৪৲	•	৪৬৭।৶৬	•	৪৬০।৶৬	ঐ

J Kennedy, Covd Dy Collector in charge

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ৮৮০ সালের ২৫ সেপ্তম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চালত আইন এবং আক্তের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮১ সালের ২৮ ফেব্রুয়ারি তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা-ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ১৮৮১ ইং তারিখ ১৫ জানুয়ারি।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

তৌজির নম্বর।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বকীর পরিমাণ।	মন্তব্য।
১২৬৯	তং বলমন্ত সিংহ	কওয়ালী পং	১১৮৬।৶২	৶৬	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
১৫৪৬	তং কারকণ রোসন	বৈষ্ণব চরণ সেন	৬১৬।৶৭	১৮২৸৶৯	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।

A Manson, Offg. Collector.

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F Max Muller M A in two Volumes Price Rs 24 packing and postage, Rs 1 12

*** The Rig Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country — *Extract from Preface*

OFFICE OF SUPDT GOVT PRINTING, No 8 Hastings Street Calcutta

গবর্ণমেণ্টদ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪॥০ টাকা, প্রতি ৮ আউন্স টীন ৮॥০ টাকা, প্রতি ১ পাউণ্ড টীন ১৬॥০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫॥০ টাকা ৮ আউন্স টীন ১০॥০ টাকা, ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ॥০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৮০ বার আনা অধিক মাশুল দিতে হইবে।

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal by C D Field, M A, LL D, of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission

Price Rs 5 per copy

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant Bengal Secretariat

N B—Copies are also available

বাঙ্গালা সেক্রেটেরিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও ইনর টেম্পলের এদেশের সিবিল সার্ব্বিসে নিযুক্ত ও বৰ্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশনের মেম্বর ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বাঙ্গালার শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংগ্রহ।

এক২ খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গালা সেক্রেটেরিয়েটের আকৌণ্টাণ্টের নিকট এক২ খানি পুস্তকের মূল্য এবং তাহা রেজিষ্টরি করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এক্ষণেও পাওয়া যাইতে পারে।

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872

Payable in advance

For one year, without postage	Rs	10 0 0
Ditto, with postage	„	12 8 0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount

---

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	১২॥০

ডাকের টিকিট দ্বারা অগ্রিম মূল্য পাঠাইলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিতে হইবে।

[*Government Gazette, 15th February* 1881]

NOTICE

IN continuation of notice dated the 26th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from, and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash

In future no publication will be supplied, or advertisement, notice, &c, inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant Bengal Secretariat

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,

The 19th February 1878 — *Asst Secy to the Govt of Bengal*

NOTE — *Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE

	Rs
Full page, per issue	20
Half „	10

Casual advertisements — 2 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২৬ তারিখের বিজ্ঞাপনের অতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ম্মচারির কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি লইতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তাহাকে নগদ মূল্য দিতে হইবে এতদ্বিষয়ে এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের একৌন্টেণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি। — বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০
আধ পৃষ্ঠা „ „	১০
কখনং ইশ্তিহার প্রকাশ করিতে হইলে এক২ পংক্তি	।০

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডওইন্ মরিস্ সুইন্ সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 272—700—15 2 81

Numb. 2169 ২১৬৯ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 22, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ২২ ফেব্রুয়ারি।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE AND COMMERCE

NOTIFICATION

Fort William, the 12th February 1881

No 72*C*—In exercise of the powers conferred by Section 22 of the Sea Customs Act, 1878, the Governor-General in Council is pleased, in modification of Schedule A of the Indian Tarif Act, 1875, and Notification No 71C, dated the 6th March 1880, to declare that importations of cast steel shall henceforth be assessed for duty *ad valorem* instead of at a fixed valuation

R B CHAPMAN,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION

Fort William, the 8th February 1881

No 47—Captain C F Call, R E, Executive Engineer, Third Grade, Railway Branch, is transferred from the Establishment under the Director General of Railways, to the Office of the Consulting Engineer to the Government of India for Guaranteed Railways, Calcutta

A FRASER, *Major-Genl*, R E.,
Secy to the Govt of India

রাজস্ব ও বাণিজ্যকার্য্য সম্পর্কীয়কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৮১ সাল ১২ ফেব্রুয়ারি।

৭২ *C* নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ২২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ভারত-বর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের আইনের A চিহ্নিত তফসীল এবং ১৮৮০ সালের ৬ মার্চের ৭১C নং বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করিলেন যে, আমদানী করা ঢালা ইস্পাতের নির্দ্ধারিত মূল্যের উপর মাসুল ধার্য্য না হইয়া এই অবধি তন্মূল্যানুসারে মাসুল ধার্য্য হইবে।

আর, বি, চাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৮১ সাল ৮ ফেব্রুয়ারি।

৪৭ নম্বর।—রেলওয়েশাখার তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত সি, এফ, কল সাহেব, আর, ই, রেলওয়ে সমূহের ডৈরেক্টর জেনরল সাহেবের অধীন সিরিশ্তাহইতে কলিকাতার গারান্টীড রেলওয়ে সমূহের পক্ষে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কনসল্টিং ইঞ্জিনিয়রের আফিসে প্রেরিত হইলেন।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর-জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[*Government Gazette, 22nd February* 1881]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 22, 1881

মঙ্গলবার ১৮৮১ সাল ২২ ফেব্রুয়ারি।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 729A

GENERAL —*The 28th January* 1881 —The Commissioner of Dacca is vested with the powers of the Commissioner of the Chittagong Division in the Tipperah district in respect of—

I—The control and superintendence of the proceedings of the Deputy Collector and Superintendent of Dearah Survey and his party

II—The hearing and decision of appeals from the orders of the Deputy Collector and Superintendent, under the provisions of Act IX of 1847, and the Bengal Survey Act V of 1875

The 9th February 1881 —Mr G A Grierson, Officiating Joint-Magistrate and Deputy Collector on special duty, is posted to the sudder station of Patna

The 10th February 1881 —Baboo Otool Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Purneah, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code

Baboo Bhoobun Mohun Soor is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade in the Burdwan Division

Baboo Prosonno Coomar Bose is appointed temporarily to be a Sub Deputy Collector of the Second Grade in the Burdwan Division

Mr W H Page, Joint-Magistrate and Deputy Collector, Burdwan, is transferred to the 24-Pergunnahs

Baboo Beni Madhub Chatterjee is appointed temporarily to be a Sub Deputy Collector of the Second Grade in the Presidency Division Baboo Beni Madhub Chatterjee will continue to be employed in his present appointment as Sub-Manager of the estate of the late Rai Annoda Prosad Roy Bahadur, of Cassimbazar, until further orders

Baboo Bonomally Pramanick is appointed to act as a Sub-Deputy Collector in the district of the 24 Pergunnahs, during the absence, on leave, of Baboo Radha Kissore Sett, or until further orders

The 12th February 1881 —Baboo Bhoirub Nath Palit, Deputy Magistrate and Deputy Collector, Pubna, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it

Baboo Debi Prosad, Sub-Deputy Collector, Begooserai, Monghyr, is allowed leave for twelve days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st March next

Mr Ameer Ali, Presidency Magistrate, Calcutta, returned to India from furlough on the 24th ultimo

Mr J A Hopkins, Magistrate and Collector Purneah is allowed furlough for twenty-one months, under Section 21, Chapter IV of the Civil Leave Code, with effect from any date in April next on which he may avail himself of it

Mr R H Greaves, Joint-Magistrate and Deputy Collector, Mymensingh, is appointed to act, until further orders, as a Joint Magistrate and Deputy Collector of the First Grade, with effect from the forenoon of the 13th ultimo

Mr A W Mackie, Officiating Assistant Commissioner, Lohardugga, is appointed to act, until further orders, as a Joint Magistrate and Deputy Collector of the Second Grade, with effect from the forenoon of the 28th ultimo

Baboo Balaram Bose is appointed to be Teshildar of Banki, with effect from the 26th ultimo, *vice* Baboo Srinath Bose, deceased Baboo Balaram Bose officiated as Teshildar of Banki from the 6th August 1880 to the 25th January 1881, both days inclusive

The 14th February 1881 —The services of Baboo Mohanund Gupta, Deputy Magistrate and Deputy Collector, Tumlook, Midnapore, are placed temporarily at the disposal of the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, for employment on the special duty of taking up land for the Orissa Coast Canal

The services of Baboo Denonath Ghose Officiating Deputy Magistrate and Deputy Collector, Midnapore, are placed temporarily at the disposal of the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, for employment on the special duty of

[*Government Gazette* 22nd *February* 1881]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৭২৯ A নম্বর।

সাধারণ।—১৮৮১ সাল ২৮ জানুয়ারি।—ঢাকার কমিশ্যনর সাহেব।

প্রথম।—ডেপুটি কালেক্টরের এবং ত্রিহার জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেন্টের ও তাঁহার কার্য্যকারকদের কার্য্যপ্রণালীর ও কর্তৃত্ব ও তত্ত্বাবধারণ,

দ্বিতীয়।—উক্ত ডেপুটী-কালেক্টরের ও সুপরিন্টেণ্ডেন্টের, আজ্ঞার উপর ১৮৪৭ সালের ৯ আইনের এবং বঙ্গদেশের জরীপ বিষয়ক ১৮৭৫ সালের ৫ আইনের বিধানমতে আপীল শ্রবণ ও নিষ্পত্তি করণ, সম্পর্কে ত্রিপুরা জিলায় চট্টগ্রাম খণ্ডের কমিশনরের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ৯ ফেব্রুয়ারি।—বিশেষ কার্য্যে নিযুক্ত একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি এ, গ্রিয়রসন সাহেব, পাটনার সদর মোকাম অবস্থাপিত হইলেন।

১৮৮১ সাল ১০ ফেব্রুয়ারি।—পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু ভুবনমোহন সুর কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমান খণ্ডে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার বসু কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমান খণ্ডে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

বর্দ্ধমানের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেব ২৪ পরগনায় প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে প্রেসিডেন্সী খণ্ডে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি কাশীমবাজারের মৃত রাজা অন্নদাপ্রসাদ রায় বাহাদুরের ইষ্টেটের অধীন কার্য্যাধ্যক্ষ স্বরূপ স্বীয় বর্ত্তমান পদে নিযুক্ত থাকিবেন।

শ্রীযুত বাবু রাধাকিশোর সেটের ছুটী প্রাপ্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু বনমালী প্রামাণিক ২৪ পরগনা জিলায় সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।—পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভৈরবনাথ পালিত যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের নিয়মক্রমে দুই মাসের ছুটী পাইলেন।

মুঙ্গের অন্তর্গত বেগুসরাইর সব ডেপুটী কালেক্টর শ্রীযুত দেবীপ্রসাদ বাবু সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাচ মাসের ১ তারিখ অবধি বার দিনের ছুটী পাইলেন।

কলিকাতার প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট শ্রীযুত আমীর আলী নিয়মিত ছুটী হইতে গত মাসের ২৪ তারিখ ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন।

পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এ, কপ্প সন সাহেব, আগামি এপ্রিল মাসের যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে একুশ মাসের নিয়মিত ছুটী পাইলেন।

ময়মনসিংহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ, এ বস সাহেব, গত মাসের ১৩ তারিখের পূর্ব্বাহ্ন অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

লোহারডগার একটিং আসিষ্টাণ্ট কমিশনর শ্রীযুত এ, ডবলিউ, মলাই সাহেব, গত মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্ন অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বাবু শ্রীনাথ বসুর মৃত্যু হওয়াতে শ্রীযুত বাবু বলরাম বসু গত মাসের ২৬ তারিখ অবধি ঢাকার তহসীলদারের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত বাবু কেদারনাথ বসু ১৮৮০ সালের ৬ আগষ্ট অবধি ১৮৮০ সালের ২৫ জানুয়ারি পর্য্যন্ত ঢাকার তহসীলদারের কর্ম্ম করিয়াছেন।

১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—মেদিনীপুরের অন্তর্গত তমলুকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহানন্দ গুপ্ত, উড়িষ্যার সমুদ্র তীর খালের নিমিত্ত ভূমি গ্রহণার্থ বিশেষ কার্য্যে নিযুক্ত হইবার জন্যে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের আদেশে পদাধীন বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কিয়ৎকালের নিমিত্ত সংস্থাপিত হইলেন।

মেদিনীপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ ঘোষ উড়িষ্যার সমুদ্রতীর বর্ত্তী খালের নিমিত্ত ভূমি গ্রহণার্থ বিশেষ কার্য্যে নিযুক্ত হইবার জন্যে পবলিক ওর্কস ডিপার্ট-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২২ ফেব্রুয়ারি।]

taking up land for the Orissa Coast Canal Baboo Denonath Ghose is vested with the powers of a Collector under Act X of 1870 for the above purpose

Baboo Hurish Chunder Mookerjee is appointed to be temporarily a Sub-Deputy Collector of the First Grade in Balasore

The services of Baboo Hurish Chunder Mookerjee are placed at the disposal of the Government of Bengal Public Works Department, Irrigation Branch, for employment on the special duty of taking up land for the Orissa Coast Canal Baboo Hurish Chunder Mookerjee is vested with the powers of a Collector under Act X of 1870 for the above purpose

Baboo Umesh Chunder Batabyal, M A, Deputy Magistrate and Deputy Collector, Barripore, 24-Pergunnahs, is appointed to have charge of the Tumlook division of the Midnapore district

Baboo Gopal Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is appointed to have charge of the Barripore division of the 24-Pergunnahs district

Mr N Warde-Jones, Officiating Deputy Magistrate and Deputy Collector, Purneah, is allowed leave for two months, under Section 13, Rule 2, Supplement F of the Civil Leave Code, with effect from the 10th March 1881

Baboo Juggobundhoo Khan, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Magoorah division of the Jessore district, is vested with the powers of a Collector under Act X of 1870, for the purpose of acquiring land required for the site of the sub divisional building at Magoorah

The 15th February 1881 —Moulvi Dulliluddin Ahmed, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Collector under Acts VII (B C) and IX (B C) of 1880

Baboo Okhoy Coomar Bose, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is allowed leave for twenty-one days, under the rules in Chapter VII of the Civil Leave Code

The services of the undermentioned officers are placed at the disposal of the Board of Revenue for employment on the Dearah Survey —

Baboo Bhugwan Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, on leave

Baboo Dwarkanath Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Tipperah

Baboo Tara Prosad Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Bongong, Nuddea, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st March next, or such subsequent date as he may avail himself of it

Baboo Amar Nath Bhattacharjee, Deputy Magistrate and Deputy Collector, Officiating as Personal Assistant to the Commissioner of the Presidency Division, is appointed to have charge of the Bongong division of the Nuddea district, during the absence, on leave, of Baboo Tara Prosad Chatterjee, or until further orders

Baboo Juggobundhoo Bhuttacharjea, Officiating Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is appointed to act as Personal Assistant to the Commissioner of the Presidency Division, during the absence, on deputation, of Baboo Hurri Choitanya Ghose, or until further orders

Baboo Kasi Kinker Sen, Deputy Magistrate and Deputy Collector, Maldah, on leave is transferred to the district of Balasore

Mr J Posford, Officiating Joint-Magistrate and Deputy Collector, Pubna, is transferred to Chumparun

Mr H G Sharp, Joint-Magistrate and Deputy Collector, Rajshahye, is vested with the powers of a Collector under Act VII (B C) of 1880

The services of Mr C W Bolton Under-Secretary to the Government of Bengal in the General and Revenue Departments, are placed temporarily at the disposal of the Government of India in the Home, Revenue and Agricultural Department, with effect from the forenoon of the 28th instant

[*Government Gazette, 22nd February* 1881]

মেন্টের জলসেচন শাখার বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে কিয়ৎকালের নিমিত্তে সংস্থাপিত হইলেন। তিনি উপরোক্ত কার্য্যের নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়, বালেশ্বরে কিয়ৎকালের নিমিত্তে ২য় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়, উড়িষ্যার সমুদ্রতীরবর্ত্তী খালের নিমিত্ত ভূমি গ্রহণার্থ বিশেষ কার্য্যে নিযুক্ত হইবার জন্যে পবলিক ওরকস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন। তিনি উপরোক্ত কার্য্যের নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

২৪ পরগনার অন্তর্গত বারুইপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমেশচন্দ্র বটব্যাল, এম, এ, মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুক মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়, ২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

পুরুলিয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এন, ওয়াডি জোন্স সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩ ধারার ২ প্রকরণমতে ১৮৮১ সালের ১০ মার্চ অবধি দুই মাসের ছুটী পাইলেন।

যশোহর জিলার অন্তর্গত মাগুড়া মহকুমার কার্য্যের অস্থায়ী ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগদ্বন্ধু খাঁ মাগুড়ায় মহকুমার কাছারী ঘর প্রস্তুত করণার্থে প্রয়োজনীয় ভূমি গ্রহণ করিবার জন্যে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন আহম্মদ ১৮৮০ সালের বঙ্গদেশীয় ৭ আইন ও ৯ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অক্ষয়কুমার বসু সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে একুশ দিনের ছুটী পাইলেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা দিহারা জরীপী কার্য্যে নিযুক্ত হওনার্থে বোর্ড অব রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

ছুটী প্রাপ্ত চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভবানীচন্দ্র সেন।
ত্রিপুরার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায়।

নদীয়ার অন্তর্গত বনগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায়, আগামি মার্চ মাসের ১লা তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকাল অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজধানী খণ্ডের কমিশনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্মকারি ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অমরনাথ ভট্টাচার্য্য নদীয়া জিলার অন্তর্গত বনগাঁ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু হরিচৈতন্য ঘোষের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগদ্বন্ধু ভট্টাচার্য্য রাজধানী খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

ছুটী প্রাপ্ত মালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীকিঙ্কর সেন বালেশ্বর জিলায় প্রেরিত হইলেন।

পাবনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, পোপ্লফোর্ড সাহেব, চাম্পারণে প্রেরিত হইলেন।

রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জি, শার্প সাহেব, ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

রাজস্ব ও কৃষি কার্য্যবিভাগের বঙ্গদেশের গবর্ণমেণ্টের হেড সেক্রেটরী শ্রীযুত সি, ডবলিউ বোলটন সাহেব এই মাসের ২৮ তারিখের পূর্ব্বাহ্ন অবধি কিয়ৎকালের জন্যে হোম রাজস্ব ও কৃষি কার্য্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৩ ফেব্রুয়ারি।]

LEGISLATIVE.—*The 15th February* 1881.—With the sanction of His Excellency the Viceroy and Governor-General, the Lieutenant-Governor re-appoints the Hon'ble H. L. Dampier, Member of the Board of Revenue, under the provisions of the 29th, 30th, and 45th Sections of the Indian Councils Act of 1861, to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

With the sanction of His Excellency the Viceroy and Governor General, the Lieutenant-Governor appoints Mr. Ameer Ali, *Barrister-at-Law*, Presidency Magistrate, under the provisions of the 29th, 30th and 45th Sections of the Indian Councils Act of 1861, to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

POLICE.—*The 12th February* 1881.—Mr. A. B. Barnard is appointed to be a temporary Assistant Superintendent of Police, and is posted to Beerbhoom.

The 14th February 1881.—Mr. E. Muspratt, Officiating Assistant Superintendent of Police, Burdwan, is transferred to the Sonthal Pergunnahs, with effect from the date on which he joined his appointment in that district.

Mr. E. St. George Kaye, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is transferred to the Sonthal Pergunnahs, with effect from the date on which he joined his appointment in that district.

Mr. E. Muspratt, Officiating Assistant Superintendent of Police, Sonthal Pergunnahs is posted to the 24-Pergunnahs, with effect from the date on which he joins his appointment in that district, on being relieved of his duties in the Sonthal Pergunnahs.

Mr. C. S. Murray, Officiating Assistant Superintendent of Police, Bhagulpore, is transferred to the Sonthal Pergunnahs, with effect from the date on which he joined his appointment in that district.

Mr. L. St. John Brodrick, Officiating Assistant Superintendent of Police, Moorshedabad, is transferred to the Sonthal Pergunnahs, with effect from the date on which he joined his appointment in that district.

REGISTRATION.—*The 14th February* 1881.—Baboo Pratapa Chandra Ghosha, B. A., District Registrar of Assurances and Registrar of Joint-Stock Companies, Calcutta, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 21st instant, or any subsequent date on which he may avail himself of it.

Baboo Nilmoney Dey is appointed to act as District Registrar of Assurances and Registrar of Joint Stock Companies, Calcutta, during the absence, on leave, of Baboo Pratapa Chandra Ghosha, or until further orders.

EDUCATION.—*The 15th February* 1881.—Mr. A. E. Gough, Professor, Presidency College, and Principal Calcutta Madrissa is allowed furlough for two years, under Section 21 of the Civil Leave Code with effect from the 10th March 1881, or from any subsequent date on which he may avail himself of it.

MEDICAL.—*The 31st January* 1881.—Assistant Surgeon Nemye Churn Chatterjea doing supernumerary duty at the Presidency, is appointed to the charge of the Tikaree Dispensary in the Gya district.

The 12th February 1881.—Dr. A. J. Payne, Surgeon-General, Bengal, having resumed charge of his duties on the forenoon of the 1st instant, the unexpired portion of the leave granted to him, under the orders of the 16th December 1880, is cancelled.

The 11th February 1881.—Surgeon-Major H. B. Purves is appointed to act temporarily as Civil Surgeon of Burdwan.

Assistant Surgeon Kamikhya Nath Acharjee, a supernumerary at the Presidency, is appointed to have medical charge of the civil station of Balasore, during the absence, on leave, of Dr. J. M. Zorab or until further orders.

The 15th February 1881.—Mr. D. Norton, Assistant Magistrate and Collector, Kurseong, Darjeeling, is appointed to be Vice-Chairman of the Committee for the Management of the Charitable Dispensary at Phansedewah in the district of Darjeeling.

[*Government Gazette, 22nd February* 1881.]

ব্যবস্থাপক সম্পর্কীয়।—১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব, মহিমবর শ্রীযুক্ত রাজপ্রতিনিধি ও গবর্নর জেনরল সাহেবের অনুমোদনক্রমে ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক ১৮৬১ সালের আইনের ২৯ ও ৩০ ও ৪৫ ধারার বিধানমতে রেবিনিউ বোর্ডের মেম্বর মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেবকে ফোর্ট উইলিয়ম রাজধানীর বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থাপ্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের মন্ত্রি সভার সভাপদে পুনর্ব্বার নিযুক্ত করিলেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্নর জেনরল সাহেবের অনুমোদনক্রমে ভারতবর্ষীয় মন্ত্রিসভা বিষয়ক ১৮৬১ সালের আইনের ২৯ ও ৩০ ও ৪৫ ধারার বিধানমতে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট, বারিষ্টার-আট ল শ্রীযুত আমির আলিকে ফোর্ট উইলিয়ম রাজধানীর বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের মন্ত্রিসভার সভা পদে, নিযুক্ত করিলেন।

পোলীস বিষয়ক।—১৮৮১ সাল ১২ ফেব্রুয়ারি।—শ্রীযুত এ, বি, বার্নার্ড সাহেব কিয়ৎকালের নিমিত্তে পোলীসের আসিস্টান্ট সুপারিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইয়া বিভূম অবস্থাপিত হইলেন।

১৮৮১ সাল ১৪ ফেব্রুয়ারি।—বর্দ্ধমানের পোলীসের এক্টিং আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, মস্‌গ্রাট সাহেব সাঁওতাল পরগনা জিলায় যে তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি সাঁওতাল পরগনায় প্রেরিত হইলেন।

২৪ পরগনার পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, সেণ্ট জর্জ্জ কে সাহেব, সাঁওতাল পরগনা জিলায় যে তারিখ স্বীয় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি সাঁওতাল পরগনায় প্রেরিত হইলেন।

সাঁওতাল পরগনার পোলীসের এক্টিং আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, মস্‌গ্রাট সাহেব সাঁওতাল পরগনায় স্বীয় কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া যে তারিখে ২৪ পরগনা জিলায় স্বীয় কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি ২৪ পরগনায় অবস্থাপিত হইলেন।

ভাগলপুরের পোলীসের এক্টিং আসিস্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, এস, মরে সাহেব সাঁওতাল পরগনা জিলায় যে তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি সাঁওতাল পরগনায় প্রেরিত হইলেন।

মুরশিদাবাদের পোলীসের এক্টিং আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এল, সেণ্ট জান ব্রুক্স সাহেব সাঁওতাল পরগনা জিলায় যে তারিখে স্বীয় কর্ম্মগ্রহণ করেন সেই তারিখ অবধি সাঁওতাল পরগনায় প্রেরিত হইলেন।

রেজিস্টরী করণ বিষয়ক।—১৮৮১ সাল ১৪ ফেব্রুয়ারি। কলিকাতার নিদর্শনপত্রাদির ডিষ্ট্রিক্ট-রেজিষ্ট্রার ও জাইন্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র ঘোষ, বি, এ, এই মাসের ২১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু নীলমণি দে, কলিকাতার নিদর্শনপত্রাদির ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের ও জাইন্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শিক্ষা বিষয়ক।—১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—প্রেসীডেন্সী কালেজের অধ্যাপক ও কলিকাতার মাদ্রাসার প্রিন্সিপল শ্রীযুত এ, ই, গফ সাহেব, ১৮৮১ সালের মার্চ মাসের ১০ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারায় উক্ত দুই বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮১ সাল ৩১ জানুয়ারি।—রাজধানীতে অতিরিক্ত কর্ম্মকারি আসিস্টান্ট সর্জন শ্রীযুত নিমাইচরণ চট্টোপাধ্যায়, গয়া জিলার অন্তর্গত তিকারী ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থ নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১ ফেব্রুয়ারি।—বঙ্গদেশের সর্জন জেনরল ডাক্তর শ্রীযুত এ জে, পেন সাহেব, এই মাসের ১ তারিখের পূর্ব্বাহ্নে আপন কার্য্যের ভার পুনঃগ্রহণ করাতে ১৮৮০ সালের ১৬ ডিসেম্বরের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৮১ সাল ১৪ ফেব্রুয়ারি।—সর্জন মেজর শ্রীযুত এচ, বি, পর্কিন্স সাহেব, কিয়ৎকালের নিমিত্ত বর্দ্ধমানের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ডাক্তর শ্রীযুত জে, এম, জোবর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজধানীতে অতিরিক্ত আসিস্টান্ট সর্জন শ্রীযুত বামাখ্যানাথ আচার্য্য রাণীগঞ্জের সিবিল ষ্টেশনের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—দার্জ্জিলিঙ্গের অন্তর্গত কর্সিয়াঙ্গের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, মর্টন সাহেব, দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কার্সিয়াঙ্গের দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২২ ফেব্রুয়ারি।]

Baboo Chunder Bhoosun Chuckerbutty, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a Member of the Committee for the Management of the Charitable Dispensary at Phanseedewah, in the district of Darjeeling

MUNICIPAL.—*The 10th February* 1881.—The Lieutenant Governor approves the election, by the Commissioners of the Kurseong Municipality, of Mr D Norton, Assistant Magistrate and Collector, to be their Vice-Chairman

The following gentlemen are appointed to be Commissioners of the Patna Municipality,

(1) Moulvi Fazlur Rahman	(3) Baboo Balkissen
(2) Syud Tajamul Hossein	(4) „ Kishen Chunder Ghosh.

ROAD CESS.—*The 10th February* 1881.—Moulvi Dulliluddin Ahmed, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a Member of the 24-Pergunnahs District Road Cess Committee, *vice* Baboo Rakhal Dass Mookerjee, transferred

The 15th February 1881.—Mr D Norton, Assistant Magistrate and Collector, Kurseong, Darjeeling, is appointed to be Vice Chairman of the Branch Road Cess Committee of Phanseedewah in the district of Darjeeling

Baboo Chunder Bhoosun Chuckerbutty, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a Member of the Branch Road Cess Committee of Phanseedewah in the district of Darjeeling

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTICE

The 15th February 1881.—Notice is hereby given, under paragraph 2, Section 81, Act V (B C) of 1876 that the Lieutenant-Governor intends to vest in the Commissioners of the Boidyabatty Municipality, in the district of Hooghly, the Charitable Dispensary situated within the Municipality, the said dispensary not being private property, nor being the property of any religious institution or society

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 15th February 1881.—It is hereby notified that, under Clause 2, Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor declares the Sahebghata ferry, on the public road from Sudharam to Tuktakhally in the district of Noakhally, to be a public ferry

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt. of Bengal.

NOTIFICATION

The 7th February 1881.—In the exercise of the powers conferred on him by Section 13, Act V (B C.) of 1876, the Lieutenant-Governor is pleased to declare that such parts of the villages of Kethkia and Doolmi as have not hitherto been included within the limits of the second class municipality of Purulia, shall, from the 1st of April 1881, be united with the said Municipality. These villages lie at a distance of one mile from the Purulia Jail, and three-fourths of the adult male population are employed in pursuits other than agricultural By the inclusion of the above portion of these two villages, the present southern boundary of the Purulia Municipality, as published in the Government notification of the 4th July 1878 (*vide* page 737, Part I of the *Calcutta Gazette* of the 10th idem), will be changed, and the new southern boundary will be as follows:—

B[illegible] portions of Kethkia [illegible] Doolmi [illegible] to be included [illegible] the Municipality

North—[illegible]

South—[illegible] Kethkia [illegible] within the limits [illegible] municipality [illegible]

East—Jharibund [illegible] Kethkia not included [illegible] municipality

A line drawn from the old boundary station at the south-eastern corner of Doolmi *bandh* running south-east to a point about 1,100 feet due south of the three *bandhs* lying

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রভূষণ চক্রবর্ত্তী দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কাঁসিদেওয়ার দাত ব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মুনিসিপাল বিষয়ক।—১৮৮১ সাল ১০ ফেব্রুয়ারি।—কমলক সমিলনী সভার কমিশনারেরা আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, এটন সাহেবকে অপর দে প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব, তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা পাটনা মুনিসিপালিটীর কমিশনারের পদে নিযুক্ত হইলেন।

(১) শ্রীযুত মৌলবী ফজলর রহমন।	(৩) শ্রীযুত বলরুষ্ণ বাবু।
(২) ,, সৈয়দ তাজম্মল হুসেন।	(৪) ,, বাবু নগেন্দ্রচন্দ্র ঘোষ।

পথকর বিষয়ক।—১৮৮১ সাল ১০ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায় স্থানান্তরে প্রেরিত হওয়াতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দর্শালুদ্দীন আহাম্মদ ২৪ পরগনা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—দার্জ্জিলিঙ্গের অন্তর্গত কর্সিয়ঙ্গের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, নটন সাহেব, দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কাঁসিদেওয়ার শাখাপথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রভূষণ চক্রবর্ত্তী দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কাঁসিদেওয়ার শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হুগলী জিলার অন্তর্গত বৈদ্যবাটী মুনিসিপালিটীর মধ্যে যে সকল শ্মশান আছে তাহা বিশেষ বিশেষ বর্ণ কিম্বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৭ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি তাহা অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

কে সমান মেকালে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব নওয়াখালী জিলার অন্তর্গত সুধারাম হইতে ওকালনা পর্য্যন্ত রাজপথে যে মাঠ বা ঘাট আছে তাহা ১৮৭৯ সালের ৬ আইনের ৩ ধারার ২ প্রকরণমতে সরকারি ঘাট বলিয়া প্রকাশ করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৭ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৩ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, পুরুলিয়া দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীর সীমার মধ্যে কেথকিলা ও দুলমি গ্রামের যে অংশ অদ্যাপি ধরা যায় নাই সেইরূপ অংশ ১৮৮১ সালের আগামী এপ্রেল মাসের ১ তারিখ অবধি উক্ত পুরুলিয়া মুনিসিপালিটীর সঙ্গে সংযোগ করিবার আদেশ করিলেন। ঐ গ্রাম পুরুলিয়া হইতে একমাইল দূরে আছে ও তন্নিবাসী চরিত্রভারের তিন শত। বয়ঃপ্রাপ্ত পুরুষেরা কৃষি ব্যতীত অন্য কর্ম্ম করিয়া থাকে। উক্ত দুই গ্রামের উপরোক্ত অংশ এতন্মধ্যে গৃহীত হওয়াতে ১৮৭৮ সালের ৫ জুলাই তারিখে মন্তব্যপ্রকাশনে প্রকাশিত (উক্তমাসের ১৬ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৬১১ পৃষ্ঠ, দেখ) পুরুলিয়া মুনিসিপালিটীর বর্ত্তমান দক্ষিণ সীমা পরিবর্ত্তিত হইয়া নিম্নলিখিত নূতন দক্ষিণ সীমা হইবে।

	আমুয়া	৯১	কাণ্ডসিংহ।
৫০	মহদিয়া	৯৮	ঐ
	রঘুনাথপুর	৯৭	ঐ
	নীলকণ্ঠপুর	৯৬	ঐ
	শিরামবাটী আরাজি	৬৮	ঐ
	বক্সাবিগর	১২৭	ঐ
৫৫			

মন্তব্য।—রাজস্বের জরীপী কার্য্যবিভাগের কার্য্যকারকেরা চিহ্ন দিয়া ও জরীপ করিয়া থাকবস্তের ও রিকার্ডের যেং গ্রামের যেং নাম লিখিয়াছেন উপরোক্ত নির্ঘণ্টপত্রে সেইং গ্রামের সেইং নাম লেখা গেল।

এ, মাকে ঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[সুবর্ণদেশী গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

DECLARATION

The 21st March 1881 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the offices of the Collector and Magistrate of Cuttack in the town of Cuttack, it is hereby declared that for the above purpose two plots of land, measuring in the aggregate, more or less, 3 acres 1 rood and 2 poles of standard measurement as shown below, are required within the aforesaid town of Cuttack —

Plot No 1, measuring 3 acres 1 rood, bounded on the north by the compound wall of the Ravenshaw College, on the south by the river Katjuri, on the east by the wall of the Collectorate compound, and on the west by Government land

Plot No 2, measuring 2 poles, bounded on the north by Government land, on the south by the Land Acquisition Office, and on the east and west by Government land

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

DECLARATION

The 21st March 1881 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the office of the Commissioner of the Orissa Division, in the town of Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 12 acres 1 rood and 37 poles of standard measurement, bounded on the north by the City Protective Embankment, on the south by the public road, on the east by Sahanmazpore Mullah Sahi Basti, and on the west by the Government Telegraph Office, is required within the aforesaid town of Cuttack

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

DECLARATION

The 15th March 1881 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Krishnaghur Municipality, for a public purpose, viz for a road in the Town of Krishnaghur, pergunnah Ukhra, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land, measuring, more or less, 3 cottahs 12 chittacks is required within the said Town of Krishnaghur The land is bounded on the north by chur land, on the east by the Kadamtola Ghât road, on the south by Deno Baboo's jamai land, and on the west by the Nikaripara Ghât road

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

[Third Publication]

NOTIFICATION

The 12th February 1881 —In the exercise of the powers conferred on him by Section 38, Act IV (B C) of 1871, as amended by Act II (B C) of 1879, the Lieutenant-Governor approves and confirms the following Bye-laws, which have been framed by the Deputy Commissioner of the Southal Pergunnahs, with the assent of the Health Officer of the town of Deoghur, for the management of all matters necessary for the due enforcement of the Act within the said town of Deoghur.

[*Government Gazette*, 29*th March* 1881.]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক নগরে কটকের কালেক্টর ও মাজিস্ট্রেটের আফিসের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কটক নগরে নিম্নপ্রদর্শিতমতে কল্পিমত ন্যূনাধিক মোট ৩ একর ১ রুড ২ পোল পরিমিত দুই খণ্ড ভূমির প্রয়োজন।

১নং খণ্ড, ৩একর ১রুড পরিমিত, ইহার উত্তর সীমা রেবেনশা কালেজের হাতার প্রাচীর, দক্ষিণ সীমা কাটজুড়িনদী, পূর্ব্বসীমা কালেক্টরীর হাতার প্রাচীর, ও পশ্চিম সীমা গবর্ণমেন্টের ভূমি।

২নং খণ্ড, ২ পোল পরিমিত, ইহার উত্তর সীমা গবর্ণমেন্টের ভূমি, দক্ষিণ সীমা ভূমি গ্রহণের আফিস, এবং পূর্ব্ব ও পশ্চিম সীমা গবর্ণমেন্টের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক নগরে উড়িষ্যা খণ্ডের কমিশ্যনরের আফিসের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কটক নগরে কল্পিমতে ন্যূনাধিক ১২ একর, ১ রুড, ৩৭ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নগর রক্ষার্থ বাঁধ দক্ষিণ সীমা সরকারী পথ পূর্ব্ব সীমা সহ-নিরাজপুর মল্লা সাহি প্রভৃতি, ও পশ্চিম সীমা গবর্ণমেন্টের টেলিগ্রাফ আফিস।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত উখরা পরগনার কৃষ্ণনগর নগরে পথ করিবার জন্যে কৃষ্ণনগরের মুনিসিপালিটির অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কৃষ্ণনগর নগরে ন্যূনাধিক ৵৩৵ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা চরভূমি, পূর্ব্বসীমা কদম্বতলা ঘাটের পথ, দক্ষিণ সীমা নিতু বাবুর জমাই জমি, ও পশ্চিম সীমা নিকারিপাড়া ঘাটের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১২ ফেব্রুয়ারি।—১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইন দ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইন দেবগড় নগরে উপযুক্তমতে প্রবল করণার্থে যে২ কার্য্য নির্ব্বাহ করা আবশ্যক সাঁওতাল পরগনার ডেপুটী কমিশ্যনর সাহেব তদ্বিষয়ে উক্ত দেবগড় নগরের স্বাস্থ্যরক্ষকের সম্মতি লইয়া নিম্নলিখিত যে উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৩৮ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই উপবিধি অনুমোদন ও দৃঢ় করিলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

Bye-laws framed under Act IV (B C) of 1871, read with Act II (B C) of 1879, for the town of Deoghur

PART I

1 FOR the purposes of Act IV (B C) of 1871, as amended by Act II (B C) of 1879, the town of Deoghur shall be considered all the land within the municipal limits of that town

2 A Committee consisting of two official and three non-official members shall be appointed to assist the Magistrate and Health Officer in carrying out the provisions of the Act

3 On the 1st March in each year the Magistrate shall nominate the members to serve on the Committee during the ensuing official (April to March) year, and shall report the nomination for the sanction of the local Government

4 In the event of the death, removal, or resignation of any member of the Committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment, or any other official, and in case of a non-official member, his successor shall be appointed by the remainder of the Committee, subject to the approval of Government

PART II

Rules for the conduct of Business

5 A meeting of the Committee shall be held for the transaction of business and inspection of accounts at the office of the Magistrate, at least once in a quarter, provided that it shall be lawful for the Magistrate to call a meeting at any other time, recording his reasons for doing so, and also that the presence of three members shall be necessary to form a quorum

6 Notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting

7 The subject or subjects brought before the Committee shall be decided by a majority of votes In the event of division of opinion, the Magistrate, or, in his absence, the Health Officer, shall have a casting vote

8 The Health Officer shall be *ex-officio* Secretary to the Committee, and the Magistrate *ex-officio* President The proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose

PART III.

On the receipt and disbursement of money under the Act

9 On the 15th October of each year a budget of probable receipts and of proposed expenditure during the ensuing official year shall be submitted for the sanction of Government

10 It shall be competent for the Committee, with the sanction of the Commissioner, to transfer sums from one item of the budget to another, but the total expenditure allowed by Government in the budget shall never be exceeded

11 In framing every annual estimate, an amount not exceeding 25 per cent of the total income shall be reserved for extraordinary contingencies, such as sudden outbreaks of cholera and sickness, and the necessity for employment of extra and special establishments

12 At the close of every year the Magistrate shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditure during the year, and the balance in hand at its close The report shall be forwarded through the Commissioner to Government

PART IV

Regarding Conservancy

13 The Hindu members of the Committee shall constitute a standing Sub Committee for the purpose of inspecting the interior of temples and bringing to notice any infringement of the laws and bye-laws that may be committed within them, and proposing any measures for sanitation and proper conservancy within the temples provided that the Magistrate shall carry out all works of sanitation or conservancy inside the temples through the Superintendent or Sardar Ojha

[*Government Gazette, 29th March* 1881]

১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনের সঙ্গে পঠিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমতে প্রণীত দেবগড় নগরের উপবিধি।

প্রথম খণ্ড।

১। ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইন দ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের কার্য্যপক্ষে দেবগড় নগর বলিলে উক্ত নগরের মুনিসিপাল সীমার অন্তর্গত সমুদয় ভূমি বুঝাইবে।

২। উক্ত আইনের বিধান সফল করণার্থে মাজিষ্ট্রেটের ও স্বাস্থ্যরক্ষকের সাহায্য করিবার জন্যে রাজকীয় পদধারী দুই ব্যক্তিকে ও রাজকীয় পদধারী নহেন এমত তিন ব্যক্তিকে মেম্বর করিয়া এক কমিটী হইবে।

৩। মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসর মার্চ মাসের ১ তারিখে রাজকার্য্য সম্পর্কীয় আগামি (আপ্রিল অবধি মার্চ পর্যন্ত) বৎসরে উক্ত কমিটীতে কার্য্য করিবার নিমিত্ত মেম্বরদিগকে মনোনীত করিয়া স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনার্থে সেই মনোনীত করণের রিপোর্ট করিবেন।

৪। উক্ত কমিটীর কোন মেম্বর পদধারণের বৎসরের মধ্যে মরিলে, বা অপসৃত হইলে বা কর্ম্মত্যাগ করিলে তৎপদে রাজকীয় পদধারী যে ব্যক্তি নিযুক্ত হন তিনি কিম্বা রাজকীয় পদধারী অন্য ব্যক্তি ঐ মেম্বরের পদে নিযুক্ত হইলেন, এবং রাজকীয় পদধারী না হইলে তৎপদে স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনের অপেক্ষায় কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা যাহাকে নিযুক্ত করেন তিনি সেই মেম্বরের পদে নিযুক্ত হইবেন।

দ্বিতীয় খণ্ড।

কার্য্য চালাইবার বিধি।

৫। কার্য্য চালাইবার ও মাজিষ্ট্রেটের আফিসে হিসাব পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্তে তিন মাসের মধ্যে অন্ততঃ এক বার সভার অধিবেশন হইবে। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব অন্য কোন সময়ে সভাহ্বান করা উচিত জ্ঞান করিলে সেই সভাহ্বান করণের হেতু লিখিয়া সভাহ্বান করিবেন। তিন জন মেম্বর উপস্থিত হইলেই সভার কার্য্য চলিতে পারিবে।

৬। সভাধিবেশনের যে দিন নিরূপিত হইল অন্যূন তাহার পুরা চারি দিন পূর্ব্বে প্রত্যেক জন মেম্বরকে সভাধিবেশনের নোটিস দিতে হইবে।

৭। সভার সম্মুখে যে যে বিষয় উপস্থিত করা যায় তাহা সভাস্থ অধিকাংশ ব্যক্তির ঐক্যমতে নিষ্পত্তি করা যাইবে। সমসংখ্যক ব্যক্তির ভিন্নমত হইলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

৮। স্বাস্থ্য রক্ষক স্বীয় পদোপলক্ষে উক্ত কমিটীর সেক্রেটরী ও মাজিষ্ট্রেট সাহেব স্বীয় পদোপলক্ষে সভাপতি হইবেন। প্রত্যেক সভার কার্য্য বিবরণ লিখিবার নিমিত্ত যে বহী রাখা যায় সেক্রেটরী ঐ বহীতে তাহা লিখিবেন।

তৃতীয় খণ্ড।

আইনমত টাকার আয় ব্যয়ের কথা।

৯। আগামি রাজকার্য্য সম্পর্কীয় বৎসরে সম্ভাবিত আয়ের ও প্রস্তাবিত ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিয়া গবর্ণমেণ্টের অনুমোদনের নিমিত্ত প্রতি বৎসর অক্টোবর মাসের ৫ তারিখে পাঠাইতে হইবে।

১০। কমিটী কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া অনুমানপত্রে লিখিত এক দফার টাকা অন্য দফায় লিখিতে পারিবেন। কিন্তু গবর্ণমেণ্ট অনুমানপত্রে মোট যত টাকা ব্যয় করিবার অনুমতি দেন তাহার অধিক কখন ব্যয় করিতে পারিবেন না।

১১। আয় ব্যয়ের প্রত্যেক বার্ষিক অনুমানপত্র প্রস্তুত করণ কালে, মোট আয়ের শতকরা ২৫ টাকার অনধিক টাকা অতিরিক্ত নৈমিত্তিক খরচের জন্যে (যথা অকস্মাৎ ওলাউঠা রোগ ও পীড়া উপস্থিত হইলে এবং অতিরিক্ত ও বিশেষ লোকজন নিযুক্ত করিবার প্রয়োজন হইলে তজ্জন্যে) রাখিতে হইবে।

১২। বৎসরের মধ্যে আইনমত কার্য্য কিরূপ চলিয়াছে মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসরের শেষে তাহার একখানি রিপোর্ট পাঠাইবেন, ঐ রিপোর্টে, বৎসরের মধ্যে নগরের উন্নতি ও সৌষ্ঠব বা তাহা কিরূপ হইয়াছে দেখাইতে হইবে, ও বৎসরের আয় ব্যয়ের বিস্তারিত হিসাব ও বৎসরের শেষে হাতে উদ্বৃর্ত্ত যত টাকা আছে, ইহাও দিতে হইবে। ঐ রিপোর্ট কমিশ্যনর সাহেব দ্বারা গবর্ণমেণ্টে পাঠাইতে হইবে।

চতুর্থ খণ্ড।

নগর সৌষ্ঠবের কথা।

১৩। কমিটীর অন্তর্গত হিন্দু মেম্বরেরা মন্দীরের মধ্যভাগ দেখিবার নিমিত্ত ও তন্মধ্যে কোন বিধি বা উপবিধি লঙ্ঘন হইলে তাহা জানাইবার নিমিত্ত ও মন্দীরের মধ্যে স্বাস্থ্যরক্ষার ও উপযুক্ত সৌষ্ঠব করিবার প্রস্তাব করিবার নিমিত্ত দুই সব-কমিটী হইবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব সর্দার ওবার তত্ত্বাধীনে মন্দীরের মধ্যের স্বাস্থ্য রক্ষার ও সৌষ্ঠবের সকল কার্য্য চালাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

PART V

Miscellaneous

14 Every lodging-house keeper taking out a license under these Acts shall provide himself with a copy of each of the Acts and with a copy of the notice prescribed in section 14, Act IV (B C) of 1871, which notice shall be in the Form A annexed to these bye-laws

15 The registers referred to in section 15 of Act IV (B C) of 1871 shall be in the Form B annexed to these bye-laws

16 There shall be hung up in each compartment of a lodging-house a board on which shall be legibly written in Bengali and Hindi the dimensions of each compartment, and the number of pilgrims it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer

17 Every lodging-house keeper shall be bound, on requisition by the Health Officer, to provide himself with tickets or tokens bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens

18. For the purposes of this Act, the year shall be considered to commence from 1st April, and all licenses shall run from that date

19. Every panda or other person who brings pilgrims to Baidanath shall be bound to furnish the Magistrate or Health Officer with any information he may require as to the disposal of such pilgrims in the town of Deoghur any refusal to furnish such information shall be punished with a fine not exceeding Rs 20, and any false information as to such disposal of pilgrims shall render the person giving it liable to prosecution under section 177 of the Indian Penal Code

FORM A

Lodging-house

License under Act II of 1879

1	2	3
Names of owners	Number of license	Number of lodgers licensed to accommodation

FORM B

Registers showing the result of inspection of the Inspecting Officer

1	2	3	4	5	6	7
Year month and date of inspection	Name of owner or managers of lodging	Number of license	Number of lodgers licensed to accommodate	Number of lodgers found present	Number said to have been accommodated this day	REMARKS

COLMAN MACAULAY,
Offg Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, *29th March* 1881.]

পঞ্চম খণ্ড।

বিবিধ বিষয়।

১৪। বাসাঘরের যে প্রত্যেক কর্ত্তা এই ২ আইনমতে লাইসেন্স লন তিনি উক্ত প্রত্যেক আইনের এক ২ খানি ও ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ১৭ ধারার নির্দ্দিষ্ট নোটিস এক খানি লইবেন। ঐ নোটিস খানি এই উপবিধি সংযুক্ত A চিহ্নিত পাঠে হইবে।

১৫। ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ১৫ ধারায় যে রেজিষ্টরের কথা লেখা আছে তাহা এই উপবিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে হইবে।

১৬। বাসাঘরের প্রত্যেক কুঠরীর আয়তন, ও একং কুঠরীতে উপযুক্তমতে যত জন যাত্রী থাকিতে পারে এইং কথা বাঙ্গালা ও হিন্দী অক্ষরে স্পষ্ট করিয়া লিখিত একখান তক্তা উক্ত প্রত্যেক কুঠরীতে টাঙ্গান থাকিবে, ও ঐ তক্তায় স্বাস্থ্যরক্ষকের স্বাক্ষরও থাকিবে।

১৭। বাসাঘরের প্রত্যেক কর্ত্তা স্বাস্থ্যরক্ষকের আদেশমতে ক্রমিক সংখ্যার কতক গুলিন টিকিট বা চাকি রাখিবেন, ও আপন ঘরের ভাড়াটিয়া প্রত্যেক ব্যক্তিকে ঐ টিকিটের বা চাকির একং খান দিবেন।

১৮। এই আইনের কার্য্যপক্ষে আপ্রিল মাসের ১ তারিখ অবধি বৎসরারম্ভ বলিয়া জ্ঞান করিতে হইবে, ও ঐ তারিখ অবধি সকল লাইসেন্স চলিবে।

১৯। যে প্রত্যেক পাণ্ডা বা অন্য ব্যক্তি বৈদ্যনাথের যাত্রী আনেন সেই যাত্রীর দেবগড় নগরে অবস্থিতির বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব বা স্বাস্থ্যরক্ষক কোন সন্ধান জানিতে চাহিলে তিনি সেই সন্ধান জানাইতে বাধ্য হইবেন। সেই সন্ধান জানাইতে অস্বীকার করিলে তাঁহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ও সেই ব্যক্তির অবস্থিতির বিষয়ে কোন মিথ্যা সন্ধান দিলে যিনি সেই মিথ্যা সন্ধান দেন তাঁহার নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৭ ধারামতে অভিযোগ হইতে পারিবে।

A. চিহ্নিত পাঠ।

বাসাঘর।

১৮৭৯ সালের ২ আইনমত লাইসেন্স।

স্বামির নাম।	লাইসেন্সের নম্বর।	যত জন ভাড়াটিয়া থাকিবার লাইসেন্স দেওয়া গেল।

B চিহ্নিত পাঠ।

পরিদর্শনকারি কর্ত্তৃপক্ষের পরিদর্শনের ফল প্রকাশক রেজিষ্টর।

১	২	৩	৪	৫	৬	৭
পরিদর্শনের বৎসর, মাস ও তারিখ।	বাসাঘরের স্বামির বা অধ্যক্ষের নাম।	লাইসেন্সের নম্বর।	যত জন ভাড়াটিয়া থাকিবার লাইসেন্স দেওয়া গেল।	যত জন ভাড়াটিয়া উপস্থিত আছে দেখা গেল।	যত জন অন্য স্থলে বলিয়া কথিত হইল।	মন্তব্য।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

JUDICIAL DEPARTMENT.

No 1446A.

The 18th March 1881.—Baboo Bhubun Mohun Saha, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is vested with the powers under Section 521 of the Criminal Procedure Code.

Baboo Basawan Singh of Chowgain, a zemindar, is appointed to be an Honorary Magistrate for the Doomraon Bench, in the district of Shahabad, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 19th March 1881—Mr. W H Page, Joint Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with powers under Section 266 of the Criminal Procedure Code, to hear appeals from convictions by Magistrates of the Second and Third Class

Mr C F Manson, Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, is vested with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The 21st March 1881—Mr K J Badshah, Assistant Magistrate and Collector, Dacca, is vested with the powers of a Magistrate of the First Class

Baboo Juggut Doorlubh Mozoomdar, Second Moonsif of Alipore, in the district of the 24-Pergunnahs, is appointed to be a Moonsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Bazitpore. Baboo Juggut Doorlubh Mozoomdar will, however, continue to act, until further orders, as Subordinate Judge of Furreedpore

Baboo Mohendro Nath Roy, B L, Moonsif of Bazitpore, in the district of Mymensingh, is appointed to be a Moonsif in the district of the 24-Pergunnahs, and to be ordinarily stationed at Alipore, *vice* Baboo Juggut Doorlubh Mozoomdar

The 22nd March 1881—Baboo Gobind Deb Mookerjee, Officiating Moonsif of Diamond Harbour, 24-Pergunnahs, is appointed to act as a Moonsif in the district of Noakholly, and to be ordinarily stationed at Sundeep.

This cancels the orders of the 7th instant, appointing Baboo Kopali Prosunno Mookerjee to act as Moonsif of Sundeep

Baboo Gour Chunder Das, First Moonsif of Perozepore, Backergunge, on leave, is appointed to be a Moonsif in the district of Sylhet, and to be ordinarily stationed at Moulvey Bazar

Baboo Munoo Lal Chatterjee, Subordinate Judge and Small Cause Court Judge of Moorshedabad, is allowed furlough for one year, under Section 8, Supplement F of the Civil Leave Code

Baboo Gunga Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is vested with the powers of a Magistrate of the Third Class

LEAVE OF ABSENCE TO MOONSIFS—*The 18th March* 1881—Moulvi Shah Lutafat Hossein, Additional Moonsif of Arrareah, in the district of Purneah, is allowed leave for a fortnight, *i e*, up to the end of the current month, under Section 10, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him on the 14th January 1881

The 21st March 1881—Baboo Sheo Shunkor Sahoy, First Moonsif of Gya, is allowed leave for one month, on half pay, under Section 43, Rule 1 of the Civil Leave Code.

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT

The 17th March 1881.

No 45—*Transfer*—Baboo Kally Prosonno Mookerjee, Assistant Engineer, Second Grade, is temporarily transferred, in the interests of the public service, from the Patna to the Bhagulpore Division, which he joined on the forenoon of the 28th February 1881

[*Government Gazette*, 29*th March* 1881.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৪৪৬ Aনম্বর।

১৮৮১ সাল ১৮ মার্চ। হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন রাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫২১ ধারামত ক্ষমতা পাইলেন।

চৌগাইন নিবাসি জমীদার শ্রীযুত বাবু বসাওন সিংহ শাহাবাদ জিলার অন্তর্গত দুমরাওন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ১৯ মার্চ।—২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬৬ ধারামতে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের দ্বারা নির্ণীতাপরাধের উপর আপীল গ্রহণের ক্ষমতা পাইলেন।

সাঁওতাল পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এফ, মাজন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারায় লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ২১ মার্চ।—ঢাকার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত কে, জে, ব্যাডশা সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত আলিপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু জগদ্দুর্লভ মজুমদার ময়মনসিংহ জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বাজিৎপুরে অবস্থাপিত হইবেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি ফরীদপুরের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু জগদ্দুর্লভ মজুমদারের পরিবর্ত্তে ময়মনসিংহ জিলার অন্তর্গত বাজিৎপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ রায়, বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

১৮৮১ সাল ২২ মার্চ।—২৪ পরগনার অন্তর্গত কলাগাছীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দদেব মুখোপাধ্যায়, নওয়াখালি জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ সন্দ্বীপে অবস্থাপিত হইবেন।

সন্দ্বীপের মুনসেফের কর্ম্ম করণার্থে শ্রীযুত বাবু কপালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের নিয়োগ বিষয়ক এই মাসের ৭ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

বাকরগঞ্জের অন্তর্গত পিরোজপুরের ছুটী প্রাপ্ত প্রথম মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাস, শ্রীহট্ট জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ মৌলবী বাজারে অবস্থাপিত হইবেন।

মুরশিদাবাদের সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু মধুনাথ চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গঙ্গানাথ রায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮১ সাল ১৮ মার্চ।—পুরণিয়া জিলার অন্তর্গত অররিয়ার আডিশনল মুনসেফ শ্রীযুত মৌলবী শাহ মহম্মদ হুসেন, ১৮৮১ সালের জানুয়ারি মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক পক্ষের অর্থাৎ চলিত মাসের শেষ পর্য্যন্ত ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২১ মার্চ।—গয়ার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু শিবশঙ্কর সহায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩ ধারার ১ প্রকরণমতে অর্দ্ধেক বেতনে এক মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

নিয়োগাদি বিষয়ক।

১৮৮১ সাল ১৭ মার্চ।

৪৫ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় রাজকার্য্যের স্বার্থের জন্যে কিয়ৎকালের নিমিত্তে পাটনা খণ্ড হইতে ভাগলপুর খণ্ডে প্রেরিত হইয়া ১৮৮০ সালের ২৮ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ]

The 19th March 1881.

No 46 —*Leave of Absence* —Baboo Sarat Chunder Roy, Apprentice Engineer, attached o the Bhagulpore Division, is allowed privilege leave for two months, under Section 13, Supplement F of the Civil Leave Code, with effect from the 20th February 1881

S. T TREVOR, *Lieut -Col*, R E,
Joint-Secy to the Govt of Bengal,
P W Dept

IRRIGATION.

ESTABLISHMENT

The 19th March 1881

No. 63.—*Notification* —With reference to the orders marginally noted, Mr O C Lees Assistant Engineer, Second Grade, joined the Balasore Division on the afternoon of the 3rd instant

No. 42, dated 22nd February 1881

No 64.—*Postings* —With reference to the orders marginally noted, Mr G W Faulkner, Executive Engineer, Third Grade, is posted to the Gunduck Division, which he joined on the forenoon of the 9th instant

No 31, dated 12th February 1881

No. 65 —With reference to the orders marginally noted, Mr M J J P Norman, Assistant Engineer, First Grade, will be attached, until further orders, to the office of the Superintending Engineer, South Western Circle, which he joined on the forenoon of the 11th instant

No 56, dated 11th March 1881

No 66 —*Notifications* —With reference to the orders marginally noted, Lieutenant R H Brown, R E, Executive Engineer, Fourth Grade, availed himself of subsidiary leave on the afternoon of the 9th instant, and of furlough on the 14th idem

No 26, dated 7th February 1881

No 67 —With reference to the orders marginally noted, Mr T M L Thompson, Assistant Engineer, First Grade, availed himself of subsidiary leave on the afternoon of the 3rd instant, and of the furlough on the 14th idem.

No 55, dated 9th March 1881

The 21st March 1881

No. 68 —Mr C C Martyr, Assistant Engineer, Second Grade, Eastern Sone Division, passed the Colloquial examination in Hindustani as prescribed in Public Works Code, Chapter II-1-20 on the 9th instant.

No 69 —With reference to the orders noted in the margin, Mr R B. Buckley, Executive Engineer, Second Grade, joined the Sone Circle on the forenoon of the 12th instant, and is posted to the Buxar Division

No 57, dated 12th March 1881

H C LEVINGE,
Secy to the Govt of Bengal
P W Dept.

RAILWAY

DECLARATION

The 22nd March 1881

The declaration, dated 15th instant, published at page 332 of the *Calcutta Gazette* of the 16th instant, regarding the construction of a railway from Ranaghat *via* Jessore to Khoolna and from Bongong to Chitpore, is hereby cancelled

H. C LEVINGE,
Secy. to the Govt. of Bengal,
P. W Dept.

১৮৮১ সাল ১৯ মার্চ ।

৪৬ নম্বর ।—ছুটী ।—ভাগলপুর খণ্ডে নিযুক্ত আপ্রেণ্টিস ইঞ্জিনিয়র শ্রীযুক্ত বাবু শরচ্চন্দ্র রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর ‡চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩ ধারামতে ১৮৮১ সালের ২০ ফেব্রুয়ারি অবধি দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন ।

এম, টি, ট্রেবর, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্ক্‌স ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী ।

জলসেচন সম্পর্কীয় ।

নিযুক্তা বিষয়ক বিজ্ঞাপন ।

১৮৮১ সাল ১৯ মার্চ ।

৬৩ নম্বর ।—বিজ্ঞাপন ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ও, সি, লীস সাহেব এই মাসের ৩ তারিখের অপরাহ্ণে বালেশ্বর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন ।

১৮৮১ সালের ২২ ফেব্রুয়ারির ৪২ নং ।

৬৪ নম্বর ।—অবস্থিতির কথা ।—পার্শ্ব লিখিত আজ্ঞার উপলক্ষে তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জি, ডবলিউ, কলক্রমর সাহেব গণ্ডক খণ্ডে অবস্থাপিত হইয়া এই মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন ।

১৮৮১ সালের ১২ ফেব্রুয়ারির ৩১ নং ।

৬৫ নম্বর ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এম, জে, জে, পি, নর্ম্মান সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, দক্ষিণ-পশ্চিম চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে নিযুক্ত হইবেন, তিনি এই মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন ।

১৮৮১ সালের ১১ মার্চের ৫৬ নং ।

৬৬ নম্বর ।—বিজ্ঞাপন ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট শ্রীযুক্ত আর, এচ, ব্রৌন সাহেব আর, ই, এই মাসের ৯ তারিখের অপরাহ্ণে আনুষঙ্গিক ছুটী ও এই মাসের ১৪ তারিখে নিয়মিত ছুটী গ্রহণ করিলেন ।

১৮৮১ সালের ৭ ফেব্রুয়ারি ২৬ নং ।

৬৭ নম্বর ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত টি, এম, এল, ডামসন সাহেব এই মাসের ৩ তারিখের অপরাহ্ণে আনুষঙ্গিক ছুটী ও এই মাসের ১৪ তারিখে নিয়মিত ছুটী গ্রহণ করিলেন ।

১৮৮১ সালের ৯ মার্চের ৫৫ নং ।

১৮৮১ সাল ২১ মার্চ ।

৬৮ নম্বর ।—পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত সি, সি মাটিন সাহেব এই মাসের ৯ তারিখে পবলিক ওর্কস বিধি পুস্তকের দ্বিতীয় অধ্যায়ের I ২০ নির্দ্দিষ্ট চলিত হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন ।

৬৯ নম্বর ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত আর, বি, বকলে সাহেব এই মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে সোণ চক্রে কর্ম্ম গ্রহণ করিয়া বক্সার খণ্ডে অবস্থিত হইলেন ।

১৮৮১ সালের ১২ মার্চের ৫৭ নং ।

এচ, সি, লেবিঞ্জ
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী

রেলওয়ে বিষয়ক ।
বিজ্ঞাপন

১৮৮১ সাল ২২ মার্চ ।

রাণাঘাটহইতে যশোহর দিয়া খুলনা পর্য্যন্ত এবং বনগাঁহইতে চিৎপুর পর্য্যন্ত রেলওয়ে প্রস্তুত করণ বিষয়ক এই মাসের ১৫ তারিখের যে বিজ্ঞাপন এই মাসের ২২ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ২৭১ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল ।

এচ, সি, লেবিঞ্জ
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮১ । ২৯ মার্চ ।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ২৯ মার্চ।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮১ সালের ২৫ ফেব্রুয়ারি তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮১ সালের ১১ আইন।

কোন২ স্থলে মুনিসিপল টাকস আদায় নিবারণার্থ ক্ষমতা দিবার আইন।

হেতুবাদ।

সৈনিক কার্য্যে নিযুক্ত ব্যক্তিদের এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের যে মুনিসিপল টাকস দিতে হয়, কোন২ স্থলে তাহার আদায় নিবারণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ক্ষমতা অর্পণ করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "মুনিসিপল টাকস বিষয়ক ১৮৮১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে,

আরম্ভ।

এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

"মুনিসিপল কমিটী" শব্দের অর্থ।

২ ধারা। যৎকালে যে আইন প্রবল থাকে, তাহার বিধানমতে বা তদ্দ্বারা যে মুনিসিপল সমবায়িত সমাজ বা মুনিসিপল কমিশনরদের যে দল সংস্থাপিত হয়, এই আইনে "মুনিসিপল কমিটী" শব্দে তাহা গণ্য হইবে।

টাকস আদায় নিষেধ করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। যৎকালে যে আইন প্রবল থাকে তাহাতে প্রকারান্তরের বিধান থাকিলেও, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব লিখিত আজ্ঞা দিয়া,

(ক) সেনাদিগের সুশিক্ষা ও সুবিধান বিষয়ক ১৮৭৯ সালের আইনের অথবা ভারতবর্ষীয় যুদ্ধবিষয়ক বিধির অধীন যে ব্যক্তি সৈনিক কার্য্য বশতঃ কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস করিতে বাধ্য হন তাঁহার দেয়, কিম্বা

(খ) ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দেয়,

কোন নির্দ্দিষ্ট টাকস কোন মুনিসিপল কমিটী কর্ত্তৃক আদায় হওয়া নিষেধ করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তদ্রূপ আজ্ঞা দিয়া উক্তরূপ কোন নিষেধ রহিত করিতেও পারিবেন।

৩ ধারার (ক প্রকরণের উল্লিখিত টাকস মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দিবার কথা।

৪ ধারা। ৩ ধারার (ক) প্রকরণে লিখিত কোন ব্যক্তির উপর টাকস আদায় নিষেধক ৩ ধারামত আজ্ঞা যাবৎ প্রবল থাকে, ঐ আজ্ঞার লিখিত কমিটীকে উক্ত আজ্ঞা না হইলে ঐ ব্যক্তির যে টাকা

দিতে হইত তাহা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দিতে হইবে।

কিন্তু ঐ ব্যক্তি যে কার্য্যে নিযুক্ত থাকেন, সেই কার্য্য সংক্রান্ত বিধিক্রমে তাঁহার যে ঘোড়া রাখিতে হয়, তজ্জন্য উক্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব কোন টাকা দিতে দায়ী হইবেন না।

৩ ধারার (খ) প্রকরণে উল্লিখিত টাক্সের পরিবর্ত্তে টাকা দিতে হইবার কথা।

৫ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দেয় কোন টাক্স আদায় নিষেধক ৩ ধারামত আজ্ঞা যাবৎ প্রবল থাকে, উক্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব ঐ টাক্সের পরিবর্ত্তে ঐ মুনিসিপালিটীকে এতদর্থে সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মচারী সমুদয় অবস্থার প্রতি দৃষ্টি রাখিয়া সময়ে২ যে (যদি কোন) টাকা দেওয়া ন্যায়ানুগত ও যুক্তিসঙ্গত বলিয়া নিরূপণ করেন সেই টাকা দিতে দায়ী থাকিবেন।

এই আইনমতে যে২ প্রশ্ন উত্থিত হয়, তাহার নিষ্পত্তির কথা।

৬ ধারা। কোন কার্য্য এই আইনের মর্ম্মানুযায়ী সৈনিক কার্য্য কি না এ বিষয়ে কোন প্রশ্ন উত্থিত হইলে, তৎসম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে নিষ্পত্তি করেন তাহাই চূড়ান্ত হইবে।

কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস করিতে বাধ্য কি না, কিম্বা তাহার পূর্ব্বোক্তমতে ঘোড়া রাখিতে হয় কি না, এই বিষয়ে কোন প্রশ্ন উত্থিত হইলে, এতদর্থে সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিযুক্ত কর্ত্তৃপক্ষ তৎসম্বন্ধে যে নিষ্পত্তি করেন তাহাই চূড়ান্ত হইবে।

ডি, ফিট্জপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYA M A AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮১ সাল ২৯ মার্চ।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৮১ সালের মার্চ মাসের ১৯ তারিখে পঠিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

'বঙ্গদেশীয় ১৮৭৮ সালের আবকারী আইন" সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। বঙ্গদেশীয় ১৮৭৮ সালের আবকারী আইন সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

আইনের সংক্ষেপ নাম, অর্থকরণ ও আরম্ভ। ১ ধারা। এই আইন "বঙ্গদেশীয় আবকারী আইন সংশোধন বিষয়ক ১৮৮১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

এই আইন বঙ্গদেশীয় ১৮৭৮ সালের আবকারী আইনের অংশ বলিয়া পঠিত ও গৃহীত হইবে, এবং ইহা যে তারিখে শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহ কলিকাতা গেজেটে প্রকাশিত হয়, সেই তারিখ অবধি প্রবল হইবে।

১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ৬৪ ধারা রহিত হইবার কথা। ২ ধারা। বঙ্গদেশীয় ১৮৭৮ সালের আবকারী আইনের ৬৪ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

৪ ধারায় সংশোধন। ৩ ধারা। ৪ ধারায় "আবকারী মাসুলযোগ্য দ্রব্য" এই শব্দের লক্ষণের পর নিম্নলিখিত কথাগুলি দিতে হইবে, যথা,

ব্রিটিষ ভারতবর্ষের সীমার বহিঃস্থ কোন স্থানে যে আবকারী মাসুলযোগ্য দ্রব্য প্রস্তুত বা উৎপন্ন হয়, কিম্বা ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে উক্ত দ্রব্য প্রস্তুত বা উৎপন্ন হইলে উহার উপর আবকারী মাসুল আদায় করা হয় না সেই স্থানে যে আবকারী মাসুলযোগ্য দ্রব্য প্রস্তুত বা উৎপন্ন হয়, 'ভিন্নদেশীয় আবকারী মাসুল-যোগ্য দ্রব্য" বলিলে তাহা বুঝাইবে।

ঐ ধারায় "উগ্র শরাবের" লক্ষণের পরিবর্ত্তে নিম্নলিখিত লক্ষণটি দিতে হইবে, যথা—

যে উগ্র শরাব সমুদ্রপথে ভারতবর্ষে আমদানী হয় বা চোয়াইবার কোন নিয়মানুসারে ভারতবর্ষের মধ্যে চোয়ান যায়, "উগ্র শরাব" শব্দে তাহাও গণ্য।

১৭ ধারার পর নূতন ধারা দিবার কথা। ৪ ধারা। ১৭ ধারার পর নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।—

ভিন্নদেশীয় আবকারী মাসুলযোগ্য কোনং দ্রব্য সম্বন্ধীয় নিষেধের কথা। "১৭ ক ধারা। যে উগ্র ও গাঁজলা শরাব সমুদ্রপথে আমদানী করা যায় ও কেবল ব্যক্তি বিশেষের ভোগ ও ব্যবহারের নিমিত্ত রাখা হয়, বিক্রয়ের নিমিত্ত নয়, তদ্ভিন্ন কোন ভিন্নদেশীয় আবকারী মাসুলযোগ্য দ্রব্য সম্বন্ধে, বোর্ড স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক সময়েং কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া নির্দ্দেশ করিতে পারিবেন যে

(১) ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট জিলায় বা ভূখণ্ডে কোন পরিমাণে উক্ত ভিন্নদেশীয় মাসুলযোগ্য দ্রব্য নিকটে রাখা একেবারে নিষিদ্ধ কিম্বা

(২) নির্দ্দিষ্ট পরিমাণের অধিক ঐ দ্রব্য নিকটে রাখা যাইবে না। কিন্তু কালেক্টর সাহেবের, কিম্বা এতদর্থে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারকের

প্রদত্ত লাইসেন্সের বলে ঐ নির্দ্দিষ্ট পরিমাণের অধিক দ্রব্য রাখা যাইতে পারিবে।"

৫৮ ধারার সংশোধন।

৫ ধারা। ৫৮ ধারার ১১ পংক্তির "বিক্রয় করিতে" এই কথাটি উঠাইয়া দিতে হইবে।

৬১ ধারার সংশোধন

৬ ধারা। ৬১ ধারার দ্বিতীয় প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণটি দিতে হইবে,

"কোন ব্যক্তি বিক্রয় করণের অভিপ্রায় ভিন্ন নিজ ভোগ ও ব্যবহারের জন্য সমুদ্রপথে আমদানী করা উগ্র শরাব নিকটে রাখিলে, তাঁহার প্রতি এই ধারার প্রথম প্রকরণের কিম্বা ১৭ ধারার কোন কথা বর্ত্তে না।"

৬১ ধারার পর নূতন ধারা দিবার কথা।

৭ ধারা। ৬১ ধারার পর নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।

নিষেধ না মানিয়া কোন ভিন্নদেশীয় আবকারী মাসুল যোগ্য দ্রব্য নিকটে রাখিয়াছে দৃষ্ট হইলে, দণ্ডের কথা।

"৬১ ক ধারা। কোন ব্যক্তি ১৭ক ধারামতে প্রচারিত জ্ঞাপনপত্র না মানিয়া ভিন্ন দেশীয় আবকারী মাসুলযোগ্য কোন দ্রব্য নিকটে রাখিয়াছে কিম্বা উক্ত জ্ঞাপনপত্রে কোন আবকারী মাসুল যোগ্য দ্রব্যের যে পরিমাণ রাখিবার অনুমতি আছে তদধিক রাখিয়াছে, দৃষ্ট হইলে, তাহার ৫০০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।"

৮২ ধারার সংশোধন।

৮ ধারা। ৮২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে, যথা,

এই আইনের বিধান হইতে আবকারী মাসুল যোগ্য দ্রব্য মুক্ত করিতে পারিবার কথা।

"স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া দেশের কোন নির্দ্দিষ্ট ভূভাগের মধ্যে এই আইনের সমুদয় বা কোন বিধান হইতে কোন আবকারী মাসুলযোগ্য দ্রব্য কিম্বা ভিন্নদেশীয় আবকারী মাসুলযোগ্য দ্রব্য মুক্ত করিতে পারিবেন এবং সময়ে২ ঐরূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্তরূপ মুক্তকরণের আজ্ঞা রহিত করিতে পারিবেন।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

রেবিনিউ বোর্ডের বর্ণনা ও আসামের শ্রীযুক্ত চীফ কমিশ্যনর সাহেবের পত্র পাওয়াতে ১৮৭৮ সালের আবকারী আইন সংশোধন করিবার প্রয়োজন গবর্ণমেণ্টের গোচর হইয়াছে। ৫৮ ধারার যেরূপ শব্দবিন্যাস আছে তাহাতে কার্য্যের যে অসুবিধা হয়, বোর্ড দেখাইয়া দিয়াছেন। উক্ত ধারার বিধান আছে যে, কেবল বিক্রয়ের জন্য জানা গেলেই কোন আবকারী চক্রের বাহির হইতে উক্ত চক্রে বেআইনীমতে যে শরাব আনা যায়, তজ্জন্য দণ্ড হইবে। প্রকৃত প্রস্তাবে যতক্ষণ বিক্রয়ের জন্য উপস্থিত না করা যায়, ততক্ষণ উহা কার্য্যতঃ প্রমাণ করা অসম্ভব যে ঐ শরাব বিক্রয় করিবার অভিপ্রায় আছে, সুতরাং আইনের হাত এড়াইতে পারাতে সরকারী রাজস্বের গুরুতর ক্ষতি হইয়াছে।

আসামের শ্রীযুক্ত চীফ কমিশ্যনর সাহেব বলিয়াছেন যে আইন যেরূপ আছে তাহাতে "ভিন্নদেশীয় আবকারী মাসুলযোগ্য দ্রব্য" সংক্রান্ত কোন২ স্থলে কিছুই করা যায় না। জানা যাইতেছে যে আসামের উত্তর দিকের পাহাড়ে প্রচুর গাঁজা জন্মে ঐ গাঁজার উপর কোন টাকস নাই, এবং উহা গুপ্তভাবে বহু পরিমাণে সমতল ভূভাগে আনীত হয়। কিন্তু যে স্থানে উহা উৎপন্ন হয়, সেই স্থান ব্রিটিষ ভারতবর্ষের বহিঃস্থ হওয়াতে যতক্ষণ উহা এক সেরের অনধিক পরিমাণে আনা হয়, উক্ত আইনমতে ঐ বাণিজ্যের প্রতি হস্তক্ষেপ করিবার অনুমতি নাই। ৬৪ ধারার শব্দবিন্যাস সম্বন্ধে আর একটি সঙ্কট উপস্থিত হইয়াছে। ঐ ধারায় ব্রিটিষ ভারতবর্ষের সীমার বহির্ভূত ভারতবর্ষের কোন স্থানে যে শরাব প্রস্তুত হয়, তাহার উল্লেখ আছে, কিন্তু ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে কোন আবকারী আইন প্রচলিত নাই সেই স্থানে যে শরাব প্রস্তুত হয় ঐ ধারায় তাহা ধরা হয় নাই। এইরূপ একটি স্থান বলিয়া জৈন্তিয়া পাহাড়ের উল্লেখ হইয়াছে।

এই সকল গোলযোগ মিটাইবার নিমিত্ত একটি ক্ষুদ্র সংশোধনাত্মক আইন উপস্থিত করিবার প্রস্তাব হইয়াছে।

১৮৮১ সাল ১২ মার্চ।

এচ, জে, রেনল্ডস্।
সি, এচ, ব্রাইন্সী,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L, *Bengali Translator.*

[কলিকাতা গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৮১ সাল ২৯ মার্চ।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

নিম্নবঙ্গপ্রদেশের বিচারসংক্রান্ত কার্য্যকারকেরা যে টাকা গ্রহণ করেন ও দেন, তৎসংক্রান্ত নিম্নলিখিত সংশোধিত বিধি হাই কোর্ট শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের চার্টর বিষয়ক ১০৪ অধ্যায়ের আইনের ১৫ ধারামতে প্রদত্ত ক্ষমতা অনুসারে কার্য্য করিয়া প্রণয়ন করিয়াছেন, এবং এই বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে, ইহা সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশিত হইল। এই বিধি ১৮৮১ সালের ১ আপ্রিল অবধি প্রবল হইবে, এবং তদবধি ১৮৭৭ সালের ২৮ ফেব্রুয়ারি, ১৮৭৮ সালের ১৫ মে, ও ১৮৭৯ সালের ৯ আপ্রিল তারিখে যেং বিধি প্রচারিত হয় তাহা রহিত হইবে।

ফোর্ট উইলিয়ম,
১৮৮১ সাল ২৮ ফেব্রুয়ারি।

আজ্ঞাক্রমে,
জে, ক্রাফর্ড,
রেজিষ্ট্রার।

বিচারসংক্রান্ত কার্য্যকারকদের নিমিত্ত হিসাব বিষয়ক বিধি।

১ পরিচ্ছেদ।—সাধারণ।

বিধি যেং স্থলে বর্ত্তিবে।

১। যে কার্য্যকারকেরা বিচারসংক্রান্ত ক্ষমতানুসারে কর্ম্ম করেন এবং উক্তরূপ পদোপলক্ষে টাকা লইয়া কার্য্য করেন, টাকা গ্রহণ করিবার ও দিবার সম্বন্ধে ও হিসাব রাখিবার সম্বন্ধে তাঁহাদের যে কার্য্যপ্রণালী অনুসারে চলিতে হইবে, নিম্নলিখিত বিধিতে তাহা নির্দ্দিষ্ট হইল। এই বিধি হাই কোর্টের প্রতি বা রাজধানীর ছোট আদালতের প্রতি বর্ত্তিবে না। এই বিধি জিলার মাজিষ্ট্রেট সাহেবদের অধীন কর্ম্মচারিদেরও প্রতি বর্ত্তিবে না, কারণ তাঁহাদের মধ্যে যাঁহারা মফঃসলে থাকেন তাঁহাদের কালেক্টরের ক্ষমতাও আছে ও খাজানাখানা বিষয়ক বিধিমতে তাঁহারা হিসাব রাখেন, এবং যাঁহারা সদর মোকামে থাকেন তাঁহাদের কার্য্য মাজিষ্ট্রেটের কার্য্যের মধ্যে গণ্য হয়। এই বিধি সমুদয় জজ, আডিশনল-জজ, সব জজ, মুন্সেফ, ছোট আদালতের জজ, জিলার মাজিষ্ট্রেটের প্রতি বর্ত্তিবে, এবং সামান্য "জজ" শব্দে ইঁহারা সকলেই গণ্য হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১।২৯ মার্চ।

২। উল্লিখিত কার্য্যকারক সকলের প্রতি এই বিধি সামান্যতঃ বর্ত্তিলেও, যে সকল আদালত খাজানাখানায় বা মহকুমার খাজানাখানায় বা তাহার নিকট না থাকে, সেই সকল আদালতের জন্য প্রয়োজন হইলে বিশেষ কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে। ঐরূপ আদালত সকল বিধিতে "বহিঃস্থ ষ্টেশন" বলিয়া অভিহিত হইয়াছে, মহকুমার কর্ত্তৃপক্ষ স্বীয় সদর স্থানে না থাকায় কিয়ৎকালের নিমিত্ত যে সময়ে মহকুমার খাজানাখানা বন্ধ থাকে, সেই সময়ে "বহিঃস্থ ষ্টেশন" বলিতে মহকুমার খাজানাখানাস্থ বা তাহার নিকটস্থ আদালতও বুঝাইবে।

"জিলার জজ।"

৩। যে কার্য্যকারকের কেবল নিজ আদালতের নিমিত্ত অথবা নিজের ও অধীন আদালতের নিমিত্ত শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট হিসাব দিতে হয়, এই বিধিতে "জিলার জজ" শব্দে তাঁহাকে বুঝাইবে। এই বিধির কার্য্যপক্ষে যে কোন কার্য্যকারকের প্রতি জিলার জজের ক্ষমতা অর্পণ করা যাইতে পারিবে, এবং কোন জিলায় যখন জিলার জজ বাস না করেন, তখন সদর মোকামে দেওয়ানী বিচারসংক্রান্ত যে প্রধান কার্য্যকারক থাকেন তিনি উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

"ভারপ্রাপ্ত জজ।"

৪। যখন এই বিধির কার্য্যপক্ষে একস্থানের দুই বা ততোধিক আদালত সম্মিলিত করা যায়, তখন ঐ সকল সম্মিলিত আদালতের জন্য যে এক প্রস্ত হিসাব রাখা হয়, যে কার্য্যকারক তাহার তত্ত্বাবধান করেন, "ভারপ্রাপ্ত জজ" বলিতে তাঁহাকে বুঝায়। যখন আদালত সকল উক্তরূপে সম্মিলিত করা না হয়, প্রত্যেক জজই আপন হিসাবের "ভার প্রাপ্ত জজ" হন।

হিসাবের দফা।

৫। বিচার সংক্রান্ত কার্য্যকারকদের দ্বারা বা তাঁহাদের আজ্ঞাক্রমে যে টাকা গৃহীত ও প্রদত্ত হয়, তাহা সরকারী হিসাবে নিম্নলিখিত দফা অনুসারে শ্রেণীবদ্ধ করা হয়।—

(ক) খাজানা আমানত সুদ্ধ দেওয়ানী বা ফৌজদারী আমানত।

(খ) জরিমানা (বিচার সংক্রান্ত), তাহা ফেরত দেওয়া।

নিম্নের ৪১ ধারায় বিহিত স্থল ভিন্ন অন্যত্র কেবল খাজানাখানা দ্বারা জরিমানা ফেরত দেওয়া যাইতে পারিবে।

(গ) যে ইষ্টাম্পের মাশুল ও দণ্ড আদালতে আদায় হয়। কোর্টফী ইষ্টাম্পের মূল্য ফেরত দেওয়া।

যদিও ইষ্টাম্পের মাশুল ও দণ্ড আদালতে আদায় হইতে পারে, ইহা দৃষ্ট হইবে যে তাহা ইষ্টাম্প আইনের ৩৬ ধারামতে কেবল কালেক্টর সাহেবই ফেরত দিতে পারেন। ইষ্টাম্পযোগে যে কোর্টফী আদায় হয়, তাহা কোনং অবস্থায় আদালতের আজ্ঞাক্রমে ফেরত দেওয়া যাইতে পারে, যে টাকা দিতে হয় তাহা ৫৲টাকার অধিক না হইলে, উক্ত আমানত টাকা আদালত হইতে দেওয়া যাইতে পারে, স্থলান্তরে কেবল খাজানাখানায় ঐ টাকা দিতে হইবে।

(ঘ) অকৃতচরমপত্র প্রভৃতি ব্যক্তিদের যে সম্পত্তি দাওয়াদার না থাকায় গবর্ণমেণ্টে জমা দেওয়া যায়, তাহার মূল্য।

অকৃতচরমপত্র ব্যক্তিদের যে সম্পত্তির দাওয়াদার না থাকে এক্ষণে কেবল জিলার জজ সাহেবদের আদালত তৎসংক্রান্ত কার্য্য হয়। আইনের নির্দ্দিষ্ট মিয়াদ গত না হইলে, তাহার মূল্য গবর্ণমেণ্টে জমা দেওয়া যাইতে পারে না (পরবর্ত্তী ১০৫ ধারা দেখ)। এই ও নিম্নলিখিত দফা অনুসারে যে টাকা ফেরত দেওয়া যায় তাহা কেবল খাজানাখানা দ্বারা দেওয়া যাইতে পারে।

(ঙ) আমানত ছাড়া বিবিধপ্রাপ্তি, যথা, জব্দ হওয়া সম্পত্তি, যে নীলাম ডাকে তাহার ত্রুটি হইলে বায়নার টাকা জব্দ হওয়া, পুরাতন আসবাব ও দ্রব্যসামগ্রী প্রভৃতির বিক্রয়োৎপন্ন টাকা, ইত্যাদি।

(চ) যে সকল খুচরা টাকা একেবারে গবর্ণমেণ্টে জমা দিতে হয়, যথা, তল্লাশী ফী, নকলের ফী, মিলাইয়া দেখিবার ফী, পাঠ ও সর্ব্বিস বহীর বিক্রয়োৎপন্ন টাকা।

এই দফামত টাকা ইষ্টাম্পযোগে পাওয়া গেলে, উহা প্রাপ্ত নগদ টাকা বলিয়া হিসাবে লিখিবার প্রয়োজন নাই।

(ছ) জরুরী টাকা, যথা, সাক্ষির খরচা, কয়েদীর খোরাকী, নৌকাভাড়া, আসামীদের পাথেয়, সাক্ষ্যগ্রহণার্থ কমিশনরদের প্রাপ্য ফী, ডাকের মাশুল ও অন্যান্য জরুরী টাকা।

৬। ৫ ধারার দফার তালিকা দেখিয়া প্রতীতি হইবে যে, কোন কার্য্যকারক স্বীয় বিচারসংক্রান্ত পদোপলক্ষে যে টাকা পান, কেবল তাহারই প্রতি এই বিধি বর্ত্তে। স্থানীয় তহবীলের যে টাকা পাওয়া ও দেওয়া যায়, কিম্বা স্থায়ী অগ্রিমদত্ত টাকা স্বরূপ বা সেরেস্তা বা নৈমিত্তিক বিলের হিসাবে যে টাকা পাওয়া যায়, তৎপ্রতি এই বিধি বর্ত্তে না (৩৫ ধারা দেখ)। স্থানীয় তহবীল সম্বন্ধে স্বতন্ত্র প্রণালীর বিধি আছে, অন্যান্য বিষয় সম্বন্ধে অন্যান্য কার্য্যকারকদের প্রতি যে বিধি বর্ত্তে, বিচারসংক্রান্ত কার্য্যকারক তদনুসারে কার্য্য করিবেন।

সাধারণ নিয়ম।

৭। উপরিলিখিত (ক) অবধি (ঙ) পর্য্যন্ত দফামতে যত টাকা পাওয়া ও দেওয়া যায়, তাহা আদালতের হিসাবে ও খাজানাখানার হিসাবে বিস্তারিতরূপে দেখাইতে হইবে। (চ) দফামতে প্রাপ্ত সমুদয় টাকার বিস্তারিত হিসাব আদালতে রাখিতে হইবে, কিন্তু প্রত্যেক প্রকারের প্রাপ্ত টাকার দৈনিক মোট মাত্র খাজানাখানার বহীতে লিখিতে হইবে। (ছ) দফামতে যত টাকা পাওয়া ও দেওয়া যায় তৎসমুদয়ের জবাবদিহি খাজাঞ্চীর করিতে হইবে। তাঁহার হাতে যত টাকা থাকে তাহার উপযুক্ত জামিন

তাঁহার নিকট লইতে হইবে। ঐ টাকা খাজানাখানার হিসাবে লেখা যাইবে না, কিন্তু খাজাঞ্চীর হাতে যত টাকা থাকে তাহা এবং স্থায়ী অগ্রিমদত্ত টাকা, সেরেস্তার বেতন প্রভৃতি যে সকল টাকার ভার তাঁহার প্রতি প্রদত্ত হয় তাহার বাকী টাকা প্রত্যহ ক্যাশ বহীতে লিখিয়া রাখিতে হইবে।

৮। যখন এক ব্যক্তির অন্য ব্যক্তিকে টাকা দিতে হইবে এবং উভয়েই আদালতে উপস্থিত থাকেন, সেই স্থলে ৭ ধারার বিধানের ব্যতিক্রম হইতে পারে। এরূপ স্থলে আদালতের অনুমোদনক্রমে এক ব্যক্তির হস্ত হইতে একেবারে অন্য ব্যক্তিকে টাকা দেওয়া যাইতে পারে, এবং মোকদ্দমার নথীতে সেই কথা লিখিয়া রাখিতে হয়। এরূপ ব্যাপার আদৌ হিসাবে লিখিতে হইবে না। কিন্তু ইহা সাবধান হইয়া দেখিতে হইবে যেন আদালতের কোন কর্ম্মচারী টাকা না লয় বা তাহার অন্য কোন রূপে দায়ী না হয়, এবং আদালত কর্ত্তৃক বা গবর্ণমেন্টের কোন কর্ম্মচারী কর্ত্তৃক উহার রসীদ না দেওয়া হয়। যে স্থলে ডিক্রীমত খাতকেরা ডিক্রীমত মহাজনের দাওয়া শোধ করিতে প্রস্তুত থাকে, বা যে স্থলে দিনের খরচা আদালত মঞ্জুর করেন, বা যে স্থলে ফৌজদারী আদালত অভিযুক্ত ব্যক্তিকে ক্ষতিপূরণ দিবার বা অভিযোক্তাকে খরচা দিবার আজ্ঞা করেন, সেই স্থলে এই কার্য্যপ্রণালী অবলম্বন করা সুবিধা।

৯। জজেরা যতদূর সম্ভব সাধারণের সহিত কার্য্যে ৫ ধারার (ক) দফামত টাকা সাক্ষাৎসম্বন্ধে লইতে ও দিতে নিবৃত্ত থাকিবেন। কিন্তু (ক) আদালত যে স্থলে বিনা বিলম্বে বা নির্দ্দিষ্ট সময় পর্য্যন্ত টাকা লইতে আইনমতে বাধ্য (১৮৭৭ সালের ১০ আইনের ৩০৬, ৩০৭ ও ৩৩৬ ধারা দেখ), সেই স্থলে নগদ টাকা লইতে হইবে। এরূপ প্রত্যেক স্থলে ১৫ ধারার নির্দ্দিষ্ট ঘন্টার পর টাকা দিবার প্রস্তাব হইলেও টাকা লইতে হইবে। (খ) যে স্থলে ১৫ ধারার নির্দ্দিষ্ট ঘন্টার পর ডিক্রীজারীক্রমে অস্থাবর সম্পত্তির বিক্রয়োৎপন্ন টাকা (১৮৭৭ সালের ১০ আইনের ২৯৭ ধারা দেখ) আদায় হয়, এবং (গ) বহিঃস্থ ষ্টেশনে যে স্থলে ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ৪৬ ধারামতে খানাখানা আমানত করা যায়, সেই স্থলেও নগদ টাকা লইতে হইবে।

১০। বহিঃস্থ ষ্টেশনে ৫ ধারার (ক) দফামত নগদ টাকার কর্ম্ম করিবার অনুমতি আছে। কিন্তু হাতে যত টাকা থাকে (ইহা ৫০০৲ পাঁচশত টাকার অধিক হওয়া উচিত নয়) তাহার প্রতি দৃষ্টি রাখিয়া যদি এরূপ করিলে সুবিধা হয়, টাকা কেবল নগদ লওয়া যাইবে। হাতে যে টাকা থাকে অল্প টাকা সামান্যতঃ তাহা হইতেই দেওয়া যাইবে, কিন্তু যদি এরূপ করিলে সুবিধা হয়, এবং হাতের নগদ টাকা খাজানাখানায় পাঠান অপেক্ষা এইরূপে খরচ করাই ভাল হয়, তবেই অনেক টাকা দিবার বেলা তাহা নগদ দেওয়া যাইবে।

১১। ছোট আদালতের জজেরা এবং ছোট আদালতের ক্ষমতা প্রাপ্ত মুন্সেফেরা, তাঁহাদের আদালত হইতে একই দিনে খাজানাখানায় যাতায়াত করা যাইতে পারিলেও, হাই কোর্টের বিশেষ আজ্ঞাক্রমে ৫ ধারার (ক) দফামতে অল্পটাকা নগদ লইবার ও দিবার ক্ষমতাপ্রাপ্ত হইতে পারেন। উক্তরূপে যে টাকা দেওয়া যায়, তাহা কোন স্থলেই ১০০৲ টাকার অধিক হইবে না।

১২। ৫ ধারার (খ), (গ), (ঘ), (ঙ), (চ), ও (ছ) দফামত টাকা সামান্যতঃ সমুদয় আদালতে নগদ লওয়া যাইতে পারিবে। উক্ত ধারার মন্তব্য কথায় যেরূপ ব্যাখ্যা করা গিয়াছে, (খ), (গ), (ঘ), (ঙ), ও (চ) দফামতে যে টাকা ফিরাইয়া দেওয়া যায়, তাহা সামান্যতঃ খাজানাখানাদ্বারা দিতে হইবে। (ছ) দফামতে যে টাকা দেওয়া যায়, তাহা সামান্যতঃ খাজাঞ্চী আপন জবাবদিহিতে নগদ দিবেন।

১৩। বহিঃস্থ ষ্টেশনের আদালত না হইলে, নিম্নস্থ ৫৫ ধারার বিধানমতে প্রত্যেক দিনের শেষে সমস্ত বাকী নগদ টাকা খাজানাখানায় চালান দিতে হইবে। বহিঃস্থ ষ্টেশনে সমস্ত বাকী নগদ টাকা মাসের শেষ দিনে এবং সময়েং মাসের মধ্যে অন্য যে দিন সুবিধা হয় সেই দিন ঐরূপে চালান দিতে হইবে। কোন অবস্থাতেই হাতের বাকী নগদ টাকা ৫০০৲ টাকার অধিক হইতে দেওয়া হইবে না।

১৪। চালান দিবার পর ও আর নগদ টাকা হাতে আসিবার পূর্ব্বে নগদ টাকা দিবার প্রয়োজন হইলে, তাহা স্থায়ী অগ্রিম দত্ত টাকা হইতে দিতে হইবে।

১৫। এই বিধির কার্য্য পক্ষে সমুদয় আদালতে "দিন" অপরাহ্ন ২ টার সময়ে শেষ হইবে, এবং পর "দিন" ঐ সময় হইতে ইংরাজী পঞ্জিকামত পরদিনের অপরাহ্ন ২ টা পর্য্যন্ত থাকিবে বলিয়া জ্ঞান হইবে। ২ টা হইতে ৩ টা পর্য্যন্ত সময় মধ্যে হিসাব নিকাশ করিতে হইবে, এবং আদালতে কোন লেন দেনের কর্ম্ম করা যাইবে না। যদি বিশেষ কোন স্থলে, ৩ টার পর উক্তরূপ কোন কর্ম্ম করা হয়, তাহা আদালতের হিসাব বহীতে পরে যে তারিখে আদালত খোলা থাকে সেই তারিখ দিয়া লিখিতে হইবে।

প্রত্যেক মাসের কার্য্য চলনের শেষ দিনে, অথবা যে দিন ১ টার সময়ে খাজানা খানা বন্ধ হয় সেই দিন, মধ্যাহ্নে হিসাব বন্ধ করিবার প্রয়োজন হয়, এরূপ স্থলে ঐ মধ্যাহ্ন কাল হইতে ইংরাজী পঞ্জিকামত পর দিনের অপরাহ্ন ২ টা পর্য্যন্ত সময় পর দিন বলিয়া গণ্য হইবে।

১৬। এই বিধির কার্য্য পক্ষে জিলার সদর মোকামের আদালতে মাসের শেষ হিসাব সংক্রান্ত বিষয়ে, মহকুমার খাজানাখানায় আদালতে যে দিন মহকুমার খাজানাখানার হিসাব মাস সম্বন্ধে চূড়ান্ত রূপে সমাপ্ত হয় সেই দিনের অপরাহ্ন ২ টার সময়, এবং বহিঃস্থ ষ্টেশনে শেষ যে দিনের হিসাব মাসের শেষ দিনের খাজানাখানার হিসাবের সহিত গৃহীত হইবার নিমিত্ত সময়ে খাজানাখানায় পঁহুছিতে পারে সেই দিনের অপরাহ্ন ২ টার সময় "মাস" শেষ হইবে বলিয়া জ্ঞান হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ্চ।]

১৭। এই বিধির কার্য্যপক্ষে মফঃস্বল আদালতে "বৎসর" আপ্রিল মাসের প্রথম দিবসে আরম্ভ করিয়া মার্চ মাসের ৩১ তারিখে শেষ হইবে, এইরূপ জ্ঞান করিতে হইবে।

২ পরিচ্ছেদ।—টাকা গ্রহণের বিধি।

৫ ধারার (ক) অবধি (ঙ) পর্য্যন্ত দফা।

১৮। যে আদালতের ডিক্রী বা আজ্ঞাক্রমে টাকা দিবার প্রস্তাব হয় সেই আদালতের প্রধান আমলা দ্বারা এবং উক্ত আদালতের বা উহা যে আদালত সমূহের মধ্যে গণ্য সেই আদালত সমূহের আকৌণ্টাণ্ট দ্বারা স্বাক্ষরিত দোকর চালানের সহিত টাকা দিবার প্রস্তাব না হইলে, ৫ ধারার (ক) অবধি (ঙ) পর্য্যন্ত দফামত টাকা আদালতে বা খাজানাখানায় গ্রাহ্য হইবে না।

১৯। যে ব্যক্তি আদালতে টাকা দিতে চাহেন তাঁহাকে কিম্বা আদালতের কোন কর্ম্মচারী দ্বারা আদায় হইলে যে কর্ম্মচারী টাকা আদায় করেন তাঁহাকে বিনা খরচায় দুই খান চালানের পাঠ (১ নং পাঠ) দেওয়া যাইবে। তাঁহার প্রতি যে সকল বিশেষ বিবরণ লিখিয়া দিবার আদেশ হয়, প্রত্যেক পাঠে দেশীয় ভাষায় বা ইংরাজীতে তাহার সেই সকল বিবরণ লিখিতে হইবে। এক খান চালানে অর্থাৎ যাহা এই বিধিতে মূল চালান বলিয়া অভিহিত তাহাতে আইনের আদেশমতে কোর্টফী ইষ্টাম্প আবশ্যক হইলে থাকিবে। (১)

আমানতী টাকার চালান হইলে, আমানতের ভাব, মোকদ্দমার বা ডিক্রীজারীর মোকদ্দমার নম্বর থাকিলে তাহা, যে ব্যক্তির পক্ষ হইতে টাকা দেওয়া গেল ও যে ব্যক্তিকে ঐ টাকা দেওয়া যাইবে তাঁহাদের নাম, ইত্যাদি, সাবধান হইয়া সম্পূর্ণরূপে লিখিতে হইবে।

২০। যে ব্যক্তি টাকা দিতে চাহেন তিনি চালানের পাঠদ্বয় পূরণ করিয়া ১৮ ধারার লিখিত আদালতের প্রধান আমলাকে দিবেন। ঐ আমলা তখন দেখিবেন যে যত টাকা দিবার প্রস্তাব হয় তাহা ঠিক এবং যে ব্যক্তিকে দেয় বলিয়া যাঁহার পক্ষ হইতে ঐ টাকা দিবার প্রস্তাব হয় তাঁহার স্থানে উহা পাওনা আছে, অনন্তর আবশ্যক হইলে চালানের পাঠদ্বয় সংশোধন করিয়া ১ম খণ্ড স্বাক্ষর করিবেন এবং পাঠদ্বয় উক্ত আদালতের বা আদালত সমূহের আকৌণ্টাণ্টের নিকট পাঠাইয়া দিবেন। আকৌণ্টাণ্ট ২য় খণ্ড পূরণ করিয়া ঐ পাঠদ্বয় (১ নং পাঠের) চালানের রেজিষ্টরী বহীতে নম্বর দিয়া রেজিষ্টরী করিবেন। তিনি যে ব্যক্তি বাস্তবিক টাকা দিবার প্রস্তাব করে এবং যে ব্যক্তির পক্ষ হইতে উহা দিবার প্রস্তাব হয় তাঁহাদের নাম ৩ ঘরে লিখিবেন। তিনি যে ব্যক্তিকে টাকা দেয় হয় তাহার নাম থাকিলে তাহা এবং চালানের লিখিত অন্য যে সকল বিবরণ আমানতী টাকার রেজিষ্টরে পরে তুলা আবশ্যক হয় সেই সকল বিবরণ ৪ ঘরে লিখিবেন।

যে স্থলে হিসাবের নিমিত্ত কএক আদালত সম্মিলিত করা যায় (৪ ধারা দেখ), সেই স্থলে উক্তরূপে সম্মিলিত আদালত সমূহের নিমিত্ত কেবল একজন আকৌণ্টাণ্ট ও একজন খাজাঞ্চী থাকিবে।

২১। প্রত্যেক চালানের স্বতন্ত্র নির্ঘণ্ট নম্বর দেওয়া যাইবে। একাদিক্রমে নম্বর চালানে ও রেজিষ্টরে দুইয়েতেই লিখিতে হইবে। প্রাপ্তটাকা ৫ ধারার যে বিশেষ দফামত হয়, আকৌণ্টাণ্ট তাহা সাবধানে চালানে লিখিবেন।

ভারপ্রাপ্ত জজের অনুমোদন।

২২। রেজিষ্টরী বহী ও চালান দ্বয় তৎপরে ভারপ্রাপ্ত জজের সম্মুখে পেশ করিতে হইবে, এবং তিনি প্রত্যেক চালান গ্রাহ্য করিবার সময়ে তাহার প্রত্যেক দফায় আপন নামের আদ্যক্ষর দিবেন। তদনন্তর চালান দুইখানি যে ব্যক্তি টাকা দিবার প্রস্তাব করেন তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে, এবং ঐ টাকা আদালতে বা খাজানাখানায় দিবার পক্ষে তাঁহার ক্ষমতাপত্র বলিয়া গণ্য হইবে।

ভারপ্রাপ্ত জজ জিলার জজের অনুমতি গ্রহণপূর্ব্বক চালান গ্রাহ্য করিবার কর্ম্মের ভার আপন আদালতের প্রধান আমলার প্রতি অর্পণ করিতে পারিবেন।

---

(১) মোকদ্দমা চলিবার সময়ে বা জয় সম্পূর্ণ করিবার নিমিত্ত কোন পক্ষ আদালতে টাকা দিতে বাধ্য থাকিলে টাকা দিবার প্রস্তাবে ইষ্টাম্প আবশ্যক হয় না কারণ আদালত প্রস্তাব অগ্রাহ্য করিতে পারেন না।

যে স্থলে টাকা দেওয়া ইচ্ছামত, যথা খাজানা বলিয়া বা বন্ধকদাতা প্রভৃতি দ্বারা টাকা আমানত যে স্থলে হয়, সে স্থলে ইষ্টাম্প দেওয়া আবশ্যক, কিন্তু প্রার্থনা বা আবেদনপত্র নিয়মিত ইষ্টাম্পযুক্ত হইলে, চালানের জন্য আর কী লইতে হইবে না (১৮৭৭ সালের ১২ মে তারিখের ১০ নং সরকুলর দেখ)।

২৩। কোন ব্যক্তি যে টাকার জন্য চালান লয় সেই টাকা দিতে বাস্তবিক প্রস্তুত না থাকিলে তাহার চালান লইতে আদেশ নাই; এবং কোন ব্যক্তি চালান লইলে পর তাহা ব্যবহার করিতে বিলম্ব করিতে পারিবে না। এনিমিত্ত যে দিন প্রার্থককে চালান দেওয়া যায়, সেই দিনের মধ্যেই খাজানাখানার কর্ত্তৃপক্ষের প্রতি প্রদত্ত আজ্ঞা কার্য্যকর হইবে, কিম্বা হিসাব বন্ধ করিবার পর (১৫ ধারা) ঐ ব্যাপার ঘটিলে, পরবর্ত্তী কার্য্যচলনের দিন পর্য্যন্ত ঐ আজ্ঞা চলিবে। আজ্ঞার পাঠে এই রূপ স্পষ্ট বিধান আছে। নির্দ্দিষ্ট সময়ের মধ্যে খাজানাখানায় টাকা দিবার প্রস্তাব করিতে ক্রটি হইলে, প্রস্তাবকারী ফিরিয়া প্রার্থনা করিয়া সময় বাড়াইয়া দিবার নিমিত্ত আদালতের আজ্ঞা লইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

২৪। বহিঃস্থ স্টেশনের বেলা, খাজানাখানার টাকা লইয়া যাইতে যে সময়ের প্রয়োজন, খাজানাখানার কর্তৃপক্ষের প্রতি যে আজ্ঞা দেওয়া যায় তাহাতে কেবল সেই সময় দেওয়া যাইবে।

৫ ধারার (চ) ও (ছ) দফা।

২৫ তলাশীর, নকলের, মিলাইয়া দেখিবার, ইত্যাদি ৫ ধারার (চ) দফামত খুজরা টাকা যখন নগদ দেয় হয়, প্রথমে আকৌণ্টাণ্টকে দিবার প্রস্তাব করিতে হইবে, এবং তিনি তাহা (৩নং পাঠের) বিশেষ রেজিষ্টরে লিখিয়া রাখিবেন। আকৌণ্টাণ্ট প্রস্তাবকারির নাম, যত টাকা দেয়, এবং রেজিষ্টরেরপত্রের ও অনুপত্রের নম্বর ও তারিখ লিখিবেন, তৎপরে ডাইন দিকের অংশ খুলিয়া লইয়া টাকার সহিত খাজাঞ্চীকে দিবার নিমিত্ত প্রস্তাবকারিকে দিবেন।

২৬। ৫ ধারার (ছ) দফামত জরুরী টাকা আকৌণ্টাণ্টের অপেক্ষা না রাখিয়া নিজ খাজাঞ্চীকেই দিবার প্রস্তাব করিতে হইবে। ঐ টাকার সম্বন্ধে চালানের প্রয়োজন নাই।

খাজাঞ্চীর টাকা গ্রহণ।

২৭। খাজাঞ্চী ২০ ধারামত দোকর চালান, কিম্বা ২৫ ধারামতে আকৌণ্টাণ্টের প্রদত্ত টাকা দিবার চিরকুট, কিম্বা ২৬ ধারামত টাকা দিবার প্রস্তাব পাইলে, টাকা গ্রহণ করিবেন, এবং অবিলম্বে যথাযোগ্য ক্যাশ বহীতে প্রাপ্ত বলিয়া ঐ টাকা লিখিয়া রাখিবেন। (৩২ ও ৩৩ ধারা)।

২৮। চালান ঐরূপে গ্রাহ্য হইলে, তিনি আপনি একখান রাখিবেন, এবং অন্যখানের উপর রসীদ লিখিয়া ফিরাইয়া দিবেন। যে ব্যক্তি টাকা দেন, তিনি যে মোকদ্দমার একপক্ষ সেই মোকদ্দমার নথীতে টাকা পরিশোধ হইবার কথা লিখাইবার প্রয়োজন হইলে, তাঁহার এই রসীদ আদালতে উপস্থিত করিতে হইবে।

ঐরূপে ২৩ ধারার নির্দ্দিষ্টমতে খাজানাখানার দোকর চালান দাখিল করিয়া টাকা দিলে, টাকাদাতা রসীদ স্বরূপ দুই খান চালানের একখান পাইবেন। যদি ১০০৲ বা তাহার অধিক টাকা হয়, উহাতে খাজানাখানার কর্তৃপক্ষ স্বাক্ষর করিবেন, যদি তাহা অপেক্ষা কম টাকা হয়, উহাতে তিনি আকৌণ্টাণ্ট ও ট্রেজুরর তিনি স্বাক্ষর করিবেন।

২৯। যে টাকা আইনমতে গ্রহণ করিতেই হইবে, উপরলিখিত ৯ ধারার (ক) ও (খ) প্রকরণমতে তাহা দিবার প্রস্তাব হইলে, টাকা সাক্ষাৎ সম্বন্ধে আদালতে নগদ দিতে হইবে, কিন্তু উহা কেবল আধিপত্যপ্রাপ্ত কর্তৃপক্ষের স্পষ্ট আদেশক্রমে দেওয়া যাইবে। তিনি আপনি চালানে স্বাক্ষর করিবেন এবং দেখিবেন যে ১২ ধারার নির্দ্দিষ্ট প্রণালীমতে টাকা হিসাবে নিয়মিতরূপে লিখিয়া রাখা হয়।

৩০। টাকা দিবার চিরকুট হইলে খাজাঞ্চী তাহাতে ক্রোড়স্বাক্ষর করিবেন। ঐ চিরকুট প্রার্থিক রৌচর স্বরূপ রাখিবেন, এবং যদি নকলের প্রার্থনা করা যায়, তবে ঐ চিরকুট নকল প্রস্তুত হইলে লইবার ক্ষমতাপত্রস্বরূপ হইবে।

৩১। ২৬ ধারামতে টাকা দিবার প্রস্তাব হইলে, খাজাঞ্চী একাদিক্রমে নম্বর যুক্ত রসীদের (৯নং পাঠের) বাঁধা বহীর পত্রে ও অনুপত্রে ঐ টাকা লিখিবেন। তৎপরে তিনি অনুপত্র ছিঁড়িয়া লইয়া তাহাতে স্বাক্ষর করিয়া রৌচরস্বরূপ টাকাদাতাকে দিবেন।

জরুরী ক্যাশবহী।

৩২। ৫ ধারার (ছ) দফামত যে জরুরী টাকা লইবার ও দিবার জন্য খাজাঞ্চী দায়ী ও আকৌণ্টাণ্ট যাহার হিসাব রাখেন না, সেই টাকা দেখাইবার নিমিত্ত খাজাঞ্চী ৫নং পাঠে এক রেজিষ্টর রাখিবেন। ঐ রেজিষ্টরে উক্তরূপে যে টাকা পাওয়া ও দেওয়া যায় তাহার ভিন্ন২ শ্রেণী যথাযোগ্য ঘরে স্বতন্ত্র২ দেখাইতে হইবে, এবং প্রত্যেক দিনের শেষে বাকী কাটিতে হইবে।

সাধারণ ক্যাশবহী।

৩৩। খাজাঞ্চীর সাধারণ ক্যাশবহী ৬নং পাঠে রাখিতে হইবে, এবং (ক) অবধি (চ) পর্য্যন্ত দফামতে যে সমুদয় টাকা পাওয়া যায় ও দেওয়া যায় তৎসমুদয় ঐ বহীতে বিস্তারিতরূপে দেখাইতে হইবে। (ছ) দফামতে যে টাকা পাওয়া ও দেওয়া যায়, তাহা মোট করিয়া সাধারণ ক্যাশবহীতে লিখিয়া লওয়া হইবে না, কিন্তু ঐ ক্যাশবহীতে জরুরী ক্যাশবহীর বাকী নিম্নলিখিত আদেশমতে দেখাইতে হইবে।

আকৌণ্টাণ্টের খুজরা টাকা প্রাপ্তি মিলাইয়া দেখা।

৩৪। প্রত্যেক দিনের শেষে খাজাঞ্চী আকৌণ্টাণ্টকে স্বীয় সাধারণ ক্যাশ বহী দিবেন, এবং আকৌণ্টাণ্ট খুজরা টাকা পাইবার যে সকল দফা লেখা থাকে তাহা আপন রেজিষ্টরের অনুপত্রের সহিত মিলাইয়া দেখিবেন। তৎপরে আকৌণ্টাণ্ট প্রত্যেক প্রকারের প্রাপ্ত টাকা স্বতন্ত্র করিয়া খাজাঞ্চীর প্রাপ্ত সমুদয় টাকার নিমিত্ত ১ নং পাঠে এক চালান প্রস্তুত করিবেন, এবং (২ নং পাঠের) চালানের রেজিষ্টরী বহীতে ঐ মোট টাকা আদালতে প্রাপ্ত টাকা বলিয়া লিখিয়া রাখিবেন। চালানের রেজিষ্টরী বহীতে যে টাকা লেখা থাকে, তাহা (ক) অবধি (চ) পর্য্যন্ত দফামত খাজাঞ্চীর প্রাপ্ত টাকার সহিত মিলিবে।

দৈনিক বাকী।

৩৫। অনন্তর খাজাঞ্চী তাঁহার সাধারণ ক্যাশবহীতে বাকী কাটিবেন, এবং জরুরী ক্যাশবহীতে যেই বাকী কাটা হয় তাহা স্বতন্ত্র২ দফায় তাহার নীচে লিখিবেন। রিকার্ডের নিমিত্ত ইহাও পরামর্শসিদ্ধ যে, নৈমিত্তিক খরচ, সেরেস্তার বেতন প্রভৃতি অন্য কোন হিসাবে তাঁহার নিকট যে কোন টাকা থাকে

তিনি তাহাও এস্থলে লিখিয়া রাখিবেন। এগুলি বিচার সংক্রান্ত হিসাবের প্রকৃত অংশ নহে, কিন্তু খাজাঞ্চীর হাতে যত টাকা থাকে, একসূক্তিতে জজের তদ্বিষয়ক একখান বর্ণনাপত্র পাওয়া উচিত ঐ বর্ণনাপত্র নিম্নলিখিতরূপ লেখা যাইতে পারে।—

উপরিলিখিতমত সাধারণ ক্যাশ বহীর বাকী—

	টাকা
সাধারণ বাকী	০০
জরুরী বাকী	০০
নৈমিত্তিক রেজিষ্টরমত স্থায়ি অগ্রিম দত্ত টাকার বাকী	০০
সেরেস্তার বেতন, অবিতরিত	০০
অন্যান্য টাকা (ইহার কৈফিয়ত লিখিতে হইবে)	০০
খাজাঞ্চীর হাতের মোট টাকা	০০

প্রকৃত নগদ কারবারে আবদ্ধ থাকায়, সাধারণ সংক্ষিপ্ত ক্যাশ বহীতে কোর্ট ফী লেবেল আকারে যে টাকা পাওয়া যায় তাহা এবং এই সকল লেবেলের মূল্য ফেরত দেওয়া গেলে তাহা দেখাইতে হইবে না। পূর্ব্বে (৫ ধারায়) ব্যাখ্যা করা গিয়াছে, যাহা ফেরত দিবার হয় তাহা সামান্যতঃ কেবল খাজানা-খানায় দেওয়া যায়।

চালানক্রমে যে ডাকের ইষ্টাম্প পাওয়া যায়, তৎ সম্বন্ধে জমাখরচের মর্ম্মাত্মক পাঠে স্বতন্ত্র হিসাব রাখিতে হইবে, এবং বাকী যাহা কিছু হাতে থাকে তাহা উপরিলিখিত আদেশানুসারে সাধারণ ক্যাশ বহীতে লিখিয়া রাখিতে হইবে।

৩। পরিচ্ছেদ।—টাকা দিবার বিধি।

টাকা পাইবার প্রার্থনাপত্র।

৩৬। কোন ব্যক্তির পাওনা টাকা আদালতে আমানত থাকিলে, তিনি যদি তাহা বাহির করিয়া লইতে চাহেন, তবে ১৮ ধারার লিখিত আদালতের প্রধান আমলার নিকট ৭ নং পাঠে কিম্বা, খাজানার আমানত হইলে,৮ নং পাঠে প্রার্থনাপত্র দিবেন। উক্ত পাঠ একখান তাঁহাকে বিনাখরচে দেওয়া যাইবে। জমার স্বরূপ নির্ণয়ার্থে যে সকল বৃত্তান্ত আবশ্যক হয় প্রার্থক এই পাঠে সেই সকল বৃত্তান্ত লিখিবেন। যদি এক প্রার্থনাপত্র দ্বারা একাধিক দফার আমানতী টাকা বাহির করিয়া লইবার অভিপ্রায় থাকে, প্রত্যেক দফার নির্দ্দিষ্ট টাকা এবং প্রত্যেক আমানতের নম্বর স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

টাকা পাইবার অধিকারী ব্যক্তি স্বয়ং উপস্থিত না হইলে, প্রার্থক আদালতের হৃদবোধ জন্মাইয়া দিবেন যে, উক্তরূপ অধিকার যে ব্যক্তির আছে, কোন লেখ্যের বলে তাঁহার নিমিত্ত টাকা বাহির করিয়া লইবার ক্ষমতা তিনি নিয়মিতরূপে প্রাপ্ত হইয়াছেন।

যে আজ্ঞামতে টাকার দাওয়া হয়, প্রার্থক ঠিক সেই আজ্ঞার নিয়ম পালন করিবেন। যথা, সংসৃষ্ট ডিক্রীদারদের মধ্যে একজন ডিক্রীমত টাকার তিনি যাহা আপন অংশ বলেন তাহা বাহির করিয়া লইতে পারিবেন না, বণ্টন করিয়া দিবার আজ্ঞা না হইয়া থাকিলে, তাঁহারা একযোগে প্রার্থনাপত্র দিবেন।

প্রার্থনাপত্রের পরীক্ষা।

৩৭। প্রধান আমলা প্রার্থনাপত্র খানি মোকদ্দমার নথীর সহিত মিলাইয়া দেখিবেন, এবং দাওয়া সিদ্ধ কি না সাবধানে পরীক্ষা করিবেন। যদি তিনি দেখেন যে, গ্রহীতার নাম ঠিক দেওয়া হইয়াছে, এবং ক্রোক বা অন্য কারণে টাকা দিবার কোন আপত্তি নাই, তিনি প্রার্থকের অনন্যতা নির্ণয়ার্থে অনুসন্ধান লইবেন, এবং ঐ অনন্যতা সম্বন্ধে তাঁহার হৃদ্বোধ জন্মিলে, প্রার্থনাপত্রের ১ম খণ্ডের তলভাগস্থ সর্টিফিকেটে স্বাক্ষর করিয়া ঐ প্রার্থনাপত্র আদালতের বা আদালতসমূহের আকৌণ্টাণ্টের নিকট পাঠাইয়া দিবেন। উক্ত আকৌণ্টাণ্ট প্রার্থনাপত্রের বিবরণ আমানতী টাকার রেজিষ্টরের সহিত মিলাইয়া দেখিবেন এবং আপনার হৃদ্বোধ মতে জানিয়া লইবেন যে উক্তরূপে যে টাকা দর্শিত হয় তাহা পাওয়া হইয়াছিল ও দেওয়া হয় নাই, এবং রেজিষ্টরে গ্রহীতার যে নাম লেখা আছে তাহা দাওয়াদারের নামের মত, আর ঐ টাকা ক্রোক করিবার কোন আজ্ঞা প্রবল নাই।

যদি আমানতী টাকা বিশেষ হিসাবে উঠাইয়া লওয়া হইয়া থাকে (৮৮, ৮৯ ধারা), ঐ বিশেষ হিসাব এই ধারার ও পরবর্ত্তী চারিধারার মর্ম্মানুসারে আমানতী টাকার রেজিষ্টর বলিয়া গণ্য হইবে।

৩৮। যদি টাকা পাইবার প্রার্থনাপত্রে ভ্রান্তি বা দোষ দৃষ্ট হয়, আকৌণ্টাণ্ট ঐ ভ্রান্তি বা দোষের কথা লিখিয়া প্রার্থনাপত্র প্রার্থককে ফিরাইয়া দিবেন, প্রার্থক ঐ প্রার্থনাপত্র সংশোধন করিবেন, বা আদালতে অর্পণ করিতে পারিবেন।

টাকা দিবার আজ্ঞা ও রেজিষ্টরী করণ।

৩৯। যদি প্রার্থনাপত্র শুদ্ধ দৃষ্ট হয়, এবং আমানতী টাকা মিয়াদগতে বাজেয়াপ্ত না হইয়া থাকে আকৌণ্টাণ্ট প্রার্থনাপত্রের পাঠের দ্বিতীয় খণ্ড পূরণ করিয়া যথাযোগ্য নির্ঘণ্টের নম্বর দিয়া (১৬ নং

পাঠের) টাকা দিবার আজ্ঞার রেজিষ্টরে ঐ কথা তুলিবেন, এবং আমানতী টাকার রেজিষ্টরী বহীতে আবশ্যক কথা লিখিবেন। পরিশেষে, টাকা দিবার আজ্ঞার রেজিস্টর ও আমানতী টাকার রেজিষ্টরী বহীর সহিত প্রার্থনাপত্র ভার প্রাপ্ত জজের সম্মুখে পেশ করিবেন।

ভারপ্রাপ্ত জজের অনুমোদন।

৪০। টাকা দিবার দরখাস্ত মঞ্জুর করিবার পূর্ব্বে ভারপ্রাপ্ত জজের স্ববোধমতে প্রথমতঃ বুঝিয়া লওয়া আবশ্যক যে, ৩৭ ধারার আদেশ সকল পালিত হইয়াছে। তিনি স্বয়ং আমানতী টাকার রেজিষ্টর দেখিয়া ইহাও স্ববোধমতে বুঝিয়া লইবেন যে আমানত বিশেষে বাকী যত টাকা জমা থাকে তাহাতে টাকা দিতে কুলাইবে, এবং ঐ টাকা ক্রোক করিবার কোন আজ্ঞা লেখা হয় নাই। তাঁহার দেখিবার ফল সন্তোষজনক হইলে, তিনি ৯ অবধি ১২ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্টমতে স্থানীয় খাজানাখানা হইতে অথবা আপন আদালত হইতে টাকা দিবার আজ্ঞায় স্বাক্ষর করিতে পারিবেন, এবং আমানতী টাকার রেজিষ্টরে টাকা দিবার আজ্ঞা হইবার যে মন্তব্য কথা লেখা যায় তাহাতে আপন নামের আদ্যাক্ষর সংযোগ করিয়া সাক্ষী হইবেন। তিনি (১৩ নং পাঠের) টাকা দিবার আজ্ঞার রেজিষ্টরে যে কথা লেখা থাকে তাহাতেও আপন নামের আদ্যাক্ষর যোগ করিবেন। অনন্তর টাকা দিবার আজ্ঞা দরখাস্তকারিকে দেওয়া যাইবে। তিনি আদালত হইতে টাকা দেওয়া গেলে, ঐ আজ্ঞা খাজাঞ্চীকে দিবেন, এবং খাজানাখানার কর্ত্তৃপক্ষের স্থানে টাকা প্রাপ্য হইলে, ঐ কর্ত্তৃপক্ষকে দিবেন।

৪১। যে টাকা বাহির করিয়া লইবার চেষ্টা হয়, সেই টাকা যে আদালতে দরখাস্ত করা যায় সেই আদালতে না হইয়া যদি অন্য আদালতে আমানত থাকে, যথা যখন হিসাবের কার্য্যপক্ষে এক স্থানস্থ দুই বা তদধিক আদালত সম্মিলিত করা যায়, এরূপ প্রত্যেকস্থলে যে আদালতে দরখাস্ত হয় সেই আদালত কেবল দরখাস্ত লইয়া ভারপ্রাপ্ত জজের আদালতে পাঠাইবেন এবং নথী দেখিয়া সেই সঙ্গে এই মর্ম্মের সর্টিফিকেট দিবেন যে দরখাস্তকারী দাবীকৃত টাকা পাইবার অধিকারী। যে কোন স্থলে মূল-গ্রহীতার নাম হইতে দাওয়াদারের নামে টাকা জমা হইয়াছে, এই বৃত্তান্ত লিখিতে হইবে। উক্ত সর্টিফিকেট ভারপ্রাপ্ত জজের আফিসের আমানতী টাকার রেজিষ্টরের সহিত মিলাইয়া দেখা যাইবে। ঐ রেজিষ্টরে যদি ঐ টাকা আমানত আছে বলিয়া দেখা যায়, তবে জজ জানিতে পারিবেন যে টাকা দিবার কোন বাধা আছে কি না। উক্তরূপ কোন বাধা না থাকিলে, ভারপ্রাপ্ত জজ টাকা দিবার আজ্ঞা দিতে পারিবেন, এবং আজ্ঞা দিবার কথা অধীন আদালতে জানান হইবে, তাহা হইলে ঐ আদালত মোকদ্দমার নথীতে দাবা শোধ হইবার কথা লিখিতে সমর্থ হইবেন।

আজ্ঞার মিয়াদ ফুরান।

৪২। (ক) স্থানীয় খাজানাখানা হইতে টাকা দিবার আজ্ঞা দশ দিন মাত্র প্রবল থাকে, এবং আজ্ঞার তারিখ অবধি পূর্ণ দশ দিন গত হইলে উহার টাকা পাওয়া যাইতে পারে না। পূর্ব্বোক্তরূপ দশ দিনের মধ্যে যে আজ্ঞার টাকা পাওয়া যায় নাই, যে আদালত আজ্ঞা দেন সেই আদালতে তাহা উপস্থিত করা যাইতে পারিবে এবং উক্ত আদালত তাহার উপর টাকা দিবার নূতন আজ্ঞা লিখিয়া দিতে পারিবেন, ঐ আজ্ঞার তারিখ অবধি উহা পূরা দশ দিন প্রবল থাকিবে। উক্তরূপ দশদিন কালের শেষ দিনে খাজানাখানা বন্ধ থাকিলে, যে তারিখে খাজানাখানা পুনর্ব্বার খোলা হয় সেই তারিখে ঐ আজ্ঞার টাকা পাওয়া যাইতে পারিবে।

(খ) প্রত্যেক বৎসর মার্চ মাসের ৩১ তারিখে খাজানাখানার হিসাব শেষ করা গেলে, ঐ তারিখে বা তৎপূর্ব্বে টাকা দিবার যে আজ্ঞা দেওয়া যায় একেবারে তাহার মিয়াদ গত হইবে, এবং ঐ তারিখ বা তৎপূর্ব্বে যে আজ্ঞা দেওয়া যায় মার্চ মাসের ৩১ তারিখের পর সেই আজ্ঞার টাকা দিতে খাজানাখানার কর্ত্তৃপক্ষদের প্রতি নিষেধ আছে। এই প্রকরণমতে যে আজ্ঞার মিয়াদ ফুরায় তাহা পরিবর্ত্তন করিয়া লওয়া যায় না। পুরাতন আজ্ঞা ফিরাইয়া দিয়া ৩৬ ধারামতে নূতন দরখাস্ত করিলে, নূতন আজ্ঞা পাওয়া যাইতে পারে।

যাহারা মার্চ মাসের শেষে আজ্ঞা প্রার্থনা করে, জজেরা তাহাদিগকে এই বিধির কথার কথা বলিয়া সাবধান করিবেন এবং আজ্ঞা পাইলে অবিলম্বে টাকা লইবার অভিপ্রায় না থাকিলে তাহাদিগকে ১ আপ্রিল পর্য্যন্ত অপেক্ষা করিতে বলিবেন।

(গ) প্রত্যেক বৎসরের মার্চ মাসের ৩১ তারিখের পরেই ভারপ্রাপ্ত জজ দেখিবেন যে, উক্ত তারিখে বা তৎপূর্ব্বে প্রদত্ত টাকা দিবার কোন২ আজ্ঞার টাকা লওয়া হয় নাই, এবং "৪২ ধারার (খ) প্রকরণমতে অকর্ম্মণ্য হইল" বলিয়া (১) টাকা দিবার আজ্ঞার ও (২) আমানতী টাকার রেজিষ্টরে ঐ২ আজ্ঞা চিহ্নিত করিয়া তাহাতে আপন নামের আদ্যাক্ষর সংযোগ করিবেন।

মিয়াদগতে আমানত বাজেয়াপ্ত।

৪৩। ৯৫ ধারামতে মিয়াদগত হওয়ায় যে আমানতী জমা টাকা বাজেয়াপ্ত হয়, তাহা দিবার অন্য কোন আপত্তি না থাকিলে, যখন ঐ টাকা বাহির করিয়া লইবার দরখাস্ত হয়, আকৌণ্টাণ্ট (৯ নং পাঠে) বিশেষ পাঠের দরখাস্ত প্রস্তুত করিবেন। ঐ দরখাস্ত ভারপ্রাপ্ত জজ ৪০ ধারার নির্দ্দিষ্টমতে পরীক্ষা করিয়া দেখিয়া মঞ্জুর করিলে, ৯৮ ধারামতে উহা লইয়া কার্য্য হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

বিবিধ ফেরত।

৪৪। ৫ ধারার (খ) অবধি (চ) পর্য্যন্ত দফামত জরিমানা বা বিবিধ বিষয়ক টাকা ফেরত পাইবার দরখাস্ত করা গেলে, জরিমানার রেজিষ্টর বা বিবিধ টাকার রেজিষ্টরের (১০২ ধারা) সহিত দরখাস্ত মিলাইয়া দেখিয়া আকৌণ্টাণ্ট ১০ নং পাঠে টাকা দিবার আজ্ঞা প্রস্তুত করিবেন, এবং ভারপ্রাপ্ত জজ ঐ ফেরত দিবার আজ্ঞা করিবার সময়ে ঐ রেজিষ্টরে যেখানে টাকা পাইবার কথা লেখা থাকে তাহার পার্শ্বে টাকা ফেরত দিবার কথা লিখিবেন। টাকা দিবার আজ্ঞার রেজিষ্টরেও টাকা দিবার আজ্ঞা লিখিতে হইবে ও তাহাতে ভারপ্রাপ্ত জজ আপন নামের আদ্যক্ষর সংযোগ করিবেন।

৪৫। কোর্ট ফী ইষ্টাম্পের মূল্য ফেরত পাইবার দরখাস্ত প্রধান আমলার নিকট করিতে হইবে। তিনি নথীর সহিত দরখাস্ত মিলাইয়া দেখিয়া যদি টাকা ফেরত দিতে হইবে দেখিতে পান, তবে যে কাগজে কোর্ট ফী ইষ্টাম্প লাগান থাকে তাহার পৃষ্ঠে আজ্ঞার পাণ্ডুলিপি লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। তৎপরে কাগজপত্র আকৌণ্টাণ্টের নিকট পাঠাইয়া দিতে হইবে। তিনি প্রয়োজনমতে ১১ বা ১২ নং পাঠে টাকা দিবার আজ্ঞা প্রস্তুত করিবেন এবং টাকা দিবার আজ্ঞার রেজিষ্টরে বিশেষ বিবরণ লিখিবেন। অনন্তর দরখাস্ত অন্যান্য কাগজপত্র ও রেজিষ্টরের সহিত বিচারসংক্রান্ত কর্ত্তৃপক্ষের সম্মুখে পেশ করিতে হইবে। তিনি কার্য্যপ্রণালী নিয়মমত হইয়াছে বুঝিলে ইষ্টাম্পযুক্ত কাগজের পৃষ্ঠের ফেরত দিবার আজ্ঞা ও টাকা দিবার আজ্ঞা স্বাক্ষরিত করিতে ও রেজিষ্টরের লেখা কথায় আপন নামের আদ্যক্ষর সংযোগ করিতে পারিবেন। তদনন্তর টাকা দিবার আজ্ঞা খাজানাখানায় দিবার নিমিত্ত কিম্বা, ৫ টাকার অনধিক টাকা হইলে, আদালতের খাজাঞ্চীকে দিবার নিমিত্ত দরখাস্তকারিকে দেওয়া যাইবে।

কোর্ট ফীর মূল্যের অল্পটাকা ফিরাইয়া দিতে হইলে, তাহা ১২ নং পাঠের বৌচর লইয়া আদালতের নগদ টাকা হইতে দিয়া ক্যাশবহীতে লিখিয়া রাখিতে হইবে।

৪৬। হিসাব প্রণালীর সহিত যত দূর সম্পর্ক থাকে, আদালতের আজ্ঞাক্রমে টাকা দিবার প্রত্যেক দফা তদ্বিষয়ক টাকাপ্রাপ্তির দফার সহিত নিরত মিলাইয়া দেখা আবশ্যক, অর্থাৎ খাজানাখানার কোন আদালতের খরচের প্রত্যেক দফা তদ্বিষয়ক জমার দফার সহিত সংযোগ করা আবশ্যক, ঐ দুই দফার মধ্যে যত কেন সময়ের অন্তর থাকুক না। সুতরাং আদালত এই কার্য্যপক্ষে আবশ্যক বিবরণ আপনার ও খাজানাখানার নিমিত্ত সাবধানে সংগ্রহ করিবেন।

খাজাঞ্চীর টাকা দেওয়া।

৪৭। যে স্থলে খাজাঞ্চীর প্রতি টাকা দিবার আজ্ঞা দেওয়া যায় সেই স্থলে টাকা দিবার কথা খাজাঞ্চী সাধারণ ক্যাশবহীতে লিখিবেন ও টাকা দিবার আজ্ঞা বৌচর স্বরূপ রাখিয়া দিবেন।

"Paid" অর্থাৎ "টাকা দেওয়া গেল, এই কথা বৌচরের উপর লিখিয়া তাহাতে আপন নামের আদ্যক্ষর সংযোগ পূর্ব্বক খাজাঞ্চী বৌচরগুলি অকর্ম্মণ্য করিবেন। "Paid" চিহ্নিত ষ্টাম্প ব্যবহার করিতে হইবে না কারণ তাহাতে পরে খাজানাখানায় টাকা দেওয়া সূচিত হয়।

৪ পরিচ্ছেদ।—আদালতে মিটাইয়া দিবার বিধি।

এক কালীন লওয়া ও দেওয়া।

৪৮। দাতা ও গ্রহীতা উভয়েই আদালতের সম্মুখে উপস্থিত থাকিলে, উপরিলিখিত ৮ ধারার বিধানমতে উভয় পক্ষের মধ্যে সাক্ষাৎ সম্বন্ধে টাকা হস্তান্তরিত হইয়া তাহা লওয়া ও দেওয়া যাইতে পারিবে, এই ঘটনার মন্তব্যকথা মোকদ্দমার নথীতে লিখিয়া রাখিতে হইবে। এই ব্যাপার আদৌ আদালতের হিসাবে দৃষ্ট হইবে না। এই ধারামতে বাদিকে ক্ষতিপূরণ দেওয়া হইবে না। পশ্চাল্লিখিত ধারার আদেশমতে ঐ বিষয়ের কথা বহীতে লিখিতে হইবে।

উপরিলিখিত ধারায় যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইল, তাহা ফৌজদারী কার্য্যবিধানের ৩০৯ ধারামতে অভিযুক্ত ব্যক্তিকে ক্ষতিপূরণ দিবার বেলা কিম্বা ১৮৭০ সালের ৭ আইনের ৩১ ধারামতে অভিযুক্ত ব্যক্তিকর্ত্তৃক বাদিদিগকে ফী ফিরাইয়া দিবার বেলা ফৌজদারী আদালত অবলম্বন করিতে পারিবেন।

অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে বাদিদিগকে ক্ষতিপূরণ দেওয়া।

৪৯। ১০ নং পাঠে বাদির দরখাস্ত, এবং অভিযুক্ত ব্যক্তির সব জরিমানার চালান, প্রচলিত প্রণালীমতে প্রস্তুত করিয়া বহীতে লিখিতে হইবে, এবং টাকা লওয়া ও দেওয়া স্বতন্ত্র হইবে। (১) চালানের উপর যে আজ্ঞা লেখা যায় তাহাতে বিচারসংক্রান্ত কর্ত্তৃপক্ষ স্বাক্ষর করিবেন, এবং উক্ত টাকা লইবার জন্য কোর্ট ইনস্পেক্টরের উপর ঐ আজ্ঞা হইবে, এবং ১০ নং পাঠের দরখাস্তের উপর যে আজ্ঞা হয় তাহাতে উক্ত কর্ম্মচারির উপর টাকা দিবার আদেশ থাকিবে, কিন্তু তন্মধ্যে "অমুক ব্যক্তির স্থানে ঐ টাকা আদায় হইলে পর" এই কথাগুলি থাকিবে।

৫০। পূর্ব্বধারামতে যে সকল স্থলে লইয়া কার্য্য হয়, সেই সকল স্থলে কোর্ট ইনস্পেক্টরের টাকা হস্তান্তর করিয়া দিবার সর্টিফিকেট সম্বলিত নিয়মিত পৃষ্ঠলিপি সহিত দোকর চালান টাকাদাতাকে ফিরাইয়া দেওয়া যাইবে, এবং টাকা দিবার আজ্ঞা নিয়মিত রসীদ সমেত আদালতের হেফাজতে রাখা যাইবে।

---

(১) যখন ঐ ব্যাপার ঘটে সেই সময়েই জরিমানার রেজিষ্টরে ঐ কথা লিখিতে হইবে, কার্য্য শেষ হইয়া গেলে নহে।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮১ । ২৯ ম।চ]

৫ পরিচ্ছেদ।—হিসাব রাখিবার ও খাজানাখানায় চালান দিবার বিধি।

খাজানাখানার নিকটস্থ আদালত।

৫১। যে আদালত হইতে খাজানাখানায় একদিনে যাওয়া আসা করা যায় সেই আদালতে আকৌণ্টাণ্ট প্রত্যেক দিনের কার্য্য শেষ হইলে পর (১৪ নং পাঠের) খাজানাখানার পাস বহীতে লোকের নিকট হইতে নগদ যত টাকা পাওয়া গিয়াছে বা তাহাদিগকে যত টাকা দেওয়া হইয়াছে তাহা বিস্তারিত রূপে প্রদর্শন করিয়া নিয়মিত কথা লিখিবেন। যত টাকা পাওয়া যায় তাহা ডাইনদিকে লিখিতে হইবে, এবং (২ নং পাঠের) চালানের রেজিষ্টরের "আদালতে যে টাকা পাওয়া যায়" এই শীর্ষক মত ৫ ঘরে যে২ টাকা লেখা থাকে তাহাই ঐরূপে লিখিতে হইবে। যে টাকা দেওয়া যায় তাহা বামদিকে লিখিতে হইবে, এবং (১৩ নং পাঠের) টাকা দিবার আজ্ঞার রেজিষ্টরের "আদালতে যে টাকা দেওয়া যায়" এইশীর্ষকমত ৫ ঘরে যে টাকা প্রদর্শিত হয়, তাহাই ঐরূপে লিখিতে হইবে।

৫২। (ক) অবধি (চ) পর্য্যন্ত দফামতে আদালতে যে টাকা লওয়া বা দেওয়া যায় তৎসংক্রান্ত প্রত্যেক চালান ও টাকা দিবার আজ্ঞা পাস বহীতে বিস্তারিতরূপে দেখাইতে হইবে, এবং হিসাবের দফা প্রত্যেকের পার্শ্বে লিখিতে হইবে, তাহা হইলে খাজানাখানার কর্তৃপক্ষ ঐ সকল বৃত্তান্ত বিস্তারিতরূপে আপনার বহীতে তুলিয়া লইতে ও যথাযথরূপে তৎসমুদয় শ্রেণীবদ্ধ করিতে সমর্থ হইবেন।

প্রত্যেক চালানের ও টাকা দিবার আজ্ঞার মোট টাকা মাত্র পাস বহীতে দেখান আবশ্যক। প্রত্যেক চালানে যত কেন হউক না দফা থাকিতে পারে কিন্তু তৎসমুদয় হিসাবের একই শীর্ষকের মধ্যে পড়িবে।

ভার প্রাপ্ত জজকর্তৃক পরীক্ষা।

৫৩। ভারপ্রাপ্ত জজ (১) খাজাঞ্চীর সাধারণ ক্যাশবহির সহিত আদালতে যে টাকা লওয়া ও দেওয়া যায় তাহার চালানের টাকা ও দিবার আজ্ঞার রেজিষ্টর মিলাইয়া, (২) উভয়ের সহিত খাজানাখানার পাস বহী মিলাইয়া, এবং (৩) সাধারণ সংক্ষিপ্ত ক্যাশবহীতে যে বাকী দেখা যায় তাহার সহিত জরুরী ক্যাশবহির বাকী মিলাইয়া, হিসাব পরীক্ষা করিবেন।

প্রাত্যহিক চালান।

৫৪। খোরাকী সম্বন্ধে খাজাঞ্চীর হিসাবে যত টাকা বাকী থাকে, প্রতিদিন সাধারণ ক্যাশবহী পাস করিবার সময় তাহা দেখিতে হইবে। এই দফায় অত্যধিক টাকা জমা হওয়া নিবারণার্থে ভারপ্রাপ্ত জজ তন্মধ্যে যত টাকা পরামর্শসিদ্ধ জ্ঞান করেন তত টাকা আমানত করিয়া লইতে পারেন। ঐ রূপে যত টাকা আমানত করিয়া লওয়া যায়, তাহা পরে আবশ্যক হইলে পূর্ব্ব নির্দ্দিষ্ট প্রকারে আমানতী টাকা হইতে বাহির করিয়া লইয়া জরুরী ক্যাশবহীতে জমা দেওয়া যাইতে পারে। উক্তরূপ টাকা তিন বৎসর আমানত থাকিলে, আমানত বাজেয়াপ্ত সংক্রান্ত ৯৫ ধারামতে গবর্ণমেণ্টে জমা করিয়া লইতে হইবে।

৫৫। প্রতি দিনের হিসাবে আপন নামের আদাক্ষর সংযোগ করিয়া এবং ক্যাশবহীতে স্বাক্ষর করিয়া, ভারপ্রাপ্ত জজ নিট নগদ টাকা ও সমুদয় চালান ও টাকা দিবার আজ্ঞা সহিত পাসবহী খাজানাখানায় পাঠাইবেন। এইরূপে যে দিন যে চালান করা যায় সেই দিনের দেওয়া বলিয়া তাহা ক্যাশবহীতে লিখিতে হইবে।

নূতন দিনের কার্য্যারম্ভ হইবার পূর্ব্বে এরূপ করা আবশ্যক, এবং উক্তরূপ প্রত্যেক চালান করিবার পর খাজাঞ্চীর হস্তে কেবল জরুরী নগদ লেন দেনের বাকী ও ৩২ ধারার উল্লিখিত অন্যান্য বাকী টাকা থাকিবে।

যে দিন আদালতে মোট যত নগদ টাকার চালান পাওয়া যায় তাহা হইতে টাকা দিবার আজ্ঞামত মোট যত টাকা আদালত হইতে দেওয়া হয় তাহা বাদদিলে, খাজানাখানায় বাকী যত নগদ টাকা চালান করিতে হইবে তাহা পাওয়া যাইবে। ঐরূপে যে টাকা চালানকরা যায় তাহা (১৩ নং পাঠের) পাসবহীর শেষে চালানের পৃষ্ঠে লিখিতে হইবে, নতুবা খাজানাখানার কর্তৃপক্ষের স্বতন্ত্র চালান আবশ্যক হইবে।

খাজানাখানার নিকটস্থ নহে এরূপ আদালত।

৫৬। বহিঃস্থ ষ্টেশনে উপরিনির্দ্দিষ্ট প্রকারে ক্যাশবহীর বাকী কাটিতে হইবে, এবং (ক) অবধি (চ) পর্য্যন্ত দফামত জমাখরচের ও জরুরী হিসাবের বাকীর জের পরদিনের হিসাবে টানিতে হইবে। ৫৩ ধারার নির্দ্দিষ্ট প্রণালীমতে প্রতি দিন হিসাবের বাকী কাটিতে ও হিসাব সকল মিলাইয়া দেখিয়া তাহাতে স্বাক্ষর করিতে হইবে। কিন্তু হিসাবের সহিত খাজানাখানার পাসবহী মিলাইয়া না দেখিয়া ভারপ্রাপ্ত জজ দেখিবেন যে আদালতের বাকীর জের ঠিক হইতেছে এবং অন্ততঃ সপ্তাহে এক বার জানিয়া লইবেন যে টাকা বস্তুতঃ খাজাঞ্চীর হস্তে আছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

নিয়মিত কালান্তর যে চালান পাঠান যায় ।

৫৭। প্রত্যেক মাসের শেষ দিনে এবং ১৭ ধারার বিধানমতে সময়েং খাজানাখানার পাসবহীর হিসাব নিকাশ করিয়া খাজানাখানায় শেষ চালান পাঠান অবধি আদালতে যত টাকা পাওয়া ও দেওয়া গিয়াছে দেখাইতে হইবে। পাসবহীর শুদ্ধতা পরীক্ষিত হইলে, উহা সমুদয় চালান ও টাকা দিবার আজ্ঞা সহিত খাজানাখানায় প্রেরিত হইবে। যত টাকা দেওয়া যায় তদধিক টাকা পাওয়া গিয়া থাকিলে, অতিরিক্ত টাকা খাজানাখানায় পাঠাইতে হইবে, বিপরীতরূপ হইলে, যত টাকা কমতি পড়ে তাহা খাজানাখানা হইতে পাওয়া যাইবে। উভয় স্থলেই এই কার্য্য সম্পন্ন হইবার পর খাজাঞ্চীর হস্তে জরুরী নগদ টাকার বাকীর অতিরিক্ত কেবল স্থায়ী অগ্রিমদত্ত টাকা থাকিবে। শেষোক্ত টাকা খাজানা-খানা হইতে দূরে থাকাতে টাকা দিবার কার্য্য চালাইবার নিমিত্ত আদালতকে দেওয়া হইয়া থাকে।

খাজানাখানার সহিত মিলন।

৫৮। প্রত্যেক মাসে চালান পাঠাইবার শেষ দিন এরূপে ধার্য্য করিতে হইবে যে, খাজাখানায় শেষ যে টাকা দেওয়া বা লওয়া যায় তাহা খাজানাখানার বা মহকুমার খাজানাখানায় ঐ মাসের হিসা-বের মধ্যে পড়িতে পারে (৭১ ধারা দেখ), নতুবা ভারপ্রাপ্ত জজের মাসিক হিসাবের সহিত খাজানাখা-নার হিসাব মিলিবে না। এই চালান পাঠাইবার পর আদালতে যে লেনদেনের কার্য্য হয়, তাহা যথাযোগ্য তারিখে লেখা হইলেও, পর মাসের হিসাব, রেজিষ্টর ও রিটর্ণের মধ্যে গণ্য বলিয়া বিবেচিত হইবে।

চালান সংক্রান্ত বিধি।

৫৯। ভারপ্রাপ্ত জজ দেখিবেন যে তাঁহার আদালত হইতে যে টাকা চালান করা যায় তাহা প্রকৃত প্রস্তাবে খাজানাখানায় পঁহুছে এবং খাজানাখানার কর্তৃপক্ষ তাহা পাস বহীতে স্বীকার করেন।

৬০। উক্তরূপ চালান পাঠাইবার সময়ে টাকার সহিত রক্ষক প্রেরণ সংক্রান্ত পোলীস বিষয়ক বিধি নিয়মিতরূপে পালন করিতে হইবে।

৬১। মহকুমার কর্তৃপক্ষদের মফঃসল ভ্রমণকালে তাঁহাদের খাজানাখানা বন্ধ হইলে, যে ষ্টেশনে খাজানাখানা নাই সেই ষ্টেশনের কার্য্যকারকদের প্রতি, পূর্ব্বগত যেং ধারা খাটে মুন্সেফের তদনুসারে চলিবেন, এবং আবশ্যক হইলে উদ্বর্ত্ত নগদ টাকা জিলার খাজানাখানায় চালান করিবেন। সময়েং মহ-কুমার কর্তৃপক্ষ সদর মোকামে প্রত্যাগমন করিলে, মুন্সেফেরা সেই সুযোগে আপনাদের সম্ভাবিত প্রয়োজনের প্রতি উপযুক্ত দৃষ্টি রাখিয়া, যতদূর পারেন আপনাদের হাতের বাকী নগদ টাকা কমাইয়া ফেলিবেন।

খাজানাখানার আডবাইস লিষ্টি।

৬২। প্রত্যেক দিনের কার্য্য শেষ হইলে, সদরেরই হউন বা মহকুমারই হউন, খাজানাখানার কর্তৃ-পক্ষ ঐ দিনের মধ্যে খাজানাখানার হিসাবে প্রত্যেক ভারপ্রাপ্ত জজের যত চালান ও টাকা দিবার আজ্ঞা ধরা গিয়াছে, ১৫ নং পাঠে তাহার আডবাইস লিষ্টি প্রস্তুত করিয়া ঐ জজের নিকট পাঠাইবেন খাজানাখানায় বা মহকুমার খাজানাখানায় যাহার টাকা নগদ পাওয়া বা দেওয়া হইয়াছে এরূপ সমুদয় চালান ও টাকা দিবার আজ্ঞা ঐ লিষ্টিতে বিস্তারিতরূপে লিখিতে হইবে, আর (৫৫ ধারামতে) পাস বহী হইতে যাহা খাজানাখানার হিসাবে গৃহীত হয়, তাহা "তোমার তারিখের পাস বহীমত" এইরূপে বর্ণনা করিয়া জমাখরচের প্রত্যেক দিকে এক একটি মোট করিয়া ধরিতে হইবে।

যদি জিলার মাজিষ্ট্রেট সাহেবের আদালত খাজানাখানার এরূপ নিকটে থাকে যে ৬৪ ধারায় উল্লিখিত মাজিষ্ট্রেটর রেজিষ্টর খাজানাখানার কর্তৃপক্ষ কর্তৃক মিলাইয়া দেখিয়া তদীয় নামের আদ্যাক্ষর সংযোগ করণার্থ প্রত্যহ পাঠান যাইতে পারে, তবে প্রাত্যহিক আডবাইস লিষ্টির পরিবর্ত্তে অধিকতর সুবিধাজনক বোধ হইলে এই প্রণালী অবলম্বন করা যাইতে পারিবে।

৬৩। জিলার জজ সাহেবের নিমিত্ত সদর খাজানাখানায় যে লিষ্টি প্রস্তুত হয়, তন্মধ্যে জজের আপন আদালতের জন্য যে টাকা পাওয়া ও দেওয়া যায় তদতিরিক্ত তাঁহার অধীন আদালতের লেনদেনের কার্য্যও ধরিতে হইবে। কিন্তু এই সকল টাকার কথা বিস্তারিতরূপে লিখিবার প্রয়োজন নাই, হিসাবে পাস বহীর যে সকল কথা ধরা যায় তৎসমেত প্রত্যেক আদালত সম্বন্ধে যত টাকা জমা ও খরচ হয় তাহার এক একটি মোট ধরিলেই হইবে।

জজের মিলাইয়া দেখা।

৬৪। এই আডবাইস লিষ্টি পাইলে ভারপ্রাপ্ত জজ তৎপ্রদর্শিত চালানের ও টাকা দিবার আজ্ঞার বিশেষ বিবরণ (২ ও ১৩ নং পাঠের) আপনার চালানের রেজিষ্টরের ও টাকা দিবার আজ্ঞার রেজি-ষ্টরের বিস্তারিত বিবরণের সহিত মিলাইয়া দেখিবেন; এবং খাজানাখানার কর্তৃপক্ষের সার্টিফিকেটমতে বাস্তবিক জমা ও খরচ হইবার তারিখ উক্ত কার্য্যের নিমিত্ত নির্দ্দিষ্ট ঘরে লেখাইবেন।

৬৫। ৬৮ ধারার নির্দ্দিষ্টমতে ভারপ্রাপ্ত জজ আমানতী টাকার রেজিষ্টরে খতিয়ান মিলাইয়া দেখিবার সময়ে এই সকল কথায় আপন নামের আদ্যাক্ষর সংযোগ করিবেন।

৬ পরিচ্ছেদ।—আমানতী টাকার রেজিষ্টর বিষয়ক বিধি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

খুচরা আমানতী টাকা পৃথক্ করণ।

৬৬। ১৬ নং পাঠে আমানতী টাকার দুইখান রেজিষ্টর এবং ১৭ নং পাঠে আমানতী টাকা ফেরত দিবার দুইখান রেজিষ্টর রাখা যাইবে। ইহার মধ্যে একখানের নাম A চিহ্নিত আমানতীটাকার রেজিষ্টর হইবে, এবং তাহাতে আদৌ ৫ টাকার অধিক আমানতী টাকা লেখা থাকিবে। অন্য খানের নাম B চিহ্নিত আমানতী টাকার রেজিষ্টর হইবে, এবং তাহাতে আদৌ ৫ টাকার অনধিক আমানতী টাকা লেখা থাকিবে। উভয় রেজিষ্টরই একই পাঠে রাখিতে হইবে এবং একই প্রকারে উভয়েরই খতিয়ান হইবে, কিন্তু উভয়ের স্বতন্ত্র নম্বর শ্রেণী হইবে (পরবর্ত্তী ধারা দেখ), ঐ নম্বর যথাক্রমে আদ্যাক্ষর A ও B দ্বারা চিহ্নিত হইবে।

খতিয়ান করণ।

৬৭। খাজানাখানার আউটাইন লিষ্টি পাওয়া গেলেই (৬২ ধারা), আমানতী টাকার রেজিষ্টর যে তারিখের সহিত সম্পর্ক রাখে সেই তারিখের নিমিত্ত ঐ রেজিষ্টরে নিম্নলিখিত প্রকারে খতিয়ান করা যাইবে। প্রথমতঃ ঐ তারিখে আদালতে যত নগদ টাকার কর্ম্ম হয় তাহার খতিয়ান হইবে, চালানের রেজিষ্টরের ৫ ঘর হইতে জমা এবং টাকা দিবার আজ্ঞার রেজিষ্টরের ৫ ঘর হইতে খরচ নকল করিয়া লইতে হইবে। তৎপরে খাজানাখানার লেনদেন আউটাইন লিষ্টি হইতে লিখিয়া লইতে হইবে, এই লিষ্টির ভিন্ন২ দফা ২ ও ১৩ নং রেজিষ্টরের সহিত মিলাইয়া দেখিতে হইবে।

প্রাপ্ত টাকার রেজিষ্টর।

৬৮। এই সকল রেজিষ্টরে আমানতী টাকার সকল দফার উপরিলিখিত আদেশমতে বৎসর২ ক্রমিক নম্বর শ্রেণী দিতে হইবে, ঐ নম্বর শ্রেণী আপ্রিল মাসের প্রথম দিবসে আরম্ভ করিয়া প্রত্যেক রাজকীয় বৎসরের মার্চ মাসের শেষ দিবসে শেষ হইবে। প্রথমে কেবল প্রথম আট ঘর পূরণ করিতে হইবে, পরে যে টাকা ফেরত দেওয়া যায় তাহা লিখিবার নিমিত্ত অন্য ঘর গুলি অভিপ্রেত।

দাওয়া প্রভৃতি লিখন।

৬৯। আকৌণ্টাণ্টের সেরেস্তায় আমানতী টাকার যে রেজিষ্টর থাকে, টাকা বাহির করিবার দরখাস্ত লইয়া অবিলম্বে কার্য্য করিবার নিমিত্ত যে সকল বৃত্তান্ত আবশ্যক হয় প্রত্যেক দফা সম্বন্ধে সেই রেজিষ্টরে সেই সকল বৃত্তান্ত বিবৃত থাকা প্রয়োজনীয়। এই নিমিত্ত ডিক্রী সংক্রান্ত যে সমুদয় ক্রোকী পরওয়ানা ও অন্য আদালতে পাঠাইবার আজ্ঞা হয় এবং পক্ষদের নামপরিবর্ত্তন সংক্রান্ত যে সকল আজ্ঞা ডিক্রী সম্পর্কীয় বা অন্য আমানতী টাকার প্রতি বর্ত্তে, তৎসমুদয় তৎকালেই আমানতী টাকার রেজিষ্টরে লিখিয়া রাখিতে হইবে। সেরেস্তাদারকে বা তাঁহার তত্ত্বাবধানের অধীন অন্য কোন নির্দ্দিষ্ট কর্ম্মচারিকে এই কর্ম্ম নিমিত্ত দায়ী করিতে হইবে।

আকৌণ্টাণ্টকে বা আকৌণ্টাণ্টের মহুরীকে সংবাদ দিলেই সেরেস্তাদারের দায় শেষ হবে কি না, ইহা প্রত্যেক আদালত আপন বিবেচনামতে স্থির করিবেন, কিন্তু কোনরূপ নির্দ্দিষ্ট আজ্ঞা এবিষয় লইতে লিপিবদ্ধ করিতে হইবে।

টাকা ফেরত দিবার রেজিষ্টর।

৭০। (১৭ নং পাঠের) আমানতী টাকা ফেরত দিবার রেজিষ্টর খাজানাখানার আউটাইন লিষ্টি ও টাকা দিবার আজ্ঞার রেজিষ্টর হইতে উপরি লিখিত আদেশমতে খতিয়ান করিয়া পূরণ করিতে হইবে।

মাসের হিসাব শেষ করণ।

৭১। প্রতি মাসের শেষ যে দিনে সদর খাজানাখানা খোলা থাকে, সেই দিনে সদর মোকামের আদালতের আমানতী টাকার রেজিষ্টর ও আমানতী টাকা ফেরত দিবার রেজিষ্টর ঠিক দিয়া শেষ করা যাইবে, এবং যে দিনে মফস্বলের খাজানাখানার হিসাব সেই মাসের নিমিত্ত এপ্রকারে চূড়ান্তরূপে শেষ করা যায় যে আদালতের বহীতে ও রিটর্ণে যে সময় ও লেনদেনের কার্য্য ধরা যায় তাহা খাজানাখানার বহীতে ও রিটর্ণে গৃহীত সময়ের ও লেনদেনের কার্য্যের সহিত ঠিক২ মিলে, সেই দিনে মফস্বলের আদালতের আমানতী টাকার রেজিষ্টর ও আমানতী টাকা ফেরত দিবার রেজিষ্টর ঠিক দিয়া শেষ করা যাইবে।

সাবধান হইয়া এরূপ সময়ে শেষ চালান খাজানাখানায় পাঠাইতে হইবে, যে, উহা যে মাস সম্পর্কীয় হয়, সেই মাসের খাজানাখানার হিসাবে লিখিত হইতে পারিবে।

৬৮ ধারার নির্দ্দিষ্ট প্রত্যেক প্রকারের আমানতী টাকার রেজিষ্টরে মাসের লিখিত কথার শেষে নিম্নলিখিত পাঠে জমাখরচের মর্ম্মাত্মকলিপি লিখিতে হইবে।—

গত মাসের আমানতী টাকার বাকী	...	.	টাকা
রেজিষ্টরমতে যত টাকা মাসের মধ্যে পাওয়া যায়		.	টাকা
মোট	.	..	টাকা
রেজিষ্টরমতে ফেরত দেওয়া যায়	...	.	
মাসের শেষে আমানতী টাকার বাকী	...	...	টাকা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৯ মার্চ।]

৭ পরিচ্ছেদ।—অধীন আদালতের উপর কর্তৃত্ব বিষয়ক বিধি।

দায়িত্ব।

৭২। যে জজের সর্টিফিকেট বা আদেশমতে আমানতী টাকা দেওয়া যায়, তিনি ঐ টাকার জন্য দায়ী। খুজর বা B চিহ্নিত আমানতী টাকা লওয়া ও দেওয়া গেলে, তাঁহার কার্য্যের উপর কোন বিস্তারিত শাসন থাকে, না, এতদ্‌ সম্বন্ধে তাঁহার প্রতি যে হিসাব দিবার আদেশ আছে, তাহাতে মোট-মাত্র দেখান হয়, কিন্তু A চিহ্নিত আমানতী টাকার বেলা, যেসকল টাকা পাওয়া গিয়া যে মাসে পাওয়া যায় সেই মাসে বাহির করিয়া দেওয়া না যায় এবং উক্তরূপ আমানতী কোন টাকার কিয়দংশ বাহির করিয়া দেওয়া গেলে তাহার যে টাকা বাকী থাকে, তৎসম্বন্ধে জেলার জজ সাহেবের নিকট রিপোর্ট করিতে হইবে, এবং তাহা উক্ত কার্য্যকারকের হিসাবে ও তিনি আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট যে রিটর্ণ পাঠান সেই রিটর্ণে ধরিতে হইবে।

অধীন আদালতের দৈনিক রিটর্ণ।

৭ । প্রতিদিন খাজানাখানার আডবাইস পাওয়া গেলে এবং আমানতী টাকার ও অন্য রেজিষ্টর লিখিত হইয়া উহার সহিত মিলাইয়া দেখা গেলে, যে দিনের সহিত সম্পর্ক রাখে সেই দিনের লেন-দেনের কার্য্য প্রদর্শক দুই খান বর্ণনাপত্র ভারপ্রাপ্ত জজ প্রস্তুত করিয়া জিলার জজ সাহেবের নিকট পাঠাইবেন। এই দুই খানির মধ্যে একখানি (১৮ নং পাঠে) বর্ণনাপত্রে আমানতী টাকার রেজিষ্টরের লিখিত মোট টাকা এবং রেজিষ্টরের গৃহীত অন্যান্য লেনদেন সংক্রান্ত টাকার মোট (১০৮ ও ১০৯ ধারা দেখ) দেখাইতে হইবে, দ্বিতীয় খানি (১৭ নং পাঠের) আমানতী টাকা ফেরত দিবার রেজিষ্টরের ১ খণ্ড হইতে উদ্ধৃত হইবে, ইহাতে পূর্ব্বং মাস যে সকল টাকা আমানতস্বরূপ পাওয়া যায় তাহা ফেরত দিবার বিশেষ বৃত্তান্ত প্রদত্ত হইবে। প্রথম বর্ণনাপত্র খানির তলভাগে ভারপ্রাপ্ত জজ এই সর্টিফিকেট লিখিবেন যে B চিহ্নিত আমানতী টাকার রেজিষ্টর ঐ তারিখ পর্য্যন্ত লিখিত হইয়াছে এবং সুধারামত আছে।

ইহা দৃষ্ট হইবে যে, বাস্তবিক যত টাকা লওয়া ও দেওয়া হয় এই দুইখানি রিটর্ণে তাহা দেখাইবার অভিপ্রায় আছে। সুতরাং ঐ রিটর্ণ আমানতী টাকার রেজিষ্টর হইতে সঙ্কলন করিতে হইবে, চালানের ও টাকা দিবার আজ্ঞার রেজিষ্টর হইতে নহে।

৭৪। বহিঃস্থ ষ্টেশনে দৈনিক রিটর্ণ পাঠাইতে কিঞ্চিৎ বিলম্ব অনিবার্য্য, কিন্তু খাজানাখানার আডবাইস লিপি আদালতে পঁহুছিতে যে সময়ের প্রয়োজন, বিলম্ব তদধিক হওয়া উচিত নহে। যে তারিখে রিটর্ণগুলি প্রকৃত প্রস্তাবে স্বাক্ষরিত হয়, ভারপ্রাপ্ত জজ সেই তারিখ তদুপরি লিখিয়া রাখিবেন।

ভারপ্রাপ্ত জজ কর্তৃক মিলাইয়া দেখা।

৭৫। রিটর্ণে স্বাক্ষর করিবার সময়ে ভারপ্রাপ্ত জজের সম্মুখে চালানের ও টাকা দিবার আজ্ঞার রেজিষ্টর, আমানতী জমা ও খরচের রেজিষ্টর, ও খাজানাখানার আডবাইস লিপি থাকা উচিত, এবং মিলাইয়া দেখিয়া ৯ ঘরে আপন নামের আদ্যক্ষর সংযোগ করিয়া তিনি ২ ও ১১ নং রেজিষ্টরের ৮ ঘরের লিখিত কথার সাক্ষীস্বরূপ এবং ৭ ও ১৩ ঘরে যথাক্রমে আপন নামের আদ্যক্ষর সংযোগ করিয়া আমানতী জমার ও খরচের রেজিষ্টরের লিখিত কথার সাক্ষীস্বরূপ হইবেন।

জিলার জজ কর্তৃক পরীক্ষা।

৭৬। অধীন আদালতের প্রদত্ত বর্ণনাপত্র জিলার জজ সাহেবের আফিসে পাওয়া গেলে, তদ্দ্বযে খাজানাখানার কর্তৃপক্ষেরা ৬৩ ধারামতে যে আডবাইস লিপি পাঠান তাহার সহিত মিলাইয়া দেখা যাইবে। যদি নিয়ামত কালান্তর চালান পাঠাইবার বিধির প্রতি মনোযোগ দেওয়া হইয়া থাকে বহিঃস্থ ষ্টেশনের বেলা ভারপ্রাপ্ত জজ সমুদয় মাসের যে মোট টাকাগুলি দেন তাহা খাজানাখানার কর্তৃপক্ষের প্রেরিত মোট টাকাগুলির সহিত মিলিবে। মাসের মধ্যে প্রথমোক্ত মোট টাকাগুলি সামান্যতঃ শেষোক্ত মোট টাকাগুলি অপেক্ষা অধিক হইবে, এবং আদালত যে নগদ টাকা লেন দেনের আডবাইস পাঠান কিন্তু যাহা খাজানাখানার বহীতে গৃহীত হয় নাই, তাহাই প্রভেদের কারণ বলিয়া গণ্য করিতে হইবে। খাজানাখানার নিকটস্থ আদালতের বেলা বিধি ঠিক পালন করা গেলে, এরূপ প্রভেদ হইবে না। উক্তরূপ প্রভেদ দৃষ্ট হইলে, জিলার জজ সাহেবের আজ্ঞাক্রমে মিলাইবার নিমিত্ত অবিলম্বে উপায় অবলম্বন করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ মার্চ।]

জজের মোট টাকাগুলির রেজিষ্টর।

৭৭। পরীক্ষা করিয়া দেখিয়া আমানতী জমার ও খরচের মোটগুলি একখানি রেজিষ্টরে তুলিয়া লইতে হইবে। জিলার জজ সাহেব ১৯ নং পাঠে এই রেজিষ্টর রাখিবেন। এই রেজিষ্টরে দুইপ্রস্ত ঘর আছে, এক প্রস্ত A চিহ্নিত আমানতী টাকা সংক্রান্ত, এবং অপর প্রস্ত B চিহ্নিত আমানতী টাকা সংক্রান্ত। মাসের রেজিষ্টরের স্বতন্ত্র অংশ এক একটি অধীন আদালতের নিমিত্ত রাখিতে হইবে, অর্থাৎ মাস বিশেষের নিমিত্ত যে পত্রগুলি থাকে, সম্ভাবিত কার্য্য বিবেচনায় তাহার কএক পৃষ্ঠা করিয়া এক একটি অধীন আদালতের জন্য রাখিয়া দিতে হইবে। এইরূপে প্রত্যেক অধীন আদালত সংক্রান্ত দফাগুলি একক্রমে তারিখ অনুসারে থাকিবে, এবং মাসের শেষে তাহাদের মোট গ্রহণ করা যাইবে।

৭৮। রেজিষ্টরের যে অংশ B চিহ্নিত আমানতী টাকা সংক্রান্ত, সেই অংশে দৈনিক বাকীর এক ঘর দেওয়া গিয়াছে। জমা ও পূর্ব্ব দিনের বাকী যোগ করিয়া তাহা হইতে খরচ বাদ দিয়া ঐ বাকী কাটিতে হইবে। অল্প টাকার জমা খরচ সম্বন্ধে অধীন আদালতের উপর জিলার জজ সাহেব যাহাতে সহজে কর্তৃত্ব করিতে পারেন তাহার উপায় বিধান করা দৈনিক বাকীর উদ্দেশ্য, কারণ জমা অপেক্ষা খরচ অধিক হইলে তৎক্ষণাৎ ধরা যাইবে।

A চিহ্নিত আমানতী টাকা ফেরতের খতিয়ান।

৭৯। তৎপরে (১৭নং পাঠের) আমানতী টাকা ফেরত দিবার বিস্তারিত দৈনিক রেজিষ্টর লইয়া, (১৬ নং পাঠের) আমানতী টাকা পাইবার জজের দৈনিক রেজিষ্টরের তদ্বিষয়ক লিখনের পার্শ্বে টাকা ফেরত দিবার কথা তুলিয়া লইতে হইবে, এবং তিনি যে টাকা ফেরত দিবার আজ্ঞা দেন তাহাতে যে প্রকারে হয়, সেই প্রকারে ঐকথায় জিলার জজ সাহেব আপন নামের আদ্যাক্ষর সংযোগ করিবেন, কিম্বা তাঁহার আজ্ঞা ক্রমে তাঁহার আদালতের প্রধান আমলা উহাতে আপন নামের আদ্যাক্ষর সংযোগ করিবেন। তৎকালেই ঐ কথা (১৭ নং পাঠের) আমানতীটাকা ফেরত দিবার রেজিষ্টরেও নকল করিয়া লইতে হইবে।

জজের রেজিষ্টরে যেমন প্রত্যেক টাকা দিবার কথা লিখিত হয়, জিলার যে নম্বরের পার্শ্বে ঐ টাকা দেওয়া ধরা যায় (৮০ধারা) তাহা অধীন আদালতের রিটর্ণে লিখিতে হইবে।

টাকা ফেরত দিবার কথা লিখিবার সময়ে সাবধান হইয়া দেখিতে হইবে যে, ফেরত দেওয়া গেল বলিয়া যে টাকার সম্বন্ধে রিপোর্ট হয় বস্তুতঃ তাহা ফেরত দিবার যোগ্য, এবং গবর্ণমেণ্টে যে টাকা জমা দেওয়া উচিত তাহা ব্যক্তি বিশেষকে ফেরত দেওয়া না হয়।

মাসিক রিটর্ণ।

৮০। (ক) A চিহ্নিত যে সকল আমানতী টাকা পাওয়া গিয়া মাসের মধ্যে সম্পূর্ণরূপে ফেরত দেওয়া না হয়, মাসের শেষে অধীন আদালত সকল জিলার জজ সাহেবের নিকট তৎসংক্রান্ত বর্ণনা পত্র পাঠাইবেন। এই বর্ণনাপত্র (১৬ নং পাঠের) আমানতী টাকার রেজিষ্টর হইতে উদ্ধৃত হইবে, এবং ঐ মাসের মধ্যে যে সকল দফার টাকা সম্পূর্ণরূপে ফেরত দেওয়া যায় সেই সকল দফা ইহাতে ধরিতে হইবে না। প্রাপ্ত আমানতী টাকার কিয়দংশ সেই মাস মধ্যে ফেরত দেওয়া গেলে, অদত্ত বাকী টাকাই কেবল এই বর্ণনাপত্রে দেখাইতে হইবে। অধীন আদালত যে তারিখে চালান করেন ও জিলার আদালত যে তারিখে প্রাপ্ত হন, এই বর্ণনাপত্রে তাহা লিখিতে হইবে।

ব্যাখ্যা।—সেই মাসের মধ্যে কোন খরচ হওয়াতে A চিহ্নিত আমানতী টাকার বাকী ৫৲ টাকার কম হইয়া পড়িলে, তাহা A চিহ্নিত আমানতী টাকার মধ্যেই ধরিতে হইবে, B চিহ্নিত টাকার মধ্যে নহে।

(খ) এতদতিরিক্ত প্রত্যেক বৎসরের মার্চ মাসের ৩. তারিখে অধীন আদালত সকল জিলার আদালতে এই সার্টিফিকেট পাঠাইবেন যে, ৪২ ধারার (খ) প্রকরণমতে অর্পকদ্য করিবার যোগ্য যে আজ্ঞার টাকা লওয়া হয় নাই তাহা তাঁহাদের রেজিষ্টরে চিহ্নিত করা গিয়াছে।

জমাখরচের মর্ম্মাত্মক লিপি।

৮১। আমানতী টাকার মাসিক বর্ণনাপত্রের সহিত নিম্নলিখিত পাঠে জমাখরচের মর্ম্মাত্মকলিপি দিতে হইবে।—

		টাকা।
গত মাসের বাকী ...	..	..
A চিহ্নিত আমানতী যত টাকা মাসের মধ্যে পাওয়া যায়।	মাসের মধ্যে ফেরত দেওয়া	
	ঐ ঐ না দেওয়া।	
B চিহ্নিত আমানতী যত টাকা মাসের মধ্যে পাওয়া যায়		
	মোট	
A চিহ্নিত আমানতী যত টাকা মাসের মধ্যে ফেরত দেওয়া যায়	মাসের মধ্যে প্রাপ্ত ..	
	পূর্ব্ব মাসে প্রাপ্ত ...	
B চিহ্নিত আমানতী যত টাকা মাসের মধ্যে ফেরত দেওয়া যায় ..		
আমানতী যত টাকা বাকী থাকে,		

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

সর্টিফিকেট।

চলানের, টাকা দিবার আজ্ঞার, আমানতী টাকার, ও বিবিধ বিষয়ক প্রাপ্ত টাকার রেজিষ্টরে খাজানাখানার আডবাইস হইতে যাহা কিছু তুলা হইয়াছে, ঐ আডবাইসের সহিত তাহা মিলাইয়া দেখিয়া, এই সর্টিফিকেট দেওয়া যাইতেছে যে পাওয়া ও দেওয়া হইয়াছে বলিয়া যেং টাকা উপরে লিখিত হইল তাহার শুদ্ধতা বিষয়ে সন্দেহ নাই

জিলার জজ কর্ত্তৃক পরীক্ষা।

৮২। মাসিক বর্ণনাপত্র ও জমা খরচের মর্ম্মাত্মক লিপি পাওয়া গেলে, (১৯ নং পাঠের) রেজিষ্টর তাহাদের সহিত মিল হয় দেখা যাইবে। প্রথমতঃ, A চিহ্নিত আমানতী টাকা সম্বন্ধে "এই মাসের হিসাবে যত টাকা ফেরত দেওয়া গেল" এই শীর্ষকের ঘরের মোট জমাখরচের মর্ম্মাত্মক লিপিতে প্রদর্শিত টাকার সহিত মিলিবে, এবং এই টাকা "মোট যত টাকা পাওয়া গেল" এই শীর্ষকের ঘরের মোট টাকা হইতে বাদ দিলে, বাকী যাহা থাকে তাহা, যে আদালত সংক্রান্ত অঙ্ক ধরা যায় সেই আদালত হইতে প্রাপ্ত A চিহ্নিত আমানতী বাকী টাকার বর্ণনাপত্রের মোটের সহিত ঠিকং মিলিবে, অর্থাৎ জমাখরচের মর্ম্মাত্মক লিপিতে যে বাকী থাকে তাহা হইতে জজের রেজিষ্টরে প্রদর্শিত B চিহ্নিত আমানতী টাকার বাকী বাদ দিলে যাহা থাকে তাহার সহিত মিলিবে। দ্বিতীয়তঃ, B চিহ্নিত আমানতী টাকা সম্বন্ধে ৯২ ধারামত বার্ষিক বর্ণনাপত্র পাওয়া গেলেই কেবল বৎসরে একবার বাকী টাকা বিস্তারিতরূপে পরীক্ষা করিয়া দেখা যাইতে পারে, কিন্তু প্রত্যেক মাসে প্রথম ও শেষ বাকীর মধ্যে যে প্রভেদ দৃষ্ট হয়, তাহা জমা খরচের মর্ম্মাত্মক লিপিতে লিখিত জমা হইতে খরচ বাদ দিলে যাহা হয় তাহার সহিত মিলিবে।

A চিহ্নিত আমানতী টাকার খতিয়ান।

৮৩। অধীন আদালতের A চিহ্নিত আমানতী টাকার বিস্তারিত মাসিক বর্ণনাপত্রে যেং অঙ্ক থাকে, জিলার জজ সাহেব তৎসমুদয় আপন আমানতী টাকার রেজিষ্টরে লিখিয়া লইবেন, এবং আপন নম্বর শ্রেণীর অনুক্রমে তাহাদের নম্বর দিবেন, পরে দেখিবার সুবিধার জন্য তাহাদের মূল নম্বরও জিলার নম্বরের নীচে লিখিয়া রাখিতে হইবে।

জজ অঙ্কগুলি পরীক্ষা করিয়া দেখিবেন যে, কোন টাকা অন্যায়রূপে আমানত রাখা যায় নাই, এবং গবর্ণমেণ্টে যে টাকা জমা দেওয়া উচিত তাহা আমানত রাখা গিয়াছে দেখিলে তদনুসারে অধীন আদালতের প্রতি আদেশ দিবেন।

৮৪। ৫ টাকার অধিক যে টাকা পাওয়া ও ফেরত দেওয়া যায় জিলার জজের এরূপ আমানতী টাকার রেজিষ্টরে প্রত্যেক মাসে কেবল তাঁহার নিজ আদালতের নহে, সমুদয় অধীন আদালতেরও টাকা ধরা যায়; কিন্তু শেষোক্ত আদালতে মাসের মধ্যে যে টাকা পাওয়া ও ফেরত দেওয়া যায়, তাহাই কেবল বাদ থাকে।

৮ পরিচ্ছেদ। জিলার মাসিক রিটর্ণ।

আমানতী জমা	৮৫	জমা খরচের মর্ম্মাত্মক লিপি	৮৭
আমানত ফেরত	৮৬		

আমানতী জমার রিটর্ণ।

৮৫। জিলার জজ সাহেব প্রত্যেক মাসের ১২ তারিখে ৫ টাকার অধিক আমানত জমার উদ্ধৃত রেজিষ্টর ২০ নং পাঠে প্রস্তুত করিবেন, এবং খাজানাখানার নগদ টাকার হিসাবের সহিত মিলাইয়া দেখিবার পর আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট পাঠাইবার নিমিত্ত খাজানাখানার কর্ত্তৃপক্ষের নিকট পাঠাইবেন। তাঁহার (১৬ নং পাঠের) রেজিষ্টরে মাসের মধ্যে যেং দফা লিখিত হয়, এই উদ্ধৃত রেজিষ্টর তাহার নকল হইবে, এবং ইহাতে ৫ টাকার অধিক যে সকল টাকা তাঁহার আদালতে ও তাঁহার অধীন আদালতে আমানত করা যায় তৎ সমুদয় ধরা যাইবে। কিন্তু মাসের মধ্যে যে টাকা সম্পূর্ণরূপে ফেরত দেওয়া যায় তাহা ধরিতে হইবে না, এবং মাসের মধ্যে যে টাকার কিয়দংশ ফেরত দেওয়া যায় তাহার অফেরত বাকী মাত্র দেখাইতে হইবে। এই রেজিষ্টরের তলভাগে মাসের মধ্যে যেং টাকা পাওয়া ও ফেরত দেওয়া যায়, এবং ৫ টাকা বা তাহার ন্যূন যে টাকা আমানত করা যায়, তাহা অবিস্তারে মোটরূপে দেখাইতে হইবে। বড়ং জিলার জজ পরিবর্ত্তী কোন তারিখ অবধারিত করা না গেলে, এই উদ্ধৃত রেজিষ্টর ঠিক মাসের ১২ তারিখে পাঠাইতে হইবে।

আমানতী টাকা ফেরত দিবার রেজিষ্টর।

৮৬। (১৭ নং পাঠে) ৫ টাকার অধিক আমানতী টাকার দিবার যে রেজিষ্টর জজ সাহেবের থাকে সেই রেজিষ্টর হইতে উদ্ধৃত মাসিক রিটর্ণ তিনি খাজানাখানার টাকা দিবার ফর্দ্দের সহিত মিলাইয়া দেখিয়া আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট প্রেরণ নিমিত্ত খাজানাখানার কর্ত্তৃপক্ষের নিকট পাঠাইবেন। জিলার জজ সাহেব এই উদ্ধৃত রিটর্ণে এইং কথা লিখিবেন, (১) পূর্ব্ব ২ মাসের আমানতী টাকা ফেরত দিবার বিস্তারিত বিবরণ, ঐ ফেরত দেওয়া তাঁহার নিজ আদালতেই হইয়া থাকুক বা অধীন আদালতের বর্ণনাপত্র হইতে তিনি লিখিয়া লইয়া থাকুন; (২) জিলার আদালতেই বা অধীন আদালতেই হউক, চলিত মাসের আমানতী টাকার যাহা ফেরত দেওয়া যায় তাহার একমাত্র মোট, ইহা ঐ হিসাবের মোট জমার সহিত মিলিবে, (৩) ৫ টাকা বা তাহার ন্যূন টাকা আমানত বাবৎ হিসাবে যত টাকা ফেরত দেওয়া যায় তাহার মোট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

জমাখরচের মর্ম্মাত্মক লিপি।

৮৭ ৮. ধারার নির্দ্দিষ্ট পাঠে জমাখরচের মর্ম্মাত্মক লিপিতে জিলার জজ সাহেবের নিজ আদালতের ও অধীন আদালত সমূহের অঙ্ক ধরিয়া, তাহা আমানতী টাকার বর্ণনাপত্রের সহিত দিতে হইবে।

খ জানাখানা হইতে বাস্তবিক যত টাকা ফেরত দেওয়া যায় ফেরত দেওয়া বলিয়া তাহা জমাখরচের মর্ম্মাত্মক লিপিতে দেখাইতে হইবে, এবং খ জানাখানায় যত টাকা বাকী থাকে তাহাও ঐ মর্ম্মাত্মক লিপিতে দেখাইতে হইবে।

এই জমাখরচের মর্ম্মাত্মক লিপির নকল যে সকল বিস্তারিত বিবরণ হইতে অঙ্কগুলি পাওয়া গিয়াছে তদ্বিষয়ক খণ্ড ও মর্ম্মাত্মক লিপিসহ স্বতন্ত্র এক রেজিষ্টরে রাখিলে সুবিধা আছে। আদালতের অঙ্ক খাজানাখানার অঙ্কের সহিত মিলান কোন সময়ে কঠিন না হয়, ইহা দেখা প্রয়োজনীয়।

---

৯ পরিচ্ছেদ।—বার্ষিক বিশেষ হিসাব।

বিশেষ হিসাব ...	৮৮-৮৯	পুনর্ব্বা আমানতী টাকার বাকী মিলাইয়া দেখা ৯২-৯৪
অধীন আদালত	৯০	
জিলার জজ	৯১	

বিশেষ হিসাব।

৮৮। প্রত্যেক বৎসরের শেষে পূর্ব্ববৎসরে প্রাপ্ত A চিহ্নিত আমানতী টাকার রেজিষ্টরে ৫ টাকার অধিক যে প্রত্যেক বাকী থাকে, তাহা "বিশেষ হিসাবে লেখা গেল" এই শীর্ষকবিশিষ্ট শেষ ঘরে লিখিয়া ঐ রেজিষ্টর শেষ করা যাইবে। তদনন্তর নিম্নলিখিত পরিবর্ত্তন সহিত ২০ নং পাঠে বার্ষিক বিশেষ হিসাব প্রস্তুত করা যাইবে। উহাতে মূল নম্বরের পার্শ্বে ঐ সকল বাকী, অর্থাৎ, হিসাব সংক্রান্ত শেষ বৎসরের পূর্ব্ববৎসরের A চিহ্নিত আমানতী টাকার সমুদয় অদত্ত বাকী দেখাইতে হইবে। উদাহরণ, ১৮৮০ সালের আপ্রিল মাসের বিশেষ হিসাবে ১৮৭৮-৭৯ সালে প্রাপ্ত A চিহ্নিত আমানতী টাকার সমুদয় অদত্ত বাকী দেখাইতে হইবে।

যে সকল বাকী ৫ টাকার অধিক নয়, নিম্নলিখিত ৯৫ ধারামতে তাহার স্বতন্ত্র ফর্দ্দ প্রস্তুত করিতে হইবে।

২০ নং পাঠ বিশেষ হিসাব স্বরূপ ব্যবহারের উপযোগী করিতে হইলে তাহাতে নিম্নলিখিত পরিবর্ত্তন করা আবশ্যক।

অমুকস্থানের অমুক ১৮৭ —৭ সালে যে আমানতী টাকা পান, ১৮৭ সালের ১ আপ্রিল তারিখে বাকী পড়িয়া থাকিলে তাহার বিশেষ হিসাব।

৬ ঘরে। "টাকা" এই শব্দের পরিবর্ত্তে "প্রত্যেক আমানতী টাকার বাকী" এই কথা দিতে হইবে।

৭ ঘরে "টাকা পাইবার বৎসর" এই কথার পরিবর্ত্তে "টাকা পাইবার পর দ্বিতীয় বৎসরে" এবং "পর বৎসরের" এই কথার পরিবর্ত্তে "টাকা পাইবার পর তৃতীয় বৎসরে" এই কথা দিতে হইবে,

শেষ ঘরে "বিশেষ হিসাবে লেখা গেল" এই কথার পরিবর্ত্তে "মিয়াদগতে বাজেয়াপ্ত হওয়াতে গবর্ণমেণ্টে জমা দেওয়া গেল"।

৮৯। এই হিসাবের দফাগুলি (১৬ নং পাঠের) আমানতী টাকার মূল রেজিষ্টরের তদ্বিষয়ক বাকীর সহিত সাবধানে মিলাইয়া দেখিয়া, শেষোক্ত রেজিষ্টর তফাত করিয়া রাখিতে হইবে, এবং ভবিষ্যতে যে টাকা দেওয়া যায় তাহা কেবল বিশেষ হিসাবে লিখিতে হইবে।

বিশেষ হিসাবে যে সকল দফা লেখা যায় তাহার কোনটির সম্বন্ধে টাকা দিবার আজ্ঞা হইয়া ৪২ ধারার খ প্রকরণমতে অকর্ম্মণ্য করা গেলে, সেই মর্ম্মের মন্তব্য কথা বিশেষ হিসাবে লিখিতে হইবে। তাহা হইলে যদি আবার টাকা পাইবার দরখাস্ত হয়, মূল অকর্ম্মণ্য আজ্ঞা রহিত না করিয়া কোন আজ্ঞা না দেওয়া হয়।

অধীন আদালতের রিটর্ণ।

৯০। অধীন আদালত সমূহ জিলার জজ সাহেবের নিকট বিশেষ হিসাবের নকল পাঠাইবেন, এবং তিনি তাহা তাঁহার প্রাপ্ত টাকার রেজিষ্টরের দফার সহিত সাবধানে মিলাইয়া দেখিবেন। কোন রূপ গরমিল দৃষ্ট হইলে অনুসন্ধান লইয়া তাহা সংশোধন করিতে হইবে।

জিলার জজের রিটর্ণ।

৯১। জিলার জজের বিশেষ হিসাবে অবশ্যং অধীন আদালত সমূহের ভিন্নং বিশেষ হিসাবের দফা সকল ধরা যাইবে, এবং উহার এক কেতা নকল আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট পাঠাইতে হইবে। ৩০ আপ্রিল উহা পাঠাইবার নিয়মিত তারিখ হইবে, ঐ সময়ের মধ্যে জজ সাহেব অধীন আদালত সমূহের বিশেষ হিসাব পাইয়া মিলাইয়া দেখিতে পারিবেন।

পুনর্ব্বা আমানতী টাকার বাকী মিলাইয়া দেখা।

৯২। B চিহ্নিত আমানতী টাকার বাকী মিলাইয়া দেখিবার নিমিত্ত প্রত্যেক আদালত গত বার মাসে যত টাকা পাওয়া গিয়াছে তাহার অদত্ত বাকীর ফর্দ্দ করিবেন এবং প্রকৃত প্রস্তাবে এই সকল বাকী ঠিক দিয়া গত বৎসরের আমানতী হিসাবে মোট যত টাকা বাকী আছে নির্ণয় করিবেন। প্রত্যেক আদালতের প্রতি এই আদেশ থাকিল যে A চিহ্নিত আমানতী টাকার বিশেষ হিসাবের সহিত এই মর্ম্মের এক সর্টিফিকেট পাঠাইবেন যে গত বৎসরের B চিহ্নিত আমানতী টাকার বাকী ঠিক দিয়, এত টাকা দেখা গেল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

৯৩। পূর্ব্ব ধারাক্রমে যে বাকী নির্ণীত হয় ও ৯৫ ধারার (২) প্রকরণমতে প্রস্তুত ফর্দ্দের যে মোট হয় এই দুয়ে ৩১ মার্চ তারিখের খুজরা আমানতী টাকার মোট বাকীর সমান হইবে, এবং

(১) প্রত্যেক আদালত জমাখরচের মর্ম্মাত্মক লিপির জেরের সহিত মিলাইয়া, ও

